দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টর-দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনের মুসাবিদা।

চতুর্থ অধ্যায়।

ডিক্রী জারী করিবার বিধি।

[৬২১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ডিক্রী জারীক্রমে নীলামের বিধি।

[নীলামে বিক্রয় হইবার কথা, যে নিদর্শনপত্র ক্রয়-বিক্রয় হইতে পারে তাহার ও সাধারণ কোম্পানির শ্যারের বর্জ্জিত কথা, ও সরকারের খেরাজী জমীর নীলাম কালেক্টর সাহেবের করিবার কথা।]

২৩৯। ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি বিক্রয় হয় তাহা আদালতের কোন আমলার দ্বারা কিম্বা অন্য যে কোন লোককে আদালত নিযুক্ত করেন তাহার দ্বারা বিক্রয় হইবেক, ও তাহা ইহার পরের লিখিতমতে সর্ব্বদাই নীলাম হইবেক। পরন্তু যে নিদর্শনপত্র ক্রয়বিক্রয় হইতে পারে তাহা কিম্বা কোন রেলরোডের কি ব্যাঙ্কের কি সাধারণ অন্য কোম্পানির কি চার্টর-প্রাপ্ত সমাজের কোন শ্যার যদি সেইরূপে বিক্রয় করিতে হয়, তবে আদালত তাহা নীলাম করিবার অনুমতি না দিয়া ঐ নিদর্শনপত্র কি শ্যার দালালের দ্বারা তৎকালীন বাজারের দরে বিক্রয় হয় এমত হুকুম করিতে পারিবেন। যে সম্পত্তি বিক্রয় করিতে হয় তাহা যদি সরকারের খেরাজী জমী হয় ও গবর্ণমেণ্ট যদি অনুমতি করেন তবে আদালতের আদেশমতে কালেক্টর সাহেবের দ্বারা ঐ নীলাম হইবেক।

[Notification of sales by public auction. Time of sale.]

240. In all cases of intended sale by public auction, whether of moveable or immoveable property, in execution of a decree, a proclamation of the intended sale, specifying the time and place of sale, the property to be sold, the revenue assessed upon the estate when the property to be sold is an estate or a part of an estate paying revenue to Government, and the amount for the recovery of which the sale is ordered, together with any other particulars that the Court may think necessary, shall be made in the current language of the District. Such proclamation shall be made on the spot where the property is attached by beat of drum or in such other mode as may be customary; and a written notification to the same effect shall be affixed in the Court-house of the Judge who shall have ordered the sale, and in some conspicuous spot in the town or village in which the attachment may have taken place. When the property ordered to be sold may consist of land or of any right or interest in land, the written notification shall also be affixed in the Office of the Collector of the District in which such land is situate and in the Court-house of the principal Civil Court of the District where the Court which ordered the sale is subordinate to such Court. The sale shall not take place until after the expiration of at least thirty days in the case of immoveable property, and of at least fifteen days in the case of moveable property, calculated from the date on which the notification shall have been affixed in the Court-house of the Judge ordering the sale.

[The process for attachment and sale may in certain cases be issued simultaneously.]

241. The usual process for attachment and sale when the property to be attached consists of goods, chattels, or other personal estate other than debts, may be issued either successively or simultaneously as the Court directing the sale may in each instance think proper.

[Nothing but the right, title, and interest of the defendant guaranteed to the purchaser.]

242. In all cases of a public sale of property in execution of a decree, it shall be clearly explained to the bidders at the sale that nothing is guaranteed to them in the land or other property sold, beyond the right, title, and interest therein of the individual answerable for the amount of the decree in execution of which the sale is made.

[Mode of payment on sale of moveable property.]

243. In all cases of sale of moveable property, the price of every lot shall be paid for at the time of sale or as soon after as the Officer holding the sale shall direct, and in default of such payment the property shall forthwith be again put up and sold. On payment of the purchase money, the Officer holding the sale shall grant a receipt for the same, and the sale shall become absolute.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯ সাল ৪ জানুআরি।]

[নীলামের ইশ্‌তিহারের ও সময়ের কথা।]

২৪০। ডিক্রী জারীক্রমে স্থাবর কি অস্থাবর সম্পত্তি নীলামে বিক্রয় করিতে হইলে সেই নীলামের কথা অর্থাৎ যে সময়ে ও যে স্থানে ও যে সম্পত্তি নীলাম হইবেক, ও সেই সম্পত্তি সরকারের খেরাজী মহাল কি তদ্রূপ মহালের এক অংশ হইলে তাহার যে জমা ধার্য্য আছে, ও যত টাকা আদায়ের জন্যে নীলামের হুকুম হয়, ও অন্য যে বয়ান আদালত আবশ্যক বোধ করেন এই সকল কথা জিলার চলন ভাষাতে ঘোষণা করিতে হইবেক। সম্পত্তি যে স্থানে ক্রোক করা যায় সেই স্থানে ঢেঁড়রা দিয়া কিম্বা অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ঘোষণা করিতে হইবেক। ও সেই মর্ম্মের এক ইশ্‌তিহারনামা ঐ নীলাম করিবার হুকুম যে বিচারকর্ত্তা করিয়াছিলেন তাঁহার আদালতঘরে ও যে নগরে কি গ্রামে ক্রোক হইয়াছে তাহার কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দিতে হইবেক। যে সম্পত্তি নীলাম করিবার হুকুম হইয়াছে তাহা যদি জমী হয় কি জমীতে কোন স্বত্ব কি সম্পর্ক হয়, তবে জমী যে জিলাতে থাকে সেই জিলার কালেক্‌টরী কাছারীতেও ঐ ইশ্‌তিহারনামা লট্‌কাইতে হইবেক, ও নীলাম হইবার হুকুম যে আদালতহইতে হইয়াছিল তাহা যদি জিলার প্রধান দেওয়ানী আদালতের অধীন আদালত হয়, তবে সেই প্রধান দেওয়ানী আদালতঘরেও ঐ ইশ্‌তিহারনামা লট্‌কাইতে হইবেক। যে বিচারকর্ত্তা নীলামের হুকুম করেন তাঁহার আদালতঘরে ঐ ইশ্‌তিহারনামা যে তারিখে লট্‌কান যায় সেই তারিখ অবধি গণিয়া অতিক্রম ত্রিশ দিন গত না হইলে স্থাবর সম্পত্তি নীলাম হইবেক না, ও পনের দিন গত না হইলে অস্থাবর সম্পত্তি নীলাম হইবেক না।

[কোন২ স্থলে ক্রোক ও নীলাম করিবার পরওয়ানা একি সময়ে জারী হইবার কথা।]

২৪১। যখন মাল কি জিনিসপত্র, কিম্বা কর্জ্জ ছাড়া অস্থাবর অন্য বিষয় ক্রোক করিতে হয়, তখন আদালতের যে স্থলে যেমন উচিত বোধ হয় তেমনি ক্রোক করিবার ও নীলাম করিবার রীতিমতের দুই পরওয়ানা এক সময়ে কিম্বা একের পর অন্য পরওয়ানা জারী হইতে পারিবেক।

[আসামীর কেবল স্বত্ব ও অধিকার ও সম্পর্ক খরীদারকে নির্দ্ধারিত করিয়া দিবার কথা।]

২৪২। যখন ডিক্রী জারীক্রমে সম্পত্তি নীলাম হয় তখন যাহারা নীলামে ডাকে তাহারদিগকে স্পষ্টরূপে জানান যাইবেক যে, নীলাম যে ডিক্রী জারীক্রমে হইতেছে সেই ডিক্রীর টাকার জন্যে যে জন দায়ী হয় তাহার ঐ জমীতে কি নীলামকরা অন্য সম্পত্তিতে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক থাকে তদ্ভিন্ন ঐ সম্পত্তির আর কিছু তাহারদিগকে নির্দ্ধার্য্যমতে দেওয়া যাইবেক না।

[অস্থাবর সম্পত্তি নীলাম হইলে মূল্য দিবার নিয়মের কথা।]

২৪৩। অস্থাবর সম্পত্তির নীলামেতে, প্রত্যেক লটের মূল্য নীলাম হইবার সময়ে দিতে হইবেক, কিম্বা তাহার পর নীলামকরণিয়া আমলা যখন হুকুম করে তখনই দিতে হইবেক। তখনই না দেওয়া গেলে সেই দ্রব্য অবিলম্বে পুনরায় নীলাম হইবেক। খরীদ টাকা দেওয়া গেলে নীলামকরণিয়া আমলা ঐ টাকার রসীদ দিবেক ও নীলাম সিদ্ধ হইবেক।

[Irregularity not to vitiate sale of moveable property, but any person injured may recover damages by suit.]

244. No irregularity in the sale of moveable property under an execution, shall vitiate the sale; but any person who may sustain any injury by reason of such irregularity may recover damages by a suit in Court.

[Deposit by purchaser in case of sale of immoveable property.]

245. In all cases of sale of immoveable property, the party who is declared to be the purchaser shall be required to deposit immediately twenty-five per centum on the amount of his bid, and in default of such deposit the property shall forthwith be again put up and sold.

[When full amount of purchase money to be made good. Procedure on default.]

246. The full amount of purchase money shall be made good by the purchaser before sunset of the fifteenth day from that on which the sale of the property took place, or if the fifteenth day be a Sunday or other close holiday, then on the first office day after the fifteenth day; and in default of payment within such period, the deposit, after defraying the expenses of the sale, shall be forfeited to Government, and the property shall be resold and the defaulting purchaser shall forfeit all claim to the property or to any part of the sum for which it may subsequently be sold.

[Defaulting purchaser answerable for loss by re-sale.]

247. If the proceeds of the sale which is eventually consummated be less than the price bid by such defaulting purchaser, the difference shall be leviable from him under the rules for enforcing the payment of money in satisfaction of a decree of Court.

[Notification on re-sale of immoveable property.]

248. Every re-sale of immoveable property in default of payment of the purchase money shall be made after the issue of a fresh notification in the manner and for the period prescribed for original sales.

[Confirmation of sale.]

249. No sale of immoveable property shall become absolute until the sale has been confirmed by the Court. At any time within thirty days from the date of the sale, application may be made to the Court to set aside the sale on the ground of any material irregularity in publishing or conducting the sale, but no sale shall be set aside on the ground of such irregularity unless the applicant shall prove to the satisfaction of the Court that he has sustained substantial injury by reason of such irregularity.

[*Government Gazette, 4th January*, 1859.]

[অনিয়মিত কার্য্যেতে অস্থাবর সম্পত্তির নীলাম অসিদ্ধ না হইবার কথা, তবে যাহার ক্ষতি হয় তাহার নালিশ করিয়া ক্ষতির শোধ পাইতে পারিবার কথা।]

২৪৪। ডিক্রী জারীক্রমে অস্থাবর সম্পত্তির যে নীলাম হয় তাহাতে অনিয়মিত কোন কার্য্য হইলেও নীলাম অসিদ্ধ হইবেক না। কিন্তু সেই অনিয়মিত কার্য্যেতে যদি কোন লোকের কিছু ক্ষতি হইয়া থাকে, তবে সে আদালতে নালিশ করিয়া ক্ষতির শোধ পাইতে পারিবেক।

[স্থাবর সম্পত্তির নীলামে খরীদারের কিছু টাকা আমানৎ করিবার কথা।]

২৪৫। স্থাবর সম্পত্তির নীলামেতে, যাহাকে খরীদার বলিয়া প্রকাশ করা গেল সে মত টাকা ডাকিয়াছে তাহার উপর তাহার শতকরা পঁচিশ টাকার হিসাবে তৎক্ষণাৎ আমানৎ করিতে হইবেক। ও সেই টাকা আমানৎ না করিলে ঐ সম্পত্তি অবিলম্বে পুনরায় নীলাম হইবেক।

[খরীদের সমুদয় টাকা যে সময়ে দিতে হইবেক তাহার কথা, ও না দিলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

২৪৬। সম্পত্তি যে দিনে নীলাম হইল সেই দিন-অবধি পনের দিনের দিনে সূর্য্য অস্ত হইবার পূর্ব্বে খরীদের সমুদয় টাকা খরীদারের দিতে হইবেক। সেই পনের দিনের দিন যদি রবিবার হয় কিম্বা কোন পরবের নিমিত্তে বন্দের দিন হয়, তবে সেই দিনের পর প্রথম যে দিন কাছারী হয় সেই দিনে দিতে হইবেক। ও সেই মিয়াদের মধ্যে না দেওয়া গেলে ঐ আমানতের টাকাহইতে নীলামের খরচ শোধ হইয়া বাকী টাকা সরকারে জব্দ হইবেক। ও সেই সম্পত্তি পুনরায় নীলাম হইবেক, ও সেই সম্পত্তির উপর কিম্বা পরে তাহা যত টাকাতে নীলাম হয় তাহার কোন ভাগের উপর, ঐ বাকীদার খরীদারের সকল দাওয়া বাতিল হইবেক।

[পুনরায় নীলাম হইয়া কিছু ক্ষতি হইলে ঐ বাকীদার খরীদারের শিরে পড়িবার কথা।]

২৪৭। সময়মতে নীলাম হইয়া ঐ সম্পত্তি যে মূল্যেতে বিক্রয় হয় তাহা, ঐ বাকীদার খরীদার যত টাকা ডাকিয়াছিল তাহার কম হইলে, যত টাকা কম হয় তত টাকা ঐ বাকীদারের স্থানে আদালতের ডিক্রী জারীক্রমে টাকা লইবার যে বিধি আছে সেই বিধিমতে আদায় হইবেক।

[স্থাবর সম্পত্তির পুনশ্চ নীলামের ইশ্‌তিহারের কথা।]

২৪৮। খরীদের টাকা না দেওয়াতে স্থাবর সম্পত্তির পুনশ্চ যে নীলাম হয় তাহা, প্রথম নীলামের যে প্রকারের ও যে মিয়াদের ইশ্‌তিহার করিবার বিধি আছে সেই প্রকারের ও সেই মিয়াদের নূতন ইশ্‌তিহার জারী হইলে পর হইবেক।

[নীলাম মঞ্জুর করিবার কথা।]

২৪৯। স্থাবর সম্পত্তির নীলাম যাবৎ আদালতহইতে মঞ্জুর না হয় তাবৎ সিদ্ধ হইবেক না। ঐ নীলামের সম্বাদ দেওনেতে কিম্বা নীলামের কার্য্যেতে গুরুতর কোন অনিয়মিত কার্য্য হইয়াছে বলিয়া, ঐ নীলামের তারিখের পর ত্রিশ দিনের মধ্যে সেই নীলাম অসিদ্ধ করিবার দরখাস্ত আদালতে হইতে পারিবেক। কিন্তু সেই অনিয়মিত কার্য্যক্রমে দরখাস্তকারির গুরুতর ক্ষতি হইয়াছে এই কথার প্রমাণ আদালতের হুদ্বোধমতে না করিলে সেই অনিয়মিত কার্য্যপ্রযুক্ত নীলাম অসিদ্ধ হইবেক না।

[The sale, if not objected to for irregularity, or if the objection is disallowed, shall become absolute. When the order to set aside a sale shall be open to appeal.]

250. If no such application as is mentioned in the last preceding Section be made, or if such application be made and the objection be disallowed, the Court shall pass an order confirming the sale; and in like manner if such application be made, and if the objection be allowed, the Court shall pass an order setting aside the sale for irregularity. If the objection be allowed, the order made to set aside the sale shall be final; if the objection be disallowed, the order confirming the sale shall be open to appeal; and such order, unless appealed from, and if appealed from, then the order passed on the appeal, shall be final; and the party against whom the same has been given shall be precluded from bringing a suit for establishing his claim.

[If the sale be set aside, price to be returned to purchaser.]

251. Whenever a sale of immoveable property is set aside, the purchaser shall be entitled to receive back his purchase money with or without interest, in such manner as it may appear proper to the Court to direct in each instance.

[Certificate to be granted to the purchasers of land.]

252. After a sale of immoveable property shall have become absolute in manner aforesaid, the Court shall grant a certificate to the person who may have been declared the purchaser at such sale, to the effect that he has purchased the right, title, and interest of the defendant in the property sold, and such certificate shall be taken and deemed to be a valid transfer of such right, title, and interest.

[Certificate to state the name of actual purchaser.]

253. The certificate shall state the name of the person who at the time of sale is declared to be the actual purchaser, and any suit brought against the certified purchaser on the ground that the purchase was made on behalf of another person not the certified purchaser, though by agreement the name of the certified purchaser was used, shall be dismissed with costs.

[Delivery of moveable property in the possession of defendant.]

254. Where the property sold shall consist of goods, chattels, or other moveable property in the possession of the defendant, or to the immediate possession of which the defendant is entitled, and of which actual seizure has been made, the property shall be delivered to the purchaser.

[Delivery of moveable property to which defendant is entitled subject to lien.]

255. Where the property sold shall consist of goods, chattels, or other moveable property to which the defendant is entitled subject to a lien or right of any person to the immediate possession thereof, the delivery to the purchaser shall as far as practicable be made by giving notice to the person in possession prohibiting him from delivering possession of the property to any person except the purchaser thereof.

[Delivery of immoveable property in the occupancy of defendants, &c.]

256. If the property sold shall consist of a house, land, or other immoveable property in the occupancy of a defendant or some person on his behalf or of some person claiming under a title created by the defendant subsequently to the attachment of such property, the Court shall order delivery thereof to be made by putting the party to whom the house, land, or other immoveable property may have been sold, or any person whom he may appoint to receive delivery on his behalf, in possession thereof, and, if need be, by removing any person who may refuse to vacate the same.

[Delivery of immoveable property in the occupancy of ryots, &c.]

257. If the property sold shall consist of land or other immoveable property in the occupancy of ryots or other persons entitled to occupy the same, the Court shall order delivery thereof to be made by affixing a copy of the certificate of sale in some conspicuous place on the land or other immoveable property, and proclaiming to the occupants of the property by beat of drum, or in such other mode as may be customary, at some convenient place or places, that the right, title, and interest of the defendant has been transferred to the purchaser.

[Delivery of debts not being negotiable instruments, and of shares in public Companies.]

258. Where the property sold shall consist of debts not being negotiable instruments or of shares in any Railway, Banking, or other public Company or Corporation, the delivery thereof shall be by a written order of the Court prohibiting the creditor from receiving the debts and the debtor from making payment thereof to any person or persons except the purchaser, or prohibiting the person in whose name the shares may be standing, from making any transfer of the shares to any person except the purchaser, or receiving payment of any dividends thereon, and the Manager, Secretary, or other proper Officer of the Company or Corporation from permitting any such transfer or making any such payment to any person except the purchaser.

[Delivery of negotiable securities of which actual seizure has been made.]

259. Where the property sold shall consist of negotiable securities of which actual seizure has been made, the same shall be delivered to the purchaser thereof.

[Transfer of securities and shares.]

260. If the endorsement or conveyance of the party in whose name any negotiable security or

[অনিয়মিত কার্য্যহেতুক কোন আপত্তি না হইলে কিম্বা সেই আপত্তি অগ্রাহ্য হইলে নীলাম সিদ্ধ হইবার কথা ও নীলাম অসিদ্ধ করিবার হুকুমের উপর আপীলের কথা।]

২৫০। ইহার পূর্ব্বের ধারাতে যে দরখাস্তের কথা আছে সেইরূপ কোন দরখাস্ত যদি না করা যায়, কিম্বা করা গেলেও যদি আপত্তি অগ্রাহ্য হয় তবে আদালত ঐ নীলাম মঞ্জুর করিবার হুকুম করিবেন। তদ্রূপে যদি সেই প্রকারের দরখাস্ত করা যায় ও আপত্তি গ্রাহ্য হয় তবে আদালত অনিয়মিত কার্য্যপ্রযুক্ত ঐ নীলাম অসিদ্ধ করিবার হুকুম করিবেন। আপত্তি যদি গ্রাহ্য হয় তবে নীলাম অসিদ্ধ করিবার হুকুম চূড়ান্ত হইবেক। যদি আপত্তি অগ্রাহ্য হয় তবে নীলাম মঞ্জুর করিবার হুকুমের উপর আপীল হইতে পারিবেক। সেই হুকুমের উপর আপীল না হইলে সেই হুকুম চূড়ান্ত হইবেক, আপীল হইলে ঐ আপীলমুখে যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক। ও যাহার বিপক্ষে সেই হুকুম হয়, সেই লোক আপনার দাওয়া সাব্যস্ত করিবার মোকদ্দমা করিতে পারিবেক না।

[যদি নীলাম অসিদ্ধ হয় তবে খরীদারকে টাকা ফিরিয়া দিবার কথা।]

২৫১। স্থাবর সম্পত্তির নীলাম যদি অসিদ্ধ হয় তবে খরীদার সুদসমেত কি সুদছাড়া, অর্থাৎ আদালত যে স্থলে যে প্রকারের হুকুম করা উচিত বোধ করেন সেই প্রকারে আপনার টাকা ফিরিয়া পাইতে পারিবেক।

[জমীর খরীদারদিগকে সর্টিফিকট দিবার কথা।]

২৫২। স্থাবর সম্পত্তির নীলাম পূর্ব্বোক্ত প্রকারে সিদ্ধ হইলে পর, সেই নীলামে যাহাকে খরীদার বলিয়া প্রকাশ করা গেল তাহাকে আদালত এই মর্ম্মের সর্টিফিকট দিবেন, অর্থাৎ সেই নীলামকরা সম্পত্তিতে আসামীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক ছিল তাহা খরীদার খরীদ করিয়াছে। ও সেই সর্টিফিকট ঐ স্বত্বের ও অধিকারের ও সম্পর্কের মাতবর হস্তান্তরকরণ পত্রস্বরূপ জ্ঞান হইবেক।

[সর্টিফিকটে প্রকৃত খরীদারের নাম লিখিবার কথা।]

২৫৩। নীলামের সময়ে যাহাকে নিতান্ত খরীদার বলিয়া প্রকাশ করা যায় তাহারই নাম সেই সর্টিফিকটে লিখিতে হইবেক। ও যে খরীদারের নাম সর্টিফিকটে লেখা আছে তিনিছাড়া অন্য ব্যক্তির নিমিত্তে ঐ জমী খরীদ হইয়াছিল ও সর্টিফিকটে যাহার নাম লেখা গেল তাহার সঙ্গে পূর্ব্বে কোন বন্দোবস্ত করিয়া তাহার নাম লেখা হইয়াছে বলিয়া যদি সর্টিফিকটে লেখা খরীদারের নামে কোন মোকদ্দমা করা যায় তবে তাহা খরচানমেত ডিসমিস হইবেক।

[আসামীর নিকটে যে অস্থাবর দ্রব্য থাকে তাহা দিবার কথা।]

২৫৪। যে সম্পত্তি বিক্রয় করিতে হয় তাহা যদি আসামীর দখলে থাকা, কিম্বা যাহা অবিলম্বে দখল করিতে আসামীর স্বত্ব থাকে এমত মাল কি জিনিসপত্র কি অন্য অস্থাবর সম্পত্তি হয়, ও তাহা যদি নিতান্ত হস্তগত করিয়া লওয়া গিয়াছে, তবে সেই সম্পত্তি খরীদারকে দিতে হইবেক।

[অন্যের দাওয়া রহিত হইলে আসামী যে অস্থাবর সম্পত্তি পাইতে পারিবেক তাহা দিবার কথা।]

২৫৫। অন্য ব্যক্তির দাওয়া কিম্বা তাহা তৎকালে দখলে রাখিবার অধিকার রহিত হইলে আসামী যাহা পাইতে পারে এমত মাল কি জিনিসপত্র কি অন্য অস্থাবর সম্পত্তি যদি সেই প্রকারে নীলাম করিতে হয়, তবে যাহার দখলে ঐ দ্রব্য থাকে তাহাকে সেই সম্পত্তি ঐ খরীদারছাড়া অন্য কোন লোককে না দিবার এত্তেলা দিয়া ঐ দ্রব্য খরীদারকে সাধ্যমতে দেওয়া যাইবেক।

[আসামীপ্রভৃতির দখলে থাকা স্থাবর সম্পত্তি দেওয়াইবার কথা।]

২৫৬। যে সম্পত্তি নীলাম করিতে হয় তাহা যদি ঘর কি জমী কি স্থাবর অন্য সম্পত্তি হইয়া আসামীর দখলে কিম্বা তাহার পক্ষে অন্য লোকের দখলে, কিম্বা সেই সম্পত্তি ক্রোক হইলে পর আসামীর করা কোন দলীলক্রমে দাওয়াদার অন্য ব্যক্তির দখলে থাকে, তবে আদালত ঐ ঘর কি জমী কি অন্য স্থাবর সম্পত্তি যাহাকে বিক্রয় হইয়াছিল তাহাকে কিম্বা সেই লোক আপনার নিমিত্তে ঐ সম্পত্তি গ্রহণ করিতে অন্য যাহাকে নিযুক্ত করে তাহাকে দখল দেওয়াইয়া ও কোন ব্যক্তি তাহা ছাড়িয়া দিতে স্বীকার না করিলে তাহাকে আবশ্যক হইলে উঠাইয়া দিয়া ঐ সম্পত্তি খরীদারকে দিতে হুকুম করিবেন।

[রাইয়তপ্রভৃতিরদের দখলে থাকা স্থাবর সম্পত্তি দেওয়াইবার কথা।]

২৫৭। যে সম্পত্তি নীলাম করিতে হয় তাহা যদি জমী কি অন্য স্থাবর সম্পত্তি হইয়া রাইয়তেরদের দখলে, কিম্বা তাহা দখল করিবার স্বত্ববান অন্য লোকেরদের দখলে থাকে তবে আদালত নীলামের সর্টিফিকটের এক কেতা নকল ঐ জমীর কি অন্য স্থাবর সম্পত্তির কোন প্রকাশ স্থানে লটকাইয়া, ও আসামীর স্বত্ব ও অধিকার ও সম্পর্ক খরীদারকে দেওয়া গিয়াছে এই কথা উপযুক্ত কোন এক কি অধিক স্থানে ঢেঁড়রা দিয়া কিম্বা অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ঐ সম্পত্তির রাইয়তপ্রভৃতির নিকটে ঘোষণা করিয়া তাহা খরীদারকে দিবার হুকুম করিবেন।

[যাহা ক্রয়বিক্রয় হইতে না পরে এমত নিদর্শন না হইয়া কোন কর্জ্জ ও সাধারণ কোম্পানির শ্যার দিবার কথা।]

২৫৮। যাহা ক্রয়বিক্রয় হইতে পারে এমত নিদর্শনপত্রভিন্ন কোন কর্জ্জ কিম্বা কোন রেলরোডের কি ব্যাঙ্কের কি অন্য সাধারণ কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের শ্যার যদি সেইরূপে বিক্রয় করিতে হয়, তবে আদালত মহাজনকে সেই কর্জ্জী টাকা না লইবার ও খাতককে সেই খরীদারছাড়া, অন্য ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে ঐ টাকা না দিবার, কিম্বা ঐ শ্যার যাহার নামে থাকে তাহাকে খরীদারছাড়া অন্য কোন লোকের হাতে শ্যার না দিবার, কিম্বা তাহার উপর কোন ডিবিডেণ্ড না লইবার, ও সেই কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের কর্ত্তা সাহেবকে কি সেক্রেটারীকে কিম্বা উপযুক্ত অন্য কর্ম্মকারককে খরীদারছাড়া অন্য কোন ব্যক্তির হাতে সেইরূপ হস্তান্তর করণের কিম্বা সেইরূপ কোন টাকা দেওনের অনুমতি না দিবার হুকুম লিখিয়া দিয়া, সেই কর্জ্জ কি শ্যার খরীদারকে দেওয়াইবেন।

[ক্রয়বিক্রয় হইতে পারে এমত যে নিদর্শন নিতান্ত হস্তগত করা গিয়াছে তাহা দিবার কথা।]

২৫৯। ক্রয়বিক্রয় হইতে পারে এমত যে নিদর্শন নিতান্ত লওয়া গিয়াছে, তাহা যদি বিক্রয় হয় তবে তাহা খরীদারকে দিতে হইবেক।

[নিদর্শনপত্র ও শ্যার হস্তান্তর করিবার কথা।]

২৬০। যাহা ক্রয়বিক্রয় হইতে পারে এমত নিদর্শনপত্র কিম্বা সাধারণ কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের

any share in a public Company or Corporation is standing, shall be required to transfer the same, the Judge may endorse the security or the certificate of the share or may execute such other document as may be necessary for transferring the same. The endorsement or execution shall be in the following form or to the like effect—"A. B. by C. D. Judge of the Court of (*or as the case may be*); in a suit by E. F. *versus* A. B." Until the transfer of such security or share, the Judge may, by order, appoint some person to receive any interest or dividend due thereon, and to sign receipts for the same; and any endorsement made or document executed or receipts signed as aforesaid shall be as valid and effectual for all purposes, as if the same had been made or executed or signed by the party himself.

কোন শ্যার খরীদারকে দিবার জন্যে, ঐ শ্যারপ্রভৃতি যাহার নামে থাকে তাহার যদি ঐ নিদর্শনপত্রের কি শ্যারের পিঠে লেখা কি হস্তান্তরকরণ পত্র করা প্রয়োজন হয় তবে বিচারকর্ত্তা ঐ নিদর্শনপত্রের কি শ্যারের সর্টিফিকটের পিঠে লিখিতে পারিবেন, কিম্বা তাহা হস্তান্তর করিবার জন্যে অন্য যে দলীলের আবশ্যক হয় তাহা করিয়া দস্তখৎ করিতে পারিবেন। সেই পিঠের লিখন কি দস্তখৎ করণ এই প্রকারে কিম্বা ইহার মর্ম্মমতে হইবেক, "যে মোকদ্দমাতে ক গ ফরিয়াদী ও খ ঘ আসামী সেই মোকদ্দমাতে অমুক আদালতের জজ প্রভৃতি চ জ র দ্বারা ছ ঝ।" সেই নিদর্শনপত্র কি শ্যার যত কাল হস্তান্তর না করা যায় ততকাল তাহার উপর পাওনা কোন সুদ কি ডিবিডেণ্ড লইবার ও তাহার রসীদে দস্তখৎ করিবার জন্যে বিচারকর্ত্তা হুকুম করিয়া কোন লোককে নিযুক্ত করিতে পারিবেন। ও সেই প্রকারে পিঠে যে কোন কথা লেখা যায় ও যে কোন দলীলে কি যে কোন রসীদে দস্তখৎ হয় তাহা সেই পক্ষের নিজ হাতে করিবার কি দস্তখৎ করিবার তুল্য সর্ব্বতোভাবে সিদ্ধ ও সফল হইবেক।

[Resisting or obstructing purchasers in obtaining possession of property.]

261. If the purchaser of any immoveable property sold in execution of a decree shall be resisted or obstructed in obtaining possession of the property, the provisions contained in Sections 218, 219, and 220 of this Chapter relating to resistance or obstruction to a party in whose favor a suit has been decreed in obtaining possession of the property adjudged to him, shall be applicable in the case of such resistance or obstruction.

[খরীদারেরদের ঐ সম্পত্তি দখল করিবার বাধা করিবার কথা।]

২৬১। ডিক্রী জারীক্রমে যে কিছু অস্থাবর সম্পত্তি বিক্রয় হয় তাহা খরীদারের পাইবার বিষয়ে বলপূর্ব্বক কি অন্য প্রকারের কিছু বাধা হইলে, কোন মোকদ্দমাতে যাহার পক্ষে ডিক্রী হইয়াছে সেই জন ডিক্রীমতে যে সম্পত্তি পাইতে পারে তাহা তাহার পাইবার বলপূর্ব্বক কি অন্য প্রকারের বাধার বিষয়ে এই আইনের ২১৮ ও ২১৯ ও ২২০ ধারাতে যে বিধান আছে সেই বিধান ঐ বলপূর্ব্বক কি অন্য প্রকারের বাধার উপর খাটিবেক।

[Obstruction by claimants other than defendants.]

262. If it shall appear that the resistance or obstruction to the delivery of possession was occasioned by any person other than the defendant claiming a right to the possession of the property sold as proprietor, mortgagee, lessee, or under any other title, or if in the delivery of possession to the purchaser any such person claiming as aforesaid shall be dispossessed, the Court, on the complaint of the purchaser, or of such person claiming as aforesaid, if made within one month from the date of such resistance or obstruction or of such dispossession as the case may be, shall enquire into the matter of the complaint and pass such order as may be proper in the circumstances of the case. The order shall not be subject to appeal, but the party against whom it is given shall be at liberty to bring a suit to establish his right at any time within one month from the date thereof.

[আসামীছাড়া অন্য দাওয়াদারেরদেরহইতে বাধার কথা।]

২৬২। আসামীছাড়া মালিক কি বন্ধকলওনিয়া কি পাট্টাদার বলিয়া কি কোন দলীলক্রমে ঐ বিক্রয়করা সম্পত্তিতে স্বত্বের দাওয়াদার অন্য কোন ব্যক্তিহইতে খরীদারের দখল পাইবার বলপূর্ব্বক কি অন্য প্রকারের বাধা হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, কিম্বা খরীদারকে দখল দেওয়াইবাতে যদি সেই প্রকারের দাওয়াদার কোন ব্যক্তিকে বেদখল করা যায়, তবে বলপূর্ব্বক কি অন্য প্রকারের সেই বাধা হইবার কিম্বা বিষয়চ্যুতে সেইরূপ বেদখল হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে ঐ খরীদার কিম্বা পূর্ব্বোক্তমতের দাওয়াদার নালিশ করিলে, আদালত ঐ নালিশের কথা তদন্ত করিয়া ভাবগতিক বুঝিয়া যে হুকুম উচিত হয় তাহাই করিবেন। সেই হুকুমের উপর আপীল হইতে পারিবেক না, কিন্তু যাহার বিপক্ষে ঐ হুকুম হইয়াছে সেই জন ঐ হুকুমের তারিখঅবধি এক মাসের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ব সাবুদ করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক।

[Attaching creditor to be first paid out of property attached.]

263. Whenever property is sold in execution of a decree, the person on whose application such property was attached shall be entitled to be first paid out of the proceeds thereof, notwithstanding a subsequent attachment of the same property by another party in execution of a prior decree.

[ক্রোককরা সম্পত্তিহইতে ক্রোককরনিয়া মহাজনের টাকা প্রথমে দিবার কথা।]

২৬৩। যখন ডিক্রী জারীক্রমে কোন সম্পত্তি নীলাম হয় তখন যে লোকের প্রার্থনামতে ঐ সম্পত্তি ক্রোক হয় সেই লোকের ঐ নীলামের উৎপন্ন টাকাহইতে আপনার প্রাপ্য টাকা প্রথমে পাইবার স্বত্ব থাকিবেক, ও তাহার পূর্ব্বের কোন ডিক্রী জারীক্রমে অন্য লোকের দ্বারা সেই সম্পত্তি পরে ক্রোক হইলেও ঐ পূর্ব্বোক্ত লোক প্রথমে টাকা পাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ জানুআরি।]

[Surplus to be rateably distributed among decree-holders who have taken out execution prior to the order for distribution. Proviso where property is sold subject to a mortgage.]

264. If, after the claim of the person on whose application the property was attached has been satisfied in full from the proceeds of the sale, any surplus remain, such surplus shall be distributed rateably amongst any other persons who prior to the order for such distribution may have taken out execution of decrees against the same defendant and not obtained satisfaction thereof: Provided that, when any property is sold subject to a mortgage, the mortgagee shall not be entitled to share in any surplus arising from such sale.

[যে ডিক্রীদারেরা ডিক্রীজারীর পরওয়ানা বাহির করিয়াছে তাহারদের মধ্যে অবশিষ্ট টাকা বাঁটিয়া দিবার কথা ও বন্ধকী সম্পত্তির বিষয়ে বর্জ্জিত কথা।]

২৬৪। যাহার প্রার্থনামতে সম্পত্তি ক্রোক হইয়াছে তাহার দাওয়ার সমুদয় টাকা ঐ নীলামের উৎপন্ন টাকাহইতে দেওয়া গেলে পর, যদি কিছু অবশিষ্ট থাকে তবে সেই অবশিষ্ট টাকা বাঁটিয়া দিবার হুকুম হইবার পূর্ব্বে অন্য যে কোন লোকেরা ঐ আসামীর উপরে ডিক্রী জারীর পরওয়ানা বাহির করিয়াছে কিন্তু তাহার টাকা পায় নাই, তাহারদের মধ্যে ঐ অবশিষ্ট টাকা তাহারদের পাওনা বুঝিয়া বাঁটিয়া দেওয়া যাইবেক। পরন্তু যে সম্পত্তি বিক্রয় হয় তাহার উপর যদি বন্ধকের দায় থাকে তবে ঐ নীলামের উৎপন্ন অবশিষ্ট টাকার কোন ভাগ পাইতে ঐ বন্ধকলওনিয়ার অধিকার থাকিবেক না।

[Court may on application, order another decree-holder to be satisfied out of proceeds of property attached under a decree obtained fraudulently.]

265. If it shall appear to the Court, upon the application of a decree-holder, that any other decree under which property has been attached was obtained by fraud or other improper means, the Court may order that the applicant shall be satisfied out of the proceeds of the property attached so far as the same may suffice for the purpose if such other decree be a decree of that Court, or, if it be a decree of another Court, may stay the proceedings to enable the applicant to obtain a similar order from the Court by which the decree was made.

[প্রতারণাক্রমে যে ডিক্রী পাওয়া গেল তদনুসারে ক্রোককরা সম্পত্তির নীলামের টাকাহইতে অন্য ডিক্রীদারের পাওনা টাকা দিবার হুকুমের কথা।]

২৬৫। অন্য যে ডিক্রীর দ্বারা সম্পত্তি ক্রোক হইয়াছে তাহা প্রতারণাক্রমে কিম্বা অনুপযুক্ত অন্য উপায়ে পাওয়া গিয়াছে ইহা যদি আদালত ডিক্রীদারের দরখাস্তমতে দেখিতে পান, তবে সেই অন্য ডিক্রী ঐ আদালতের ডিক্রী হইলে, ঐ ক্রোককরা সম্পত্তির নীলামেতে যে টাকা পাওয়া যায় তাহাহইতে আদালত দরখাস্তকারির পাওনা যত টাকা দেওয়া যাইতে পারে তত দিবার হুকুম করিতে পারিবেন। কিম্বা অন্য আদালতের ডিক্রী হইলে যে আদালতে ঐ ডিক্রী করা যায় সেই আদালতের স্থানে দরখাস্তকারী সেই প্রকারের হুকুম পাইতে পারে, এই নিমিত্তে আদালত ডিক্রীজারীর কার্য্য স্থগিত রাখিতে পারিবেন।

Of Arrest in execution of Decrees for Money.

টাকার ডিক্রী জারী করিয়া আসামীকে ধরিয়া হাজতে রাখিবার বিধি।

[On what grounds, application for discharge may be made. Form of application.]

266. Any person arrested under a warrant in execution of a decree for money may, on being brought before the Court, apply for his discharge on the ground that he has no present means of paying the debt, either wholly or in part, or, if possessed of any property, that he is willing to place whatever property he possesses at the disposal of the Court. The application shall contain a full account of all property of whatever nature belonging to the applicant, whether in expectancy or in possession, and whether held exclusively by himself or jointly with others, or by others in trust for him (except the necessary wearing apparel of himself and his family and the necessary implements of his trade), and of the places respectively where such property is to be found, or shall state that, with the exceptions above-mentioned, the applicant is not possessed of any property, and the application shall be subscribed and verified by the applicant in the manner hereinbefore prescribed for subscribing and verifying plaints.

[মুক্ত হইবার দরখাস্ত যে কারণে হইতে পারিবেক তাহার কথা, ও দরখাস্ত লিখিবার পাঠ।]

২৬৬। টাকার নিমিত্তে ডিক্রী জারীর পরওয়ানাক্রমে যদি কোন লোককে ধরিয়া হাজতে রাখা যায়, তবে আদালতের সম্মুখে আনা গেলে, তাহার তৎকালে প্রতুল না থাকাতে সে সমুদয় টাকা দিতে পারে না কিম্বা তাহার কতক দিতে পারে কিম্বা তাহার কিছু সম্পত্তি থাকিলে যত সম্পত্তি আছে তাহা সমুদয় আদালতের হাতে অর্পণ করিতে চাহে বলিয়া, মুক্ত হইবার দরখাস্ত করিতে পারিবেক। সেই দরখাস্তেতে দরখাস্তকারির যে প্রকারের যত সম্পত্তি থাকে সে সমুদয়ের বেওরা লিখিতে হইবেক, অর্থাৎ তাহার নিজের ও তাহার পরিবারের আবশ্যক পরিবার বস্ত্র ও তাহার ব্যবসায়ের আবশ্যক হাতিয়ার ছাড়া, তাহার যত সম্পত্তি পাইবার সম্ভাবনা ও যত দখলে আছে ও তাহা আপনি একলা রাখে কি অন্যেরদের সঙ্গে যৌতায় রাখে, কি তাহার নিমিত্তে অন্যের জিম্মায় আছে, ও তাহার মধ্যে যে বিষয় যে স্থানে থাকে তাহাও সেই দরখাস্তে লিখিবেক, অথবা উক্ত বস্ত্র ও হাতিয়ার ছাড়া দরখাস্তকারির কিছু সম্পত্তি নাই এই কথা দরখাস্তে লিখিবেক। ও আরজীতে দস্তখৎ করিবার ও তাহা সত্য হওয়ার কথা লিখিবার যে বিধি এই আইনেতে করা গিয়াছে সেই বিধিমতে দরখাস্তকারী ঐ দরখাস্তেতে দস্তখৎ করিবেক ও তাহা সত্য এই কথা লিখিবেক।

[Procedure on application.]

267. Upon such application being made, the Court shall examine the applicant in the presence of the plaintiff or his pleader as to his then circ-

[দরখাস্ত পাইলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

২৬৭। সেই প্রকারের দরখাস্ত করা গেলে আদালত ঐ দরখাস্তকারির তৎকালীন অবস্থাবিষয়ে ও

[*Government Gazette, 4th January*, 1859.]

cumstances, and as to his future means of payment, and shall call upon the plaintiff to show cause why he does not proceed against any property of which the defendant is possessed and why the defendant should not be discharged; and should the plaintiff fail to show such cause, the Court may direct the discharge of the defendant from custody. Pending any enquiry which the Court may consider it necessary to make into the allegations of either party, the Court may leave the defendant in the custody of the Officer of the Court to whom the service of the warrant was entrusted, on the defendant making the necessary deposit for paying the fees of such Officer; or if the defendant furnish good and sufficient security for his appearance at any time when called upon while such enquiry is being made, his surety or sureties undertaking in default of such appearance to pay the amount mentioned in the warrant, the Court may release the defendant on such security.

[Defendant liable to be again arrested if proved guilty of fraudulent concealment of property &c.]

268. The discharge of the defendant under the last preceding Section shall not protect him from being arrested again and imprisoned if it should be shown that, in the application made by him, he had been guilty of any concealment or of wilfully making any false statement respecting the property belonging to him, whether in possession or in expectancy or held for him in trust, or had fraudulently concealed, transferred, or removed any property, or had committed any other act of bad faith; nor shall such discharge exempt from attachment and sale any property then in the possession of the defendant, or of which he may afterwards become possessed.

OF THE EXECUTION OF DECREES BY IMPRISONMENT.

[Subsistence-money of a defendant in gaol how fixed and furnished.]

269. When a defendant is committed to prison in execution of a decree, the Court shall fix whatever monthly allowance it shall think sufficient for his subsistence, not exceeding four annas per day, which shall be supplied by the party at whose instance the decree may have been executed, to the proper Officer of the Court, or of the gaol where the defendant may be in custody, by monthly payments in advance, before the 1st day of each month; the first payment to be made for such portion of the current month as may remain unexpired before the defendant is committed to prison.

[Court may vary the allowance in case of illness or for other special cause.]

270. The Court may, in case of illness or for other special cause, fix the monthly allowance at such sum not exceeding six annas per day as shall

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ জানুআরি।]

পরে তাহার সেই টাকা দিবার সঙ্গতিবিষয়ে ফরিয়াদীর কি তাহার উকীলের সাক্ষাতে তাহাকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও আসামীর যে সম্পত্তি আছে তাহার উপর ফরিয়াদী ডিক্রী জারী করে না ইহার কারণ জানাইতে ও আসামীকে ছাড়িয়া দিতে না হয় ইহার কারণ জানাইতে ফরিয়াদীকে হুকুম করিবেন। যদি ফরিয়াদী এমত কারণ জানাইতে না পারে তবে আদালত আসামীকে হাজতে না রাখিয়া ছাড়িয়া দিতে হুকুম করিবেন। যদি আদালত কোন পক্ষের কথা তদন্ত করা আবশ্যক বোধ করেন তবে ঐ পরওয়ানা জারী করিবার ভার আদালতের যে আমলার প্রতি অর্পিত হইয়াছে সেই আমলার রসুমের জন্যে আসামী আবশ্যকমতের টাকা আমানৎ করিলে আদালত যাবৎ সেই তদন্ত না করেন তাবৎ আসামীকে সেই আমলার জিম্মায় রাখিতে পারিবেন। কিম্বা যদি আসামী সেই রূপ তদন্ত করিবার সময়ে কোন কালে তলব হইলে হাজির হইবার উত্তম ও মাতবর জামিন দেয়, ও সে হাজির না হইলে যদি তাহার জামিন কি জামিনেরা পরওয়ানার লিখিত টাকা দিবার করার করে তবে আদালত সেই জামিন লইয়া আসামীকে ছাড়িয়া দিতে পারিবেন।

[আসামী প্রতারণা করিয়া সম্পত্তিপ্রভৃতি লুকাইয়া রাখিয়াছে প্রমাণ হইলে তাহাকে পুনরায় ধরিবার কথা।]

২৬৮। আসামী যে দরখাস্ত দাখিল করে তাহাতে আপনার কোন সম্পত্তির বিষয়ে অর্থাৎ তাহার দখলে থাকা সম্পত্তির কি তাহার যে সম্পত্তি পাইবার সম্ভাবনা আছে তাহার, কিম্বা তাহার নিমিত্তে অন্যের জিম্মায় থাকা সম্পত্তির, বিষয়ে আসামী কিছু কথা গোপনে রাখিবার কিম্বা জানিয়াশুনিয়া কোন মিথ্যা কথা কহিবার দোষী আছে, কিম্বা প্রতারণা করিয়া কিছু সম্পত্তি লুকাইয়া রাখিয়াছে, কিম্বা হস্তান্তর কিম্বা স্থানান্তর করিয়াছে কিম্বা বঞ্চকভাবের অন্য কোন কর্ম্ম করিয়াছে ইহা যদি প্রকাশ হয় তবে ইহার পূর্ব্বের ধারামতে তাহাকে ছাড়িয়া দেওয়া গিয়াছিল বলিয়া তাহার পুনরায় ধরা যাইবার ও কয়েদ হইবার আটক হইবেক না। কিম্বা সেই প্রকারে মুক্ত করা গিয়াছিল বলিয়া আসামীর যে কিছু সম্পত্তি তৎকালে তাহার দখলে থাকে কি পরে দখলে আসিবেক তাহা ক্রোক ও নীলাম হইবার বাধা হইবেক না।

কয়েদ করণের দ্বারা ডিক্রী জারীর বিধি।

[জেলখানায় আসামীর খোরাকী যে প্রকারে নির্ণয় হইবেক ও দেওয়া যাইবেক তাবার কথা।]

২৬৯। যখন আসামীকে ডিক্রী জারীক্রমে কয়েদ করা যায় তখন আদালত তাহার খোরাকের জন্যে মাসে২ যত টাকা উপযুক্ত বোধ করেন তাহা নির্ণয় করিবেন। কিন্তু তাহা প্রতিদিন এক সিকির অধিক না হয়। যে পক্ষের প্রার্থনামতে ডিক্রী জারী হইয়াছে সেই পক্ষ আদালতের উপযুক্ত আমলাকে, কিম্বা আসামী যে জেলখানায় কয়েদ থাকে তাহার উপযুক্ত আমলাকে, প্রতিমাসের প্রথম তারিখের আগে ঐ খোরাকী মাসে২ আগাম দিবেক। যে দিনে আসামী কয়েদ হয় সেই দিনে চলিত মাসের যত দিন বাকী থাকে তত দিনের খোরাকী প্রথমবার দিবেক।

[পীড়া হইলে কি অন্য বিশেষ কারণে খোরাকী বৃদ্ধি করিবার কথা।]

২৭০। আসামীর পীড়া হইলে কিম্বা অন্য বিশেষ কারণে আদালত দিনপ্রতি ।৶ ছয় আনার অধিক না হয় মাসের যত খোরাকী আবশ্যক বোধ করেন তত

appear necessary. The order fixing such allowance may from time to time be revised and altered on due cause being shown.

[Period of imprisonment for debt not to be longer than 2 years. 6 months if decree for money not exceeding 500 Rs. 3 months if not exceeding 50 Rs.]

271. A defendant shall be released at any time on the decree being fully satisfied, or at the request of the person at whose instance he may have been imprisoned, or on such person omitting to pay the allowance as above directed. No person shall be imprisoned on account of a decree for a longer period than two years, or for a longer period than six months if the decree be for the payment of money not exceeding five hundred Rupees or for a longer period than three months if the decree be for the payment of money not exceeding fifty Rupees.

[Subsistence-money to be added to amount of decree.]

272. Sums disbursed by a plaintiff for the subsistence of a defendant in gaol shall be added to the costs of the decree, and shall be recoverable by the attachment and sale of the property of the defendant under the foregoing rules; but the defendant shall not be detained in custody or arrested on account of any sums so disbursed.

[To be continued.]

ACT.

THE 18TH DECEMBER 1858.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 11th December 1858 (communicated to the Legislative Council on the 18th idem), and is hereby promulgated for general information:—

ACT No. XL. OF 1858.

An Act for making better provision for the care of the persons and property of Minors in the Presidency of Fort William in Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to make better provision for the care of the persons and property of Minors not brought under the superintendence of the Court of Wards; It is enacted as follows:—

[Regulations repealed.]

I. Regulation I. 1800, Clause 8 and the six following Clauses of Section XXIX. Regulation VIII. 1805, Section V. Regulation XVII. 1805, and so much of Sections II. and III. Regulation V. 1799, and of Clauses 2 and 3 Sections XVI. Regulation III. 1803, as restrict the interference of the Civil Courts in cases of inheritance by Minors' are repealed.

[*Government Gazette, 4th January*, 1859.] B

নির্দ্ধার্য্য করিবেন। উপযুক্ত কারণ দেখান গেলে ঐ খোরাকী নির্দ্ধার্য্য করিবার হুকুম সময়ে২ সংশোধন ও পরিবর্ত্তন হইতে পারিবেক।

[কর্জ্জের নিমিত্তে ২ বৎসরের ও ৫০০৲ টাকাপর্য্যন্তের ডিক্রীর নিমিত্তে ৬ মাসের ও ৫০৲ টাকাপর্য্যন্তের ডিক্রীর নিমিত্তে ৩ মাসের অধিক মিয়াদে কয়েদ না হইবার কথা।]

২৭১। ডিক্রীক্রমে কার্য্য সম্পূর্ণমতে হইলে পর, কিম্বা যাহার প্রার্থনামতে আসামী কয়েদ হইয়াছিল তাহার প্রার্থনা হইলে, কিম্বা সেই লোক উপরের লিখিত আজ্ঞামতের খোরাকী দিতে ত্রুটি করিলে, আসামীকে কোন সময়ে ছাড়িয়া দেওয়া যাইবেক। ডিক্রীর নিমিত্তে কোন কেহ দুই বৎসরের অধিক কাল কয়েদ থাকিবেক না। কিম্বা যদি পাঁচ শত টাকাপর্য্যন্ত দিবার ডিক্রী হয় তবে ছয় মাসের অধিক কাল কয়েদ থাকিবেক না। ও যদি পঞ্চাশ টাকাপর্য্যন্ত দিবার ডিক্রী হয় তবে তিন মাসের অধিক কাল কয়েদ থাকিবেক না।

[ডিক্রীর টাকার উপর খোরাকী চড়াইয়া দিবার কথা।]

২৭২। আসামী জেলখানায় থাকিতে তাহার খোরাকের জন্যে ফরিয়াদীর যত টাকা খরচ হয় তাহা ডিক্রীর খরচার উপর চড়াইয়া দিতে হইবেক ও তাহা পূর্ব্ব লিখিত বিধিমতে আসামীর সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক। কিন্তু সেই প্রকারের খরচ করা কোন টাকার নিমিত্তে আসামীকে হাজতে রাখিতে কি ধরিয়া আটক করিতে হইবেক না।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

আইন।

ইঙ্গরেজী ১৮৫৮ সাল ১৮ ডিসেম্বর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনের বিষয়ে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৮ সালের ১১ ডিসেম্বর তারিখে সম্মত হন ও সেই মাসের ১৮ তারিখে স্বীয় সম্মতি ব্যবস্থাপক কৌন্সেলে জ্ঞাত করেন। সেই আইন এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাত হইবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৮ সাল ৪০ আইন।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে নাবালগেরদের ও তাহারদের সম্পত্তির রক্ষণাবেক্ষণ করিবার আরও উত্তম বিধি করিবার আইন।

[হেতুবাদ।]

যে নাবালগের উপর কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্ব না থাকে তাহারদের, ও তাহারদের সম্পত্তির রক্ষণাবেক্ষণ করিবার আরও উত্তম বিধি করা বিহিত। এই কারণে এই২ বিধান হইয়াছে।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। ১৮০০ সালের ১ আইন, ও ১৮০৫ সালের ৮ আইনের ২৯ ধারার ৮ ও তাহার পর অন্য ছয় প্রকরণ, ও ১৮০৫ সালের ১৭ আইনের ৫ ধারা রদ হইল, ও নাবালগেরদের কেবল উত্তরাধিকারিত্বের মোকদ্দমায় দেওয়ানী আদালত হস্তক্ষেপ করিতে পারেন, এই হুকুম ১৭৯৯ সালের ৫ আইনের ২ ও ৩ ধারার ও ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারার ২ ও ৩ প্রকরণের যে কথাতে হইয়াছে সেই কথা রদ হইল ইতি।

[Persons and property of Minors not under the protection of the Court of Wards shall be subject to jurisdiction of Civil Court.]

II. Except in the case of proprietors of estates paying Revenue to Government who have been or shall be taken under the protection of the Court of Wards, the care of the persons of all Minors (not being European British subjects) and the charge of their property, shall be subject to the jurisdiction of the Civil Court.

[What persons claiming to have charge of property in trust for a Minor may apply for certificate of administration. No person competent to institute or defend a suit without such Certificate. Proviso.]

III. Every person who shall claim a right to have charge of property in trust for a Minor under a Will or Deed, or by reason of nearness of kin, or otherwise, may apply to the Civil Court for a Certificate of administration; and no person shall be entitled to institute or defend any suit connected with the estate of which he claims the charge until he shall have obtained such Certificate. Provided that, when the property is of small value, or for any other sufficient reason, any Court having jurisdiction may allow any relative of a Minor to institute or defend a suit on his behalf, although a Certificate of administration has not been granted to such relative.

[Who may apply to Court to appoint a person to take charge of the property &c. of a Minor.]

IV. Any relative or friend of a Minor in respect of whose property such Certificate has not been granted, or, if the property consist in whole or in part of land or any interest in land, the Collector of the District, may apply to the Civil Court to appoint a fit person to take charge of the property and person of such Minor.

[To what Court application to be made, if property be situate in more than one District.]

V. If the property be situate in more than one District, any such application as aforesaid shall be made to the Civil Court of the District in which the Minor has his residence.

[Enquiry to be made by Court on application. Proviso.]

VI. When an application shall have been made to the Civil Court either by a person claiming a right to have charge of the property of a Minor, or by any relative or friend of a Minor, or by the Collector, the Court shall issue notice of the application and fix a day for hearing the same. On the day so fixed, or as soon after as may be convenient, the Court shall enquire summarily into the circumstances and pass orders in the case. Provided always that it shall be competent to the Civil Court to direct any Court subordinate to it to make such enquiry and report the result.

[যে নাবালগেরদের উপর কোর্ট ওয়ার্ডসের কর্তৃত্ব না থাকে তাহারদের ও তাহারদের সম্পত্তির উপর দেওয়ানী আদালতের এলাকা থাকিবার কথা।]

২ ধারা। সরকারের খেরাজী জমীর যে মালিকেরা কোর্ট ওয়ার্ডসের আশ্রয়ে লওয়া গিয়াছে কি লওয়া যায় তাঁহারা ছাড়া, ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নহে এমত সকল নাবালগের রক্ষণাবেক্ষণের ও তাহারদের সম্পত্তি জিম্মা লইবার ভার দেওয়ানী আদালতের এলাকায় থাকিবেক ইতি।

[নাবালগের সম্পত্তি জিম্মায় লইবার দাওয়াদার যে লোকেরা সরবরাহ করিবার সর্টিফিকিট প্রার্থনা করিতে পারে তাহারদের কথা, ও সেই সর্টিফিকট না পাইলে মোকদ্দমা করিবার কি জওয়াব দিবার কাহারও ক্ষমতা না থাকিবার কথা ও বর্জ্জিত বিধি।]

৩ ধারা। যদি কোন লোক উইল কিম্বা অন্য দলীলক্রমে, কিম্বা জাতি বলিয়া কি অন্য কারণে, কোন নাবালগের সম্পত্তি জিম্মায় লইবার স্বত্ব দাওয়া করে, তবে সে সরবরাহ করিবার সর্টিফিকিট পাইবার জন্যে দেওয়ানী আদালতে দরখাস্ত করিতে পারিবেক। ও সেই প্রকারের সর্টিফিকিট না পাইলে সে যে ইস্টেটের জিম্মা লইবার দাওয়া করে, তৎসম্পর্কীয় কোন মোকদ্দমা করিতে পারিবেক না ও কোন মোকদ্দমায় জওয়াব করিতে পারিবেক না। পরন্তু যদি সম্পত্তি অল্প মূল্যের হয় কিম্বা উপযুক্ত অন্য কোন কারণ থাকে, তবে নাবালগের কোন জ্ঞাতিকুটুম্ব সরবরাহ করিবার সর্টিফিকিট না পাইলেও, ক্ষমতাপন্ন কোন আদালত তাহাকে ঐ নাবালগের পক্ষে মোকদ্দমা উপস্থিত করিতে কিম্বা মোকদ্দমায় জওয়াব দিতে অনুমতি দিতে পারিবেন ইতি।

[নাবালগের সম্পত্তিপ্রভৃতির জিম্মা লইবার লোককে নিযুক্ত করিতে যাহারা দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারে তাহারদের কথা।]

৪ ধারা। যদি কোন নাবালগের সম্পত্তির সেইরূপ সর্টিফিকট দেওয়া না হইয়াছে, তবে তাহার কোন জ্ঞাতিকুটুম্ব কি বন্ধু, ঐ নাবালগের ও তাহার সম্পত্তির জিম্মা লইবার উপযুক্ত লোককে নিযুক্ত করিতে দেওয়ানী আদালতে দরখাস্ত করিতে পারিবেক। অথবা নাবালগের সমুদয় সম্পত্তি কি তাহার কোন অংশ ভূমি কি ভূমিতে কোন সম্পর্ক হইলে, জিলার কালেক্টর সাহেব ঐ দরখাস্ত করিতে পারিবেন ইতি।

[সম্পত্তি একি জিলার মধ্যে না থাকিলে দরখাস্ত যে আদালতে করিতে হইবেক তাহার কথা।]

৫ ধারা। ঐ সম্পত্তি যদি একি জিলার মধ্যে না থাকে, তবে নাবালগ যে জিলাতে বাস করে সেই জিলার দেওয়ানী আদালতে পূর্ব্বোক্ত প্রকারের কোন দরখাস্ত করিতে হইবেক ইতি।

[দরখাস্ত হইলে আদালতের তদন্ত লইবার কথা ও বর্জ্জিত বিধি।]

৬ ধারা। নাবালগের সম্পত্তির জিম্মা লইবার দাওয়াদার কোন লোক, কিম্বা নাবালগের কোন জ্ঞাতিকুটুম্ব কি বন্ধু, কিম্বা কালেক্টর সাহেব দেওয়ানী আদালতে দরখাস্ত করিলে, আদালত ঐ দরখাস্ত হইবার এত্তেলা দিবেন ও দরখাস্ত শুনিবার দিন নিরূপণ করিবেন। ঐ নিরূপিত দিনে কিম্বা তাহার পর যত শীঘ্র সুবিধা হয় তত শীঘ্র আদালত ঐ বিষয়ের সরাসরীমতে তদন্ত লইয়া হুকুম করিবেন। পরন্তু ঐ দেওয়ানী আদালত সর্ব্বদাই আপনার অধীন কোন আদালতকে সেই তদন্ত করিয়া তাহার ফলের রিপোর্ট করিতে হুকুম করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৬ জানুআরি।]

[Certificate of administration to whom to be granted.]

VII. If it shall appear that any person claiming a right to have charge of the property of a Minor is entitled to such right by virtue of a Will or Deed, and is willing to undertake the trust, the Court shall grant a Certificate of administration to such person. If there is no person so entitled, or if such person is unwilling to undertake the trust, and there is any near relative of the Minor who is willing and fit to be entrusted with the charge of his property the Court may grant a Certificate to such relative.

[Court may appoint such person Guardian.]

The Court may also, if it think fit, (unless a Guardian have been appointed by the father), appoint such person as aforesaid or such relative or any other relative or friend of the Minor, to be Guardian of the person of the Minor.

[Court may call upon Collector or Magistrate for a report on the character and qualification of relative or friend.]

VIII. The Court may call upon the Collector or Magistrate for a report on the character and qualification of any relative or friend of the Minor who may be desirous or willing to be entrusted with the charge of his property or person.

[Proceeding if no title to a Certificate be established, and if there be no relative fit to be entrusted with the property &c. of a Minor.]

IX. If no title to a Certificate be established to the satisfaction of the Court by a person claiming under a Will or Deed, and if there be no near relative willing and fit to be entrusted with the charge of the property of the Minor, and the Court shall think it to be necessary for the interest of the Minor that provision should be made by the Court for the charge of his property and person, the Court may proceed to make such provision in the manner hereinafter provided.

[If estate consist only of moveable property &c., Court may grant Certificate to Public Curator or other person.]

X. If the estate of the Minor consist of moveable property or of houses, gardens, or the like, the Court may grant a Certificate to the Public Curator appointed under Section XIX. Act XIX. of 1841, or, if there be no Public Curator, to any fit person whom the Court may appoint for the purpose.

[Appointment of Guardian.]

XI. Whenever the Court shall grant a Certificate of administration to the estate of a Minor to the Public Curator or other person as aforesaid, it shall at the same time appoint a Guardian to take charge of the person and maintenance of the Minor. The person to whom a Certificate of administration has been granted, unless he be the Public Curator, may be appointed Guardian. If the person appointed to be Guardian be unwilling

[সরবরাহ করিবার সর্টিফিকট যাহাকে দেওয়া যাইবেক তাহার কথা, ও আদালতহইতে সেই ব্যক্তিকে অলির পদে নিযুক্ত করিবার কথা।]

৭ ধারা। নাবালগের সম্পত্তির জিম্মা লইবার দাওয়াদার কোন লোক উইলক্রমে কিম্বা দলীলক্রমে সেই দাওয়ার স্বত্ববান বট, ও সেই সম্পত্তির জিম্মা লইতে চাহে ইহা দৃষ্ট হইলে, আদালত তাহাকে সরবরাহ করিবার সর্টিফিকট দিবেন। যদি কোন লোকের সেই প্রকারের স্বত্ব না থাকে, কিম্বা থাকিলে যদি সে ঐ কর্ম্মের ভার লইতে না চাহে, ও ঐ নাবালগের কোন জ্ঞাতিকুটুম্ব যদি সেই সম্পত্তির জিম্মা লইতে চাহে ও উপযুক্ত আছে, তবে আদালত তাহাকে সর্টিফিকট দিতে পারিবেন।

আরো যদি পিতা কোন লোককে অলির কর্ম্মে নিযুক্ত না করিয়া গিয়াছেন, তবে আদালত উচিত বোধ করিলে সেই পূর্ব্বোক্ত ব্যক্তিকে কিম্বা নাবালগের সেই জ্ঞাতিকে কিম্বা অন্য কোন জ্ঞাতিকুটুম্বকে কি বন্ধুকে ঐ নাবালগের অলির কর্ম্মে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[কালেক্টর সাহেবের কিম্বা মাজিস্ট্রেট সাহেবের স্থানে জ্ঞাতিকুটুম্বের কি বন্ধুর আচারের ও যোগ্যতার রিপোর্ট আদালতহইতে তলব হইবার কথা।]

৮ ধারা। নাবালগের যে কোন জ্ঞাতিকুটুম্ব কি বন্ধু তাহার কি তাহার সম্পত্তির জিম্মা লইতে চাহে কি প্রার্থনা করে তাহার আচার ব্যবহার যে প্রকারের হয় এই কথার ও তাহার যোগ্যতার রিপোর্ট, আদালত কালেক্টর সাহেবের কি মাজিস্ট্রেট সাহেবের স্থানে তলব করিতে পারিবেন ইতি।

[সর্টিফিকট পাইবার স্বত্ব সাবুদ না হইলে কিম্বা নাবালগের সম্পত্তির জিম্মা লইবার কোন জ্ঞাতিকুটুম্ব না থাকিলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

৯ ধারা। যে জন উইলক্রমে কিম্বা দলীলক্রমে দাওয়া রাখে সে যদি সর্টিফিকট পাইবার স্বত্ব আদালতের খাতিরজমামতে সাবুদ করিতে না পারে, ও সেই নাবালগের সম্পত্তির জিম্মা লইতে যদি কোন জ্ঞাতিকুটুম্ব ইচ্ছুক ও উপযুক্ত না হয়, অথচ সেই নাবালগের ও তাহার সম্পত্তির রক্ষণাবেক্ষণের নিয়ম সেই নাবালগের মঙ্গলের জন্যে আদালতের করা আবশ্যক, আদালত যদি ইহা বোধ করেন, তবে পশ্চাৎ লিখিতমতে ঐ নিয়ম করিতে পারিবেন ইতি।

[তাহার ইস্টেট যদি কেবল অস্থাবর সম্পত্তিপ্রভৃতি হয় তবে সরকারী সম্পত্তিরক্ষককে কিম্বা অন্য ব্যক্তিকে আদালতের সর্টিফিকট দিবার কথা।]

১০ ধারা। নাবালগের ইস্টেট যদি অস্থাবর সম্পত্তি কিম্বা বাগান বাড়ীপ্রভৃতি হয়, তবে আদালত ১৮৪১ সালের ১৯ আইনের ১৯ ধারামতে নিযুক্ত সরকারী সম্পত্তিরক্ষককে সর্টিফিকট দিতে পারিবেন। কিম্বা যদি সরকারী সম্পত্তিরক্ষক না থাকেন তবে আদালত উপযুক্ত যে কোন ব্যক্তিকে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাহাকে দিবেন ইতি।

[অলিকে নিযুক্ত করিবার কথা।]

১১ ধারা। আদালত যদি নাবালগের সম্পত্তির সরবরাহ করিবার সর্টিফিকট সরকারী সম্পত্তিরক্ষককে কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য লোককে দেন, তবে সেই সময়ে ঐ নাবালগের রক্ষণাবেক্ষণ ও ভরণপোষণের ভার লইবার জন্যে অলিকেও নিযুক্ত করিবেন। সরবরাহ করিবার সর্টিফিকট যাহাকে দেওয়া যায় সে সরকারী সম্পত্তিরক্ষক না হইলে অলির কর্ম্মে নিযুক্ত হইতে পারিবেক। যাহাকে অলির কর্ম্মে নিযুক্ত করা যায় সে যদি বিনাবেতনে ঐ কর্ম্ম করিতে না চাহে, তবে

to discharge the trust gratuitously, the Court may assign him such allowance, to be paid out of the estate of the Minor, as under the circumstances of the case it may think suitable. The Court may also fix such allowance as it may think proper for the maintenance of the Minor; and such allowance and the allowance of the Guardian (if any) shall be paid to the Guardian by the Public Curator or other person as aforesaid.

[When the estate consists of land, Court may direct Collector to take charge of estate.]

XII. If the estate of the Minor consist, in whole or in part, of land or any interest in land, the Court may direct the Collector to take charge of estate, and thereupon the Collector shall appoint a Manager of the Property of the Minor and a Guardian of his person, in the same manner and subject to the same rules in respect of such appointments and of the duties to be performed by the Manager and the Guardian respectively, so far as the same may be applicable, as if the property and person of the Minor were subject to the jurisdiction of the Court of Wards.

[Payment of costs.]

XIII. In all enquiries held by the Civil Court under this Act, the Court may make such order as to the payment of costs by the person on whose application the enquiry was made, or out of the estate of the Minor or otherwise as it may think proper.

[When an estate, some of the co-proprietors of which are still Minors, ceases to be subject to the Court of Wards, Civil Court may direct Collector to retain charge of shares and persons of Minors. Provision for case of estates situated in more than one District.]

XIV. Whenever one or more of the proprietors of an estate, which has come under the jurisdiction of the Court of Wards on account of the disqualification of all the proprietors, ceases to be disqualified, and the estate, in consequence, ceases to be subject to the jurisdiction of the Court of Wards, notwithstanding the continued disqualification of one or more of the co-proprietors, the Collector of the District in which the estate is situate, may represent the fact to the Civil Court; and the Court, unless it see sufficient reason to the contrary, shall direct the Collector to retain charge of the persons, and of the shares of the property of the still disqualified proprietors, during the continuance of their disqualification, or until such time as it shall be otherwise ordered by the Court. The Collector shall in such case appoint a Guardian for the care of the persons, and a Manager for the charge of the property of the disqualified proprietors, in the manner prescribed in Section XII. If the property be situate in more than one District, the representation shall be made by the Collector who had the general management of the property under the Court of Wards, to the Civil Court of his own District, and the orders of the

আদালত বিষয় বুঝিয়া যত বেতন উচিত বোধ করেন তাহার তত বেতন নাবালগের ইষ্টেটহইতে নির্দ্ধার্য্য করিবেন। আরো আদালত নাবালগের খোরপোষের জন্যে যত টাকা উপযুক্ত বোধ করেন তত টাকা নির্দ্ধার্য্য করিবেন। ও সেই খারাকপোশাকের টাকা ও অলি নিযুক্ত হইলে তাহার বেতন সরকারী সম্পত্তিরক্ষক কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তি ঐ অলিকে দিবেন ইতি।

[ইষ্টেট ভূমি হইলে কালেক্টর সাহেবকে জিম্মা লইতে আদালতের হুকুম করিবার কথা।]

১২ ধারা। ঐ নাবালগের ইষ্টেটের সমুদয় কি এক অংশ যদি ভূমি কি ভূমিতে কোন সম্পর্ক হয়, তবে আদালত কালেক্টর সাহেবকে ঐ ইষ্টেট আপনার জিম্মায় লইতে আজ্ঞা করিতে পারিবেন। তাহাতে কালেক্টর সাহেব নাবালগের সম্পত্তির সরবরাহকারকে ও তাহার অলিকে নিযুক্ত করিবেন। অর্থাৎ নাবালগ ও তাহার সম্পত্তির উপর কোর্ট ওয়ার্ডসের এলাকা থাকিলে, সরবরাহকারকে ও অলিকে নিযুক্ত করিবার ও তাহারদের কর্ম্মের যে নিয়ম ও বিধি আছে সেই নিয়ম ও বিধি যেপর্য্যন্ত খাটিতে পারিবেক তদনুসারে তাহারদিগকে নিযুক্ত করা যাইবেক ও তাহারদের কর্ম্ম করিতে হইবেক ইতি।

[খরচার কথা।]

১৩ ধারা। এই আইনমতে দেওয়ানী আদালত যে তদন্ত লন তাহার খরচ, যাহার প্রার্থনামতে তদন্ত হয় তাহার দিতে হইবেক, কিম্বা নাবালগের ইষ্টেটহইতে কি প্রকারান্তরে দেওয়া যাইবেক, ইহার মধ্যে আদালত যাহা উচিত বোধ করেন তাহার হুকুম করিবেন ইতি।

[যদি কোন ইষ্টেটের অধিকারিরদের মধ্যে কএক জন বয়ঃপ্রাপ্ত হওয়াতে ঐ ইষ্টেটের উপর কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্ব রহিত হয়, তবে নাবালগেরদের ও তাহারদের অংশের জিম্মা রাখিতে কালেক্টর সাহেবের নিকটে দেওয়ানী আদালতের হুকুমের কথা, ও ইষ্টেট যদি একি জিলার মধ্যে না থাকে তবে তাহার বিধি।]

১৪ ধারা। কোন ইষ্টেটের সকল অধিকারির অক্ষমতাপ্রযুক্ত সেই ইষ্টেট কোর্ট ওয়ার্ডসের তত্ত্বাবধারণে থাকিলে পর, যদি অধিকারিরদের এক জনের কি অধিক লোকের অক্ষমতা রহিত হয়, ও তৎপ্রযুক্ত সহ-অধিকারী এক কি অধিক জন অক্ষম হইয়া থাকিলেও সেই ইষ্টেটের উপর কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্ব রহিত হয়, তবে ঐ ইষ্টেট যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেব ঐ কথা দেওয়ানী আদালতে জ্ঞাত করিতে পারিবেন, তাহাতে আদালত কালেক্টর সাহেবকে এই হুকুম করিতে পারিবেন, যে ঐ অক্ষম অধিকারিরদের অক্ষমতা যাবৎ থাকে কিম্বা যাবৎ আদালতহইতে অন্য প্রকারের হুকুম না হয় তাবৎ তিনি তাহারদিগকে ও তাহারদের সম্পত্তির অংশ আপনার জিম্মায় রাখেন। কিন্তু যদি সেইরূপে না করিবার উপযুক্ত কারণ জানেন তবে সেই হুকুম করিবেন না। কালেক্টর সাহেব সেইরূপ হুকুম পাইলে ১২ ধারার নির্দ্দিষ্টমতে ঐ অক্ষম অধিকারিরদের রক্ষণাবেক্ষণের জন্যে অলিকে নিযুক্ত করিবেন ও সম্পত্তির তত্ত্বাবধারণের জন্যে সরবরাহকারকে নিযুক্ত করিবেন। সেই সম্পত্তি যদি একি জিলার মধ্যে না থাকে, তবে কোর্ট ওয়ার্ডসের অধীনে যে কালেক্টর সাহেব ঐ সম্পত্তির সাধারণমতে তত্ত্বাবধারণ করিতেন তিনি আপন জিলার দেওয়ানী আদালতে উক্ত কথা জানাইবেন, ও সেই জিলার আদালতের হুকুম অন্য যে জিলাতে ঐ

Court of that District shall have effect also in other Districts in which portions of the property may be situate.

[Proceedings of Collector subject to control of superior Revenue Authorities.]

XV. The proceedings of the Collector in the charge of estates under this Act shall be subject to the control of the superior Revenue Authorities.

[Public Curator &c. to furnish inventory and annual accounts. Proceeding if accuracy of inventory or account be impugned.]

XVI. The Public Curator and every other Administrator to whom a Certificate shall have been granted under Section X. shall, within six months from the date of the Certificate, deliver in Court an inventory of any immoveable property belonging to the Minor, and of all such sums of money, goods, effects, and things as he shall have received on account of the estate, together with a statement of all debts due by or to the same. And the Public Curator and every such other Administrator shall furnish annually, within three months from the close of the year of the era current in the District, an account of the property in his charge, exhibiting the amounts received and disbursed on account of the estate, and the balance in hand. If any relative or friend of a Minor or any Public Officer, by petition to the Court, shall impugn the accuracy of the said inventory and statement or of any annual account, the Court may summon the Curator or Administrator and enquire summarily into the matter, and make such order thereon as it shall think proper, or the Court at its discretion may refer such petition to any subordinate Court.

[Public Curator &c. to pay proceeds of estates into Treasury. Surplus funds to be invested in public Securities.]

XVII. All sums received by the Public Curator or such other Administrator on account of any estate, in excess of what may be required for the current expenses of the Minor or of the estate, shall be paid into the public Treasury on account of the estate, and may be invested from time to time in the public Securities.

[Powers of person to whom Certificate has been granted in the management of a Minor's estate.]

XVIII. Every person to whom a Certificate shall have been granted under the provisions of this Act, may exercise the same powers in the management of the Estate as might have been exercised by the proprietor if not a Minor, and may collect and pay all just claims, debts, and liabilities due to or by the estate of the Minor. But no such person shall have power to sell or mortgage any immoveable property, or to grant a lease thereof for any period exceeding five years, without an order of the Civil Court previously obtained.

[*Government Gazette, 4th January,* 1859.]

সম্পত্তির কোন২ অংশ থাকে সেই২ জিলাতেও প্রবল হইবেক ইতি।

[কালেক্টর সাহেবের কার্য্যের উপর রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের কর্ত্তৃত্ব থাকিবার কথা।]

১৫ ধারা। এই আইনমতে কোন ইষ্টেটের উপর যে কালেক্টর সাহেবের তত্ত্বাবধারণ থাকে তাঁহার কার্য্যের উপর রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের কর্ত্তৃত্ব থাকিবেক ইতি।

[সম্পত্তির তালিকা ও বার্ষিক হিসাব সরকারী সম্পত্তিরক্ষকপ্রভৃতির দিবার কথা, ও তালিকার কি হিসাবের কোন দোষ ধরা গেলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

১৬ ধারা। সরকারী সম্পত্তিরক্ষক ও সম্পত্তির সরবরাহকার অন্য যে কোন ব্যক্তিকে ১০ ধারামতে সর্টিফিকট দেওয়া যায়, তিনি ঐ সর্টিফিকটের তারিখের পর ছয় মাসের মধ্যে নাবালগের ইষ্টেটের বাবতে যে কিছু স্থাবর সম্পত্তি, ও যে সকল টাকা ও মাল ও দ্রব্য ও জিনিস পাইয়াছেন তাহার এক তালিকা ও সেই ইষ্টেটের দেনা পাওনা সকল কর্জের এক কৈফিয়ৎ আদালতে দাখিল করিবেন। ও সরকারী সম্পত্তিরক্ষক ও সেই প্রকারের সরবরাহকার প্রত্যেক ব্যক্তি বৎসরের, অর্থাৎ জিলাতে যে সন চলন আছে তাহার শেষ হইয়া তিন মাসের মধ্যে, আপনার জিম্মাতে যে সম্পত্তি থাকে তাহার হিসাব, অর্থাৎ ইষ্টেটের বাবতে যে সকল টাকা জমা ও খরচ হইয়াছে ও হাতে যত থাকে তাহার হিসাব দাখিল করিবেন। যদি নাবালগের কোন জ্ঞাতি কুটুম্ব কি বন্ধু কিম্বা সরকারী কোন কার্য্যকারক আদালতে দরখাস্ত করিয়া ঐ তালিকার ও কৈফিয়তের কিম্বা বার্ষিক কোন হিসাবের কিছু দোষ ধরে, তবে আদালত ঐ সম্পত্তিরক্ষককে কিম্বা সরবরাহকারকে তলব করিয়া সরাসরীমতে সেই বিষয়ের তদন্ত লইয়া যে হুকুম উচিত বোধ করেন তাহা করিবেন, কিম্বা ঐ আদালত আপন বিবেচনামতে সেই দরখাস্ত অধঃস্থ কোন আদালতে অর্পণ করিতে পারিবেন ইতি।

[সরকারী সম্পত্তিরক্ষকপ্রভৃতির ঐ ইষ্টেটের উৎপন্ন টাকা খাজানাখানায় দিবার কথা, ও ফাজিল টাকা লইয়া কোম্পানির কাগজ কিনিবার কথা।]

১৭ ধারা। সরকারী সম্পত্তিরক্ষক কিম্বা সরবরাহকার অন্য কোন ব্যক্তি কোন ইষ্টেটের বাবতে যে সকল টাকা পান তাহার যত টাকা নাবালগের ও তাহার ইষ্টেটের নিয়ত খরচের নিমিত্তে প্রয়োজন হয় তাহা লইয়া, বাকী যত থাকে তাহা ইষ্টেটের বাবতে সরকারের খাজানাখানায় দাখিল করিবেন। ও তাহাতে সময়ে২ কোম্পানির কাগজ কেনা যাইতে পারিবেক ইতি।

[যাহারদিগকে সর্টিফিকট দেওয়া গেল, নাবালগের সম্পত্তির সরবরাহ করণে তাহারদের ক্ষমতার কথা।]

১৮ ধারা। ঐ সম্পত্তির অধিকারী নাবালগ না হইলে যে ক্ষমতামতে ঐ সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করিতে পারিত, এই আইনের বিধানমতে যে কোন ব্যক্তিকে সর্টিফিকট দেওয়া যায়, সেই ব্যক্তিও সেই ক্ষমতামতে ঐ কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেক, ও সেই নাবালগের ইষ্টেটের দেনা পাওনা সকল দাবী ও কর্জ ও দায় দিতে ও আদায় করিতে পারিবেক। কিন্তু সেই প্রকারের কোন লোক দেওয়ানী আদালতের হুকুম প্রথমে না পাইলে, কোন স্থাবর সম্পত্তি বিক্রয় করিতে কি বন্ধক রাখিতে কিম্বা পাঁচ বৎসরের অধিক কোন মিয়াদের পাট্টা দিতে পারিবেক না ইতি।

[Relative or friend may sue for an account.]

XIX. It shall be lawful for any relative or friend of a Minor, at any time during the continuance of the minority, to sue for an account from any Manager appointed under this Act, or from any person to whom a Certificate shall have been granted under the provisions of this Act, or from any such Manager or person after his removal from office or trust, or from his personal representative in case of his death, in respect of any estate then or formerly under his care or management, or of any sums of money or other property received by him on account of such estate.

[হিসাব পাইবার জন্যে জ্ঞাতি কুটুম্বের কি বন্ধুর দরখাস্ত করিবার কথা।]

১৯ ধারা। কোন নাবালগ যত কাল বয়ঃপ্রাপ্ত না হয় তত কালের মধ্যে কোন সময়ে তাহার কোন জ্ঞাতি কুটুম্ব কি বন্ধু, এই আইনমতের নিযুক্ত কোন সরবরাহকারের স্থানে, কিম্বা এই আইনের বিধানমতে যাহাকে সর্টিফিকট দেওয়া গিয়াছে এমত কোন লোকের স্থানে, কিম্বা সেই প্রকারের কোন সরবরাহকার কি অন্য লোক পদহইতে কি ঐ জিম্মার ভারহইতে অবসর হইলে তাহার স্থানে, কিম্বা সে মরিলে তাহার স্থলাভিষিক্ত লোকের স্থানে, তাহার তত্ত্বাবধারণে কি জিম্মায় যে কোন ইস্টেট তৎকালে থাকে কি পূর্ব্বে ছিল তাহার হিসাব, কিম্বা ঐ ইস্টেটের বাবৎ যে কিছু টাকা কি অন্য সম্পত্তি পাইয়াছে তাহার হিসাব পাইবার নিমিত্তে দরখাস্ত করিতে পারিবেক ইতি।

[Continuance of suit instituted under this Act after disqualification shall have ceased.]

XX. If the disqualification of a person, for whose benefit a suit shall have been instituted under this Act, cease before the final decision thereof, it shall be lawful for such person to continue the prosecution of the suit on his own behalf.

[এই আইনমতে মোকদ্দমা উপস্থিত করা গেলে নাবালগ বয়ঃপ্রাপ্ত হইলে পর তাহা চলিবার কথা।]

২০ ধারা। এই আইনমতে যদি কোন নাবালগের লভ্যের নিমিত্তে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় ও সেই মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি না হইতে২ যদি সেই নাবালগ বয়ঃপ্রাপ্ত হয়, তবে সে আপনার নিমিত্তে ঐ মোকদ্দমার তদবীর করিতে পারিবেক ইতি।

[Revocation of Certificate. Removal of Guardian.]

XXI. The Civil Court for any sufficient cause may recall any Certificate granted under this Act, and may direct the Collector to take charge of the estate, or may grant a Certificate to the Public Curator or any other person as the case may be; and may compel the person whose Certificate has been recalled to make over the property in his hands to his successor, and to account to such successor for all monies received and disbursed by him. The Court may also for any sufficient cause remove any Guardian appointed by the Court.

[সর্টিফিকট বাতিল করিবার ও অলিকে অবসর করিবার কথা।]

২১ ধারা। কোন উপযুক্ত কারণ থাকিলে দেওয়ানী আদালত এই আইনমতের দেওয়া কোন সর্টিফিকট বাতিল করিতে পারিবেন। ও কালেক্টর সাহেবকে ঐ ইস্টেটের জিম্মা লইতে আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা সরকারী সম্পত্তিরক্ষককে কিম্বা বিষয় বুঝিয়া অন্য কোন ব্যক্তিকে সর্টিফিকট দিতে পারিবেন। ও যাহার সর্টিফিকট বাতিল করা গেল তাহার হাতে থাকা সম্পত্তি তাহার স্থানে নিযুক্ত ব্যক্তির হাতে জোর করিয়া দেওয়াইতে, ও যে সকল টাকা জমা ও খরচ করিয়াছে তাহার হিসাবও দেওয়াইতে পারিবেন। আরো উপযুক্ত কারণ থাকিলে আদালতের নিযুক্ত অলিকে আদালত অবসর করিতে পারিবেন ইতি।

[Penalty for neglect or refusal to deliver accounts or property.]

XXII. The Civil Court may impose a fine not exceeding five hundred Rupees on any person who may wilfully neglect or refuse to deliver his accounts, or any property in his hands, within the prescribed time, or a time fixed by the Court; and may realize such fine by attachment and sale of his property under the rules in force for the execution of decrees of Court; and may also commit the recusant to close custody until he shall consent to deliver such accounts or property.

[হিসাব কি সম্পত্তি দাখিল করিতে শৈথিল্য কি অস্বীকার করিলে তাহার দণ্ডের কথা।]

২২ ধারা। যদি কোন লোক নিরূপিত সময়ের কিম্বা আদালতের নির্দ্ধারিত সময়ের মধ্যে আপন হিসাব কিম্বা আপনার হাতে থাকা কিছু সম্পত্তি দাখিল করিতে শৈথিল্য কি অস্বীকার করে, তবে দেওয়ানী আদালত তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা করিতে পারিবেন। ও আদালতের ডিক্রী জারী করিবার যে বিধি চলন আছে সেই বিধিমতে তাহার সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ জরীমানার টাকা আদায় করিতে পারিবেন, ও যত কাল ঐ হিসাব কি সম্পত্তি দাখিল না করে তত কাল তাহাকে কয়েদ করিয়া রাখিতে পারিবেন ইতি।

[Civil Court may permit resignation of trust &c.]

XXIII. The Civil Court may permit any person to whom a Certificate shall have been granted under this Act not being the Public Curator, and any Guardian appointed by the Court, to resign his trust; and may give him a discharge therefrom on his accounting to his successor, duly appointed, for all monies received and disbursed by him, and making over the property in his hands.

[ঐ কর্ম্মের ভার ত্যাগ করিতে দেওয়ানী আদালতের অনুমতি দিবার কথা।]

২৩ ধারা। এই আইনমতে যাহাকে সর্টিফিকট দেওয়া গিয়াছে সে সরকারী সম্পত্তিরক্ষক না হইলে তাহাকে ও আদালতের নিযুক্ত কোন অলিকে দেওয়ানী আদালত ঐ কর্ম্মের ভার ত্যাগ করিবার অনুমতি দিতে পারিবেন, ও সেই লোক যে টাকা জমা ও খরচ করিয়াছে তাহার হিসাব ও যে সকল সম্পত্তি তাহার হাতে আছে তাহা তাহার পদে উপযুক্তমতে নিযুক্ত ব্যক্তিকে দিলে আদালত তাহাকে সেই ভারহইতে ফারখৎ দিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ জানুআরি।]

[Renumeration of Public Curator &c.]

XXIV. The Public Curator and every other Administrator, to whom a Certificate shall have been granted under Section X., shall be entitled to receive such commission not exceeding five per centum on the sums received and disbursed by him, or such other allowance, to be paid out of the Minor's estate, as the Civil Court shall think fit.

[সরকারী সম্পত্তিরক্ষকপ্রভৃতির মেহনতানার কথা।]

২৪ ধারা। সরকারী সম্পত্তিরক্ষক ও সরবরাহকার অন্য যে কোন ব্যক্তিকে ১০ ধারামতে সর্টিফিকট দেওয়া যায় তিনি যে সকল টাকা জমা ও খরচ করেন তাহার উপর শতকরা ৫৲ টাকার হিসাবে কমিস্যন পাইতে পারিবেন, কিম্বা আদালতের বিবেচনামতে নাবালগের ইস্টেটহইতে অন্য কোন মেহনতানা পাইতে পারিবেন ইতি।

[Guardians of Minors to provide for their education. Act XXVI. of 1854 declared applicable.]

XXV. Every Guardian appointed by the Civil Court, or by the Collector under this Act, who shall have charge of any male Minor, shall be bound to provide for his education in a suitable manner. The general superintendence and control of the education of all such Minors shall be vested in the Civil Court or in the Collector, as the case may be; and the provisions of Act XXVI. of 1854 (*for making better provision for the education of Male Minors subject to the superintendence of the Court of Wards*) shall, so far as is consistent with the provisions herein contained, be applicable to the Civil Court, or to the Collector, as the case may be, in respect to such Minors, and to every such Guardian.

[অলির দ্বারা নাবালগের বিদ্যাশিক্ষার উপায় করিবার ও ১৮৫৪ সালের ২৬ আইন খাটিবার কথা।]

২৫ ধারা। এই আইনমতে দেওয়ানী আদালতের কিম্বা কালেক্টর সাহেবের নিযুক্ত কোন অলির যদি পুরুষ নাবালগের রক্ষণাবেক্ষণের ভার থাকে, তবে ঐ নাবালগের উপযুক্তমতে বিদ্যাশিক্ষার উপায় তাহার করিতে হইবেক। সেই প্রকারের সকল নাবালগের বিদ্যাশিক্ষার কার্য্যের উপর দেওয়ানী আদালতের কিম্বা বিষয়বিশেষে কালেক্টর সাহেবের তত্ত্বাবধারণ ও কর্ত্তৃত্ব সাধারণমতে থাকিবেক। আর এই আইনের বিধিতে যেপর্য্যন্ত সঙ্গত হয় সেইপর্য্যন্ত "কোর্ট ওয়ার্ডসের অধীন পুরুষ নাবালগেরদের শিক্ষার্থ পূর্ব্বাপেক্ষা উত্তম বিধান করিবার আইন" নামে ১৮৫৪ সালের ২৬ আইনের বিধান ঐ নাবালগেরদের পক্ষে দেওয়ানী আদালতের উপর কিম্বা বিষয়বিশেষে কালেক্টর সাহেবের উপর ও সেইরূপ প্রত্যেক অলির উপর খাটিবেক ইতি।

[Persons under the age of 18 years to be held Minors for the purposes of this Act.]

XXVI. For the purposes of this Act, every person shall be held to be a Minor, who has not attained the age of eighteen years.

[এই আইনের অর্থেতে ১৮ বৎসরের কম বয়সের লোকের নাবালগ হইবার কথা।]

২৬ ধারা। এই আইনের অর্থেতে যাহার আঠার বৎসর বয়স না হইয়াছে তাহাকে নাবালগ জ্ঞান হইবেক ইতি।

[Act not to authorize the appointment of Guardians of certain married women and other persons. Guardianship during the minority of the father or husband of a Minor when to cease.]

XXVII. Nothing in this Act shall authorize the appointment of a Guardian of the person of a female whose husband is not a Minor, or the appointment of a Guardian of the person of any Minor whose father is living and is not a Minor; and nothing in this Act shall authorize the appointment of any person other than a female as the Guardian of the person of a female. If a Guardian of the person of a Minor be appointed during the minority of the father or husband of the Minor, the Guardianship shall cease as soon as the father or husband (as the case may be) shall attain the age of majority.

[কোন২ বিবাহিতা স্ত্রীর ও অন্য লোকেরদের অলিকে এই আইনমতে নিযুক্ত না হইবার কথা, ও নাবালগের পিতার কি স্বামির নাবালগ কালে যে অলি নিযুক্ত হয় তাহার কার্য্য রহিত হইবার কথা।]

২৭ ধারা। যদি কোন স্ত্রীর স্বামী নাবালগ না হয় তবে তাহার অলি, কিম্বা যাহার পিতা বর্ত্তমান ও বয়ঃপ্রাপ্ত আছেন এমত নাবালগের অলি নিযুক্ত করিবার ক্ষমতা এই আইনের কোন কথাতে হইবেক না। আর স্ত্রীলোকের অলির পদে স্ত্রীলোক ভিন্ন অন্য কাহার নিযুক্ত করিবার ক্ষমতা এই আইনের কোন কথাতে হইবেক না। যদি নাবালগের পিতার কি স্বামির নাবালগ কালে তাহার নিমিত্তে অলি নিযুক্ত হয় তবে পিতা কি স্বামী বয়ঃপ্রাপ্ত হইলেই ঐ অলির কর্ম্ম রহিত হইবেক ইতি।

[Appeals.]

XXVIII. All orders passed by the Civil Court or by any Subordinate Court under this Act shall be open to appeal under the rules in force for appeals, in miscellaneous cases, from the orders of such Court and the Subordinate Courts.

[আপীলের কথা।]

২৮ ধারা। মুৎফরক্কা মোকদ্দমায় দেওয়ানী আদালতের কিম্বা অধঃস্থ কোন আদালতের হুকুমের উপর অপীল হইবার যে বিধি আছে সেই বিধিমতে ঐ দেওয়ানী আদালতের কি অধঃস্থ আদালতের যে হুকুম এই আইনমতে হয় তাহার উপরও আপীল হইতে পারিবেক ইতি।

[Interpretation. "Civil Court." Number. Gender.]

XXIX. The expression "Civil Court" as used in this Act shall be held to mean the principal Court of original jurisdiction in the district, and shall not include the Supreme Court; and nothing contained in this Act shall be held to affect the

["দেওয়ানী আদালত" এই শব্দের অর্থ করিবার ও বচনের ও লিঙ্গের কথা।]

২৯ ধারা। এই আইনমতে "দেওয়ানী আদালত" এই শব্দেতে জিল্লার মধ্যে প্রধান যে আদালতে মোকদ্দমা প্রথমে শুনা যাইতে পারে সেই আদালতকে বুঝাইবেক, সুপ্রিম কোর্ট বুঝাইবেক না। আর সুপ্রিম কোর্টের এলাকার শামিলে কোন নাবালগের উপর

[*Government Gazette, 4th January*, 1859.]

powers of the Supreme Court over the person or property of any Minor subject to its jurisdiction. Unless the contrary appears from the context, words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number, and words importing the masculine gender shall include females.

W. MORGAN,
Clerk of the Council.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 21.

To the Civil and Criminal Authorities in the Lower and Extra-Regulation Provinces.

I am directed by the Court to forward for your information and guidance, an Extract from a letter from the Junior Secretary to the Government of Bengal, to the Director of Public Instruction, authorizing the Editor of the *Education Gazette* to charge for all advertisements that may be sent for insertion in that Journal, at the usual rates.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 2nd October, 1858.

Extract of a letter from C. T. Buckland, Esquire, Junior Secretary to the Government of Bengal, to the Director of Public Instruction, (No. 1537, dated the 16th September, 1858.)

Paragraph 2. Under the circumstances represented in the 2nd paragraph of your letter, the Lieutenant-Governor has been pleased, in modification of the Orders of the 14th July 1857, to authorize the Editor of the *Gazette* to charge for all advertisements that may in future be sent by Officers subject to the Government of Bengal, for insertion in that Journal, at the usual rates.

(True Extract,)
R. STUART,
Assistant Register.

No. 22.

To the Civil and Criminal Authorities in the Lower and Extra-Regulation Provinces.

I am directed to forward for your information an Extract from a despatch from the Hon'ble the Court of Directors, relative to the computation of the past services of Officers eligible to pensions, whose offices have been abolished.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 10th November, 1858.

{গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ জানুআরি।}

কি তাহার সম্পত্তির উপর ঐ কোর্টের যে ক্ষমতা থা
তাহা এই আইনের কোন কথাতে খর্ব্ব হইল এ
জ্ঞান করিতে হইবেক না। এক বচনের শব্দেতে ব
লোককেও বুঝাইবেক ও বহুবচনের শব্দেতে এক জ
কেও বুঝাইবেক ও পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীলিঙ্গকে
বুঝাইবেক কিন্তু কোন পদের পূর্ব্বাপর কথাতে য
সেই অর্থ বিপরীত হয় তবে বুঝাইবেক না ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশে
শ্রীযুত দেওয়ানীর ও ফৌজদারীর কার্য্যকারক সাহে
বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী
সাহেব সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের ডৈরে
টর সাহেবের নামে যে পত্র পাঠান্ তাহাইতে গৃহী
কিছু কথা তোমার জানিবার ও উপদেশের নিমি
আদালতের হুকুমমতে পাঠাইতেছি। তাহাতে এ
কেশন গেজেটের সম্পাদককে অনুমতি দেওয়া যে
যে. ঐ পত্রেতে যাঁহারা ইশতিহার ছাপাইবার নিমি
পাঠান্ তাঁহারদের স্থানে রীতিমতের হিসাবে যে
ইশতিহার ছাপাইবার খরচ লওয়া যাইবেক।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ২ অক্টোবর।

সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের শ্রীযুত ডৈরেক্টর
সাহেবের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতী
সেক্রেটারী শ্রীযুত সি টি বক্‌লাণ্ড সাহেবের ১৮৫৮ স
লের ১৬ সেপ্টেম্বর তারিখের ১৫৩৭ নম্বরের পত্রহইতে
গৃহীত কথা।

২ দফা। তোমার পত্রের ২ দফাতে যে অবস্থা
কথা প্রকাশ হইয়াছে সেই অবস্থাসম্পর্কে শ্রীযুত লে
প্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৫৭ সালের ১৪ জুলা
তারিখের হুকুম মতান্তর করিয়া গেজেটের সম্পাদক
এই অনুমতি দিয়াছেন যে, বাঙ্গলা দেশের গবর্ণম
ণ্টের অধীন কোন কার্য্যকারক যখন ইহার পরে দে
পত্রেতে ইশতিহার ছাপাইবার নিমিত্তে পাঠান্ তখ
তাহা ছাপাইবার জন্যে রীতিমতের হিসাবে তাঁহা
স্থানে খরচ লন।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

২২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশে
দেওয়ানীর ও ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহে
বরাবরেষু।

পেনস্যন পাইবার যোগ্য যে কার্য্যকারকেরদের
উঠাইয়া দেওয়া গিয়াছে তাঁহারা যত কাল কর্ম্ম করি
ছেন তাহার হিসাব করিবার বিষয়ে শ্রীযুত অনরব
কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে পত্র পাঠান্ তা
হইতে গৃহীত কথা তোমার জানিবার জন্যে আমি হুকু
মতে পাঠাইতেছি।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ১০ নবেম্বর।

[Report Proceedings in the Financial Department for the 2nd Quarter of 1857.

Paras. 274 & 275. The Government of the North Western Provinces having solicited an authoritative ruling in the case of an application for pension in favor of Jowalla Pershaud, a Peshkar in the Muttra district, in whose period of service there were two breaks, each exceeding one year, caused by the abolition of Office, have been instructed to submit such cases for the special orders of Government.]

Extract from a despatch from the Hon'ble the Court of Directors, addressed to the Government of India, in the Financial Department, No. 51, *dated 7th July* 1858.

PARA. 47. When a man is thrown out of employ simply in consequence of the abolition of his Office, he should not thereby be prejudiced as regards the computation of his past service for pension in the event of his being subsequently employed by the Government, notwithstanding that more than one year may have elapsed between the date of his discharge and of his re-employment.

(True Extract,)
R. STUART,
Asst. Register.

No. 23.

To the Civil and Criminal Authorities in the Lower and Extra-Regulation Provinces.

In continuation of Circular Order No. 16, dated the 5th July last, I am directed by the Court to inform you for your guidance, that the Supreme Government have been pleased to cancel the Resolution of the 19th March last, which limited the grant of casual leave to Uncovenanted Servants, to 15 days. It is left to the Heads of Offices, subject to the control of the Local Government, to grant at their discretion casual leave of absence from Office in cases of sickness, death of near relatives, &c.

2nd. Such casual absences from Office are not to be reported to the Civil Auditor, but they should be systematically entered in a Book to be kept in each Office, and when an application for leave may be received, the leave should be granted, or refused with some reference to the entries in the Book.

3rd. Reports, however, should be made, as at present, to the Civil Auditor, in respect to the other descriptions of leave which are as follows:—

1. Privilege leave for one month in every Calendar year allowable under Section VII. of the Uncovenanted Service Absentee Rules, in two instalments, with an interval of six months between them.

[Government Gazette, 4th January, 1859.]

[ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ১৮৫৭ সালের দ্বিতীয় তিন মাসের কার্য্যের রিপোর্ট।

২৭৪ ও ২৭৫ দফা। জওয়ালা প্রসাদ নামে মথুরা জিলার এক জন পেশকারের পেনস্যন পাইবার দরখাস্ত হইয়াছে। তাহার কর্ম্ম করিবার কালে, এক২ বার এক বৎসরের অধিক কালের দুইবার বিচ্ছেদ হয় কিন্তু তাহার পদ এবালিশ হওয়াতে হইল। তদ্রূপ স্থলে কার্য্য করিবার কোন বিধি উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্ট প্রার্থনা করিলেন। অতএব সেইরূপ সকল স্থলে গবর্ণমেণ্টের বিশেষ হুকুম পাইবার জন্যে রিপোর্ট করিবার আদেশ হইয়াছিল।]

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫৮ সালের ৭ জুলাই তারিখের ৫১ নম্বরের পত্রহইতে গৃহীত কথা।

৪৭ দফা। কোন লোকের পদ উঠিয়া যাওয়াতে যদি তাহার কর্ম্ম যায় ও পরে যদি পুনরায় সরকারী কোন পদে নিযুক্ত হয় তবে পেনস্যানের জন্যে তাহার কর্ম্ম করিবার কালের হিসাব করিবার সময়ে তাহার কর্ম্ম যাইবার তারিখঅবধি পুনরায় কর্ম্ম পাইবার তারিখপর্য্যন্ত এক বৎসরের অধিক কাল গত হইলেও, তৎপ্রযুক্ত তাহার কিছু হানিহওয়া উচিত নয়।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানীর ও ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

গত জুলাই মাসের ৫ তারিখের ১৬ নম্বরের সরকুলর অর্ডরের অতিরিক্ত নদর আদালতের হুকুমমতে তোমার উপদেশের জন্যে এই কথা জানাইতেছি। গত মার্চ মাসের ১৯ তারিখের নির্দ্ধারণমতে অচিহ্নিত কার্য্যকারকেরা কদাচিৎ ছুটী লইয়া বৎসরে সর্ব্বসুদ্ধ ১৫ দিনপর্য্যন্ত তদ্রূপ ছুটী পাইতে পারিতেন। সেই নির্দ্ধারণ সুপ্রিম গবর্ণমেণ্ট রদ করিয়াছেন। ঐ কার্য্যকারকেরদের পীড়ার কিম্বা তাঁহারদের কোন জ্ঞাতিকুটুম্বাদির মরণপ্রভৃতির কারণে, দফুরখানার প্রধান কার্য্যকারক সাহেবেরা আপন২ বিবেচনামতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে কর্ম্ম করিয়া, তাঁহারদিগকে কখন২ কএক দিনের ছুটী দিতে পারিবেন।

২। সেই প্রকারের ছুটীর রিপোর্ট সিবিল আডিটর সাহেবের নিকটে করিতে হইবেক না। কিন্তু এক২ দফুরখানায় এক২ বহী রাখিয়া তাহাতে নিয়মিতরূপে ঐ ছুটীর কথা লিখিতে হইবেক। ও যখন ছুটীর প্রার্থনা হয় তখন সেই বহী দেখিয়া বিবেচনামতে ছুটী লইবার কি না লইবার অনুমতি হইতে পারিবেক।

৩। কিন্তু অন্য প্রকারের ছুটীর রিপোর্ট এইক্ষণে যেমন সিবিল আডিটর সাহেবের নিকটে হইতেছে তেমনি হইতে থাকিবেক। সেই ছুটী এই২।

(১) ইঙ্গরেজী হিসাবমতের প্রতিবৎসরে এক মাস অনুগ্রহের ছুটী। অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ধারামতে সেই ছুটী দুই ভাগ করিয়া ছয়২ মাসান্তর লওয়া যাইতে পারিবেক।

C

2. Sick leave, under Section V., to the limit of three years, of which for one year on half-pay and for the remainder on one-third.

3. Leave on private affairs, on half-pay, under Section VIII., for six months, to be taken in one period only. A second leave cannot be taken before the expiration of six years from the date of return from the first leave.

4. Furlough on private affairs, under Section IX. for 12 months without pay, but retaining appointment.

(Signed) A. W. Russell,
Register,

Fort William, the 20th November, 1858.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 25.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify for general information, that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which English, Mahomedan, and Hindoo Holidays will take place in the year 1859; and they hereby authorize the closing of the Civil Courts in the several districts under their control for the same periods.

(Signed) A. W. Russell,
Register,

Fort William, the 1st December, 1858.

(২) ঐ বিধির ৫ ধারামতে পীড়াপ্রযুক্ত তিন বৎ
পর্য্যন্ত ছুটী। তাহার মধ্যে এক বৎসর অর্দ্ধেক বে
ও অবশিষ্ট কাল বেতনের তিন ভাগের এক ভা
ওয়া যাইতে পারিবেক।

(৩) ৮ ধারামতে অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্ত
মাসের ছুটী। সেই ছুটীর কালে অর্দ্ধেক বেতন
যায় কিন্তু সেই ছুটী একবারে লওয়া যাইতে পারি
সেই ছুটীহইতে ফিরিয়া আইলে পর ছয় বৎস
না হইলে সেই প্রকারের ছুটী দ্বিতীয়বার হইতে
না।

(৪) ৯ ধারামতে আপন কর্ম্মের নিমিত্তে ১২ ম
ছুটী। তাহাতে কিছু বেতন পাইবেন না কি
থাকিবেক।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ২০ নবেম্বর।

John Robinson, *Bengalee Translat*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহে
বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা সকল
কের জানিবার জন্যে এই সম্বাদ দিতেছেন। ১
সালের ইঙ্গরেজ ও মুসলমান ও হিন্দু পরবের
দিন নীচের লিখিত ফর্দ্দে নির্দ্দিষ্ট আছে সেই২ দি
সদর আদালত বন্দ হইবেক। ও তাঁহারা সেই২ দি
আপনারদের অধীন নানা জিলার দেওয়ানী আদা
বন্দ করিতে অনুমতি দিতেছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ১ ডিসেম্বর।

Memorandum of English, Mahomedan, and Hindoo Holidays, for the Year 1859.

Names of Holidays.	English Months.	Days of the Week.	No. of Days.
New Year's Day, ...	1st January 1859, ...	Saturday, ...	1
Bussunt Punchomee, ...	8th and 9th February,	Tuesday and Wednesday, ...	2
Eclipse of the Moon, ...	18th ditto, ...	Friday, ...	1
Sheoratree, ...	2nd and 3rd March, ...	Wednesday and Thursday, ...	2
Gobind Dowadussee, ...	15th ditto, ...	Tuesday, ...	1
Dole Jathrah, including Subebarrat, ...	18th to 20th ditto, ...	Friday to Sunday, ...	3
Baronee Usnan, ...	31st ditto,	Thursday, ...	1
Churuck Poojah, including Rammobomee, ...	11th and 12th April,	Monday and Tuesday, ...	2
Good Friday, ...	22d ditto,	Friday, ...	1
Edool Feetur, ...	5th and 6th May, ...	Thursday and Friday, ...	2
	But if the Moon be visible on the 3rd May,	Wednesday and Thursday,	1
Queen's Birth-day, ...	24th May, ...	Tuesday, ...	1
Dusharah Gunga Poojah, ...	10th June, ...	Friday, ...	1
Usnan Jathrah, ...	15th ditto,... ...	Wednesday, ...	1
Ruth Jathrah, ...	2nd July, ...	Saturday, ...	1
Ooltah Ruth, ...	10th ditto, ...	Sunday, ...	1
Edoz Zohab, ...	11th and 12th ditto, ...	Monday and Tuesday, ...	2
	But if the Moon be not visible on the 1st July then on the 12th and 13th July,	Tuesday and Wednesday,	
Mohurrum Vacation, including Ruksha Bundun, and Eclipse of the Moon, ...	1st to 15th August, ...	Monday to Monday, ...	15
	But if the Moon be visible on the 30th July, then from 31st July to the 14th August, ...	Sunday to Sunday,	

Names of Holidays.	English Months.	Bengalee Months.	Days of the Week.	No. of Days.
Janum Ustomee, ...	21st and 22nd August, ...	6th and 7th Bhadoon, ...	Sunday and Monday, ...	2
Dusserah Vacation, including Mohaloya, Akheree Chahar Sombah, Lukhee Poojah, Dewalee, Bhydooz, and Futteh Doaz duhum, ...	23rd September, to 27th October, ...	8th Assin, to 11th Kartick, ...	Friday to Thursday, ...	35
	4th and 5th November, ...	19th and 20th Kartick, ...	Friday and Saturday, ...	2
Juggudhattree Poojah, ...	15th and 16th ditto, ...	30th ditto and 1st Ughran, ...	Tuesday and Wednesday, ...	2
Kartick Poojah, ...	25th December, ...	11th Pous, ...	Sunday, ...	1
Christmas Day, ...				

১৮৫৯ সালের ইঙ্গরেজ ও মুসলমান ও হিন্দুর পরবের ফর্দ্দ।

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন	যত দিন
নূতন বৎসরারম্ভ	১৮৫৯ সাল ১ জানুআরি	১২৬৫ সাল ১৮ পৌষ	শনিবার	১
বসন্ত পঞ্চমী	৮।১৯ ফেব্রুআরি	৭।২৮ মাঘ	মঙ্গল ও বুধবার	২
চন্দ্রগ্রহণ	১৮ ঐ	৭ ফাল্গুণ	শুক্রবার	১
শিবরাত্রি	১।৩ মার্চ	১৯।২০ ঐ	বুধ ও বৃহস্পতিবার	২
গোবিন্দ দ্বাদশী	১৫ ঐ	২ চৈত্র	মঙ্গলবার	১
দোল যাত্রা ও শুবিবরাহ	১৮।১৯, ২০ ঐ	৫, ৬, ৭ ঐ	শুক্র ও শনি ও রবিবার	৩

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন	যত দিন
বারুণী স্নান	৩১ মার্চ	১৮ চৈত্র	বৃহস্পতিবার...	১
চড়ক পূজা ও রামনবমী	১১।১২ আপ্রিল	২৯, ৩০ ঐ	সোম ও মঙ্গলবার	২
গুড ফ্রাইডে	২২ ঐ	১২৬৬ সাল ১০ বৈশাখ	শুক্রবার	১
ইদুল ফিত্র	৪।৬ মে	২৩।২৪ ঐ	বৃহস্পতি ও শুক্রবার	২
	কিন্তু ৩ মে তারিখে যদি চাঁদ দেখা	যায় তবে ৪, ৫ মে	বুধ ও বৃহস্পতিবার	১
শ্রীশ্রীমতী মহারাণীর জন্মদিন ...	২৪ মে	১২ জ্যৈষ্ঠ	মঙ্গলবার	১
দশহরা গঙ্গা পূজা	১০ জুন	২৮ ঐ	শুক্রবার	১
স্নান যাত্রা	১৫ ঐ	২ আষাঢ়	বুধবার	১
রথ যাত্রা	২ জুলাই	১৯ ঐ	শনিবার	১
উল্টা রথ	১০ ঐ	২৭ ঐ	রবিবার	১
ইদুজ জহা	১১।১২ ঐ	২৮, ২৯ ঐ	সোম ও মঙ্গলবার	২
	কিন্তু যদি ১ জুলাই তারিখে চাঁদ না	দেখা যায় তবে ১২, ১৩ জুলাই	মঙ্গল ও বুধবার	২
মহরমের বন্দ রক্ষাবন্ধন ও চন্দ্রগ্রহণ ...	১—১৫ আগষ্ট	১৭—৩১ শ্রাবণ	সোমবারঅবধি—সোমবারপর্য্যন্ত	১৫
	কিন্তু যদি ৩০ জুলাই তারিখে চাঁদ দেখা	যায় তবে ৩১ জুলাইঅবধি ১৪ আগষ্টপর্য্যন্ত	রবিবারঅবধি—রবিবারপর্য্যন্ত	
জন্মাষ্টমী	২১, ২২ আগষ্ট	৬, ৭ ভাদু	রবি ও সোমবার	২
দশহরার বন্দ ও মহালয়া ও আখেরী চহার শম্বা ও লক্ষ্মীপূজা ও দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া ও ফতে দাজ দহম	২৩ সেপ্টেম্বরঅবধি ২৭ অক্টোবরপর্য্যন্ত ..	৮ আশ্বিনঅবধি ১১ কার্ত্তিকপর্য্যন্ত ...	শুক্রবারঅবধি বৃহস্পতিবারপর্য্যন্ত	৩৫
জগদ্ধাত্রীপূজা	৪।৫ নবেম্বর	১১।২০ কার্ত্তিক	শুক্র ও শনিবার	২
কার্ত্তিকপূজা	১৫।১৬ ঐ	৩০ ঐ ও ১ অগ্রহায়ণ	মঙ্গল ও বুধবার	২
কৃসমিস ডে	২৫ ডিসেম্বর	১১ পৌষ — — ...	রবিবার	১

[Government Gazette, 4th January, 1860.]

No. 28.

To the Zillah Judges in the Lower Provinces and Deputy Commissioner of Hazareebagh.

I am directed by the Court to state that the questions for the examination of Candidates for Pleaderships in the Courts of Sudder Ameens and Moonsiffs, will hereafter be duly forwarded.

2. It is intended that the course observed in former years shall be observed on this occasion, i. e. printed sets for all the Candidates will not be sent, but a lithographed copy only. The Candidates who purpose to write their answers in English, will each write out his copy of the questions from dictation in English. For those who intend to answer in the vernacular, you are requested to have the questions translated into the vernacular, and a copy will be similarly written out by each. This is to be done before the assembled Candidates at the commencement of the examination. Each will then proceed to answer the questions. For these reasons they should be convened at an early hour of the day.

3. Adverting to paragraph 31 of the Circular Order No. 88, of the 19th April 1850, the value according to which the answers are to be estimated will be inserted opposite to each printed question.

4. No examinee is to be allowed to retain the questions after the examination is closed; and your careful attention will be directed to conduct the examination according to the above mentioned Circular Order of 19th April 1850.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 13th December, 1858.

২৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলার শ্রীযুত জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে এই কথা জানাইতেছি। সদর আমীনেরদের মুনসেফেরদের আদালতের ওকালতী কর্ম্ম যাঁহারা পাইতে চাহেন তাঁহারদের পরীক্ষার জিজ্ঞাসা ইহার পরে রীতিমতে পাঠান যাইবেক।

২। পূর্ব্বং বৎসরে যেমতে হইয়া থাকে এই বৎসরেও সেইমতে হইবার মনস্থ আছে। অর্থাৎ কর্ম্মার্থিদিগকে দিবার জন্যে ঐ জিজ্ঞাসার এক এক প্রশ্ন ছাপা হইয়া পাঠান যাইবেক না। কিন্তু পাতরে ছাপা এক কেতা মাত্র পাঠান যাইবেক। যাঁহারা ইঙ্গরেজী ভাষাতে উত্তর লিখিতে চাহেন তাঁহারদের নিকটে সেই সকল প্রশ্ন ইঙ্গরেজী ভাষাতে পাঠ হইলে তাঁহারা লিখিয়া লইবেন। যাঁহারা দেশীয় ভাষাতে উত্তর লিখিতে চাহেন তাঁহারদের নিমিত্তে তোমার সেই সকল প্রশ্ন তরজমা করাইয়া হইবেক ও এক২ জন সেই প্রকারে এক২ কেতা লিখিয়া লইবেন। এই কার্য্য পরীক্ষার আরম্ভেতে পদার্থাকাঙ্ক্ষিরা সকলে একস্থানে বসিলে পর করিতে হইবেক। পরে এক২ জন ঐ জিজ্ঞাসার উত্তর লিখিতে লাগিবেন। এই২ কারণে তাঁহারদিগকে সকালে একত্র করাণ উচিত।

৩। ১৮৫০ সালের ১৯ আপ্রিল তারিখের ৮৮ নম্বরের সরকুলর অর্ডরের ৩১ দফা লক্ষ করিয়া এই কথা কহিতেছি। যত অঙ্কঅনুসারে উত্তর উত্তম অধম বুঝায় সেই সকল অঙ্ক ঐ ছাপাকরা প্রশ্নের পার্শ্বে লিখিতে হইবেক।

৪। পরীক্ষা হইলে পর পরীক্ষিত ব্যক্তিরদের কেহ ঐ প্রশ্ন নিকটে রাখিতে পারিবেন না। ও ১৮৫০ সালের ১৯ আপ্রিল তারিখের উক্ত সরকুলর অর্ডরমতে পরীক্ষার কার্য্য চালাইতে তোমার বিশেষমতে মনোযোগ করিতে হইবেক।

এ ডবলিউ রসেল। রে জিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ১৩ ডিসেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 24th December, 1858.

Baboo Omachurn Kastogree, Moonsiff of Rungunneeah, Zillah Chittagong, for 4 days, from 7th to 10th January 1859, on urgent private affairs.

The unexpired portion of the leave viz. from 2d to 6th December, which was granted to the Moonsiff of Muxoodpore, Zillah Dacca, under the Court's orders of the 12th ultimo, is hereby cancelled.

The 28th December, 1858.

Moonshee Rumeezooddeen, Officiating Moonsiff of Comillah, Zillah Tipperah, for 15 days.

A. W. RUSSELL, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৮ সাল ২৪ ডিসেম্বর।

জিলা চাটিগাঁয়ের রঙ্গনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ কাস্টগ্রী আপনার অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্তে ১৮৫৯ সালের জানুআরি মাসের ৭ তারিখঅবধি ১০ তারিখপর্য্যন্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

সদর আদালতে গত মাসের ১২ তারিখের হুকুমঅনুসারে জিলা ঢাকার মকসুদপুরের মুনসেফকে যে ছুটী দেওয়া গিয়াছিল তাহার ডিসেম্বর মাসের ২ তারিখঅবধি ৬ তারিখপর্য্যন্ত অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৫৮ সাল ২৮ ডিসেম্বর।

জিলা ত্রিপুরার কমিল্লার একটি মুনসেফ শ্রীযুত মুনশী রগীজুদ্দীন পনের দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 11, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১১ জানুআরি।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 6TH NOVEMBER 1858.

THE following Bill, as settled in Committee of the whole Council, was ordered to be published for general information and to be reconsidered after two months :—

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter.

CHAPTER IV.

OF THE EXECUTION OF DECREES BY IMPRISONMENT.

[Continued from page 9.]

[Application may be made for discharge on a surrender of the whole of the debtor's property.]

273. Any person in confinement under a decree may apply to the Court for his discharge. The application shall contain a full account of all property of whatever nature belonging to the applicant, whether in expectancy or in possession, and whether held exclusively by himself or jointly with others, or by others in trust for him (except the necessary wearing apparel of himself and his family and the necessary implements of his trade), and of the places respectively where such property is to be found; and such application shall be subscribed and verified by the applicant in the manner hereinbefore provided for subscribing and verifying plaints.

[Procedure on such application. Defendant to be discharged on plaintiff failing to prove fraud or concealment by defendant. If guilty of fraud or concealment, debtor's imprisonment may be ex-

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৮ সাল ৬ নবেম্বর।

ব্যবস্থাপক কৌন্সেলের সমুদয় সাহেব কমিটি হইয়া আইনের নীচের লিখিত মুসাবিদা নির্দ্ধার্য্য করিলেন ও তাহা সর্ব্ব সাধারণের জ্ঞাত হইবার জন্যে প্রকাশ হয় ও দুই মাসের পরে তাহার পুনর্ব্বিবেচনা হয় এমত আজ্ঞা করিলেন।

দেওয়ানী মোকদ্দমার যে আদালত ইঙ্গলণ্ডীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনের মুসাবিদা।

চতুর্থ অধ্যায়।

ডিক্রী জারী করিবার বিধি।

কয়েদ করণদ্বারা ডিক্রীজারী করিবার বিধি।

[৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[আসামীর সমুদয় সম্পত্তি অর্পণ করা গেলে তাহার মুক্ত হইবার দরখাস্তের কথা।]

২৭৩। ডিক্রীমতে কোন ব্যক্তি কয়েদ থাকিলে মুক্ত হইবার দরখাস্ত আদালতে করিতে পারিবেক। দরখাস্তকারির যে কোন প্রকারের যে সকল সম্পত্তি থাকে তাহার সম্পূর্ণ বেওরা, অর্থাৎ তাহার নিজের ও তাহার পরিবারের আবশ্যক পরিবার বস্ত্র ছাড়া ও তাহার ব্যবসায়ের হাতিয়ার ছাড়া, যে সম্পত্তি তাহার দখলে থাকে কি পরে তাহার পাইবার সম্ভাবনা আছে, ও আপনি একলা তাহা রাখে কিম্বা অন্যেরদের সঙ্গে যৌতায় রাখে, কিম্বা তাহার নিমিত্তে অন্যেরদের জিম্মায় থাকে, ও যে বিষয় যে স্থানে থাকে, এই সকল কথা তাহার দরখাস্তে লিখিতে হইবেক। ও নালিশের আরজীতে দস্তখৎ করিবার ও তাহা সত্য হওয়ার কথা লিখিবার যে বিধি এই আইনে করা গিয়াছে, সেই বিধিমতে দরখাস্তকারির সেই দরখাস্তে দস্তখৎ করিতে হইবেক ও তাহা সত্য হওয়ার কথা লিখিতে হইবেক।

[সেইরূপ দরখাস্ত হইলে যাহা করিতে হইবেক তাহার কথা, ও আসামী প্রতারণা করিয়াছে কি কিছু লুকাইয়া রাখিয়াছে ফরিয়াদী ইহার প্রমাণ করিতে না পারিলে আসামীর মুক্ত হইবার কথা, ও আসামী সেই-

tended to two years; and he may be further dealt with criminally.]

274. On such application being made, the Court shall cause the plaintiff to be furnished with a copy of the account of the defendant's property, and shall fix a reasonable period within which the plaintiff may cause the whole or any part of such property to be attached and sold or may make proof that the defendant, for the purpose of procuring his discharge without satisfying the decree, has wilfully concealed property, or his right or interest therein, or fraudulently transferred or removed property, or committed any other act of bad faith. If within such period the plaintiff shall fail to make such proof, the Court shall cause the defendant to be set at liberty. If the plaintiff shall within the time specified or at any subsequent period prove to the satisfaction of the Court that the defendant has been guilty of any of the acts above-mentioned, the Court shall, at the instance of the plaintiff, either retain the defendant in confinement, or commit him to prison, as the case may be, unless he shall have already been in confinement two years on account of the decree; and may also, if it shall think proper, send the defendant to the Magistrate to be dealt with according to law.

[Though the defendant be discharged, his property is liable for the decree.]

275. A defendant once discharged shall not again be imprisoned on account of the same decree except under the operation of the last preceding Section, but his property shall continue liable, under the ordinary rules, to attachment and sale until the decree shall be fully satisfied, unless the decree shall be for a sum less than one hundred Rupees and on account of a transaction bearing date subsequently to the passing of this Act. When the decree shall be for a sum less than one hundred Rupees, and on account of a transaction bearing date as above, the Court may declare a defendant who shall be discharged as aforesaid absolved from further liability under that decree.

[How questions regarding amount of mesne profits and interest, and sums paid in satisfaction of decree, are to be determined.]

276. All questions regarding the amount of any mesne profits which by the terms of the decree may have been reserved for adjustment in the execution of the decree, or of any mesne profits or interest which may be payable in respect of the subject matter of a suit between the date of the institution of the suit and execution of the decree, as well as questions relating to sums alleged to have been paid in discharge or satisfaction of the decree or the like, shall be determined by order of the Court executing the decree and not by separate suit; and the order passed by the Court shall be open to appeal.

রূপে দোষী হইলে তাহার দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার ও ফৌজদারী আদালতে তাহার অধিক দণ্ড হইবার কথা।]

২৭৪। সেই প্রকারের দরখাস্ত করা গেলে, আদালত আসামীর সম্পত্তির বেওরা ফর্দ্দের এক কেতা নকল ফরিয়াদীকে দেওয়াইবেন। ও ফরিয়াদী সেই সমুদয় সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ ক্রোক করাইয়া নীলাম করাইতে পারে এই নিমিত্তে, কিম্বা আসামী ডিক্রীমতে টাকা না দিয়া মুক্তি পায় এই জন্যে জানিয়াশুনিয়া কিছু সম্পত্তি গুপ্ত রাখিয়াছে, কিম্বা সম্পত্তিতে তাহার স্বত্ব কি সম্পর্ক গুপ্ত রাখিয়াছে, কিম্বা প্রতারণা করিয়া কিছু সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিয়াছে, কিম্বা বক্রভাবের অন্য কোন কর্ম্ম করিয়াছে, ফরিয়াদী ইহার প্রমাণ করিতে পারে এই নিমিত্তে উপযুক্ত মিয়াদ নিরূপণ করিবেন। যদি ফরিয়াদী সেই মিয়াদের মধ্যে সেইরূপ প্রমাণ করিতে না পারে, তবে আদালত আসামীকে ছাড়িয়া দিতে হুকুম করিবেন। আসামী পূর্ব্বোক্ত কোন কার্য্যের দোষী হইয়াছে ইহার প্রমাণ যদি ফরিয়াদী ঐ নিরূপিত মিয়াদের মধ্যে কিম্বা তাহার পরে কোন সময়ে আদালতের হৃদ্বোধমতে করে, তবে আদালত ফরিয়াদীর প্রার্থনামতে আসামীকে কয়েদ রাখিবেন কিম্বা বিষয়বিশেষে তাহাকে কয়েদ করিবেন। কিন্তু যদি ঐ ডিক্রীর নিমিত্তে সে দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইয়াছে তবে কয়েদ রাখিবেন না। ও যদি উচিত বোধ করেন তবে আসামীকে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্তে তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন।

[আসামীকে ছাড়িয়া দেওয়া গেলেও ডিক্রীর নিমিত্তে তাহার সম্পত্তির উপর দায় থাকিবার কথা।]

২৭৫। আসামীকে একবার ছাড়িয়া দেওয়া গেলে পর, কেবল ইহার পূর্ব্বের ধারার বলে তাহাকে পুনরায় কয়েদ করা যাইতে পারিবেক, নতুবা সেই ডিক্রীপ্রযুক্ত তাহাকে পুনরায় কয়েদ করা যাইতে পারিবেক না। কিন্তু ডিক্রীর সমুদয় টাকা যাবৎ আদায় না হয় তাবৎ তাহার সম্পত্তি চলিত বিধিমতে ক্রোক ও নীলাম হইবার যোগ্য থাকিবেক। পরন্তু যদি ডিক্রী এক শত টাকার কম টাকার নিমিত্তে হয়, ও এই আইন জারী হইবার তারিখের পর কোন তারিখের ব্যাপারের বাবৎ ডিক্রী হয়, তবে পূর্ব্বোক্তমতে যে আসামীকে ছাড়িয়া দেওয়া গেল তাহাকে আদালত সেই ডিক্রীমতে অধিক সকল দায়হইতে মুক্ত প্রকাশ করিতে পারিবেন।

[ডিক্রী জারীক্রমে যে ওয়াসিলাৎ ও সুদ ও টাকা দেওয়া যায় তাহা লইয়া বিবাদ হইলে তাহার নিষ্পত্তি হইবার কথা।]

২৭৬। ডিক্রীর কথাক্রমে ওয়াসিলাৎ নির্ণয় করিবার কার্য্য ডিক্রীজারী করিবার কালপর্য্যন্ত রাখা গেলে, যে ওয়াসিলাৎ যত টাকার হয়, ও মোকদ্দমা উপস্থিত করিবার ও ডিক্রীজারী করিবার তারিখের মধ্যে কোন সময় মোকদ্দমার বিষয়সম্পর্কে কিছু ওয়াসিলাৎ কি সুদ দেওয়া হইলে যত দেনা হয়, তাহা লইয়া, ও ডিক্রীর পরিশোধে কি ডিক্রীজারীমতে কি সেই প্রকারের অন্য কার্য্যক্রমে টাকা দেওয়া হইয়াছে বলিয়া যদি তাহা লইয়া কিছু বিবাদ হয়, তবে তাহার স্বতন্ত্র মোকদ্দমা করিয়া যে আদালত ডিক্রীজারী করেন সেই আদালতের হুকুমমতে নিষ্পত্তি হইবেক। ও আদালতের হুকুম হয় তাহার উপর আপীল হইতে পারিবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ জানুআরি।]

OF THE EXECUTION OF A DECREE OUT OF THE JURISDICTION OF THE COURT BY WHICH IT WAS PASSED.

[How a decree of one Court may be executed within the jurisdiction of another Court.]

277. A decree of any Civil Court within any part of the British territories in India, or established by the authority of the Governor General of India in Council in the territories of any Foreign Prince or State, which cannot be executed within the jurisdiction of the Court whose duty it is to execute the same, may be executed within the jurisdiction of any other such Court in the manner following.

[Application for such execution.]

324. The case shall be set down for hearing as an ordinary suit; and if the Court shall be satisfied, after an examination of the partes or their pleaders, or taking such evidence as it may deem proper, that the agreement was duly executed by the parties, and that they have a *bonâ fide* interest in the question of fact or law stated therein, and that the same is fit to be tried or decided, it shall proceed to record and try, or hear the same, and deliver its finding or opinion thereon, in the same way as in an ordinary suit; and shall, upon its finding or deciding upon the question of fact or law, give judgment for the sum fixed by the parties, or so ascertained as aforesaid, or otherwise, according to the terms of the agreement, and upon the judgment which shall be so given, decree shall follow and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit.

[To be continued.]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 27.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 3rd November 1858.

In continuation of Circular Order No. 24, dated the 8th September last, on the subject of Collectors being supplied with printed copies of the Sudder Court's Decisions, I am directed by the Board of Revenue to state that the Register of the Court has been authorized by Government to strike off a sufficient number of copies for the purpose, which will be regularly supplied in future, but that there are no back numbers in store.

(Signed) E. T. Trevor,
Secretary.

No. 28.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 9th November 1858.

The Sudder Court having ruled that the grounds of appeal from Moonsiffs' decisions must be filed within the period allowed for appeal, it is necessary that Rules 13 and 40 of the Civil Suit Series should be modified. You are accordingly requested to substitute the following Rules for those specified. The four rules added to Rule 40 by the

[*Government Gazette*, 11*th January*, 1859.]

[উভয় পক্ষের আদালতের অধীন থাকার কথা।]

৩২৩। সেই একরারনামা দাখিল হইলে পর তৎসম্পর্কীয় উভয় পক্ষের সকল লোক আদালতের অধীন থাকিবেক, ও সেই একরারনামায় লিখিত কথাতে বদ্ধ থাকিবেক।

[মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিবার কথা।]

৩২৪। সেই বিষয় সাধারণ মোকদ্দমার মতে শুনিবার জন্যে বহীতে লেখা যাইবেক। ও সেই একরারনামা উভয় পক্ষ উপযুক্তমতে করিয়াছে, ও বৃত্তান্ত কি আইনঘটিত যে কথা তাহাতে ব্যক্ত হইয়াছে সেই কথাতে তাহারদের প্রকৃত ভাবে সম্পর্ক আছে, ও তাহা বিচার কি নিষ্পত্তি হইবার যোগ্য বটে এই কথা যদি আদালত উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী লইয়া কিম্বা যে প্রমাণ উপযুক্ত বোধ করেন তাহা লইয়া স্বয়োধমতে জানেন, তবে সাধারণ মোকদ্দমায় যেমন করেন তেমনি ঐ একরারনামা রিকার্ড করিবেন ও তাহার বিচার করিবেন, কিম্বা শুনিয়া আপনার নিষ্পত্তি কি রায় জানাইবেন। ও বৃত্তান্ত কি আইনঘটিত কথার উপর আপনার যে বিচার কি নিষ্পত্তি হয় তদনুসারে উভয় পক্ষের নির্দ্ধারিত টাকা, কিম্বা পূর্ব্বোক্তমতে আদালতের নির্দ্ধারিত টাকা দিবার হুকুম করিবেন, কিম্বা প্রকারান্তরে ঐ একরারনামার নিয়মমতে হুকুম করিবেন। ও সেই প্রকারে যে হুকুম করেন তদনুসারে ডিক্রী হইবেক, ও উভয় পক্ষের সওয়াল জওয়াব করা মোকদ্দমাতে হুকুম হইলে ডিক্রী যে প্রকারে জারী হয় সেই প্রকারে ঐ ডিক্রী জারী হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ৩ নবেম্বর।

সদর আদালতের ছাপাকরা নিষ্পত্তির এক২ প্রস্থ কালেক্টর সাহেবদিগকে দিবার, গত সেপ্টেম্বর মাসের ৮ তারিখের ২৪ নম্বরের সরক্যুলর অর্ডরের উপলক্ষে বোর্ড রেবিনিউর আজ্ঞামতে তোমাকে এই কথা জানাইতেছি। কালেক্টর সাহেবদিগকে এক২ খানি দিবার জন্যে যত কুলায় তত ছাপাইতে গবর্ণমেণ্ট সদর আদালতের রেজিষ্টর সাহেবকে অনুমতি করিয়াছেন। তাহা ইহার পরঅবধি নিয়মিতরূপে পাঠান যাইবেক। কিন্তু ইহার পূর্ব্বে যাহা ছাপা হইয়াছিল তাহার কিছু হাতে নাই।

ই টি ট্রুবর। সেক্রেটারী।

২৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ৯ নবেম্বর।

মুনসেফেরদের নিষ্পত্তির উপর যে আপীল হয় তাহার হেতু আপীলের নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল করিতে হইবেক, এই বিধান সদর আদালতের সাহেবেরা করিয়াছেন। অতএব দেওয়ানী মোকদ্দমার বিধিশ্রেণীর ১৩ ও ৪০ বিধি মতান্তর করিতে হইল। সেই দুই বিধির পরিবর্ত্তে তোমাকে এই চারি বিধি লিখিতে আদেশ হইতেছে। এই নূতন ৪০ বিধিতে পূর্ব্বকার ৪০

Board's Circular Memorandum of the 18th February 1857, No. 6, it will be observed, are not superseded by the present modification of that Rule.

(Signed) E. T. Trevor,
Secretary.

RULES.

13 A. Whenever the Collector or other Officer concerned receives from the Government Pleader copy of a final order, which has been passed in any regular suit, miscellaneous proceeding, or appeal case, he shall ascertain that a copy of such decision has been forwarded by the Government Pleader to the Legal Remembrancer in accordance with Rule 40, and shall, with as little delay as possible, report upon the merits of the decision to the Commissioner of Revenue, who shall forward the decision of the Lower Court and all other papers that may be necessary, to the Legal Remembrancer, with his opinion as to whether an appeal shall be preferred or not.

13 B. If a decision, which has been passed by a Moonsiff, appears to the Collector or other Officer concerned, to be adverse to the interests of Government, he shall prepare a petition of appeal, comprehending all the grounds on which he would prefer an appeal, and he shall file such petition in the Judge's Court within 30 days from the date on which a copy of the decree was tendered to the Government Pleader, unless he shall receive in the interval special instructions from the Commissioner of Revenue, copy of such petition of appeal shall also be forwarded to the Commissioner of Revenue without delay.

13 C. If a decision which has been passed by the Sudder Ameen, Principal Sudder Ameen, or Judge, appears to the Collector, or other Officer concerned, to be adverse to the interests of Government, he shall file a *pro formâ* petition of appeal to save time which can be withdrawn if thereafter it be determined not to prosecute the appeal. In the case of an adverse decision passed in an appeal case no *pro formâ* petition of special appeal should be filed, as such petition must contain the grounds of appeal.

40. The Government Pleader at the several Zillah Courts shall report to the Collector, or other Officer concerned, the nature of the final order passed in every case within 24 hours after it has been given out by the Court in the case of suits determined at the Sudder Station; and in the case of suits determined by the Mofussil Moonsiff's Court, immediately on receipt of the information. He shall also forward one copy of the decree or miscellaneous order to the Collector or other Officer concerned, and another copy to the Legal Remembrancer within 24 hours after receiving it from the Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১। জানুআরি।]

বিধি মতান্তর হইয়াছে বটে, কিন্তু বোর্ডের ১৮ সালের ১৮ ফেব্রুআরি তারিখের ৬ নম্বরের সরকুলরের স্মারক লিপিতে ঐ ৪০ বিধির পর নূতন যে বিধি দেওয়া গিয়াছিল তাহা বাতিল হয় নাই জানিতে হইবেক।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

বিধি।

১৩ ক। কোন জাবেতামতের কি মুৎফরকা কদ্দমার কি আপীলী মোকদ্দমার উপর যে শেষ হুকুম হয় তাহার এক কেতা নকল কালেক্টর সাহেব সেই বিষয়ে অন্য যে কার্য্যকারক সাহেবের সম্পর্ক তিনি যখন সরকারী উকীলের স্থানে পান, তখন কারী উকীল ঐ নিষ্পত্তির এক কেতা নকল ৪০ মতে সরকারের মোকদ্দমার প্রয়োজক সা নিকটে পাঠাইয়াছেন এই কথা নিশ্চয়মতে হইয়া, সাধ্যমতে শীঘ্র করিয়া সেই নিষ্পত্তির গুণের রিপোর্ট রাজস্বের কমিস্যনর সাহেবে কটে করিবেন। ও আপীল করিতে হয় কি বিষয়ে আপনার মত লিখিয়া কমিস্যনর অধঃস্থ আদালতের নিষ্পত্তি, ও অন্য যে সকল পত্র আবশ্যক হয় তাহা, সরকারের মোকদ্দমার জজ সাহেবের নিকটে পাঠাইবেন।

১৩ খ। মুনসেফের কোন নিষ্পত্তি গবর্ণ লভ্যের বিরুদ্ধ হইয়াছে, কালেক্টর সাহেব কি বিষয়ে অন্য যে কার্য্যকারক সাহেবের সম্পর্ক তিনি এমত বোধ করিলে, আপীলের দরখাস্ত করিয়া, যে সকল কারণে আপীল উপস্থিত ক তাহা তাহাতে লিখিবেন, ও ডিক্রীর নকল যে সরকারী উকীলের নিকটে পাঠান যায় সেই অবধি ৩০ দিনের মধ্যে যদি রাজস্বের কমিস্যা হেবের স্থানে বিশেষ উপদেশ না পান তবে সে দিনের মধ্যে সেই দরখাস্ত জজ সাহেবের আ দাখিল করিবেন। ও আপীলের সেই দ নকল অগৌণে রাজস্বের কমিস্যনর সাহেবের নি পাঠাইতে হইবেক।

১৩ গ। সদর আমীনের কি প্রধান সদর আ কি জজ সাহেবের কোন নিষ্পত্তি গবর্ণমেণ্টের বিপক্ষ হইয়াছে, কালেক্টর সাহেব কিম্বা সেই অন্য যে কার্য্যকারক সাহেবের সম্পর্ক থাকে তি বোধ করিলে, সময় রক্ষা করিবার জন্যে কেব মতে বলিয়া আপীলের দরখাস্ত দাখিল ক পরে আপীল হইবেক না এমত স্থির হইলে, খাস্ত উঠাইয়া লওয়া যাইতে পারিবেক। মোকদ্দমাতে যদি বিরুদ্ধ নিষ্পত্তি হয়, তবে খা লের দরখাস্ত কেবল দাঁড়ামতে বলিয়া দাখি হইবেক না, কেননা সেই দরখাস্তেতে আপীল কারণ লিখিতে হইবেক।

৪০। সদর মোকামে মোকদ্দমার নিষ্পত্তি আদালত যে সময়ে শেষ হুকুম প্রকাশ করে পর চব্বিশ ঘণ্টার মধ্যে জিলার আদালতের উকীল সেই হুকুমের মর্ম্মের রিপোর্ট কালেক্ বের নিকটে, কিম্বা সেই বিষয়ে অন্য যে সাহেবের সম্পর্ক থাকে তাঁহার নিকটে, করি মফঃসলে মুনসেফের আদালতে মোকদ্দমার হইলে সরকারী উকীল ঐ হুকুমের সম্বাদ তৎক্ষণাৎ রিপোর্ট করিবেন। ও সেই ডি মুৎফরকা হুকুমের নকল যে সময়ে আদা পান তাহার পর চব্বিশ ঘণ্টার মধ্যে তিনি কি হুকুমের এক কেতা নকল কালেক্টর নিকটে কিম্বা তাহাতে অন্য যে কার্য্যকারক সম্পর্ক থাকে তাঁহার নিকটে পাঠাইবেন, ও

No. 29.

MEMORANDUM.

The following Rule is to be written in by hand as Rule XVI. in page 31 of the Butwarrah Series, the form, taken from Regulation XIX. of 1814, *to be written in like manner on blank page* 33 *of the Series.*

(Signed) E. T. Trevor,
Secretary.

Board of Revenue, L. P.,
Fort William, the 9th November 1858.

Rule XVI. Immediately upon the confirmation of a Butwarrah, the Collector is to enter separately on the Towjee of the District, with a distinct and separate number, each separated share which has thus become an estate. These numbers must be in addition to those already on the Towjee. One share, (the ijmalie one, if the original estate be not entirely broken up) will retain the original number; the other estates will be entered separately under the last number of the Towjee. If the Register of confirmed Butwarrahs ordered by Section XXXI., Reg. XIX. of 1814, and annexed to this Rule be properly kept up in the form prescribed, there can be no danger of the separated shares being lost sight of for the purposes of that Section.

No. 30.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 19th November 1858.

With reference to the Circular issued in the Land Revenue Department, dated the 24th September 1856, No. 30, I am directed by the Board of Revenue to forward for your information and guidance an Extract from a Despatch of the Hon'ble Court of Directors, No. 7, dated the 18th August last, on the subject of communicating to subordinate Officers the remarks and correspondence of their Superiors respecting them.

(Signed) E. T. Trevor,
Secretary.

Extract from a Despatch from the Hon'ble the Court of Directors to the Government of India in the Revenue Department,—No. 7, dated the 18th August 1858.

[(4 to 7.) Proposal by the Board of Revenue for allowing Deputy Collectors to have copies of all the remarks made upon them by their Official Superiors, considered objectionable as a general rule.]

Para. 3. In cases where distinct charges are made against Officers, or special praise awarded to

[*Government Gazette*, 11*th January*, 1859.]

সরকারের মোকদ্দমার প্রয়োজক সাহেবের নিকটে পাঠাইবেন।

২৯ নম্বর।

স্মারক লিপি।

এই বিধি ১৬ নম্বরের বিধি বলিয়া বাঁটওয়ারার বিধিশ্রেণীর মধ্যে হাতে লিখিতে হইবেক। ১৮১৪ সালের ১৯ আইন দেখিয়া যে পাঠ লওয়া গিয়াছে তাহাও ঐ বিধিশ্রেণীর শেষে শাদা পেজে হাতে লিখিতে হইবেক।

ই টি ট্রেবর। সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ৯ নবেম্বর।

১৬ বিধি। বাঁটওয়ারা মঞ্জুর হইলেই, সেই প্রকারের পৃথক্করা যে২ অংশ একং মহাল হইয়াছে তাহা কালেক্টর সাহেব পৃথক্২ ও আলাহিদা নম্বর দিয়া জিলার তৌজীতে পৃথক্রূপে লিখিবেন। তৌজীতে যে সকল নম্বর থাকে তাহার পর ঐং নম্বর নূতন দিতে হইবেক। এক হিস্যা, অর্থাৎ আসল মহাল যদি সমুদয়ই ভিন্ন২ অংশ করিয়া বাঁটিয়া না দেওয়া যায় তবে সেই এজমালী মহাল আসল নম্বরে থাকিবেক। অন্য সকল মহাল তৌজীর শেষ নম্বরের পরে পৃথক্২ করিয়া লিখিতে হইবেক। ১৮১৪ সালের ১৯ আইনের ৩১ ধারাতে মঞ্জুরকরা বাঁটওয়ারার যে রেজিষ্টর রাখিবার হুকুম হইয়াছে তাহা এই বিধির শেষ ভাগে দেওয়া যাইতেছে। সেই রেজিষ্টর যদি নিরূপিত পাঠে উপযুক্তমতে রাখা যাইতে থাকে, তবে ঐ ধারার লক্ষিত অভিপ্রায়ের নিমিত্তে ঐ পৃথক্করা হিস্যা বিস্মরণ করিবার কিছু সম্ভাবনা নাই।

৩০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতির দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ১৯ নবেম্বর।

ভূমির রাজস্বের ডিপার্টমেণ্টে ১৮৫৬ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের ৩০ নম্বরের যে সরকুলর জারী হইয়াছিল, তদুপলক্ষে আমি বোর্ড রেবিনিউর আজ্ঞামতে তোমার জানিবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের গত আগষ্ট মাসের ১৮ তারিখের ৭ নম্বরের পত্রহইতে গৃহীত কিছু কথা পাঠাইতেছি। অধীন কার্য্যকারকেরদের বিষয়ে তাঁহারদের উপরিস্থ কার্য্যকারকেরা যাহা বলেন ও যে পত্রাদি লেখেন তাহা ঐ অধীন কার্য্যকারকদিগকে জানাইবার কথা ঐ পত্রে লেখা আছে।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

রেবিনিউ ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ১৮৫৮ সালের ১৮ আগষ্ট তারিখের ৭ নম্বরের যে পত্র পাঠান্ তাহাহইতে গৃহীত কথা।

[৪—৭ দফা। ডেপুটী কালেক্টরেরদের উপর যে কার্য্যকারক সাহেবেরা থাকেন তাঁহারা তাঁহারদের বিষয়ে যে সকল কথা লেখেন তাহার নকল তাঁহারদের নিকটে দিবার বোর্ড রেবিনিউর সাহেবেরদের যে প্রস্তাব তাহা সাধারণমতে অনুচিত জান হয়।]

৩ দফা। যদি কোন কার্য্যকারকেরদের নামে বিশেষ দোষ দেওয়া যায়, কিম্বা তাঁহারদের বিশেষমতে

them, they would as a matter of course be furnished with the remarks of their Superiors; but we see no reason for putting them in possession of every trifling document in which their names may be mentioned. The communication to inferior Officers of the remarks and correspondence of their superiors in authority and position must always be matter of discretion.

(True Copy,)

(Signed.) T. JONES,
Register, Bengal Secretariat.

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No. 976.

To the Commissioner of Circuit Division.

It having been decided by the Lieutenant Governor of Bengal upon a proposition submitted by me, that Tolls levied at Bars established on any Ferry Fund Roads, and the charges of collections thereof should at first be shewn in the Public accounts under the head of "Public Works Ordinary," and the net proceeds ultimately transferred to the credit of "District Road Fund," I have the honor to request that you will instruct the Collectors within your Division to carry separately to the head of "Public Works Ordinary" subordinate to "Remittances of the Engineer's Department" in their Treasury accounts all Tolls collected at bars established on Roads constructed and maintained out of the proceeds of Ferry Funds, or what is now called the amalgamated "District Road Fund" debiting the same head with all charges of collection and supporting the debits with bills Audited by the Civil Auditor.

I beg at the same time to draw your attention to Colonel Baker's Circular No. 1639 of the 10th April 1857 annexed to the Circular of this Office No. 921, dated 6th June 1857 and to observe that the orders now communicated, do not refer to Toll bars and Ferries on Imperial lines of Road or Roads constructed immediately at the expense of the State, the proceeds from which will continue to be credited in the Collector's accounts to the Toll Funds of the Roads concerned as directed in that Circular.

(Signed) E. F. HARRISON,
Offg. Acctt. Govt. of Bengal.

Fort William,
Office of Accountant Govt. of Bengal,
The 27th October 1858.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ জানুয়ারি।]

প্রশংসা হয়, তবে তাঁহারদের উপরিস্থ কার্য্যকারকেদের ঐ কথা অবশ্যই তাঁহারদের নিকট জ্ঞাত করিতে হইবেক। কিন্তু ক্ষুদ্র২ যে সকল পত্রেতে তাঁহারদের নাম উল্লেখ হয় সেই২ পত্র তাঁহারদিগকে দিবার কোন কারণ দেখিতে পাই না। অধীন কার্য্যকারকেরদের উপরে যাঁহারা অধিক ক্ষমতাপন্ন ও উচ্চ পদস্থ হইয়া তাঁহারদের বিষয়ে কিছু কহেন কি লেখেন তাঁহারদের কথা ঐ অধীন কার্য্যকারকদিগকে জানাইতে হয় কি না এই কথা সর্ব্বদা বিষয় বুঝিয়া বিবেচনামতে নির্দ্ধার্য করিতে হইবেক।

(যথার্থ নকল।)

টি জোন্স।
বাঙ্গাল সেক্রেটেরিয়টের রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৯৭৬ নম্বর।

অমুক এলাকার দায়েরসায়েরীর শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

ফেরি ফণ্ডের রাস্তার উপর মাসুল আদায়ের চৌকী করা গিয়াছে তাহাতে যে মাসুল আদায় হয় তাহা, ও সেই মাসুল আদায় করিবার খরচ সরকারী হিসাবে প্রথমে "সরকারের সাধারণ কার্য্যের" খাতায় লেখা যায় ও খরচ বাদে যাহা থাকে তাহা পরে "জিলার রাস্তার তহবীলে" জমা হয়, আমার এই প্রশ্ন হওয়াতে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব তদ্রূপে কার্য্য হইবেক এমত নির্দ্ধার্য্য করিয়াছেন। অতএব তোমার নিকটে আমার এই আদেশ হইতেছে: ফেরি ফণ্ডের টাকাহইতে অর্থাৎ জিলার রাস্তার সংযুক্ত ফণ্ড বলিয়া এখন যাহা কহা যায় সেই ফণ্ডের টাকাহইতে যে সকল রাস্তা বাঁধা যায় ও মেরামৎ করিয়া রাখা যায় সেই২ রাস্তার উপর যে চৌকী স্থাপন হইয়াছে তাহাতে যে মাসুল আদায় হয় তাহা কালেক্টর সাহেবেরা "ইঞ্জিনিয়র ডিপার্টমেণ্টের প্রেরিত টাকার" খাতায় "সরকারী সাধারণ কার্য্যের" হিসাবে স্বতন্ত্ররূপে জমা করেন ও মাসুল আদায়ের সকল খরচ ঐ হিসাবে খরচ লেখেন ও সিবিল আডিটর সাহেব ঐ খরচের প্রমাণ করিবেন। এই২ হুকুম তুমি আপন এলাকার কালেক্টর সাহেবদিগকে দিবা।

এই দস্তুরখানার ১৮৫৭ সালের ৬ জুন তারিখের ৯২১ নম্বরের সরক্যুলরের শেষ ভাগে শ্রীযুত করেবেকর সাহেবের ১৮৫৭ সালের ১০ আপ্রিল তারিখের ১৬৩৯ নম্বরের যে সরক্যুলর ছাপা হইয়াছিল তাহাতেও তোমাকে এই সময়ে মনোযোগ করাইয়া নাইতেছি যে, সরকারী রাস্তায় অর্থাৎ সরকারী খরচে যে সকল রাস্তা বাঁধা গিয়াছে তাহাতে যে মাসুলের চৌকী ও খেয়া ঘাট আছে তাহার সঙ্গে এই হুকুমের কোন সম্পর্ক নাই। ঐ২ রাস্তার উৎপন্ন টাকা সেই সরক্যুলরের আজ্ঞামতে কালেক্টর সাহেবের হিসাবখাতায় ঐ২ রাস্তার মাসুলের তহবীলের হিসাবে জমা হইতে থাকিবেক।

ই এফ হারিসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

১৮৫৮ সাল ২৭ অক্টোবর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 28th December, 1858.

Baboo Kishto Kinker Sein, to officiate as Moonsiff of Sundeep, during the deputation of the incumbent to officiate as Sudder Ameen of Chittagong.

A. W. RUSSELL, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৪৩২৫ নম্বর।

নিয়োগ।

১৮৫৮ সাল ২৪ নবেম্বর।

সুন্দরবনের কমিস্যনর শ্রীযুত জে এচ রাইলি সাহেব (Mr. J. H. Reily,) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে যশোহর ও চব্বিশপরগনা ও বারাসৎ ও বাকরগঞ্জ জিলার কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ২৯ নবেম্বর।

ভদরকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জি ডিয়র সাহেব (Mr. W. G. Deare,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা বালেশ্বর ও কটক জিলায় প্রাপ্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত জে এ গাইজ সাহেব (Mr J. A. Guise,) মুরশিদাবাদে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্টর হইবেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত শ্রীশচন্দ্র বিদ্যারত্ন উক্ত জিলার মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত পণ্ডিত গোবিন্দকান্ত বিদ্যাভূষণ মুরশিদাবাদ চক্রের পণ্ডিত হইয়াছেন এবং ১৭৯৭ সালের ১৩ আইনের ৫ ১৮৩৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের অধীনস্থ আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে উক্ত জিলায় কার্য্য করিবেন।

১৮৫৮ সাল ১ ডিসেম্বর।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ক্লিমণ্টসন সাহেব (Mr. W. Clementson,) ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারায় যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা উক্ত জিলায় প্রাপ্ত হইয়াছেন।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা উক্ত জিলায় প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৮ সাল ১ ডিসেম্বর।

শিবসাগরে আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত জে থরণ্টন সাহেব (Mr. J. Thornton,) অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১ অক্টোবর মাসের ৫ তারিখঅবধি নবেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ২৯ নবেম্বর।

চব্বিশপরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবচন্দ্র দেব রেলওয়ের কমিস্যনর সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৮ সাল ২৮ ডিসেম্বর।

সন্দ্বীপের মুনসেফ চাটিগাঁয়ের সদর আমীনের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়াছেন তাঁহার স্থানে শ্রীযুত বাবু কৃষ্ণকিঙ্কর সেন সন্দ্বীপের মুনসেফের কর্ম্ম করিবেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

নিয়োগ।

১৮৫৮ সাল ২৭ নবেম্বর।

প্রবিশনরি আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র মিত্র তত্ত্বাবধারক শ্রীযুত বাবু যাদবচন্দ্র ঘোষের পরিবর্ত্তে গঙ্গা ও দারজিলিঙ্গের রাস্তার এলাকায় নিযুক্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ২৯ নবেম্বর।

বারাসতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অভয়াচরণ বসু উক্ত জিলার মিত্রহাট এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr. A. Sconce,) কলিকাতার পরীক্ষক বোর্ডের প্রসীডেণ্ট হইবেন।

১৮৫৮ সাল ১ ডিসেম্বর।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল করিম উক্ত জিলার মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ২ ডিসেম্বর।

শ্রীযুত জে এচ রেবন্‌সা সাহেব (Mr. J. H. Ravenshaw,) ফরিদপুরে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৮ সাল ৩ ডিসেম্বর।

নওয়াখালীর সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী আনওয়ার আলী উক্ত জিলার মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৮ সাল ২৯ নবেম্বর।

আলীগঞ্জে আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ই মাকডনেল সাহেব (Mr. E. McDonell,) অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বারো মাসের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরে আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে বিন সাহেব (Mr. J. Bean,) অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বারো মাসের ও ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে প্রস্তুত হওনার্থে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ২ ডিসেম্বর।

মালদহের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr. E. C. Craster,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থে ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[Government Gazette, 11th January, 1859.]

৯৭,৩১২/১	১,৭৭৭/৯	০	০	০	০	০	০	০	০	০
সন ১২৬৬ সাল মেয়াদের কিস্তি	সন ১২৬৫ সাল মেয়াদের কিস্তি	সন ১২৬২ সাল মেয়াদের কিস্তি	সন ১২৬১ সাল মেয়াদের কিস্তি	সন ১২৬০ সাল মেয়াদের কিস্তি	সন ১২৫৯ সাল মেয়াদের কিস্তি	সন ১২৫৮ সাল মেয়াদের কিস্তি	সন ১২৫৭ সাল মেয়াদের কিস্তি	সন ১২৫৬ সাল মেয়াদের কিস্তি	সন ১২৫৫ সাল মেয়াদের কিস্তি	সন ১২৫৪ সাল মেয়াদের কিস্তি
১৮৮৫	১৮৮৪	১৮৮৩	১৮৮২	১৮৮১	১৮৮০	১৮৭৯	১৮৭৮	১৮৭৭	১৮৭৬	১৮৭৫
৯৭,৩১২/১	১,৭৭৭/৯	০	০	০	০	০	০	০	০	০

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of DONALD CAMPBELL MACKEY, and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the Eighth day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 1st day of September, 1856, until the 30th day of November, 1858, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Assignee's Office, 6th January, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন ডনাল্ড কামবেল মাকি সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জানুআরি মাসের ৮ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৬ সালের ১ সেপ্টেম্বর তারিখ অবধি ১৮৫৮ সালের নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসিনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেন। সরকারী আসিনি।

আসিনি সাহেবের দফ্তরখানা। ১৮৫৯ সাল ৬ জানুআরি।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২৷৷০	অষ্টাদশ পর্ব্ব মহাভারত,	হিতোপদেশ ইং বাং সং ২	কেরি কৃত বাং ইংডি
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲	প্রায় সহস্র পৃষ্ঠা, ১ খণ্ড ৪	বেদান্তসার ১	নরি ৩ বালম ৫
অমরার্থ দীপিকা ১৷৷০	সপ্তকাণ্ড রামায়ণ প্রং ২	কাজীর বিচার ৷৷০	রামমঙ্গলকৃত ইং বাং শ
হরিভক্তি বিলাসসটীক ১৲	আরব্যোপাখ্যান, ১ নাং	অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর	জেক্বের লা, ডিক্সনরী ১
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অ-	৫, পঞ্চমখণ্ডে ৫	মানসিংহ চৌরপঞ্চাশত ১	পূর্ণচন্দ্রোদয় অর্থাৎ সংস্কৃ
ষ্টাদশ পুরাণের অনুবাদ	অপূর্ব্বোপাখ্যান, ২১ প্রং ২	জেলুদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১	মূল পুরাণাদির ভাবার্থ
গৌড়ীয় ভাষায় ১ অবধি	বত্রিশ সিংহাসন, গদ্য ১	রোবক ও হকিম মৌলবী	২০০ পৃষ্ঠা মাসিক ২ বাং
১২ সংখ্যাপর্য্যন্ত ৩৲	আদ্যকৃত ইংবাং ডিক্সনরি	আবদুল মজিদকৃত পারস্য	চিকিৎসকের ১
এবং প্রতিমাসে একং খণ্ড	অর্থাৎ ইং শব্দের ইং ও	ভাষার অভিধান ৪০	কোলব্রুকের অমরকোষ
প্রকাশ হইতেছে ।০	বাংঅর্থসম্বলিত ৭০০ পৃষ্ঠা	রিচার্ডসন কৃত ইং পারস্য	ঐ ব্যবস্থা ২
১৩নাং ৪ সংখ্যা অং ২৲	এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে	এবং পারস্য ও ইং ডিক্স-	ঐ হিন্দুলা ২
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভা-	কখন প্রকাশ হয় নাই ৫	নরি ২ বালম ৫০	গবর্ণমেণ্টআইন ইং ১৭৯
ষায় অনুবাদিত ১ ।২ ।৩	শিবসংকীর্ত্তন ১	রোম দেশীয় ইতিহাস ৬৲	নাং ১৮৩৩.৯ বালম ১
৪ ।৫ ।৬ ।৭ ।৮ স্কন্ধ ৪ ।০	ইংরাজী শকুন্তলা ১	গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲	শব্দমাধন মুক্তাবলী ২
যোগবাশিষ্ঠ ১নাং ৬সর্গ ৪	প্রবোধচন্দ্র নাটক ১	ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲	চমৎকার চিন্তাদ ... ১
		ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲	আলালের ঘরের দুলাল
		ন্যায়দর্শন ২৷০	মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 18, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১৮ জানুআরি।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 6TH NOVEMBER 1858.

THE following Bill, as settled in Committee of the whole Council, was ordered to be published for general information and to be reconsidered after two months :—

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter.

CHAPTER VIII.

OF APPEALS.

[Continued from page 35.]

[Appeal to lie from all decrees except when expressly prohibited.]

325. Except when otherwise expressly provided in this or any other Regulation or Act for the time being in force, an appeal shall lie from the decrees of the Courts of original jurisdiction to the Courts authorized to hear appeals from the decisions of those Courts.

HOW APPEALS ARE TO BE PREFERRED.

[Appeal to be preferred by a memorandum to be filed within specified time.]

326. Appeals shall be made in the form of a memorandum which shall be presented in the Appellate Court within the period hereinafter specified, unless the appellant shall show sufficient cause to the satisfaction of the Appellate Court for not having presented it within such limited period; that is to say, within thirty days if the appeal be to a District Court, and within ninety days if the appeal be to the Sudder Court. The

[*Government Gazette*, 18*th January*, 1859.] G

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৮ সাল ৬ নবেম্বর।

ব্যবস্থাপক কৌন্সেলের সমুদয় সাহেব কমিটি হইয়া আইনের নীচের লিখিত মুসাবিদা নির্দ্ধার্য্য করিলেন ও তাহা সর্ব্ব সাধারণের জ্ঞাত হইবার জন্যে প্রকাশ হয় ও দুই মাসের পরে তাহার পুনর্ব্বিবেচনা হয় এমত আজ্ঞা করিলেন।

দেওয়ানী মোকদ্দমার যেং আদালত রাজকীয় চার্টর-দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইনের মুসাবিদা।

অষ্টম অধ্যায়।

আপীলের বিধি।

[৩৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[বিশেষমতে নিষেধ না হইলে সকল ডিক্রীর উপর আপীল হইবার কথা।]

৩২৫। এই আইনেতে, কিম্বা যে সময়ে যে আইন কি আক্ট চলন থাকে তাহাতে, যদি স্পষ্টরূপে নিষেধ না হয়, তবে মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের ডিক্রীর উপর আপীল হইতে পারিবেক, অর্থাৎ ঐ আদালতের নিষ্পত্তির উপর যে আদালতের আপীল শুনিবার ক্ষমতা আছে সেই আদালতে হইতে পারিবেক।

আপীল যে প্রকারে উপস্থিত করিতে হইবেক তাহার বিধি।

[আপীলের খোলাসা লিখিয়া নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল করিবার কথা।]

৩২৬। আপীল খোলাসার মতে লিখিয়া করিতে হইবেক, ও নিরূপিত মিয়াদের মধ্যে আপীল আদালতে দিতে হইবেক, অর্থাৎ জিলার আদালতে আপীল হইলে ত্রিশ দিনের মধ্যে, ও সদর আদালতে আপীল হইলে নব্বই দিনের মধ্যে দিতে হইবেক। কিন্তু সেই মিয়াদের মধ্যে না দিবার উপযুক্ত কারণ যদি আপেলাণ্ট আপীল আদালতের সন্তোষমতে দেখাইতে পারে তবে তাহার পরও দেওয়া যাইতে পারিবেক। ঐ ত্রিশ কি নব্বই দিনের হিসাব করণে, যে দিনে ডিক্রী

days shall be reckoned from and exclusive of the day on which judgment was pronounced, and also exclusive of such time as may be requisite for obtaining a copy of the decree appealed against.

[What the memorandum is to contain.]

327. The memorandum of appeal shall set forth concisely, and under distinct heads, the grounds of objection to the decision appealed against, without any argument or narrative, and such grounds shall be numbered consecutively. The appellant shall not without the leave of the Court urge or be heard in support of any other ground of objection, but the Court in deciding the appeal shall not be confined to the grounds set forth by the appellant.

[Form of memorandum.]

328. The memorandum of appeal shall be in the following form, or to the following effect, and shall be accompanied by a copy of the decree appealed against—

Memorandum of Appeal.

(Name, &c. as in Register.) Plaintiff.
(Name, &c. as in Register.) Defendant.

[Name of Appellant] Plaintiff [or Defendant] above-named appeals to the Sudder Court at [or Zillah Court at as the case may be], against the decree of in the above suit, dated the day of ; for the following reasons, namely, [*here state the reasons.*]

[If memorandum be not in form or duly presented.]

329. If the memorandum be not drawn up in the manner hereinbefore prescribed, the Court may reject it or may return it to the party for the purpose of being corrected If the memorandum be not presented within the prescribed period and no sufficient cause be shown for the delay, the appeal shall be rejected.

[One of several plaintiffs or defendants may appeal and obtain a reversal of the whole decree if it proceed on a ground common to all.]

330. If there be two or more plaintiffs or two or more defendants in a suit, and the decision of the Lower Court proceed on any ground common to all, any one of the plaintiffs or defendants may appeal against the whole decree, and the Appellate Court may reverse or modify the decree in favor of all the plaintiffs or defendants.

OF STAYING AND EXECUTING DECREES UNDER APPEAL.

[Execution of decree not to be stayed by appeal. If sufficient cause be shown, execution may be stayed. Court, before making order to stay execution, shall require security for due performance of decree or order of Appellate Court.]

331. Execution of a decree shall not be stayed by reason only of an appeal having been preferred against such decree; but the Appellate Court may,

হইয়াছিল সেই দিন ধরিতে হইবেক না, ও যে ডিক্রীর উপর আপীল হয় তাহার নকল পাইবার যত দিন আবশ্যক হয় তাহাও ধরিতে হইবেক না।

[খোলাসাতে যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

৩২৭। যে নিষ্পত্তির উপর আপীল হয় সেই নিষ্পত্তিতে যে২ কারণে আপত্তি হয় সেই সকল কারণ তর্কবিতর্ক কি বৃত্তান্ত কিছু না লিখিয়া সংক্ষেপরূপে ১, ২ প্রভৃতি নম্বর দিয়া দফা২ করিয়া ঐ আপীলের খোলাসাতে লিখিতে হইবেক। আপেলাণ্ট আদালতের অনুমতি না পাইলে, আপত্তির অন্য কোন কারণ ব্যক্ত করিতে পাইবেক না, ও অন্য কারণের পোষকতায় তাহার কথা শুনা যাইবেক না। কিন্তু আদালত নিষ্পত্তি করিবার সময়ে আপেলাণ্টের ব্যক্ত করা সেই২ কারণ ছাড়া অন্য২ কারণও ধরিয়া বিচার করিতে পারিবেন।

[খোলাসার পাঠ।]

৩২৮। আপীলের খোলাসা এই পাঠে কি এই পাঠের মর্ম্মমতে লিখিতে হইবেক, ও যে ডিক্রীর উপর আপীল হয় তাহার এক কেতা নকল ঐ খোলাসার সঙ্গে দিতে হইবেক। পাঠ এই।

আপীলের খোলাসা।

(রেজিষ্টরের লিখনমতে নামপ্রভৃতি) ফরিয়াদী।
(রেজিষ্টরের লিখনমতে নামপ্রভৃতি) আসামী।

উক্ত মোকদ্দমায় শ্রীঅমুক বিচারকর্ত্তা অমুক সনের অমুক মাসের অমুক তারিখে যে ডিক্রী করেন তাহার উপরে উক্ত ফরিয়াদী (কি আসামী) শ্রীঅমুক (আপেলাণ্টের নাম) অমুক সদর আদালতে (কিম্বা বিষয়ি শেষে অমুক জিলার আদালতে) আপীল করে। সেই আপীল করিবার এই২ হেতু। (হেতু লিখ।)

[খোলাসা ধারামতে না হইবার কি উপযুক্ত সময়ে দরপেশ না হইবার কথা।]

৩২৯। ঐ খোলাসা যদি ইহার পূর্ব্বের নির্দ্দিষ্ট ধারামতে লেখা না যায়, তবে আদালত তাহা অগ্রাহ্য করিতে পারিবেন কিম্বা শুধরাইবার জন্যে ঐ পক্ষকে ফিরিয়া দিতে পারিবেন। ঐ খোলাসা যদি নিরূপিত মিয়াদের মধ্যে দরপেশ না হয় ও বিলম্বের উপযুক্ত কোন কারণ দেখান না যায়, তবে আপীল অগ্রাহ্য হইবেক।

[সকলের যাহাতে সমান সম্পর্ক থাকে এমত বিষয়ে উপর ডিক্রী হইলে অনেক ফরিয়াদীর কি আসামীর মধ্যে এক জনের আপীল করিবার ও ডিক্রীর অন্যথা হইবার কথা।]

৩৩০। কোন মোকদ্দমার যদি দুই কি অধিক জন ফরিয়াদী থাকে, কিম্বা দুই কি অধিক জন আসামী থাকে, ও সকলের যাহাতে সমানরূপে সম্পর্ক থাকে এমত বিষয়ের উপর যদি অধঃস্থ আদালতের নিষ্পত্তি হয়, তবে ফরিয়াদীদের কি আসামীদের কোন এক জন ঐ সম্পূর্ণ ডিক্রীর উপর আপীল করিতে পারিবেক, ও আপীল আদালত সকল ফরিয়াদীর কি সকল আসামীর পক্ষে ঐ ডিক্রী অন্যথা কি মতান্তর করিতে পারিবেন।

আপীল হইলে ডিক্রী স্থগিত করিবার ও জারী করিবার বিধি।

[আপীলদ্বারা ডিক্রীজারী স্থগিত না হইবার কথা। ও উপযুক্ত কারণ দর্শান গেলে ডিক্রীজারী স্থগিত হইবার কথা। ও ডিক্রীজারী স্থগিত হইবার হুকুম করিবার পূর্ব্বে ঐ ডিক্রীমতে কিম্বা আপীল আদালতের হুকুমমতে কার্য্য হইবার জামিনী লইবার কথা।]

৩৩১। কোন ডিক্রীর উপর আপীল হইয়াছে কেবল এই কারণে ডিক্রীজারী স্থগিত হইবেক না। কিন্তু উপযুক্ত কারণ দর্শান গেলে আপীল আদালত ডিক্রী

for sufficient cause shown, order that execution be stayed. If application for execution be made before the time allowed for appeal has expired, and the Lower Court has not received intimation of an appeal having been preferred, the Lower Court, if sufficient cause be shown, may stay the execution. Before making an order to stay execution, the Court making the order shall require security to be given by the party against whom the decree was passed for the due performance of the decree or order of the Appellate Court.

[Court making an order for execution of a decree against which an appeal has been preferred, may require security for restitution of property, &c.]

332. When an order is made for the execution of a decree against which an appeal has been preferred, it shall be lawful for the Court which pronounced the decree to require security to be given for the restitution of any property which may be taken in execution of the decree or of the value thereof, and for the due performance of the decree or order of the Appellate Court.

[No such security to be required from Government or any Public Officer.]

333. In suits instituted or defended under the authority and at the expense of Government, no such security as is mentioned in the last two preceding Sections shall in any case be required from Government or from any public Officer.

OF PROCEDURE IN APPEALS FROM FINAL DECREES.

[How the appeal is to be entered. Form of the Register.]

334. When a memorandum of appeal is presented in the prescribed form and within the time allowed, the Appellate Court, or the proper Officer of that Court, shall endorse thereon the date of presentment, and shall register the appeal in a book to be kept for the purpose, and called the Register of Appeals. Such Register shall be in the form contained in the Schedule (C) hereunto annexed.

[Appellate Court may, at its discretion, require security for costs from appellant. Proviso.]

335. It shall be in the discretion of the Appellate Court to demand security for costs from the appellant or not, as it shall see fit, before the respondent is called upon to appear and answer. Provided that the Court shall demand such security in all cases in which the appellant is residing out of the British Territories in India and is not possessed of any land or other immoveable property within those territories independent of the property to which the appeal relates; and in the event of such security not being furnished at the time of presenting the memorandum of appeal or within such time as the Court shall order, the Court shall reject the appeal.

জারী স্থগিত হইবার হুকুম করিতে পারিবেন। আপীল হইবার যে মিয়াদ দেওয়া গেল তাহা অতীত না হইয়া যদি ডিক্রী জারীর দরখাস্ত করা যায়, ও আপীল হইবার সম্বাদ যদি অধঃস্থ আদালত না পাইয়া থাকেন, তবে উপযুক্ত কারণ দর্শান গেলে অধঃস্থ আদালত ঐ ডিক্রীজারী স্থগিত করিতে পারিবেন। ডিক্রীজারী স্থগিত হইবার হুকুম করিবার পূর্ব্বে, যে আদালত সেই হুকুম করেন সেই আদালত যাহার বিপক্ষে ডিক্রী হইয়াছে তাহাকে ঐ ডিক্রীমতে কিম্বা আপীল আদালতের হুকুমমতে উপযুক্তরূপে কার্য্য করিবার জামিনী দিতে হুকুম করিবেন।

[যাহার উপর আপীল হইয়াছে এমত ডিক্রীজারী করিবার হুকুম হইলে সম্পত্তিপ্রভৃতি ফিরিয়া দিবার জামিনী লইবার কথা।]

৩৩২। যাহার উপর আপীল হইয়াছে এমত ডিক্রী জারী করিবার হুকুম হইলে, যে আদালত ঐ ডিক্রী করিয়াছিলেন সেই আদালত ঐ ডিক্রী জারীক্রমে যে কিছু সম্পত্তি লওয়া যায় তাহা কি তাহার মূল্য ফিরিয়া দিবার ও সেই ডিক্রীমতে কিম্বা আপীল আদালতের হুকুমমতে কার্য্য উপযুক্তরূপে করিবার জামিনী লইতে আজ্ঞা করিতে পারিবেন।

[গবর্ণমেণ্টের স্থানে কিম্বা সরকারী কোন কার্য্যকারকের স্থানে সেইরূপ জামিনী না লইবার কথা।]

৩৩৩। গবর্ণমেণ্টের আজ্ঞামতে ও গবর্ণমেণ্টের খরচে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায় কি যে মোকদ্দমার জওয়াব দেওয়া যায়, তাহাতে ইহার পূর্ব্বের দুই ধারার লিখিত মতের কিছু জামিনী গবর্ণমেণ্টের স্থানে কিম্বা সরকারী কোন কার্য্যকারকের স্থানে লওয়া যাইবেক না।

শেষ ডিক্রীর উপর আপীল হইলে তাহাতে কার্য্য করিবার বিধি।

[আপীল রেজিষ্টরীতে লিখিবার কথা ও রেজিষ্টরের পাঠ।]

৩৩৪। আপীলের খোলাসা যদি নির্দ্দিষ্ট ধারামতে ও নিরূপিত মিয়াদের মধ্যে দরপেশ হয়, তবে আপীল আদালত কিম্বা ঐ আদালতের উপযুক্ত আমলা ঐ খোলাসা দাখিল করিবার তারিখ তাহার পিঠে লিখিবেন, ও আপীলের রেজিষ্টর বলিয়া একখান বহী রাখিয়া তাহাতে ঐ আপীল রেজিষ্টর করিবেন। সেই রেজিষ্টর এই আইনের শেষ ভাগে C চিহ্নের যে তফসীল আছে সেই তফসীলমতে লিখিতে হইবেক।

[আপেলাণ্টের স্থানে আপীল আদালতের স্বীয় বিবেচনামতে খরচার জামিনী লইবার কথা ও বর্জ্জিত কথা।]

৩৩৫। রেসপাণ্ডেণ্টকে উপস্থিত হইয়া জওয়াব করিতে তলব হইবার পূর্ব্বে আপীল আদালত আপেলাণ্টকে খরচার জামিনী দিতে আপন বিবেচনামতে হুকুম করিবেন কিম্বা উচিত বোধ করিলে করিবেন না। পরন্তু আপেলাণ্ট যদি ভারতবর্ষে ব্রিটনীয় দেশের বাহিরে বাস করে, ও যে সম্পত্তি লইয়া আপীল হয় তাহা ছাড়া যদি তাহার কিছু জমী কি অন্য স্থাবর সম্পত্তি সেই দেশের মধ্যে না থাকে, তবে আদালত তাহাকে আবশ্য সেইরূপ জামিন দিতে আজ্ঞা করিবেন। ও আপীলের খোলাসা দরপেশ করিবার সময়ে, কিম্বা আদালত যে মিয়াদ দেন সেই মিয়াদের মধ্যে, যদি ঐ জামিনী না দেওয়া যায়, তবে আদালত আপীল অগ্রাহ্য করিবেন।

[Appellate Court to send intimation to Lower Court of appeal being registered. Lower Court to transmit papers to Appellate Court. Either party may give notice of exhibits of which he requires copies to be made and deposited in the Lower Court.]

336. When the memorandum of appeal has been registered, the Appellate Court shall send intimation thereof to the Lower Court. If the appeal be from a Court the records of which are not deposited in the Appellate Court, the Lower Court shall, upon the receipt of the intimation, transmit to the Appellate Court with all practicable despatch all material papers in the suit, or such papers as may be specially called for by the Appellate Court. Either party may give notice in writing to the Lower Court specifying any exhibits of which he requires copies to be made and deposited in the Lower Court, and copies of such exhibits shall be prepared at the expense of the party giving the notice and shall be deposited in the Lower Court.

[Day for hearing the appeal, how to be fixed.]

337. A day shall be fixed by the Appellate Court for the hearing of the appeal. The day shall be so fixed, with reference to the place of residence of the respondent and the time necessary for the service of the notice of appeal, as to allow the respondent a sufficient time to enable him to appear in person or by a pleader on such day.

[Publication and service of notice of the day fixed for hearing the appeal. Form of notice.]

338. Notice of the day which has been fixed for hearing the appeal shall be affixed in the Appellate Court, and a like notice shall be sent by the Appellate Court to the Lower Court and shall be served on the respondent in the same way as hereinbefore provided for the service of a summons to a defendant to appear and answer, and all rules applicable to such summons and to proceedings with reference to the service thereof, shall apply to the service of such notice. The notice to the respondent shall contain an intimation that, if he does not appear in the Appellate Court on the day so fixed for the hearing of the appeal, the case will be heard and decided *ex parte* in his absence. Provided that, if the respondent has appointed a pleader to appear in his behalf in the Appellate Court, the service of the notice on such pleader shall be sufficient.

[Consequence of non-appearance.]

339. If on the day fixed for hearing the appeal or any other day subsequent thereto to which the hearing of the appeal may be adjourned, the appellant shall not appear in person or by a pleader, the appeal shall be dismissed for default. If the appellant shall appear in person or by a pleader and the respondent shall not appear in person or by a pleader, the appeal shall be heard *ex parte* in his absence.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ জানুআরি।]

[আপীল রেজিষ্টরী হইবার সম্বাদ অধঃস্থ আদালতে দিবার কথা, ও আপীল আদালতে কাগজপত্র পাঠাইবার কথা, ও কোন পক্ষ যে দস্তাবেজের নকল করাইয়া অধঃস্থ আদালতে দাখিল করাইতে চাহে তাহার সম্বাদ দিবার কথা।]

৩৩৬। আপীলের খোলাসা যখন রেজিষ্টরী করা গিয়াছে তখন আপীল আদালত তাহার সম্বাদ অধঃস্থ আদালতে দিবেন। যে আদালতের রোয়দাদের কাগজপত্র আপীল আদালতে গচ্ছিত না হইয়া থাকে এমত কোন আদালতের হুকুমের উপর যদি আপীল হয়, তবে অধঃস্থ আদালত ঐ সম্বাদ পাইবা মোকদ্দমাসম্পর্কীয় গুরুতর সকল কাগজপত্র, কিম্বা আপীল আদালত যে কাগজপত্র বিশেষমতে তলব করেন তাহা, সাধ্যমতে শীঘ্র করিয়া আপীল আদালতে পাঠাইবেন। যদি মোকদ্দমার কোন পক্ষ কোন দস্তাবেজ নকল করাইয়া অধঃস্থ আদালতে গচ্ছিত করাইতে চাহে তবে সেই পক্ষ ঐ দস্তাবেজ নির্দ্দিষ্ট করিয়া অধঃস্থ আদালতে সম্বাদ দিল তাহার খরচে ঐ দস্তাবেজের নকল প্রস্তুত হইয়া অধঃস্থ আদালতে গচ্ছিত করা যাইবেক।

[আপীল শুনিবার দিন নিরূপণের কথা।]

৩৩৭। আপীল আদালত আপীল শুনিবার দিন নিরূপণ করিবেন। রেসপাণ্ডেণ্ট যত দূর বাস করে তাহার উপর আপীলের এত্তেলা জারী করিবার যত সময় লাগিবেক তাহা বুঝিয়া, সে নিজে কি উকীলের দ্বারা হাজির হইবার উপযুক্ত সময় পায় এমত বিবেচনা করিয়া ঐ দিন নিরূপণ করিতে হইবেক।

[আপীল শুনিবার নিরূপিত দিনের সম্বাদের এত্তেলা জারীর কথা ও এত্তেলার পাঠ।]

৩৩৮। আপীল শুনিবার নিরূপিত দিনের এত্তেলা আপীল আদালতে লটকাইয়া দেওয়া যাইবেক, কিম্বা আপীল আদালত সেই প্রকারের এত্তেলা অধঃস্থ আদালতে পাঠাইবেন। ও আসামীর হাজির হইবার তাকীদ করিবার সমন জারী হইবার যে বিধি এই আইনে করা গিয়াছে, সেই বিধিমতে ঐ এত্তেলা রেসপাণ্ডেণ্টের উপর জারী হইবেক, ও সেইরূপ সমনের ও তাহার করণসম্পর্কীয় কার্য্যের উপর যে সকল বিধি খাটে তাহা ঐ এত্তেলা জারী করিবার উপরও খাটিবে। রেসপাণ্ডেণ্টের নামের ঐ এত্তেলাতে তাহাকে জানান যাইবেক যে, আপীল শুনিবার উক্তমতের নিরূপিত দিনে যদি সে আপীল আদালতে হাজির না হয়, তাহার অনুপস্থানে মোকদ্দমার একতরফা বিচার ও নিষ্পত্তি হইবেক। পরন্তু যদি রেসপাণ্ডেণ্ট আপীল আদালতে হাজির হইবার জন্যে আপনার তরফে উকীলকে নিযুক্ত করিয়া থাকে, তবে সেই উকীলের প্রতি ঐ এত্তেলা জারী হইলে প্রচুর হয়।

[হাজির না হইবার ফল।]

৩৩৯। আপীল শুনিবার নিরূপিত দিনে, কিম্বা সেই দিনে মুলতবী রাখিয়া অন্য যে দিন শুনিবার নির্দ্ধার্য্য হয় সেই দিনে, যদি আপেলাণ্ট আপনি কিম্বা উকীলের দ্বারা হাজির না হয়, তবে ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইবেক। যদি আপেলাণ্ট আপনি কিম্বা উকীলের দ্বারা হাজির হয়, কিন্তু রেসপাণ্ডেণ্ট আপনি কিম্বা উকীলের দ্বারা হাজির না হয়, তবে তাহার অনুপস্থানে আপীল একতরফা শুনা যাইবেক।

[Re-admission of appeals dismissed for default of prosecution.]

340. If an appeal be dismissed for default of prosecution, the appellant may, within thirty days from the date of the dismissal, apply to the Appellate Court for the re-admission of the appeal; and if it shall be proved to the satisfaction of the Court that the appellant was prevented by any sufficient cause from appearing when the appeal was called on for hearing, the Court may re-admit the appeal.

[In appeal, respondent may take any objection to decision of Lower Court.]

341. Upon the hearing of the appeal, the respondent may take any objection to the decision of the Lower Court which he might have taken if he had preferred a separate appeal from such decision.

The Appellate Court how to give judgment.]

342. The Appellate Court, after hearing the appeal, shall proceed to give its judgment in the manner hereinbefore prescribed for giving judgment in Courts of original jurisdiction.

[No decision to be reversed for irregularity.]

343. The judgment may be for confirming or reversing or modifying the decree of the Lower Court. But no decree shall be reversed or modified nor shall any case be remanded to the Lower Court on account of any error, defect, or irregularity either in the decision or in any interlocutory order passed in the suit not affecting the merits of the case or the jurisdiction of the Court.

[When a case may be remanded by Appellate Court.]

344. If the Lower Court shall have disposed of the case upon any preliminary point so as to exclude any evidence of fact which shall appear to the Appellate Court essential to the rights of the parties, and the decree of the Lower Court upon such preliminary point shall be reversed by the decree in appeal, the Appellate Court may, if it think right, remand the case, together with a copy of the decree in appeal, to the Lower Court, with directions to restore the suit to its original number in the Register and proceed to investigate the merits of the case, and pass a decree therein.

[Power to remand limited as above.]

345. It shall not be competent to the Appellate Court to remand a case for a second decision by the Lower Court except as provided in the last preceding Section.

[When the Appellate Court may dispose of a case though the Lower Court has decided on other grounds.]

346. When the evidence upon the record of the Lower Court is sufficient to enable the Appellate Court to pronounce a satisfactory judgment, the

[*Government Gazette*, 18*th January*, 1859.]

[আপীল চালাইবার ত্রুটিহওয়াতে ডিসমিস হইলে পর পুনর্গ্রাহ্য হইবার কথা।]

৩৪০। আপীল চালাইবার ত্রুটিপ্রযুক্ত যদি ডিসমিস হয়, তবে ডিসমিস হইবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে আপেলাণ্ট ঐ আপীল পুনর্গ্রাহ্য করিবার দরখাস্ত আপীল আদালতে করিতে পারিবেক। ও আপীল শুনিবার নিমিত্তে যে সময়ে তলব হইয়াছিল সেই সময়ে আপেলাণ্ট উপযুক্ত কারণে হাজির হইতে পারিল না, ইহার প্রমাণ যদি আদালতের সন্তোষমতে করা যায়, তবে আদালত সেই আপীল পুনর্গ্রাহ্য করিতে পারিবেন।

[আপীল হইলে অধঃস্থ আদালতের নিষ্পত্তির উপর রেসপাণ্ডেণ্টের কোন আপত্তি ধরিবার কথা।]

৩৪১। আপীল শুনিবার সময়ে, রেসপাণ্ডেণ্ট অধঃস্থ আদালতের নিষ্পত্তির উপর কোন আপত্তি ধরিতে পারিবেক। অর্থাৎ আপনি ঐ নিষ্পত্তির উপর পৃথক্ আপীল করিলে যে আপত্তি ধরিতে পারিত তাহাই ধরিতে পারিবেক।

[আপীল আদালতের নিষ্পত্তি জানাইবার কথা।]

৩৪২। আপীল আদালত আপীলী মোকদ্দমা শুনিবার পরে, মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতে নিষ্পত্তি জানাইবার যে বিধি এই আইনে করা গিয়াছে সেই বিধিমতে আপনার নিষ্পত্তি জানাইবেন।

[ধারার ব্যতিক্রমপ্রযুক্ত নিষ্পত্তি অন্যথা না হইবার কথা।]

৩৪৩। ঐ নিষ্পত্তিতে অধঃস্থ আদালতের ডিক্রী মঞ্জুর কি অন্যথা কি মতান্তর হইতে পারিবেক। কিন্তু ঐ ডিক্রীতে, কিম্বা মোকদ্দমার দোষগুণের কি আদালতের এলাকার ত্রুটিবৃদ্ধি যাহাতে না হয় মোকদ্দমা চলিবার সময়ে এমত যে কোন হুকুম করা যায় সেই হুকুমে, কোন চুক কি ত্রুটি কি ধারার ব্যতিক্রমপ্রযুক্ত, অধঃস্থ আদালতের কোন ডিক্রী অন্যথা কি মতান্তর হইবেক না, কিম্বা মোকদ্দমা অধঃস্থ আদালতে ফিরিয়া পাঠান যাইবেক না।

[আপীল আদালতহইতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার কথা।]

৩৪৪। অধঃস্থ আদালত যদি অগ্রের বিচার্য্য কোন বিষয় ধরিয়া মোকদ্দমার এমত নিষ্পত্তি করেন যে, বৃত্তান্তঘটিত কোন প্রমাণ ত্যাগ করা গিয়াছে অথচ উভয় পক্ষের স্বত্ব সাব্যস্ত করিবার জন্যে আপীল আদালত ঐ প্রমাণ আবশ্যক জ্ঞান করেন, ও অগ্রের বিচার্য্য সেই বিষয়ে অধঃস্থ আদালতের যে ডিক্রী হইয়াছিল তাহা আপীলমতের ডিক্রীতে অন্যথা হয়, তবে আপীল আদালত উপযুক্ত বোধ করিলে আপীলে যে ডিক্রী হয় তাহার এক কেতা নকল দিয়া ঐ মোকদ্দমা অধঃস্থ আদালতে ফিরিয়া পাঠাইতে পারিবেন, ও মোকদ্দমা রেজিষ্টরের আসল নম্বরে পুনরায় দিয়া মোকদ্দমার দোষগুণ বিবেচনা করিয়া তাহাতে ডিক্রী করেন এমত হুকুম করিতে পারিবেন।

[পূর্ব্বোক্তমতে না হইলে ফিরিয়া না পাঠাইবার কথা।]

৩৪৫। ইহার পূর্ব্বের ধারার বিধিমতে না হইলে, আপীল আদালত মোকদ্দমা দ্বিতীয়বার নিষ্পত্তি করিবার জন্যে অধঃস্থ আদালতে ফিরিয়া পাঠাইতে পারিবেন না।

[যে স্থলে অধঃস্থ আদালতের নিষ্পত্তি হইলেও আপীল আদালত অন্য হেতুতে মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারেন তাহার কথা।]

৩৪৬। আপীল আদালত যাহাতে সন্তোষজনক নিষ্পত্তি করিতে পারেন এমত উপযুক্ত প্রমাণ যদি অধঃস্থ আদালতের রোয়দাদের কাগজপত্রেতে থাকে, তবে

Appellate Court shall finally determine the case, notwithstanding that the judgment of the Lower Court has proceeded wholly upon some other ground.

[Trial of issues by Lower Court on reference from Appellate Court.]

347. If the Lower Court shall have omitted to raise or try any issue or to determine any question of fact which shall appear to the Appellate Court essential to the right determination of the suit upon the merits, and the evidence upon the record is not sufficient to enable the Appellate Court to determine such issue or question of fact, the Appellate Court may frame an issue or issues for trial by the Lower Court and may refer the same to the Lower Court for trial). Thereupon the Lower Court shall proceed to try such issue or issues and shall return to the Appellate Court its finding thereon together with the evidence. Such finding and evidence shall become part of the record in the suit; and either party may, within a time to be fixed by the Appellate Court, file a memorandum of any objection to the finding; and after the expiration of the period so fixed, the Appellate Court shall proceed to determine the appeal.

[When the Appellate Court may call for fresh evidence.]

348. It shall not be competent to the parties in an appeal to produce additional evidence in the Appellate Court, whether of exhibits or witnesses; but if it appear that the Lower Court refused to admit competent evidence, or if the Appellate Court require any exhibits to be produced or witnesses examined to enable it to pronounce a satisfactory judgment, or for any other substantial cause, the Appellate Court may allow additional exhibits to be received and any necessary witnesses to be examined, whether such witnesses shall have been previously examined in the Court below or not; provided that, whenever additional evidence is admitted by an Appellate Court, the reasons for the admission shall be recorded on the proceedings of such Court.

[How additional evidence is to be taken.]

349. Whenever additional evidence is permitted to be received, it shall be competent to the Appellate Court to take such evidence before itself, or to require the Lower or any other Court or to empower any person to take such evidence, and to transmit the evidence so taken to the Appellate Court. It shall also be competent to the Appellate Court to prescribe the manner in which such evidence shall be taken.

[Points to be defined.]

350. In all cases where additional evidence is permitted to be taken, the Appellate Court shall define the point or points to which the evidence is to be confined, and record the same on its proceedings.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ জানুআরি।]

অধঃস্থ আদালতের নিষ্পত্তি সম্পূর্ণরূপে অন্য হেতু হইলেও আপীল আদালত মোকদ্দমার চূড়ান্ত নি করিবেন।

[আপীল আদালতহইতে প্রেরিত ইসুর বিচার অধঃস্থ আদালতের দ্বারা হইবার কথা।]

৩৪৭। মোকদ্দমার দোষগুণমতে ঐ মোকদ্দ উপযুক্তরূপে নিষ্পত্তি হইবার জন্যে আপীল আদা যাহা আবশ্যক জ্ঞান করেন, এমত কোন ইসু অধঃস্থ আদালত ধরেন নাই কি তাহার বিচার নাই, কিম্বা বৃত্তান্তঘটিত এমত কোন কথা নি যদি করেন নাই, ও ঐ আদালতের কাগজপত্রে প্রমাণ থাকে তাহা দেখিয়া যদি আপীল আদালত ইসুর কি বৃত্তান্তঘটিত সেই কথার নিষ্পত্তি ক পারেন না, তবে আপীল আদালত অধঃস্থ আ তের বিচারের জন্যে কোন এক কি অধিক ইসু বিচার হইবার জন্যে পাঠাইতে পারিবেন। পাইলে অধঃস্থ আদালত সেই এক কি অধিক বিচার করিবেন, ও তাহাতে যে নিষ্পত্তি করেন প্রমাণসমেত আপীল আদালতে পাঠাইবেন। নিষ্পত্তি ও প্রমাণ মোকদ্দমার কাগজপত্রের শা করিয়া দেওয়া যাইবেক। ও সেই নিষ্পত্তির উ কোন পক্ষের যে কোন আপত্তি থাকে তাহার খো সা সেই পক্ষ আপীল আদালতের নিরূপিত মিয়া মধ্যে দাখিল করিতে পারিবেক। ও সেই নিরূপিত য়াদ গত হইলে আপীল আদালত সেই আপীলী কদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন।

[আপীল আদালতের অধিক প্রমাণ তলব করি কথা।]

৩৪৮। আপী কী মোকদ্দমার কোন পক্ষ কোন দলীল কি কোন নূতন সাক্ষিকে আপীল আদালতে স্থিত করিতে পারিবেক না। পরন্তু যদি দৃষ্ট হ অধঃস্থ আদালত উপযুক্ত প্রমাণ গ্রাহ্য করিতে বী করেন নাই, অথবা আপীল আদালত হুদ্বোধমা নিষ্পত্তি করিবার জন্যে কিম্বা অন্য কোন গুরুতর হে যদি কোন দলীলদস্তাবেজ কি সাক্ষিদিগকে উপ করা প্রয়োজন জানেন, তবে আপীল আদালত দলীল গ্রাহ্য হইবার ও আবশ্যক কোন সাক্ষির জোবানবন্দী পূর্ব্বে অধঃস্থ আদালতে লওয়া গেলে না গেলেও তাহা লইবার অনুমতি দিতে পারিবে পরন্তু আপীল আদালত যতবার নূতন প্রমাণ ততবার তাহা লইবার হেতু ঐ আদালতের রুবকারী কাগজে লিখিতে হইবেক।

[নূতন প্রমাণ লইবার কথা।]

৩৪৯। যখন নূতন প্রমাণ লইবার অনুমতি তখন আপীল আদালত আপনি সেই প্রমাণ লই পারিবেন, কিম্বা অধঃস্থ কি অন্য কোন আদালত সেই প্রমাণ লইয়া, কিম্বা কোন ব্যক্তিকে তাহা লই ক্ষমতা দিয়া, আপীল আদালতে পাঠাইতে আ করিতে পারিবেন। আরো সেই প্রমাণ যেরূপে লই হইবেক তাহার বিধি করিতে ঐ আপীল আদালতে ক্ষমতা থাকিবেক।

[বিষয় নির্দ্দিষ্ট করিবার কথা।]

৩৫০। যখন নূতন প্রমাণ লইবার অনুমতি হ তখন যে এক কি অধিক বিষয়ভিন্ন অন্য বিষয়ের প্রম লইতে হইবেক না সেই২ বিষয় আপীল আদালত দ্দিষ্ট করিবেন, ও আপনার রুবকারীর কাগজে সেই বিষয় লিখিবেন।

[Powers of Appellate Court.]

351. The Appellate Court shall have all the ke powers in regard to the granting of time, adurning the hearing of the suit, examining the rties or their pleaders, and awarding costs, or herwise, as are hereinbefore contained in regard Courts of original jurisdiction.

How the judgment of the Appellate Court is to e delivered. In what language it is to be writn.]

352. The judgment of the Appellate Court hall be pronounced in open Court. It shall conin the point or points for determination, the decision thereupon, and the reasons for the decision, d shall be dated and signed by the Judge or by e Judges concurring therein at the time of pronouncing it. The judgment shall be written the English language; but if the Judge shall ot be able to write an intelligible judgment in at language, the judgment shall be written in e vernacular language of the Judge. When the nguage in which the judgment is written is not e language in ordinary use in proceedings before e Court, the judgment shall be translated into ch language, and the translation shall be signed the Judge or Judges. Any Judge dissenting om the judgment of the Court shall state his inion in writing, which shall form part of the cord.

[What the decree is to contain.]

353. The decree of the Appellate Court shall ar date the day on which the judgment was pass. It shall contain the number of the suit, the ames and description of the parties appellant d respondent, and the memorandum of appeal, d shall specify clearly the relief granted or other termination of the appeal. It shall also state the nount of costs incurred in the appeal, and by what rties and in what proportions such costs and the sts in the original suit are to be paid. The dee shall be signed by the Judge or Judges who ssed it, and shall be sealed with the seal of the urt. If there be a difference of opinion among e Judges of the Court, it shall not be necessary r any Judge dissenting from the judgment of e Court to sign the decree, but the opinion of ch Judge shall be recited in the decree. Certifi copies of the decree shall be furnished to the rties in the same manner as hereinbefore proded in regard to the decrees of Courts of origil jurisdiction.

[A certified copy of the decree to be transmitted the Lower Court.]

354. A copy of the decree or other order dispos g of the appeal, certified by the Appellate Court the proper Officer of such Court, and sealed ith the seal of the Court, shall be transmitted to e Court which passed the first decree in the suit ppealed from, and shall be filed with the original roceedings in the suit, and an entry of the judg-

[*Government Gazette*, 18*th January*, 1859.]

[আপীল আদালতের ক্ষমতার কথা।]

৩৫১। মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের অধিক সময় দিবার, ও মোকদ্দমা স্থগিত করিয়া শুনিবার অন্য দিন নিরূপণ করিবার, ও উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী লইবার, ও খরচাপ্রভৃতির হুকুম করিবার যে২ ক্ষমতা এই আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, আপীল আদালতেরো সেই২ বিষয়ে তত্তুল্য ক্ষমতা থাকিবেক।

[আপীল আদালতের নিষ্পত্তি যেরূপে জানাইতে হইবেক ও যে ভাষাতে লিখিতে হইবেক তাহার কথা।]

৩৫২। আপীল আদালতের নিষ্পত্তি খোলা কাছারীতে ব্যক্ত করিতে হইবেক। যে বিষয়ের কি যে২ বিষয়ের নিষ্পত্তি করিতে হইয়াছিল, ও তাহাতে যে নিষ্পত্তি হইয়াছে, ও সেই নিষ্পত্তির যে২ কারণ হয়, এই সকল কথা তাহাতে নির্দ্দিষ্ট থাকিবেক, ও তাহা ব্যক্ত করিবার সময়ে বিচারকর্ত্তা, কিম্বা যে সকল বিচারকর্ত্তা তাহাতে সম্মত হন তাঁহারা, তাহাতে তারিখ দিয়া দস্তখৎ করিবেন। সেই নিষ্পত্তি ইঙ্গরেজী ভাষাতে লিখিতে হইবেক। কিন্তু যদি বিচারকর্ত্তা সেই ভাষাতে বোধগম্যরূপে নিষ্পত্তি লিখিতে না পারেন, তবে তাঁহার নিজ দেশের চলিত ভাষাতে ঐ নিষ্পত্তি লিখিবেন। নিষ্পত্তি যে ভাষাতে লেখা যায় তাহা যদি ঐ আদালতের রুবকারীর চলিত ভাষা না হয় তবে নিষ্পত্তি সেই ভাষাতে তরজমা করিতে হইবেক, ও সেই তরজমাতে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা দস্তখৎ করিবেন। যদি কোন বিচারকর্ত্তা ঐ আদালতের নিষ্পত্তিতে সম্মত না হন তবে তিনি আপনার মত লিখিয়া জানাইবেন। ও সেই লিপি মোকদ্দমার কাগজপত্রের শামিল করিয়া দেওয়া যাইবেক।

[ডিক্রীতে যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

৩৫৩। নিষ্পত্তি যে দিনে হয় সেই দিনের তারিখ আপীল আদালতের ডিক্রীতে দেওয়া যাইবেক। তাহাতে মোকদ্দমার নম্বর, ও আপেলাণ্টের ও রেস্পাণ্ডেণ্টের নাম ও ব্যবসায়াদি, ও আপীলের খোলাসা লিখিতে হইবেক। ও যে উপকার করা গেল কিম্বা আপীলী মোকদ্দমার অন্য যে নিষ্পত্তি হইল তাহা স্পষ্ট করিয়া নির্দ্দিষ্ট থাকিবেক। ও আপীলে যত খরচা লাগিয়াছে, ও সেই খরচার ও আসল মোকদ্দমার খরচার যে পক্ষের যত দিতে হইবেক তাহাও তাহাতে লিখিতে হইবেক। যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা সেই ডিক্রী করিয়াছেন তিনি কি তাঁহারা তাহাতে দস্তখৎ করিবেন, ও তাহা আদালতের মোহরে মোহর করা যাইবেক। যদি আদালতের বিচারকর্ত্তারদের মতের অনৈক্য হয়, তবে আদালতের নিষ্পত্তিতে যে বিচারকর্ত্তার সম্মতি না হয় তাঁহার সেই ডিক্রীতে দস্তখৎ করিবার প্রয়োজন নাই, কিন্তু সেই বিচারকর্ত্তার মত ঐ ডিক্রীতে লিখিয়া দেওয়া যাইবেক। মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের ডিক্রীর বিষয়ে যে বিধি এই আইনে করা গিয়াছে সেই বিধিমতে ঐ ডিক্রীর সর্টিফিকটযুক্ত নকল উভয় পক্ষকে দেওয়া যাইবেক।

[ডিক্রীর সর্টিফিকটযুক্ত নকল অধঃস্থ আদালতে পাঠাইবার কথা।]

৩৫৪। ঐ ডিক্রীর কিম্বা আপীলী মোকদ্দমার নিষ্পত্তির অন্য হুকুমের এক কেতা নকলে আপীল আদালত কিম্বা ঐ আদালতের উপযুক্ত আমলা সর্টিফিকট লিখিয়া আদালতের মোহরে মোহর করিবেন, ও মোকদ্দমার প্রথম যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রী যে আদালত করিয়াছিলেন সেই আদালতে ঐ নকল পাঠান যাইবেক। ও মোকদ্দমার আসল রুবকা-

ment of the Appellate Court shall be made in the original Register of the suit.

[How to be executed.]

355. Application for execution of the decree of an appellate Court shall be made to the Court which passed the first decree in the suit, and shall be executed by that Court, in the manner and according to the rules hereinbefore contained for the execution of original decrees.

APPEALS FROM ORDERS.

[No appeal from order passed before decree, but error or defect therein may be set forth as an objection if the decree be appealed against.]

356. No appeal shall lie from any order passed in the course of a suit and relating thereto prior to decree; but if the decree be appealed against, any error, defect, or irregularity in any such order affecting the merits of the case or the jurisdiction of the Court, may be set forth as a ground of objection in the memorandum of appeal.

[No appeal from orders passed after decree and relating to the execution thereof except as provided.]

357. No appeal shall lie from any order passed after decree and relating to the execution thereof except as is hereinbefore expressly provided.

[Appeal from orders as to fines or imprisonment.]

358. All orders as to fines or the levying thereof or as to imprisonment under this Act (except when the imprisonment is in execution of a decree) shall be subject to appeal.

[Procedure in appeals from orders.]

359 When an appeal from any order is allowed, the procedure shall be in all respects the same as in an appeal from a decree.

CHAPTER IX.

OF APPEALS IN FORMA PAUPERIS.

[Who may appeal as pauper.]

360. Any party to a suit who may be unable to pay for the stamps required for the prosecution of an appeal from the decision passed therein, may be allowed to appeal as a pauper from such decision subject to all the rules contained in the last preceding Chapter and in Chapter V. in so far as they are applicable.

[Application to whom and when to be presented.]

361. The application to be allowed to appeal *in formâ pauperis* shall be written on a stamp paper

রীর কাগজপত্রের শামিলে দিতে হইবেক। ও আ
আদালতের ঐ নিষ্পত্তি মোকদ্দমার আসল রে
রীতে লিখিতে হইবেক।

[ডিক্রীজারী করিবার কথা।]

৩৫৫। মোকদ্দমার প্রথম যে ডিক্রীর উপ
পীল হয় তাহা যে আদালতে হইয়াছিল সেই আ
তে আপীল আদালতের ডিক্রীজারী করিবার ম
করিতে হইবেক। ও প্রথম ডিক্রীজারী করিবা
নিয়ম ও বিধি এই আইনে করা গিয়াছে সেই নি
সেই বিধিমতে ঐ আদালত আপীল আদালতে
ডিক্রী জারী করাইবেন।

হুকুমের উপর আপীলের বিধি।

[ডিক্রীর আগে যে কোন হুকুম হয় তাহার উপ
পীল না হইবার কথা, কিন্তু ডিক্রীর উপর আপীল
সেই হুকুমের কোন চুক কি ত্রুটি হইয়াছে বলি
পত্তি ধরিবার কথা।]

৩৫৬। ডিক্রী হইবার আগে মোকদ্দমা চ
কালে ও মোকদ্দমাসম্পর্কীয় যে কোন হুকুম হয়
উপর আপীল হইবেক না। কিন্তু যদি সেই হু
উপর আপীল হয়, তবে সেই প্রকারের কোন হু
যে কোন চুক কি ত্রুটি কি ধারার ব্যতিক্রমে
কদ্দমার দোষগুণের কি আদালতের এলাকার ক্ষ
হয়, তাহা আপত্তির কারণ বলিয়া আপীলের
সাতে ব্যক্ত হইতে পারিবেক।

[ডিক্রীর পর ও ডিক্রীজারী করিবার সম্প
হুকুম হয় তাহার উপর পূর্ব্বের নির্দ্দিষ্ট বিধি
হইলে আপীল না হইবার কথা।]

৩৫৭। ডিক্রীর পরে, ও ডিক্রীজারীসম্পর্কী
কোন হুকুম করা যায়, তাহার উপর কোন আপী
বেক না। কেবল যে স্থলে এই আইনেতে সপ্ট
হইয়াছে সেই স্থলে হইতে পারিবেক।

[জরীমানার কি কয়েদ করিবার হুকুমের উপ
পীলের কথা।]

৩৫৮। এই আইনে জরীমানা দিবার কি
নার টাকা আদায় করিবার কি কয়েদ করিবা
সকল হুকুম হয় তাহার উপর আপীল হইবে
বেক। কিন্তু ডিক্রী জারীমতে যে কয়েদের হু
তাহার উপর আপীল নাই।

[হুকুমের উপর আপীল হইলে কার্য্য করিবা
ম।]

৩৫৯। যদি কোন হুকুমের উপর আপীল
অনুমতি হয়, তবে ডিক্রীর উপর আপীল হইলে
করিবার যে নিয়ম আছে সেই আপীলেতে কার্য্য
বার সেই নিয়ম সর্ব্বপ্রকারে হইবেক।

নবম অধ্যায়।

পাপরস্বরূপে আপীল করিবার বিধি।

[পাপরস্বরূপে যাহারা আপীল করিতে পা
হারদের কথা।]

৩৬০। কোন মোকদ্দমাতে যে নিষ্পত্তি হইল
উপর আপীল করিবার কার্য্যেতে যত ইষ্টাম্প
তাহা যদি সেই মোকদ্দমার কোন পক্ষ দিতে অ
হয়, তবে সেই পক্ষ ৮ অধ্যায়ের ও ৫ অধ্যায়ে
যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত এই বিধি
পাপরস্বরূপে আপীল করিবার অনুমতি পাই
রিবেক।

[দরখাস্ত যাহার নিকটে যে সময়ে দাখিল
হইবেক তাহার কথা।]

৩৬১। পাপরস্বরূপে আপীল করিতে
পাইবার দরখাস্ত ইষ্টাম্প কাগজে লিখিতে হ

of the value of one Rupee if the appeal lie to the Zillah Court, and on a stamp paper of the value of two Rupees if the appeal lie to the Sudder Court, and shall be presented in the Appellate Court within the period allowed for the presentation of a memorandum of appeal.

[Form of application.]

362. The application shall contain the particulars required to be set forth in the memorandum of appeal and shall be drawn up in the like manner. It shall have annexed to it a Schedule of any moveable or immoveable property belonging to the applicant with the estimated value thereof, and shall also be accompanied by copies of the judgment and decree from which the appeal is made.

[Procedure.]

363. If the Appellate Court, upon a perusal of the application and of the judgment and decree of the Court below, shall see no reason to think that the decision of that Court is contrary to law or to some usage having the force of law or is otherwise erroneous or unjust, it shall reject the application. If the application be not rejected upon any of the grounds abovementioned, enquiry shall be made into the alleged pauperism of the applicant, and such enquiry may be conducted either by the Appellate Court or by the Court from whose decision the appeal is made under the orders of the Appellate Court. Provided that, if the applicant was allowed to sue *in forma pauperis* in the Court below, no further enquiry in respect of his pauperism shall be necessary, unless the Appellate Court shall see special cause to direct such enquiry.

[Effect of order by Appellate Court.]

364. The order passed by the Appellate Court on an application to be allowed to appeal *in forma pauperis*, whether for the admission or rejection of the application, shall be final; but, if the application be rejected, the Appellate Court may, if it think proper, allow the applicant a reasonable time for preferring an appeal on a stamp of the value prescribed for appeals from decrees.

CHAPTER X.

OF SPECIAL APPEALS.

[Special appeals allowed on what grounds.]

365. A special appeal shall lie to the Sudder Court from all decisions passed in regular appeal by the Courts subordinate to the Sudder Court, on the ground of the decision being contrary to some law or usage having the force of law, or of a substantial error or defect in law in the procedure or investigation of the case, which may have produced error or defect in the decision of the case upon the merits, and on no other ground.

[*Government Gazette*, 18*th January*, 1859.]

অর্থাৎ জিলার আদালতে আপীল হইলে এক টাকার ইষ্টাম্প কাগজে, ও সদর আদালতে আপীল হইলে দুই টাকার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। ও আপীলের খোলাসা দাখিল করিবার যে মিয়াদ দেওয়া গেল সেই মিয়াদের মধ্যে ঐ দরখাস্ত আপীল আদালতে দিতে হইবেক।

[দরখাস্ত লিখিবার পাঠ।]

৩৬২। আপীলের খোলাসাতে যে সকল কথা লিখিবার আজ্ঞা হইয়াছে সেই সকল কথা ও সেই পাঠেও দরখাস্ত লিখিতে হইবেক। দরখাস্তকারির স্থাবর কি অস্থাবর যে সকল সম্পত্তি থাকে তাহার ও তাহার আন্দাজী মূল্যের এক তফসীলও দরখাস্তের সঙ্গে দিতে হইবেক, ও যে নিষ্পত্তির ও ডিক্রীর উপর আপীল হয় তাহার এক২ কেতা নকলও সঙ্গে দিতে হইবেক।

[কার্য্য করিবার নিয়ম।]

৩৬৩। ঐ দরখাস্ত ও অধঃস্থ আদালতের নিষ্পত্তি ও ডিক্রী পড়িয়া, সেই নিষ্পত্তি আইনের বিরুদ্ধ কি আইনের তুল্য বলবৎ কোন দাঁড়ার বিরুদ্ধ হইয়াছে কিম্বা অন্য প্রকারে দোষযুক্ত কি অন্যায় হইয়াছে এমত বুঝিবার কোন কারণ যদি আপীল আদালত দেখিতে না পান, তবে সেই দরখাস্ত অগ্রাহ্য করিবেন। যদি উপরের লিখিত কোন কারণে দরখাস্ত অগ্রাহ্য না হয়, তবে দরখাস্তকারী যে আপনাকে পাপর জানাইয়াছে এই কথার তদন্ত লইতে হইবেক। ও সেই তদন্ত করিবার কার্য্য আপীল আদালত আপনি করিবেন, কিম্বা যে আদালতের নিষ্পত্তির উপর আপীল হইয়াছে সেই আদালত আপীল আদালতের হুকুমমতে ঐ তদন্ত করিবেন। পরন্তু যদি অধঃস্থ আদালতে দরখাস্তকারির পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি হইয়াছিল, তবে তাহার পাপর হওয়ার অধিক তদন্ত করিবার প্রয়োজন হইবেক না। কেবল যদি আপীল আদালত সেইরূপ তদন্ত করিবার বিশেষ কারণ বুঝেন তবে করিতে পারিবেন।

[আপীল আদালতের হুকুমের ফল।]

৩৬৪। পাপরস্বরূপে আপীল করিবার অনুমতির দরখাস্তের উপর আপীল আদালত ঐ দরখাস্ত গ্রাহ্য কি অগ্রাহ্য করিবার যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক। কিন্তু যদি সেই দরখাস্ত অগ্রাহ্য করেন, তবে ডিক্রীর উপর আপীলের যে মূল্যের ইষ্টাম্প কাগজ নির্দ্দিষ্ট হইয়াছে সেই মূল্যের ইষ্টাম্প কাগজে আপীল করিবার জন্যে আপীল আদালত উচিত বোধ করিলে দরখাস্তকারিকে উপযুক্ত মিয়াদ দিতে পারিবেন।

দশম অধ্যায়।

খাস আপীলের বিধি।

[খাস আপীল যে২ হেতুতে হইতে পারে তাহার কথা।]

৩৬৫। সদর আদালতের অধীন আদালতে জাবেতামতের আপীল হইয়া যে নিষ্পত্তি হয় তাহার উপর এই২ হেতুতে সদর আদালতে খাস আপীল হইতে পারিবেক। অর্থাৎ নিষ্পত্তি কোন আইনের বিরুদ্ধ কিম্বা আইনের তুল্য বলবৎ কোন দাঁড়ার বিরুদ্ধ হইয়াছে বলিয়া, অথবা মোকদ্দমার চলনেতে কি তজবীজ করণেতে আইনসম্পর্কে কোন গুরুতর ভুল কি চুক হওয়াতে দোষগুণানুসারে মোকদ্দমার নিষ্পত্তিতে ভুল কি চুক হইয়াছে বলিয়া, খাস আপীল হইতে পারে, অন্য কারণে নয়।

H

[Application how to be presented and written.]

366. The application for the admission of a special appeal shall be presented in the Sudder Court within the period prescribed for the presentation of a memorandum of appeal, and shall be accompanied by copies of the judgments and decrees of the Lower Appellate Court and of the Court of first instance. The application shall be written on a stamp paper of the value prescribed for regular appeals; but if the applicant be unable to pay for the stamps requird for the prosecution of the appeal, the Sudder Court may admit him to appeal as a pauper subject to all the rules contained in Chapter IX, in respect to appeals from decrees *in formâ pauperis* in so far as the same may be applicable.

[Form of application.]

367. The application shall set forth concisely the grounds of objection to the decision appealed against without argument or narrative, and such grounds shall be numbered consecutively. The applicant shall not, without the leave of the Court, be heard in support of any other ground of objection; but the determination of the Court may be upon any ground on which a special appeal would lie.

[Application how to be dealt with.]

368. If the application be not drawn up in the manner hereinbefore prescribed, the Court may reject it or may return it to the party for the purpose of being corrected. When the application is correctly drawn up, it shall be registered in a book to be kept for that purpose, which shall be in the form contained in the Schedule D. hereunto annexed, and the case shall proceed in all other respects as a regular appeal, and shall be subject to all the rules hereinbefore provided for such appeals so far as the same may be applicable.

CHAPTER XI.

Review of Judgment.

[Cases in which a party may apply for a review of judgment.]

369. Any person considering himself aggrieved by a decree of a Court of original jurisdiction, from which no appeal shall have been preferred to a Superior Court—or by a decree of a District Court in appeal, from which no special appeal shall have been admitted by the Sudder Court—or by a decree of the Sudder Court from which either no appeal may have been preferred to Her Majesty in Council, or an appeal having been preferred, no proceedings in the suit have been transmitted to Her Majesty in Council—and who, from the discovery of new matter or evidence which was not within his knowledge, or could not be adduced by him, at the time when such decree was passed, or from any other good and sufficient reason, may be desirous of obtaining a review of the judgment

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ জানুআরি।]

[দরখাস্ত দাখিল করিবার ও লিখিবার কথা।]

৩৬৬। আপীলের খোলাসা দরপেশ করিবার যে মিয়াদ নির্দ্দিষ্ট হইয়াছে সেই মিয়াদের মধ্যে খাস আপীল গ্রাহ্য হইবার দরখাস্ত সদর আদালতে দরপেশ করিতে হইবেক। ও তাহার সঙ্গে অধঃস্থ আপীল আদালতের ও প্রথম স্থলের আদালতের নিষ্পত্তির ও ডিক্রীর নকল দিতে হইবেক। জাবেতামতের আপীল যে মুল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম হইয়াছে ঐ দরখাস্ত সেই মুল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। কিন্তু আপীলী মোকদ্দমা চালাইবার যে ইষ্টাম্পের প্রয়োজন হয় তাহা যদি দরখাস্তকারী দিতে না পারে তবে সদর আদালত তাহাকে পরস্বরূপে আপীল করিবার অনুমতি দিতে পারিবেন। পরন্তু পাপরস্বরূপে আপীল করিবার যে সকল বিধি ১ অধ্যায়েতে আছে সেই সকল বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত তাহার মানিতে হইবেক।

[দরখাস্ত লিখিবার পাঠ।]

৩৬৭। যে নিষ্পত্তির উপর আপীল হয় তাহাতে আপত্তি করিবার সকল কারণ কিছু তর্কবিতর্ক কি বৃত্তান্ত না লিখিয়া ১,২ প্রভৃতি দফাক্রমে সংক্ষেপ করিয়া দরখাস্তে লিখিতে হইবেক। আদালতের অনুমতি না হইলে আপত্তির অন্য কোন হেতুর পোষকতায় দরখাস্তকারির কথা শুনা যাইবেক না। কিন্তু খাস আপীল যে হেতুতে হইতে পারে এমত কোন হেতু ধরিয়া আদালতের নিষ্পত্তি হইতে পারিবেক।

[দরখাস্ত লইয়া যাহা করিতে হইবেক তাহার কথা।]

৩৬৮। ঐ দরখাস্ত যদি ইহার পূর্ব্বের বিধানমতে না লেখা যায় তবে আদালত তাহা অগ্রাহ্য করিতে পারিবেন, কিম্বা শুধরাইবার জন্যে ঐ পক্ষকে ফিরিয়া দিতে পারিবেন। দরখাস্ত যদি শুদ্ধরূপে লেখা হইয়াছে তবে ঐরূপ দরখাস্ত রেজিষ্টরী করিবার এক বহীতে ঐ দরখাস্ত রেজিষ্টরী করিতে হইবেক। ঐ রেজিষ্টর এই আইনের শেষে D চিহ্নের তফসীল লিখিবার পাঠে লিখিতে হইবেক। পরে অন্য সকল বিষয়ে সে মোকদ্দমা জাবেতামতের আপীলের মত চলিবেক। ও সেইরূপ আপীলের যে সকল বিধি এই আইনে লিখা গিয়াছে সেই সকল বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেই পর্য্যন্ত ঐ আপীলের উপর খাটিবেক।

একাদশ অধ্যায়।

নিষ্পত্তির পুনর্ব্বিচার।

[যে২ স্থলে কোন পক্ষ নিষ্পত্তির পুনর্বিচার হইবার দরখাস্ত করিতে পারে তাহার কথা।]

৩৬৯। মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত হইয়াছিল এমত কোন আদালতের ডিক্রীর দ্বারা যদি কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করে, ও যদি সেই ডিক্রীর উপর কোন আপীল উপরিস্থ আদালতে করা না গিয়াছে,—অথবা আপীল হইয়া জিলার আদালতের ডিক্রীর দ্বারা যদি কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করে ও তাহার উপর কোন খাস আপীল সদর আদালতে গ্রাহ্য না হইয়াছে,—অথবা সদর আদালতের ডিক্রীর দ্বারা যদি কোন লোক আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করে ও তাহার উপর কোন আপীল শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে করা না গিয়াছে, কিম্বা আপীল করা গেলেও যদি মোকদ্দমার কোন কাগজ পত্র শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে পাঠান গিয়াছে,—ও ডিক্রী যে সময়ে হইয়াছিল সেই সময়ে ব্যক্তি যাহা অবগত ছিল না কিম্বা যাহা উপস্থিত করিতে পারিল না এমত কোন নূতন বিষয়ের কি প্রমাণের

passed against him—may apply for a review of judgment by the Court which passed the decree.

[Within what time and on what paper the application should be made.]

370. The application shall be made within ninety days from the date of the decree, unless the party preferring the same shall be able to show just and reasonable cause, to the satisfaction of the Court, for not having preferred such application within the limited period. If the application be made within the period above-mentioned, it shall be written on the stamp paper prescribed for petitions to the Court where a stamp is required; but if made after the expiration of that period, it shall be written on the stamp-paper prescribed for plaints.

[The order of the Court for granting or refusing the review is final.]

371. If the Court shall be of opinion that there are not any sufficient grounds for a review, it shall reject the application, but if it shall be of opinion that the review desired is necessary to correct an evident error or omission, or is otherwise requisite for the ends of justice, the Court shall grant the review, and its order in either case, whether for rejecting the application or granting the review, shall be final.

[Application for a review in the Sudder Court must be made to the Judge or Judges that passed the decree.]

372. Provided that, if the Court to which the application for a review of its judgment has been presented be a Court consisting of two or more Judges, whenever the Judge or Judges who may have passed the decree, or if the decree have been passed by two or more Judges, when any of such Judges shall continue attached to the Court at the time when the application for a review is presented, and shall not be precluded by absence or other cause, for a period of six months after the application, from considering the judgment to which the application refers, it shall not be competent to any other Judge or Judges of the same Court to enter upon a consideration of the merits of the application, and record an order or opinion thereon.

[Whenever a review is granted, the parties are to be summoned.]

373. When an application for a review of judgment may be granted, the Court shall give such order, in regard to the summoning of the opposite party and hearing of the suit, as it may deem proper in the circumstances of the case.

[*Government Gazette*, 18*th January*, 1859.] H 2

সন্ধান পাওয়াপ্রযুক্ত, অথবা অন্য কোন উত্তম ও মাতব্বর কারণে, যদি ঐ ব্যক্তি আপনার বিরুদ্ধে যে নিষ্পত্তি হইয়াছে তাহার পুনর্বিচার হইবার ইচ্ছা করে, তবে যে আদালত ডিক্রী করিয়াছিলেন সেই আদালতের দ্বারা নিষ্পত্তির পুনর্বিচার হইবার দরখাস্ত করিতে পারিবেক।

[যে কালের মধ্যে ও যে কাগজে দরখাস্ত করিতে হইবেক তাহার কথা।]

৩৭০। ঐ দরখাস্ত ডিক্রীর তারিখঅবধি নব্বই দিনের মধ্যে করিতে হইবেক। পরন্তু যে ব্যক্তি ঐ দরখাস্ত করে সে যদি ঐ মিয়াদের মধ্যে ঐ দরখাস্ত না করিবার যথার্থ ও উপযুক্ত কারণ আদালতের হৃদ্বোধমতে প্রকাশ করিতে পারে তবে ঐ মিয়াদের পরেও দরখাস্ত গ্রাহ্য হইতে পারিবেক। যদি দরখাস্ত উক্ত মিয়াদের মধ্যে করা যায় তবে দরখাস্ত যে স্থলে ইষ্টাম্প কাগজে লিখিতে হয় এমত স্থলে ঐ আদালতের নিকটে দরখাস্ত যে মুল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম হয় সেই মুল্যের ইষ্টাম্প কাগজে ঐ পুনর্বিচারের দরখাস্ত লিখিতে হইবেক। কিন্তু যদি সেই মিয়াদের পরে করা যায়, তবে নালিশের আরজী যে মুল্যের ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম হইল সেই মুল্যের কাগজে ঐ দরখাস্ত লিখিতে হইবেক।

[পুনর্বিচার হইবার অনুমতি দেওনের কি না দেওনের বিষয়ে আদালতের যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক।]

৩৭১। আদালত যদি বোধ করেন যে পুনর্বিচার হইবার কোন উপযুক্ত কারণ নাই, তবে সেই দরখাস্ত অগ্রাহ্য করিবেন। পরন্তু যদি বোধ করেন যে স্পষ্ট কোন ভ্রম কি ত্রুটির সংশোধন করিবার জন্যে প্রার্থনামতে পুনর্বিচার করা আবশ্যক, অথবা কারণান্তরে যথার্থ বিচারের জন্য প্রয়োজন হয়, তবে আদালত পুনর্বিচার হইবার অনুমতি দিবেন। ইহার মধ্যে কোন স্থলে অর্থাৎ ঐ দরখাস্ত অগ্রাহ্য করিবার কি পুনর্বিচারের অনুমতি দিবার যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক

[সদর আদালতে পুনর্ব্বিচারের দরখাস্ত যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা ডিক্রী করিয়াছিলেন তাঁহারদের নিকটে হইবার কথা।]

৩৭২। পরন্তু যে আদালতে নিষ্পত্তির পুনর্ব্বিচার হইবার দরখাস্ত হয় তাহাতে যদি দুই কি অধিক বিচারকর্ত্তা থাকেন, তবে যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা ঐ ডিক্রী করিয়াছিলেন তিনি কি তাঁহারা, অথবা সেই ডিক্রী দুই কি ততোধিক জন বিচারকর্ত্তার দ্বারা হইয়া থাকিলে তাঁহারদের মধ্যে কোন বিচারকর্ত্তারা যদি ঐ পুনর্বিচারের দরখাস্ত হইবার সময়ে আদালতে নিযুক্ত থাকেন, ও সেই দরখাস্ত হইবার পর ছয় মাসপর্য্যন্ত যদি তাঁহারদের অনুপস্থিত থাকাপ্রযুক্ত কি অন্য কোন কারণে ঐ দরখাস্ত যে নিষ্পত্তির বিষয়ে হয় তাহার পুনর্বিচার করিবার তাঁহারদের বাধা না থাকে, তবে ঐ দরখাস্তের দোষগুণের বিবেচনা করিতে ও তদ্বিষয়ের হুকুম কি মত রিকার্ড করিতে ঐ আদালতের অন্য কোন বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তারদের ক্ষমতা থাকিবেক না।

[পুনর্বিচারের অনুমতি হইলে উভয় পক্ষকে সমন করিবার কথা।]

৩৭৩। নিষ্পত্তির পুনর্বিচারের দরখাস্ত গ্রাহ্য হইলে ঐ আদালত মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া বিপক্ষ পক্ষের সমন করিবার বিষয়ে ও মোকদ্দমা শুনিবার বিষয়ে, যে হুকুম করা উচিত বোধ করেন সেই হুকুম করিবেন।

CHAPTER XII.

MISCELLANEOUS.

[Powers of the Sudder Court in making rules of practice and framing forms, &c., for the Subordinate Civil Courts.]

374. The Sudder Court shall have power to make and issue general rules for regulating the practice and proceedings of the Subordinate Civil Courts, and also to frame forms for every proceeding in the said Courts for which it shall think necessary that a form be provided, and for keeping all books, entries, and accounts to be kept by the Officers, and from time to time to alter any such rule or form; provided that such rules and forms be not inconsistent with the provisions of this Act or of any other law in force.

[Act not to extend, except in certain cases, to Supreme and Small Cause Courts in Calcutta, Madras, and Bombay.]

375. Except so far as relates to the examination of witnesses under a Commission and to the execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed, this Act shall not extend to any suit instituted in any Court of Judicature established by Royal Charter or in any Court for the more easy recovery of small debts and demands in Calcutta, Madras, and Bombay.

[Saving of jurisdiction and procedure of Village Moonsiffs and Village or District Punchayets in Madras—of Military Courts of Request—of single Officers appointed to try small suits in Madras and Bombay—and of Military Punchayets in Madras.]

376. Nothing in this Act shall be held to alter or affect the jurisdiction or procedure in Civil cases of Village Moonsiffs or Village or District Punchayets under the provisions of the Madras Code; or the jurisdiction or procedure of Military Courts of Request; or the jurisdiction or procedure of a single Officer duly authorized and appointed under the rules in force in the Presidencies of Fort St. George and Bombay respectively, for the trial of small suits in Military Bazars at Cantonments and Stations occupied by the Troops of those Presidencies respectively; or by Punchayets in regard to suits against Military persons, according to the rules in force under the Presidency of Fort St. George.

[Saving of certain special or local Laws.]

377. Nothing in this Act shall be held to affect the jurisdiction exercised by certain Jagheerdars and other authorities invested with powers under the provisions of Regulation XIII. 1830 of the Bombay Code and Act XV. of 1840, or their procedure in the exercise of such jurisdiction; or to affect suits instituted under Regulation XI. 1816 of the Bengal Code, or cases of the nature defined in Regulation XXIX. 1827, Regulation VII. 1830, Regulations I. and XVI. 1831 of the Bombay Code, Act XIX. of 1835, and Act XIII. of 1842, except that such suits and cases and the regular and special appeals to the Civil Courts allowed

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ জানুআরি।]

দ্বাদশ অধ্যায়।

বিবিধ বিধি।

[অধীন দেওয়ানী আদালতের নিমিত্তে সদর আদালতের রীতির নিয়ম ও পাঠাদি করিবার ক্ষমতার কথা।]

৩৭৪। সদর আদালত অধীন দেওয়ানী আদালতের রীতির ও কার্য্য করিবার নিয়মের সাধারণ বিধি করিতে ও জারী করিতে পারিবেন। ও উক্ত সকল আদালতের যে২ কুবকারী লিখিবার পাঠ নির্দ্দিষ্টকরা আবশ্যক জ্ঞান করেন তাহারও হুকুম করিবেন, ও আমলারদের যে সকল বহী ও রেজিষ্টর ও হিসাব রাখিতে হইবেক তাহাও রাখিবার ডৌলের হুকুম করিবেন, ও সময়ে২ তদ্রূপ কোন বিধি কি পাঠাদি পরিবর্ত্তন করিতে পারিবেন। পরন্তু সেই সকল বিধি ও পাঠ এই আইনের কিম্বা চলিত কোন আইনের সঙ্গে অসঙ্গত না হয়।

[কোন২ বিষয়ছাড়া এই আইন কলিকাতার ও মাদ্রাজের ও বোম্বাইয়ের সুপ্রিম কোর্টের কি ক্ষুদ্র মোকদ্দমার আদালতের উপর না খাটিবার কথা।]

৩৭৫। কলিকাতায় ও মাদ্রাজে ও বোম্বাইয়ে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতে কিম্বা অল্প কর্জ্জের ও দাওয়ার টাকা আরো সহজরূপে আদায় করিবার আদালতে যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার উপর এই আইন খাটিবেক না। কেবল কমিসানক্রমে সাক্ষিরদের জোবানবন্দী লওনের কার্য্যেতে ও ডিক্রী যে আদালতে হইয়াছে তাহার এলাকার বাহিরে ঐ ডিক্রী জারী হইবার কার্য্যেতে খাটিবেক।

[মাদ্রাজে গ্রামের মুনসেফেরদের ও গ্রামের কি জিলার পঞ্চায়তের ও সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টের ও মাদ্রাজে ও বোম্বাইয়ে ক্ষুদ্র মোকদ্দমার বিচারার্থে নিযুক্ত একং জন কার্য্যকারকের ও মাদ্রাজে সৈন্যসম্পর্কীয় পঞ্চায়তের ক্ষমতার ও কার্য্যের বর্জ্জিত কথা।]

৩৭৬। মাদ্রাজ দেশের চলিত আইনের বিধানমতে দেওয়ানী মোকদ্দমায় গ্রামের মুনসেফেরদের কি গ্রামের কি জিলার পঞ্চায়তের যে এলাকা কি কার্য্য হয়, কিম্বা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টের যে এলাকা কি কার্য্য হয়, কিম্বা মাদ্রাজ কি বোম্বাই রাজধানীর সৈন্যেরা যে২ মোকামে ও স্থানে থাকে তাহার পল্টনের বাজারে ক্ষুদ্র২ মোকদ্দমার বিচারার্থে ঐ২ রাজধানীর চলিত বিধিমতে উপযুক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত ও নিযুক্ত একং জন কার্য্যকারক সাহেবের যে এলাকা ও যে কার্য্য হয়, কিম্বা মাদ্রাজ রাজধানীর চলিত বিধিমতে পল্টনের লোকেরদের নামে যে মোকদ্দমা হয় তদ্বিষয়ে পঞ্চায়তের যে এলাকা ও কার্য্য হয়, তাহা এই আইনের কোন কথাতে মতান্তর কি খাট হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না।

[কোন২ বিশেষ কি স্থানবিশেষের আইনের বর্জ্জিত কথা।]

৩৭৭। বোম্বাই দেশের চলিত ১৮৩০ সালের ১৩ আইনের ও ১৮৪০ সালের ১৫ আইনের বিধানমতে ক্ষমতাপ্রাপ্ত কোন২ জায়গীরদারেরা ও অন্য কার্য্যকারকেরা যে২ ক্ষমতামতে কার্য্য করেন কি সেই ক্ষমতাক্রমে যে২ কার্য্য করেন তাহা খাট হইয়াছে, অথবা বাঙ্গলা দেশের চলিত ১৮১৬ সালের ১১ আইনমতে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার সঙ্গে, কিম্বা বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ২৯ আইনের ও ১৮৩০ সালের ৭ আইনের ও ১৮৩১ সালের ১ ও ১৬ আইনের, এবং ১৮৩৫ সালের ১৯ আইনের ও ১৮৪২ সালের ১৩ আইনের লিখিত প্রকারের মোকদ্দমার সঙ্গে এই আইনের কোন কথা সম্পর্ক রাখে, তাহার এমত অর্থ করিতে হইবেক না। পরন্তু সেই

therein, shall be received, heard, and determined under the rules laid down in this Act, unless where those rules are inconsistent with any specific provisions contained in the Regulations and Acts above quoted.

[Act not to take effect in places not subject to the general Regulations until extended thereto.]

378. This Act shall not take effect in any part of the territories not subject to the general Regulations of Bengal, Madras, and Bombay, until the same shall be extended thereto by the Governor General of India in Council or by the Local Government to which such territory is subordinate, and notified in the Gazette.

[Interpretation.]

379. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include females.

["District." "District Court."]

The local jurisdiction of a Principal Civil Court of original jurisdiction shall be deemed a District for the purposes of this Act; and the words "District Court" shall mean such Court.

["Sudder Court."]

In any part of the British territories in India to which this Act may be extended under the provisions of Section 378 of this Chapter, the expression "Sudder Court" shall be deemed to include the highest Civil Court of Appeal in such part of the said territories.

[Commencement of Act. Pending suits.]

380. This Act shall take effect from the day of as to all suits then pending or thereafter to be instituted. But if in any suit then pending it shall appear to the Court that the application of any provision of this Act would deprive any party to the suit of any right in reference to the procedure of the suit, whether of appeal or otherwise, which but for the passing of this Act would have belonged to him, the Court shall proceed according to the law in force before this Act takes effect.

[*Government Gazette*, 18*th January*, 1859.]

প্রকারের সকল মোকদ্দমা, ও তাহাতে জাবেতামতের ও যার যে আপীল দেওয়ানী আদালতে হইবার অনুমতি হয় তাহা এই আইনের লিখিত বিধিমতে গ্রাহ্য হইবেক ও শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক। কেবল যদি এই আইনের বিধি উপরের লিখিত কোন আইন কি আকটের কোন বিশেষ বিধির সঙ্গে অসঙ্গত হয় তবে হইবেক না।

[সাধারণ আইন যে২ দেশে চলে সেই২ দেশ ছাড়া অন্য স্থানে এই আইন চলিবার হুকুম না হইলে না চলিবার কথা।]

৩৭৮। বাঙ্গলা ও মাদ্রাজ ও বোম্বাই দেশের সাধারণ আইন ঐ দেশের যে২ স্থানে চলন না থাকে সেই২ স্থানে এই আইন চলিবেক না। কেবল যদি হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা ঐ দেশ যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট সেই দেশে এই আইন চলন করান্ ও তাহার সংবাদ গেজেটে প্রকাশ করেন-তবে চলিবেক।

[অস্বীকারবার ধারা।]

৩৭৯। এই আইনের নীচের লিখিত যে কথার যে অর্থ করা যাইতেছে তাহার সেই অর্থ পদের পূর্ব্বাপর কোন কথার সঙ্গে অসঙ্গত না হইলে বুঝাইবেক।

[বচন।]

এক বচনের শব্দেতে বহু বচনের শব্দও বুঝাইবেক ও বহু বচনের শব্দে এক বচনের শব্দও বুঝাইবেক।

[লিঙ্গ।]

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীরদিগকেও বুঝাইবেক।

[জিলা। জিলার আদালত।]

মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালতের এলাকা এই আইনের অভিপ্রায়মতে "জিলা" শব্দেতে বুঝাইবেক ও "জিলার আদালত" এই শব্দেতে ঐ প্রকার আদালতকে বুঝাইবেক।

[সদর আদালত।]

ভারতবর্ষে ব্রিটনীয় দেশের যে কোন স্থানে এই অধ্যায়ের ৩৭৮ ধারার বিধানমতে এই আইন চলন হয় সেই স্থানে "সদর আদালত" এই শব্দেতে ঐ দেশের কোন স্থানের আপীল করিবার সর্ব্ব প্রধান দেওয়ানী আদালতকে বুঝাইবেক।

[এই আইন চলন হইবার কথা ও উপস্থিত মোকদ্দমার কথা।]

৩৮০। অমুক মাসের অমুক তারিখে যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে কি তৎপরে উপস্থিত করা যায় সেই সকল মোকদ্দমার বিষয়ে সেই তারিখঅবধি এই আইন প্রবল হইবেক কিন্তু তৎকালের উপস্থিত কোন মোকদ্দমাতে এই আইনের কোন বিধান খাটাইলে ঐ মোকদ্দমা চালাইবার বিষয়ে অর্থাৎ আপীল করিবার কি অন্য প্রকার কার্য্য করিবার বিষয়ে ঐ মোকদ্দমার কোন পক্ষের কোন স্বত্ব রহিত হয়, অথচ এই আইন জারী না হইলে তাহার সেই স্বত্ব থাকিত, ইহা যদি আদালত বোধ করেন, তবে এই আইন চলিবার পূর্ব্বে যে২ আইন চলন থাকে সেই২ আইনমতে মোকদ্দমার বিচার করিবেন।

SCHEDULE A. referred to in the foregoing scheme of Procedure.

Courts of the

Register of Civil Suits in the year 18 .

holden at

| | | |

SCHEDULE D. to the foregoing scheme of Procedure.

SUDDER COURT at
REGISTER OF SPECIAL APPEALS.

Date of Memorandum.	No. of Appeal.	Appellant.				Respondent.				Decree appealed from				Appearance.		Judgment.		
		Name.	Description.	Place of abode.		Name.	Description.	Place of abode.		Of what Court.	No. of Original Suit and of Appeal.	Particulars.	Amount or value.	Day for Parties to appear.	Appellant.	Respondent.	Date.	Confirmed, reversed, or altered.	For what, or Amount.

W. MORGAN,
Clerk of the Council.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ জানুআরি।]

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 8th January, 1859.

Moonshee Gholam Abed, Moonsiff of Jheenidah, Zillah Jessore, from the 1st instant, to the 30th March, on Medical Certificate, in extension of the leave granted to him on the 1st ultimo.

A. W. RUSSELL, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৪৩৯১ নম্বর।

নিয়োগ।

১৮৫৮ সাল ৪ ডিসেম্বর।

শ্রীযুত এফ জে পেটিঙ্গল সাহেব (Mr. F. J. Pettingal,) সান্দোয়ের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৮ সাল ৬ ডিসেম্বর।

শ্রীযুত মেজর জি বরনর সাহেব (Major G. Verner,) আরাকানের কমিস্যানর হইবেন।

১৮৫৮ সাল ৯ ডিসেম্বর।

ত্রিহুত ও সারণের অতিরিক্ত জজ শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) ফিফ্থ্ কালের নিমিত্তে ত্রিহুতের সিবিল ও সেশন জজের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব(Mr. T. J. C. Grant,) ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৮ সাল ১ ডিসেম্বর।

সরকারী ইমারৎপ্রভৃতি নির্ম্মাণের কার্য্যের বর্দ্ধমান অংশে নিযুক্ত সব ওবরসিয়র শ্রীযুত মহম্মদ আনওয়ার অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ৪ ডিসেম্বর।

সান্দোয়ের চিকিৎসক শ্রীযুত এচ ডবলিউ জোন্স সাহেব (Mr. H. W. Jones,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ৭ ডিসেম্বর।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত রামনারায়ণ পণ্ডিত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ৯ ডিসেম্বর।

ত্রিহুতের সিবিল ও সেশন জজ শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ৎ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৪৪২৯ নম্বর।

নিয়োগ।

১৮৫৮ সাল ২ ডিসেম্বর।

ওবরসিয়র প্রাইবেট ডবলিউ হিকি সাহেবের (Mr. W. Hickey,) মৃত্যু হওয়াতে তাঁহার পরিবর্ত্তে আসিস্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত জে কক্স সাহেব (Mr. J. Cox,) সরকারী ইমারৎপ্রভৃতি নির্ম্মাণের কার্য্যের দারজিলিঙ্গ এলাকাহইতে আসামের উত্তরাংশে প্রেরিত হইয়াছেন।

[*Government Gazette*, 18*th January*, 1859.]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৯ সাল ৮ জানুআরি।

জিলা যশোহরের ঝিনিদহের মুনসেফ শ্রীযুত মুনশী গোলাম আবেদ গত মাসের ১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি মার্চ মাসের ৩০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

১৮৫৮ সাল ৩ ডিসেম্বর।

আসিস্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত বাবু বিপ্রদাস মিত্রকটকের বাঁধবন্দির মধ্যম এলাকাহইতে পুরী অর্থাৎ দক্ষিণ কটক এলাকায় পুনরায় প্রেরিত হইয়াছেন।

ছুটী।

১৮৫৮ সাল ৪ ডিসেম্বর।

মুরশিদাবাদে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এক্টিং এজেণ্ট শ্রীযুত বৃগডিয়র কলিন মাকেঞ্জি সাহেব (Brig. Colin Mackenzie,) গত মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ১০ ডিসেম্বর।

ত্রিপুরার সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এন জে গ্রাণ্ট সাহেব (Mr. N. J. Grant,) গত মাসের ১১ তারিখে যে ছুটী পান তাহা রহিত হইয়া ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইতেচারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ১৩ ডিসেম্বর।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত সি জি উইঞ্চ সাহেব(Mr. C. G. Wynch,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে পনের মাসের ছুটী পাইয়াছেন।

৩৭১২ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ৭ ডিসেম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের প্রকাশিত কথা।

সরকারী কর্ম্মের নিমিত্তে, অর্থাৎ জিলা পূরণিয়ার করাগোলা ঘাটে চুটিয়া গ্রামহইতে জিলা রঙ্গপুরের তেঁতুলিয়া গ্রামপর্য্যন্ত গঙ্গা ও দারজিলিঙ্গের রাস্তা করিবার নিমিত্তে, সরকারী খরচে গবর্ণমেণ্টের কিছু জমী লইবার প্রয়োজন হইয়াছে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব ইহা দৃষ্টি করিয়া এই কথা প্রকাশ করিতেছেন। উক্ত কর্ম্মের নিমিত্তে চুটিয়া গ্রামের করাগোলা ঘাটঅবধি উত্তর পূর্ব্ব দিগে তেঁতুলিয়া গ্রামপর্য্যন্ত ক্রমবেশ দেড়শত ফুট চৌড়া জমীর প্রয়োজন হইয়াছে।

এই কথা ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে প্রকাশ করা যাইতেছে।

এ আর ইয়ৎ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৪৪৬২ নম্বর।

নিয়োগ।

১৮৫৮ সাল ৭ ডিসেম্বর।

শ্রীযুত পাদরি সি এচ এ ডাল সাহেব (Reverend C. H. A. Dall,) কলিকাতায় বিবাহের এক জন রেজিষ্টার হইবেন।

১৮৫৮ সাল ১১ ডিসেম্বর।

শ্রীযুত বাবু অভয়চরণ মল্লিক কমিল্যাতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ১৭ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) আগামেমনন্ নামক জাহাজে বর্ত্তমান মাসের ১৪ তারিখে রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) নেমিসিস নামক হাঙ্গলীয় জাহাজে বর্ত্তমান মাসের ১৪ তারিখে রাজধানীতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ৎ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৪৪৯২ নম্বর।

নিয়োগ।

১৮৫৮ সাল ১০ ডিসেম্বর।

আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত বাবু প্রসন্নকুমার বাঁড়ুয্যা মেদিনীপুরের ইমারৎ ও রাস্তাবন্দির এলাকাহইতে কতিৎ কালের নিমিত্তে রাজধানীর এলাকায় প্রেরিত হইবেন।

১৮৫৮ সাল ১৭ ডিসেম্বর।

শ্রীযুত আর ডিকোরসি সাহেব (Mr. R. DeCourcy,) পুরুলিয়ার গুদারার মৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৮ সাল ১৭ ডিসেম্বর।

শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) আপনার বর্ত্তমান কর্ম্ম শ্রীযুত এ মানিক সাহেবের Mr. A. Magnac,) প্রতি অর্পণ করিয়া মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত টি ব্রুস লেন সাহেব (Mr. T. Bruce Lane,) যত কাল না পঁহুছেন তত কাল শ্রীযুত মানিক সাহেব রাজশাহীর মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি ব্রুস লেন সাহেব (Mr. T. Bruce Lane,) রাজশাহীর মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ ডবলিউ আলেক্জাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander,) রাণীগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারাতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাতে অ্যাসিষ্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে রীকুত্তা জিলার কার্য্য করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর ষ্টুআর্ট সাহেব (Lieutenant R. Stewart,) কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,) রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এচ বেবরিজ সাহেব (Mr. H. Beveridge,) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৮ সাল ১৮ ডিসেম্বর।

শ্রীযুত জে জি পিউ সাহেব (Mr. J. G. Pughe,) আলিগড়ের আফীনের সব ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে সি শী সাহেব (Mr. J. C. Shaw,) মুঙ্গেরের আফীনের সব ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

[সরকমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ জানুআরি।]

১৮৫৮ সাল ২০ ডিসেম্বর।

শ্রীযুত বাবু হরগৌরী বসু চব্বিশপরগনার সদর আমীনের ও উক্ত জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৮ সাল ১৮ ডিসেম্বর।

রঙ্গপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা গত মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ১৮ ডিসেম্বর।

মেদিনীপুরের জজ শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার বর্ত্তমান মাসের ১৩ তারিখে পুনর্গ্রহণ করেন। গত অক্টোবর মাসের ৪ তারিখের তিনি যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল সেই ১৩ তারিখঅবধি রহিত হইয়াছে।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সূর্য্যোধন দাস গত অক্টোবর মাসের ৫০ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনার রহিত হইয়াছে।

প্রসীডেন্সী কালেজের অধ্যক্ষ শ্রীযুত জে সটক্লিফ সাহেব (Mr. J. Sutcliffe,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। গত ফেব্রুআরি মাসের ৩ তারিখে তিনি যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল সেই ১৫ তারিখঅবধি রহিত হইয়াছে।

এ আর ইয়ৎ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৪৫১০ নম্বর।

নিয়োগ।

১৮৫৮ সাল ১৭ ডিসেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর ষ্টুআর্ট সাহেব Lieutenant R. Stewart,) কাছাড়ের রিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৮ সাল ১৮ ডিসেম্বর।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) দামাপুর চক্লের জিলার মধ্যে এতদ্দেশীয় বৃত্তিভোগিরেদের আচরণের তদন্ত করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৮ সাল ১৫ ডিসেম্বর।

রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় গত আগষ্ট মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকট ক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ২০ ডিসেম্বর।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের রাজস্বের একটিৎ সরবেয়র শ্রীযুত কাপ্তান ডবলিউ এস রো সাহেব (Capt. W. S. Row,) ১৮৫১ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্দিশ্রমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপ গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ২০ নবেম্বর।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ বোট সাহেব (Mr. W. Boate,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

৪৫১৫ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ২৩ ডিসেম্বর।

আদালতে শপথ ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞার নীচের লিখিত প্রশ্নের বিষয়ে আপনং মত জানাইতে সরকারী কর্ম্মের সকল কার্য্যকারককে আদেশ করা গিয়াছে। আরো এই গুরুতর বিষয়ে সর্ব্ব সাধারণ লোকেরদের মত অবগত হওয়া যায় এই কারণে ঐ সকল প্রশ্ন প্রকাশ করা যাইতেছে ও সকলকে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে, সরকারের কর্ম্মে নিযুক্ত না থাকিয়াও ইউরোপীয় কি এদেশীয় যে কোন মহাশয় সেই বিষয়ে আপনার যে কোন মন্তব্য কথা কি পরামর্শ লিখিয়া জানাইতে চাহেন তাহা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব প্রাপ্ত হইয়া সন্তুষ্ট হইবেন।

প্রথম। আদালতে আরো বিশ্বাসযোগ্য প্রমাণ দেওয়া যায় এই বিশেষ অভিপ্রায়ে শপথ ও ধর্ম্মতঃ প্রতিজ্ঞার যে আইন এইক্ষণে চলন আছে তাহার কিছু পরিবর্ত্তন করা উচিত হয় কি না।

দ্বিতীয়। ১৮৪০ সালের ৫ আইনে এই বিধান হইয়াছিল যে হিন্দু ও মুসলমান লোকদিগকে গঙ্গাজল কি কোরান লইয়া শপথ না করাইয়া তাহারদিগকে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে হইবেক। সেই আইন রদ করা উচিত হয় কি না ও ইহার পরে যাহার মনে যে প্রকারের শপথ অতি দৃঢ়জ্ঞান হয় তাহাকে সেই প্রকারে শপথ করান উচিত হয় কি না।

তৃতীয়। এইক্ষণে যে কোন প্রকারের শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইবার ক্ষমতা কি আজ্ঞা আইনেতে থাকে তাহা সমূদয় উঠাইয়া দিয়া ধর্ম্মের কিছু অনুরোধ না রাখিয়া সকল জাতির লোকদিগকে কেবল সামান্যরূপে প্রতিজ্ঞা করিবার অনুমতি দেওয়া উচিত হয় কি না।

চতুর্থ। সাক্ষিরদের জোবানবন্দী দিবার আগে তাহারদিগকে কিছু শপথ কি প্রতিজ্ঞা না করাইয়া কিয়া কোন প্রকারে সাবধান না করাইয়া, অথবা কেবল সাবধান করাইয়া তাহারদের জোবানবন্দী লওয়া উচিত হয় কি না।

এ আর ইয়ৎ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৪৫৮৭ নম্বর।

নিয়োগ।

১৮৫৮ সাল ১৮ ডিসেম্বর।

আসিষ্টাণ্ট সুপরবাইজর শ্রীযুত সি শেপর্ড সাহেব (Mr C. Shepherd,) সরকারী কর্ম্মে রামগড় এলাকায় নিযুক্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ২২ ডিসেম্বর।

দক্ষিণ সাবাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামকানাই বসু নওয়াখালী জিলায় মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ২৩ ডিসেম্বর।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ওরাইলি সাহেব (Mr. W. O'Reilly,) উক্ত জিলায় মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৮ সাল ২৪ ডিসেম্বর।

ওবরসিয়র শ্রীযুত আর ব্রুক্স সাহেব (Mr. R. Brookes,) বর্দ্ধমানহইতে সরকারী ইমারৎপ্রভৃতি নির্ম্মাণের কার্য্যের দমদমার এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৫৮ সাল ২৯ ডিসেম্বর।

লেপ্টেনেণ্ট ও অ্যডুটাণ্ট শ্রীযুত ওয়াল্টর কাম্বেল সাহেব (Lieutenant and Adjutant Walter Campbell,) বাঙ্গলা দেশের পোলীসের অথারোহি সৈন্যেরদের প্রথম পল্টনের দ্বিতীয় অধ্যক্ষ ও কমাণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট এ এন এম মাগ্রেগর সাহেব (Lieutenant A. N. M. MacGregor,) বাঙ্গলা দেশের পোলীসের প্রথম পল্টনের আডুটাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ ডবলিউ গ্রেহেম সাহেব (Mr. H. W. Graham,) ত্রিপুরার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহক হইবেন।

ছুটী।

১৮৫৮ সাল ২২ ডিসেম্বর।

উত্তরপশ্চিম দেশে যাইবার বড় রাস্তার দ্বিতীয় অংশের একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত কাপ্তান এফ এস ষ্টাণ্টন সাহেব (Captain F. S. Stanton,) সরকারী কর্ম্মোপলক্ষে রাজধানীতে গমনার্থে এক্টিং প্রধান ইঞ্জিনিয়র সাহেবের স্থানে এক মাসের যে ছুটী পান তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ২৩ ডিসেম্বর।

আওরাঙ্গাবাদ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত ডব লিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৮ সাল ২৯ ডিসেম্বর।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি জে মল্টবি সাহেব (Mr. T. J. Maltby,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৭ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ১৮ ডিসেম্বর।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অক্রূরচন্দ্র মল্লিক রেলওয়ের কমিসানর সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

৪২৮৯ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ২৭ ডিসেম্বর।

ইহার দ্বারা জ্ঞাপন করা যাইতেছে যে ১৮৫৬ সালের ২০ আইনের ১ ধারানুসারে ঐ আইন এই তারিখঅবধি বেহার জিলার জাহানাবাদ নগরে চলন হইবেক।

ইহার দ্বারা আরো জ্ঞাপন করা যাইতেছে যে উক্ত আইনের ৩ ধারানুসারে নীচরে লিখিত * গ্রাম ও মহল্লা উক্ত আইনের অভিপ্রায় সিদ্ধ করণার্থ সংযুক্ত হইয়াছে।

XXIX. The master of every Foreign-going ship, of which the crew has been engaged before a Shipping Master, shall, before finally leaving

রেন ও সেই রূপ পিঠের লেখা একরারনামা তিনি কাপ্তানকে ফিরিয়া দিবেন ইতি।

[সেই প্রকারে চলতি করারের যে রসুম দিতে হইবেক তাহার কথা।]

২৫ ধারা। বিদেশগমনীয় যে জাহাজের উক্তমতের চলতি করার থাকে, সেই জাহাজের লোকদিগকে নূতন নিযুক্ত করিবার ও বিদায় করিবার কালে যে রসুম দিতে হইবেক তাহা নিরূপণ করিবার জন্যে এই বিধি। জাহাজী সকল লোক মোটে নিযুক্ত হইলে, যখন সেই একরারনামায় প্রথমে স্বাক্ষর করা যায় তখন অবধি তাহারদিগকে নিযুক্ত করা গেল, ও যখন একরারের মিয়াদ ফুরায় তখন তাহারদিগকে বিদায় করা গেল এমত জানিতে হইবেক। ইতিমধ্যে অন্য যে কোন লোককে নিযুক্ত করা যায় কি বিদায় করা যায় তাহা ঐ লোকদিগকে ভিন্নং নিযুক্ত করা কি বিদায় করা জ্ঞান হইবেক ইতি।

[দেশীয় বাণিজ্যের জাহাজে ঐ একরার শিপিং মাষ্টর সাহেবের কি অন্য সাক্ষির সম্মুখে করিবার কথা।]

২৬ ধারা। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের কাপ্তান উচিত বোধ করিলে, বিদেশগমনীয় জাহাজের যে বিধি ইহার পূর্ব্বে হইয়াছে সেই বিধিমতে, শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে জাহাজী সমুদয় মল্লাকে মোটে কিম্বা ভিন্নং করিয়া নিযুক্ত করিতে পারিবেন। ও তাহারদিগকে সেই প্রকারে নিযুক্ত না করা গেলে জাহাজের কাপ্তান সমুদ্রে যাইবার আগে করিতে পারিলে তখন, কিম্বা না করিতে পারিলে তাহার পর যত শীঘ্র হয় তত শীঘ্র ঐ একরারনামা একং জন মল্লার নিকটে পাঠ করাইয়া বুঝাইয়া দিবেন ও সেই মল্লা কোন এক জন সাক্ষির সাক্ষাতে ঐ একরারনামায় দস্তখৎ করিবেক ও তাহার দস্তখতের প্রমাণে সেই সাক্ষীও দস্তখৎ করিবেক ইতি।

[দেশীয় বাণিজ্যের অনেক জাহাজ একি স্বামির হইলে তাহার বিশেষ করার।]

২৭ ধারা। যদি দেশীয় বাণিজ্যের অনেক জাহাজ একি স্বামির হয় তবে এই আইনের মধ্যে যে কোন বিধি থাকুক, মল্লারদের সঙ্গে জাহাজের কাপ্তান করার না করিয়া ঐ সকল জাহাজের স্বামী তাহা করিতে পারিবেন, ও তাহার মধ্যে কোন দুই কি অধিক জাহাজে কর্ম্ম করিবার করার সেই মল্লারদের সঙ্গে করিতে পারিবেন, কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐং জাহাজের নাম ও ঐ মল্লারদের যে প্রকারের কর্ম্ম করিতে হইবেক তাহার কথা একরারনামায় স্পষ্টরূপে লেখা থাকে। পরন্তু উক্ত কথাছাড়া দেশীয় বাণিজ্যের জাহাজের রীতিমতের করারের বিষয়ে যে সকল বিধান এই আইনে লেখা আছে সেই বিধান এই ধারামতের সকল করারের উপর খাটিবেক ইতি।

[একরারনামা নিয়মিতরূপে না করিয়া মল্লারদিগকে জাহাজে ভর্ত্তি করিবার দণ্ড।]

২৮ ধারা। কোন মল্লাকে সমুদ্রে লইয়া যাইবার যে পাটের ও যে প্রকারের করার যে সময়ে ও যে স্থানে করিবার হুকুম হইয়াছে সেই প্রকারের করার সেই সময়ে ও স্থানে না করিয়া যদি কোন কাপ্তান কোন মল্লাকে সমুদ্রে লইয়া যান, তবে তদ্রূপ একং অপরাধের জন্যে ঐ কাপ্তানের পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[জাহাজী লোকেরদের কিছু অদলবদল হইলে তাহার রিপোর্ট করিবার কথা।]

২৯ ধারা। বিদেশগমনীয় যে জাহাজের লোক কোন শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে করার করিয়া নিযুক্ত করা গেল সেই জাহাজের কাপ্তান ভারতবর্ষ ছাড়িয়া যাইবার আগে, তাঁহার জাহাজী লোকসকলের যে কিছু অদলবদল হইয়াছে তাহার পূরা ও যথার্থ কৈফিয়ৎ, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যে পাঠে অনুমতি করেন সেই পাঠে লিখিয়া দস্তখৎ করিয়া, অতিনিকট যে শিপিং মাষ্টর থাকেন তাঁহার কাছে পাঠাইবেন। ও যদি তাহা না করেন তবে সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক। ও ন্যায্যমতের বর্জনীয় সকল কথা মানিয়া ঐ কৈফিয়ৎ প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবেক ইতি।

[আইন লঙ্ঘন না হয় এই কারণে শিপিং মাষ্টর সাহেবের জাহাজে উঠিয়া সকল মল্লাকে একত্র ডাকিতে পারিবার কথা।]

৩০ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে এই আইনের বিধান না মানিয়া কোন মল্লা জাহাজে ভর্ত্তি না হয়, এই কারণে কোন জাহাজে মল্লারা ভর্ত্তি হইয়াছে এমত বুঝিবার কারণ যদি শিপিং মাষ্টর সাহেব জানেন তবে তিনি আপনি কিম্বা তাঁহার ডেপুটী সাহেব ঐ জাহাজে কোন সময়ে উঠিয়া, তাহাতে যে সকল মল্লার কর্ম্ম থাকে তাহারদিগকে একত্রে ডাকিয়া তদন্ত লইতে পারিবেন। ও যদি কেহ সেই কর্ম্মেতে শিপিং মাষ্টর সাহেবের কিম্বা তাঁহার ডেপুটী সাহেবের বাধা দেয় তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[একরারনামা ও সর্টিফিকট দেখাইবার বিধি।]

৩১ ধারা। বিদেশগমনীয় জাহাজের নিমিত্তে একরারনামা ও যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট দেখাইবার বিষয়ে এইং বিধি মানিতে হইবেক।

১। বিদেশগমনীয় প্রত্যেক জাহাজের কাপ্তান আপন জাহাজী লোকেরদের সঙ্গে যে একরারনামা করেন তাহাতে যে সময়ে দস্তখৎ করিবেন, সেই সময়ে, কাপ্তানের কি মালিমের যোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট এই আইনমতে থাকা আবশ্যক সেই সর্টিফিকট, যে শিপিং মাষ্টর সাহেবের সাক্ষাতে একরারনামায় দস্তখৎ করেন তাঁহাকেই দেখাইবেন। ও তাহা নিয়মিতরূপে দেখান গেলে, ও এই আইনের হুকুমমতে ঐ একরারনামায় নিয়মিতরূপে দস্তখৎ হইলে, শিপিং মাষ্টর সাহেব ঐ কথার এক সর্টিফিকটে দস্তখৎ করিয়া কাপ্তানকে দিবেন।

২। বিদেশগমনীয় জাহাজের চলতি করার হইলে, একরারনামার প্রথম আমলে আসিবার পরে যে দ্বিতীয়বার ও তাহার পর যতবার জাহাজ বিদেশে যায় ততবার, যদি কাপ্তান ঐ একরারনামার বিষয়ে এই আইনে যে বিধান আছে সেই বিধানমতে কর্ম্ম করেন ও তখন যে কোন মালিমকে নূতন নিযুক্ত করেন তাঁহার যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট শিপিং মাষ্টর সাহেবকে দেখান, তবে তিনি ঐ কর্ম্ম করিয়াছেন এই মর্ম্মের সর্টিফিকটে শিপিং মাষ্টর দস্তখৎ করিয়া ঐ কাপ্তানকে দিবেন।

৩। বিদেশগমনীয় প্রত্যেক জাহাজের কাপ্তান ঐ প্রকারের যে সর্টিফিকট শিপিং মাষ্টরের স্থানে পান তাহা সমুদ্রে চলিয়া যাইবার আগে হাসিলের কালেক্টর সাহেবকে দেখাইবেন, কিম্বা যদি হাসিলের কালেক্টর সাহেব না থাকেন তবে জাহাজের বন্দরহইতে চলিয়া যাইবার অনুমতিপত্র দিবার কর্ম্ম যে সাহেবের হাতে থাকে তাঁহাকে দেখাইবেন। সেইরূপ সর্টিফিকট না দেখান গেলে হাসিলের কোন কার্য্যকারক কিম্বা অন্য কোন কার্য্যকারক সাহেব ঐ জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র দিবেন না। ও যদি সেইরূপ কোন জাহাজ অনুমতিপত্র না পাইয়া সমুদ্রে চলিয়া যাইবার উদ্যোগ

India, sign and send to the nearest Shipping Master a full and accurate statement, in a form sanctioned by the Governor General of India in Council, of every change which takes place in his crew before finally leaving India, and in default shall for each offence incur a penalty not exceeding fifty Rupees; and such statement shall be admissible in evidence subject to all just exceptions.

[To prevent infraction of Act, Shipping Master may board vessels and muster seamen.]

XXX. For the purpose of preventing any seamen from being shipped at any Port in India contrary to the provisions of this Act, the Shipping Master by himself or his Deputy may enter at any time on board any ship upon which he shall have reason to believe that seamen have been shipped, and may muster and examine the several seamen employed therein; and any person who shall obstruct the said Shipping Master or Deputy in such duty shall be liable to a penalty not exceeding one hundred Rupees.

[Production of agreements and certificates.]

XXXI. The following rules shall be observed with respect to the production of agreements and certificates of competency or service for Foreign-going ships (that is to say)—

1. The master of every Foreign-going ship shall, on signing the agreement with his crew, produce to the Shipping Master before whom the same is signed the certificates of competency or service which the said master and his mate are hereby required to possess; and upon such production being duly made, and the agreement being duly executed as hereby required, the Shipping Master shall sign and give to the master a certificate to that effect.

2. In the case of running agreements for Foreign-going ships, the Shipping Master shall, before the second and every subsequent voyage made after the first commencement of the agreement, sign and give to the master, on his complying with the provisions herein contained with respect to such agreements, and producing to the Shipping Master the certificate of competency or service of any mate then first engaged by him, a certificate to that effect.

3. The master of every Foreign-going ship shall, before proceeding to sea, produce the certificate so to be given to him by the Shipping Master as aforesaid to the Collector of Customs, or if there be no Collector of Customs to the Officer whose duty it is to grant a Port-clearance. No Officer of Customs or other Officer shall clear any such ship outwards without such production; and if any such ship attempts to go to sea without a clearance, any

such Officer may detain her until such certificate as aforesaid is produced.

4. The master of every Foreign-going ship shall, within forty-eight hours after the ship's arrival at her final Port of destination in India or, upon the discharge of the crew, whichever first happens, deliver such agreement to a Shipping Master at the place; and such Shipping Master shall thereupon give to the master a certificate of such delivery; and no Officer of Customs or other Officer shall clear any Foreign-going ship inwards without the production of such certificate.

And if the master of any Foreign-going ship fails to deliver the agreement to a Shipping Master at the time and in the manner hereby directed, he shall for every default incur a penalty not exceeding fifty Rupees.

[Rules as to production of agreements and certificate for Home-trade ships.]

XXXII. The following rules shall be observed with respect to the production of agreements and certificates of competency or service for Home-trade ships of a burden exceeding three hundred tons, (that is to say)—

1. No such agreement shall extend beyond the next following thirtieth day of June or thirty-first day of December, or the first arrival of the ship at her final Port of destination in India after such date, or the discharge of cargo consequent upon such arrival.

2. The master or owner of every such ship shall within twenty-one days after the thirtieth day of June and the thirty-first day of December in every year, or if the ship is not at any Port in India within twenty-one days after either the 30th day of June or the 31st day of December in any year within forty-eight hours after her next arrival at any Port in India, transmit or deliver to some Shipping Master in India every agreement made within the six calendar months next preceding such days respectively, and shall also produce to the Shipping Master the certificates of competency or service which the said master and his mate are hereby required to possess.

3. The Shipping Master shall thereupon give to the master or owner a certificate of such delivery and production; and no Officer of Customs or other Officer authorized to grant a Port-clearance shall grant a clearance for any such ship without the production of such certificate; and if any such ship attempts to go to sea without such clearance, any such Officer may detain her until the said certificate is produced.

And if the agreement for any Home-trade ship is not delivered or transmitted by the master or owner to a Shipping Master at the time and in the manner hereby directed, such master or owner shall for every default incur a penalty not exceeding fifty Rupees.

করে, তবে যাবৎ সেই প্রকারের সর্টিফিকট না দেখান যায় তাবৎ সেই কার্য্যকারক সাহেব ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

৪। বিদেশগমনীয় কোন জাহাজ ভারতবর্ষের লক্ষিত শেষ বন্দরে পঁহুছিলে পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে, অথবা জাহাজী সকল লোককে বিদায় করিবার সময়ে, ইহার মধ্যে প্রথম যাহা হয় তৎসময়ে, ঐ জাহাজের কাপ্তান ঐ একরারনামা সেই স্থানের শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। তাহাতে ঐ শিপিংমাষ্টর সাহেব ঐ একরারনামা দেওয়ার সর্টিফিকট ঐ কাপ্তানকে দিবেন। ও সেই সর্টিফিকট না দেখান গেলে হাসিলের কোন কার্য্যকারক সাহেব কি অন্য কোন কার্য্যকারক সাহেব বিদেশগমনীয় কোন জাহাজকে বোঝাই লইবার অনুমতি দিবেন না।

ও বিদেশগমনীয় কোন জাহাজের কাপ্তান যদি এই ধারার লিখিত সময়ে ও প্রকারে ঐ একরারনামা শিপিংমাষ্টর সাহেবকে না দেন, তবে তাঁহার তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[দেশীয় বাণিজ্যের জাহাজের একরারনামা ও সর্টিফিকট দেখাইবার বিধি।]

৩২ ধারা। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের একরারনামা ও যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট দেখাইবার বিষয়ে এইং বিধি মানিতে হইবেক।

১। সেই প্রকারের কোন একরারনামা তৎপর জুন মাসের ৩০ তারিখের কি ডিসেম্বর মাসের ৩১তারিখের অধিক কালের নিমিত্তে, কিম্বা সেই তারিখের পর জাহাজ ভারতবর্ষের লক্ষিত শেষ বন্দরে প্রথম যখন পঁহুছে তাহার অধিক কালের নিমিত্তে, কিম্বা তদ্রূপে পঁহুছিবার পরে বোঝাই দ্রব্য উবরাইয়া দিবার অধিক কালের নিমিত্তে, হইবেক না।

২। প্রতিবৎসরে জুন মাসের ৩০ তারিখের পর ও ডিসেম্বর মাসের ৩১ তারিখের পর একুশ দিনের মধ্যে, অথবা কোন বৎসরে যদি জুন মাসের ঐ ৩০ তারিখের পর কি ডিসেম্বর মাসের ঐ ৩১ তারিখের পর একুশ দিনের মধ্যে ঐ জাহাজ ভারতবর্ষের কোন বন্দরে না থাকে তবে তৎপরে ভারতবর্ষের কোন বন্দরে ঐ জাহাজের পঁহুছিবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে, সেই জাহাজের কাপ্তান কি স্বামী ঐং তারিখের পূর্ব্বের ইঙ্গরেজী হিসাবমতের ছয় মাসের মধ্যে যে সকল একরারনামা করিয়াছেন তাহা ভারতবর্ষের কোন শিপিং মাষ্টর সাহেবের নিকটে পাঠাইবেন কি তাঁহাকে দিবেন, ও ঐ কাপ্তানের কি তাঁহার মালিমের যোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট এই আইনমতে থাকা আবশ্যক তাহাও ঐ শিপিংমাষ্টর সাহেবকে দেখাইবেন।

৩। তাহাতে ঐ শিপিং মাষ্টর সাহেব ঐ একরারপ্রভৃতি দিবার ও দেখাইবার সর্টিফিকট ঐ কাপ্তানকে কি স্বামিকে দিবেন। ও সেই সর্টিফিকট না দেখাইলে হাসিলের কোন কার্য্যকারক সাহেব কিম্বা বন্দরহইতে চলিয়া যাইবার অনুমতিপত্র দিবার ক্ষমতা অন্য যে কার্য্যকারক সাহেবের থাকে তিনি সেই জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র দিবেন না। ও যদি তদ্রূপ অনুমতিপত্র না পাইয়া সেই প্রকারের কোন জাহাজ সমুদ্রে চলিয়া যাইবার উদ্যোগ করে, তবে যাবৎ ঐ সর্টিফিকট না দেখান যায়, তাবৎ সেই প্রকারের কোন কার্য্যকারক সাহেব ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

ও যদি দেশীয় বাণিজ্যের কোন জাহাজের ঐ একরারনামা এই ধারার লিখিত সময়ে ও প্রকারে ঐ কাপ্তানের কি স্বামির দ্বারা শিপিংমাষ্টর সাহেবকে না

[Alterations to be void unless attested to have been made with the consent of all parties.]

XXXIII. Every erasure, interlineation, or alteration in any such agreement with seamen as is required by this Act (except additions so made as hereinbefore directed for shipping substitutes or persons engaged subsequently to the first departure of the ship) shall be wholly inoperative, unless proved to have been made with the consent of all the persons interested in such erasure, interlineation, or alteration by the written attestation (if made in Her Majesty's Dominions) of some Shipping Master, Justice, Officer of Customs, or other public functionary, or (if made out of Her Majesty's Dominions) of a British Consular Officer, or where there is no such Officer, of two respectable British Merchants.

[Copy of agreement to be made accessible to crew.]

XXXIV. The master shall, at the commencement of every voyage or engagement, cause a legible copy of the agreement, and if necessary a translation thereof in a language understood by the majority of the crew (omitting the signatures), to be placed or posted up in such part of the ship as to be accessible to the crew, and in default shall for each offence incur a penalty not exceeding fifty Rupees.

[Seamen discharged before voyage to have compensation.]

XXXV. Any seaman who has signed an agreement, and is afterwards discharged before the commencement of the voyage or before one month's wages are earned, without fault on his part justifying such discharge and without his consent, shall be entitled to receive from the master or owner, in addition to any wages he may have earned, due compensation for the damage thereby caused to him, not exceeding one month's wages, and may, on adducing such evidence as the Court or Magistrate hearing the case deems satisfactory, of his having been so improperly discharged as aforesaid, recover such compensation as if it were wages duly earned.

REGULATION OF ADVANCES.

[Regulation of advances and advance-notes.]

XXXVI. No advance of wages shall be made

দেওয়া যায় কি তাঁহার নিকটে পাঠান না যায়, তবে ঐ কাপ্তানের কি স্বামির তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[কোন কথার পরিবর্ত্তন ঐ কথার সম্পর্কীয় সমস্ত ব্যক্তির সম্মতিক্রমে হইল ইহার প্রমাণ সাক্ষিরদের দস্তখতে না হইলে বৃথা হইবার কথা।]

৩৩ ধারা। জাহাজে বদলীদিগকে ভর্ত্তি করিবার, কিম্বা জাহাজ প্রথমে প্রস্থান করিলে পর কোন লোকদিগকে ভর্ত্তি করিবার যে অতিরিক্ত কথা লিখিবার হুকুম ইহার পূর্ব্বে করা গিয়াছে ত হাছাড়া, এই আইনেতে মল্লারদের সঙ্গে যে একরারনামা করিবার আজ্ঞা হইয়াছে তাহার কোন কথা যদি উঠাইয়া দেওয়া যায়, কিম্বা দুই পাঁইতের মধ্যে অন্য কথা লেখা যায়, কি কোন কথার পরিবর্ত্তন হয়, তবে সেই উঠাইয়া দেওয়া কি দুই পাঁইতের মধ্যে লেখা কি পরিবর্ত্তন করা কথাতে যে সকল লোকের ক্ষতিবৃদ্ধি হয় তাহারদের সম্মতিক্রমে তাহা হইল এই কথার প্রমাণে, (শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের মধ্যে হইলে) কোন শিপিং মাষ্টর সাহেবের কি জুষ্টিস সাহেবের কি হাসিলের কার্য্যকারক সাহেবের কিম্বা সরকারী অন্য কোন প্রধান কার্য্যকারক সাহেবের স্বাক্ষর না থাকিলে, অথবা (শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের বাহিরের কোন দেশে হইলে) কোন ব্রিটনীয় কনসল সাহেবের, কিম্বা সেই প্রকারের কার্য্যকারক না থাকিলে ব্রিটনীয় সম্ভ্রান্ত দুই জন সওদাগরের স্বাক্ষর না থাকিলে, ঐ কথা সম্পূর্ণরূপে নিষ্ফল হইবেক ইতি।

[ঐ একরারনামার নকল জাহাজী লোকেরদের দেখিতে পাইবার কথা।]

৩৪ ধারা। জাহাজের প্রত্যেকবার চলিয়া যাইবার আরম্ভে কিম্বা জাহাজী লোকদিগকে প্রথম নিযুক্ত করিবার সময়ে জাহাজের কাপ্তান ঐ একরারনামার সুপাঠ্য এক কেতা নকল লেখাইয়া, (কিন্তু তাহাতে লোকেরদের যে দস্তখৎ থাকে তাহা না দিয়া) ও প্রয়োজন হইলে জাহাজী লোকেরদের অধিকাংশ লোক যে ভাষা বুঝিতে পারে এমত ভাষায় ঐ একরারনামার তরজমা করাইয়া জাহাজের যে স্থানে জাহাজী সকল মল্লা যাইতে পারে এমত স্থানে রাখিবেন কি লট্‌কাইয়া দিবেন, ও যতবার তাহা না করেন ততবার তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[জাহাজের ফিরিয়া আসিবার পূর্ব্বে কোন মল্লাদিগকে বিদায় করা গেলে তাহারদের ক্ষতিপূরণের কথা।]

৩৫ ধারা। যদি কোন মল্লা একরারনামায় দস্তখৎ করিয়াছে, ও তাহার পর জাহাজের চলিয়া যাইবার আগে কিম্বা এক মাসের বেতন পাওনা হইবার আগে যদি তাহাকে বিদায় করা যায়, ও তাহাকে বিদায় করা যাহাতে ন্যায্য হয় এমত কোন কসুর যদি না করিয়া থাকে, ও তাহার নিজ সম্মতিতে যদি বিদায় না হয়, তবে তাহার যত বেতন পাওনা থাকে তত টাকা, ও তদ্ভিন্ন ঐরূপে বিদায় হওয়াতে তাহার যে ক্ষতি হইল তাহার পরিশোধে এক মাসের বেতনের অধিক না হয় এমত উপযুক্ত টাকা, সে জন ঐ জাহাজের কাপ্তান কি স্বামির স্থানে পাইতে পারিবেক, ও যে আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার বিচার করেন তিনি ঐ লোকের পূর্ব্বোক্তমতে অনুচিতরূপে বিদায় হইবার যে প্রমাণ উপযুক্ত জ্ঞান করেন তাহা উপস্থিত করিলে সে নিয়মিতরূপে পাওনা বেতনের মতে ঐ পরিশোধের টাকা আদায় করিতে পারিবেক ইতি।

আগাম টাকা দেওনের বিধি।

[আগাম টাকা ও আগাম টাকার চিঠী দিবার বিধি]

৩৬ ধারা। বেতনের আগাম টাকা কি আগাম

or advance-note given to any person but the seaman himself; and no advance of wages shall be made or advance-note given for any greater sum than the amount of one month's wages, nor unless the agreement contains a stipulation for the same and an accurate statement of the amount thereof; and no advance-note shall be given to any seaman who signs the agreement before a Shipping Master, unless in the presence of such Shipping Master.

[Advances irregularly or improperly made not to be a discharge of wages.]

XXXVII. If any advance of wages is made or any advance-note given to any seaman in any such manner as to constitute a breach of any of the above provisions, the wages of such seaman shall be recoverable by him as if no such advance had been made or advance-note given; and in the case of any advance-note so given, no person shall be sued thereon under the provisions hereinafter contained unless he was in person or by his agent a party to the irregular or improper manner of giving the same.

ALLOTMENT OF WAGES.

[Stipulations for allotment to be inserted in the agreement. Allotment-notes.]

XXXVIII. All stipulations for the allotment of any part of the wages of a seaman during his absence, which are made at the commencement of the voyage, shall be inserted in the agreement, and shall state the amounts and times of the payments to be made. All allotment-notes shall be in forms sanctioned by the local Government, and shall be made for the benefit only of a relative of the seaman or some member of his family to be named in the note, and shall be payable to the Shipping Master on account of such relative of the seaman or member of his family. Such allotment shall not in any case exceed one-third of the wages of the seaman.

[Owner &c. to pay to Shipping Master the sums allotted. Suit on allotment-notes. Evidence.]

XXXIX. The Owner or any Agent who has authorized the drawing of an allotment note shall pay to the Shipping Master on demand the sums allotted by the note, when and as the same are made payable, unless the seaman is shown in manner hereinafter mentioned to have forfeited or ceased to be entitled to the wages out of which the allotment is to be paid; and in the event of such sums not being paid to the Shipping Master on demand, the Shipping Master may sue for and recover them with costs. The seaman shall be presumed to be duly earning his wages, unless the contrary is shown to the satisfaction of the Court or Magistrate, either by the official statement of the change in the crew caused by his absence made

টাকার চিঠী কেবল মল্লাহিস্ন অন্য কোন কাহাকে দিতে হইবেক না, ও এক মাসের বেতনের অধিক আগাম টাকা কি তাহার চিঠী দিতে হইবেক না, ও একরার-নামার মধ্যে টাকা আগাম দিবার করার ও যত দিতে হইবেক তাহার স্পষ্ট লিখন না থাকিলে দেওয়া যাইবেক না। ও শিপিং মাষ্টরের সম্মুখে যে কোন মল্লা একরারনামায় দস্তখৎ করে, তাহাকে আগাম টাকা দিবার চিঠী ঐ শিপিং মাষ্টরের সাক্ষাতে না হইলে দিতে হইবেক না ইতি।

[টাকা অনিয়মিতরূপে কি অনুচিতমতে আগাম দেওয়া গেলে বেতনস্বরূপ জ্ঞান না হইবার কথা।]

৩৭ ধারা। বেতনের আগাম টাকা কিম্বা আগাম টাকার চিঠী কোন মল্লাকে যেরূপে দেওয়া যায় তাহা বুঝিয়া যদি পূর্ব্বোক্ত কোন বিধির লঙ্ঘন হয়, তবে সেই প্রকারের আগাম টাকা কিম্বা আগাম টাকার চিঠী না দেওয়া যাইবার মতে ঐ মল্লা আপনার বেতন আদায় করিতে পারিবেক। ও আগাম টাকার চিঠী সেই প্রকারে দেওয়া গেলে তাহার নিমিত্তে কোন লোকের নামে ইহার পরের লিখিত বিধানমতে নালিশ হইতে পারিবেক না, কিন্তু যদি এমত লোক আপনি কি মোক্তারের দ্বারা ঐ চিঠী অনিয়মিতরূপে কি অনুচিতমতে দেওয়ার কার্য্যেতে এক পক্ষ ছিল তবে হইতে পারিবেক ইতি।

বেতনের বরাৎ দিবার বিধি।

[বরাৎ দিবার করার একরারনামায় লিখিবার কথা ও বরাৎ চিঠীর কথা।]

৩৮ ধারা। মল্লার বিদেশে থাকন সময়ে তাহার বেতনের কোন অংশের বরাৎ দিবার যে সকল করার জাহাজের প্রথম চলিয়া যাওনের সময়ে করা যায়, তাহা একরারনামায় লিখিতে হইবেক, ও যে সময়ে যত টাকা করিয়া দিতে হইবেক তাহাও নির্ণয় করিয়া লিখিতে হইবেক। সেই প্রকারের সকল বরাৎ চিঠী স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে পাঠে লিখিতে হইবেক। ও তাহা ঐ মল্লার কেবল কোন কুটুম্বের কিম্বা তাহার পরিবারের কোন লোকের উপকারের নিমিত্তে হইবেক, ও সেই কুটুম্বাদির নাম ঐ চিঠীতে লেখা থাকিবেক ও ঐ মল্লার সেই কুটুম্বকে কি তাহার পরিবারের সেই লোককে দিবার জন্যে সেই টাকা শিপিং মাষ্টর সাহেবকে দেওয়া যাইবেক। কিন্তু সেই বরাতী টাকা ঐ মল্লার বেতনের তিন ভাগের এক ভাগের অধিক কখন না হয় ইতি।

[ঐ বরাতী টাকা শিপিং মাষ্টর সাহেবকে দিবার কথা ও বরাৎ চিঠীর উপর মোকদ্দমার ও প্রমাণের কথা।]

৩৯ ধারা। বরাতের চিঠীর টাকা দিবার অনুমতি জাহাজের যে স্বামী কি তাঁহার কোন মোক্তার দিয়াছেন তাঁহার নিকটে শিপিং মাষ্টর সাহেব চাহিলে ঐ বরাতী চিঠীর টাকা যখন যে প্রকারে দিতে হয় তখন সেই প্রকারে তাঁহাকে দেওয়া যাইবেক। কিন্তু মল্লার যে বেতন হইতে ঐ বরাতের টাকা দিতে হয় তাহার সেই বেতন বন্দ হইয়াছে কিম্বা সেই বেতন তাহার আর পাওনা নাই এই কথা যদি পরের লিখনমতে দেখান যায় তবে দেওয়া যাইবেক না। সেই টাকা দাওয়া হইবার কালে শিপিং মাষ্টর সাহেবকে না দেওয়া গেলে, ঐ শিপিং মাষ্টর সাহেব তাহার নিমিত্তে নালিশ করিয়া খরচাসমেত তাহা আদায় করিতে পারিবেন। মল্লা উচিতমতে কর্ম্ম করিয়া বেতন পাইবার যোগ্য আছে এমন অনুভব করিতে হইবেক। কেবল যদি আদালতের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমাতে বিপরীত

and signed by the master, as by this Act is required, or by a duly certified copy of some entry in the official log-book to the effect that he has died or left the ship, or by a credible letter from the master of the ship to the same effect, or by such other evidence, of whatever description, as the Court or Magistrate trying the case considers sufficient to show satisfactorily that the seaman has ceased to be entitled to the wages out of which the allotment is to be paid.

[Receipts and payments by Shipping Master on account of allotment-notes.]

XL. The Shipping Master, on receiving any such sum as aforesaid, shall pay it over to the person named in the allotment-note. All such receipts and payments shall be entered in a book, and all entries in the said book shall be authenticated by the signature of the Shipping Master or his Deputy; and the said book shall be, at all times, open to the inspection of the parties concerned.

DISCHARGE AND PAYMENT OF WAGES.

[Discharge from Foreign-going ships to be made before Shipping Master.]

XLI. All seamen discharged from any Foreign-going ship at any Port in India in whatever part of Her Majesty's Dominions the ship is registered, shall be discharged and receive their wages in the presence of a Shipping Master duly appointed under this Act, except in cases where some competent Court otherwise directs; and any master or owner of any such ship who discharges any seaman belonging thereto, or except as aforesaid pays his wages in any other manner, shall incur a penalty not exceeding one hundred Rupees; and in the case of Home-trade ships of a burden exceeding three hundred tons, seamen may, if the owner or master so desires, be discharged and receive their wages in like manner.

[Master to deliver account of wages.]

XLII. Every master shall, not less than twenty-four hours before paying off or discharging any seaman, deliver to him, or, if he is to be discharged before a Shipping Master, to such Shipping Master, a full and true account, in a form sanctioned by the local Government, of his wages and of all deductions to be made therefrom on any account whatever, and in default shall for each offence incur a penalty not exceeding fifty Rupees; and no deduction from the wages of any seaman (except in respect of any matter happening after such delivery) shall be allowed unless it is included in the account so delivered; and the master shall during the voyage enter the various matters in respect of which such deductions are made,

কথার প্রমাণ হয়, অর্থাৎ এই আইনমতে জাহাজের লোকেরদের অদলবদল হইবার যে কৈফিয়ৎ কাপ্তানের লিখিয়া দস্তখৎ করিবার আজ্ঞা হইল, ঐমত হাজির না হওয়াতে সেই অদলবদল হইবার এক কৈফিয়ৎ দাখিল হইলে—কিম্বা ঐ মল্লা মরিয়াছে কি জাহাজ ত্যাগ করিয়া গিয়াছে, জাহাজের টপনামার লেখা এমত কোন কথার নকল উচিতমতে দস্তখৎ হইয়া দাখিল—হইলে কিম্বা জাহাজের কাপ্তানের কোন বিশ্বাস যোগ্য পত্রেতে সেই প্রকারের কথা লেখা থাকিলে—ইত্যাদি প্রকারের অন্য কোন প্রমাণেতে যদি ঐ মোকদ্দমা বিচারকারিণী আদালত কি মাজিষ্ট্রেট সাহেব খাতিরজমাতে বুঝিতে পান যে মল্লার যে বেতনহইতে বরাতের টাকা দিতে হয় তাহা তাহার আর পাওনা নাই তবে সেই অনুভব ত্যাগ করিতে হইবেক নতুবা নয় ইতি।

[বরাৎ চিঠীর বলে শিপিং মাষ্টর সাহেবের প্রাপ্ত টাকার রসীদ ও টাকা দিবার কথা।]

৪০ ধারা। শিপিং মাষ্টর সাহেব পূর্ব্বোক্তমতের টাকা পাইলে, বরাৎ চিঠীতে যাহার নাম লেখা আছে তাহাকে দিবেন। সেই প্রকারের যে সকল টাকা পান ও দেন তাহার হিসাব খাতায় তুলিতে হইবেক, ও সেই খাতার লেখা সকল কথাতে ঐ শিপিং মাষ্টর সাহেবের কি তাঁহার ডেপুটী সাহেবের দস্তখৎ করিতে হইবেক। ও সেই টাকার লেনা দেনাতে যাহারদের কিছু সম্পর্ক থাকে তাহারা যখন চাহে তখন সেই খাতা দেখিতে পাইবেক ইতি।

বিদায় করিবার ও বেতন দিবার বিধি।

[বিদেশগমনীয় জাহাজের লোককে বিদায় করা গেলে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে করিবার কথা।]

৪১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের যে কোন স্থানে বিদেশগমনীয় জাহাজের রেজিষ্টরী হউক, যদি ভারতবর্ষের কোন বন্দরে কোন মল্লাকে বিদায় করা যায় তবে এই আইনমতের নিয়মিতরূপে নিযুক্ত কোন শিপিং মাষ্টর সাহেবের গোচরে তাহাকে বিদায় করিতে হইবেক ও তাহার বেতন দিতে হইবেক। কিন্তু যদি স্থলবিশেষে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালত অন্যরূপ হুকুম করেন তবে সেই হুকুম বহাল থাকিবেক। ও যদি তদ্রূপ কোন জাহাজের কোন কাপ্তান কি স্বামী অন্য কোন প্রকারে ঐ জাহাজের কোন মল্লাকে বিদায় করেন কিম্বা পূর্ব্বোক্তমতে না হইয়া অন্য প্রকারে তাহার বেতন দেন, তবে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের স্বামী কি কাপ্তান ইচ্ছা করিলে, তাঁহারদের মল্লারাও সেই বিধিমতে বিদায় করা যাইতে ও বেতন পাইতে পারিবেক ইতি।

[বেতনের হিসাব কাপ্তানের দিবার কথা।]

৪২ ধারা। কাপ্তান কোন মল্লাকে বেতন দিয়া বিদায় করিবার আগে চব্বিশ ঘণ্টা থাকিতে ঐ মল্লার বেতনের ও তাহাহইতে যে কিছু যে কারণে বাদ দিতে হইবেক তাহার পূরা ও ঠিক হিসাব, স্থানবিশেষের গবর্ণমেণ্ট যেমন অনুমতি করেন সেই প্রকারে লিখিয়া, তাহাকে দিবেন, কিম্বা শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে তাহাকে বিদায় করিতে হইলে ঐ হিসাব শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। ও সেই প্রকারে যতবার না করেন, ততবার তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক। ও সেই হিসাবে ধরা না গেলে কোন মল্লার বেতনহইতে কিছু বাদ দিবার অনুমতি হইবেক না, কেবল সেই হিসাব দিলে পর যদি তাহার বেতন কাটিবার কোন কারণ হয় তবে হইবেক। জাহাজের যত্রাকালে কাপ্তান একখান বহী রাখিয়া মল্লারদের বেতন যং কারণে কাটিতে হইবেক ও যত করিয়া কাটিতে

with the amount of the respective deductions as they occur, in a book to be kept for that purpose, and shall, if required, produce such book at the time of the payment of wages and also upon the hearing before any competent authority of any complaint or question relating to such payments.

[On discharge, masters to give seamen certificates of discharge, and return certificates of competency or service to mates.]

XLIII. Upon the discharge of any seaman or upon payment of his wages, the master shall sign and give him a certificate of his discharge, in a form sanctioned by the local Government, specifying the period of his service and the time and place of his discharge; and if any master fails to sign and give to any such seaman such certificate of discharge, he shall for each such offence incur a penalty not exceeding one hundred Rupees; and the master shall also, upon the discharge of every certificated mate whose certificate of competency or service has been delivered to and retained by him, return such certificate, and shall in default incur a penalty not exceeding two hundred Rupees.

[Shipping Master may decide questions which parties refer to him. How award may be enforced.]

XLIV. Every Shipping Master shall hear and decide any question whatever between a master or owner and any of his crew which both parties agree in writing to submit to him; and every award so made by him shall be binding on both parties, and shall in any legal proceeding which may be taken in the matter before any Court or Magistrate, be deemed to be conclusive as to the rights of the parties; and any document purporting to be such submission or award shall be *primâ facie* evidence thereof. An award made by a Shipping Master under this Section may be enforced by a Magistrate in the same manner as an order for the payment of wages made by such Magistrate under the provision of Section LV.

[Master and others to produce ship's papers to Shipping Masters, and give evidence.]

XLV. In any proceeding relating to the wages, claims, or discharge of any seaman carried on before any Shipping Master under the provisions of this Act, such Shipping Master may call upon the owner or his agent, or upon the master or any mate or other member of the crew, to produce any log-books, papers, or other documents in their respective possession or power relating to any matter in question in such proceeding, and may call before him and examine any of such persons being then at or near the place on any such matter; and every owner, agent, master, mate, or other member of the crew who, when called upon by the Shipping Master, does not produce any such paper or document as aforesaid if in his

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১ মার্চ।]

হইবেক তাহার কথা ঐ বহীতে লিখিয়া রাখিবেন, ও বেতন দিবার সময়ে, ও সেই বেতনের কোন নালিশে কি বিবাদের বিচার উপযুক্ত কোন কার্য্যকারক সাহেবের সম্মুখে হইবার সময়ে, তাঁহাকে আজ্ঞা হইবে তাঁহার ঐ বহী আনিয়া দেখাইতে হইবেক ইতি।

[জাহাজের লোককে বিদায় করিলে মল্লারদিগকে বিদায় করিবার সর্টিফিকট ও মালিমদিগকে যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট দিবার কথা।]

৪৩ ধারা। কোন মল্লাকে বিদায় করিবার কিম্বা তাহার বেতন দিবার সময়ে কাপ্তান স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতিমতে লেখা বিদায়ের সর্টিফিকট দস্তখৎ করিয়া তাহাকে দিবেন। মল্লা যত কাল কর্ম্ম করিয়াছে ও যে সময়ে ও স্থানে বিদায় হয় তাহা ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকিবেক। ও যদি কোন কাপ্তান ঐ প্রকারের বিদায়ের সর্টিফিকট দস্তখৎ করিয়া মল্লাকে না দেন তবে তদ্রূপ এক২ দোষের জন্যে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক। আরো সর্টিফিকটপ্রাপ্ত যে মালিমের যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট কাপ্তানের হাতে দেওয়া গিয়াছিল ও তাঁহার কাছে থাকিতাহা ঐ মালিমকে বিদায় করিবার সময়ে তাঁহাকে ফিরিয়া দিবেন। না দিলে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[বিবাদ উপস্থিত হইলে শিপিং মাষ্টর সাহেবে সেই বিবাদ নিষ্পত্তি করিবার ও তাঁহার হুকুম প্রকাশ করিবার কথা।]

৪৪ ধারা। কাপ্তানের কি স্বামির ও জাহাজী লোকেদের মধ্যে কোন বিবাদ হইলে যদি উভয় পক্ষ সেই বিবাদ শিপিং মাষ্টর সাহেবের নিষ্পত্তির জন্যে অর্পণ করিবার করার লিখিয়া দেন তবে শিপিং মাষ্টর সাহেব বিবাদের বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন ও তাহাতে তিনি যে কোন ফয়সলা করেন তাহা উভয় পক্ষের মানিতে হইবেক। ও যদি সেই কথা, লইয়া কোন মোকদ্দমা কোন আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা যায়, তবে উভয় পক্ষের স্বত্ববিষয়ে ঐ ফয়সলা সিদ্ধান্ত জ্ঞান হইবেক। ও তদ্রূপ অর্পণ করিবার কিম্বা সেই ফয়সলার লিপি বলিয়া কোন দলীল আপাতত ঐ অর্পণ করিবার কি ঐ ফয়সলার প্রমাণ হইবেক। এই ধারামতে শিপিং মাষ্টর সাহেব যে ফয়সলা করেন তাহা ৫৫ ধারার বিধানমতে কোন মাজিষ্ট্রেট সাহেবের বেতন দিবার হুকুম প্রবল করিবার ন্যায় সেই মাজিষ্ট্রেট সাহেব প্রবল করিবেন ইতি।

[জাহাজের কাগজপত্র শিপিং মাষ্টর সাহেবের নিকটে কাপ্তানের ও অন্য লোকেরদের আনিয়া দেখাইবার ও প্রমাণ দিবার কথা।]

৪৫ ধারা। কোন মল্লার বেতনের কি দাওয়ার কি বিদায় হইবার কথা লইয়া যখন কোন মোকদ্দমা এই আইনের বিধানমতে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে চালান যায়, তখন ঐ শিপিং মাষ্টর সাহেব জাহাজের স্বামিকে কি তাহার মোখ্তারকে কিম্বা কাপ্তানকে কি মালিমকে কিম্বা জাহাজের অন্য কোন লোককে কি টপনামা কি কাগজপত্র কিম্বা ঐ মোকদ্দমায় বিবাদের কোন কথাসংক্রান্ত অন্য যে দলীল তাহারদের নিকট কি ক্ষমতার অধীনে থাকে তাহা আনিয়া দেখাইতে হুকুম করিতে পারিবেন, ও সেই প্রকারের যে কোন লোক তৎকালে সেই স্থানে কি তাঁহার নিকটে থাকে তাঁহাকে আপনার সম্মুখে তলব করিয়া ঐ কথার বিষয়ে তাঁহার জোবানবন্দী লইতে পারিবেন। ও শিপিং মাষ্টর সাহেব জাহাজের স্বামিকে কি তাহার মোখ্তারকে কি কাপ্তানকে কি মালিমকে কিম্বা জাহাজের অন্য লোকে

possession or power, or does not appear and give evidence, shall, unless he shows some reasonable excuse for such default, for each such offence incur a penalty not exceeding fifty Rupees.

[Settlement of wages.]

XLVI. The following rules shall be observed with respect to the settlement of wages, (that is to say)—

[Release to be signed before and attested by the Shipping Master.]

1.—Upon the completion before a Shipping Master of any discharge and settlement, the master or owner and each seaman shall respectively, in the presence of the Shipping Master, sign, in a form sanctioned by the local Government, a mutual release of all claims in respect of the past voyage or engagement, and the Shipping Master shall also sign and attest the release and shall retain the same.

[To be a discharge.]

2.—Such release so signed and attested shall operate as a mutual discharge and settlement of all demands between the parties thereto in respect of the past voyage or engagement.

[And to be evidence.]

3.—A copy of such release, certified under the hand of such Shipping Master to be a true copy, shall be given by him to any party thereto requiring the same, and such copy shall be receivable in evidence upon any future question touching such claims as aforesaid, and shall have all the effect of the original of which it purports to be a copy.

[No other receipt to be a discharge.]

4.—In cases in which discharge and settlement before a Shipping Master are hereby required, no payment, receipt, settlement, or discharge otherwise made shall operate or be admitted as evidence of the release or satisfaction of any claim.

[Voucher to be given to master and to be evidence.]

5.—Upon any payment being made by a master before a Shipping Master, the Shipping Master shall, if required, sign and give to such master a statement of the whole amount so paid, and such statement shall, as between the master and his employer, be received as evidence that he has made the payments therein mentioned.

(To be continued.)

[*Government Gazette, 1st March*, 1859.]

কে তলব করিলে যদি সেই লোক আপনার নিকটে কি আপন ক্ষমতার অধীনে থাকা পূর্ব্বোক্তমতের কোন কাগজপত্র কি দলীল আনিয়া না দেখায়, কিম্বা হাজির হইয়া প্রমাণ না দেয়, তবে সেই প্রকার ত্রুটির কোন উপযুক্ত কারণ দেখাইতে না পারিলে তাহার সেরূপ প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[বেতন চুকাইয়া দিবার কথা।]

৪৬ ধারা। বেতন চুকাইয়া দিবার কার্য্যেতে এই২ বিধি মানিতে হইবেক ইতি।

[শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে ফারখতে দস্তখৎ হইবার ও তাহার প্রমাণে তাঁহার স্বাক্ষর করিবার কথা।]

১। শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে কোন লোকের বিদায় করিবার ও বেতন চুকাইয়া দিবার কার্য্য সমাপ্ত হইলে, জাহাজের কাপ্তান কি স্বামী ও এক২ জন মল্লা ঐ শিপিং মাষ্টর সাহেবের গোচরে জাহাজের পূর্ব্ব যাত্রার কি একরারনামার সম্পর্কে সকল দাওয়ার এক ফারখতী পত্রে স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতিকরা পাঠে দস্তখৎ করিবেন ও শিপিং মাষ্টর সাহেবও ঐ ফারখতী পত্রে দস্তখৎ করিবেন ও সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিবেন ও তাহা আপনার নিকটে রাখিবেন।

[তাহা ফারখৎ হইবার কথা।]

২। ঐ ফারখৎনামার সেই প্রকারে দস্তখৎ ও স্বাক্ষর হইলে পর জাহাজের পূর্ব্বযাত্রার কি একরারনামার সম্পর্কে উভয় পক্ষের সকল দাওয়ার পরস্পর ফারখৎ ও নিষ্পত্তির ন্যায় হইবেক।

[ও প্রমাণ হইবার কথা।]

৩। ঐ ফারখৎনামার সম্পর্কীয় কোন লোক যদি তাহার এক কেতা নকল চাহে, তবে তাহার এক কেতা নকলে ঐ শিপিং মাষ্টর সাহেব যথার্থ নকল বলিয়া দস্তখৎ করিয়া সেই নকল তাহাকে দিবেন, ও পূর্ব্বোক্তমতের দাওয়া লইয়া পরে কোন বিবাদ হইলে ঐ নকল প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবেক, ও যে লিপির নকল বলিয়া জ্ঞান হয় তাহার আসলের তুল্য বলবৎ হইবেক।

[অন্য কোন রসীদ ফারখৎ না হইবার কথা।]

৪। এই ধারামতে যে২ স্থলে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে বিদায় ও নিষ্পত্তি হইবার হুকুম হইল এমত স্থলে অন্য কোন প্রকারে যে কিছু টাকা কি রসীদ দেওয়া যায় কি নিষ্পত্তি কি ফারখৎ হয় তাহা বলবৎ হইবেক না ও ফারখতের কিম্বা কোন দাওয়া পরিশোধের প্রমাণে গ্রাহ্য হইবেক না।

[কাপ্তানকে বৌচর দিবার কথা ও তাহা প্রমাণ হইবার কথা।]

৫। শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে জাহাজের কাপ্তান কিছু টাকা দিলে পর, ঐ শিপিং মাষ্টর সাহেবের নিকটে প্রার্থনা হইলে তিনি সেইরূপ যত টাকা দেওয়া গিয়াছে তাহার সমুদয়ের কৈফিয়তে দস্তখৎ করিয়া ঐ কাপ্তানকে দিবেন, ও ঐ টাকা যে দেওয়া গিয়াছে ইহার প্রমাণস্বরূপে কাপ্তানের ও তাঁহার মুনিবের মধ্যে ঐ কৈফিয়ৎ গ্রাহ্য হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

T

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed to intimate to you for future guidance, that it has been ruled by the Court that a person holding a Law Diploma of the Presidency College, is qualified to practise at the bar of the Sudder Court, of the Zillah Judge and Principal Sudder Ameen. It will of course be requisite that he be competent to plead in the language, Urdoo or Bengalee, of the district, where he desires to practise.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 14th January, 1859.

No. 2.

To the Civil Judges in the Lower Provinces and Deputy Commissioner of Hazareebagh.

I am directed by the Court to request that you will in future submit all applications from Principal Sudder Ameens and Sudder Ameens for leave of absence during the Mohurrum and Dusserah Vacations, to the Government of Bengal, instead of sending them direct to this office.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 8th January, 1859.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 1.

To the Magistrates and Joint Magistrates in the Lower Provinces.

The Court direct that, whenever you may have occasion, in future, to deliver over charge of your Office, you will submit the prescribed report for the information of the Court through the Judge of the District, rather than directly to this office.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 3rd January, 1859.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৯ । ১ মার্চ ।]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

ইহার পরে তোমার উপদেশের নিমিত্তে আমাকে এই কথা জানাইতে আজ্ঞা হইয়াছে। সদর আদালত এই নির্দ্ধারণ করিয়াছেন। প্রসীডেন্সী কালেজের লা ডিপ্লোমা (অর্থাৎ আইনসম্পর্কীয় যোগ্যতার পত্র) যে জন পান তিনি সদর আদালতে ও জিলার জজ সাহেবের ও প্রধান সদর আমীনের আদালতে ওকালতী করিবার যোগ্য হন। ইহাতে সুতরাং যে জিলাতে কর্ম্ম করিতে চাহেন সেই জিলা বুঝিয়া তাঁহার উর্দ্দু কি বাঙ্গলা ভাষাতে মওয়াল জওয়াব করিবার ক্ষমতা থাকা আবশ্যক।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১৪ জানুআরি।

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিসনর সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে এই আ[illegible] করিতেছি। প্রধান সদর আমীনেরা ও সদর আমীনেরা মহরমের ও দশহরার বন্দের সময়ে ছুটী প্রার্থনা করিলে তাঁহারদের প্রার্থনা ইহার পরে একেবারে আদালতে না পাঠাইয়া বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টে পাঠাও।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ৮ জানুআরি।

John Robinson, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট ও জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা এই আজ্ঞা করিতেছেন। ইহার পরে যখন তোমার কর্ম্মের ভার অন্য কাহার হাতে সমর্পণ করিতে হয় তখন আদালতকে জানাইবার জন্যে যে রিপোর্ট পাঠাইতে হয় তাহা একেবারে এই দফ্তরখানায় না পাঠাইয়া জিলার জজ সাহেবের দ্বারা পাঠাও।

ফোর্ট উলিয়ম। এ ডবলিউ রসেল। রেজিষ্টর।
১৮৫৯ সাল ৩ জানুআরি।

John Robinson, *Bengalee Translator*

No. 14 of 1859.

NOTIFICATION.

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 21st February 1859.

His Excellency the Governor General of India in Council is pleased to notify for general information the financial measures which have been resolved upon, in order to provide means for carrying on the Public Service in the coming Year 1859-60.

On the 16th of January 1857, a Five-per-Cent Loan was opened, in supersession of the Four-and-a-half-per-Cent Loan opened on the 30th of August 1856, which had been found, in the then state of the Money Market, not to afford sufficient inducement to Capitalists. On the 30th of April 1857, the Financial position of the Government of India was excellent. The annual deficit which had been experienced for several years, and which in 1853-54 had amounted to Rupees 211 Lacs, chiefly in consequence of the great extension in late years of Public Works, was reduced for the year 1856-57 to the small sum of Rupees 18 Lacs, and this Financial restoration had been accomplished without the stoppage of those great works of material improvement of which India is so much in need. But as the Government had raised but a small amount in the way of Loan, after the closing of the Five-per-Cent Public Works' Loan in October 1855, the Cash Balances in India had fallen so low that the opening of an effectively drawing Loan had become indispensable.

In May 1857 the revolt of the Bengal Native Army broke out, and it became necessary by adequate measures both in India and at Home, to provide the means of making those extraordinary exertions by which, under the blessing of Providence, the Indian Empire has been saved, and tranquillity has been restored.

The Government at Home undertook all the charges which had to be met at Home, both the ordinary Home charges of each year, and the extraordinary Home charges which the despatch to India of a large English Force, and the provision of an immense supply of the Munitions of War, (a vast quantity of which had been lost or destroyed,) rendered necessary: and it assisted the Indian Exchequer, at the moment of greatest pressure, by the remittance of a Million Sterling in Bullion. These objects were met by the issue at Home of temporary debentures to the amount of Eight Millions Sterling. The Government of India had the task of providing for the main part of the extraordinary War charges, which of course had to be disbursed in India; and for the Barrack Accommodation of many thousand additional Euro-

১৮৫৯ সাল ১৪ নয়র।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৯ সাল ২১ ফেব্রুআরি।

আগামি ১৮৫৯। ৬০ সালে সরকারী কর্ম্ম চালাইবার খরচের উপায় করিবার অভিপ্রায়ে সরকারের অর্থসম্পর্কীয় যে নিয়ম নির্দ্ধার্য্য করা গিয়াছে তাহা সকল লোককে জ্ঞাত করিবার জন্যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর প্রকাশ করিতেছেন।

১৮৫৬ সালের আগষ্ট মাসের ৩০ তারিখে শতকরা সাড়েচারি টাকার সুদের লোন খোলা গিয়াছিল। কিন্তু টাকার বাজারের তৎকালীন ভাবগতিক বুঝিয়া অর্থব্যবসায়িরা ঐ সুদে কর্জ দিতে তাদৃশ যত্নবান হইলেন না। অতএব তাহার পরিবর্ত্তে ১৮৫৭ সালের জানুআরি মাসের ১৬ তারিখে শতকরা পাঁচ টাকা সুদের লোন খোলা গেল। ১৮৫৭ সালের আপ্রিল মাসের ৩০ তারিখে ভারতবর্ষের গবর্ণমেণ্টের তহবীলের উত্তম অবস্থা হইয়াছিল। তাহার পূর্ব্বে অনেক বৎসরঅবধি আয়অপেক্ষা ব্যয় অধিক হইয়াছিল ও কএক বৎসরঅবধি সরকারের ইমারৎপ্রভৃতি অনেক কার্য্য অতি বাহুল্যরূপে হওয়াতে ১৮৫৩। ৫৪ সালে আয়অপেক্ষা ২১১ লক্ষ টাকাপর্য্যন্ত অধিক' ব্যয় হইয়াছিল। কিন্তু ১৮৫৬। ৫৭ সালে তাহার অধিক শোধ হইয়া আয়অপেক্ষা ব্যয় কেবল ১৮ লক্ষ টাকাপর্য্যন্ত অধিক রহিল। ও ভারতবর্ষের অতিগুরুতর সৌষ্ঠবের জন্যে যে বৃহৎ২ কার্য্যের অত্যন্ত আবশ্যক আছে তাহা রহিত না করিয়াও সরকারের তহবীলের পূর্ব্বোক্তমতে সদবস্থা হইয়াছিল। পরন্তু গবর্ণমেণ্ট কর্জ করণের দ্বারা অল্প টাকামাত্র উৎপন্ন করিয়াছিলেন। অতএব সরকারের ইমারৎপ্রভৃতি কার্য্যের নিমিত্তে শতকরা পাঁচ টাকার সুদের যে লোন হইয়াছিল তাহা ১৮৫৫ সালের অক্টোবর মাসে বন্দ হইলে পর, ভারতবর্ষে নগদ অতিঅল্প টাকা হাতে রহিয়াছিল। তৎপ্রযুক্ত যে প্রকারের লোন খুলিলে টাকা সফলমতে পাঁওয়া যাইতে পারে এমত লোন খোলা আবশ্যক হইয়াছিল।

১৮৫৭ সালের মে মাসে বাঙ্গলা দেশের সিপাহী পল্টনের বিদ্রোহাচার হইতে লাগিল। তৎপ্রযুক্ত ভারতবর্ষে ও ইঙ্গলণ্ড দেশে অতি অসাধারণ যত্ন হইবার উপযুক্ত নিয়ম করা আবশ্যক হইল। পরমেশ্বরের আশীর্ব্বাদে সেই যত্নক্রমে ভারতবর্ষ রাজ্যের রক্ষা হইয়াছে ও শান্তি পুনরায় স্থাপন হইয়াছে।

ইঙ্গলণ্ডে যে সকল টাকা তৎকালে খরচ করিতে হইয়াছিল তাহা ইঙ্গলণ্ডীয় গবর্ণমেণ্ট পরিশোধ করিতে স্বীকার করিয়াছিলেন। অর্থাৎ ইঙ্গলণ্ড দেশের প্রতিবৎসরের নিয়মিত খরচ, ও গোরা অনেক দল সৈন্য ভারতবর্ষে পাঠাইবার খরচ, ও অতিঅধিক বারুদ কামানপ্রভৃতি হারাণ গিয়াছিল কি নষ্ট হইয়াছিল এইপ্রযুক্ত যুদ্ধের অনেক সরঞ্জাম পাঠাইবার যত খরচ আবশ্যক হইল ইঙ্গলণ্ড দেশের নিয়মিতাতিরিক্ত সেই সকল খরচও দিতে স্বীকার করিয়াছিলেন, তদ্ভিন্ন অত্যন্ত কষ্টের সময়ে দশ লক্ষ টাকার রূপার চাক্তি পাঠাইয়া ভারতবর্ষের অর্থসঙ্গতির অত্যন্ত সাহায্য করিলেন। এই২ অভিপ্রায় সফল করিবার জন্যে ইঙ্গলণ্ডে আশী লক্ষ টাকা কিঞ্চিৎ কালের নিমিত্তে কর্জ লওয়া গিয়াছিল। যুদ্ধের অতিরিক্ত খরচের অধিক অংশ পরিশোধ করিবার ভার ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রতি হইল। তাহা সমুদয় ভারতবর্ষেতেই ব্যয় করিতে হইয়াছিল, ও অতিরিক্ত সহস্র ইউরোপীয় সৈন্যেরদের বারিক প্রস্তুত করিবার ও যে

peans; as also for the restoration of the Treasure which had been plundered; and this it had to do, when nearly all the Revenues of one of the Local Governments had been swept away.

The Five-per-Cent Loan, which would have been adequate for ordinary wants and in ordinary times, was found to be madequate at this time of extreme pressure. Accordingly it was necessary to induse Capitalists to come to the assistance of the State, by an enhancement of the terms; and the Governor General in Council resolved to borrow at Six-per-Cent.

He was aware that this could not be done without in some degree affecting injuriously those Holders of the Paper of former Loans, who had not purchased for purposes of permanent investment: but this is the condition of all such Holders of Government Stock in all Countries, whenever a great exigency forces upon the State the necessity of raising a large sum in a limited time. The Governor General in Council, however, was desirous to save such Holders from loss, as far as that could be done consistently with the paramount object in view. Therefore, instead of simply opening a Six-per-Cent Loan, which would have brought down the price of Four and Five-per-Cent Paper to a low point, he threw open the existing Five-per-Cent Loan to subscriptions half in Cash, and half in Four-per-Cent Paper. This arrangement for many months answered the purpose, the market price of the Paper of former Loans was but little affected by the operation; and the expectations of Government were fully met by large and regular subscriptions through the medium of the then existing Holders of Four-per-Cent Stock, or those who purchased of them for the express purpose of subscribing to the Loan. From the opening of this conversion Loan to the present time upwards of Eight Crores have been paid in Cash.

Latterly, however, whether from the partial exhaustion of such Holders of Four-per-Cent Paper as are able and willing to convert it, or to sell it at such a price as will induce the Capitalist to buy it for the purpose of conversion, or from some other cause, this conversion process has failed to afford the income which in the present temporary exigency is necessary for the Public Service. For many weeks past the subscriptions to the conversion Loan have fallen to less than half what they were; and they have shewn no prospect of improvement.

In this state of things, the Government of India, having the Public Service to provide for, had no choice but to adopt some change of measure by which it could hope to obtain the requisite funds before the Cash Balances should become exhausted. The Governor General in Council did not doubt that the rate of Six-per-Cent, which

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১ মার্চ্চ।]

সকল খাজানা লুঠ হইয়াছিল তাহা প্রত্যর্পণ করিবার ভার গবর্ণমেণ্টের প্রতি হইয়াছিল। বিশেষতঃ এক স্থানের গবর্ণমেণ্টের প্রায় সমস্ত খাজানা অপহরণ হইলে পর ঐ সকল কার্য্য করিতে হইয়াছিল।

শতকরা পাঁচ টাকার সুদের লোনে সাধারণমতের কালে নিয়মিত খরচ পোষাইবার জন্যে কুলাইত, কিন্তু এই অত্যন্ত কষ্টের কালে কুলায় না। তাহাতে রাজ্যের সাহায্য করিতে অর্থব্যবসায়িরদের প্রবৃত্তি জন্মাইবার জন্যে কর্জ্জের সুদ বৃদ্ধিকরা আবশ্যক হইয়াছিল। ও হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর শতকরা ছয় টাকার সুদে কর্জ লইতে স্থির করিয়াছিলেন।

কিন্তু তাহা করিলে যাঁহারা চিরকালের নিমিত্তে টাকা গচ্ছিত করিবার অভিপ্রায়ে ক্রয় করেন না, এমত যে মহাশয়েরদের নিকটে পূর্ব্বং লোনের কাগজ ছিল তাঁহারদের অবশ্য ক্ষতিই হইত, শ্রীযুক্ত তাহা অবগত ছিলেন। কিন্তু যে কোন দেশে যখন কোন গুরুতর কারণে অল্প কালের মধ্যে অধিক টাকা আদায় করা আবশ্যক হয়, তখন প্রমিসরি নোটপ্রভৃতি গবর্ণমেণ্টের স্টাক যাঁহারদের হাতে থাকে তাঁহারদের সেই দশা হয়। পরন্তু হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর লক্ষিত গুরুতর অভিপ্রায় সফল করিয়াও কোম্পানির কাগজপ্রাপ্ত লোকেরদের ক্ষতি সাধ্যমতে নিবারণ করিতে চেষ্টা করিলেন। কেবল শতকরা ছয় টাকার সুদের লোন খুলিলে শতকরা চারি টাকার ও পাঁচ টাকার সুদের কাগজের অত্যল্প মূল্য হইত। এই কারণে তাহা না করিয়া, শতকরা পাঁচ টাকার যে লোন তখন খোলা ছিল তাহার কাগজের মূল্য অর্দ্ধেক নগদ দিয়া ও অন্য অর্দ্ধেক শতকরা চারি টাকার সুদের কাগজ দিয়া কিনিবার অনুমতি দিলেন। এই উপায়ে অনেক মাসপর্য্যন্ত অভিপ্রায় সফল হইল। ও পূর্ব্বং লোনের কাগজের বাজারভাও প্রায় কম পড়িল না। ও তখন যাঁহারদের হাতে শতকরা চারি টাকার সুদের কাগজ ছিল তাঁহারদের দ্বারা ঐ লোনে অনেক টাকা ক্রমশঃ দেওয়া গিয়াছিল, অন্য লোকেরাও ঐ লোনে টাকা দিবার জন্যে শতকরা চারি টাকার সুদের কাগজ কিনিয়া ক্রমশঃ অনেক দিয়াছিলেন, ইহাতে গবর্ণমেণ্টের অভিপ্রায় সম্পূর্ণরূপে সফল হইল। সেই পরিবর্ত্তনের লোন খুলিবার সময়াবধি অদ্যপর্য্যন্ত আট কোটি টাকা নগদ আদায় হইয়াছে।

অপর যাঁহারদের হাতে শতকরা চারি টাকার সুদের কাগজ ছিল এমত যে লোকেরা তাহার পরিবর্ত্তে পাঁচ টাকার সুদের কাগজ লইতে সক্ষম কি ইচ্ছুক ছিলেন তাঁহারদের সংখ্যা ন্যূন হওয়াতে হউক, কিম্বা ঐ প্রকারের কাগজ লইবার জন্যে যে অর্থব্যবসায়িরা ঐ চারি টাকার সুদের কাগজ কিনিতেন তাঁহারা যে দরে কিনিতে পারেন এমত মূল্যেতে তাহা বিক্রয় করিবার অনিচ্ছাতে হউক, কিম্বা অন্য কোন কারণে হউক, সরকারী কার্য্যের নিমিত্তে সম্প্রতি যত অধিক টাকা আদায় করা আবশ্যক হইয়াছে, ঐ কাগজ পরিবর্ত্তনের নিয়মে অল্প কালাবধি তত টাকা আদায় হয় না। ফলতঃ ঐ পরিবর্ত্তনের নিয়মের লোনে যত টাকা আদায় হইত তাহার অর্দ্ধেকেরও কম টাকা অনেক সপ্তাহঅবধি পাওয়া যাইতেছে, ও বৃদ্ধির কোন লক্ষণ দেখা যায় না।

এমন অবস্থায়, সরকারী কর্ম্মের নিমিত্তে খরচ পোষাইবার ভার ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রতি থাকাতে, যত টাকা হাতে আছে তাহার অবশেষ না হইতে২ আবশ্যক টাকা যাহাতে পাওয়া যাইবার আশা হয় এমত কোন নূতন নিয়ম করা গবর্ণমেণ্টের অগত্যা প্রয়োজন হইয়াছিল। শতকরা ছয় টাকার যে সুদ গবর্ণমেণ্ট দিতেছিলেন তাহা অর্থব্যবসায়িরদের টাকা

Government were paying, was ample Interest to induce the Capitalist to subscribe. But it was apparent that from some cause or other, the requisite funds, even at that rate, could no longer be procured exclusively through the medium of Holders of Four-per-Cent Stock. There was therefore nothing to be done but to look for subscriptions either through the medium of some other class, or from Capitalists generally.

In this state of things the Governor General in Council resolved, on the 26th of January last, to adopt a new arrangement in respect to the open Loan, from the commencement of the approaching Financial year. Accordingly he gave notice of the closing on the 30th of April next of the Four-per-Cent conversion arrangement. By this warning all remaining Holders of that Stock for whose benefit it may be to take advantage of that arrangement will still have full opportunity of so doing. Up to the end of the Current Commercial Year, Holders of Four-per-Cent Paper will still have it in their power, on subscribing to the open Loan, to obtain Six-per-Cent for the Cash subscribed.

In order to throw open the door, in some manner, to the general Capitalist, Treasury Bills, bearing a somewhat lower rate of Interest, were issued; and the Governor General in Council, looking to the very large extraordinary expenditure which must still remain to be incurred in the coming year, made application to the Right Hon'ble the Secretary of State for India for assistance in the way of Bullion Remittances from Home, to the extent of Three Millions Sterling.

It had been the wish of the Governor General in Council to await the answer of the Secretary of State which may be expected by the 1st of May; as also to allow time to show practically what may be expected as the result of the above-mentioned measures, before determining upon the course to be adopted on the 1st of May for the service of the coming year. But the late fluctuations in the Stock Market, though the manifest result of an unfounded and happily short-lived panic, and the representations of the Mercantile Community, who are of opinion that in the present state of the Market uncertainty as to the future Financial operations of Government would be a great evil, have induced His Excellency in Council to anticipate the determination of this question, and to announce at once the arrangement which it is his intention to make in India for the service of the year 1859-60.

Reductions in the present enormous War charges will be made as early and to as great an extent as may be safe. Measures will be taken for the permanent increase of the Indian Revenues

[*Government Gazette*, 1st *March*, 1859.]

দেওনের প্রবৃত্তি জন্মাইবার যথেষ্ট সুদ বটে ইহা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর নিশ্চয়মতে জানিলেন। কিন্তু কোন না কোন কারণে কেবল শতকরা চারি টাকার সুদের কাগজপ্রাপ্ত ব্যক্তিরদের দ্বারা সেই হারেও প্রয়োজনমতের টাকা আর পাওয়া যাইতে পারিল না, অতএব অন্য কোন লোকেরদের স্থানে অথবা সাধারণমতে অর্থব্যবসায়িরদের স্থানে সেই টাকা পাইবার অপেক্ষা করিতে হইয়াছিল

এমন অবস্থায়, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর খোলা লোনের নূতন নিয়ম আগামি সরকারী সনের প্রথমাবধি করিতে, গত জানুআরি মাসের ২৬ তারিখে মনস্থ করিলেন। তদনুসারে তিনি শতকরা চারি টাকার সুদের কাগজের পরিবর্ত্তে নূতন লোনের কাগজ দিবার নিয়ম আগামি আপ্রিল মাসের ৩০ তারিখঅবধি বন্দ হইবেক, এমত সম্বাদ দিয়াছেন। ঐ সম্বাদ অগ্রে দেওয়ার এই ফল যে, ঐ চারি টাকার সুদের কাগজ যাঁহারদের হাতে থাকে, তাঁহারা তাহা পরিবর্ত্তন করিয়া নূতন লোনের কাগজ লওয়া আপনারদের লভ্যের বিষয় জ্ঞান করিলে তাহা করিবার অবকাশ পান্। যাঁহারদের শতকরা চারি টাকার সুদের কাগজ থাকে, তাঁহারা চলিত তেজারতী সনের শেষপর্য্যন্ত খোলা লোনে টাকা দিয়া, আপনারদের নগদ টাকার উপর শতকরা ছয় টাকার হিসাবে সুদ পাইতে পারিবেন।

সাধারণ অর্থব্যবসায়িরা টাকা দিতে পারেন ইহার কোন প্রকারের উপায় করিবার জন্যে, তদপেক্ষা কিঞ্চিৎ অল্প সুদের ট্রেজুরী বিল জারী হইয়াছিল। ও আগামি বৎসরে অতিরিক্ত খরচে অধিক টাকা ব্যয় করিতে হইবেক তাহা বিবেচনা করিয়া হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর, ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত অনরবিল সেক্রেটারী সাহেবের স্থানে সাহায্য প্রার্থনা করিয়াছেন অর্থাৎ তিনি ত্রিশ লক্ষ টাকার চাক্তি ইঙ্গলণ্ড দেশহইতে পাঠান্ ইহা প্রার্থনা করিয়াছেন।

রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের উত্তর আগামি মে মাসের ১ তারিখপর্য্যন্ত পাওয়া যাইতে পারে। তাহাতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর আগামি বৎসরের সরকারী কার্য্যের নিমিত্তে মে মাসের ১ তারিখে যে নিয়ম করিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করিবার পূর্ব্বে শ্রীযুত সেক্রেটারী সাহেবের উত্তরের অপেক্ষায় থাকা, ও ইতিমধ্যে পূর্ব্বের লিখিত উপায়ের যে ফলের অনুভব হইতে পারে তাহা কার্য্যক্রমে দর্শাইবার অবকাশ দেওয়া, বিহিত বোধ করিয়াছিলেন। পরন্তু সম্প্রতি কোম্পানির কাগজের ক্রয়বিক্রয়ের দর অনেক হ্রাসবৃদ্ধি হইল, ফলতঃ সেই হ্রাসবৃদ্ধি সম্পূর্ণতঃ অতি অমূলক ও সৌভাগ্যক্রমে অল্পকালীন ত্রাসেতেই হইয়াছিল। আরো সওদাগর মহাশয়েরা বোধ করিলেন যে বাজারের বর্ত্তমান অবস্থা বুঝিয়া গবর্ণমেণ্টের অর্থসম্পর্কীয় উত্তরকালীন কার্য্যের বিষয়ে যদি কোন অনিশ্চিত ভাব থাকে তবে অত্যন্ত ক্ষতি হয়। এই২ কারণে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর লক্ষিত সময়ের পূর্ব্বে সেই কথা নির্দ্ধার্য্য করিয়া ১৮৫৯।৬০ সালের সরকারী কার্য্যের নিমিত্তে ভারতবর্ষে তাঁহার যে নিয়ম করিবার মনস্থ আছে তাহা প্রকাশ করিতেছেন।

যুদ্ধসম্পর্কীয় যে বহুল খরচ হইয়াছে তাহা দেশের সুরক্ষা মানিয়া যত শীঘ্র ও যেপর্য্যন্ত হ্রাস করা যাইতে পারে করা যাইবেক। রাজ্যের অতি সুনীতি রক্ষা করিয়া যেপর্য্যন্ত হয়, সেইপর্য্যন্ত ভারতবর্ষের রাজস্বেরই

as largely as may be consistent with sound policy. But the full benefit of these operations will not be felt in 1859-60.

The Governor General in Council hereby announces that the amount of money for which he will look to the Indian Market to be raised by Loan in order to provide for the service of 1859-60, is Five Crores of Rupees. When this amount shall have been realized, the Loan of 1859-60 will be closed, and no further Loan will be opened in India during that year.

In pursuance of the principle adopted on the 20th of July 1857, the Loan to be opened on the 1st May next will be a Five-and-a-Half-per-Cent Loan, to which subscriptions will be receivable in Cash or half in Cash and half in Five-per-Cent Paper.

If this Loan should not produce the required amount, the Governor General in Council will recommend to the Right Hon'ble the Secretary of State that the deficiency should be supplied from England. No Loan carrying a higher rate of interest will be opened in India in the course of the year 1859-60, unless under instructions from the Home Government.

The issue of Treasury Bills, on the terms notified on the 26th of January 1859, will be closed on the 30th of April; a new issue of Treasury Bills will be notified from the 1st of May, bearing Interest at the rate of 2½ Pie per Centum per diem.

The sum which may be received upon these Notes will not be counted as a part of the Five Crores which the Government desire to raise by Loan.

Published by order of His Excellency the Right Hon'ble the Governor General of India in Council,

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

চিরকাল বৃদ্ধি হইবার নিয়ম করা যাইবেক। কিন্তু এই সকল কার্য্যের সম্পূর্ণ সুফল ১৮৫৯। ৬০ সালের মধ্যে প্রকাশ হইবেক না।

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ইহাতে জ্ঞাত করাইতেছেন যে, ১৮৫৯। ৬০ সালের সরকারী কার্য্যের ব্যয় পোষাইবার জন্যে তিনি ভারতবর্ষের টাকার বাজারে লোনের দ্বারা পাঁচ কোটি টাকা আদায় করিতে চাহেন। সেই সকল টাকা আদায় হইলে পর, ১৮৫৯। ৬০ সালের লোন বন্দ হইবেক। ও ভারতবর্ষেতে সেই সালে অন্য কোন লোন খোলা যাইবেক না।

১৮৫৭ সালের ২০ জুলাই তারিখে যে নিয়ম করা গিয়াছিল তদনুসারে আগামি মে মাসের ১ তারিখঅবধি শতকরা সাড়ে পাঁচ টাকার সুদের লোন খোলা যাইবেক। তাহাতে যাঁহারা টাকা দিতে চাহেন তাঁহারা সমুদয় নগদ দিয়া, কিয়া অর্দ্ধেক নগদ ও অর্দ্ধেক শতকরা পাঁচ টাকার সুদের কাগজ দিয়া ঐ লোনের কাগজ লইতে পারিবেন।

এই লোনেতে যদি প্রয়োজনের টাকা আদায় না হয়, তবে বাকী টাকা ইঙ্গলণ্ডহইতে দেওয়া যায় হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর রাজ্যের শ্রীযুত অনরবিল সেক্রেটারী সাহেবকে এমত পরামর্শ দিবেন। ইঙ্গলণ্ডের গবর্ণমেণ্টহইতে আজ্ঞা না পাইলে অধিক সুদের লোন ১৮৫৯। ৬০ সালের মধ্যে ভারতবর্ষে খোলা যাইবেক না।

১৮৫৯ সালের জানুআরি মাসের ২৬ তারিখের প্রকাশকরা নিয়মমতে যে ত্রেজুরী বিল জারী হইয়াছিল তাহা আপ্রিল মাসের ৩০ তারিখে বন্দ হইবেক। মে মাসের ১ তারিখঅবধি নূতন ত্রেজুরী বিল বাহির হইবার সম্বাদ দেওয়া যাইবেক। তাহার ফিশত টাকার উপর দিনপ্রতি ইঙ্গরেজী ২½ পাইয়ের সুদ চলিবেক।

গবর্ণমেণ্ট লোনের দ্বারা যে পাঁচ কোটি টাকা আদায় করিতে চাহেন তাহার মধ্যে ঐ বিলের উপর যে টাকা পাওয়া যায় তাহা ধরা যাইবেক না।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞামতে প্রকাশ করা গেল।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 21st February, 1859.

Baboo Bhooputty Roy, Moonsiff of Amdhura, Zillah Beerbhoom, for seven days, from 10th instant, on urgent private affairs.

The 22d February, 1859.

Moulvy Mahomed Alum, Moonsiff of Oolipoor, Zillah Rungpore, for one month, on Medical Certificate, in extension of the leave granted to him under the Court's orders of the 19th ultimo.

The 24th February, 1859.

Baboo Mudungopal Shome, Moonsiff of Inloss, Zillah East Burdwan, for the 4th and 5th proximo.

A. W. RUSSELL, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৯ সাল ২১ ফেব্রুআরি।

জিলা বীরভূমের আমদহরার মুনসেফ শ্রীযুত বাবু ভূপতি রায় আপনার অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্তে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২২ ফেব্রুআরি।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম সদর আদলতের গত মাসের ১৯ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৪ ফেব্রুআরি।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ইন্দাসের মুনসেফ শ্রীযুত বাবু মদনগোপাল সোম আগামি মাসের ৪ ও ৫ তারিখের ছুটী পাইয়াছেন।

এ তবলিউ রসেল। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১ মার্চ।]

গবর্ণমেণ্টের ইশ্তিহার।
আফিম।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫২ সাল তারিখ ১০ মার্চ বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘটীর সময়ে মোকাম কলিকাতার এক্চেঞ্জ ঘরে সন ১৮৫৭। ৫৮ সালের পয়দায়ী আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ২২৬০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১১১৫
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৩৪৫
জুমলা সিন্দুক	২২৬০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্চেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা ব্রিটিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ সন ১৮৫৯ সালের ১৫ এবং ২৫ মার্চ এই দুই দিবস ধার্য্য হইল অতএব ঐ দুই দিবসে কিম্বা তাহার আলাস করণার্থে মর-ত্রেজুরর সাহেবের দস্তখতী ত্রেজুরী রসিদ অথবা কোন রুকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৯ সালের ১৫ মার্চ শুক্রবার বেলা দুই প্রহর ৪ ঘটীর পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীলের লিখিত মেকদার আফিম নীলামে ধরা যাইবেক কোন ব্যক্তি যদি স্যাং কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বন্দ করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আর পাঁচদিবস তারিখ বন্দ করিবেন তাহার লিখিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক না।

বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক	
১১১৫	৩৪৫	২২৬০	
১১১৫	৩৪৫	২২৬০	
১১১৫	৩৪৫	২২৬০	

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHANNES CATCHICK MICHAEL, an Insolvent.

On Saturday, the 5th day of February Instant, upon an application of the Assignee in this matter it was ordered that the said Assignee do from and out of the sum of Company's Rupees 6,183-5-9 in his hands pay a Dividend at the rate of Company's Rupees 7 per cent. (which will amount to the sum of Company's Rupees 5,740-8,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 22nd February, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন জোহানিস কাচিক মাইকেল সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান ফেব্রুআরি মাসের ৫ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমাতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৬,১৮৩ ।/৯ টাকা আছে তাহাইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫,৭৪০৷৷০ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ২২ ফেব্রুআরি।

The like notice, in the matter of HENRY JOB RANDOLPH, an Insolvent, wherein it was ordered that out of the sum of Rs. 716-6, a Dividend at 17 per cent. (amounting to Rs. 587-8) be paid.

যোত্রহীন হেনরি জোব রাণ্ডল্‌ফ সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ৭১৬ ।/ টাকাহইতে শতকরা ১৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫৮৭৷৷০ টাকা দেওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, MARCH 4, 1859.

কলিকাতা শুক্রবার ১৮৫৯ সাল ৪ মার্চ।

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 33.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 15th December 1858.

I am directed to forward extract* of a letter to my address from the Accountant General to the Government of India, dated the 15th April last, and copies of forms of accounts annexed thereto, and to request that you will call upon all the Collectors and independent Deputy Collectors in your Division for an expression of their opinions upon Mr. Drummond's propositions, and that in submitting them to the Board you will favour them with your own.

2nd. Referring especially to the 9th paragraph of Mr. Drummond's letter, I am to request that your subordinates be called upon to state how far, since the introduction of the new system of accounts in 1854, the Towjee Nuvees has been considered subordinate to the Head Accountant. Whether, for instance the Perwannahs in the Towjee Department have been directed to the Head Accountant or to the Towjee Nuvees, and whether the kyfeuts connected with that Department have been signed by the latter or by the former; in fact, whether the Accountant General is right in supposing that the Towjee Nuvees must always be in a great measure practically removed from the direct supervision of the Accountant.

(Signed) E. T. TREVOR,
Secretary.

* Para. 3 *ad finem.*

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৩৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৮ সাল ১৫ ডিসেম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেব গত আপ্রিল মাসের ১৫ তারিখের যে পত্র আমার নামে পাঠাইয়াছিলেন তাহ হইতে গৃহীত কথা * ও তাহার সঙ্গে হিসাব লিখিবার যে পাঁঠ পাঠাইয়াছিলেন তাহার নকল, আজ্ঞামতে তোমার নিকটে পাঠাইয়া এই আদেশ করিতেছি। ঐ পত্রেতে ড্রমণ্ড সাহেবের যে প্রস্তাব হইয়াছে তদ্বিষয়ে তুমি আপন এলাকার সকল কালেক্টর সাহেবকে ও স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবদিগকে আপন২ মত জানাইতে কহিবা, ও তাঁহারদের মতজ্ঞাপক পত্র যখন বোর্ডে পাঠাইবা তখন তুমি আপন মতও জানাইবা।

২। ড্রমণ্ড সাহেবের পত্রের ৯ দফা বিশেষমতে লক্ষ করিয়া, এই আদেশ করিতেছি। ১৮৫৪ সালে হিসাব রাখিবার নূতন নিয়ম চলন হইবার সময়অবধি তৌজীনবীসকে প্রধান হিসাবনবীসের অধীন যেপর্য্যন্ত জ্ঞান হইয়াছে এই কথা জানাইতে তোমার অধীন কার্য্যকারক সাহেবদিগকে আদেশ কর। যথা তৌজীর দফ্তরসম্পর্কীয় যে পরওয়ানা হয় তাহা প্রধান হিসাবনবীসের নামে না তৌজীনবীসের নামে পাঠান যায়, ও সেই দফ্তরসম্পর্কীয় যে কৈফিয়ৎ তাহাতে প্রধান হিসাবনবীসের দস্তখৎ না তৌজীনবীসের দস্তখৎ থাকে। ফলতঃ আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেব বোধ করেন যে, কার্য্যক্রমে তৌজীনবীস সর্ব্বদাই অনেক অংশে হিসাবনবীসের তফ্সহইতে স্বতন্ত্র থাকে, তাঁহার এই বিবেচনা যথার্থ কি না এই কথা জানাইতে তোমার অধীন কার্য্যকারক সাহেবদিগকে আদেশ কর।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

* অর্থাৎ ৩ দফাঅবধি শেষপর্য্যন্ত।

Extract from a letter from the Accountant General to the Government of India, to the Secretary to the Board of Revenue, Lower Provinces, dated the 15th *April* 1858.

PARA. 3. In all systems of account the first great object is the subjection of every item of receipt or disbursement to the action of such reciprocal but independent checks as will secure the correctness of the original entry—the next that in the supervening forms there shall be a continuous security against subsequent omission, alteration, or misapplication of these entries in the course of condensation into the abstract form which they finally assume; and lastly, that these requisites shall be secured in the simplest and most abbreviated form consistent with the demands of practical necessity,

4. In each of these particulars, the existing rules for the record and check of Land Revenue Collections are more or less imperfect. The check upon the original entry is a double one only as respects the credit to Government; as it affects the Zemindar, it is confined to the local Accountant's Office. There is nothing whatever to secure that a correct entry in the daily register shall become necessarily a correct entry in the Zemindar's account, No. 13; still less that the details shall be accurately shewn on the Towjee, from which the balances are certified preparatory to sales, and which is submitted in abstract only to the superior Office of Account; nor is any authorised form laid down for the various steps which are in practice indispensable for the preparation of the abstracts—a *sine quâ non* in any perfect system of account, which should be complete in itself, and from which no deviation should be either necessary or allowed; the consequence is, that although every item of Land Revenue receipt is duly credited to Government, errors and frauds may and do not unfrequently occur in the credit to the landholders, especially of surplus collections, which the system as now prescribed is insufficient to prevent.

5. The Board's Circular No. 4 of 20th January 1854 directed that the Towjee Nuvees should be placed under the orders of the Accountant, and in one of the annexures of that Circular it is stated* that "the Zemindar's account is necessarily made up from the Ledger," while it appears to have been contemplated that the Monthly Treasury account should be prepared from the Ledger, and the Quarterly Towjee from No. 13 (the Zemindar's account.)

6. In printed Circular No. 16 dated 18th December 1857, the same views are again enforced, with only this variation, that the posting into the

* Page 39 reprint Mr. Maple's letter to Board.

[গবর্ণমেণ্ট গেজেট : ১৮৫৯ । ৪ মার্চ ।]

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের ১৮৫৮ সালের ১৫ আপ্রিল তারিখের পত্রহইতে গৃহীত কথা।

৩ দফা। হিসাব রাখিবার যে কোন নিয়ম হয় তাহার প্রথম গুরুতর অভিপ্রায় এই। জমাখরচের সকল দফা আসল হিসাবে ঠিকরূপে লেখা যাইবার কারণে জমার এক২ দফার ও খরচের এক২ দফার পরস্পর অন্য স্বতন্ত্র মোকাবিলা থাকা।—দ্বিতীয় অভিপ্রায় এই, ঐ সকল দফা ক্রমশঃ সংকোচ হইয়া শেষে খোলাসা করিয়া যাবৎ লেখা না যায় তাবৎ অন্যান্য খাতায় তুলিবার সময়ে তাহার কোন দফা ছাড়া না যায় কি বদল না হয় কি ভিন্ন বাবতে লেখা না যায় ইহার নিশ্চিত কোন উপায় সর্ব্বদাই থাকা —শেষ অভিপ্রায় এই কার্য্যক্রমে যাহা আবশ্যক তাহা বুঝিয়া ঐ সকল প্রয়োজনের কার্য্য অতিসোজা ও সংক্ষেপরূপে করা।

৪ দফা। এই২ বিষয়ে, আদায়করা মালগুজারীর হিসাব লিখিবার ও দোষাদোষ ধরিবার বর্ত্তমান বিধি ন্যূনাধিকরূপে অসম্পূর্ণ আছে। আসল হিসাবে যাহা লেখা যায় তাহা কেবল সরকারের জমার পক্ষে দুইবার লেখা যাইবাতে দোষাদোষ ধরা যাইতে পারে। কিন্তু জমীদারের পক্ষে তাহার দোষাদোষ কেবল স্থানবিশেষের হিসাবনবীসের দপ্তরে হইতে পারে। রোজনামায় শুদ্ধরূপে যাহা লেখা গিয়াছে তাহা জমীদারের ১৩ নম্বরের খাতায় অবশ্য শুদ্ধরূপে তোলা যায় ইহা নিশ্চয় করিবার কিছু নাই। ও নীলাম হইবার পূর্ব্বে যে তৌজী দেখিয়া বাকী নির্ণয় হয় সেই তৌজীর সকল বয়ান শুদ্ধরূপে লেখা যায় ইহা নিশ্চয় করিবার কিছু নাই, সেই তৌজীর বয়ানের খোলাসামাত্র হিসাবের উপরিস্থ দপ্তরে পাঠান গিয়া থাকে। আরো খোলাসা প্রস্তুত করিবার জন্যে যে ভিন্ন২ কার্য্য নিতান্ত আবশ্যক হয় তাহা করিবার কোন ধারা উপযুক্ত আজ্ঞামতে নির্দ্ধারিত হয় নাই। কিন্তু হিসাব রাখিবার নিয়ম শুদ্ধ হইলে ঐ কার্য্যের ধারা না হইলে নয়। সেই নিয়ম আপনি পূরাহওয়া উচিত ও তাহার ব্যতিক্রম করিবার কোন আবশ্যক না থাকা কি অনুমতি না হওয়া উচিত। ফলতঃ যত মালগুজারী আদায় হয় তাহার এক২ দফা সরকারের নামে উপযুক্তরূপে জমা হয় বটে। পরন্তু জমীদারের নামে যাহা জমা দেওয়া যায় তাহার বিষয়ে, বিশেষতঃ আদায়করা টাকার ফাজিলের বিষয়ে ভ্রম ও প্রতারণা অনেকবার হইতে পারে, হইয়াও থাকে, অথচ হিসাব রাখিবার যে নিয়ম চলিতেছে তাহাতে ঐ ভ্রমাদি নিবারণের উপযুক্ত উপায় নাই।

৫। বোর্ডের ১৮৫৪ সালের ২০ জানুআরি তারিখের ৪ নম্বরের সরক্যুলর অর্ডরে এই হুকুম হইয়াছিল যে, তৌজীনবীস হিসাবনবীসের হুকুমের অধীনে থাকিবেক। ও সেই সরক্যুলরের ক্রোড়ের এক পত্রেতে *এই কথা লেখা ছিল, "জমীদারের হিসাব অবশ্য খতিয়ান দেখিয়া প্রস্তুত করা যায়" অথচ দৃষ্ট হইতেছে যে, খাজানাখানার মাসিক খাতা খতিয়ান দেখিয়া প্রস্তুত করিবার ও তিন২ মাসের তৌজী ১৩ নম্বরের (অর্থাৎ জমীদারের) হিসাব দেখিয়া প্রস্তুত হইবার অভিপ্রায় ছিল।

৬। ১৮৫৭ সালের ১৮ ডিসেম্বর তারিখের ১৬ নম্বরের ছাপাকরা সরক্যুলরেতে সেই ভাব পুনরায় ব্যক্ত হইয়াছে। কেবল বিশেষ এই, খতিয়ান দেখিয়া

* বোর্ডের নামে মেপলস সাহেবের যে পত্র এ সরক্যুলর পুনশ্চ ছাপা হইয়া ৩৯ পৃষ্ঠায় প্রকাশ হয়।

Zemindar's account No. 13 are directed to be made from the Chalans themselves instead of from the Ledger.

7. In Circular No. 1 of 13th January 1857, explanatory of the Ledger, it is directed that the Chalans shall be entered in detail, but the Board observe in reference to the practice prevailing in some districts, that it cannot be of any use to specify whether an Estate for which revenue is paid be on the fixed or fluctuating Towjee.

8. It is necessary however for the Collector in his Monthly Treasury Accounts to shew collections of the Land Revenue in the following detail:—

Collections from Mehals on fixed Towjee.

For current year ...	...	000 0 0
For 1856-57, or 1263,...	...	00 0 0
For 1855-56, or 1262,...	...	00 0 0
For 1854-55, or 1261,...	...	00 0 0
		000 0 0

Collections from Mehals on the fluctuating Towjee.

On account of current year, ...	...	000 0 0
Of former years,	...	00 0 0
		000 0 0
Deduct charges of collection,	... ...	00 0 0
		000 0 0

and as these details are not shewn in the Ledger in its present shape, the Monthly Account cannot be prepared from it alone, nor even from the Zemindar's account No. 13, until it has been recast into the form of the Towjee, for the preparation of which subsidiary books and registers are necessarily employed, though unrecognised as part of the general system, they will vary in form in every Office and are uncontrolled by any efficient check.

9. The defects then of the existing system may be briefly stated as the want of due connection between the accounts of Cash and of Land Revenue, and the absence of check by double entry upon the latter, which exposes the Landholders to the risk of misappropriation of his payments, and the only simple and effectual remedy of these defects appears to me to be the restoration of the Accountant and Towjee Nuvees to the relative positions which they formerly held of co-operating, but yet independent functionaries. I regard this as desirable upon general grounds also, for the Towjee Nuvees must always be in a great measure practically removed from the direct supervision of the Accountant, and the Office is

জমীদারের ১৩ নম্বরের খাতায় লিখিতে হুকুম না হইয়া চালান দেখিয়া তাহা লিখিতে আদেশ হইয়াছে।

৭। ১৮৫৭ সালের ১৩ জানুআরি তারিখের ১ নম্বরের সরক্যুলরেতে খতিয়ানের অভিপ্রায়াদি ব্যক্ত হইয়াছে। তাহাতে চালান বিস্তারিত করিয়া লিখিবার হুকুম হইয়াছে। কিন্তু কোন২ জিলাতে কার্য্য যেরূপে চলিতেছে তাহা লক্ষ করিয়া বোর্ডের সাহেবেরা কহেন, যে মহালের জমা দেওয়া যায় তাহা মোকররী কি বেকররী তৌজীতে থাকে ইহা নির্দ্দিষ্ট করিবার কোন প্রয়োজন নাই।

৮। পরন্তু কালেক্টর সাহেবের খাজানাখানার মাসিক হিসাবে জমীর আদায়করা মালগুজারীর কথা এই প্রকারে বিস্তারিত করিয়া লেখা আবশ্যক।

মোকররী তৌজীতে যে মহাল আছে তাহার আদায়করা টাকা।

চলিত সালের	০০০৲
১৮৫৬।৫৭ সালের কি ১২৬৭ সালের	০০০৲
১৮৫৫।৫৬ সালের কি ১২৬২ সালের	০০০৲
১৮৫৪।৫৫ সালের কি ১২৬১ সালের	০০০৲
	০০০৲

বেকররী তৌজীতে যে মহাল আছে তাহার আদায়করা টাকা।

চলিত সনের	০০৲
পূর্ব্ব সনের	০০৲
	০০০৲
আদায়ের খরচ বাদ দিয়া...	০০৲
	০০০৲

এই সকল বিস্তারিত কথা উক্ত প্রকারে খতিয়ানে লেখা যায় না, ইহাতে কেবল খতিয়ান দেখিয়া মাসিক হিসাব প্রস্তুত করা যাইতে পারে না, ও জমীদারের ১৩ নম্বরের খাতা যাবৎ তৌজীর মতে পুনরায় লেখা না যায় তাবৎ তাহা দেখিয়াও মাসিক হিসাব প্রস্তুত করা যাইতে পারে না। তাহা প্রস্তুত করিবার জন্যে অন্য২ বহী ও রেজিষ্টর দেখা আবশ্যক, কিন্তু সেই২ বহীপ্রভৃতি হিসাবের সাধারণ নিয়মের মধ্যে ধরা যায় নাই, সুতরাং নানা দফুরখানায় তাহা নানামতে লেখা গিয়া থাকে ও তাহার দোষাদোষ ধরিবার উপযুক্ত কোন উপায় নাই।

৯। বর্ত্তমান নিয়মের দোষ এই প্রকারে সংক্ষেপে ব্যক্ত করা যায়। নগদ টাকার ও মালগুজারীর হিসাবের উপযুক্তমতে সম্পর্ক নাই। ও মালগুজারীর টাকা দুইবার লেখা না যাওয়াতে তাহার দোষাদোষ ধরা যায় না। ইহাতে জমীদারেরা যে টাকা দাখিল করেন তাহার অন্যায়মতে ব্যয় হইবার আশঙ্কা হইতে পারে। আমার বিবেচনাতে এই ত্রুটি নিবারণের অতিসহজ ও ফলজনক কেবল এই উপায় যে, হিসাবনবীসের ও তৌজীনবীসের পরস্পর যে সম্পর্ক পূর্ব্বে ছিল তাহা পুনরায় করা যায়, অর্থাৎ তাহারা দুই জনে একত্রে কর্ম্ম করুক কিন্তু একের উপর অন্যের কর্তৃত্ব না হউক। এই প্রকারের নিয়ম আমি সাধারণ হেতুতেও উপযুক্ত জ্ঞান করি। কেন না কার্য্যক্রমে তৌজীনবীস সর্ব্বদাই হিসাবনবীসের তত্ত্বাবধারণহইতে পৃথক্ থাকিবেক। ও তাহার পদ অতিগুরুতর। তৎপ্রযুক্ত তাহাকে তাহার

in itself of so much importance, that it is better he should be considered directly responsible to the head of the Office than to a subordinate Officer in the position of the Accountant, whose nominal superintendence serves only to weaken the sense of responsibility in the Towjee Nuvees without affording any real security against fraudulent entries.

10. In view then to the entire separation of the two departments and their reconstitution as efficient checks upon each other, I would suggest the following alterations in the forms of account.

First. In the Accountant's Office.

1. The division of the General Register of Chalans into two—one in the form A, of the annexures for Land Revenue receipts, the other for receipts of all other descriptions as at present.

2. The provision of two Ledger heads instead of one—one for fixed the other for fluctuating Revenue—the entries to be of the total daily receipts, instead of in detail.

3. The amendment of the Zemindar's account No. 13 as shewn in form B, so as to render it a continuous account current exhibiting both credit and debit Balances (the entire space on two pages of this Ledger should be appropriated to each account.)

Secondly.—In the Towjee Nuvees Office.

1. Two original Registers of Chalans—one for fixed, the other for fluctuating Revenue in forms C. and D.

2. Two Towjees in the usual form for fixed and fluctuating Revenue, of which that for fixed is appended as form E.

11. The process of payment of Land Revenue would then be as follows—the payer takes his Chalan in duplicate.

1st. To the Towjee Nuvees who certifies the Towjee number and the particulars of demand.

2nd. To the Accountant for Registry.

3rd. To the Treasurer for payment. The Duplicate Chalan is then sent.

4th. To the Towjee Nuvees for entry in the Register of Chalans and signature.

Lastly, to the Accountant for entry in the Zemindar's account No. 13 and record.

The Chalan Registers of both Accountant and Towjee Nuvees would be verified by the Sherishtadar and submitted daily to the Collector with the other Treasury accounts.

12. It is obvious that the mode of proceeding here laid down affords in the double entry of every particular by separate Officers greatly increased security against fraud, which is further ensured by the provision for exhibiting surplus collec-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ মার্চ।]

দার কার্য্যকারক যে হিসাবনবীস তাহার নিকটে দায়ী না করিয়া একেবারে দপ্তরখানার প্রধান সাহেবের নিকটে তাহাকে দায়ী করা ভাল। ফলতঃ তাহার উপর হিসাবনবীসের যে তত্ত্বাবধারণ তাহা নামমাত্র, ও তাহাতে তৌজীনবীসের দায়ের জ্ঞান খাটো হয়, অথচ প্রতারণারূপে কোন কথা হিসাবে লেখার নিবারণ প্রকৃতরূপে হয় না।

১০। অতএব ঐ দুই দপ্তর সম্পূর্ণরূপে স্বতন্ত্র করিবার ও এক জন অন্যের দোষাদোষ ধরিতে পারে এমন ভাবে তাহার পুনরায় স্থাপন করিবার অভিপ্রায়ে আমি হিসাব লিখিবার নিয়মের এইরূপ পরিবর্ত্তন হইবার পরামর্শ দিই।

প্রথম। হিসাব নবীসের দপ্তরে।

১। চালানের সাধারণ রেজিষ্টরের দুই ভাগ করা যাউক। A চিহ্নের পাঠে এক ভাগ, অর্থাৎ মালগুজারীর প্রাপ্ত টাকার সংযুক্ত কথা, ও অন্য ভাগে, অন্য প্রকারের যে সকল টাকা প্রাপ্ত হয় তাহা এইক্ষণে যেমন লেখা যাইতেছে তেমনি লেখা যাইবেক।

২। খতিয়ানের উপরি ভাগে একি কথা না লিখিয়া দুই কথা লেখা যাউক। এক, মোকররী মালগুজারীর নিমিত্তে। দ্বিতীয়, বেকরারী মালগুজারীর নিমিত্তে। তাহাতে দিন২ যাহা আদায় হয় তাহার বিস্তারিত না লিখিয়া কেবল প্রতিদিনের প্রাপ্ত মোট টাকা লিখিতে হইবেক।

৩। জমীদারের ১৩ নম্বরের হিসাব B চিহ্নের পাঠে যেমন লেখা আছে তেমনি সংশোধন করিয়া তাহা জমা ও খরচের বাকী দেখাইবার চলন হিসাব হইবেক। এই খতিয়ানের দুই২ পূরা পেজ একি জমীদারীর হিসাব লিখিবার জন্যে রাখিতে হইবেক।

দ্বিতীয়। তৌজীনবীসের দপ্তরে।

১। চালানের দুই আসল রেজিষ্টর। এক, মোকররী মালগুজারীর। দ্বিতীয়, বেকরারী মালগুজারীর নিমিত্তে C. ও D চিহ্নের পাঠে লিখিতে হইবেক।

২। মোকররী ও বেকরারী মালগুজারীর রীতিমতের পাঠে দুই তৌজী। মোকররী তৌজী লিখিবার E চিহ্নের পাঠ দেওয়া গেল।

১১। তাহাতে মালগুজারী দিবার এই নিয়ম চলিবেক। যে জন মালগুজারী দাখিল করে সে দোকর চালান লইয়া

প্রথমে তৌজীনবীসের কাছে যাইবেক। তৌজীনবীস তাহাতে তৌজীর নম্বর ও দাওয়ার বিশেষ লিখিয়া দস্তখৎ করিবেক।

দ্বিতীয়, রেজিষ্টরী করিবার নিমিত্তে হিসাবনবীসের কাছে যাইবেক।

তৃতীয়, টাকা দিবার জন্যে খাজাঞ্চীর কাছে যাইবেক। তখন চালানের দ্বিতীয় কেতা

চতুর্থ, চালানের রেজিষ্টরে লেখা যাইবার ও দস্তখৎ হইবার নিমিত্তে তৌজীনবীসের কাছে পাঠান যাইবেক।

ও শেষে, জমীদারের ১৩ নম্বরের হিসাবে লেখা যাইবার ও রিকার্ড হইবার নিমিত্তে হিসাবনবীসের কাছে পাঠান যাইবেক।

হিসাবনবীসের ও তৌজীনবীসের চালানের রেজিষ্টর সিরিশ্‌তাদার যথার্থ দেখিয়া দস্তখৎ করিবেক ও তাহা খাজানাখানার অন্য সকল হিসাবের সঙ্গে প্রতিদিন কালেক্টর সাহেবের সম্মুখে অর্পণ হইবেক।

১২। এই নিয়মমতে কার্য্য হইলে একি কথা ভিন্ন২ কার্য্যকারকেরদের দ্বারা দুইবার করিয়া লেখা যাওয়াতে প্রতারণা অধিকরূপে নিবারণের স্পষ্টই উপায় হয়, আরো আদায়করা টাকার ফাজিল দেখাইবার নিয়ম হওয়াতে আরো অধিক সুরক্ষা হয়। আরো

tions ; the continuity also of the chain is unbroken, nor will it be found on examination to involve any real increase of work to the establishment, almost every form and process here prescribed having been found necessary and actually resorted to under the existing system for the preparation of the periodical returns. If however it is found that the complete separation of the Accountant's Office from that of the Towjee Nuvees, and the posting of the account No. 13 by the former render the addition of an extra Mohurer upon a small salary indispensable in the Office of the Accountant, the advantage of the change will in my opinion, more than compensate this petty additional expense.

FORM A.

Daily Register of Chalans of Land Revenue.

(To be kept in the Accountant's Office.)

Consecutive number of Chalans.	Name of Payer.	Number and Name of Mehal.	Amount. Cash.	Amount. Transfer.	Amount. Total.	Fixed. 1263. 1262. Hal.	Fluctuating. Hal.	Fluctuating. Bakee.	Fluctuating. Charges.	Fluctuating. Net Amount.

[*Government Gazette, 4th March*, 1859.]

কার্য্য করিবার বিশৃঙ্খলতা কিছু হয় না। ও তদন্ত করিয়া দেখিলে তাহাতে আমলারদের কর্ম্মের কিছু বৃদ্ধিও বাস্তব হয় না, কেন না নিয়মিত সময়ের রিটর্ণ প্রস্তুত করিবার যে নিয়ম এখন চলিতেছে তদনুসারে এই পত্রের প্রস্তাবিত প্রায় প্রত্যেক পাঠ ও কার্য্যের নিয়ম আবশ্যক জানা গিয়াছে ও তদনুসারে অনেক-বার কর্ম্মও হইতেছে। পরন্তু হিসাবনবীসের দপ্তর হিসাবনবীসের দপ্তরহইতে সম্পূর্ণরূপে পৃথক্ করাতে, ও ১৩ নম্বরের হিসাব তুলিবার কার্য্য হিসাবনবীসের প্রতি অর্পণ হওয়াতে যদি হিসাবনবীসের দপ্তরে অল্প বেতনের অন্য এক জন মুহুরীরকে নিযুক্ত করা আবশ্যক হয়, তথাপি ঐ নিয়ম পরিবর্ত্তনে যে লাভ তাহা ঐ ক্ষুদ্র অতিরিক্ত ব্যয়াপেক্ষা অত্যধিক হই-বেক, আমার এই বিবেচনা।

| (হিসাবনবীসের দপ্তরে রাখিতে হইবেক।) | | |

B চিহ্নিত পাঠ।

(১৩ নম্বর জমীদারের হিসাব।)

(হিসাবনবীসের দফ্তরে রাখিতে হইবেক।)

১ নম্বর পরগনা মাজুরা কিসমৎ চিটা তালুকদার রামকুমার রায়প্রভৃতি।

গত হিসাবের (ফাজিল কি) বাকী সদর জমা

বাকী	ফাজিল

দাওয়া।

মে মাসের	নবেম্বর মাসের
জুন ,,	ডিসেম্বর ,,
জুলাই ,,	জানুআরি ,,
আগষ্ট ,,	ফেব্রুআরি ,,
সেপ্টেম্বর ,,	মার্চ ,,
অক্টোবর ,,	আপ্রিল ,,

আদায়করা টাকা							দাওয়া			
তারিখ	যত টাকা	হাল	বকেয়া	ফাজিল	তলবানা	মাস	হাল	বকেয়া		

FORM C.

Daily Register of Chalans of Land Revenue on Account of Mehals on the Fixed Towjee.

Date.	Towjee No. and Name.	Chalan No.	Amount.	On account of			
				1857-58.	1856-57.	1855-56.	Fazil.

C চিহ্নের পাঠ।

মোকররী তৌজীতে লেখা মহালের বাবৎ মালগুজারীর চালানের প্রতিদিনের রেজিষ্টর।

তারিখ	তৌজীর মতে নম্বর ও নাম	চালানের নম্বর	যত টাকা	যে সালের জন্যে			ফাজিল।
				৪৩। ৭৮৫৮	৮৭। ৭৮৫৮	১৮৫৫। ৫৬	

FORM D.

Daily Register of Chalans of Land Revenue on Account of Mehals on the Fluctuating Toojee.
(To be kept in Toojee Nuzeer's Office.)

Date.	Toojee No.	Chalan No.	On Account of	Amount.		1857-58.		1856-57.		1855-56.		Fazil.
				Revenue.	Deduction.	Revenue.	Deduction.					

D ফিরস্ত পাঁচ।

তহশীলী তোজীতে তথা সরোতের বাকে মাসকাবারী চালানের প্রতিদিনের রেজিষ্টর।
(তোজীনবীসের দফ্তরে রাখিতে হইবেক।)

তারিখ ও তোজীর নম্বর	তাং টাকার নম্বর	তাং টাকার নম্বর	তহশীলী বাকি	তহশীল বাকি	মাসকাবারী বাকি						বাকিস্ত
					১৮৫৮।৫৯		১৮৫৭।৫৮		১৮৫৬।৫৭		১৮৫৫।৫৬

[সরকারী গেজেট ১৮৫৯। ৪ মার্চ]

FORM E.

Quarterly Half Receipt of Revenue for.

| Number. | | | | | | | | | | | |

JUSTITIO REGNIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 8, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৮ মার্চ।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 29TH JANUARY 1859.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 25th January 1859, and is hereby promulgated for general information :—

ACT No. I. OF 1859.

An Act for the amendment of the law relating to Merchant Seamen.

LEGAL RIGHTS TO WAGES.

[Continued from page 136.]

[Right to wages and provisions when to begin.]

XLVII. A seaman's right to wages and provisions shall be taken to commence either at the time at which he commences work or at the time specified in the agreement for his commencement of work or presence on board, whichever first happens.

[Seamen not to give up certain rights.]

XLVIII. No seaman shall by any agreement forefeit his lien upon the ship or be deprived of any remedy for the recovery of his wages to which he would otherwise have been entitled; and every stipulation in any agreement inconsistent with any provision of this Act, and every stipulation by which any seaman consents to abandon his right to wages in the case of the loss of the ship or to abandon any right which he may have or obtain in the nature of salvage, shall be wholly inoperative.

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২৯ জানুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৫ জানুআরি তারিখে সম্মতি প্রকাশ করিলেন, এইক্ষণে সেই আইন সকল লোককে জানাইবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ১ আইন।

সওদাগরী জাহাজী লোকেরদের আইন সংশোধনের আইন।

[১৩৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

বেতন পাইবার আইনসম্মর্কীয় স্বত্বের বিধি।

[বেতন ও রসদ পাইবার অধিকার যে সময়াবধি আরম্ভ হয় তাহার কথা।]

৪৭ ধারা। কোন মল্লা যে সময়ে কর্ম্ম করিতে আরম্ভ করে, কিম্বা তাহার কর্ম্ম আরম্ভ করিবার কিম্বা জাহাজে হাজির হইবার যে সময় একরারনামায় নির্দ্দিষ্ট থাকে ইহার মধ্যে যাহা প্রথম হয় সেই সময়াবধি তাহার বেতন ও রসদ পাইবার অধিকার চলে এমত জ্ঞান হইবেক ইতি।

[মল্লার কোন২ অধিকার ত্যাগ করিতে না পারিবার কথা।]

৪৮ ধারা। জাহাজের উপর কোন মল্লার যে দাওয়া থাকে তাহা সে কোন করার করিয়া ত্যাগ করিতে পারিবেক না, ও করার না করিলে তাহার বেতন আদায় করিবার যে উপায় থাকিত তাহা কোন একরারনামা করিলেও রহিত হইবেক না। ও কোন একরারনামাতে যে কোন নিয়ম এই আইনের বিধানের সঙ্গে অসঙ্গত হয় তাহা, ও কোন মল্লা জাহাজ হারাণ গেলে আপনার বেতন পাইবার অধিকার ত্যাগ করিতে, ও জাহাজের কোন দ্রব্য রক্ষা করিলে পুরস্কার পাইবার তাহার যে অধিকার থাকে কি প্রাপ্তি হয় তাহা ত্যাগ করিতে যে কোন করার করে সেই করার, সম্পূর্ণরূপে নিষ্ফল হইবেক ইতি।

জে টুইডু। সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বোর্ড রেবিনিউ, কোর্ট উলিয়ম। ১৫ ডিসেম্বর ১৮৫৮।

১৮ ডিক্রির পাট।

অমুক তিন মাসের জন্যে মালগুজারীর তিন২ মাসের হাল তৌজী।

| | | |

[Wages not to be dependent on the earning of freight.]

XLIX. No right to wages shall be dependent on the earning of freight; and every seaman and apprentice who would be entitled to demand and recover any wages if the ship in which he has served had earned freight, shall, subject to all other rules of law and conditions applicable to the case, be entitled to claim and recover the same notwithstanding that freight has not been earned; but in all cases of wreck or loss of the ship, proof that he has not exerted himself to the utmost to save the ship, cargo, and stores shall bar his claim.

[বোঝাই দ্রব্য পাওয়া গেলে কি না গেলেও বেতন চলিবার কথা।]

৪৯ ধারা। বোঝাই দ্রব্য পাইবার উপর বেতন পাইবার স্বত্বের নির্ভর হইবেক না। ও কোন মল্লা কি আপ্রেণ্টিস যে জাহাজে কর্ম্ম করিয়াছে সেই জাহাজ বোঝাই দ্রব্য পাইলে যদি কোন বেতন দাওয়া করিতে ও আদায় করিতে পারিত, তবে সেই স্থলে যে আইন ও নিয়ম খাটে তৎসম্পর্কীয় অন্য সকল বিধি বহাল রাখিয়া, বোঝাই দ্রব্য না পাওয়া গেলেও ঐ বেতন দাওয়া করিতে ও আদায় করিতে পারিবেক। কিন্তু জাহাজ ভাঙ্গিলে কি মারা পড়িলে কোন মল্লা জাহাজ ও বোঝাই দ্রব্য ও জাহাজী সরঞ্জাম রক্ষা করিতে সাধ্যমতে যত্ন করিল না ইহার প্রমাণ হইলে, তাহার দাওয়ার ব্যাঘাত হইতে পারে ইতি।

[In case of death, such wages to be paid as after mentioned.]

L. If any seaman or apprentice to whom wages are due under the last preceding Section dies before the same are paid, they shall be paid and applied in the manner hereinafter specified with regard to the wages of seamen who die during a voyage.

[মরিলে ঐ বেতন নীচের লিখিতমতে দেওয়া যাইবার কথা।]

৫০ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে যাহার বেতন পাওনা আছে এমত কোন মল্লা কি আপ্রেণ্টিস যদি ঐ বেতন পাইবার আগে মরে, তবে জাহাজের যাত্রাকালে কোন মল্লা মরিলে তাহার বেতনের যে বিধি ইহার পরে নির্দ্দিষ্ট হইতেছে সেই বিধিমতে তাহার বেতন দেওয়া যাইবেক, কিম্বা সেই বেতন লইয়া কার্য্য হইবেক ইতি।

[Rights to wages in case of termination of service by wreck or illness.]

LI. In cases where the service of any seaman terminates before the period contemplated in the agreement by reason of the wreck or loss of the ship, and also in cases where such service terminates before such period as aforesaid by reason of his being left on shore at any place abroad under a certificate of his unfitness or inability to proceed on the voyage, granted under the provisions of the Merchant Shipping Act 1854, such seaman shall be entitled to wages for the time of service prior to such termination as aforesaid, but not for any further period.

[জাহাজের ভঙ্গনেতে কি মল্লার পীড়াতে কর্ম্ম রহিত হইলে বেতনের অধিকারের কথা।]

৫১ ধারা। একরারনামাতে কোন মল্লার কর্ম্ম করিবার যে মিয়াদ নিরূপণ হইয়াছে তাহা না ফুরাইলে, যদি জাহাজ ভাঙ্গাতে কি মারা পড়াতে, তাহার কর্ম্মের শেষ হয়, কিম্বা পূর্ব্বোক্ত মিয়াদ ফুরাইবার পূর্ব্বে তাহার সেই যাত্রায় চলিবার অযোগ্যতার কিম্বা অক্ষমতার সর্টিফিকট সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনের বিধানমতে দেওয়া গেলে, সেই সর্টিফিকটমতে তাহাকে বিদেশের কোন স্থানে ছাড়িয়া যাইবাতে যদি তাহার কর্ম্মের শেষ হয়, তবে উক্তমতে তাহার কর্ম্মের শেষ হইবার পূর্ব্ব কালের বেতন সেই মল্লা পাইতে পারিবেক, কিন্তু তাহার অধিক কোন কালের নয় ইতি।

[Wages not to accrue during refusal to work or imprisonment.]

LII. No seaman or apprentice shall be entitled to wages for any period during which he unlawfully refuses or neglects to work when required, whether before or after the time fixed by the agreement for his beginning work; nor, unless the Court or Magistrate hearing the case otherwise directs, for any period during which he is lawfully imprisoned for any offence committed by him.

[কর্ম্ম করিতে স্বীকার না করিবার কি কয়েদ থাকিবার কালে বেতন না চলিবার কথা।]

৫২ ধারা। একরারনামাতে কোন মল্লার কি আপ্রেণ্টিসের কর্ম্ম আরম্ভ করিবার যে সময় নির্দ্ধার্য্য হইয়াছে সেই সময়ের পূর্ব্বে কি পরে যদি আজ্ঞা পাইলেও কর্ম্ম করিতে অন্যায়মতে স্বীকার না করে কি কর্ম্ম না করে, তবে যত কাল কর্ম্ম করিল না তত কালের বেতনের দাওয়া করিতে পারিবেক না। কিম্বা যদি কোন অপরাধ করাতে তাহাকে ন্যায্যমতে কয়েদ করা যায় তবে যত কাল কয়েদ থাকে তত কালের বেতন পাইতে পারিবেক না। কিন্তু যে আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেব ঐ কথার বিচার করেন তিনি যদি অন্যরূপ হুকুম করেন তবে তাঁহার হুকুম বহাল থাকিবেক ইতি।

[Period within which wages are to be paid.]

LIII. The master or owner of every ship shall pay to every seaman his wages within three days after the cargo has been delivered or within five days after the seaman's discharge, whichever first happens; and the seaman shall at the time of his discharge be entitled to be paid on account a sum equal to one-fourth part of the balance due to him; and every master or owner who neglects or

[বেতন যে কালের মধ্যে দিতে হইবেক তাহার কথা।]

৫৩ ধারা। জাহাজের বোঝাই দ্রব্য উত্তরাণ গেলে পর তিন দিনের মধ্যে, কিম্বা তাহার পূর্ব্বে মল্লাকে বিদায় করা গেলে তাহাকে বিদায় করিলে পর পাঁচ দিনের মধ্যে জাহাজের কাপ্তান কি স্বামী প্রত্যেক জন মল্লাকে বেতন দিবেন। ও বিদায় হইবার সময়ে মল্লার যত পাওনা থাকে তাহার উপর তাহার সিকি ভাগ পাইবার দাওয়া থাকিবেক। ও যদি কাপ্তান কি স্বামী উপযুক্ত কারণ না থাকিলেও উক্তমতে বেতন

refuses to make payment in manner aforesaid without sufficient cause, shall pay to the seaman a sum not exceeding the amount of two days' pay for each of the days not exceeding ten days during which payment is delayed beyond the respective periods aforesaid; and such sum shall be recoverable as wages.

না দেন কি দিতে স্বীকার না করেন, তবে পূর্ব্বোক্ত তিন দিনের কি পাঁচ দিনের পর দশ দিনপর্য্যন্ত যত দিন তাহাকে বেতন না দেন তাহার দিনপ্রতি দুই দিনপর্য্যন্তের বেতন ঐ মল্লাকে দিবেন, ও সেই টাকা বেতনের ন্যায় আদায় হইতে পারিবেক ইতি।

[What amount in the current coin of India is recoverable by seaman under an agreement expressing his wages &c., to be payable in a Foreign coin.]

LIV. When any monies are payable in India to any seaman or apprentice for wages or otherwise under any agreement wherein such monies are expressed to be payable in some denomination of coin other than the current coin of the Port or place wherein the same have become payable, the seaman or apprentice shall be entitled to demand and recover, in the current coin of such Port or place, the amount due to him estimated according to the established par value of the coin wherein the same is so expressed to be payable.

[একরারনামাতে মল্লার বেতনপ্রভৃতি বিদেশের চলন মুদ্রাতে দিবার করার হইলে তাহা ভারতবর্ষের চলিত মুদ্রা বুঝিয়া যে হারে পাইতে পারিবেক তাহার কথা।]

৫৪ ধারা। কোন মল্লার কি আপ্রেণ্টিসের বেতনপ্রভৃতির কিছু টাকা একরারমতে ভারতবর্ষে দেনা হইলে, যে বন্দরে কি স্থানে তাহা দেনা হয় তাহাতে যে মুদ্রা চলন থাকে তদ্ভিন্ন অন্য দেশের চলিত মুদ্রা যদি একরারনামায় লেখা থাকে তবে ঐ মল্লা কি আপ্রেণ্টিস যে বন্দরে কি স্থানে ঐ বেতনাদি পাইবেক সেই বন্দরের কি দেশের চলিত মুদ্রাতে তাহা দাওয়া করিতে কি আদায় করিতে পারিবেক। অর্থাৎ যে মুদ্রা দিবার করার হইয়াছে ভারতবর্ষের মুদ্রাতে তাহার সমান মূল্য বুঝিয়া পাইতে পারিবেক ইতি।

Mode of Recovering Wages.

বেতন আদায় করিবার নিয়মের বিধি।

[Seaman may sue summarily before any Magistrate for wages not exceeding 500 Rupees. Order of Magistrate to be final.]

[৫০০৲ টাকাপর্য্যন্ত বেতনের নিমিত্তে কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে মল্লার সরাসরীরূপে নালিশ করিবার, ও মাজিষ্ট্রেট সাহেবের হুকুম চূড়ান্ত হইবার কথা।]

LV. Any seaman or apprentice or any person duly authorized on his behalf may sue, in a summary manner, before any Magistrate acting in or near to the place at which the service has terminated or at which the seaman or apprentice has been discharged or at which any person upon whom the claim is made is or resides, for any amount of wages due to such seaman or apprentice not exceeding five hundred Rupees. Every order made by such Magistrate in the matter shall be final.

৫৫ ধারা। কোন মল্লার কি আপ্রেণ্টিসের পাঁচ শত টাকাপর্য্যন্ত যত বেতন পাওনা হয় তাহা পাইবার জন্যে তাহার কর্ম্মের শেষ যে স্থানে হইয়াছে, কিম্বা যে স্থানে তাহাকে বিদায় করা গেল, কিম্বা দাওয়া যাঁহার উপর করা যায় সে জন যে স্থানে থাকেন কি বাস করেন, সেই স্থানের কি তাহার নিকট কোন স্থানের কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ মল্লা কি আপ্রেণ্টিস, কিম্বা তাহার পক্ষে নালিশ করিবার নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন লোক, নালিশ করিতে পারিবেক। তাহাতে ঐ মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[Levy of wages by distress.]

ক্রোককরণের দ্বারা বেতনের টাকা আদায় করিবার কথা।]

LVI. When an order for the payment of wages is made by a Magistrate under the last preceding Section and the wages are not paid at the time and in the manner prescribed, the sum mentioned in the order, with such further sum as may be thereby awarded for costs, shall be levied by distress and sale of the goods and chattels of the person directed to pay the same under a warrant to be issued for that purpose by the Magistrate.

৫৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ইহার পূর্ব্বের ধারার লিখনমতে বেতন দিবার হুকুম করিলে, যদি সেই বেতন ঐ হুকুমের নিরূপিত সময়ে ও প্রকারে না দেওয়া যায়, তবে ঐ হুকুমের লিখিত টাকা ও তদ্ভিন্ন অন্য যত টাকা ঐ হুকুমমতে খরচা বলিয়া আদায় হইতে পারিবেক তাহা দিবার হুকুম যাঁহার নামে হয় তাঁহার উপর মাজিষ্ট্রেট সাহেব ক্রোকী পরওয়ানা জারী করিতে পারিবেন, ও তদনুসারে তাঁহার মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় হইবেক ইতি।

[No suit for wages under 500 Rupees to be instituted in Admiralty Court &c., except in certain cases.]

[কোন২ স্থলছাড়া ৫০০৲ টাকার কম বেতনের মোকদ্দমা আডমিরালটি কোর্টপ্রভৃতি স্থানে উপস্থিত না করিবার কথা।]

LVII. No suit or proceeding for the recovery of wages under the sum of five hundred Rupees shall be instituted by or on behalf of any seaman or apprentice in any Court of Admiralty or Vice-Admiralty or in any Court of Civil Judicature other than the Court of Small Causes, where such Court exists, unless the owner of the ship is adjudged bankrupt or declared insolvent, or unless

৫৭ ধারা। পাঁচ শত টাকার কম বেতন আদায় করিবার কোন নালিশ কি মোকদ্দমা কোন মল্লার কি আপ্রেণ্টিসের দ্বারা কিম্বা তাহার পক্ষে কোন আডমিরালটি কোর্টে কি বৈস-আডমিরালটি কোর্টে কিম্বা দেওয়ানী কোন আদালতে উপস্থিত করা যাইবেক না, কেবল যে স্থানে স্মল কোজদমার আদালত থাকে সেই স্থানে ঐ আদালতে হইতে পারিবেক। কিন্তু যদি জাহাজের স্বামী বিচারমতে দেউলিয়া কিম্বা যে ত্রহীন

the ship is under arrest or is sold by the authority of any such Court or unless the Magistrate, acting under the authority of this Act, refers the case to be adjudged by such Court.

[Master to have same remedies for wages as seaman.]

LVIII. Every master of a ship shall, so far as the case permits, have the same rights, liens, and remedies for the recovery of his wages which by this Act or by any law or custom any seaman, not being a master, has for the recovery of his wages; and if in any proceeding in any Court of Admiralty or Vice-Admiralty touching the claim of a master to wages, any right of set-off or counter-claim is set up, it shall be lawful for such Court to enter into and adjudicate upon all questions, and to settle all accounts then arising or out-standing and unsettled between the parties to the proceeding, and to direct payment of any balance which is found to be due.

WAGES AND EFFECTS OF DECEASED SEAMEN.

[Master to take charge of effects of deceased seaman.]

LIX. Whenever a seaman or apprentice, on a voyage which is to terminate at any Port in India, dies during such voyage, the master shall take charge of all money, clothes, and effects which he leaves on board, and shall enter in the official log-book a statement of the amount of money and a description of the effects left by the deceased, and in case of a sale of such effects, the sum received for each article sold.

[Effects and wages to be paid to Shipping Master with full accounts.]

LX. The master shall, within forty-eight hours after his arrival at his Port of destination in India, deliver any such effects as aforesaid, and pay any money which he has taken charge of or received, and also the wages due to deceased, to the Shipping Master at such Port, and shall give to such Shipping Master an account of the effects, money, and wages to be delivered and paid; and no deductions claimed in such account shall be allowed unless verified, if there is an official log-book, by the entry therein hereinbefore required, and also by such other vouchers (if any) as may be reasonably required by the Shipping Master to whom the account is rendered.

[Penalties for not taking charge of or accounting for such monies and effects.]

LXI. If the master fails to take such charge of the money or other effects of a seaman or apprentice dying during a voyage, or to make such entries in respect thereof, or to make such pay-

প্রকাশ হইয়াছেন, কিম্বা যদি জাহাজ ক্রোক হইয়াছে ও উক্ত প্রকারের কোন আদালতের হুকুমমতে বিক্রয় হইয়াছে, কিম্বা যদি মাজিষ্ট্রেট সাহেব এই আইনের ক্ষমতামতে কার্য্য করিয়া ঐ মোকদ্দমা তদ্রূপ কোন আদালতে বিচার হইবার নিমিত্তে অর্পণ করেন, তবে হইতে পারিবেক ইতি।

[মল্লার মত কাপ্তানের বেতন আদায় করিবার উপায়ের কথা।]

৫৮ ধারা। কাপ্তান না হইয়া কোন মল্লার বেতন আদায়ের এই আইনমতে কিম্বা কোন আইন কি দাঁড়ামতে যে অধিকার ও দাওয়া ও উপায় থাকে, জাহাজের কাপ্তানের বেতন আদায়ের জন্যে বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত তাঁহারও সেই অধিকার ও দাওয়া ও উপায় থাকিবেক। ও কাপ্তানের বেতনের দাওয়ার কোন মোকদ্দমা কোন আডমিরালটি কোর্টে কি বৈস-আডমিরালটি কোর্টে উপস্থিত হইলে, যদি ঐ কাপ্তানের স্থানে কিছু পাওনার দাবী কিম্বা তাঁহার দাওয়া খণ্ডিবার অন্য দাওয়া প্রকাশ করা যায়, তবে ঐ আদালত সেই সকল কথার তদন্ত লইয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ও মোকদ্দমার উভয় পক্ষের দেনাপাওনার যে সকল হিসাব তখন উদয় হয় কিম্বা পূর্ব্বঅবধি হইয়া চুকাইয়া না দেওয়া গেল, সেই সকল হিসাব নিষ্পত্তি করিয়া যে বাকী পাওনা থাকে তাহা দিবার হুকুম করিতে পারিবেন ইতি।

[Act not to interfere with equitable jurisdiction of Supreme Courts.]

XVI. Nothing in this Act contained shall be deemed to interfere with any rule or jurisdiction of any Court established by Royal Charter in refusing equitable relief on the ground of acquiescence or otherwise, to any person whose right to bring a suit may not be barred by virtue of this Act.

[Act not to extend to public property, nor to suits for the recovery of public claims.]

XVII. This Act shall not extend to any public property or right, nor to any suits for the recovery of the public revenue or for any public claim whatever, but such suits shall continue to be governed by the laws or rules of limitation now in force.

[Act not to apply to suits now pending or to suits instituted within two years. Suits afterwards instituted to be governed by this Act.]

XVIII. All suit that may be now pending or that shall be instituted within the period of two years from the date of the passing of this Act shall be tried and determined as if this Act had not been passed; but all suits to which the provisions of this Act are applicable that shall be instituted after the expiration of the said period shall be governed by this Act and no other law of limitation, any Statute, Act, or Regulation now in force notwithstanding.

[Proceedings for enforcing judgments &c. of Supreme Courts to be taken within 12 years. Proviso as to judgments now in force.

XIX. No proceeding shall be taken to enforce any judgment, decree, or order of any Court established by Royal Charter, but within twelve years next after a present right to enforce the same shall have accrued to some persons capable of releasing the same, unless in the meantime such judgment, decree, or order shall have been

কথা, কিন্তু স্বত্ব সাব্যস্ত করিবার মোকদ্দমার মিয়াদ বহাল থাকিবার কথা।]

১৫ ধারা। কোন স্থাবর সম্পত্তি যাহার দখলে থাকে, তাহার নিজ সম্মতিবিনা যদি তাহাকে আইনের নিয়মিত কার্য্যক্রমে না হইয়া বেদখল করা যায়, তবে সেই লোক কিম্বা তাহার দ্বারা দাওয়াদার কোন ব্যক্তি এ সম্পত্তির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা করিয়া তাহার দখল ফিরিয়া পাইতে পারিবেক, ও সেই মোকদ্দমাতে স্বত্বের অন্য কোন অধিকার ব্যক্ত করা গেলেও দখল পাইতে পারিবেক। পরন্তু, সেই বেদখল করিবার সময়াবধি ছয় মাসের মধ্যে এ মোকদ্দমা আরম্ভ করিতে হইবেক। কিন্তু যাহার স্থানে এ সম্পত্তির দখল ফিরিয়া পাওয়া গেল সেই লোকের কিম্বা অন্য কোন লোকের এ সম্পত্তির উপর আপনার স্বত্ব সাব্যস্ত করিবার ও সেই সম্পত্তির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা এই আইনের নির্দ্ধারিত মিয়াদের মধ্যে করিবার বাধা এই ধারার কোন কথাতে হইবেক না ইতি।

[সুপ্রিম কোর্টের একটি পক্ষের এলাকার সঙ্গে এই আইনের সম্পর্ক না থাকিবার কথা।]

১৬ ধারা। এই আইনক্রমে যাহার মোকদ্দমা করিবার অধিকারের বাধা নাই এমত কোন লোককে রাজীহওয়াপ্রযুক্ত বলিয়া কি অন্য কোন কারণে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালত একটি পক্ষে উপকার করিতে যদি স্বীকার না করেন, তবে এ আদালতের কোন বিধি কি ক্ষমতা এই আইনের কোন কথাতে খর্ব্ব হইল এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[সরকারী সম্পত্তির উপর কিম্বা সরকারী দাওয়া আদায় করিবার মোকদ্দমার উপর আইন না খাটিবার কথা।]

১৭ ধারা। এই আইন সরকারী কোন সম্পত্তির কি স্বত্বের উপর, কিম্বা সরকারী মালগুজারী আদায়ের, কি সরকারী কোন দাওয়ার কোন মোকদ্দমার উপর খাটিবেক না। সেই সকল মোকদ্দমার উপর মিয়াদের যে আইন কি বিধি এইক্ষণে চলন আছে তাহা খাটিবেক ইতি।

[এইক্ষণে যে মোকদ্দমা উপস্থিত থাকে কি দুই বৎসরের মধ্যে উপস্থিত করা যায় তাহার উপর এই আইন না খাটিবার, কিন্তু তাহার পর যাহা উপস্থিত হয় তাহার উপর খাটিবার কথা।]

১৮ ধারা। এই আইন জারী হইবার তারিখে যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে, কিম্বা তাহার পর দুই বৎসরের মধ্যে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার এই আইন জারী না হইবার মতে বিচার ও নিষ্পত্তি হইবেক। কিন্তু এই আইনের বিধান যাহার উপর খাটিতে পারে এমত যে সকল মোকদ্দমা ঐ দুই বৎসরের পরে উপস্থিত করা যায়, তাহার বিষয়ে কেবল এই আইনমতে কার্য্য হইবেক, মিয়াদের অন্য কোন আইনমতে হইবেক না, এইক্ষণকার চলিত কোন বিধান কি আইন কি কানুন থাকিলেও হইবেক না ইতি।

[সুপ্রিম কোর্টের ডিক্রীপ্রভৃতি জারী করিবার উদ্যোগ বারো বৎসরের মধ্যে করিবার কথা। ও এইক্ষণকার বহালথাক ডিক্রীর বর্জ্জিত কথা।]

১৯ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতের কোন বিচার কি ডিক্রী কি হুকুম ত্যাগ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তির প্রতি সেই হুকুম প্রবল করিবার স্বত্ব যে সময়ে বর্ত্তে, সেই সময়াবধি বারো বৎসরের মধ্যে না হইলে, ঐ লোক সেই হুকুমপ্রভৃতি প্রবল করিবার কোন মোকদ্দমা করিতে পারিবেক না। কিন্তু যদি ইতিমধ্যে ঐ নিষ্পত্তির কি ডিক্রীর কি হুকুমের

duly revived or some part of the principal money secured by such judgment, decree, or order or some interest thereon shall have been paid, or some acknowledgment of the right thereto shall have been given in writing signed by the person by whom the same shall be payable or his agent to the person entitled thereto or his agent; and in any such case no proceeding shall be brought to enforce the said judgment decree, or order, but within twelve years after such revivor, payment, or acknowledgment or the latest of such revivors, payments, or acknowledgments as the case may be, provided that for three years next after the passing of this Act, every judgment, decree, and order which may be in force at the date of the passing of this Act shall be governed by the law now in force anything herein contained notwithstanding.

[Time for enforcing execution of judgment, &c., of a Civil Court not established by Royal Charter.]

XX. No process of execution shall issue from any Court not established by Royal Charter to enforce any judgment, decree, or order of such Court, unless some proceeding shall have been taken to enforce such judgment, decree, or order or to keep the same in force within three years next preceding the application for such execution.

[Preceding Section not to apply to judgments, &c., in force at the passing of this Act.]

XXI. Nothing in the preceding Section shall apply to any judgment, decree, or order in force at the time of the passing of this Act, but process of execution may be issued either within the time now limited by law for issuing process of execution thereon or within three years next after the passing of this Act, whichever shall first expire.

[Time for execution of a summary award of Civil Court or Revenue authority.]

XXII. No process of execution shall issue to enforce any summary decision or award of any of the Civil Courts not established by Royal Charter or of any Revenue authority unless some proceeding shall have been taken to enforce such decision or award or to keep the same in force within one year next preceding the application for such execution.

[Preceding Section not to apply to summary awards in force at the passing of this Act.]

XXIII. Nothing in the preceding Section shall apply to any summary decision or award in force at the time of the passing of this Act, but process of execution may be issued either within the time now limited by law for issuing process of execution thereon or within two years next after

নিয়মিতরূপে পুনরুত্থাপন হয়, কিম্বা সেই নিষ্পত্তিতে কি ডিক্রীতে কি হুকুমেতে যে টাকা প্রাপ্য হয় তাহার আসলের কোন অংশ কিম্বা তাহার কিছু সুদ দেওয়া যায়, কিম্বা তদ্বিষয়ের স্বত্ব স্বীকার করিবার কোন লিপিতে ঐ টাকা যাহার দেনা হয়, সেই লোক কি তাহার মোখ্তার যদি দস্তখৎ করিয়া, যাহার পাওনা হয় তাহাকে কি তাহার মোখ্তারকে দেয়, তবে সেই পুনরুত্থাপনের, কিম্বা সেই টাকা দেওনের, কি কর্জ্জ স্বীকার করণের কালাবধি, কিম্বা বিষয়বিশেষে শেষ যেবার পুনরুত্থাপন হয়, কি টাকা দেওয়া যায়, কি কর্জ্জ স্বীকার হয়, তাহার কালাবধি বারো বৎসরের মধ্যে না হইলে, ঐ নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম প্রবল করিবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবেক না। পরন্তু এই আইন জারী হইবার তারিখে যে সকল নিষ্পত্তি ও ডিক্রী ও হুকুম বলবৎ থাকে, তাহার বিষয়ে এই আইন জারী হইবার তারিখঅবধি তিন বৎসরপর্য্যন্ত এইক্ষণকার চলিত আইনমতে কার্য্য হইবেক, তাহার বিপরীত কোন কথা এই আইনে থাকিলেও হইবেক ইতি।

[রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত না হওয়া দেওয়ানী আদালতের ডিক্রীপ্রভৃতি জারী করিবার মিয়াদের কথা।]

২০ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত না হইয়াছে এমত কোন আদালতের নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম জারী করিবার দরখাস্ত হওনের পূর্ব্বের তিন বৎসরঅবধি যদি সেই নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম প্রবল করিবার কিম্বা তাহা বলবৎ রাখিবার কোন কার্য্য না করা যায়, তবে তাহা জারী করিবার পরওয়ানা ঐ আদালতহইতে বাহির হইবেক না ইতি।

[এই আইন জারী হইবার কালে যে নিষ্পত্তিপ্রভৃতি বলবৎ থাকে তাহার উপর ঐ ধারা না খাটিবার কথা।]

২১ ধারা। এই আইন জারী হইবার সময়ে যে কোন নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম বলবৎ থাকে, তাহার উপর ইহার পূর্ব্বের ধারার কোন কথা খাটিবেক না। কিন্তু ঐ ডিক্রীপ্রভৃতি জারী করিবার পরওয়ানা এইক্ষণে আইনমতে যে মিয়াদের মধ্যে বাহির হইতে পারে, হয় সেই মিয়াদের মধ্যে, না হয় এই আইন জারী হইবার কালাবধি তিন বৎসরের মধ্যে, অর্থাৎ ইহার মধ্যে প্রথমে যে মিয়াদ ফুরায়, সেই মিয়াদের মধ্যে ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইতে পারিবেক ইতি।

[দেওয়ানী আদালতের কিম্বা রাজস্বের কার্য্যকারকের সরাসরী ফয়সলা জারী করিবার মিয়াদের কথা।]

২২ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত না হইয়াছে এমত কোন দেওয়ানী আদালতের, কিম্বা রাজস্বের কোন কার্য্যকারকের কোন সরাসরী নিষ্পত্তি কি ফয়সলা জারী করিবার দরখাস্ত হইবার পূর্ব্বের এক বৎসরঅবধি তাহা প্রবল করিবার কিম্বা বলবৎ রাখিবার কোন কার্য্য যদি না করা যায়, তবে তাহা জারী করিবার পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[এই আইন জারী হইবার সময়ে যে সরাসরী ফয়সলা বলবৎ থাকে তাহার উপর ঐ ধারা না খাটিবার কথা।]

২৩ ধারা। এই আইন জারী হইবার সময়ে যে কোন সরাসরী নিষ্পত্তি কি ফয়সলা বলবৎ থাকে তাহার উপর ইহার পূর্ব্বের ধারার কোন কথা খাটিবেক না। কিন্তু সেই ডিক্রী জারীর পরওয়ানা এইক্ষণে আইনমতে যে মিয়াদের মধ্যে জারী হইতে পারে, হয় সেই মিয়াদের মধ্যে, না হয় এই আইন

whenever any dispute arises about such quantities, and in default shall for every offence incur a penalty not exceeding one hundred Rupees.

[Expense of medical attendance and subsistence in case of illness how to be defrayed.]

LXIX. Whenever the master or any seaman of any ship registered at any place in India shall receive any hurt or injury in the service of the vessel, the expense of providing the necessary surgical and medical advice and attendance with medicines, and of his subsistence, until he shall be cured or shall be brought back to the Port from which he was shipped or other Port agreed upon, shall be defrayed, with the cost of his conveyance to such Port, by the owner of the vessel without any deduction on that account from the wages of such master, officer, or seaman; and if paid by himself, may be recovered as part of his wages; and if paid or allowed out of any monies forming part of the Revenues of India, shall be a charge upon the ship, and may be recovered with full costs of suit by the Secretary of State in Council.

[Place to be appropriated.]

LXX. A place or places of shelter shall be provided below a well caulked and substantial deck for the men engaged under this Act; such place or places shall be so arranged as to allow for the men the following spaces :—

[To European seamen.]

1.—For each European seaman or apprentice or other person shipped on the same footing as a European seaman, nine superficial feet if the place be not less than six feet in height from deck to deck; or fifty-four cubic feet if the height from deck to deck be less than six feet.

[To lascars or native seamen.]

2.—For each lascar or native seaman or other person shipped on the same footing as a lascar, four superficial feet; and if the place allotted be under the top-gallant forecastle, such forecastle deck shall be not less than four feet six inches above the one below it.

[Place to be kept clear. Penalty if place be not properly constructed Penalty for not keeping space clear.]

Every such place shall be kept free from stores or goods of any kind, not being the personal property of the crew in use during the voyage; and if any such place in any ship is not in the whole sufficiently large to give such space for each seaman and apprentice as hereinbefore required, or is not properly caulked and in all other respects securely and properly constructed and well ventilated, the owner shall, for every such failure to comply with the provisions of this Section, incur a penalty not exceeding two hundred Rupees; and

বার তাহা না করেন ততবার তাঁহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[পীড়া হইলে কবিরাজের ও আহারাদির খরচ শোধ করিবার কথা।]

৬৯ ধারা। ভারতবর্ষের কোন স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায়, এমত কোন জাহাজের কাপ্তান কি কোন মল্লা যদি জাহাজের কোন কর্ম্ম করিবার কালে কিছু চোট কি আঘাত পায়, তবে যত কাল তাহার আরাম না হয়, কিম্বা যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল সেই বন্দরে, কিম্বা অন্য যে কোন বন্দরের করার হয় সেই বন্দরে যত কাল তাহাকে না আনা যায়, তত কালপর্য্যন্ত তাহার আবশ্যক মতের অস্ত্রচিকিৎসার ও ঔষধাদির ও পথ্য আহারাদির খরচ, ও সেই বন্দরে তাহাকে লইয়া যাইবার খরচ, ঐ জাহাজের স্বামী দিবেন. ও সেই বাবতে ঐ কাপ্তানের কি মালিমের কি মল্লার কিছু বেতন বাদ দিতে হইবেক না। যদি আপনি ঐ খরচ দিয়া থাকেন, তবে আপন বেতনের এক অংশ বলিয়া তাহা ফিরিয়া পাইতে পারিবেন। ও সেই খরচ যদি ভারতবর্ষের রাজস্বের অংশ বলিয়া কিছু টাকাহইতে দেওয়া যায়, তবে ঐ খরচ জাহাজের দেনা হইবেক, ও হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব মোকদ্দমার পূর্ব্বা খরচসমেত তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

[জায়গার কথা।]

৭০ ধারা। এই আইনমতে যে লোকদিগকে কর্ম্মে নিযুক্ত করা যায় তাহারদের জন্যে ভালমতে কালাপাতিকরা ও মজবুত তুতকের নীচে আশ্রয়ের স্থান দিতে হইবেক। সেই স্থান এমন সাজাইতে হইবেক যে ঐ লোকেরদের এই২ জায়গা থাকে। অর্থাৎ

[ইউরোপীয় মল্লারদের জায়গা।]

(১।) ইউরোপীয় এক২ জন মল্লার কি আপ্রেন্টিসের জন্যে, কিম্বা ইউরোপীয় মল্লার সমান ভাবে জাহাজে ভর্ত্তি হয় এমত অন্য লোকের জন্যে, যদি দুই তুতকের মধ্যে যে ফাক থাকে তাহা ছয় ফুটের কম না হয়, তবে নয় ফুট জায়গা, কিম্বা দুই তুতকের মধ্যে যে ফাক তাহা ছয় ফুটের কম হইলে আড়ে দীর্ঘে উচ্চে নীচে সর্ব্ব সুদ্ধ চৌয়ান্ন ফুট জায়গা দিতে হইবেক।

[খালাসীর কি এদেশীয় মল্লার জায়গা।]

(২।) এক২ জন খালাসীর কি এদেশীয় মল্লার জন্যে, কিম্বা খালাসীর সমান ভাবে জাহাজে ভর্ত্তি হয় এমত অন্য লোকের জন্যে, আড়ে দীর্ঘে চারি ফুট জায়গা দিতে হইবেক। ও যে স্থান দেওয়া যায় তাহা যদি সবর ফলার নীচে হয়, তবে ঐ ফলার তুতকের ও তাহার তলের তুতকের মধ্যে সাড়ে চারি ফুটের কম ফাক না থাকে।

[স্থান ফরসা রাখিবার কথা ও উপযুক্তমতে প্রস্তুত না করা গেলে তাহার দণ্ডের ও স্থান ফরসা না রাখিবার দণ্ডের কথা।]

সেই প্রকারের জায়গাতে কোন প্রকারের সরঞ্জাম কি মাল রাখিতে হইবেক না। কেবল যাত্রার কালে মল্লারদের নিজ যে দ্রব্যের ব্যবহার হয় তাহা থাকিতে পারিবেক। ও পূর্ব্বের হুকুমমতে এক২ জন মল্লার ও আপ্রেন্টিসের যত জায়গা থাকিবেক, কোন জাহাজের সেই স্থান উপযুক্তমতে বড় না হওয়াতে যদি তত জায়গা না হইতে পারে, অথবা যদি তাহার উপযুক্তমতে কালাপাতি না হয়, ও অন্য সকল বিষয়ে যদি তাহা মজবুত ও উপযুক্তরূপে প্রস্তুত না হয়, ও তাহা দিয়া যদি বাতাস অবাধরূপে না চলে, তবে এই ধারার বিধানমতে কার্য্য হইবার এক২ ত্রুটির জন্যে স্বামির দুই

if any such space as aforesaid is not kept free from goods and stores as aforesaid, the master shall, for every such failure to comply with the provisions of this Section, incur a penalty not exceeding one hundred Rupees.

[Shipping Master &c. may enter on board any ship and inspect provisions, &c. Procedure if provisions &c. are found to be of a bad quality.]

LXXI. The Shipping Master at any Port in India, by himself or his deputy, may enter at any time on board of any ship upon which seamen have been shipped at such Port, and inspect the provisions and water provided for the use of the crew, and the medicines and appliances and the accommodation for seamen prescribed by this Act or by the Merchant Shipping Act 1854. If on inspection the provisions or water are found to be of bad quality and unfit for use or to be deficient in quantity, the Shipping Master shall proceed as provided in Section LXIV. of this Act, and the penalty prescribed in the said Section shall be incurred by any default of the master of the ship in respect of such provisions or water.

শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। ও উক্ত প্রকারের কোন জায়গাতে যদি কিছু মাল ও সরঞ্জাম রাখা যায়, তবে এই ধারার বিধানমতে কর্ম্ম না হইবার এক২ ত্রুটির জন্যে কাপ্তানের এক শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[শিপিংমাষ্টর সাহেবপ্রভৃতির কোন জাহাজে গিয়া রসদাদি দেখিবার কথা ও মন্দ হইলে যাহা করিবেন তাহার কথা।]

৭১ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে মল্লারা যে জাহাজে ভর্ত্তি হইয়াছে এমত কোন জাহাজে ঐ বন্দরের শিপিংমাষ্টর সাহেব, কিম্বা তাঁহার ডেপুটী, কোন সময়ে যাইতে পারিবেন, ও মল্লারদের জন্যে যে রসদ ও জল রাখা গিয়াছে তাহা, ও তাহারদের জন্যে যে ঔষধাদি চিকিৎসার সরঞ্জাম, ও তাহারদের থাকিবার যে জায়গা এই আইনমতে কিম্বা সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনমতে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা দেখিতে পারিবেন। তাহা দেখিয়া যদি রসদ কি জল মন্দ কি খাইবার অনুপযুক্ত কিম্বা অকুলান দেখা যায়, তবে শিপিংমাষ্টর সাহেব এই আইনের ৬৪ ধারার বিধানমতে কার্য্য করিবেন, ও সেই রসদের কি জলের বিষয়ে জাহাজের কাপ্তানের যে কোন ত্রুটি হয়, তাহার নিমিত্তে তাঁহার ঐ ধারার লিখিত জরীমানা লাগিবেক ইতি।

POWER OF MAKING COMPLAINTS.

[Seamen to be allowed to go ashore to make complaint to a Magistrate.]

LXXII. If any seaman or apprentice, whilst on board any ship, states to the master that he desires to make complaint to a Magistrate against the master or any of the crew, the said master shall, if the ship is then at a place where there is a Magistrate, so soon as the service of the ship will permit, and if the ship is not then at such a place, so soon after her first arrival at such a place as the service of the ship will permit, allow such seaman to go ashore, or send him ashore in proper custody, so that he may be enabled to make such complaint, and shall, in default, incur a penalty not exceeding one hundred Rupees.

নালিশ করিবার ক্ষমতার বিধি।

[মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিবার জন্যে মল্লার ডাঙ্গায় যাইবার অনুমতির কথা।]

৭২ ধারা। যদি কোন মল্লা কি আপ্রেন্টিস কোন জাহাজে থাকিতে কাপ্তানকে কহে যে, আমি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কাপ্তানের, কিম্বা মল্লারদের মধ্যে কোন কাহার নামে নালিশ করিতে চাহি, তবে জাহাজ যে স্থানে আছে সেই স্থানে মাজিষ্ট্রেট সাহেব থাকিলে, জাহাজের কর্ম্ম বুঝিয়া যখন হইতে পারে তখনই, কিম্বা জাহাজ যদি তেমন স্থানে না থাকে, তবে তদ্রূপ স্থানে পঁহুছিলে পর জাহাজের কর্ম্ম বুঝিয়া যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র, কাপ্তান ঐ মল্লাকে নালিশ করিবার জন্যে ডাঙ্গায় যাইতে দিবেন, কিম্বা উপযুক্ত নেগাহবানীতে রাখিয়া তাহাকে ডাঙ্গায় পাঠাইবেন। ও তাহা না করিলে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

PROTECTION OF SEAMEN FROM IMPOSITION.

[Sale of and charge upon wages to be invalid.]

LXXIII. No wages due or accruing to any seaman or apprentice shall be subject to attachment from any Court; and every payment of wages to a seaman shall be valid in law, notwithstanding any previous sale or assignment of such wages or of any incumbrance thereon; and no assignment or sale of such wages, or of salvage made prior to the accruing thereof, shall bind the party making the same; and no power of attorney or authority for the receipt of any such wages or salvage shall be irrevocable.

মল্লারদিগকে ঠগামিহইতে রক্ষা করিবার বিধি।

[বেতন বিক্রয় ও বেতনের উপর দায় অসিদ্ধ হইবার কথা।]

৭৩ ধারা। কোন মল্লার কি আপ্রেন্টিসের যে কিছু বেতন পাওনা আছে, কি পরে পাওনা হয়, তাহা কোন আদালতের দ্বারা ক্রোক হইতে পারিবেক না। ও মল্লাকে কোন বেতন দেওয়া গেলে তাহা আইনমতে সিদ্ধ হইবেক, যদিও সেই বেতন পূর্ব্বে বিক্রয় হইয়া থাকে, কি তাহার বরাৎ হইয়া থাকে, কি তাহার উপর কোন দায় থাকে, তথাপি সিদ্ধ হইবেক। ও সেই বেতন পাওনা হইবার পূর্ব্বে, কিম্বা জাহাজ ভাঙ্গিলে তাহার কোন মালপ্রভৃতি রক্ষা করিবার পুরস্কার পাওনা হইবার পূর্ব্বে, তাহার যদি কোন বরাৎ হয়, কি তাহা যদি বিক্রয় হয়, তবে যে জন বরাৎ কি বিক্রয় করিল সেই জন তাহাতে বদ্ধ হইবেক না। ও সেই বেতন কি পুরস্কার লইবার কোন মোখ্তারনামা কি ক্ষমতাপত্র অটলরূপে বহাল থাকিবেক না ইতি।

[No debt exceeding three Rupees recoverable till end of voyage.]

LXXIV. No debt exceeding in amount three

[যাত্রার শেষ না হওয়াপর্য্যন্ত তিন টাকার অধিক কোন কর্জ্জ আদায় হইতে না পারিবার কথা।]

৭৪ ধারা। কোন মল্লা কর্ম্ম করিতে করার করিলে

or cancel the certificate (whether of competency or service) granted under this Act to any master or mate in the following cases; (that is to say)—

1. If upon any investigation made in pursuance of the last preceding Section, he is reported to be incompetent, or to have been guilty of any gross act of misconduct, drunkenness, or tyranny.

2. If upon any investigation conducted under the provisions of Sections C., CI., and CII. of this Act, it is reported that the loss or abandonment of or serious damage to any ship, or loss of life, has been caused by his wrongful act or default.

3. If upon any investigation conducted under the provisions of the Merchant Shipping Act 1854, or upon any investigation made by a Naval Court constituted as is provided by the said Act or any other law for the time being in force, or upon any investigation made by any Court or tribunal authorized or hereafter to be authorized by the Legislative Authority in any British possession to make enquiry into charges of incompetency or misconduct on the part of masters or mates of ships or as to ship-wreck or other casualties affecting ships, it is reported that the loss or abandonment of, or serious damage to any ship, or loss of life, has been caused by his wrongful act or default or that he has been guilty of any gross act of misconduct, drunkenness, or tyranny. Provided always that, in the case of any report by any such last mentioned Court or tribunal, the report shall have been confirmed by the Governor or person administering the Government of such possession.

4. If he is superseded by the order of any Admiralty Court or of any Naval Court constituted as is provided by the Merchant Shipping Act 1854, or any other law for the time being in force.

5. If he is shown to have been convicted of any offence.

And every master or mate whose certificate is cancelled or suspended shall deliver it to the Shipping Master or to such other person as the local Government shall direct, and in default shall for each offence incur a penalty not exceeding five hundred Rupees; and the local Government may at any subsequent time grant to any person whose certificate has been cancelled, a new certificate of the same or of any lower grade.

[Offences of seamen and apprentices and their punishments.]

LXXXIII. Whenever any seaman who has been lawfully engaged, or any apprentice to the sea-service, commits any of the following offences, he shall be liable to be punished summarily as follows; (that is to say)—

মালিমকে যোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট দেওয়া যায় তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্ট এই২ স্থলে স্থগিত রাখিতে কি বাতিল করিতে পারিবেন। অর্থাৎ

১। ইহার পূর্ব্বের ধারামতে তদন্ত হইলে যদি অনুপযুক্ত বলিয়া কিম্বা অসদাচার কি মাতলামী কি নির্দ্দয়তার কোন ভারি দোষ করিয়াছেন বলিয়া তাঁহার নামে রিপোর্ট হয়, তবে।

২। যদি এই আইনমতের ১০০ ও ১০১ ও ১০২ ধারামতে তদন্ত হইলে, এমত রিপোর্ট হয় যে, তাঁহার অন্যায়মতের কোন কার্য্য কি ত্রুটির দ্বারা কোন জাহাজ মারা পড়িয়াছে কি পরিত্যাগ করা গিয়াছে কি জাহাজের ভারি নোকসান হইয়াছে কিম্বা কোন প্রাণের নাশ হইয়াছে তবে।

৩। যদি সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনের বিধানমতে কোন তদন্ত হইলে, কিম্বা ঐ আইনের কি তৎকালের চলিত অন্য কোন আইনের বিধানক্রমে সংস্থাপিত নেবাল কোর্টের (অর্থাৎ জাহাজসম্পর্কীয় আদালতের) করা কোন তদন্ত হইলে, কিম্বা কোন জাহাজের কাপ্তানের কি মালিমের অযোগ্যতার কি অসদাচারের, কিম্বা জাহাজ ভঙ্গের কি জাহাজসম্পর্কীয় অন্য দুর্ঘটনার নালিশের তদন্ত লইতে ব্রিটনীয় অধিকারের ব্যবস্থাপক কার্য্যকারক সাহেবেরদের দ্বারা যে কোন আদালতকে কি বিচারকর্ত্তাকে ক্ষমতা দেওয়া গিয়াছে কি পরে দেওয়া যায়, এমত কোন আদালতের কি বিচারকর্ত্তার দ্বারা তদন্ত হইলে, যদি এমত রিপোর্ট হয় যে, কাপ্তানের কি মালিমের অন্যায়মতের কার্য্যের কি ত্রুটির দ্বারা কোন জাহাজ মারা পড়িয়াছে কি পরিত্যাগ করা গিয়াছে, কিম্বা জাহাজের ভারি নোকসান হইয়াছে, কি প্রাণের হানি হইয়াছে, কিম্বা তিনি কোন ভারি অসদাচারের কি মাতলামীর কি নির্দ্দয় ব্যবহারের দোষী হইয়াছেন, তবে। পরন্তু ইহাতে সর্ব্বদা প্রয়োজন যে, শেষোক্ত প্রকারের আদালতের কি বিচারকর্ত্তার সেইরূপ রিপোর্ট হইলে, ঐ দেশের গবরনর সাহেব কি গবর্ণমেণ্টের কার্য্যনির্ব্বাহক সাহেব ঐ রিপোর্ট মঞ্জুর করেন।

৪। যদি কোন আডমিরালটি কোর্টের, কিম্বা সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনের কি তৎকালে চলিত অন্য কোন আইনের বিধানমতে সংস্থাপিত কোন নেবাল কোর্টের হুকুমমতে তাঁহাকে অবদর করা যায় তবে।

৫। তাঁহার কোন অপরাধ সাব্যস্ত হইয়াছে ইহা যদি দর্শান যায় তবে।

ও কোন কাপ্তানের কি মালিমের সর্টিফিকট বাতিল করা গেলে কি স্থগিত রাখা গেলে, তিনি সেই সর্টিফিকট শিপিংমাষ্টর সাহেবকে, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট অন্য যে কোন লোককে আজ্ঞা করেন, তাঁহাকে দিবেন। না দিলে তাঁহার সেই অপরাধের জন্যে পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। যাঁহার সর্টিফিকট বাতিল করা গিয়াছে এমত কোন লোককে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট তাহার পর কোন সময়ে সেই শ্রেণীর কি অধঃ কোন শ্রেণীর নূতন সর্টিফিকট দিতে পারিবেন ইতি।

[মল্লারদের ও আপ্রেণ্টিসেরদের অপরাধের ও দণ্ডের কথা।]

৮৩ ধারা। আইনমতে করার করিয়া যাহাকে কর্ম্মে নিযুক্ত করা গেল এমত কোন মল্লা, কিম্বা সমুদ্রের কর্ম্ম শিক্ষা করিতে যাহাকে বদ্ধ করা গেল এমত কোন আপ্রেণ্টিস যদি ইহার পরের লিখিত কোন অপরাধ করে, তবে তাহার এই২ দণ্ড সরাসরীমতে হইতে পারিবেক। বিশেষতঃ—

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৫ মার্চ।]

[Desertion.]

1. For desertion he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labor, and also to forfeit all or any part of the clothes and effects he leaves on board, and all or any part of the wages or emoluments which he has then earned, and also if such desertion takes place at any Port or place not in India, at the discretion of the Court, to forfeit all or any part of the wages or emoluments maybe earn in any other ship in which he may be employed until his next return to any Port or place in India, and to satisfy any excess of wages paid by the master or owner of the ship from which he deserts, to any substitute engaged in his place at a higher rate of wages than the rate stipulated to be paid to him.

[Neglecting or refusing to join, or to proceed to sea, absence within twenty-four hours before sailing, and absence without leave.]

2. For neglecting or refusing without reasonable cause to join his ship or to proceed to sea in his ship, or for absence without leave at any time within twenty-four hours of the ships sailing from any Port either at the commencement or during the progress of any voyage, or for absence at any time without leave and without sufficient reason from his ship or from his duty not amounting to desertion or not treated as such by the master, he shall be liable to imprisonment for any period not exceeding ten weeks, with or without hard labor, and also, at the discretion of the Court, to forfeit out of his wages a sum not exceeding the amount of two days' pay, and in addition for every twenty-four hours of absence either a sum not exceeding six days' pay, or any expenses which have been properly incurred in hiring a substitute.

[Quitting without leave before ship is secured.]

3. For quitting the ship without leave after her arrival at her Port of delivery and before she is placed in security, he shall be liable to forfeit out of his wages a sum not exceeding one month's pay.

[Act of disobedience.]

4. For wilful disobedience to any lawful command he shall be liable to imprisonment for any period not exceeding four weeks, with or without hard larbor, and also, at the discretion of the Court, to forfeit out of his wages a sum not exceeding two days' pay.

[Continued disobedience.]

5. For continued wilful disobedience to lawful commands, or continued wilful neglect of duty, he shall be liable to imprisonment for any period not

[*Government Gazette*, 15*th March*, 1859.]

[পলায়ন করিলে।]

১। পলায়ন করিলে, সে বারো সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কয়েদ হইতে পারিবেক, ও জাহাজে যত বস্ত্র কি জিনিসপত্র রাখিয়া যায় তাহা সমুদয় কি তাহার কোন অংশ জব্দ হইবেক, ও পরিশ্রমেতে তাহার যত বেতন কি প্রাপ্তি তৎকালে পাওনা হয় তাহা সমুদয় কি তাহার কোন অংশ জব্দ হইবেক। ও ভারতবর্ষের বাহিরে কোন বন্দরে কি স্থানে থাকিয়া যদি পলায়ন করে, তবে তৎপরে ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে তাহার ফিরিয়া যাইবার আগে সে অন্য যে কোন জাহাজে কর্ম্ম পাইয়া থাকে, সে জাহাজে পরিশ্রম করিয়া তাহার যত বেতন কি প্রাপ্তি পাওনা হয়, তাহা সমুদয় কি তাহার কোন অংশ আদালতের বিবেচনামতে জব্দ হইতে পারিবেক, ও যে জাহাজহইতে পলায়ন করিয়াছে সেই জাহাজে তাহার যত বেতন নির্দ্ধার্য্য হইয়াছিল, তাহার অধিক বেতন দিয়া তাহার বদলে অন্য লোককে নিযুক্ত করিয়া ঐ জাহাজের কাপ্তান কি স্বামী অতিরিক্ত যে বেতন দিয়াছেন, সেই অতিরিক্ত ভাগ তাহার দিতে হইবেক।

[জাহাজে যাইতে কি সমুদ্রে যাইতে শৈথিল্য করিলে কি স্বীকার না করিলে, ও জাহাজ খুলিয়া যাইবার আগে চব্বিশ ঘণ্টার মধ্যে হাজির না থাকিলে ও ছুটী না লইয়া গরহাজির হইলে।]

২। উপযুক্ত কারণ না থাকিলে জাহাজে যাইতে, কিম্বা জাহাজে সমুদ্রে যাইতে শৈথিল্য করিলে কি স্বীকার না করিলে, কিম্বা কোন যাত্রার কালের আরম্ভে, কি যাত্রার কালে কোন বন্দরহইতে জাহাজ যে সময়ে খুলিয়া যাইবেক, তাহার আগে চব্বিশ ঘণ্টার মধ্যে কোন সময়ে ছুটী না পাইয়া গরহাজির হইলে, কিম্বা কোন সময়ে ছুটী না পাইয়া ও উপযুক্ত কারণ না থাকিলেও জাহাজে কি কর্ম্মেতে যে গরহাজিরী পলায়নের তুল্য না হয়, ও কাপ্তান পলায়নের তুল্য জ্ঞান না করেন, এমত তাহার গরহাজিরী হইলে, সে দশ সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কয়েদ হইতে পারিবেক, ও তাহার দুই দিনের বেতনপর্য্যন্ত আদালতের বিবেচনামতে কাটা যাইতে পারিবেক, তদ্ভিন্ন যত কাল হাজির না হয় তত কালের নিমিত্তে চব্বিশ২ ঘণ্টা করিয়া তাহার ছয়২ দিনের বেতন কাটা যাইতে পারিবেক। অথবা তাহার বদলে অন্য লোককে যুটাইয়া দিলে উচিতমতে যত খরচ হয় তত তাহার বেতনহইতে দেওয়া যাইতে পারিবেক।

[জাহাজ শক্ত করিয়া বাঁধা যাইবার আগে ছুটী না পাইয়া চলিয়া গেলে।]

৩। জাহাজের মাল যে বন্দরে খালাস যাইবেক সেই বন্দরে পঁহুছিলে, তাহা লঙ্গর করিয়া ভালমতে রক্ষিত হইবার পূর্ব্বে, ছুটী না লইয়া কোন মল্লা জাহাজ ছাড়িয়া গেলে, তাহার এক মাসের বেতনপর্য্যন্ত কাটা যাইতে পারিবেক।

[হুকুম না মানিলে।]

৪। ন্যায্যমতের কোন হুকুম জানিয়াশুনিয়া না মানিলে সে চারি সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ও আদালতের বিবেচনামতে তাহার দুই দিনের বেতনপর্য্যন্ত কাটা যাইতে পারিবেক।

[নিয়ত হুকুম না মানিলে।]

৫। ন্যায্যমতের হুকুম জানিয়াশুনিয়া না মানিতে থাকিলে, কিম্বা কর্ত্তব্য কর্ম্ম করিতে জানিয়াশুনিয়া শৈথিল্য করিতে থাকিলে, সে বারো সপ্তাহের অনধিক

exceeding twelve weeks, with or without hard labor, and also at the discretion of the Court, to forfeit for every twenty-four hours' continuance of such disobedience or neglect, either a sum not exceeding six days' pay, or any expenses which have been properly incurred in hiring a substitute.

[Assault on Officers.]

6. For assaulting any master or mate he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labor.

[Combining to disobey.]

7. For combining with any other or others of the crew to disobey lawful commands, or to neglect duty or to impede the navigation of the ship or the progress of the voyage, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labor.

[Wilful damage and embezzlement.]

8. For wilfully damaging the ship, or embezzling or wilfully damaging any of her stores or cargo, he shall be liable to forfeit out of his wages a sum equal in amount to the loss thereby sustained, and also, at the discretion of the Court, to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labor.

[Act of smuggling causing loss to owner.]

9. For any act of smuggling of which he is convicted, and whereby loss or damage is occasioned to the master or owner, he shall be liable to pay to such master or owner such a sum as is sufficient to reimburse the master or owner for such loss or damage; and the whole or a proportionate part of his wages may be retained in satisfaction or on account of such liability, without prejudice to any further remedy.

[Entry of offences to be made in official log, and to be read over or a copy given to the offender, and his reply, if any, to be also entered.]

LXXXIV. Upon the commission of any of the offences enumerated in the last preceding Section, an entry thereof shall be made in the official log book, and shall be signed by the master and also by the mate or one of the crew; and the offender, if still in the ship, shall before the next subsequent arrival of the ship at any Port, or if she is at the time in Port before her departure therefrom, either be furnished with a copy of such entry or have the same read over distinctly and audibly to him, and may thereupon make such reply thereto as he thinks fit; and a statement that a copy of the said entry has been so furnished, or that the same has been so read over as aforesaid, and the reply (if any) made by the offender, shall likewise be entered and signed in manner aforesaid; and in any subsequent legal proceeding, the entries hereinbefore required shall, if practicable,

কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ও আদালতের বিবেচনামতে যত কাল হুকুম না মানিতে কি শৈথিল্য করিতে থাকে তত কাল চল্লিশ২ ঘণ্টা প্রতি তাহার ছয়২ দিনের বেতনপর্য্যন্ত কাটা যাইতে পারিবেক, অথবা তাহার বদলে কোন লোককে খুটিয়া দিলে ন্যায্যমতে যত খরচ হয় তত খরচ তাহার বেতনহইতে কাটিয়া দেওয়া যাইতে পারিবেক।

[মালিমপ্রভৃতির উপর চড়াউ হইলে।]

৬। কোন কাপ্তানের কি মালিমের উপর চড়াউ হইলে সে বারো সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক।

[হুকুম না মানিতে যোগ করিলে।]

৭। ন্যায্যমতের হুকুম না মানিতে, কি কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য করিতে, কিম্বা জাহাজের গমনের কি যাত্রার আগাইয়া যাওয়ার বাধা করিতে, অন্য মল্লার কি মল্লারদের সঙ্গে যোগ করিলে, সে বারো সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক।—

[জানিয়াশুনিয়া নোকসান ও তসরুফ করিলে।]

৮। জানিয়াশুনিয়া জাহাজের নোকসান করিলে, কিম্বা জাহাজের সরঞ্জাম কি মাল তসরুফ করিলে, কি জানিয়াশুনিয়া নোকসান করিলে, তাহাতে যত টাকার হানি হয় তত টাকা তাহার বেতনহইতে কাটিয়া লওয়া যাইতে পারিবেক, ও আদালতের বিবেচনামতে সে বারো সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক।

[স্বামির ক্ষতিকররূপে মামুল চুরী করিলে।]

৯। তাহার মামুল চুরীর কোন দোষ সাব্যস্ত হইলে ও তাহাতে কাপ্তানের কি স্বামির কিছু ক্ষতিখতরা হইলে, কাপ্তানের কি স্বামির ক্ষতিখতরা যত টাকাতে পরিশোধ হইতে পারে তাহার তত টাকা ঐ কাপ্তানকে কি স্বামিকে দিতে হইবেক। ও তাহার পরিশোধে কিম্বা সেই দাবের বাবতে, তাহার বেতনের সমুদয় কিম্বা এক অংশ আটক করিয়া রাখা যাইতে পারিবেক, ও ইহাতে ক্ষতিপূরণের অন্য কোন উপায়ের ব্যাঘাত হইবেক না।

[অপরাধের কথা জাহাজের টপনামায় লেখা যাইবার ও অপরাধির নিকটে তাহা পাঠ করা যাইবার কিম্বা তাহার এক কেতা নকল দেওয়া যাইবার ও তাহাতে সে জওয়াব করিলে তাহাও লেখা যাইবার কথা।]

৮৪ ধারা। ইহার পূর্ব্বের ধারার লিখিত কোন অপরাধ করা গেলে, তাহার কথা জাহাজের টপনামায় লিখিতে হইবেক, ও তাহাতে কাপ্তান ও মালিম কিম্বা মল্লারদের কোন এক জন দস্তখৎ করিবেক। ও অপরাধী যদি জাহাজে থাকে, তবে তৎপরে যে সময়ে জাহাজ কোন বন্দরে পঁহুছিবেক তাহার পূর্ব্বে, কিম্বা তৎকালে জাহাজ কোন বন্দরে থাকিলে সেই বন্দরহইতে ছাড়িয়া যাইবার আগে, ঐ টপনামায় লেখা কথার এক কেতা নকল ঐ অপরাধিকে দেওয়া যাইবেক, কিম্বা সেই কথা তাহার নিকটে সপষ্টরূপে ও সুশ্রাব্যরূপে পাঠ করা যাইবেক। তাহাতে সে যে জওয়াব করিতে চাহে করিতে পারিবেক। আরও ঐ লেখা কথার এক কেতা নকল তাহাকে দেওয়া গিয়াছে, কিম্বা তাহা উক্ত প্রকারে তাহার নিকটে পাঠ করা গিয়াছে এই কথা, ও অপরাধী কিছু জওয়াদ করিলে তাহার সেই জওয়াবও সেই প্রকারে টপনামায় লেখা যাইবেক, ও তাহাতে দস্তখৎ করা যাইবেক, ও তাহার পর কোন মোকদ্দমা হইলে এই ধারাতে যে কথা লিখিবার হুকুম

be produced or proved, and in default of such production or proof, the Court hearing the case may, at its discretion, refuse to receive evidence of the offence.

[To be continued.]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 3.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Collector of

Dated Fort William, the 4th February 1859.

I am directed to forward for your information, Extract para. 11 from a letter addressed by the Commissioner of Patna to the Deputy Collector of Sarun, and to request that you will be careful that none but seasoned wood* is used for boards in your Office. Should such wood not be procurable in your District, boards may be procured in the 24-Pergunnahs at the following rates:

Size.	*Annas a pair.*
16 by 10 Inches	0 4 0
14 by 8 ,, ...	0 3 0
16 by 5 ,, ...	0 2 0
7 by 4½ ,, ...	0 1 6

E. T. TREVOR,
Secretary.

No. 4.

From the Junior Secretary to the Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 15th February 1859.

With reference to Circular No. 101 dated the 27th July 1849, I am directed by the Board of Revenue to inform you that with advertence to the decision of the Sudder Court dated the 10th March 1851, and the general construction of Regulation VII. of 1822, they are of opinion that it is not necessary for Commissioners to invest Officers who already possess the general powers of that Regulation with special powers under Section 19. The Circular, abovementioned is accordingly rescinded.

(Signed) E. H. LUSHINGTON,
Junior Secretary.

* You should be careful to obtain thoroughly seasoned [illegible] for your tuktas. Many of them appeared to be unseasoned, and I was informed that the damp frequently destroyed the leaves in contact with the boards.

[*Government Gazette*, 15*th March*, 1859.]

হইয়াছে তাহা উপস্থিত করা যাইতে পারিলে উপস্থিত করা যাইবেক কিম্বা তাহার প্রমাণ করা যাইবেক, ও সেই প্রকারে উপস্থিত না করা গেলে কি তাহার প্রমাণ না হইলে, যে আদালত ঐ মোকদ্দমা শুনেন সেই আদালত আপনার বিবেচনামতে ঐ অপরাধের প্রমাণ লইতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৩ নম্বর।

অমুক জিলার শ্রীযুত কালেক্টর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৪ ফেব্রুআরি।

পাটনার কমিস্যনর সাহেব সারণের ডেপুটী কালেক্টরের নিকটে যে পত্র পাঠাইয়াছিলেন তাহার ১১ দফা তোমার অবগত হইবার জন্যে আমি আজ্ঞামতে পাঠাইয়া এই আদেশ করিতেছি, তোমার দফ্তরখানার তক্তা কেবল পাকা কাঠের হয় এই বিষয়ে তুমি মনোযোগ কর। যদি সেই প্রকারের কাঠ তোমার জিলার মধ্যে না পাওয়া যায় তবে চব্বিশপরগনার মধ্যে এই হিসাবে পাওয়া যাইতে পারে।

		ফি যোড়া
১৬ বুরুল লম্বা ও ১০ বুরুল চৌড়া হইলে		।৹
১৪ ঐ	৮ ঐ	৶
১৬ ঐ	৫ ঐ	৶
৭ ঐ	৪½ ঐ	৵১০

ই টি ট্রুবর। সেক্রেটারী।

৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বোর্ড রেবিনিউর শ্রীযুত দ্বিতীয় সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট-উলিয়ম। ১৮৫৯ সাল ১৫ ফেব্রুআরি।

১৮৪৯ সালের জুলাই মাসের ২৭ তারিখের ১০১ নম্বরের সরক্যুলর অর্ডরের উপলক্ষে আমি বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে এই কথা জানাইতেছি। সদর আদালতের ১৮৫১ সালের ১০ মার্চ তারিখের নিষ্পত্তি, ও ১৮২২ সালের ৭ আইনের সাধারণ অর্থ বুঝিয়া তাঁহারদের এই মত হইল। যে কার্য্যকারকেরা ঐ আইনের লেখা সাধারণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন, তাঁহারদিগকে ১৯ ধারার লিখিত বিশেষ ক্ষমতা কমিস্যনর সাহেবেরদের দেওয়া আবশ্যক নাই। তদনুসারে উপরের লিখিত সরক্যুলর রদ করা গেল।

ই এচ লশিংটন।
দ্বিতীয় সেক্রেটারী।

* তোমার তফার জন্যে উত্তমরূপে পাকা কাঠ পাইবার বিষয়ে তোমার মনোযোগ করিতে হয়। আমার বিবেচনায় অনেক তক্তা পাকা ছিল না। ও কাগজপত্র সেই তক্তার গায়ে থাকিলে অনেকবার ভিজাতে নষ্ট হয় এই কথা আমাকে কহা গিয়াছিল।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 4th March, 1859.

The leave of absence for three days granted to Baboo Gungakunth Mokopadee, Moonsiff of Attea, Zillah Mymensing, under the Court's orders of the 7th ultimo, is hereby cancelled.

The 5th March, 1859.

The leave of absence for four days, granted to Moulvie Tuffuzul Ruhman, Moonsiff of Pothna, Zillah East Burdwan, under the Court's orders of the 5th ultimo, is hereby cancelled.

Moulvie Ahmed Allee, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, for two weeks, from the 22nd ultimo, *in* extension of the leave granted to him under the Court's orders of the 18th January last.

A. W. Russell, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৯ সাল ৪ মার্চ।

জিলা ময়মনসিংহের আতিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাকান্ত মুখোপাধ্যায় সদর আদালতের গত মাসের ৭ তারিখের হুকুমমতে তিন দিনের যে ছুটী পান তাহা রহিত করা গিয়াছে।

১৮৫৯ সাল ৫ মার্চ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পথনার মুনসেফ শ্রীযুত মৌলবী তফজ্জল রহমান সদর আদালতের গত মাসের ৫ তারিখের হুকুমমতে চারি দিনের যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

জিলা সিলটের সোনামগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আহমদ আলি সদর আদালতের গত জানুআরি মাসের ১৮ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত গত মাসের ২২ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ইস্তাহার।

যেহেতুক ঢাকা ডিবিজনের গোরা লোকের খাদ্য দ্রব্যাদি ও অন্যান্য জিনিসাত কানট্রাক্ট অর্থাৎ নিরূপিত এক দর মার্ফা দ্বারায় সরবরাহ হইবেক অতএব সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে সমাচার দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত দ্রব্যাদি ইঙ্গরেজী চলিত সনের ১ মেঅবধি এক বৎসরের কারণ যাহারা সরবরাহ করার বেচ্ছুক হয় তাহারা আগত এপ্রেল মাহার ৫ তারিখে বেলা দুই প্রহর চারি ঘণ্টাপর্য্যন্ত মোং সোওয়ারি ঘাট কমিষরিএট আফিসে টেণ্ডার অর্থাৎ দরখাস্ত করিলে গ্রহণ করা যাইবেক আর প্রত্যেক দ্রব্যের কারণ ভিন্ন২ দরখাস্ত করিতে হইবেক ঐ দরখাস্তের ফারম অত্রাফিসে পাওয়ার প্রার্থনা করিলে দেওয়া যাইবেক এবং ঐ সকল দরখাস্ত আগত ৬ এপ্রেল বেলা দুই প্রহর সময় দরখাস্তকারি ব্যক্তিদিগের সাক্ষাৎ খোলা হইয়া পড়া যাইবেক কিন্তু যে ব্যক্তি তৎকালীন হাজির না থাকিবেক তাহার দরখাস্ত গ্রাহ্য হইবেক না ইতি সন ১৮৫৯ সাল তারিখ ৮ মার্চ।

পাঁওরুটী	বিচালি
গোমাংস	নারিকেল তৈল
ভেড়ার মাংস	সর্ষপ তৈল
তরকারি	চূণা
চাউল	জলের জালা
চিনি	গামলা
কাষ্ঠ	মাইটা হাঁড়ি
বিছানা	হাতির সরঞ্জাম
পরিচ্ছদ বস্ত্র	বএলের সরঞ্জাম
বএলের বুট	

ইস্তাহারনামা। কাছারি চৌকিয়াত নমক মোতালকে শহর কলিকাতা।

যেহেতু অত্রাধীন চৌকী সুতানুটীর স্ফটিকচন্দ্র ঘোষ মোহরের ও রামচন্দ্র পাত্র চাপরাসির গত ২১ জানুআরি তারিখের গ্রেপ্তারি বেদলীলের ৬৪ নের পাঙ্গা নসকের মোকদ্দমা যাহা শ্রীযুক্ত জুষ্টিস আপ দি পীস সাহেবের হজুরে ২৬ ফেব্রুআরি তারিখে নিষ্পত্তি হওয়ার দিন নিদ্ধারণে ২৭ জানুআরি তারিখের ১ একখণ্ড ইস্তেহার গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করণ জন্য ২৮ জানুআরি তারিখে প্রেরণ করা হইয়াছিল কিন্তু ১ ফেব্রুআরি তারিখের গেজেটে বিচার নিষ্পত্তির দিন ২৬ ফেব্রুআরি লিখিত না হইয়া ২৬ জানুআরি লিখিত হওয়ায় প্রশংসিত শ্রীযুক্ত ঐ নিষ্পত্তির দিন ফেব্রুআরির স্থলে জানুআরি হওয়ার কারণ বসত বিচার নিষ্পত্তি না করিয়া পুনর্ব্বার ইস্তেহার জারী করার আদেশ প্রকাশ করায় অধুনা এই ঘোষণা প্রচার করা যাইতেছে যে আগত ২১ মার্চ তারিখে ঐ বিষয় পুলিস কাছারীতে নিষ্পত্তি হইবেক ইতি সন ১৮৫৯ সাল তারিখ ৪ মার্চ।

এ ডবলিউ পিক্বক। কলিকাতার নেমক চৌকির এক্টিং সুপরিন্টেণ্ডেণ্ট।

ইস্তাহারনামা কাছারি চৌকিয়াত নমক মোতালকে শহর কলিকাতা।

যেহেতু অত্রাধীন চৌকি সুতানুটির স্ফটিকচন্দ্র ঘোষ মোহরের ও রামচন্দ্র পাত্র চাপরাসীর গত ২১ জানুআরি তারিখের গ্রেপ্তারি বেদলীলের ২/ দুই মোন পাঙ্গা নমকের মোকদ্দমা যাহা শ্রীযুক্ত জুষ্টিস অফ দি পীস সাহেবের হজুরে ২৬ ফেব্রুআরি তারিখে নিষ্পত্তিহওয়ার দিন নিদ্ধারণে ২৭ জানের তারিখের এক খণ্ড ইস্তাহার গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করার জন্য ২৮ জানুআরি তারিখে প্রেরণ করা হইয়াছিল কিন্তু ১ ফেব্রুআরি তারিখের গেজেটে বিচার নিষ্পত্তির দিন ২৬ ফেব্রুআরি লিখিত না হইয়া ২৬ জানুআরি লিখিত হওয়ায় প্রশংসিত শ্রীযুক্ত ঐ নিষ্পত্তির দিন ফেব্রুআরির স্থলে জানুআরি হওয়ার কারণ বসতঃ বিচার নিষ্পত্তি না করিয়া পুনরার ইস্তাহার জারী করার আদেশ প্রকাশ করায় অধুনা এই ঘোষণা প্রচার করা যাইতেছে যে আগত ২১ মার্চ তারিখে ঐ বিষয় পুলিস কাছারিতে নিষ্পত্তি হইবেক ইতি সন ১৮৫৯। ৪ মার্চ।

এ ডবলিউ পিক্বক। কলিকাতার নেমক চৌকির এক্টিং সুপরিন্টেণ্ডেণ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৫ মার্চ।]

নিম্নক।

SALT.

মাসলাধারী হিসাবে মৌজুদ নেমক মাহ ৪ পর্য্যন্ত গোলাস্থ নেমক মাহ ৫ ফেব্রুআরি সন ১৮৫৯ সাল প্রত্যেক ধরণের ও শাখিথাক মোলাসাতের।

এক্সেলীর নাম।		সন ১২৬০ সাল হইতে ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৩। ৪৪ সাল পর্য্যন্ত।	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৪। ৫৯ সাল।	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৫৯। ৬০ সাল।	মৌজুদ নেমকের পরিমাণ।
পাঙ্গা নেমক ঘাট হবুলপুর	মণ	৪৩/	১,০৪২/৩১	১,৭৮৮/৩১	
কুল্পনদর।	”	২,৫৯২/	২৮,২২৩৩২	১,৭৯,১৭৬৪২	
রামনগর।	”	”	১,৯২,৪৮০/২	৩৪২,৩২৮৩৯	
উত্তর কালিনগর।	”	২,১৮,৭৪৮৯	১,৮২,৯৮০/২	১০,২৯৪৪৫৩	
পরীয়াটী।	”	”	৩২,১৯৫/	৩১,১৪৭/	
					২,১৮৮/৩১
					১,৭৯,১৭৬৪২
					৩৪২,৩২৮৩৯
					১০,২৯৪৪৫৩
					৩১,১৪৭/
		২,৬৪৩/	৩৪,৯৯৩/৩	৩৪,৫৩২৩৩ ৷৷ ৷	
		২০/	১,৭১,৭৮০/	৩,৭৫,৬৬৬৩ ৷	
					৫,২৯,২২২ ৷৷ ৷
		২,৬৪৩/	৩৫,৬৬৩/৩	৩৫,৯৯৯৩৩ ৷	
		”	১,৮৮৫/	১,৮৮৫/	
					৫,৮৯,১৮৫/
		”	১,৮৮৫/	১,৮৮৫/	
		”	৭৪০২৪	৭৪০২৪	
		২,৮৭৭/৩	১৫,১৯১/৩৪	১৭,৯৯৯/৩৪	
					২৩,৮৮৫/৩৪
		”	”	”	
		২,৮৭৭/৩	১৫,৯৭১/১	১৮,৪৯২/১০	

[*Government Gazette*, 15*th March*, 1859.]

	সন ১২৬১ সালে নোতারকে ইং, ১৮৫৪	সন ১২৬২ সালে নোতারকে ইং, ১৮৫৫	সন ১২৬৩ সালে নোতারকে ইং, ১৮৫৬	সন ১২৬৪ সালে নোতারকে ইং, ১৮৫৭	মোট্ আদায় সেরেস্তা অঙ্কুল
চট্টগ্রাম।					
পাক্কা নেমক্ খাদ্যখালী হাট।	...	...	...	...	৩৯,২১১৷৷
পাক্কা নেমক সমূহ হাট একেন্সী।	...	...	২৮৫,৯০৪৷৷ ১/	...	২৪৯,৯০৪৷৷ ১/
ঐ আরাকিন।	...	...	...	...	...
কচ্চক মাল্লাক্ক।	...	৩৩,০১২৷৷ ১/	২,৮০,৪০৮৷৷	...	৩১৩,০৪৩৷৷
এতুল।	...	৩৩,০১২৷৷ ১/	৪,৬৮,৫৩৬৷৷	...	৪৩১,৮৬৯৷৷ ৪
পাক্কা নেমক্ শাম্বিখা।	...	২৯,৪৩২৷	৭৯,১৪১৷	...	১,২৯,৪৪২৷
পাক্কা নেমক্ ঠাউর।	...	...	৮,৪০০৷	...	৮,৪০০৷
ঐ ঐ রাজেন্দ্রপুর।	...	...	৫২,১৮৯৷	...	৫২,১৮৯৷
ঐ ঐ খোড়ুয়া।	...	...	৩,৮৫৯৷	...	৩,৮৫৯৷
ঐ ঐ চিংকা।	...	...	...	...	...
এ ২৪ পরগণা।	৪,৩২৷৷	১৯,৪৩২৷	...	...	২৩,৭৬৪৷
ঐ ঐ মাহাজিপুর।	...	২,৩০,৩২৯৷৷	...	...	২,৩০,৩২৯৷৷
ঐ ঐ বাহুড়ী।	...	৭১,০৪৮৷	...	...	৭১,০৪৮৷
ঐ ঐ খোলা।	২,৪৯৷৷	...	...	...	২,৪৯৷৷
কচ্চক মাল্লাক্ক পত্তনিটী।	৬,২২,১৮৬৷৷	...	...	...	৬,২২,১৮৬৷৷
ঐ ঐ চিংকা।	...	...	...	...	...
ঐ ঐ সিন্ধু।	৩৭,৩০২৷	৩,৭৩,২৮৩৷৷	৫০,০৭৯৷	...	৪৬১,৬১৪৷৷
সিহ্লিত কচ্চক।	...	...	...	...	...
পাক্কা নেমক্ পুরী হাট।	...	...	...	২২,৪৯৬৷	২২,৪৯৬৷
ঐ হাসনাবাদ।	...	...	৩১,৭২৪৷	২,২৩৬৷	৩৩,৯২৪৷
সিহ্লিত পাক্কা।	...	...	...	...	...
	...	...	...	৫৬২৷	৫৬২৷
এতুল।	৭,২৪,৭৭৭৷৷	৬,৬৪,৫৫৩৷৷	২,৩৫,৬৮৭৷	২৭,২৪৪৷	১৭,৭৮,৫০০৷৷
অকৃষ্ট নিম।	...	...	...	...	...
পাক্কা নেমক হাট হিজলী।	...	...	২,৭৭৪৷	...	২,৭৭৪৷
	...	...	২,৫৭৪৷	...	২,৫৭৪৷
এতুল।	...	...	৫,৪৭৪৷	...	২,৫৭৪৷
মোট এতুল।	৭,২৪,৭৭৭৷৷	৬,৬৪,৫৫৩৷৷	২,৪১,১৬১৷	২৭,২৪৪৷	১৭,৮১,৪০০৷৷

[বিবরণের শেষ্ট। ১৮৫৯। ১৫ মার্চ।]

শ্রীহর মোক্তারী।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN HUTCHESON FERGUSSON, an Insolvent.

On Saturday, the 5th day of February last, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 55,818 in his hands pay a Dividend at the rate of Co.'s Rs. Two and half per cent. (which will amount to the sum of Co.'s Rs. 50,000,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 10th March, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন জান হচিসন ফারগসন সাহেবের বিষয়ে।

আইনি সাহেব গত ফেব্রুআরি মাসের ৫ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফশীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আইনি সাহেবের খাতিরজমাযতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৫৫,৮১৮৲ টাকা আছে তাহাইইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ২৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫০,০০০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা নয়াদ দেওয়া গেল।

সরকারী আইনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ১০ মার্চ।

[*Government Gazette, 15th March*, 1859.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 22, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২২ মার্চ।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 29TH JANUARY 1859.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 25th January 1859, and is hereby promulgated for general information :—

ACT No. I. OF 1859.

An Act for the amendment of the law relating to Merchant Seamen.

(Continued from page 181.)

DISCIPLINE.

[Seamen whom masters of ships are compelled to convey, and persons going in ships without leave, to be subject to penalties for breach of discipline.]

LXXXV. Every seafaring person whom the master of any ship is, under the authority of this Act or any law, compelled to take on board and convey, and every person who goes to sea in any ship without the consent of the master or owner or other person entitled to give such consent, shall, so long as he remains in such ship, be subject to the same laws and regulations for preserving discipline, and to the same penalties and punishments for offences constituting or tending to a breach of discipline, to which he would be subject if he were a member of the crew and had signed the agreement.

[Master or owner may apprehend deserters without warrant.]

LXXXVI. Whenever, either at the commencement or during the progress of any voyage, any seaman or apprentice neglects or refuses to join, or deserts from, or refuses to proceed to sea in any

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২৯ জানুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৫ জানুআরি তারিখে সম্মতি প্রকাশ করিলেন, এইক্ষণে সেই আইন সকল লোককে জানাইবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ১ আইন।

সওদাগরী জাহাজী লোকেরদের আইন সংশোধনের আইন।

[১৮১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

শাসনের বিধি।

[জাহাজের কাপ্তানেরদের যে মল্লারদিগকে লইয়া যাইতে হয়, ও যাহারা অনুমতি বিনা জাহাজে যায়, তাহারদের সুশাসনের বিধি লঙ্ঘনের দণ্ড হইবার কথা।]

৮৫ ধারা। সমুদ্রে গমনশীল যে কোন লোককে, এই আইনের কিম্বা কোন আইনের শক্তিক্রমে, কোন জাহাজের কাপ্তান আপন জাহাজে লইয়া যাইতে বদ্ধ হন, ও কাপ্তানের, কিম্বা স্বামির স্থানে, কিম্বা জাহাজে যাইবার অনুমতি দিবার শক্তি অন্য যাঁহার থাকে তাঁহার স্থানে, অনুমতি না পাইয়া যে কেহ কোন জাহাজে সমুদ্রে যায়, সেই জন যত কাল জাহাজে থাকে তত কাল, আপনি মল্লা হইয়া একরারনামায় দস্তখৎ করিলে, সুশাসন রক্ষা করিবার যেসকল আইন ও বিধি তাহার মানিতে হইত, সেই আইন ও বিধি মানিবেক, ও সুশাসনের লঙ্ঘন যাহাতে হয় কি হইতে পারে এমত অপরাধ করিলে মল্লার যে জরীমানা ও দণ্ড হইতে পারে তাহারও সেই জরীমানা ও দণ্ড হইবেক ইতি।

[ওয়ারণ্টবিনা পলাতকদিগকে গ্রেফ্তার করিবার কথা।]

৮৬ ধারা। কোন মল্লা কি আপ্রেণ্টিস যে কোন জাহাজে সমুদ্রে যাইতে নিয়মিতরূপে নিযুক্ত হইয়াছে, সে যদি জাহাজের কোন যাত্রার আরম্ভ কালে কি যাত্রা হইবার সময়ে জাহাজে যাইতে শৈথিল্য করে কি স্বীকার না

ship in which he is duly engaged to serve, or is found otherwise absenting himself therefrom without leave, the master or any mate, or the owner, ship's husband, or consignee, may, with or without the assistance of Police Officers, who are hereby directed to give the same if required, apprehend him without first procuring a warrant; and may thereupon in any case, and shall, in case he so requires and it is practicable, convey him before some Court capable of taking cognizance of the matter, to be dealt with according to law; and may, for the purpose of conveying him before such Court, detain him in custody for a period not exceeding twenty-four hours or such shorter time as may be necessary, or may, if he does not so require, or if there is no such Court at or near the place, at once convey him on board; and if any such apprehension appears to the Court before which the case is brought, to have been made on improper or on insufficient grounds, the master, mate, owner, ship's husband, or consignee, who makes the same or causes the same to be made, shall incur a penalty not exceeding two hundred Rupees; but such penalty, if inflicted, shall be a bar to any action for false imprisonment in respect of such apprehension.

[Deserters may be sent on board in lieu of being imprisoned.]

ইউরোপীয় সেনাপতি সাহেবেরদের ও সনদঅপ্রাপ্ত সেনাপতিরদের ও সৈন্যেরদের সম্পত্তির বাবতে, নিষ্পত্তি করিবার কমিটির সৈন্যাধ্যক্ষ সাহেবেরা কি প্রসীডেণ্ট সাহেবেরা তোমার খাজানাখানায় যে টাকা দাখিল করেন, তাহার নিমিত্তে তুমি ঐ টাকা দেওনিয়া সাহেবকে যে দিনে রসীদ দেও, সেই দিনে ট্রান্সফর ক্রেডিট বিলও নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া মিলিটারী ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে তোমার পাঠান উচিত। সেই প্রকারের যে সকল বিল পাঠান যায় তাহার নম্বর রীতিমতে প্রতিবৎসর ১ অবধি আরম্ভ করিয়া দিতে হয়, ও তোমার খাজানাখানার যে হিসাব মাসে২ এই দফ্তরখানায় দেওয়া যায় তাহাতে ঐ বিলের টাকা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীন রাজধানীর সব-ত্রেজুরর সাহেবের হিসাবে জমা করিতে হয়।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ১৫ ফেব্রুআরি।

নম্বর মাল ০০০০০ টাকা।

শ্রীযুত সব-ত্রেজুরর সাহেব বরাবরেষু।

নিষ্পত্তির কমিটির প্রসীডেণ্ট শ্রীযুত অমুক সাহেবের স্থানে আমি অদ্য এত টাকা ও পয়সা পাইয়া হিসাবে জমা করিয়াছি। অন্য পত্র না পাইলেও সেই টাকা ইউরোপীয় মৃত সেনাপতি সাহেবেরদের ও সৈন্যেরদের আমানৎকরা ইষ্টেটের খাতায় জমা কর।

কালেক্টর।

কালেক্টরী কাছারী।
১৮

No. 990.

To the Collector of Land Revenue, Lower Provinces.

I have the honor to annex for your information and guidance a copy of the orders of the Government of India in the Home Department dated the 3d ultimo, and to request with reference thereto, that you will consider, as cancelled, the Circular of this Office No. 878 of the 31st August 1855.

(Signed) R. P. Harrison,
Offg. Acctt. Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. Govt. of Bengal,
The 23d February 1859.

From R. B. Chapman, Esq., Under Secretary to the Govt. of India, Home Department, to A. R. Young, Esq., Secretary to the Govt. of Bengal, (No. 21, dated the 3d January 1859.)

The rule communicated in my letter No. 421, dated the 27th February 1857, to the effect that "all unstamped or insufficiently stamped documents hitherto transmitted through the Post "Office as on the Public Service, when sent to "the Superintendent of Stamps in view to their being correctly stamped should hereafter have the "proper amount of postage prepaid by the parties "to whom they belong" having been ascertained to be illegal, I am directed by the President in Council to request that under the orders of the Hon'ble the Lieutenant Governor it may be cancelled within the Presidency of Bengal.

(True Copy.)
(Signed) Thos. Jones,
Register, Bengal Secretariat.

No. 70.

Copy forwarded to the Accountant to the Government of Bengal with a request that the previous orders referred to communicated by this Office, Circular No. 1 dated 13th April 1857, may be cancelled.

By order of the Board of Revenue,

(Signed) E. Lushington,
Junior Secretary.

Fort William, the 24th January, 1859.

CIRCULAR ORDER OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 5.

MEMORANDUM.

To the Commissioner of Revenue for the Division of

The following Rule, which has been sanctioned by Government, is to be inserted in the Rules of

৯৯০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের গত মাসের ৩ তারিখের হুকুমের এক কেতা নকল তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে তাহার সঙ্গে পাঠাইয়া আদেশ করিতেছি যে, এই দফ্তরখানার ১৮৫৫ সালের ৩১ আগষ্ট তারিখের ৮৭৮ নম্বরের সরকুলর রদ হইল এমত জানিতে হইবেক।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ২৩ ফেব্রুআরি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেবের নামে হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত আর বি চাপমান সাহেবের ১৮৫৯ সালের ৩ জানুআরি তারিখের ২১ নম্বরের পত্র।

আমার ১৮৫৭ সালের ২৭ ফেব্রুআরি তারিখের ৪২১ নম্বরের পত্রেতে এই কর্ম্মের বিধি লেখা গিয়াছিল। "ইষ্টাম্প না হওয়া কি অনুপযুক্তমতের ইষ্টাম্প হওয়া যে সকল দলীল সরকারী মর্ম্মের নিমিত্তে বলিয়া ডাকযোগে চালান হইতেছে, সেই দলীল যদি উপযুক্তমতের ইষ্টাম্প বসাইবার জন্যে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠান যায় তবে ঐ দলীল যে লোকেরদের হয়, সেই লোকেরদের উপযুক্ত ডাক মাসুল আগাম দিতে হইবেক।" কিন্তু দৃষ্ট হইয়াছে যে সেই বিধি [illegible] সাহেবের আজ্ঞামতে এই আদেশ করিতেছি যে, শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম লইয়া ঐ বিধি বাঙ্গলা দেশের মধ্যে রদ করা যায়।

(যথার্থ নকল।)
তামস জোন্স।
রেজিষ্টর। বাঙ্গাল সেক্রেটরিয়াট।

৭০ নম্বর।

এই পত্রের এক কেতা নকল বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত আক্কৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠান গেল ও আদেশ হইল, যে এই দফ্তরখানাহইতে ১৮৫৭ সালের ১৩ আপ্রিল তারিখের ১ নম্বরের সরকুলরেতে উল্লিখিত যে হুকুম পূর্ব্বে দেওয়া গিয়াছিল তাহা রদ হয়।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে।
ই লশিংটন।
দ্বিতীয় সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ২৪ জানুআরি।
John Robinson, *Bengalee Translator.*

বোর্ড রেবিনিউ সরকুলর অর্ডর।

৫ নম্বর।

স্মারক লিপি।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

নীচের লিখিত বিধিতে গবর্ণমেণ্ট অনুমতি প্রকাশ করিয়াছেন। বোর্ডের ১৮১৫ সালের ১১ জুলাই তা-

জাহাজ ঘুরিতে না পারে এমন ভাবে বয়াতে বাঁধিবার জন্যে							১ নবেম্বর অবধি ৩১ মে পর্য্যন্ত দিন প্রতি	১ জুন অবধি ৩১ অক্টোবর পর্য্যন্ত দিন প্রতি।
১৯৯ টন পর্য্যন্ত বোঝাইয়ের জাহাজ ইহলে					...	...	১৷৷০	৩৲
২০০ টন অবধি ২৯৯ পর্য্যন্ত			ঐ	ঐ	...	...	২৲	৪৲
৩০০	ঐ	৩৯৯	ঐ	ঐ	...	...	২৷৷০	৫৲
৪০০	ঐ	৪৯৯	ঐ	ঐ	...	...	৩৲	৬৲
৫০০	ঐ	৫৯৯	ঐ	ঐ	...	...	৩৷৷০	৭৲
৬০০	ঐ	৯৯৯	ঐ	ঐ	...	...	৪৲	৮৲
১০০০	ঐ	ও তাহার অধিক	ঐ		...	...	৬৲	১০৲
জাহাজ ঘুরিতে পারে এমন ভাবে বাঁধিবার জন্যে							২৲	৪৲

এ আর ইয়ৎ।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর্‌ সাহেবের হুকুম।

১২৪৯ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১৬ ফেব্রুআরি।

শ্রীযুত এচ বেবরিজ সাহেব (Mr. H. Beveridge,) ও শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু ময়মুনসিংহে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ সি সথরলাণ্ড সাহেব Mr. H. C. Sutherland,) ও শ্রীযুত বাবু মহানন্দ মুখুয্যা কমিল্যাতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত জে বি ওয়ার্গেন সাহেব (Mr. J. B. Worgan,) সারণে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত এ মানিয়াক সাহেব (Mr. A. Magniac,) বোআলিয়াতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ২২ ফেব্রুআরি।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব (Mr. H. T. Prinsep,) তমলুকের এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই বি বেকর সাহেব (Mr. E. B. Baker,) বাঢ় এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া পাটনা ও মুঙ্গের জিলায় মাজিস্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ১৯ ফেব্রুআরি।

চাটিগাঁয়ের অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ সখায়ৎ হুসেন গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২১ ফেব্রুআরি।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের একটিং রেবিনিউ সরবেয়র শ্রীযুত কাপ্তান জে এস সরউইল সাহেব (Captain J. L. Sherwill,) গত আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপনমতে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

বাঢ়ের ডেপুটী মাজিস্ট্রেট ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ এ বিনসেণ্ট সাহেব (Mr. F. A. Vincent,) রাজধানীতে চিকিৎসকের স্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থ আগামি মাসের ২৫ তারিখঅবধি ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে প্রস্তুত হওনার্থ নিয়মিত ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৯ মার্চ।]

১৮৫৯ সাল ২৩ ফেব্রুআরি।

পাটনার সিবিলসম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত জে সথরলাণ্ড সাহেব (Dr. J. Sutherland,) গত আপ্রেল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপনমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

অশুদ্ধশোধন।

গত মাসের ১৫ তারিখের গেজেটের ১১২ পৃষ্ঠায় যে হুকুম প্রকাশ হইয়াছিল তাহাতে জে সি ব্রৌন সাহেবের (Mr. J. C. Brown,) পরিবর্ত্তে সি জে ব্রৌন সাহেব (Mr. C. J. Brown,) পাঠ করিতে হইবেক।

এ আর ইয়ৎ।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২৬৭ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত জে ই হোএল সাহেব (Mr. J. E. Howell,) রঙ্গপুরে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিস্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিস্ট্রেটের চিহ্নিত আসিস্টাণ্টের ক্ষমতানুসারে উক্ত জিলায় কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ১৮ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ উইবেল সাহেব ও শ্রীযুত জে মিক সাহেব (Messrs. W. Wavell and J. Meik,) পুরীতে দাতব্য ঔষধালয়ের মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ২৪ ফেব্রুআরি।

শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) ত্রিহুতের মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত সরকারী নিমক চৌকীর তত্ত্বাবধারকের কর্ম্ম করিবেন এবং ১৮৩৮ সালের ২৯ আইনের ৩৩ ধারায় যে সীমানা নির্দ্দিষ্ট আছে সেই সীমানার মধ্যে নিমকের এজেণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেব (Mr. W. S. Seton Karr,) শাহাবাদের কালেক্টর হইবেন কিন্তু যশোহরের জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe,) কিঞ্চিৎ কালের নিমিত্তে শাহাবাদের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) শাহাবাদের মাজিস্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ জে হরসল সাহেব (Mr. W. J. Herschel,) শাহাবাদের মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) হরসল সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শাহাবাদের মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে ডবলিউ ফরেল সাহেব (Mr. J. W. Forrell,) আওরঙ্গাবাদের এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) মেদিনীপুরের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) নদীয়ার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ২৫ ফেব্রুআরি।

হেহরে আওরঙ্গাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল লতিফ মুনসেফেরদের প্রধান শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২৬ ফেব্রুআরি।

শ্রীযুত মলোনি সাহেব (Mr. Molony,) ছুটী লইয়া যত কাল কর্ম্মে না আইসেন তত কাল শ্রীযুত সি বি স্কিনর সাহেব (Mr. C. B. Skinner,) যশোহরের মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত লাফর সাহেব (Mr. Lawford,) ছুটী লইয়া যত কাল কর্ম্মে না আইসেন তত কাল শ্রীযুত আর বি কক্রেল সাহেব (Mr. R. V. Cockerell,) বর্দ্ধমানের মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ভাগলপুরের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর ডেবিস সাহেব (Mr. W. R. Davies,) শাহাবাদে প্রেরিত হইয়া সেই স্থানে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিস্ট্রেটের চিহ্নিত আসিস্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৩ ফেব্রুআরি।

দিনাজপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী আলী নেওয়াজ বর্ত্তমান মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাস ছয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৪ ফেব্রুআরি।

রঙ্গপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা গত ডিসেম্বর মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৫ ফেব্রুআরি।

সারণ ও ত্রিহুতের অতিরিক্ত জজ শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) রাজধানীতে চিকিৎসকের স্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থ্যে প্রার্থনা করাতে ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপনমতে প্রস্তুত হওনার্থ আগামি আপ্রিল মাসের ১০ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৬ ফেব্রুআরি।

যশোহরের মাজিস্ট্রেট শ্রীযুত ই ডবলিউ মলোনি সাহেব (Mr. E. W. Molony,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের মাজিস্ট্রেট শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ধারার ১ প্রকরণানুসারে পনেরো দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৬ ফেব্রুআরি।

শ্রীযুত মেজর এচ এম নেসন সাহেব (Major H. M. Nation,) স্বীয় প্রার্থনামতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) বর্দ্ধমান মাসের ২৬ তারিখে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ৎ।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৩৫ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১৯ ফেব্রুআরি।

নিম্নের লিখিত কার্য্যকারকেরা ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারানুসারে ভবানীপুরের পাগলা গারদের দর্শক হইবেন।

মাডিকাল ডিপার্টমেণ্টের ডৈরেক্টর জেনরলসাহেব।
কলিকাতার পোলীসের কমিস্যনর সাহেব।
চব্বিশপরগনার মাজিস্ট্রেট সাহেব।
চব্বিশপরগনার সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক সাহেব।

১৮৫৯ সাল ২৫ ফেব্রুআরি।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সূর্য্যকুমার মর্দ্দাদিকারী মাডিকাল কালেজের হাসপাটালের গৃহস্থ চিকিৎসক হইবেন।

১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত জেমস হাইণ্ড সাহেব (Mr. James Hind,) আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের অতিরিক্ত আসিস্টাণ্ট হইবেন।

রঙ্গপুরের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ই হোএল সাহেব (Mr. J. E. Howell,) কিঞ্চিৎ কালের নিমিত্তে নদীয়াতে প্রেরিত হইয়া সেই স্থানে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিস্ট্রেটের চিহ্নিত আসিস্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

জাহানাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার ডেপুটী মাজিস্ট্রেট হইবেন। এবং ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিস্ট্রেটের চিহ্নিত আসিস্টাণ্টের ক্ষমতানুসারে হুগলী জিলাতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ১ মার্চ।

শ্রীযুত ই বি বেকর সাহেব (Mr. E. B. Baker,) শালকিয়াতে নিমক গোলার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫৯ সাল ২ মার্চ।

শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) পুরীতে মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট হইবেন কিন্তু চব্বিশপরগনাপ্রভৃতির অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) পূরনিয়ার কালেক্টর হইবেন কিন্তু উক্ত জিলার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত সি এফ মণ্টেসর সাহেব (Mr. C. F. Montresor,) মেদিনীপুরের কালেক্টর হইবেন কিন্তু চব্বিশপরগনার মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) মুঙ্গেরের কালেক্টর হইবেন।

শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) মুঙ্গেরের মাজিস্ট্রেট হইবেন।

শ্রীযুত এচ নেলসন সাহেব (Mr. H. Nelson, ত্রিহুত ও সারণের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore,) ছিলটের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[*Government Gazette, 29th March*, 1859.]

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) রঙ্গপুরের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) শাহাবাদের সিবিল ও সেসন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) শাহাবাদের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) পাটনার মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন। হুজুর কৌন্সলে শ্রীশ্রীমতী মহারাণীর ১৮৫০ সালের ৭ জানুআরি তারিখের হুকুমঅনুসারে, যে সকল সৈন্য কি অন্য লোক রাজবিদ্রোহিতা নিবারণের আইনানুসারি শ্রীশ্রীমতীর ওয়ারণ্টের বিধানমতে শ্রীশ্রীমতীর ও তাঁহার উত্তরাধিকারিদের ও তাঁহার পর যিনি রাজত্ব পান তাঁহার সৈন্যদলে ভর্ত্তি হইতে চাহে এমত লোকদিগের নাম পাটনা শহরে লিখিয়া লইবার ও স্বাক্ষর করাইবার ক্ষমতা শ্রীযুত পামর সাহেবের (Mr. Palmer.) জুষ্টিস অফ পীসের পদোপলক্ষে তাঁহাকে দেওয়া গিয়াছে।

আরো যে সকল সৈন্য কি অন্য লোক শ্রীশ্রীমতী মহারাণীর ভায়ত্ববর্ষীয় পল্টনে কর্ম্ম করিবার জন্যে পুনরায় নাম লেখাইতে ও তাহাতে স্বাক্ষর করাইতে চাহে তাহারদিগেরও নাম লেখাইবার ও স্বাক্ষর করাইবার ক্ষমতা তাঁহাকে দেওয়া গেল।

শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr. H. C. Richardson,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এচ্ রেবেন্সা সাহেব (Mr. J. H. Ravenshaw,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।

দরঙ্গে আসামের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট টি লাম সাহেব (Lieutenant T. Lamb,) নিয়মিত ছুটী পাইবার দরখাস্ত দিবার আগে গত মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২ মার্চ।

সদর আদালতের এক্টিং জজ শ্রীযুত ডি আই মনি সাহেব (Mr. D. I. Money,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মে মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ৎ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নং ১৫৭।

ইশ্‌তেহার।

১ দফা। উড়িষিা প্রদেশের মধ্য এবং দক্ষিণ এজেন্সীহইতে মোং সালিখার সরকারী গোলায় লবণ ঢোলাই করিবার জন্যে টেণ্ডরের দরখাস্ত আগামি ১৭ মে তারিখের বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় লওয়া যাইবেক।

২ দফা। এই টেণ্ডরের দরখাস্ত সকল নিয়মিত ফারম মত দাখিল করিতে হইবেক তাহার ফারম এই দপ্তরখানায় দরখাস্ত করিলে পাওয়া যাইবেক।

৩ দফা। নীচের লিখিত প্রত্যেক২ প্রদেশহইতে লবণ রওয়ানা করিবার নিমিত্ত পৃথক্২ কানট্রাক্ট করিতে হইবেক ঐ প্রদেশ সকলের নাম এই কটক প্রদেশের মধ্য স্থল হাসুয়ার গোলা এবং দক্ষিণ অর্থাৎ পুরী এজেন্সী মধ্যে আত্রাঙ্গ আড়ঙ্গ এবং চিলকার সমুদ্রীয় হ্রদ।

৪ দফা। যে সকল ব্যক্তি দরখাস্ত করিবেক তাহারদিগকে সাহেবান রিবিনিউ বোর্ডের এবং কটক দেশের কমিসানর সাহেবের খাতিরজমা করিয়া দিতে হইবেক যে যত নেমকের জন্য কানট্রাক্টের প্রার্থনা রাখে তাহা সমুদয় নেমক ঢোলাইয়ের সমস্থান আছে এ প্রযুক্ত প্রত্যেক দরখাস্তকরণিয়াকে আপন দরখাস্তের সমলিত যে সকল মুলুপ ঢোলাইয়ের জন্য নিযুক্ত করিতে চাহে তাহার ইসমওয়ারি ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

৫ দফা। প্রত্যেক বৎসর হাসুয়ার গোলাহইতে ১০০০০০/ মোন নেমকের অধিক ঢোলাই হইবার সম্ভাবনা নাই আত্রাঙ্গ আড়ঙ্গহইতে আন্দাজ ৮০০০০/ মোন নেমক আগামি বৎসর ঢোলাই হইতে পারে এবং চিলকিয়ার আড়ঙ্গহইতে আন্দাজ ৩২০০০০ মোন। প্রত্যেক প্রদেশহইতে যত মোন নেমক ঢোলাই করিবার জন্য মুলুপ আবশ্যক হইবেক তাহা সমুদয় নেমকের জন্য কিম্বা ঐ নেমকের মিকি ভাগের ন্যূন না হয় এমত অংশের জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবেক।

৬ দফা। কানট্রাক্টদারান যে পরিমাণ নেমকের নিমিত্তে কানট্রাক্ট নির্দ্দিষ্ট হইবেক সেই পরিমাণ নেমক ইস্তক অক্টোবর মাসের আখেরি কটাল লাগাদ ফেব্রুআরি মাসের শেষ এই মেয়াদের মধ্যে ঢোলাই করিতে কবুলতি দিবেক।

৭ দফা। যে২ ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহারদিগকে আপন আপন কানট্রাকটের কর্ম্ম সুচারুরূপে আঞ্জামের জন্য গবর্ণমেণ্ট প্রমিস্বরী নোট অথবা অন্য অপরিহার্য্য মাতবর জামিনী দাখিল করিতে হইবেক।

৮ দফা। বোর্ডের এমত এক্তিয়ার থাকিল যে কোন কারণ না দর্শাইয়া কোন ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত নামঞ্জুর করিতে পারেন।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ।

ফোর্ট উলিয়ম। সন ১৮৫৯ সাল তারিখ ১৫ মার্চ।

ই টি ট্রবর সেক্রেটারী।

এস্তেহারনামা কাছারী চৌকীস্থাত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৪ মার্চ।

যেহেতু অত্রাধীন চৌকী সুতানুটির ফটিকচন্দ্র ঘোষ মোহরের ও রামচন্দ্র পাত্র চাপরাসির ২১ জানুআরি তারিখের গ্রেপ্তারি ২/ দুই মোন পাঙ্গা নেমকের মোকদ্দমা সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মমত নিষ্পত্তি জন্যে শহর কলিকাতার জুষ্টিস আপ দি পীস সাহেবের হজুরে গত ১১ মার্চ তারিখে নিষ্পত্তির দিনাবধারিতে ইতিপূর্ব্বে বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে সয়াদ হওয়ায় তদনুযায়ি সাহেব মৌসুফ ঐ গেজেটে নেমকের মালেক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৯ মার্চ।]

হাজীরের বিষয় লিপী না থাকা দৃষ্টে পুনরায় গেজেটে সয়াদ করার অনুমতি প্রদান করিয়াছেন মতে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে আগত আপ্রিল মাহার ২৫ তারিখে পুলীসের বিচারকর্ত্তা উক্ত আইনমত তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন যদি কেহ উক্ত নেমকের দাবি রাখে রীতমত তথায় হজুরে হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিককে। কলিকাতার নেমক চৌকির এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

এস্তেহারনামা কাছারী চৌকীস্থাত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৪ মার্চ।

যেহেতু অত্রাধীন চৌকী সুতানুটির ফটিকচন্দ্র ঘোষ মোহরের ও রামচন্দ্র পাত্র চাপরাসির ২১ জানুআরি তারিখের ৮৪ সের পাঙ্গা নেমকের মোকদ্দমা সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মমতে নিষ্পত্তিজন্য শহর কলিকাতার জুষ্টিস আপ দি পিস সাহেবের হজুরে গত ২১ মার্চ তারিখে নিষ্পত্তির দিনাবধারিতে ইতিপূর্ব্বে বাঙ্গলা গবর্ণমণ্ট গেজেটে সয়াদ হওয়ায় তদনুযায়ি সাহেব মৌসুফ ঐ গেজেটে নেমকের মালেক হাজিরের বিষয় লিপি না থাকা দৃষ্টে পুনরায় গেজেটে সয়াদ করার অনুমতি প্রদান করিয়াছেন মতে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে আগত আপ্রেল মাহার ২৫ তারিখে পুলীসের বিচারকর্ত্তা উক্ত আইনমত তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন যদি কেহ উক্ত নেমকের দাবি রাখে রীতমত তথায় হজুরে হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিককে। কলিকাতার নেমক চৌকীর এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

এস্তেহারনামা কাছারী চৌকীস্থাত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৩ মার্চ।

যেহেতু অত্রাধীন ফাঁড়ি শ্যামবাজারের ফকীর সিংহ চাপরাশীর দ্বারা গত সনের ১১ নবেম্বর তারিখে বিনা দলীলের ।৵ দশ সের এক ছটাক পাঙ্গা নেমক এক ধামা ভারবহে গ্রেপ্তার হইবায় তাহার মালেক এপর্য্যন্ত হাজির না আইসায় সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে যে পুলীসের বিচারকর্ত্তা যাঁহার সরহদ্দের মধ্যে ঐ নেমকইত্যাদি গ্রেপ্তার হইয়াছে তিনি সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মানুযায়ি আগত এপ্রেল মাহার ২৫ তারিখে পুলীস আপীসে তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন উক্ত নেমকাদিতে কেহ দাবী রাখিলে রীতিমত হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিককে। কলিকাতার নেমক চৌকীর এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

এস্তাহারনামা কাছারী চৌকীস্থাত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৩ মার্চ।

যেহেতু অত্রাধীন ফাঁড়ি খড়োপোস্তার মুল্লাহৈদর আলী এক্টিং জমাদারের দ্বারা গত সনের ৮ নবেম্বর তারিখের বিনা দলীলের ৵৭৸ সাত সের তিন পোয়া করকচ নেমক এক টুকরি ভারবহে গ্রেপ্তার হইবায় তাহার মালেক এপর্য্যন্ত হাজির না আইসায় সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে পুলীসের বিচারকর্ত্তা যাঁহার সরহদ্দ মধ্যে ঐ নেমক ইত্যাদি গ্রেপ্তার হইয়াছে তিনি সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মানুযায়ি আগত আপ্রেল মাহার ২৫ তারিখে পুলীস আপিসে তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন উক্ত নেমকাদির কেহ দাবি রাখিলে রীতিমত হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিককে। কলিকাতার নেমক চৌকীর এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 2nd day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of February, 1858 until the Twenty-eighth day of February, 1859 has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 25th March, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ্জ মে সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সয়াদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এবিষয়ের পুনশ্চ শুনিবার জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৮ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি ১৮৫৯ সালের ফেব্রুআরি মাসের ২৮ তারিখপর্য্যন্ত আইলমি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন ও প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনিবার দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সয়াদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেন। সরকারী আসিনি।

সরকারী আসিনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা। ১৮৫৯ সাল ২৫ মার্চ।

[*Government Gazette, 29th March, 1859.*]

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

জমিদারীদিগর ইজারা।

বিন্দাসুন্দরী দাসী — বাদিনী
এঃ বিঃ মেকেন্টেশ সাহেবদিগর — প্রতিবাদী

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯ সালের ৫ আপ্রিল মঙ্গলবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেশ ওএলস সাহেব তাঁহার আফিসে উপরউক্ত মোকদ্দমাসংক্রান্ত জেলা নদীয়ার অন্তঃপাতি তরফ রাণাঘাটের ।৮ এক আনা আট পাই হিস্যার ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হএন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি

কোর্ট হৌউস।

রিসিবর আফিস তারিখ ১৬ মার্চ ১৮৫৯।

বিজ্ঞাপন।

১ দফা। এই বিজ্ঞাপন দ্বারা সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে নূতন আইনের যে সকল পাণ্ডুলিপি অর্থাৎ মুসাবিদা সরকারী গেজেটে প্রকাশ হইয়াছে তাহা অতিসত্বরে আইনরূপে জারী হইবেক আমি ঐ সকল আইন একত্রে সংগ্রহপূর্ব্বক বাঙ্গালা ভাষায় মুদ্রিত করণে সম্পূর্ণ উদ্যোগী হইয়া এই বিজ্ঞাপন প্রচার দ্বারা গুণগ্রাহি গ্রাহক মহোদয়গণকে জানাইতেছি, যাঁহারা আমার প্রেরিত এস্তাহারে নাম স্বাক্ষর করিবেন অথবা পত্রের দ্বারা ক্রয়ের ইচ্ছা জানাইবেন তাঁহারদের স্থানে এই পুস্তকের প্রত্যেক খণ্ডের মূল্য ডাক মাসুলসমেত ৪৲ টাকা ও বিনা স্বাক্ষরকারিদিগের স্থানে ৫৲ টাকা গৃহীত হইবেক।

২ দফা। ইতিপূর্ব্বে ইং ১৮৫২ লাং ১৮৫৮ সালের দেওয়ানী ও মালসংক্রান্ত যে সকল আইন ও সরকুলর চিঠীইত্যাদি সংকর্ত্তৃক ছাপা হইয়াছিল তাহা সমুদায় বিক্রয় হওয়াতে পুনরায় ঐ সকল আইন ও চিঠী বঙ্গ ভাষায় মুদ্রাঙ্কনপূর্ব্বক প্রতিখণ্ডের মূল্য ডাকমাসুলসমেত ২৲ টাকা ধার্য্য করিলাম, যাঁহারদের ঐ পুস্তকের প্রয়োজন হইবেক তাঁহারা মূল্যের টাকা আমার নিকট পাঠাইলে পুস্তক পাইবেন, ইতি ১৫ মার্চ ১৮৫৯ সাল।

শ্রী মহম্মদ এসমাইল, উকীল সদর দেওয়ানী।

মোং কলিকাতা।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি	৩৮০০০	শং ২৷৷০	
নূতনাভিধান	২০০০০	ঐ ১৲	
অমরার্থ দীপিতি		১৷৷০	
হরিভক্তি বিলাসসটীক		১০৲	
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ১২ সংখ্যাপর্য্যন্ত		৩৲	
এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে		।০	
১৩লাং ২৪ সংখ্যা অং ২৲			
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত		১ ।২ ৩ ৪ ।৫ ।৬ ।৭ ।৮ স্কন্ধ	৪।০
যোগবাশিষ্ঠ১মাং২৬২গং		৪	

অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা, ১ খণ্ড			৪
সপ্তকাণ্ড রামায়ণ প্রং			২
আরব্যোপখ্যান, ১ নাং ৫, পঞ্চম খণ্ডে			৫
অপূর্ব্বোপাখ্যান,	২১	প্রং	১২
বত্রিশ সিংহাসন, গদ্য			১
আদ্যকৃত ইংবাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসম্বলিত	৭০	পৃষ্ঠা	
এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই			৫
শিবসংকীর্ত্তন			১
ইংরাজী শকুন্তলা			১
প্রবোধচন্দ্র নাটক			১

হিতোপদেশ	ইং বাং	সং	২
বেদান্তসার			১
কাঞ্চীর বিচার			৷৷০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশতএক			
জেলুদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি			১
রোবক ও হকিম মেলবী			
আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান			৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম			৫০
রোম দেশীয় তিহাস			৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ			৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ			৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ			৩৲
ন্যায়দর্শন			২৷৷০

কেরি বাং ইংডিক্সনরি			৫০
জেকবের লা, ডিক্সনরী			১০৲
পূর্ণচন্দ্রোদয় এবং সংস্কৃত মূল পুরাণাদির ভাষাসহিত ২০০ পৃষ্ঠা মাসিক	১	বাং	৮৲
চিকিৎসাসার			১৷৷০
কোলব্রুকের অমরকোষ			৮৲
ঐ ব্যবস্থা			২৪৲
ঐ হিন্দুলা			১৪
ঐ মেকনাটন			২০৲
গবর্ণমেণ্টআইন	ইং	১৭৯৩	
নাং ১৮৩৩.৯ বালম			১০৲
শব্দসাধন মুক্তাবলী			২৲
চমৎকার হিরাজাদ ...			১৲
আলালের ঘরের দুলালঙ			
মাজিষ্ট্রেটীয় উপদেশ			৬৲
নানা প্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানীহইয়াছে			

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৯ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত রে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1023 ১০২৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 5, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৫ আপ্রিল।

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 991.

To the Collector of Land Revenue, Lower Provinces.

In continuation of the Circular of this Office No. 977 of the 28th October last, I have the honor to forward herewith, for your information and guidance, Copy of the correspondence noted in the margin* regarding the package and transmission of Treasure.

(Signed) R. P. HARRISON,
Offg. Acctt. Govt. of Bengal.

Fort William,
Office of Acctt., Govt. of Bengal,
The 28th February 1859.

No. 363.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Secretary to the Government of Bengal.

Dated Fort William, the 26th October 1858.

I am directed to acknowledge the receipt of your letter No. 2051 dated 18th ultimo with Enclosure and to submit for His Honor's consideration the following observations.

2d. The Board have some doubt on one or two points regarding the intent of the Orders of the Government of India and they consider it expe-

1. Revenue Board's Secretary's letter No. 363, dated 26th October 1858 to the Secretary to the Government of Bengal.

2. Bengal Government Secretary's letter No. 2384, dated 3rd November 1858, to the Secretary to the Government of India, Financial Department. Orders of the Government of India in the Financial Department No. 7184 dated 17th December 1858.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৯৯১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই দপ্তরখানার গত অক্টোবর মাসের ২৮ তারিখের ৯৭৭ নম্বরের পত্রের অতিরিক্ত, থাঞ্জানার টাকা তোড়ায় বাঁধিয়া চালান করিবার কথার নীচের * লিখিত পত্রের নকল তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

আর পি হারিসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।
৩৬৩ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ২৬ অক্টোবর।

তোমার গত মাসের ১৮ তারিখের ২০৫১ নম্বরের পত্র ও তাহার সঙ্গে যে লিপি ছিল তাহা পাইয়াছি। ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের বিবেচনার জন্যে এই কথা লিখিয়া পাঠাইতেছি।

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুমের অভিপ্রায়সম্পর্কীয় দুই এক কথাতে বোর্ডের সাহেবেরদের কিছু সন্দেহ আছে। ও অধীন কার্য্যকারক সাহেবেরদের

* ১। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে বোর্ড রেবিনিউর সেক্রেটারী সাহেবের ১৮৫৮ সালের ২৬ অক্টোবর তারিখের ৩৬৩ নম্বরের পত্র।

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৫৮ সালের ৩ নবেম্বর তারিখের ২৩৮৪ নম্বরের পত্র। ও ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৮ সালের ১৭ ডিসেম্বর তারিখের ৭১৮৪ নম্বরের হুকুম।

dient that these should be cleared up before communicating the orders to the several subordinate authorities.

3d. His Honor is aware that Remittances are made every year from some Mofussil Treasuries to the General Treasury which remain a certain time at an intermediate Station for instance the surplus Treasure from Mymensing is sent through Tipperah to Dacca and is there shipped on board the Steamer. The Bullooah Treasure in like manner is sent to Chittagong, and the Cuttack Treasure to Pooree. If in these instances it is intended that the Remittance should be examined and weighed at the Mofussil Receiving Treasury it appears to the Board that inconvenience and delay are likely to occur.

4th. For instance when the Accountant hears that a Steamer is about to visit Pooree in the cold weather for Treasure immediate notice is given to the Cuttack Collector but before the Treasure from this latter station can reach Pooree, it may be, and the Board believe generally is that the Steamer has arrived. In this case what is to be done? To open the Cuttack boxes weigh and examine the contents and repack, say two lacs of Treasure cannot be done properly in a small Mofussil Station under a day and half or two days. Is this delay to be incurred? Suppose again that the Steamer has not arrived but is hourly expected what course should be persued?

5th. Again Remittances are made from the General Treasury to some of the Behar Stations these go to Patna by water and will have to be forwarded to Tirhoot, Arrah, Chuprah or Gya by land, the Board presume that it is intended that every box should on arrival at Patna be opened and its contents weighed and examined and then repacked into land boxes containing 4000 Rupees each.

(Signed) E. T. Trevor,
Secretary.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 18th January 1859.

No. 2384.

From A. R. Young, Esq., Secretary to the Government of Bengal, to the Secretary to the Government of India, Financial Department.

Fort William, the 3d November 1858.

With reference to your communication No. 5042, dated the 30th August last, I am directed to forward for the consideration and orders of the Hon'ble the President in Council, the accompanying Copy of a letter No. 363 dated the 26th ultimo, from the Secretary to the Board of Revenue relative to the examination of Remittances of Treasure received at an intermediate Treasury for consignment to other Treasuries.

(Signed) A. R. Young,
Secretary to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

নিকটে ঐ সকল হুকুম জ্ঞাত করিবার আগে ঐ সন্দেহ ভঞ্জন করা বিহিত বোধ করেন।

৩। মফঃসলের কোন২ খাজানাখানাহইতে বৎসরে২ খাজানা জেনরল ত্রেজুরীতে চালান হইয়া থাকে, ও চালান হইবার সময়ে পথিমধ্যে কোন২ স্থানে কিছু কাল থাকে, এই কথা শ্রীযুত অবশ্য অবগত আছেন। যথা, ময়মুনসিংহের যে খাজানা ফাজিল থাকে তাহা ত্রিপুরা দিয়া ঢাকাতে চালান হয় ও ঢাকাতে কলের জাহাজে দিয়া চালান হয়। ভুলুয়ার খাজানাও সেই প্রকারে চাটগাঁয়ে চালান হয় ও কটকের খাজানা পুরীতে চালান হয়। এমন স্থলে ঐ খাজানা মফঃসলের কোন খাজানাখানাতে পঁহুছিলে তাহা দেখিয়া ও গুজন করিয়া দেওয়া যায় এমন অভিপ্রায় যদি থাকে, তবে বোর্ডের সাহেবেরা বোধ করেন তাহাতে অনেক ক্লেশ ও বিলম্ব সম্ভাবনা।

৪। ইহার দৃষ্টান্ত। কলের জাহাজ খাজানা লইয়া যাইবার জন্যে শীত কালে পুরীতে যাইবেক, পুরীর হিসাবনবীস এই সম্বাদ পাইয়া তৎক্ষণাৎ কটকের কালেক্টর সাহেবকে সম্বাদ দেন। কিন্তু কটকহইতে ঐ খাজানা পুরীতে না পঁহুছিতেং কলের জাহাজ গিয়া পঁহুছে। এমন হইলে হইতে পারে, বরং বোর্ডের সাহেবেরা বোধ করেন অনেকবার হইয়া থাকে। এমন স্থলে কি করিতে হইবেক? কটকের বাক্স খুলিয়া তাহাতে কমবেশ যে দুই লক্ষ টাকা থাকে তাহা সকল গুজন করিয়া দেখিয়া পুনরায় বাক্সে ভরিয়া বন্ধ করিতে হইলে, মফঃসলের ক্ষুদ্র মোকামে তাহা উচিতমতে করিতে গেলে অবশ্য দেড় দিন কি দুই দিনের কমে হইতে পারিবেক না। এই প্রকারের বিলম্ব করা কি উচিত। অথবা খাজানা পঁহুছিয়া তৈয়ার হইলে যদি জাহাজ পঁহুছে নাই, কেবল ঘণ্টার২ তাহার পঁহুছিবার অপেক্ষা আছে, তবে কি করিতে হইবেক।

৫। আরো জেনরল ত্রেজুরীহইতে কিছু খাজানা বেহারের কোন মোকামে পাঠাইতে হইলে, সেই খাজানা পাটনাপর্য্যন্ত জলপথে যায় ও সেই স্থানহইতে জিহুতে কি আরাতে কি ছাপরায় কি গয়াতে স্থলপথে চালান করিতে হইবেক। অথচ প্রত্যেক বাক্স পাটনায় পঁহুছিলে তাহা খুলিয়, তাহার সকল টাকা গুজন করিয়া, দেখিয়া, যাহাতে ৪০০০৲ টাকা করিয়া ধরে স্থলপথে যাইবার এমত বাক্সে পুনরায় ভরিয়া বন্ধ করিতে হইবেক, এই সকল কর্ম্ম হইবার অভিপ্রায় আছে, বোর্ডের সাহেবেরা এমত বোধ করেন।

ই টি ট্রেবর। সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ১৮ জানুআরি।

২৩৮৪ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ৩ নবেম্বর।

তোমার গত আগষ্ট মাসের ৩০ তারিখের ৫০৪২ নম্বরের পত্রের উপলক্ষে, আমি হুজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের বিবেচনার নিমিত্তে ও তাঁহার হুকুম হইবার জন্যে বোর্ড রেবিনিউর সেক্রেটারী সাহেবের গত মাসের ১৬ তারিখের ৩৬৩ নম্বরের পত্রের এক কেতা নকল পাঠাইতেছি। খাজানা যখন এক স্থানহইতে অন্য স্থানে চালান করিতে হয় তখন পথিমধ্যে কোন খাজানাখানাতে পঁহুছিলে সেই খাজানা দেখিয়া লইবার কথা এ পত্রে লেখা আছে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 7184.

Fort William, Financial Department,
The 17th December 1858.

The Hon'ble the President in Council is of opinion that the Board of Revenue are right in supposing that this Government in their order of 30th August last, intended that every box of Treasure delivered at the Patna Treasury should be opened and repacked into land boxes containing 4000 Rupees each, if the Treasure has to be sent by land to Tirhoot, Arrah, Chuprah, or Gya, and His Honor in Council does not see why the Treasure delivered at Dacca should not be opened and examined and repacked in the boxes used for transmission to Calcutta by water.

Should it be found necessary on any occasion to make the Cases of Treasure sent from Cuttack and Bhulloah exceptions to the general rule, Podars from those remitting Treasuries should be sent with the remittances to Calcutta and in such cases, the Treasurers at Chittagong and Pooree should have nothing to do with the remittances, nor should any mention whatever of the remittances be made in the books of those Collectorates, the boxes being placed in the Treasuries of those Collectorates for safe custody merely, and the Treasurers of Cuttack and Bhulloah being held exclusively answerable. But in all cases his Honor in Council considers it would be better that by the exercise of a little forethought, remittances should be made from Bhulloah to Chittagong and from Cuttack to Pooree betimes, so as to allow of their being credited in the Pooree and Chittagong Treasuries before transmission to Calcutta.

Ordered also that a copy of the above order be sent to the Accountant to the Government of Bengal.

By order of the Hon'ble the President in Council.

(Signed) C. H. Lushington,
Secy. to the Govt. of India.

No. 992.

To the Collector of Land Revenue, Lower Provinces.

Great inconvenience being felt in the Office of the Accountant General to the Government of India owing to the non-submission to it by Collectors of duplicate receipts for remittances made to them from the General Treasury, I have the honor to draw your attention to the fact and to request that you will invariably forward such receipts in future to the Accountant General as di-

[*Government Gazette, 5th April*, 1859.]

৭১৮৪ নম্বর।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৮ সাল ১৭ ডিসেম্বর।

ত্রিহুতে, কি আরাতে কি ছাপরায় কি গয়াতে যদি কিছু খাজানা স্থলপথে পাঠাইতে হয়, তবে ঐ খাজানার যত বাক্স পাটনার খাজানাখানাতে পঁহুছা ইয়া দেওয়া যায় তাহার এক২ বাক্স খুলিয়া, যাহাতে ৪০০০৲ টাকা করিয়া ধরে স্থলপথে যাইবার এমত বাক্সেতে পুনরায় ভরিয়া দিয়া বন্ধ করা যায়, এই গবর্ণমেণ্টের গত আগষ্ট মাসের ৩০ তারিখের হুকুমের এমত অভিপ্রায় থাকার বিষয়ে বোর্ড রবিনিউর সাহেবেরদের যে অনুভব হইতেছে, তাহা হুজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব যথার্থ বোধ করেন। ও চ'কতে যে খাজানা পঁহুছে তাহা খুলিয়া দেখিয়া, স্থলপথে কলিকাতায় চালান করিবার উপযুক্ত বাক্সে পুনরায় ভরিয়া না দেওয়া যাইতে পারে, ইহার কোন কারণ হুজুর কৌন্সেলে শ্রীযুত বুঝিতে পারেন না।

কটক ও ভুলুয়াহইতে খাজানার যে সিন্দুক চালান হয়, তাহা লইয়া যদি কোন স্থলে ঐ সাধারণ বিধি ছাড়িয়া কর্ম্ম করা আবশ্যক হয়, তবে যে খাজানাখানাহইতে ঐ খাজানা চালান হয় সেই স্থানহইতে পোদ্দারদিগকে ঐ খাজানার সঙ্গে কলিকাতায় পাঠাইতে হয়। তাহা হইলে, এ খাজানার সঙ্গে চাটগাঁয়ের ও পুরীর খাজাঞ্চী সাহেবেরদের কিছু সম্পর্ক থাকিবেক না। ও সেই চালানকরা খাজানার কিছু কথা এং কালেক্টরীর খাতায় লিখিতে হইবেক না। ঐ খাজানার বাক্স কেবল নিরাপদে থাকিবার জন্যে এং কালেক্টরীর খাজানাখানাতে রাখা যাইবেক। তাহার নিমিত্তে কেবল কটকের কি ভুলুয়ার খাজাঞ্চী সাহেবেরা দায়ী হইবেন। পরন্তু হুজুর কৌন্সেলে শ্রীযুক্ত বোধ করেন যে, কলিকাতায় চালান হইবার পূর্ব্বে, ভুলুয়ার খাজানা চাটগাঁয়ের খাজানাখানায় জমা হইতে পারে, ও কটকের খাজানা পুরীর খাজানাখানাতে জমা হইতে পারে, এমন উপযুক্ত সময়ে কিঞ্চিৎ পরিশ্রম দর্শিতাপূর্ব্বক চালান হইলে সর্ব্বদাই আরো ভাল হয়।

আরো হুকুম হইল যে উক্ত হুকুমের এক কেতা নকল বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠান যায়।

হুজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমমতে।

সি এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৯৯২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

জেনরল ত্রেজুরীহইতে যে টাকা নানা কালেক্টর সাহেবের নিকটে চালান হয় তাহার ডুপ্লিকেট রসীদ কালেক্টর সাহেবেরা পাঠান্ না, ইহাতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের দপ্তরখানায় অনেক ক্লেশ হইয়া থাকে। এই কারণে সেই কথায় তোমার মনোযোগ করাইয়া এই আদেশ করিতেছি যে, এই দপ্তরখানার ১৮৫৭ সালের ১৮ জুন তারিখের ৯২৩ নম্বরের সরকুলরের লিখিত হুকুমমতে

rected in the Circular of this Office No. 923 dated the 18th June 1857.

(Signed) R. P. HARRISON,
Offg. Acctt. Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. Govt. of Bengal,
The 5th March 1859.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 3.

To the Civil Judges in the Lower Provinces, and Deputy Commissioner of Chota Nagpore.

I am directed by the Court to forward to you for your information and guidance, and for communication to the Officers concerned, an extract from a letter from the Civil Auditor No. 285, dated the 28th Instant, under which Moonsiffs, being Heads of offices themselves, are not eligible to casual leave under the Rules dated the 28th September last, which were circulated to the Civil Authorities.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 31st January 1859.

Extract from a letter No. 285, dated the 28th January 1859, from the Civil Auditor to the Register of the Sudder Court.

I have the honor to inform you, that Heads of Offices are authorized under the Resolution passed by the Government of India in the Financial Department, under date the 12th June 1857, to grant casual leave of absence to any subordinate officer, who, without leaving his station, may be compelled to remain at home; and as Moonsiffs are themselves Heads of Offices, they are not in my opinion eligible to casual leave with reference to Rule dated 28th September last.

(True Copy.)

R. STUART,
Assistant Register.

No. 5.

To the Judges in the Lower Provinces, and Deputy Commissioner of Chota Nagpoor.

I am directed by the Court to forward to you the accompanying papers as per margin,* relative to the examination of Candidates for admission

* Minute by the Lieutenant Governor, dated the 31st August 1855.

Minute by the Lieutenant Governor, dated the 24th April 1857.

Extract (Paras. 12 and 13) from a despatch from the Secretary of State for India, No. 11 of 1858, dated 29th September with enclosure.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯ সাল ৫ আপ্রিল।]

তুমি ইহার পরে সর্ব্বদাই সেই প্রকারের রসীদ আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে পাঠাও।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৫৯ সাল ৫ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব ও ছোট নাগপুরের শ্রীযুত ডেপুটী কমিস্যানর সাহেব বরাবরেষু।

সিবিল আডিটর সাহেবের বর্ত্তমান মাসের ২৮ তারিখের ২৮৫ নম্বরের পত্রহইতে গৃহীত কথা তোমার জানিবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে, ও তাহাতে যে কার্য্যকারকেরদের কথা লেখা আছে তাঁহারদিগকে জানাইবার নিমিত্তে, সদর আদালতের সাহেবেরদের হুকুমমতে পাঠাইতেছি। সেই পত্রেতে এই কথা লেখা আছে। মুনসেফেরা নিজে দপ্তরখানার প্রধান কার্য্যকারক হন, অতএব গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের যে বিধান দেওয়ানীর কার্য্যকারক সাহেবেরদের নিকটে পাঠান গিয়াছিল, সেই বিধানমতে তাঁহারা কদাচিৎ কএক দিনের ছুটী পাইতে পারেন না।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৩১ জানুআরি।

সদর আদালতের রেজিষ্টর সাহেবের নামে সিবিল আডিটর সাহেবের ১৮৫৯ সালের ২৮ জানুআরি তারিখের ২৮৫ নম্বরের পত্রহইতে গৃহীত কথা।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট ১৮৫৭ সালের ১২ জুন তারিখে যে নির্দ্ধারণ হইয়াছিল, তদনুসারে দপ্তরখানার প্রধান কার্য্যকারকেরদিগকে এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে, তাঁহারদের অধীন কোন কর্ম্মকারকের কোন কর্ম্মপ্রযুক্ত যদি কর্ম্মের স্থান না ছাড়িলেও ঘরে থাকিবার প্রয়োজন হয়, তবে তাঁহাকে কদাচিৎ কএক দিনের ছুটী দেন। মুনসেফেরা নিজে দপ্তরখানার প্রধান কার্য্যকারক হন, অতএব তাঁহারা গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের বিধানমতে এ প্রকারের ছুটী পাইতে পারেন না, আমার এই বিবেচনা হইতেছে।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জল সাহেব ও ছোট নাগপুরের শ্রীযুত ডেপুটী কমিস্যানর সাহেব বরাবরেষু।

অঙ্কিত কার্য্যকারকেরা জের পদে নিযুক্ত হন সেই২ পদ প্রাপ্যাকাঙ্ক্ষিদের ইমতিহানের কথার নীচের লিখিত * কাগজপত্র সদর আদালতের হুকুমমতে তো-

* শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৫৫ সালের ৩১ আগষ্ট তারিখের মন্তব্য কথা।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৫৭ সালের ২৪ আপ্রিল তারিখের মন্তব্য কথা।

ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫৮ সালের ২৯ সেপ্টেম্বর তারিখের ১১ নম্বরের পত্রহইতে গৃহীত ১২ ও ১৩ দফা ও সেই পত্রের সঙ্গে প্রেরিত পত্র।

into the different branches of the Uncovenanted Service, and to request that you will submit for the information of Government, your opinion on the subject.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 13th February 1859.

Minute by the Lieutenant-Governor of Bengal,—
(dated the 31st August 1855.)

[Examination of Candidates for Moonsiffs and Vakeels.]

I was about to address the Sudder Court on the subject of the examinations for diplomas for Moonsiffships and Vakeelships when it was brought to my notice that the Court in conformity with the orders of the Government of Bengal of October 1853, had already issued a Notification regarding the examinations in question.

The subject appears to me however to be of such importance that notwithstanding the Notification has actually gone forth, I should not be justified in leaving it undiscussed and in omitting to inform the Sudder Court of the strong doubts I cannot help entertaining of the expediency of the course adopted.

The Notification of the Court which is in accordance with the instructions they received from the Government, announces that an examination of Candidates for the Office of Pleader in the Sudder Court or in the Courts of the Zillah Judges and Principal Sudder Ameens will be held on the 14th January next, at Calcutta, Patna, Dacca and Cuttack.

Although Moonsiffs are not mentioned, I have ascertained that the Notification is intended to include candidates for Moonsiffships, the examination for that office being the same as for the office of Pleader.

The Notification states—

(1.) That each candidate must produce either a Junior Scholarship Certificate, or a testimonial of corresponding proficiency for some known respectable Institution.

(2.) That in addition to the ordinary tests the candidates must be examined in,

1*st.* Smith's Manual of Equity Jurisprudence.

2*nd.* Sir J. E. Wilmot's Abridgment of Blackstone's Commentaries.

3*rd.* Macpherson's Civil Procedure.

4*th.* Elberling's Treatise on Inheritance.

The great complaint against our administration in all parts of the country except about Calcutta, and from all our Native Subjects except the comparative few who have acquired a knowledge of English, is that our measures are beginning to be so shaped as to give rise to a suspicion that we

[*Government Gazette, 5th April,* 1859.]

মার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে, সেই বিষয়ে তোমার যে মত হয় তাহা পত্রে লিখিয়া গবর্ণমেণ্টে জানাও।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১৩ ফেব্রুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের (১৮৫৫ সালের ৩১ আগষ্ট তারিখের) মন্তব্য কথা।

[মুনসেফী ও ওকালতী পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষার কথা।]

মুনসেফী পদের ও ওকালতী পদের যোগ্যতাপত্র পাইবার নিমিত্তে যে পরীক্ষা হইয়া থাকে, তাহার কথা লইয়া সদর আদালতের নিকটে পত্র লিখিতে উদ্যত হইলাম, ইতিমধ্যে সদর আদালতের সাহেবেরা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৫৩ সালের অক্টোবর মাসের হুকুমঅনুযায়ি উক্ত পরীক্ষা হইবার বিজ্ঞাপন প্রকাশ করিয়াছেন, এই কথা আমাকে জ্ঞাত করা গিয়াছিল।

পরন্তু সেই কথা আমার বিবেচনায় অত্যন্ত গুরুতর বোধ হওয়াতে, যদিও পরীক্ষা হইবার সম্বাদ নিতান্ত প্রকাশ হইয়াছিল, তথাপি সেই কথা লইয়া তর্কবিতর্ক না হইয়া অমনি থাকিতে দিলে, ও যে নিয়মমতে কার্য্য হইতেছে তাহার উপযোগিতার বিষয়ে আমার যে ভারি সন্দেহ আছে তাহা সদর আদালতে জ্ঞাত না করিলে আমার ত্রুটি হইতে পারে।

সদর আদালতের সাহেবেরা গবর্ণমেণ্টহইতে যে আদেশ পাইয়াছেন তদনুসারে এই সম্বাদ দিয়াছিলেন, সদর আদালতে কিম্বা জিলার জজ সাহেবেরদের ও প্রধান সদর আমীনেরদের আদালতে যাঁহারা ওকালতী কর্ম্ম করিতে চাহেন, তাঁহারদের পরীক্ষা আগামি জানুআরি মাসের ১৪ তারিখে কলিকাতায় ও পাটনায় ও ঢাকায় ও কটকে হইবেক।

ইহাতে যদিও মুনসেফেরদের নাম নাই বটে, তথাপি তাহার মধ্যে মুনসেফী পদাকাঙ্ক্ষিদিগকে গণ্য করিবার অভিপ্রায় আছে ইহা অবগত হইলাম, যেহেতুক ওকালতী কর্ম্মের নিমিত্তে যে পরীক্ষা, মুনসেফী কর্ম্মের নিমিত্তেও সেই।

ঐ বিজ্ঞাপনে এই২ কথা আছে,

(১।) ঐ কর্ম্মাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগের সর্টিফিকট উপস্থিত করিতে হইবেক, নতুবা কোন সুপ্রসিদ্ধ ও সম্ভ্রান্ত বিদ্যালয়হইতে তত্তুল্য জ্ঞানপ্রাপ্তির প্রমাণপত্র উপস্থিত করিতে হইবেক।

(২।) রীতিমতে যে পরীক্ষা হয় তদতিরিক্ত কর্ম্মাকাঙ্ক্ষির এই২ পুস্তকে পরীক্ষা দিতে হইবেক।

প্রথম। স্মিথ সাহেবের রচিত একটি অর্থাৎ ন্যায্যমতে বিচার করিবার বিধিপুস্তক।

দ্বিতীয়। সর জে ই উইলমট সাহেবকৃত ব্লাকষ্টন সাহেবের টীপ্পনীর সারসংগ্রহ।

তৃতীয়। মাকফর্সন সাহেবকৃত, দেওয়ানী মোকদ্দমায় কার্য্য করিবার নিয়মপুস্তক।

চতুর্থ। এলবরলিং সাহেবকৃত অধিকারিত্ববিষয়ক পুস্তক।

কলিকাতার নিকট স্থানছাড়া দেশের অন্য সকল স্থানে, ও ইঙ্গরেজী বিদ্যাশিক্ষিত যে কএক জন হইয়াছেন তাঁহারা ছাড়া এদেশীয় সকল প্রজা লোক আমারদের আমলের বিপক্ষে প্রধান এই আপত্তি করেন যে, আমারদের কার্য্য করিবার যে নিয়ম হইতে লাগিয়াছে তদ্দৃষ্টে, ইঙ্গরেজী ভাষা যাহারা না বুঝে

intend to exclude from public employment of importance all who do not understand English. This is particularly felt by the Mahomedan portion of our subjects who are only now beginning to think of sending their children to our schools, and by the inhabitants of Behar and Orissa, Hindoo as well as Mahomedan, where education has advanced much more slowly than in Bengal, where schools for the teaching of English have only been commenced in a few places, and where therefore the people have had no opportunity and hitherto doubtless little wish to acquire a knowledge of English.

This suspicion cannot fail to be greatly increased by a Notification which announces to the community that those who cannot after next January pass an examination in four untranslated English Books, may henceforth cease to hope not merely to become Moonsiffs, but even to practice as Vakeels in the Court of any Principal Sudder Ameen or Judge, or in the Sudder Court.

I know there are some very intelligent persons who are ready to defend this, I have heard it openly said that a monopoly of Vakeelships and Moonsiffships in Bengal, Behar and Orissa ought now to be given to the few Natives of Bengal who understand English and can pass such examinations as are proposed in the Notification now before me, and that those Natives of Behar and elsewhere who have omitted to acquire such qualifications ought in mere justice to give way to those who have qualified themselves. But to my mind this is going a great deal too fast; and I am quite unprepared for the sake of an abstract principle to adopt a measure which will certainly be viewed as unjust by a large majority of our subjects and which will tend to alienate from us their affections, and give increased opportunity to the disaffected to disseminate plausible stories of our hostile intentions towards the religion and customs of the people; and to rouse that unquiet spirit which if once really predominant in the country will infallibly mar the effect of the best Laws, and the best Courts and Judges that we could possibly introduce.

In the Districts immediately round Calcutta, there will doubtless be found many Hindoos who can undergo a successful examination in such English Books as are above enumerated, but certainly not one Mahomedan: And in the neighbourhood of the Dacca College there may be a few Hindoos, but not one Mahomedan, who could pass such an examination. No doubt the number is gradually increasing of men who could pass such an examination. But it will yet be many years before the number of qualified Natives or the opportunities afforded to Natives of acquiring

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

তাহাদিগকে সরকারী কোন ভারি পদ আমারদের না দেওয়ার অভিপ্রায় বুঝা যায়। প্রজারদের মধ্যে যাঁহারা মুসলমান তাঁহারদের মনে এই কথাতে বিশেষমতে দুঃখ লাগে। তাঁহারা কেবল এই অল্প কালাবধি আপনারদের বালকদিগকে আমারদের বিদ্যালয়ে পাঠাইতে যত্ন করিয়াছেন। বেহার ও উড়িষ্যা নিবাসি হিন্দু ও মুসলমান উভয় প্রকারের লোকেরদেরও মনে দুঃখ লাগে। বাঙ্গলা দেশের মতে সেই২ দেশে ইঙ্গরেজী বিদ্যাশিক্ষার তাদৃশ বৃদ্ধি হয় নাই, সেই২ দেশের কোন২ স্থানে ইঙ্গরেজী শিক্ষা করিবার বিদ্যালয় কেবল আরম্ভ হইয়াছে, সুতরাং ইঙ্গরেজী ভাষা শিক্ষা করিতে ঐ লোকেরদের কোন উপায় ছিল না, বাসনাও অত্যল্প ছিল বলিতে হইবেক।

তদ্ভিন্ন ইঙ্গরেজী যে চারি পুস্তকহইতে পরীক্ষা দিতে হইবেক তাহা বাঙ্গলা ভাষাতে তরজমা হয় নাই। সুতরাং যাঁহারা আগামি জানুআরি মাসের পর সেই চারি পুস্তকহইতে পরীক্ষা দিতে না পারেন, তাঁহারদের মুনসেফী পদ পাইবার আশা দূরে থাকুক, কোন প্রধান সদর আমীনের কি জজ সাহেবের আদালতে কিম্বা সদর আদালতে ওকালতী কর্ম্মও করিবার আশা থাকিতে পারে না, এই মর্ম্মের সময়ান্ত যখন সকল লোককে দেওয়া গেল, তখন তাঁহারদের পূর্ব্বোক্ত বিবেচনা অবশ্য অত্যন্ত প্রবল হইতে পারে।

অতিবুদ্ধিমান কোন২ লোক এই নিয়মের সপক্ষ কথা কহিতে উদ্যত আছেন তাহা জানি। ও বাঙ্গলা দেশের যে কএক জন ইঙ্গরেজী ভাষা বুঝেন, ও বিলাতি বিজ্ঞাপনেতে যে পরীক্ষার প্রস্তাব হইয়াছে তাহাতে যাঁহারা উত্তীর্ণ হইতে পারেন, কেবল তাঁহারদিগকেই বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের সকল ওকালতী ও মুনসেফী পদ দেওয়া উচিত, ও বেহারপ্রভৃতি স্থানের যে লোকেরা উক্তরূপ যোগ্যতা প্রাপণে যত্নবান হন নাই, তাঁহারদের অপেক্ষা যাঁহারা যোগ্য হইয়াছেন তাঁহারদিগের অগ্রগণ্যহওয়া ন্যায্য বটে, এই কথা প্রকাশরূপে কহা গেল, আমি শুনিয়াছি। কিন্তু আমার বিবেচনাতে এমন নিয়ম অনুচিতমতে ত্বরায় হইতেছে। সেই নিয়ম চলন হইলে, প্রজারদের অধিকাংশ লোক তাহা অবশ্য অন্যায় জ্ঞান করিবেন। তাহাতেও আমারদের পক্ষে তাঁহারদের ভক্তির হ্রাস হইতে পারে, ও যাঁহারা তাদৃশ ভক্ত নহেন তাঁহারা এই কথাতে অধিক সুযোগ পাইয়া, প্রজারদের ধর্ম্ম ও রীতিবিরুদ্ধ আমারদের দ্বেষ আছে বলিয়া অনেক অমূলক কথা উত্তমরূপে সাজাইয়া রাষ্ট্র করিতে পারিবেন, ও তাহাতে লোকেরদের চঞ্চল ভাব প্রবল হইয়া উঠিবেক। এদেশের মধ্যে সেই চঞ্চল ভাবের নিতান্ত প্রাবল্য হইলে, আমরা সাধ্যমতে যত্ন উত্তম২ ব্যবস্থা করি, কি যত উত্তম২ আদালত ও বিচারপতি নিযুক্ত ও স্থাপন করি, তাহা সমুদয়ের ফলের অবশ্য ব্যাঘাত হইবেক। সুতরাং পৃথক্ এক মূলবিধান স্থাপন করিবার অভিপ্রায়ে আমি সেই প্রকারের নিয়ম চলন করাইতে এইক্ষণে সম্মত নহি।

কলিকাতার সন্নিকট জিলার মধ্যে যাঁহারা উক্ত প্রকারের ইঙ্গরেজী পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইতে পারেন হিন্দু এমত অনেক জনকে পাওয়া যাইতে পারে, কিন্তু মুসলমান এক জনও নয়। ঢাকার কালেজের নিকট প্রদেশেও যাঁহারা সেই পরীক্ষোত্তীর্ণ হইতে পারেন হিন্দু এমন কএক জনকে পাওয়া যাইতে পারে, কিন্তু মুসলমান এক জনও নয়। সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ যাঁহারা হইতে পারেন এমত লোকসংখ্যা ক্রমে২ বৃদ্ধি পাইতেছে বটে, কিন্তু যত লোকের প্রয়োজন থাকে এদেশীয় তত লোকের যোগ্য হইবার, ও সেই প্রকারে যোগ্য হইয়া উঠেন ইহার সুযোগ করিবার, অনেক বৎসর লাগিবেক। আর তাহা যাবৎ না হয়, তাবৎ সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ না

such qualifications, will be such as to permit of our justly insisting on an examination of this kind previous to appointment as a Moonsiff or a Vakeel.

And after all who is prepared to say that a knowledge of such books as are here enumerated is *essential* to a Moonsiff or a Mofussil Vakeel? What can there be in Blackstone or in Smith's Manual of Equity Jurisprudence that can be *necessary* for a Moonsiff to know? As for Elberling it is a compilation in English and for the use of those who may not be able to consult the originals of the Hindoo, Mahomedan and Regulation Law on the subject of inheritance, the whole of which may be acquired by a Native from native sources, who yet might be unable to read a line of Elberling's English Book. And Macpherson's Procedure is similarly a compilation in English of the Rules and Laws contained in the Regulations and Acts, the Circulars and Precedents of the Sudder Court, every part of which is to be found in some one or other of the Native languages, and which is commonly understood very completely by Native Vakeels and Sheristadars who have never studied English in their lives, and could therefore pass no examination in the *book* prescribed though thoroughly acquainted with the *subject*.

Besides all this I observe that when the University is established which is shortly expected, degrees will be given in Law which will be a much more complete test of acquirement in that Science than any that the present examinations are likely to afford, and it may and will embarrass our subjects to be propounding to them different tests at short intervals for reasons which they will be little likely to understand.

I am satisfied therefore that it will be wise to withdraw that part of the Notification which prescribes an examination in the four English Books above quoted. And I would request the Sudder Court to do so.

With regard to the first part of the Notification I must observe that it has formed the subject of much and serious remonstrance and objection on the part of many Natives of learning and respectability.

It is notorious that except in the Calcutta Maddrassa and the Hooghly College, scarce any Mahomedans have until very lately sought instruction at our schools and colleges. This has not been altogether their fault. They have professed entire readiness to profit by our schools if only we would teach English and the Vernacular, *i.e.* to a Mahomedan—*Oordoo*.

Now a Mahomedan's notion of learning the Oordoo, is not only by means of reading Oordoo, but also certain Persian books. In this I believe the Mahomedan is perfectly right, but right or wrong, it is an opinion from which we cannot

[*Government Gazette, 5th April*, 1859.]

হইলে মুনসেফের কি উকীলের কর্ম্মে নিযুক্ত হইতে পারিবেন না, এমত বিধান করা ন্যায্য নহে।

আরো উক্ত গ্রন্থের লিখিত কথা সুবিদিত না হইলেও মুনসেফের কি মফঃসল আদালতের উকীলের কর্ম্ম করিতে লোক অক্ষম হন, এমন কথা বা কে বলিতে পারে। মুনসেফের যাহা জ্ঞাত না হইলে নয়, ব্লাকষ্টন সাহেবের পুস্তকে কিম্বা স্মিথ সাহেবের একটি মোকদ্দমার বিচারের বিধান পুস্তকে এমন কি আছে। এলবরলিং সাহেবের পুস্তক বা কি। অধিকারিত্বের বিষয়ে হিন্দু ব্যবস্থা ও মহম্মদীয় শরা ও আইনের বিধান এ সকল সংগ্রহ মাত্র, যাঁহারা মূলগ্রন্থ অভ্যাস করিতে অক্ষম তাঁহারদের পাঠার্থে সংগৃহীত হইয়াছে। ফলতঃ এদেশীয় কোন লোক এলবরলিং সাহেবের ইঙ্গরেজী পুস্তকের এক পঁক্তি পড়িতে না পারিলেও এদেশীয় ভাষার নানা পুস্তকে তাহা পাঠ করিয়া জ্ঞাত হইতে পারেন। আর মাকফর্সন সাহেবের পুস্তক বা কি। আইন ও আরটীএ সদর আদালতের সরকুলর ও নজিরেতে যে২ বিধি ও আইন থাকে তাহার ইঙ্গরেজী ভাষাতে সংগ্রহমাত্র। তাহার সমুদয় এদেশীয় কোন ভাষাতে পাওয়া যাইতে পারে, ও যে উকীলেরা ও শিরিস্তাদারেরা আজন্ম কাল ইঙ্গরেজী কিছুই শিক্ষা করেন নাই, তাঁহারাও সাধারণমতে তাহা সম্পূর্ণরূপে বুঝেন, কিন্তু বিষয় অতি উত্তমরূপে জানিলেও ঐ নির্দ্দিষ্ট পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইতে পারেন না।

এতদ্ভিন্ন অত্যল্প কালের মধ্যে উনিবর্সিটি স্থাপন হইবার অভিপ্রায় আছে। তাহা হইলে আইনসম্পর্কীয় পদবী দেওয়া যাইবেক। ও পরীক্ষা লইবার চলিত নিয়মেতে লোকেরদের আইনসম্পর্কীয় সুপটুতার যত প্রমাণ হইতে পারে, ঐ উনিবর্সিটির পরীক্ষাতে তদপেক্ষা সম্পূর্ণ প্রমাণ হইবেক। এইক্ষণে অল্পং সময়ান্তরে পরীক্ষার ভিন্ন২ নিয়ম করিলে প্রজারদের মন ঘাবরাইয়া যায়, অথচ তাহা করিবার কারণও তাঁহারদের বুঝিবার সম্ভাবনা নাই।

অতএব ইঙ্গরেজী উক্ত চারি পুস্তকে পরীক্ষা হইবেক, এই কথা ঐ বিজ্ঞাপনের যে অংশে আছে তাহা উঠাইয়া দেওয়া উচিত আমার এমত জ্ঞান হয়, ও তাহা উঠাইয়া দেওয়া যায় আমার এই আদেশ সদর আদালতকে হইতেছে।

ঐ বিজ্ঞাপনের প্রথম ভাগের বিষয়ে আমার এই বক্তব্য। এদেশীয় অনেক বিদ্বান ও সম্ভ্রান্ত লোক তাহা লইয়া অনেক ভারি বিতর্ক ও আপত্তি করিয়াছেন।

কলিকাতার মাদ্রাসা ও হুগলী কালেজছাড়া, আমারদের অন্যং বিদ্যালয়ে ও কালেজে মুসলমান লোকেরা প্রায় শিক্ষা পাইতে যত্ন করেন নাই, কেবল সম্প্রতি করিয়াছেন, এই কথা প্রসিদ্ধ। আর ইহাতে কেবল তাঁহারদেরই দোষ বলা যাইতে পারে না। তাঁহারা কহিয়াছেন যে, ইঙ্গরেজী ও আমারদের স্বদেশীয় ভাষার (অর্থাৎ মুসলমানেরদের ভাষা উর্দ্দু) শিক্ষা হইলে আমারদের বালকদিগকে তোমারদের বিদ্যালয়ে পাঠাইবার বাধা নাই।

মুসলমানেরদের জ্ঞানে উর্দ্দু ভাষা শিক্ষা করা কেবল উর্দ্দু পাঠ নহে, কিন্তু ফারসী পুস্তকেরও পাঠ হয়। আমার বিবেচনাতে মুসলমানেরদের ইহাতে সদ্বিচার বটে। কিন্তু হউক কি না হউক আমরা তাঁহারদের সেই বিবেচনা কখন খণ্ডাইতে পারিব না, প্রয়োজনও

drive him even if it was worth our while, which it is not. The Mahomedans have every where besought us to allow Oordoo to be taught to their children in our schools, and we have bigottedly refused to do it. Hence the general absence of Mahomedans from our schools, to which wherever the concession of an Oordoo Master has been recently made they have sent their children in large and increasing numbers.

But it is only in our schools that "*Junior Scholarship Certificates*" can be obtained, and the Mahomedans complain that the Notification thus excludes them from becoming candidates for as for "*the testimonial of corresponding proficiency*" they say it does not suit their case, as they study at no known Institutions, and the Authorities will not receive the certificates of their teachers. In this there is a large amount of truth, and I would therefore remove the ground of complaint by adding after the word Institution in the 2nd paragraph of the Court's Notification, "*or from some teacher or other learned person of known character and respectability.*" So amended the paragraph will be subject of complaint to none.

Minute by the Lieutenant-Governor of Bengal,—
(dated the 24th April 1857.)

[Examination of Candidates for admission into the Revenue and Judicial Departments as Uncovenanted Servants.]

By a Resolution dated 18th January 1856 it was ordered by the Governor-General in Council that no person should be empowered to exercise the functions of a Covenanted Assistant in either the Magisterial or Revenue Department without first undergoing an examination in the following subjects:—

1*st*. The Vernacular language of the District in which he is to be employed.

2*nd*. The duties he will be required to perform.

3*rd*. The ordinary branches of School Education.

2. As to this last head of examination it was explained that "it is not absolutely necessary that the candidate should understand English, but he should be required to possess a critical knowledge of and facility in composing in at least one language; to be well grounded in the Elements of Algebra and Geometry and their practical application to Surveying; and to know the leading facts either of Indian or English History." "Hereafter" it was added "an University degree may be allowed to stand in the place of this examination."

3. It is directed that this system is to be strictly followed in all the older Regulation Provinces, and in those Provinces no relaxation of the system is to be permitted.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

নাই। মুসলমানেরদের এই প্রার্থনা সর্ব্বত্র হইয়াছে যে, তোমারদের বিদ্যালয়ে আমারদের বালকদিগকে উর্দ্দু ভাষা শিক্ষা করিতে দেও। কিন্তু আমরা তাহা কখন স্বীকার করি নাই। ইহাতে সেই২ বিদ্যালয়ে মুসলমানেরা প্রায় যান না। সম্প্রতি কোন২ বিদ্যালয়ে উর্দ্দু ভাষার শিক্ষককে নিযুক্ত করা গেলে তাঁহারদের অনেক জন বালক সেই২ বিদ্যালয়ে যান, ও সংখ্যা ক্রমে২ বৃদ্ধি পাইতেছে।

"দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগের সর্টিফিকট" কেবল আমারদের বিদ্যালয়ে পাওয়া যাইতে পারে। তাহাতে মুসলমানেরা কহেন, এ বিজ্ঞাপনঅনুসারে আমারদের সেই পদাকাঙ্খী হইবার কোন উপায় নাই। কেননা যদিও "তত্তুল্য জ্ঞান প্রাপ্তির প্রমাণ পত্র" পাওয়া যাইতে পারিলে কার্য্য সিদ্ধ হইতে পারে বটে, তথাপি আমারদের উপর এই কথা খাটে না, কারণ আমরা কোন প্রসিদ্ধ বিদ্যালয়ে শিক্ষা করি না, ও আমারদের শিক্ষকেরদের সর্টিফিকট দেশের কর্ত্তা সাহেবেরা গ্রাহ্য করিবেন না।—ইহার মধ্যে অনেক কথা সত্য বটে। অতএব সদর আদালতের ঐ বিজ্ঞাপনের ২ দফাতে "বিদ্যালয়হইতে" এই শব্দের পরে "কিম্বা সুপ্রসিদ্ধ ও সদ্ভাব কোন শিক্ষকের কি বিজ্ঞ অন্য ব্যক্তির স্থানে" এই কথা দিয়া ঐ আদ্দামের মূল খণ্ডাইয়া দেওয়া আমার প্রস্তাব। ঐ দফা এই প্রকারে সংশোধন করা গেলে কোন কাহার আপত্তি হইতে পারিবেক না।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের (১৮৫৭ সালের ২৪ আপ্রিল তারিখের) মন্তব্য কথা।

[অচিহ্নিত কার্য্যকারকস্বরূপে রেবিনিউ ও জুডিসিয়ল ডিপার্টমেণ্টে পদাকাঙ্খিরদের ইমতিহানের কথা।]

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ১৮৫৬ সালের ১৮ জানুআরি তারিখের নির্দ্ধারণমতে এই আজ্ঞা করিয়াছেন। কোন লোক নীচের লিখিত বিদ্যাদিতে পরীক্ষোত্তীর্ণ না হইলে ফৌজদারী কি রেবিনিউ ডিপার্টমেণ্টে চিহ্নিত আসিষ্টাণ্টের কোন কার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতাপন্ন হইবেন না। বিশেষতঃ

প্রথম। যে জিলাতে নিযুক্ত হইবেন সেই জিলার চলন ভাষাতে।

দ্বিতীয়। যেং কর্ম্ম তাঁহার করিতে হইবেক সেই২ কর্ম্মেতে।

তৃতীয়। ইস্কুলে সচরাচর যে বিদ্যাদি শিক্ষা হয় তাহাতে।

২। শেষ লিখিত যে বিদ্যাদিতে পরীক্ষোত্তীর্ণ হইতে হইবেক তাহার এই ব্যাখ্যা হইয়াছিল। "পদাকাঙ্খির ইঙ্গরেজী ভাষা বুঝিতে পারা নিতান্ত আবশ্যক নাই, কিন্তু অতি কম এক ভাষার শঙ্কাশুদ্ধ উত্তম বোধ থাকা, ও সেই ভাষাতে তাঁহার অনায়াসে রচনা করিতে পারা আবশ্যক, ও বীজগনিত বিদ্যার ও ভূমিপরিমাপক বিদ্যার মূল কথা ও ফরিপী কার্য্যেতে এং বিদ্যা যেরূপে খাটে তাহা উত্তমরূপে জ্ঞাতহওয়া আবশ্যক। আরো ভারতবর্ষের কিম্বা ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের প্রধানং সকল কথা তাঁহার জ্ঞাত হওয়া আবশ্যক"। পরে এই কথাও ছিল, "ইহার পর যাঁহারা উনিবর্সিটির পদবীপ্রাপ্ত হন তাঁহারদের এই২ পরীক্ষা দিবার আবশ্যক হইবেক না।"

৩। আইনের অধীন প্রাচিন সকল প্রদেশে এই নিয়ম দৃঢ়রূপে মানিবার হুকুম হইয়াছে, ও সেই২ প্রদেশে ঐ নিয়মের কিছু শৈথিল্য হইবার অনুমতি করিতে হইবেক না।

4. Before these orders had been passed by the Government of India, it had been the practice to require an examination in the Vernacular from all candidates for Uncovenanted Office in the Mofussil—not being Natives of the country, and also to examine Uncovenanted Servants before promoting them, in the same manner as Covenanted Servants, so that the change which was introduced by the orders in question consisted, *first*, in requiring examinations in the duties to be performed previously to any actual appointment to perform them, (which is more than is required from Covenanted Servants,) and *second*, in the scholastic part of the examination as above described.

5. I have seduloursly applied myself to carry into effect the orders of the Government of India regarding these examinations, but have met with obstacles and delays which I did not at first anticipate.

6. As the preliminary examination in the Vernacular, as well as the periodical examination as to professional knowledge and proficiency has long been in use, and is provided for by Institutions purposely established for such object, it remained to me, in the carrying out of the orders of the Government of India, to make suitable arrangements for the new or scholastic part of the examination only.

7. When therefore the orders of the Government of India were first received I placed myself in communication on the subject with the Director of Public Instruction and the Secretary to the Sub-Committee of the Board of Examiners, and requested them to frame a scheme of examination suited to the object in view.

8. The Sub-Committee of the Board of Examiners however were unwilling to have any concern with the scholastic part of the examination and their reasons seeming good to me I did not press them further on the subject.

9. The Director of Public Instruction did not reply to my call till July 1856 having waited, he said, for the result of the proceedings of the Committee then sitting to deliberate regarding the Calcutta University Examinations. He now proposed to adopt for the preliminary examination of candidates for Uncovenanted employment a part of the test recommended by the University Committee for the University Entrance Examination, and thus to examine such candidates in,

First. One language either English or Vernacular.

Second. History and Geography.

Third. Arithmetic, Algebra and Geometry.

10. He proposed that the candidates should be examined at the same time and place as other University candidates.

11. With reference to these propositions it seemed to me only reasonable and proper that all persons English or Native should know as nearly as possible what kind of examination they were

[*Government Gazette, 5th April*, 1859.]

৪। ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই হুকুম জারী হইবার পূর্ব্বে, এদেশীয় লোক ভিন্ন যাঁহারা মফঃসলে অচিহ্নিত কার্য্যকারকের পদ পাইতে চাহিতেন তাঁহারদের দেশীয় ভাষাতে পরীক্ষা লইবার রীতি ছিল, ও অচিহ্নিত কার্য্যকারদিগকে উক্ত পদে নিযুক্ত করিবার পূর্ব্বে চিহ্নিত কার্য্যকারকেরদের মতে তাঁহারদের পরীক্ষা হইত। অতএব পূর্ব্বোক্ত আজ্ঞাতে নিয়মের এই২ প্রকারে পরিবর্ত্তন হয় অর্থাৎ প্রথম, কোন কর্ম্ম করিবার জন্যে নিতান্ত নিযুক্ত হইবার পূর্ব্বে সেই২ কর্ম্মের বিধানের পরীক্ষা (চিহ্নিত কার্য্যকারকেরদের সেইরূপ পরীক্ষা দিবার আজ্ঞা হয় নাই।) দ্বিতীয় উপরোক্তমতে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে পরীক্ষা।

৫। পরীক্ষাসম্পর্কীয় ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঐ হুকুম সফল করিতে আমি অত্যন্ত যত্নপূর্ব্বক চেষ্টা করিয়াছি, কিন্তু তাহাতে অনপেক্ষিত অনেক বাধা ও বিলম্ব হইয়াছে।

৬। দেশীয় ভাষার প্রথম স্থলীয় পরীক্ষার, ও কর্ম্মসম্পর্কীয় জ্ঞান ও পটুতার নিয়মিত সময়ের পরীক্ষার নিয়ম বহু কালাবধি হইয়া আসিতেছে, ও সেই অভিপ্রায়ে বিশেষরূপে স্থাপিত নিয়মমতে ঐ পরীক্ষার বিধান আছে। অতএব ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুম সফল করিবার জন্যে আমার কেবল এই বাকী ছিল যে, ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে যে নূতন পরীক্ষা হইবেক তাহার উপযুক্ত নিয়ম করি।

৭। অতএব ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুম প্রথম পাইলে, আমি সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের ও পরীক্ষক বোর্ডের সবকমিটির সেক্রেটারী সাহেবের নিকটে পত্র লিখিয়া, লক্ষিত অভিপ্রায়ের উপযুক্ত পরীক্ষার নিয়মের পাণ্ডুলেখ্য করিতে আদেশ করিয়াছিলাম।

৮। পরীক্ষক বোর্ডের সব কমিটির সাহেবেরা ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে উক্ত পরীক্ষার সঙ্গে কিছু সম্পর্ক রাখিতে চাহিলেন না, ও তাঁহারা যে হেতু জানাইয়াছিলেন তাহা উপযুক্ত জ্ঞান করিয়া আমি তাঁহারদিগকে আর প্ররোচনা করি নাই।

৯। কলিকাতার উনিবর্সিটির পরীক্ষার বিবেচনা করিতে যে কমিটির সাহেবেরা তৎকালে বসিতেছিলেন তাঁহারদের কার্য্যনিষ্পত্তি হইবার অপেক্ষায় ছিলেন বলিয়া, সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেব ১৮৫৬ সালের জুলাই মাসের পূর্ব্বে উত্তর দিলেন না। তখন তাঁহার এই প্রস্তাব হইল, যে, উনিবর্সিটির প্রথম স্থলের পরীক্ষার জন্যে উনিবর্সিটির কমিটির সাহেবেরা যেং পুস্তকাদি উল্লেখ করিয়াছেন তাহার কোন২ পুস্তকহইতে অচিহ্নিত কার্য্যকারকেরদের পদাকাঙ্খিরদেরও পরীক্ষা হয়, অর্থাৎ

প্রথম। ইঙ্গরেজী কিম্বা দেশীয় কোন এক ভাষাতে,

দ্বিতীয়। পুরাবৃত্ত ও ভূগোলবিদ্যাতে,

তৃতীয়। অঙ্কবিদ্যা ও বীজগনিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যাতে পরীক্ষা হয়।

১০। আরো উনিবর্সিটিতে পরীক্ষা যে সময়ে ও স্থানে হয়, সেই সময়ে ও স্থানে ঐ পদাকাঙ্খিরদেরও পরীক্ষা হইবার প্রস্তাব করিয়াছিলেন।

১১। ঐং প্রস্তাবদৃষ্টে আমার এই বিবেচনা হইল ইঙ্গরেজী কি এদেশীয় লোকেরদের যে প্রকারের পরীক্ষা দিতে হইবেক ও তন্নমিত্তে তাঁহারদের যে প্রকারে প্রস্তুত হইতে হইবেক, এইং কথা সকল লোকের সাধ্য-

to undergo and how to prepare themselves for it, and that therefore a list of books should be published for the information of all who might desire to become candidates: I therefore requested the Director of Public Instruction to name certain standard books in which the candidates should have notice to prepare themselves for examination in History, Geography, Arithmetic, Algebra and Geometry. "In making this selection" it was added "you will bear in mind that for a long time to come a certain proportion of the candidates will be unacquainted with the English language and will consequently elect to be examined in one of the Varnacular languages in the mode which you have suggested." Further the Director was reminded "that the means of obtaining instruction in the English language had hitherto been practically open only to a comparatively small number of the inhabitants of Lower Bengal, in and near Calcutta and in certain Districts in the Lower Provinces, and that it would therefore be fraught with evil consequences if a rule were now to be adopted which would exclude all other persons who can only obtain the requisite amount of English knowledge through such translations as may be available of the standard works to be selected." In making these observations I did not by any means lose sight of the willingness expressed by the Governor-General in Council in the 20th paragraph of the letter of the 18th January 1856 that candidates who may know English should to a certain extent be allowed an advantage over those who do not know it; but I had also in my mind the serious and wide spread dissatisfaction which I had personally ascertained to exist in many Districts, owing to a not wholly unreasonable apprehension that it was designed to exclude from public employment and even from practice as Vakeels in the Courts, all who did not understand English and were incapable of passing a high examination in it. To this very important fact I took occasion to advert in my Minute of the 31st August 1855, of which I will append hereto a copy for facility of reference.

12. Much delay occurred on the part of the Director of Public Instruction in replying to the above-mentioned communication, and in the meanwhile, anxious to omit no means of overcoming the difficulty which seemed to me to exist in the way of carrying into effect the orders of the Government of India, I addressed the Government of the North-Western Provinces on the subject, enquiring what measures had there been adopted towards the end in view. The reply I received did not much assist me for it simply referred me to a Notification in the *Agra Gazette* of the 25th March 1856 regarding the examination of Tehseeldars, from which I gathered that the scholastic part of the prescribed examination was not yet acted upon in the North-Western Provinces, it being provided in the Rules there current, only

মতেঅবগত থাকা উচিত ও এই কারণে ঐ২ পদাকাঙ্ক্ষিরদের জ্ঞাপনার্থে ঐ সকল পুস্তকের এক ফর্দ্দ প্রকাশ করা উচিত। অতএব সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের নিকটে আমার এই আদেশ হইয়াছিল যে, পুরাবৃত্ত ও ভূগোল ও অঙ্ক ও বীজগণিত ও ভূমি পরিমাপক বিদ্যাতে পরীক্ষা দিবার জন্যে সর্ব্বাপেক্ষা উত্তম যে২ পুস্তক পদাকাঙ্ক্ষিরদের অনুশীলন করিবার সম্বাদ দেওয়া উচিত এমত কএক পুস্তকের নাম লিখিয়া দেন। আরো লিখিলাম, ঐ পদাকাঙ্ক্ষিরদের কিয়দংশ লোক অনেক কালপর্য্যন্ত ইঙ্গরেজী ভাষা অবিদিত থাকিবেন, সুতরাং তুমি যে২ বিদ্যাতে পরীক্ষা দিবার পরামর্শ করিতেছ সেই২ বিদ্যাতে তাঁহারা স্বদেশীয় ভাষায় পরীক্ষা দিতে মনস্থ করিবেন, ইহা মনে রাখিয়া তুমি পুস্তক মনোনীত করিবা। আরো কহিলাম, অদ্যাপি ইঙ্গরেজী ভাষাতে শিক্ষা পাইবার উপায় বাঙ্গলা দেশনিবাসি অর্থাৎ কলিকাতা ও তাহার নিকটনিবাসি ও বাঙ্গলাপ্রভৃতি দেশের কোন২ জিলানিবাসি কতিপয় লোকমাত্রের হইয়াছে, অতএব উক্ত প্রকারের যে২ পুস্তক মনোনীত করিবা তাহার মধ্যে যে২ পুস্তকের তরজমা পাওয়া যাইতে পারে, তাহা হইতে না হইলে ঐ ইঙ্গরেজী বিদ্যার জ্ঞান যে লোকেরা পাইতে পারেন না, তাঁহারদিগকে ত্যাগ করিবার বিধি করিলে অত্যন্ত কুফল জন্মিতে পারে। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ১৮৫৬ সালের ১৮ জানুআরি তারিখের পত্রের ২০ দফাতে আপনার এই বাঞ্ছা লিখিয়াছিলেন, যে পদাকাঙ্ক্ষিরা ইঙ্গরেজী জানেন তাঁহারা ঐ ভাষার অনভিজ্ঞ লোকহইতে অগ্রগণ্য হইবেন, আমিও বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের নিকটে উক্ত পত্র লিখিবার কালে শ্রীযুতের ঐ বাসনাতে বিস্মৃত হই নাই। কিন্তু যাঁহারা ইঙ্গরেজী ভাষা না বুঝেন ও সেই ভাষাতে অতি কঠিন পরীক্ষোত্তীর্ণ না হইতে পারেন, তাঁহারদিগকে সরকারী কোন কর্ম্ম ও আদালতে ওকালতী কর্ম্মও করিতে না দিবার অভিপ্রায় থাকার অনুভবেতে লোকেরদের মধ্যে অতি বিস্তারিতরূপে ভারি অসন্তোষ আছে, এই কথাও আমি ভুলি নাই। সেই প্রকারের অতুষ্টি অনেক জিলাতে আছে তাহা আপনি নিশ্চয়মতে জানিয়াছি, ও তাঁহারদের সেই অনুভবও নিতান্ত অযুক্তিসিদ্ধ নহে। আমার ১৮৫০ সালের ৩১ আগষ্ট তারিখের মন্তব্য কথাতে সেই গুরুতর কথার উল্লেখ করিয়াছিলাম। তাহার অনায়াসে দৃষ্টি হইবার জন্যে এক কেতা নকল ইহার সঙ্গে পাঠাইতেছি।

১২। আমার উক্ত পত্রের উত্তর লিখিতে সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের অত্যন্ত বিলম্ব হইয়াছিল। তথাপি ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা সফল হইবার যে বাধা আমার বিবেচনামতে ছিল, তাহা নিবারণ করিতে আমার সাধ্যমতে কিছুমাত্র ত্রুটি না হয়, এই কারণে আমি উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের নিকটে পত্র লিখিয়া জিজ্ঞাসা করিলাম, যে ঐ অভিপ্রায় সফল করিবার জন্যে তদ্দেশে কি কার্য্য হইয়াছে। ঐ পত্রের যে উত্তর পাইলাম তাহাতেও আমার অধিক সাহায্য হয় নাই, যেহেতুক তহসীলদারেরদের পরীক্ষার বিষয়ে ১৮৫৬ সালের ২৫ মার্চ তারিখের আগ্রা গেজেটে যে বিজ্ঞাপন প্রকাশ হইয়াছিল তাহাতেই আমার দেখিতে কেবল আদেশ হইয়াছিল। তাহাতে আমি এই অবগত হইলাম, উত্তরপশ্চিম দেশে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে নির্দ্দিষ্ট পরীক্ষা হইবার কিছু নিয়ম হয় নাই। সেই দেশের চলিত বিধানেতে এইমাত্র নিয়ম ছিল, এদেশীয় মুন্সি-

that "the Officer who makes the nomination shall personally ascertain that the candidate possesses the ordinary attainments of an educated Native gentleman."

13. It was not until the 20th January last that the Director of Public Instruction again wrote, and then it was not to reply precisely to the call made upon him but to point out that the University Senate had now published their scheme for the first University Entrance Examination to be held on the 6th of April, and to recommend that candidates for Uncovenanted employment should be advised to present themselves at this examination, so that though avowedly not intending to enter the University, yet they might shew by their marks the extent to which they might have received a School education.

14. But this recommendation it was impossible to act upon, because the Senate had required that candidates should notify their intention either in Calcutta on or before the 23rd of March or in the Mofussil on or before the 23rd of February next following, so that there was no time to give notice to the public. And besides this, even if there had been time, it seemed extremely improbable that the University Examiners, appointed for a special purpose, would be content so greatly to extend their labors as to report on the qualifications of an indefinite number of persons not presenting themselves for the avowed purpose of the Examination, namely, entrance into the University, but for another purpose not connected with the University at all, and requiring a much lower standard of acquirement: And again no books were suggested in which candidates should prepare themselves.

15. These things being pointed out to the Director I have now received what appears to be his final reply on the subject. He quite agrees with me as to the improbability of obtaining the help of the University Examiners in the matter, and indeed that examination being over for the year it is useless to enquire further about it in reference to the question now before me. The Director still adheres to the expediency of adopting the University Entrance Examination test as the most convenient standard for examination in the particular subjects indicated in the Resolution of the Supreme Government dated January 18, 1856. He gives a very incomplete list of Vernacular books which might be adopted and published for general information, and of these he does not in fact advise the adoption, but rather that it should be notified that the University Entrance Test will be the standard of Examination, leaving every intending candidate English or Native to find out the books as best he may. The Director argues

ক্ষিত মহোদয়গণ সচরাচর যেরূপ বিদ্বান হইয়া থাকেন, পদাকাঙ্ক্ষির তত্তুল্য জ্ঞান আছে এই কথা তাঁহার মনোনীতকারি কার্য্যকারক সাহেবের তদন্ত লইয়া অবগত হইতে হইবেক।

১৩। সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেব কেবল গত জানুআরি মাসের ২০ তারিখে পুনরায় পত্র লিখিলেন। তাহাতেও আমি যে কথার প্রস্তাব করিয়াছিলাম তাহার উত্তর বিশেষমতে না লিখিয়া কেবল এই কথা জানাইলেন যে, উনিবর্সিটির প্রথম স্থলীয় যে প্রথম পরীক্ষা আপ্রিল মাসের ৬ তারিখে হইবেক তাহার পাণ্ডুলেখ্য উনিবর্সিটির সেনেট সাহেবেরা প্রকাশ করিয়াছেন, ও এই প্রস্তাব করিলেন যে, অচিহ্নিত কার্য্যকারকেরদের কোন পদ যাঁহারা পাইতে চাহেন তাঁহারদের সেই পরীক্ষাতে উপস্থিত হইবার পরামর্শ হয়, তাহাতে যদিও তাঁহারদের উনিবর্সিটিতে ভর্ত্তি হইবার অভিপ্রায় না থাকে তথাপি তাঁহারা ইস্কুলের শিক্ষিত যত বিদ্যাদি প্রাপ্ত হইয়াছেন তাহা তাঁহারদের পরীক্ষাকালীন অঙ্ক দ্বারা বুঝা যাইবেক।

১৪। কিন্তু সেই পরামর্শমতে কার্য্য করা অসাধ্য হইল। কেননা সেনেট সাহেবেরা এই আদেশ করিয়াছিলেন যে, কলিকাতানিবাসি যে লোকেরা পরীক্ষা দিতে মনস্থ করেন তাঁহারদের সেই মনস্থের কথা তৎপর মার্চ মাসের ২৩ তারিখে কি তাহার পূর্ব্বে জানাইতে হইবেক, ও মুফঃসল দেশনিবাসি যে লোকেরা পরীক্ষা দিতে চাহেন তাঁহারদের সেই মনস্থের কথা তৎপর ফেব্রুআরি মাসের ২৩ তারিখে কি তাহার পূর্ব্বে জানাইতে হইবেক, সুতরাং সর্ব্ব সাধারণ লোকের নিকটে সেই সম্বাদ দিবার অবকাশ ছিল না। যদিবা হইত, তথাপি উনিবর্সিটির যে পরীক্ষক সাহেবেরা বিশেষ অভিপ্রায়ে নিযুক্ত হন, তাঁহারা সন্তোষপূর্ব্বক পরিশ্রম বৃদ্ধি করিয়া, ঐ পরীক্ষার নির্দ্দিষ্ট কার্য্যের নিমিত্তে অর্থাৎ উনিবর্সিটিতে ভর্ত্তি হইবার মানসে নহে, বরং উনিবর্সিটির অসম্পর্কীয় ও যাহাতে তত্তুল্য বিদ্যাপ্রাপ্তিরও প্রয়োজন নাই এমত কার্য্যের নিমিত্তে অনির্দ্দিষ্ট সংখ্যার লোকেরদের পরীক্ষা করিয়া তাঁহারদের গুণাগুণের রিপোর্ট করিবেন এই কথা অসম্ভব। তদ্ভিন্ন পদাকাঙ্ক্ষিরদের যে পুস্তক পড়িয়া প্রস্তুত হইতে হইবেক তাহার কিছু পরামর্শ দেওয়া যায় নাই।

১৫। ঐ সকল কথা ডৈরেক্টর সাহেবকে লিখিয়া জানাইলে, আমি এইক্ষণে তাঁহার উত্তর পাইয়াছি, এই তাঁহার শেষ উত্তর বোধ হয়। তিনিও আমার মতানুসারে বোধ করেন যে, এই কার্য্যেতে উনিবর্সিটির পরীক্ষক সাহেবেরদের স্থানে সাহায্য প্রাপ্তহওয়া অসম্ভব। ফলতঃ এই বৎসরের নিমিত্তে ঐ পরীক্ষা সমাপ্ত হইয়াছে অতএব এইক্ষণকার বিবেচিত কথার সম্পর্কে তাহার কিছু জিজ্ঞাসা লওয়ার প্রয়োজন নাই। কিন্তু ডৈরেক্টর সাহেব এখনও কহেন যে, সুপ্রিম গবর্ণমেণ্টের ১৮৫৬ সালের ১৮ জানুআরি তারিখের সিদ্ধারণতে যে২ বিদ্যাদি নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাতে পরীক্ষা লইবার জন্যে উনিবর্সিটির প্রথমস্থলীয় পরীক্ষার নিয়ম গ্রাহ্য করা সর্ব্বাপেক্ষা বিহিত। দেশীয় ভাষার লিখিত যে সকল পুস্তকহইতে ঐ পরীক্ষা লওয়া যাইতে পারিবেক ও সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতে পারে তাহার এক ফর্দ্দও দিয়াছেন, কিন্তু সেই ফর্দ্দ পুরা নয়, ও সেই সকল পুস্তকহইতে পরীক্ষা হয় এমত পরামর্শও দেন না, বরং তাঁহার এই পরামর্শ, উনিবর্সিটির প্রথমস্থলীয় পরীক্ষার যে নিয়ম আছে তাহাই ঐ পরীক্ষার নিয়ম হউক, ও ইঙ্গরেজী কি এদেশীয় যে লোক পদাকাঙ্ক্ষী হন তাঁহারদের

that this standard will soon be better known than any other standard, and he intimates that a large number of youths will shortly have practical experience of it, no less than 244 names having been already entered for the University Entrance Examination of the present year.

16. Supposing however that arrangements could be made in every other way satisfactory for the conduct of the scholastic part of the examination, and that the Board of Examiners might be induced, (as I believe, however, with the Director of Public Instruction that they certainly would not be) to consent to undertake this part of the duty the arrangement would necessitate, besides the scholastic, two other and quite separate examinations which the candidates must also be forced to undergo, for it is obvious that even if they should consent to undertake the scholastic examination of candidates for Uncovenanted employment, the University Examiners could not be asked or expected to examine in the Vernacular and in the professional part of the Revenue and Judicial examination. So that the candidates might have to undergo a three-fold examination, *first*, by the established Examiners in the Vernacular; *second*, by the Divisional and Central Examination Committees in the duties to be performed; and *third*, by the University Examiners in Composition, Mathematics, Surveying, and History.

17. Now it must be borne in mind that the appointments which are not to be obtained without passing this multiplied ordeal are appointments of no more than Rupees 200 per mensem; and that is a salary which however liberal and sufficient as a commencement for a Native gentleman is by no means so, but on the contrary very pinching and insufficient for an English gentleman. Moreover the prospects of promotion are not so bright as to overcome this disadvantage.

18. Nor should it be left out of consideration that the want of really good and trustworthy Officers in Uncovenanted offices is very pressing and will not await the growing up of those who are now about to enter the University and obtain degrees, so that although the Director points out as an encouraging fact that a great number of young men of sixteen and upwards are about to enroll themselves on the University lists, not one of them will serve my turn for many years to come, seeing we want not boys but men. Again it is to be cared for that we do not give too early a monopoly of public service to candidates educated on the English model before such education or even the possibility of obtaining such education has been sufficiently placed within the reach of our Native subjects in general. We could hardly do a more unpopular thing than confine all public employment to a small section of Bengalees, which is what there may be some risk of if scholastic acquirements be too soon or too severely insisted upon; And I cannot help thinking that the attempt to do this may lead to occasional difficulties of a practical nature, may abate something of the pride and something of the responsibility attaching to good or bad selections for the public service, and may thus to a certain extent weaken the force of administration and cripple its resources.

যে২ বহীইতে পরীক্ষা দিতে হইবেক তাহা যেমন পারেন তেমনি অবগত হউন। ডৈরেক্টর সাহেব কহেন, পরীক্ষার ঐ নিয়ম অন্য সকল নিয়মহইতে উত্তমরূপে জানা হইবেক, ও যদ্যা অনেক লোক অল্প কালের মধ্যে কার্য্যক্রমে ঐ নিয়মের ফল জানিবেন, কেননা অন্যূন ২৪৪ জন উনিবর্সিটির বর্ত্তমান বৎসরের প্রথমস্থলীয় পরীক্ষার নিমিত্তে নাম দিয়াছেন।

১৬। পরন্তু ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে পরীক্ষা চলিবার সন্তোষজনক নিয়ম যদিও হইতে পারিত, ও পরীক্ষক বোর্ডের সাহেবেরা যদিও ঐ কার্য্য সহস্তে গ্রহণ করিতে সম্মত হইতেন (ফলতঃ বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের মতে আমিও বোধ করি তাঁহারা কখন সম্মত হইতেন না, কিন্তু যদিও হইতেন) তথাপি. ঐ নিয়মানুসারে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে যে পরীক্ষা হয় তদ্ভিন্ন পদাকাঙ্ক্ষিদের অন্য দুই পৃথক্ পরীক্ষাতে উত্তীর্ণ হইবার প্রয়োজন থাকে, কেননা অচিহ্নিত কর্ম্মাকাঙ্ক্ষিদের ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে পরীক্ষা লইতে উনিবর্সিটির পরীক্ষক সাহেবেরা যদিও সম্মত হইতেন, তথাপি দেশীয় ভাষার, ও রাজস্ব ও বিচার-সম্পর্কীয় কার্য্য বিধানের পরীক্ষা লইবার প্রার্থনা, তাঁহারদের নিকটে করা যাইতে পারিত না. আর তাঁহারা যে লইবেন এমত সম্ভাবনাও হইতে পারে না। ইহাতে ঐ পদাকাঙ্ক্ষিদের তিনগুণ পরীক্ষা দিতে হইবেক। প্রথম। নির্দ্ধারিত পরীক্ষক সাহেবেরদের দ্বারা দেশীয় ভাষার এক পরীক্ষা। দ্বিতীয়. এলাকার ও সদর স্থানের পরীক্ষক কমিটির সম্মুখে কার্য্যবিধানের অন্য পরীক্ষা। তৃতীয়। উনিবর্সিটির পরীক্ষক সাহেবেরদের সম্মুখে রচনার ও মাথিমাটিক ও জরিপী কার্য্যের ও পুরাবৃত্ত বিবরণের অন্য পরীক্ষা।

১৭। ইহাতে আর এক কথা মনে রাখিতে হয়। এই পরীক্ষা উক্তমতে বারম্বার না দিলে যে২ পদ পাওয়া যাইতে পারিবেক না, সেই২ পদের মাসিক বেতন ২০০৲ টাকার অধিক নয়। এদেশীয় মহাশয়েরা সেই বেতন আরম্ভেতে পাইলে নিতান্ত অধিক ও প্রচুর বলিয়া জ্ঞান করিতে পারেন, কিন্তু ইঙ্গরেজী সাহেব লোক সেই বেতন প্রচুর জ্ঞান না করিয়া তাহা অতি অল্প ও অকুলান জ্ঞান করিবেন। আর অতিরিক্ত আরো উচ্চ পদ প্রাপণের এমত আশাও নাই যে তাহাতে সেই আপত্তি খণ্ডান যায়।

১৮। আর এক কথা বিবেচনার যোগ্য বটে। অচিহ্নিত কর্ম্মকারকেরদের পদে ভর্ত্তি করিবার জন্যে নিতান্ত উত্তম ও বিশ্বাসযোগ্য লোকেরদের অতিভারি প্রয়োজন এইক্ষণে হইয়াছে। যাঁহারা উনিবর্সিটিতে ভর্ত্তি হইয়া পদবী প্রাপ্ত হইতে উদ্যত হন তাঁহারদের বয়ঃপ্রাপ্তির অপেক্ষায় থাকা যাইতে পারে না। ইহাতে যদিও ডৈরেক্টর. সাহেব আশ্বাসজনক কথা বলিয়া কহেন যে, ষোল বৎসরের ও তাহার অধিক বয়সের অনেক যুবা লোক উনিবর্সিটির কর্দ্দেতে আপনারদের নাম লেখাইতে উদ্যত হইয়াছেন তথাপি অনেক বৎসর না হইলে তাঁহারদের মধ্যে এক জনও আমার কর্ম্মের নিমিত্তে প্রস্তুত হইবেন না। আমরা বালকনিগকে চাহি না। উপযুক্ত পুরুষদিগকে চাহি। অপর এদেশীয় সর্ব্ব সাধারণ প্রজা লোক যত কাল ইঙ্গলণ্ডীয় নিয়মমতে শিক্ষা না পান, কিম্বা তাঁহারদের সেই নিয়মমতে শিক্ষা পাইবার উপায় যত কাল না করিয়া দেওয়া যায়, তত কাল কেবল সেই নিয়মমতের সুশিক্ষিত পদাকাঙ্ক্ষিদিগকে সরকারী কর্ম্মে নিযুক্ত করিবার কার্য্য অতিত্বরায় না হয়, ইহাও বিবেচনীয় বিষয় বটে। সরকারী সকল কর্ম্ম যদি বাঙ্গালিদের কেবল কতিপয় বিশেষ প্রকারের লোকদিগকে দেওয়া যায়, তবে তদপেক্ষা সর্ব্ব সাধারণের অসন্তোষজনক কর্ম্ম প্রায় হইতে পারে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

19. The practical difficulties that are apt at present to arise in the course of actual administration may perhaps be best illustrated by the exhibition of such actual or supposable cases as are part of common experience. I want—say, an English Deputy Magistrate, who after a certain probation and experience, shall hereafter be fit to be placed in charge of a Sub-Division in a rough and difficult Indigo District. The want is urgent and there is no time to lose. I make all possible enquiry. I apply to the best and most disinterested advisers; and, as my good name is obviously concerned in making a fair selection, I do all that I can to find some sufficiently well-bred and well-educated Englishman of mature age, who, in a subordinate capacity, in or out of the service, has proved himself fit for the employment in view. Such a man at last is found. He possesses the amplest testimonials of probity and ability. He has had ten or fifteen years' experience of the country and of business cognate to that on which I desire to employ him. He gives satisfactory proof of his knowledge of the Vernacular and success in dealing with the Natives. All who know him recommend him for the post, but—has he "a critical knowledge of and facility in composing in at least one language?" "Is he well-grounded in the Elements of Algebra and Geometry, and their practical application to Surveying?" Does he "know the leading facts either of Indian or English History?" All this must be tested by an examination. It is long, he says, since he left School, and he doubts if he could now stand a School examination without some instant cramming, for which his present position and avocations leave him little or no time or opportunity. To fail in such an examination too among a pack of School boys would be for a man of middle age, over painful, and after all the salary offered is very small; on the whole he doubts if it be worth his

কিন্তু ইস্কুলের শিক্ষিত বিদ্যাদি প্রাপণ আবশ্যক, এমত বিধান যদি অতি ত্বরায়, কি অত্যন্ত দূঢ়রূপে করি, তবে সেই অসন্তোষ জন্মিবার আশঙ্কা আছে বটে। আরো আমার এই বিবেচনা উদয় হয়, সেই প্রকারে কর্ম্ম হইবার উদ্যোগ হইলে, কখন২ কার্য্য. ক্রমেও কিছু ক্লেশ জন্মিতে পারে, ও সরকারী কর্ম্মের নিমিত্তে উত্তম অধম লোককে মনোনীত করণসম্পর্কীয় যে শাষ্য ও রোঁক থাকে তাহার কিঞ্চিৎ হ্রাস হইবার সম্ভাবনা, ইহাতে সরকারী কর্ম্মের প্রতাপ কিয়দংশে খর্ব্ব হইতে পারে, ও তৎকার্য্য নির্ব্বাহের উপপত্তি খাটো হইতে পারে।

১৯। সরকারী কার্য্য নিতান্ত নির্ব্বাহ করণসম্পর্কে অধুনা যে ক্লেশ হইবার সম্ভাবনা তাহা উদাহরণ দিয়া উত্তমরূপে প্রকাশ হইবেক, ফলতঃ সকলের জ্ঞানমতে যাহা হইয়াছে কিম্বা হইতে পারে এমত এক দৃষ্টান্ত দি। আমি ইঙ্গরেজী এক জন ডেপুটী মাজিস্ট্রেটকে চাহি। কিঞ্চিৎকাল পরীক্ষা ও কর্ম্ম অভ্যাস হইলে পর, যে জিলাতে নীল উৎপন্ন হয় ও যাহাতে সরকারী কর্ম্ম করা কঠিন, অসভ্য লোকনিবাসি এমত জিলার কোন এলাকাখণ্ডে যিনি নিযুক্ত হইবার যোগ্য হইবেন এমত এক লোককে চাহি। এমত লোকের অত্যন্ত প্রয়োজন, ও ত্বরায় তাঁহাকে নিযুক্ত করিতে হইবেক। আমি সাধ্যমতে এমত লোকের সন্ধান লই। যাঁহারা নিরপেক্ষ হইয়া অতি উত্তম পরামর্শ দিতে পারেন তাঁহারদিগকে জিজ্ঞাসা করি। উত্তম লোককে মনোনীত না করিলে অবশ্য আমার সুনামের কলঙ্ক হয়। এই কারণে শিষ্টাচারি ও সুশিক্ষিত ও পাকা বয়সের যে লোক সরকারী কি অন্য কর্ম্মেতে পরাধীন হইয়া কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করিয়া ঐ পদের উপযুক্ত হন এমত কোন ইঙ্গরেজ লোককে পাইতে সাধ্যমতে চেষ্টা করি। শেষে এমন লোককে পাই। তাঁহার সরলতার ও কর্ম্মক্ষম হওয়ার প্রচুর প্রমাণপত্র আছে। দশ পনের বৎসর পর্য্যন্ত এই দেশের লোকেরদের আচার ব্যবহার দেখিয়াছেন, ও তাঁহাকে যে কর্ম্মে নিযুক্ত করিতে চাহি প্রায় তদ্রূপ কর্ম্ম নির্ব্বাহ করিয়া আসিতেছেন। দেশের ভাষাও জানেন ও দেশীয় লোকেরদের সঙ্গে সফলরূপে কার্য্য ব্যবসায় করিয়াছেন, তাঁহারও খাতির জমামতের প্রমাণ পাই। তাঁহার সঙ্গে যাঁহারদের পরিচয় আছে তাঁহারা সকলেই তাঁহাকে সেই পদের উপযুক্ত লোক কহেন। কিন্তু "অতি কম এক ভাষার শুদ্ধাশুদ্ধ উত্তম বোধ থাকে কি না, ও সেই ভাষাতে অনায়াসে রচনা করিতে পারেন কি না, ও তিনি বীজগণিত বিদ্যার ও ভূমিপরিমাপক বিদ্যার মূল বিধান সুবিদিত আছেন কি না, ও জরিপী কার্য্যেতে সেই বিদ্যা কর্ম্মক্রমে যে রূপে খাটে তাহা বুঝেন কি না, ও ভারতবর্ষের কিম্বা ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের প্রধান২ কথা জানেন কি না" তাঁহার এই সকল জ্ঞান পরীক্ষা করিয়া নির্ণয় করিতে হইবেক। তিনি কহেন, এখন অনেক বৎসর হইল আমি বিদ্যালয় ছাড়িয়া আসিয়াছি, এইক্ষণে ছুড়াছুড়ি করিয়া ঐ সকল বিদ্যার পুস্তক পুনরার না পড়িলে, বিদ্যালয়ের যে রূপ পরীক্ষা হইয়া থাকে সেইরূপ পরীক্ষাতে বুঝি উত্তীর্ণ হইতে পারিব না, আর আমার এখন যে অবস্থা ও যে কর্ম্ম হইয়াছে তাহা বুঝিয়া আমার প্রায় অবকাশ নাই, সুযোগও নাই। আরো ইস্কুলের বালকেরদের সঙ্গে মধ্য বয়সের এমন লোক পরীক্ষা দিলেও যদি উত্তীর্ণ হইতে না পারেন তবে তাহা প্রায় অসহ্য দুঃখজনক হয়। তাঁহাতেও সেই কর্ম্মের যে বেতন দিবার প্রস্তাব হয় তাহাও অতি অল্প। শেষে তিনি বোধ করেন যে, এত ঝঞ্ঝাটের

[*Government Gazette, 5th April*, 1859.]

while, and his case (it is an actual case) seems likely to come to an untimely end.

20. Or take another kind of case. A vacancy in a Deputy-Collectorship, for which is recommended by the strongest, most disinterested and reliable Authorities a Native gentleman of established worth, integrity and ability. He is of known and widely respected family; he has served the Government with the highest credit and character in various capacities, he is held up as a peculiar instance of Native honesty and trustworthiness; he understands thoroughly his own countrymen, their habits, feelings and institutions; he has had the best education ordinarily given to Native gentlemen; he writes Persian, Nagree, or Bengalee, or all three with the most surprising readiness and facility; he is the most accurate and unfailing accountant; he is in short completely versed in all the accomplishments and acquirements heretofore considered needful for the business on which it is sought to employ him, and his appointment, while it seems due to his character and services, would certainly be popular and satisfactory over a whole Province. But of Algebra and Euclid he has hardly heard the names; his notions of Indian History go little if at all beyond the Ramayuna; and of the History of England he knows nothing whatever.

21. This good man whose case though here imaginary is such as does actually occur, can by no means be made a Deputy-Collector, nor can he be allowed to exercise any of the functions of a Covenanted Assistant. But though he may not, by reason of his want of School education, according to the English meaning of that phrase, exercise any power possessed by a young Covenanted Officer the day after he leaves College, he may exercise much higher powers. He may have the powers of a Zillah Judge.

22. I mention this because it appears to me that there is something anomalous in the rules now laid down as they bear on this feature of the case. In order to be a Civil Judge it is apparently not yet necessary to be examined touching a School education. This same Native gentleman whose case I have supposed, after having been rejected as to the powers of a Covenanted Assistant by reason of his historical or mathematical deficiencies, may apply to be examined for a diploma as a Moonsiff, in which examination he need only shew a knowledge of the Vernacular, and of the law and procedure of the Civil Courts, and having thus become a Moonsiff he must, if he behaves well, rise to be a Principal Sudder Ameen without any further examinations, and in that capacity he will exercise the full powers of a Covenanted Zillah Judge with a Civil Jurisdiction literally boundless as to the value of causes before him.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

কার্য্য কি। সুতরাং তাঁহার বিষয়ে ঐ কার্য্য নিষ্ফল হইবার সম্ভাবনা। এমন বিষয় ঘটিয়াওছে।

২০। অন্য প্রকারের উদাহরণ দি। ডেপুটী কালেক্টরের এক পদ শূন্য হইয়াছে। প্রসিদ্ধরূপে শিষ্টাচারি ও সরল ও কর্ম্মক্ষম এদেশীয় কোন বিশেষ লোককে সেই পদে নিযুক্ত করিতে অতি নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য কোন২ মহাশয়েরা অতি দৃঢ়রূপে পরামর্শ দেন। তিনি প্রসিদ্ধ ও সর্ব্ব লোকের সম্ভ্রান্ত বংশের লোক। তিনি সরকারী নানা কর্ম্ম অতি প্রশংসিতরূপে ও সরলভাবে করিয়াছেন, এদেশীয় লোকেরদের মধ্যে অতিসত্যবাদি ও বিশ্বাসযোগ্য এক জন। তিনি স্বদেশীয় লোকেরদের রীতিচরিত্র ও ভাব ব্যবস্থাদি উত্তমরূপে জানেন। এদেশীয় লোকেরা সচরাচর যে অতি উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত হইয়া থাকেন, তিনিও তদ্রূপে সুশিক্ষিত। ফারসী কি নাগরী কি বাঙ্গলা অক্ষর কিম্বা তিন্ অক্ষর আশ্চর্য্যমতে শীঘ্র ও অনায়াসে লিখিতে পারেন। হিসাব খাতা লিখিতে পটু ও ঠিক। ফলতঃ তাঁহাকে যে পদে নিযুক্ত করিবার মনস্থ হয় সেই পদের নিমিত্তে যে সকল গুণ ও বিদ্যা পূর্ব্বাবধি প্রচুর বোধ হইয়া আসিতেছে সেই সকল বিদ্যাদিতে তিনি নিপুণ। তাঁহার রীতিচরিত্র ও নানা কর্ম্ম বুঝিয়া তাঁহাকে সেই পদে নিযুক্ত করা উপযুক্ত বটে, ও তিনি নিযুক্ত হইলে ঐ প্রদেশের সমুদয় লোকের সন্তোষ হয়। কিন্তু বীজগণিত বিদ্যার ও ইউক্লিডের নামও প্রায় শুনেন নাই। ভারতবর্ষের পুরাবৃত্ত বিবরণের যাহা জানেন তাহা রামায়ণে পড়িয়াছেন, তাহার অধিক প্রায় জানেন না। ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের কিছুই জানেন না।

২১। এই উত্তম লোকের দৃষ্টান্ত কল্পনা করিয়া লিখিলাম বটে, কিন্তু এই প্রকার হইয়াও থাকে। এমন লোক কোন প্রকারে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইতে পারেন না ও চিহ্নিত আসিষ্টাণ্টের কোন কর্ম্ম করিতে তাঁহার অনুমতি হইতে পারে না। কিন্তু ইস্কুলের বিদ্যাশিক্ষা করা, এই কথার যে ভাব ইঙ্গলণ্ডীয় লোকেরা বুঝেন সেই ভাবানুসারে সেই লোক ইস্কুলের বিদ্যা শিক্ষা না করাপ্রযুক্ত, যদিও চিহ্নিত যুবা কার্য্যকারক সাহেবের প্রাপ্ত কোন ক্ষমতামতে কালেক্ষ ত্যাগ করিবার পরদিনঅবধি কার্য্য করিতে না পারেন, তথাপি সেই লোক তদপেক্ষা উচ্চ ক্ষমতামতে কার্য্য করিতে পারেন। অর্থাৎ জিলার জজ সাহেবের ক্ষমতা পাইতে পারেন।

২২। আমার এই কথা লিখিবার অভিপ্রায় এই: উক্ত দৃষ্টান্ত স্থলের সঙ্গে এইক্ষণকার বিধি মিলাইয়া দেখিলে, ঐ বিধির কিছু অসঙ্গতি দৃষ্ট হয়। দেওয়ানী বিচারপতির কর্ম্ম পাইবার নিমিত্তে ইস্কুলে শিক্ষিত বিদ্যাদির পরীক্ষা দেওয়ার আবশ্যক অদ্যাপি হয় নাই। যাঁহার উদাহরণ কল্পনা করিয়া লিখিয়াছি এদেশীয় এমত কোন মহাশয় পুরাবৃত্ত বিবরণ কিম্বা ভূমিপরিমাপক বিদ্যাদি অনভিজ্ঞ হওয়াপ্রযুক্ত যদিও চিহ্নিত আসিষ্টাণ্টের কোন ক্ষমতা পাইতে না পারেন, তথাপি মুনসেফের কর্ম্মের নিমিত্তে যোগ্যতাপত্র পাইবার অভিপ্রায়ে পরীক্ষা দিবার প্রার্থনা করিতে পারেন। সেই পরীক্ষাতে, তাঁহার দেশীয় ভাষার উপযুক্ত জ্ঞান আছে, ও দেওয়ানী আদালতের আইন ও কার্য্য করিবার বিধান জানেন, ইহা তাঁহার প্রকাশ করা প্রয়োজন, তাহা হইলে তিনি মুন্সেফী পদ পান। পরে সদাচারি লোক হইলে তিনি অন্য কোন পরীক্ষা না দিয়া ক্রমে২ অবশ্য প্রধান সদর আমীনও হইবেন। ও সেই পদে চিহ্নিত জিলার জজ সাহেবের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন, ও তাঁহার সম্মুখে যে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে তাহার মূল্য বুঝিয়া তাঁহার দেওয়ানী ক্ষমতার নিতান্ত সীমা নাই।

23. There may possibly be a similar anomaly regarding Uncovenanted offices in the Salt and Opium and Customs Departments, for which, though some of them are more valuable than any in the Magisterial or Revenue Departments, I do not gather that any examination of a scholastic nature is now required previously to being appointed to office.

24. I trust to be excused for having ventured upon these remarks, which could hardly fail to occur to me in connection with the matter under consideration, and which arise partly in consequence of my intimate knowledge of the state of Native feeling on the subject, and of the keen anxiety with which all those proceedings of ours are viewed in which the Natives fancy, rightly or wrongly, that they can detect evidence of our distaste for their national acquirements and method of education and a desire to force upon them the study of English for purposes which they are yet incapable of apprehending or appreciating, and which they are therefore inevitably prone to misconstrue and misrepresent. But I have not failed to give my best attention to the orders received with a view to carry them into execution in the best and earliest manner I am able.

25. On the whole the most satisfactory approach which I find myself at present able to make to which I trust may become hereafter a full and complete accomplishment of the views of the Supreme Government is to act as follows:—

26. To direct the Chief Civil Authority of the District or Division in which an appointment is to be made, or in which the candidate my reside, to summon the candidate before him, and with such assistance towards that end as may be available from the nearest Educational Institution, to report whether the candidate has a sufficient knowledge of the Vernacular, and also appears to have received the ordinary School education of an English or Native gentleman, as the case may be, specifying at the same time whether the candidate evinces any and what degree of knowledge of Algebra and Geometry, and their practical application to Surveying, as well as of the leading facts of Indian and English History. Regarding vernacular books on History and Mathematics I must make still further enquiries and when a good list shall have been obtained I will take care to publish it for general information.

27. With regard to "the duties to be performed," I propose that the Chief Civil Authority shall report on the acquaintance of the candidate with the general nature of those duties, without, in the first instance, insisting on any close examination. But every newly appointed Uncovenanted Magisterial or Revenue Officer will receive notice that

[*Government Gazette, 5th April*, 1859.]

২৩। নিমক ও আফীন ও হাসিলের ডিপার্টমেণ্টে যে অচিহ্নিত কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহারদের নিযুক্ত করণ সম্পর্কেও সেই প্রকারের অসঙ্গতি থাকিতে পারে। তাহার মধ্যে কোন২ পদের বেতন ফৌজদারী কি রাজস্বের ডিপার্টমেণ্টের পদের বেতনহইতে অধিক, কিন্তু সেই২ পদে নিযুক্ত হইবার পূর্ব্বে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদির কোন পরীক্ষা দিতে হইবেক এমত শুনা যায় নাই।

২৪। আমি সাহস করিয়া এই সকল কথা লিখিয়াছি ইহাতে আমার ক্ষমা হইতে পারে। পরন্তু বিবেচিত বিষয়সম্পর্কে সেই সকল কথা প্রায় অগত্যা আমার মনে উঠে। ফলতঃ তদ্বিষয়ে এইদেশীয় লোকেরদের যে ভাব আছে তাহা আমি উত্তমরূপে জানি, আর আমারদের উক্ত সকল কার্য্য দেখিয়া লোকেরা যেমন উৎকণ্ঠিত হয় তাহাও জানি। এই কারণে লিখিলাম। যথার্থ হউক কি ভুলক্রমে হউক এইদেশীয় লোকেরা এমত বোধ করেন বটে যে, আমারদের সেই নিয়মেতে তাঁহারদের দেশীয় বিদ্যাদির ও শিক্ষার নিয়মের প্রতি আমারদের দ্বেষের প্রমাণ, ও আমরা বলপূর্ব্বক তাঁহারদিগকে ইঙ্গরেজী বিদ্যা শিক্ষা করাইতে চাহি, ইহারও প্রমাণ দেখা যায়। কিন্তু আমারদের যে অভিপ্রায় তাহা তাঁহারা অদ্যাপি বুঝিয়া উঠিতে পারেন না, ও সেই অভিপ্রায়ের ভাব জানেন না, সুতরাং তাঁহারা সেই অভিপ্রায়ের ভিন্নভাব বুঝিতে পারেন ও প্রকাশ করিতে পারেন। কিন্তু আমি যে আজ্ঞা পাইয়াছিলাম তাহা সাধ্যমতে উত্তমরূপে ও ত্বরা করিয়া সফল করিবার অভিপ্রায়ে যথেষ্ট মনোযোগ করার কিছু ত্রুটি করি নাই।

২৫। সর্ব্ববিষয় বিবেচনা করিয়া আমার হৃদ্বোধমতে এই জ্ঞান হইতেছে যে, নীচের লিখিত নিয়মমতেকার্য্য করিলে সুপ্রিম গবর্ণমেণ্টের অভিপ্রায় ক্রমশঃ সম্পূর্ণরূপে সিদ্ধ ও সফল হইতে পারিবেক। অর্থাৎ

২৬। যে জিলার কি এলাকার মধ্যে কোন লোককে কোন পদে ভর্ত্তি করিতে হইবেক, কিম্বা পদাকাঙ্ক্ষী যে জিলাতে কি এলাকায় বাস করেন, সেই জিলার কি এলাকার দেওয়ানী প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে এমত আজ্ঞা করা যাউক যে, তিনি ঐ পদাকাঙ্ক্ষিকে আপনার নিকটে ডাকাইয়া, অতি নিকট বিদ্যালয়হইতে যাঁহারদের সাহায্য পাইতে পারেন তাঁহারদের সাহায্য লইয়া তাঁহার পরীক্ষা করিয়া, ঐ পদাকাঙ্ক্ষী দেশীয় ভাষা উপযুক্তমতে জানেন কি না, ও লোকবিশেষ মানিয়া ইঙ্গরেজ কি এদেশীয় সম্ভ্রান্ত লোকেরা বিদ্যালয়ের শিক্ষিত বিদ্যা সাধারণমতে যেপর্য্যন্ত প্রাপ্ত হইয়া থাকেন সেইপর্য্যন্ত তাঁহার সুশিক্ষা হইয়াছে কি না, ও তিনি বীজগণিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যা ও সেই২ বিদ্যা জরিপী কার্য্যের উপর যেরূপে খাটে, ও ভারতবর্ষের ও ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের প্রধান২ কথা, এই সকলের কিছু জ্ঞান প্রকাশ করেন কি না, ও যেপর্য্যন্ত জানেন, এই সকল কথার রিপোর্ট করুন। পুরাবৃত্ত বিবরণ ও মাথিমাটিক বিদ্যাঘটিত এদেশীয় ভাষার পুস্তকের আমার অধিক অনুসন্ধান করিতে হইবেক, ও সেই সকল পুস্তকের নামাদির উত্তম ফর্দ্দ পাইলে, তাহা সকল লোকের জানিবার নিমিত্তে প্রকাশ করিব।

২৭। যে কার্য্য করিতে হইবেক, তাহার বিধান সম্পর্কে আমার এই প্রস্তাব। দেওয়ানীর ঐ প্রধান কার্য্যকারক সাহেব প্রথমে সেই বিষয়ের আঁটাআঁটিরূপ পরীক্ষা না লইয়া, পদাকাঙ্ক্ষী ঐ কর্ম্মের সাধারণ ভাব যেপর্য্যন্ত জানেন এই কথার রিপোর্ট করুন। কিন্তু ফৌজদারী কি রাজস্বসম্পর্কীয় কর্ম্মেতে যে অচিহ্নিত কার্য্যকারক নূতন নিযুক্ত হন তাঁহাকে এই সম্বাদ

he will be required to attend at the first periodical Divisional Examination held after his appointment, and there undergo the usual examination as to his duties, as is the case with Covenanted Officers in the same Departments; and that no such newly appointed Uncovenanted Officer shall exercise any but the lowest powers given to Covenanted Officers until like them he shall have passed the examination for what is called "the first Grade."

28. In this way I trust to fulfil substantially the directions of the Government of India to the utmost of my present ability. Hereafter, as I see my way better, I will set myself to fulfil them more exactly and completely.

[To be continued.]

দিতে হইবেক যে, তাঁহার নিযুক্ত হইবার পরে এলাকার মধ্যে নিরূপিত সময়ে প্রথম যে পরীক্ষা হয় তাহাতে তাঁহার উপস্থিত হইয়া আপন কর্ত্তব্য কর্ম্ম সম্পর্কীয় রীতিমতের পরীক্ষা দিতে হইবেক। অর্থাৎ সেই ডিপার্টমেণ্টের চিহ্নিত কার্য্যকারকেরদের যে রূপে হইয়া থাকে সেইরূপে তাঁহারদেরও হইবেক। আর "প্রথম শ্রেণী" বলিয়া যে পদ আছে সেই পদের নিমিত্তে চিহ্নিত কার্য্যকারকেরদের ন্যায় পরীক্ষোত্তীর্ণ না হইলে, তাঁহারদিগকে অতি ক্ষুদ্র প্রকারের যে ক্ষমতা দেওয়া যায় তাহার অধিক ক্ষমতামতে সেই নূতন নিযুক্ত অচিহ্নিত কার্য্যকারকেরা কর্ম্ম করিতে পারিবেন না।

১৮। এইপ্রকারে আমার মাধ্যমতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আদেশ ফলিতার্থে সিদ্ধ করিবার আমার আশা আছে। পরে আরো উত্তমরূপে করিতে পারিলে আমি আরো যথার্থ ও সম্পূর্ণরূপ সেই আজ্ঞামতে কার্য্য করিতে যত্ন করিব।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 26th March, 1859.

Baboo Thakoor Doss Mookerjee, Moonsiff of Huripaul, Zillah Hooghly, from 21st to 30th idem, on Medical Certificate.

Baboo Shamdhun Mookerjee, Moonsiff of Gowas, Zillah Moorshedabad, for 15 days, on urgent private affairs.

A. W. Russell, *Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৯ সাল ২৬ মার্চ।

জিলা হুগলীর হরিপালের মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখোপাধ্যায় চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২১ তারিখঅবধি ৩০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা মুরশিদাবাদের গৌয়াসের মুনসেফ শ্রীযুত বাবু শ্যামধন মুখোপাধ্যায় আপনার অত্যন্ত আবশ্যক কর্ম্মের নিমিত্তে পনের দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বীরভূম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বীরভূম অন্তঃপাতি নীচের লিখিত মহাল রাজস্বের বাকী আদায় কারণ ১৮৫৯ সালের আপ্রেল মাহার ২৩ তারিখ মং ১২৬৬ সালের ১১ বৈশাখ মাহার তারিখ শনিবার দিবসে ঐ জিলার কালেক্টরী কাছারীতে প্রকাশ্যরূপে নীলামে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণী।

ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল নং ৪১১ কিঃ হিলোড়া পরগনে শোলতান উজীয়ান লখিত মালিক মাণিকচন্দ্র চৌধুরী সদর জমা ১০৬।৮ টাকা।

জিলা বীরভূম সন ১৮৫৯। ৩০ মার্চ।

R. Heywood, *Offg. Collector*.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সাল তারিখ ১৪ আপ্রিল বৃহস্পতিবার পূর্ব্বাহ্ণে ১০ ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌চেঞ্জ ঘরে সন ১৮৫৭। ৫৮ সালের পরাদানী আফিম সের চতুর্থ নীলাম হইবেক এবং ঐ নীলামে ২২৬। মিশ্রুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	২২৩৫
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৩৪৫

ভুষলা মিশ্রুক ২২৬০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শর্ত্ত সকল ধার্য্যমাসে ও কলিকাতা ও এক্‌চেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা বুঝিতে করিলে অথবা হিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া খালাসের তারিখ সন ১৮৫৯ সালের ১২ এপ্রিল মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিম ২২ আপ্রিল শুক্রবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম কিম্বা কমী বা বেশী হইতে পারে তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক কোন দেওয়ান নীলামের তারিখে আফিম দাখিল করিবেন না এবং ঐ আফিম তাহার বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এজিলাস খালিস যে আবশ্যকমতে তারিখে বদল করিবেন

সন ১৮৫৯ সালের	বানারসের মিশ্রুক		ভুষলা মিশ্রুক	
২ মে	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
১৩ জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
১৪ জুলাই	বুহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
১০ আগষ্ট	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
৯ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
১৪ অক্টোবর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
৭ নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
৫ ডিসেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২৬০	
			১৮২০৩	
			২২৩৮	
			২০৩২	

বিদেশীয় হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৯ সাল তারিখ ১৮ মার্চ।

ই ষ্টি টুবর। সেক্রেটারী।

OPIUM.

[*Government Gazette*, 5th *April*, 1859.]

নং ২৫৭।

ইশ্তেহার।

১ দফা। উড়িষ্যা প্রদেশের মধ্য এবং দক্ষিণ এজেন্সীহইতে মোং সালিখার সরকারী গোলায় লবণ চালাই করিবার জন্যে টেণ্ডরের দরখাস্ত আগামি ১৭ মে তারিখের বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় লওয়া যাইবেক।

২ দফা। এই টেণ্ডরের দরখাস্ত সকল নিয়মিত ফারম মত দাখিল করিতে হইবেক তাহার ফারম এই দপ্তরখানায় দরখাস্ত করিলে পাওয়া যাইবেক।

৩ দফা। নীচের লিখিত প্রত্যেক২ প্রদেশহইতে লবণ রওয়ানা করিবার নিমিত্ত পৃথক্২ কানট্রাক্ট করিতে হইবেক ঐ প্রদেশ সকলের নাম এই কটক প্রদেশের মধ্য স্থল হাসুয়ার গোলা এবং দক্ষিণ অর্থাৎ পুরী এজেন্সী মধ্যে আস্রাঙ্গ আড়ঙ্গ এবং চিলকার সমুদ্রীয় হ্রদ।

৪ দফা। যে সকল ব্যক্তি দরখাস্ত করিবেক তাহারদিগকে সাহেবান রিবিনিউ বোর্ডের এবং কটক দেশের কমিস্যনর সাহেবের খাতিরজমা করিয়া দিতে হইবেক যে যত নেমকের জন্য কানট্রাক্টের প্রার্থনা রাখে তাহা সমুদয় নেমক ঢোলাইয়ের সমস্থান আছে এ প্রযুক্ত প্রত্যেক দরখাস্ত করণিয়াকে আপন দরখাস্তের সম্বলিত যে সকল মুলুপ ঢোলাইয়ের জন্য নিযুক্ত করিতে চাহে তাহার ইসমওয়ারি ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

৫ দফা। প্রত্যেক বৎসর হাসুয়ার গোলাহইতে ১০০০০০/ মোন নেমকের অধিক ঢোলাই হইবার সম্ভাবনা নাই আস্রাঙ্গ আড়ঙ্গহইতে আন্দাজ ৮০০০০/ মোন নেমক আগামি বৎসর ঢোলাই হইতে পারে এবং চিলকিয়ার আড়ঙ্গহইতে আন্দাজ ৩২০০০০ মোন। প্রত্যেক প্রদেশহইতে যত মোন নেমক ঢোলাই করিবার জন্য মুলুপ আবশ্যক হইবেক তাহা সমুদয় নেমকের জন্য কিম্বা ঐ নেমকের সিকি ভাগের ন্যূন না হয় এমত অংশের জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবেক।

৬ দফা। কানট্রাক্টদারান যে পরিমাণ নেমকের নিমিত্তে কানট্রাক্ট নির্দ্দিষ্ট হইবেক সেই পরিমাণ নেমক ইস্তক অক্টোবর মাসের আখেরি কটাল লাগাদ ফেব্রুআরি মাসের শেষ এই মেয়াদের মধ্যে ঢোলাই করিতে কবুলতি দিবেক।

৭ দফা। যে২ ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহারদিগকে আপন আপন কানট্রাক্টের কর্ম্ম সুচারুরূপে আঞ্জামের জন্যে গবর্ণমেণ্ট প্রমীস্বরী নোট অথবা অন্য অপরিহার্য্য মাতবর জামিনী দাখিল করিতে হইবেক।

৮ দফা। বোর্ডের এমত এক্তিয়ার থাকিল যে কোন কারণ না দর্শাইয়া কোন ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত নামঞ্জুর করিতে পারেন।

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ।

ফোর্ট উলিয়ম। সন ১৮৫৯ সাল তারিখ ১৫ মার্চ।

ই টি টুবর। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 12, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১২ আপ্রিল।

CIRCULAR ORDERS OF TEE SUDDER DEWANNY ADAWLUT.

[Concluded from page 234.]

Extract from a Despatch from the Secretary of State for India in the Public Department, No. 11 of 1858, under date the 29th September.

MISCELLANEOUS.

[(18) Minute by the Lieutenant-Governor on the preliminary examination of candidates for employment in the Revenue and Judicial Department's Uncovenanted Service.]

PARA. 12. The Lieutenant-Governor should in communication with such Authorities as he may deem it proper to consult, frame rules for the examination of candidates for admission into the different branches of the Uncovenanted Service, as has been done at Madras, but the opinion of the Senatus of the Calcutta University or of the Director of Public Instruction, is not of so much value in this matter as that of the Officers who are practically acquainted with the duties to be performed.

13. The views expressed by the Lieutenant-Governor in his Minute of the 24th April 1857 (which are to a great extent in accordance with those expressed in the Despatch of the Court of Directors to the Government of Madras, dated 30th August (No. 45) 1858, a copy of which Despatch has been sent to you) seem sound.

Public Department, No. 45, dated London, the 30th August 1858.

OUR GOVERNOR IN COUNCIL AT FORT SAINT GEORGE.

[Judicial Letter dated the 21st April (No. 12) 1857, paras. 21 and 22.]

PARA. 1. The papers of this collection put us in

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

[২৩৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের পবলিক ডিপার্টমেণ্টের ১৮৫৮ সালের ২৯ সেপ্টেম্বর তারিখের ১১ নম্বরের পত্রহইতে গৃহীত কথা।

বিবিধ বিষয়ের দফা।

[(১৮) অচিহ্নিত কার্য্যকারকেরা রেবিনিউ ও জুডিসিয়ল ডিপার্টমেণ্টে যে২ পদ পাইতে পারেন সেই২ পদাকাঙ্ক্ষিরদের প্রথমে যে পরীক্ষা দিতে হয় তদ্বিষয়ের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের মন্তব্য কথার কথা।]

১২ দফা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে কার্য্যকারক সাহেবেরদের সঙ্গে পরামর্শ করা উপযুক্ত বোধ করেন তাঁহারদের সঙ্গে লেখাপড়া করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরা যে২ পদে নিযুক্ত হইতে পারেন সেই২ পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষা লইবার বিধান মান্দ্রাজে যেমন হইয়াছে তেমনি তাঁহার করা উচিত। কিন্তু এই বিষয়ে যে কার্য্যকারক সাহেবেরা কার্য্য করিয়া কর্ত্তব্য কর্ম্ম ভালমতে বুঝেন তাঁহারদের মত, কলিকাতার উনিবর্সিটির সেনেটের কিম্বা সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের মতাপেক্ষা গুরুতর।

১৩ দফা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৫৭ সালের ২৪ আপ্রিল তারিখের মন্তব্য কথাতে আপনার যে অভিপ্রায় প্রকাশ করিয়াছেন তাহা উত্তম বোধ হয়। ফলতঃ মান্দ্রাজের গবর্ণমেণ্টের নিকটে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ১৮৫৮ সালের ৩০ আগষ্ট তারিখের ৪৫ নম্বরের পত্রেতে যে অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অভিপ্রায় অনেক অংশে তদনুযায়ি বটে। কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ঐ পত্রের এক কেতা নকল তোমার নিকটে পাঠান যাইতেছে।

পবলিক ডিপার্টমেণ্ট। ৪৫ নম্বর। লণ্ডন। ১৮৫৮ সাল ৩০ আগষ্ট।

মান্দ্রাজে হজুর কৌন্সেলে আমারদের শ্রীযুত গবর্নর সাহেব প্রতি আগে।

[১৮৫৭ সালের ২১ আপ্রিল তারিখের ১২ নম্বরের জুডিসিয়ল পত্রের ২১ ও ২২ দফার কথা।]

১ দফা। এইক্ষণে যে সকল কাগজপত্র পাওয়া গি-

possession of your views and of the measures which you have adopted in regard to the examination of Uncovenanted Servants of your Government, and of candidates for employment in the Judicial and Revenue Departments of the Public Service. The subject derives additional importance from the circumstances that an Act (No. VII. of 1857,) has recently been passed by the Legislative Council of India, providing for the more extensive employment of Uncovenanted Agency in those Departments in the Presidency of Madras.

2. You have made it a fundamental rule that no person above the rank of peon, shall be admitted into the Service, and no member of the service shall be promoted, without undergoing the prescribed examination. Adverting to the number of examinations that must follow a strict observance of the rule, and the great demand that must consequently be made upon the time and labor of District Officers, the Presidency Board of Examiners have suggested that the examination of the lowest division of Public Officers, or, as we presume the entrance examination, shall be abandoned and the certificates of the heads of Educational Establishments testifying that the candidates have creditably passed the test required by Government shall be accepted in lieu of the examination. You have very properly negatived this suggestion, for the reasons stated in the 9th paragraph of your Resolution of the 30th January last.

3. The Uncovenanted Service is to be formed into three divisions. The first is to comprise all appointments the salary of which may amount to, or exceed Rupees 250, the second all appointments from Rupees 75 to 250, and the third all appointments below Rupees 75 per mensem. The second division is sub-divided into two classes, comprising respectively appointments from 75 to 150 and from 150 to 250, and the third into three classes as follows :—

1st, all below 25 Rupees.

2nd, from 25 to 50 „

3rd, from 50 to 75 „

4. The candidates are to be placed in the different classes according to the number of marks assigned to them respectively.

5. The examinations are to be held half-yearly, and are to be open to all candidates whose age may exceed 18 years. Every candidate for examination must produce, *first*, a Medical Certificate of physical fitness; *secondly*, testimonials as to character, general respectability, and (if he has already been employed in the Public Service) as to his efficiency as a public servant; and *thirdly*, an authentic statement of age, parentage, profession, birth-place, residence and certain other particulars.

6. The test is to be of three kinds, *first* as to the knowledge possessed by the candidate of certain subjects which are to be designated as "essential" subjects; *secondly*, the same as to certain subjects

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১২ আপ্রিল।]

রাজে তাহাতে, তোমার গবর্ণমেণ্টের অচিহ্নিত কার্য্যকারকেরদের, ও সরকারী কর্ম্মের বিচারকর্ত্তা, ও রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেণ্টে যাঁহারা পদাকাঙ্ক্ষী হন তাঁহারদের পরীক্ষার বিষয়ে তোমার যে অভিপ্রায়, ও পরীক্ষা লইবার যে নিয়ম করিয়াছ তাহা আমরা অবগত হইয়াছি। আরো মান্দ্রাজ রাজধানীর মধ্যে এই ডিপার্টমেণ্টে অচিহ্নিত কার্য্যকারকদিগকে আরো বিস্তারিতরূপে নিযুক্ত করিবার বিধানের এক আইন(অর্থাৎ ১৮৫৭ সালের ৭ আইন)সম্প্রতি ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে জারী হইয়াছে, ইহাতে সেই পরীক্ষার কথা পূর্ব্বাপেক্ষা অতিগুরুতর হয়।

২। তুমি এই মূল বিধান করিয়াছ। নির্দ্দিষ্টমতের পরীক্ষা না দিলে কোন লোক সরকারী কর্ম্মেতে পেয়াদাহইতে উচ্চ পদে নিযুক্ত হইবেন না, ও বর্ত্তমান পদহইতে উচ্চ পদে ভর্ত্তি হইবেন না। এই বিধান দৃঢ়রূপে মানিলে অবশ্য অনেক পরীক্ষা লইতে হইবেক, ও তাহাতে জিলার কার্য্যকারক সাহেবেরদের অনেক সময় হরণ ও পরিশ্রম বৃদ্ধি হইবেক ইহা বিবেচনা করিয়া, রাজধানীর পরীক্ষক বোর্ডের সাহেবেরদের এই পরামর্শ হইয়াছে যে, অধঃশ্রেণীর কর্ম্মকারকেরদের পরীক্ষা ত্যাগ করা যায় (ইহাতে বোধ হয় প্রথম স্কুলের পরীক্ষার কথার উল্লেখ করেন) ও এই পদাকাঙ্ক্ষিরা গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট নিয়মমতে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন, বিদ্যালয়ের প্রধান কর্ম্মকারকেরদের এই মর্ম্মের সর্টিফিকট ঐ পরীক্ষার পরিবর্ত্তে গ্রাহ্য হয়। পরন্তু তোমার গত জানুআরি মাসের ৩০ তারিখের নির্দ্ধারণের ৯ দফায় যে২ কারণ প্রকাশ করিয়াছ, সেই২ কারণে তাঁহারদের ঐ পরামর্শ অগ্রাহ্য করিয়াছ, ইহা উচিত করিলা।

৩। অচিহ্নিত কর্ম্মকারকেরদের পদের তিন শ্রেণী হইবেক। অর্থাৎ যে২ পদের ২৫০৲ টাকা কি তাহার অধিক বেতন হয় তাহা প্রধান শ্রেণী। যে২ পদের ৭৫৲ টাকাঅবধি ২৫০৲ টাকাপর্য্যন্ত বেতন, তাহা দ্বিতীয় শ্রেণী, ও যে২ পদের ৭৫৲ টাকার কম বেতন তাহা তৃতীয় শ্রেণী। ঐ দ্বিতীয় শ্রেণীর দুই ভাগ। যে২ পদের ৭৫৲ টাকাঅবধি ১৫০৲ টাকাপর্য্যন্ত বেতন তাহা প্রথম ভাগ। ও যে২ পদের ১৫০৲ টাকাঅবধি ২৫০৲ টাকাপর্য্যন্ত বেতন তাহা দ্বিতীয় ভাগ। তৃতীয় শ্রেণীর এই তিন ভাগ হইল,

প্রথম, যে২ পদের ২৫৲ টাকার কম বেতন।

দ্বিতীয়, যে২ পদের ২৫৲ টাকাঅবধি ৫০৲ টাকাপর্য্যন্ত বেতন।

তৃতীয়, ৫০৲ ঐ ৭৫৲ ঐ।

৪। পরীক্ষার কালে পদাকাঙ্ক্ষিরদের নামে যত অঙ্ক পড়ে তাহা বুঝিয়া তাঁহারা প্রথমপ্রভৃতি শ্রেণীতে ভর্ত্তি হইবেন।

৫। পরীক্ষা ছয়২ মাসান্তর হইবেক। ও ১৮ বৎসরের অধিক বয়সের কোন লোক পরীক্ষা দিতে পারিবেন। পরীক্ষা দেওনাকাঙ্ক্ষি প্রত্যেক জনের এই২ পত্রাদি দিতে হইবেক। প্রথম, কায়িক স্বাস্থ্যের বিষয়ে চিকিৎসকের এক সর্টিফিকট। দ্বিতীয়, সুচরিত্রের ও সাধারণমতে মর্য্যাদার প্রমাণপত্র, ও পূর্ব্বে যদি সরকারী কর্ম্ম করিয়া থাকেন তবে সরকারী কার্য্যকারকস্বরূপে তাঁহার উপযোগিতার প্রমাণপত্র। তৃতীয়, তাঁহার বয়স্ ও বংশ ও ব্যবসার ও জন্মস্থান ও বাসস্থানপ্রভৃতি বিশেষ কএক কথার এক যথার্থ লিপি।

৬। পরীক্ষা তিন বিষয় লইয়া হয়। নিতান্ত আবশ্যক বলিয়া কোন২ বিদ্যাদিতে পদাকাঙ্ক্ষির যেপর্য্যন্ত জ্ঞানপ্রাপ্তি হইয়াছে তাহা প্রথম। নিতান্ত আবশ্যক নহে বলিয়া কোন২ বিদ্যাদিতে পদাকাঙ্ক্ষির যেপর্য্যন্ত

which are to be designated as "non-essential;" and *thirdly*, as to the moral character of the candidate and in the event of his being already employed in the Public Service as to his experience and proved capacity for business.

7. The examination is to be decided by marks, of which a fixed maximum number is to be allotted for the whole examination. Of this number one portion is assigned to the "essential subjects," one to the "non-essential," and one to character and official experience and capacity. A fixed minimum of the whole must be attained to qualify for admission or promotion, as the case may be, and again one-half of the prescribed minimum number of marks must be for "essential" subjects, and the rest for the other two branches of the test, that is for the "non-essential" subjects, or for character and official experience and capacity, or partly for the one and partly for the other.

8. The essential subjects of examination for all candidates but those to be employed in the English departments of Service, are the Vernacular language of the District in which the candidate seeks employment. English in all but the two lower classes of the third division, Arithmetic, Principles of Law, the Regulations and Acts of the Government and the Judicial and Revenue administration of the Presidency according as the candidate seeks admission into one or other of those branches of the Public Service. In the English Departments a sound knowledge of English and Arithmetic is required. The "non-essential" subjects of examination are History, Geography, Algebra, Political Economy, certain branches of Science, and a higher knowledge than is prescribed as "essential" of Arithmetic and Mathematics and of Civil and Criminal Law. The standard of examination, of course, varies ascending in the scale of acquirement from the lowest to the highest class.

9. It is further provided that ordinarily an Officer must serve five years in the third division, before he can be promoted to the second. Exceptions are made in favor of persons reported by Heads of Offices to have extraordinary claims or qualifications, and of those who have attained high academical distinctions, in which latter case the term of service in the third division may be reduced to two years. In like manner except in very special cases an Officer must serve for five years in the second before he can be eligible for promotion to the first division.

10. There are to be four divisional committees of examination, *viz.*, at Bellary, Trichinopoly, Mangalore, and Rajahmundry, and the examination of candidates resident in the Districts in the neigh-

[*Government Gazette*, 12*th April*, 1859.] 2 G 2

জ্ঞানপ্রাপ্তি হইয়াছে তাহা দ্বিতীয়। ও নীতিপক্ষে পদাকাঙ্ক্ষির যে চরিত্র, ও পূর্ব্বে যদি সরকারী কর্ম্ম করিয়া থাকেন তবে সেই কর্ম্মেতে তাঁহার যে অনুশীলন ও যে ক্ষমতার প্রমাণ হইল তাহা তৃতীয়।

৭। পরীক্ষার ফল অঙ্কদ্বারা নির্ণয় হইবেক। অর্থাৎ যে২ বিষয় লইয়া পরীক্ষা হয় তাহা সমুদয়ে যে জন উত্তীর্ণ হন তাঁহার নামে নির্দ্ধারিত কোন উচ্চ অঙ্ক পড়িবেক। ঐ নির্দ্ধারিত অঙ্কের তিন ভাগ করিয়া, নিতান্ত আবশ্যক বিষয়ের এক ভাগ। নিতান্ত আবশ্যক নয়, এমত বিষয়ের অন্য ভাগ। ও সুচরিত্রের ও সরকারী কর্ম্মেতে অনুশীলনের ও ক্ষমতার তৃতীয় ভাগ হইবেক। আর ইহার মধ্যে যত অঙ্ক না পাইলে কোন লোক সরকারী কর্ম্মে গ্রাহ্য হইতে পারিবেন না, কিম্বা বিষয়বিশেষে উচ্চ পদে নিযুক্ত হইবেন না, অতি ন্যূন এমত কোন অঙ্কও নির্দ্ধার্য্য হইবেক। ঐ নির্দ্ধারিত অতি ন্যূন অঙ্কের অর্দ্ধেক নিতান্ত আবশ্যক বিদ্যাদির নিমিত্তে, ও পরীক্ষার অন্য বিষয়ের নিমিত্তে অর্থাৎ নিতান্ত আবশ্যক নয় এমত বিদ্যাদির নিমিত্তে, অথবা সুচরিত্রের ও সরকারী কর্ম্মেতে অনুশীলনের ও ক্ষমতার নিমিত্তে অন্য অর্দ্ধেক হইবেক, কিম্বা ইহার দুই ভাগ করিয়া এক ভাগ এক বিষয়ের ও অন্য ভাগ অন্য বিষয়ের নিমিত্তে হইবেক।

৮। "নিতান্ত আবশ্যক" যে২ বিষয়ের পরীক্ষা সকল পদাকাঙ্ক্ষির দিতে হইবেক তাহা এই২। যাঁহারদের কেবল ইঙ্গরেজী ভাষা লইয়া কর্ম্ম করিতে হইবেক তাঁহারা ছাড়া, অন্য পদাকাঙ্ক্ষিরা যে২ জিলাতে কর্ম্ম পাইতে চাহেন সেই২ জিলার চলন ভাষা, ও তৃতীয় শ্রেণীর অধো দুই ভাগ ভিন্ন অন্য সকল ভাগে ও শ্রেণীতে ইঙ্গরেজী ভাষা, ও অঙ্কবিদ্যা, ও ব্যবস্থার মূল বিধান, ও গবর্ণমেণ্টের আইন ও আক্ট, ও পদাকাঙ্ক্ষী সরকারের আদালতসম্পর্কীয় কি রাজস্বসম্পর্কীয় যে পদে ভর্ত্তি হইতে চাহেন তাহা বুঝিয়া, রাজধানীর মধ্যে আদালতের কিম্বা রাজস্বসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহের বিধান। ইঙ্গরেজী ভাষাতে, ঐ ভাষার ও অঙ্কবিদ্যার উত্তম জ্ঞানপ্রাপ্তির আবশ্যক। "নিতান্ত আবশ্যক নহে" এমত যে২ বিষয়ে পরীক্ষা দিতে হইবেক তাহা এই২। পুরাবৃত্ত বিবরণ, ও ভূগোলবিদ্যা, ও বীজগণিত বিদ্যা, ও রাজ্যনীতি, ও অন্য কএক বিদ্যা, ও আবশ্যক বলিয়া অঙ্কবিদ্যার ও মাথিমাটিক বিদ্যার ও দেওয়ানী ও ফৌজদারী আইনের যত জ্ঞানপ্রাপ্তির প্রয়োজন তাহার অধিক জ্ঞান। শ্রেণী বুঝিয়া সুতরাং পরীক্ষারও বিশেষ হয়।

৯। আরো সাধারণমতের এই নিয়ম হইয়াছে, কোন কার্য্যকারক পাঁচ বৎসর তৃতীয় শ্রেণীতে কর্ম্ম না করিলে, দ্বিতীয় শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না। কিন্তু লোকবিশেষের অসাধারণ যোগ্যতা কি গুণাদি থাকে কোন দফ্তরের প্রধান কার্য্যকারক সাহেব যাঁহারদের নামের এমত রিপোর্ট করেন তাঁহারদিগকে লইয়া, ও যাঁহারা বিদ্যালয়ের শিক্ষিত বিদ্যাদিতে বিশেষ নৈপুণ্য প্রাপ্ত হইয়াছেন তাঁহারদিগকে লইয়া ঐ নিয়ম ছাড়া কার্য্য হইতে পারিবেক, ও শেষোক্ত প্রকারের লোকেরা তৃতীয় শ্রেণীতে দুই বৎসর কর্ম্ম করিলে পর উচ্চ শ্রেণীভুক্ত হইতে পারিবেন। তদ্রূপে বিশেষ স্থলছাড়া দ্বিতীয় শ্রেণীতে পাঁচ বৎসর কর্ম্ম না করিলে কোন কার্য্যকারক প্রথম শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না।

১০। চারি এলাকায় অর্থাৎ বেলারিতে ও ত্রিচিন্দপল্লিতে ও মাঙ্গালুরে ও রাজামন্দিরীতে পরীক্ষা লইবার কমিটি থাকিবেক, ও রাজধানীর নিকট২ জিলাতে

the passing of this Act whichever shall first expire.

[Operation of Act. Trial of pending suits, &c., in any Non-Regulation Province or place to which the Act is exended.]

XXIV. This Act shall take effect throughout the Presidencies of Bengal, Madras, and Bombay including the Presidency Towns and the Straits Settlement; but shall not take effect in any Non-Regulation Province or place until the same shall be extended thereto by public notification by the Governor General in Council or by the local Government to which such Province or place is subordinate. Whenever this Act shall be extended to any Non-Regulation Province or place by the Governor General in Council or by the local Government to which such Province or place is subordinate, all suits which within such Province or place shall be pending at the date of such notification or shall be instituted within the period of two years from the date thereof, shall be tried and determined as if this Act had not been passed; but all suits to which the provisions of this Act are applicable that shall be instituted within such Province or place after the expiration of the said period, shall be governed by this Act and by no other law of limitation, any Statute, Act, or Regulation now in force notwithstanding.

W. Morgan,
Clerk of the Council.

জারী হইবার কালাবধি দুই বৎসরের মধ্যে, অর্থাৎ ইহার মধ্যে প্রথমে যে মিয়াদ ফুরায় তাহার মধ্যে জারীর পরওয়ানা বাহির হইতে পারিবেক ইতি।

[আইনের বলবৎ হইবার কথা, ও আইনবহির্ভূত প্রদেশে কিম্বা অন্য যে স্থানে এই আইন খাটে সেই স্থানে উপস্থিত থাকা মোকদ্দমাপ্রভৃতির বিচারের কথা।]

২৪ ধারা। এই আইন বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই দেশে ও সেই২ দেশের রাজধানীতে ও মোহনার বসতি স্থানে চলিবেক, কিন্তু আইন বহির্ভূত প্রদেশে কি স্থানে চলিবেক না। কেবল হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর, কিম্বা এ প্রদেশ কি স্থান যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট, ইশ্তিহার প্রকাশ করিয়া চলন করাইলে চলিবেক। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর, কিম্বা আইনবহির্ভূত তদ্রূপ কোন প্রদেশ কি স্থান যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট, যখন ঐ প্রদেশে কি স্থানে এই আইন চলন করান, তখন তদ্রূপ প্রদেশে কি স্থানে সেই ইশ্তিহার হইবার তারিখে যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে, কিম্বা সেই তারিখঅবধি দুই বৎসরের মধ্যে যাহা উপস্থিত করা যায়, সেই সকল মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি এই আইন জারী না হইবার মতে হইবেক। কিন্তু এই আইনের বিধান যাহার উপর খাটিতে পারে এমত যে সকল মোকদ্দমা দুই বৎসরের পরে উপস্থিত করা যায় তাহার বিষয়ে এই আইনমতে কার্য্য হইবেক, মিয়াদের অন্য কোন আইনমতে নয়। কোন আইন কি বিধান কি কানুন ইহার বিপক্ষে হইলেও নয় ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 29TH JANUARY 1859.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 25th January 1859, and is hereby promulgated for general information :—

ACT No. I. OF 1859.

An Act for the amendment of the law relating to Merchant Seamen.

(Continued from page 160.)

PROVISIONS, HEALTH, AND ACCOMMODATION.

[Allowance for short or bad provisions.]

LXVI. In the following cases (that is to say)—

1. If during a voyage the allowance of any of the provisions which any seaman has by his agreement stipulated for is reduced (except in accordance with any regulations for reduction by way of punishment contained in the agreement, and also except for any time during which such seaman wilfully and without sufficient cause refuses or neglects to perform his duty or is lawfully under confinement for misconduct, either on board or on shore);

John Robinson, *Bengalee Translator.*

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২৯ জানুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৫ জানুআরি তারিখে সম্মতি প্রকাশ করিলেন, এইক্ষণে সেই আইন সকল লোককে জানাইবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ১ আইন।
সওদাগরী জাহাজী লোকেরদের আইন সংশোধনের আইন।

[১৬০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

রসদের ও স্বাস্থ্যের ও থাকিবার জায়গার বিধি।

[অল্প কি মন্দ রসদের নিমিত্তে ক্ষতিপূরণের কথা।]

৬৬ ধারা। এইং স্থলে, অর্থাৎ,

(১) কোন মল্লাকে একরারনামামতে যত রসদ দিবার করার হইয়াছিল, তাহার কম যদি জাহাজের যাত্রা কালে তাহাকে দেওয়া যায়, (অর্থাৎ, একরারনামার লিখিতমতে কোন দণ্ডক্রমে রসদ কম করিবার কোন বিধিমতে না হইয়া, ও কোন মল্লা ইচ্ছাপূর্ব্বক ও উপযুক্ত কারণ না থাকিলেও আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতে যত কাল স্বীকার না করে কি তাচ্ছল্য করে কিম্বা অনুচিত কর্ম্ম করাতে যত কাল জাহাজে কি ডাঙ্গার ন্যায্যমতে কয়েদ থাকে, তত কালের নিমিত্তে ন হইয়া) যদি কম দেওয়া যায়,

2. If it is shown that any of such provisions are or have during the voyage been bad in quality and unfit for use;

The seaman shall receive by way of compensation for such reduction or bad quality, according to the time of its continuance, the following sums, to be paid to him in addition to and to be recoverable as wages, (that is to say)—

1. If his allowance is reduced by any quantity not exceeding one-third of the quantity specified in the agreement, a sum not exceeding three annas in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or one anna in the case of a lascar or native seaman.

2. If his allowance is reduced by more than one-third of such quantity, six annas in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or two annas in the case of a lascar or native seaman.

3. In respect of such bad quality as aforesaid, a sum not exceeding eight annas in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or three annas in the case of a lascar or native seaman.

But if it is shown, to the satisfaction of the Court or Magistrate trying the case, that any provisions, the allowance of which has been reduced, could not be procured or supplied in proper quantities, and that proper and equivalent substitutes were supplied in lieu thereof, such Court or Magistrate shall take such circumstances into consideration and shall modify or refuse compensation as the justice of the case may require.

[Medicines &c. to be provided and kept on board certain ships. Proviso.]

LXVII. All Foreign-going ships and all Home-trade ships of a burden exceeding three hundred tons shall have always on board a sufficient supply of medicines and appliances, suitable for diseases and accidents likely to happen on sea voyages, according to such scale as shall be from time to time issued by the local Government with the approval of the Governor General of India in Council and published at Calcutta, Madras, and Bombay in the Government Gazettes, and in the Straits Settlement in such manner as the Governor shall notify, and in default thereof, the owner or master of every such ship shall be liable to a penalty not exceeding two hundred Rupees. Provided, however, that this Section shall not apply to ships navigating from the United Kingdom and coming within the provisions of Section CCXXIV. of the Merchant Shipping Act 1854.

[Masters to keep weights and measures on board.]

LXVIII. Every master shall keep on board proper weights and measures for the purposes of determining the quantities of the several provisions and articles served out, and shall allow the same to be used at the time of serving out such provisions and articles in the presence of a witness

[*Government Gazette*, 15*th March*, 1859.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৫ মার্চ।]

(২।) সেই প্রকারের কোন রসদ মন্দ ও খাইবার অনুপযুক্ত আছে, কিম্বা যাত্রার কোন সময়ে মন্দ কি খাইবার অনুপযুক্ত ছিল, ইহা যদি দেখান যায়,

তবে যত কাল কম করিয়া দেওয়া গেল, কিম্বা মন্দ দ্রব্য যত কাল দেওয়া গেল তাহা বুঝিয়া, ঐ মল্লা ক্ষতিপূরণস্বরূপে নীচের লিখিত হিসাবমতে বেতনের অধিক পাইবেক, ও তাহা বেতনের মতে আদায় হইতে পারিবেক, বিশেষতঃ

(১।) একরারনামায় যত লেখা গিয়াছিল, যদি তাহার তিন ভাগের এক ভাগপর্য্যন্ত কম করিয়া দেওয়া গেল, তবে ইউরোপীয় মল্লা হইলে কিম্বা ইউরোপীয় মল্লার সমানভাবে জাহাজে ভর্ত্তি হয় এমত অন্য লোক হইলে, তিন আনাপর্য্যন্ত, কিম্বা খালাসী কি এদেশীয় মল্লা হইলে এক আনাপর্য্যন্ত পাইবেক।

(২।) যদি তিন ভাগের এক ভাগের অধিক কম করিয়া দেওয়া গেল, তবে ইউরোপীয় মল্লা হইলে কিম্বা ইউরোপীয় মল্লার সমানভাবে জাহাজে ভর্ত্তি হয় এমত অন্য লোক হইলে, ছয় আনা, কিম্বা খালাসী কি এদেশীয় মল্লা হইলে দুই আনা পাইবেক।

(৩।) দ্রব্য পূর্ব্বোক্তমতে মন্দ হইলে, তাহার জন্যে ইউরোপীয় মল্লা হইলে, কিম্বা ইউরোপীয় মল্লার সমানভাবে জাহাজে ভর্ত্তি হয় এমত অন্য লোক হইলে, আট আনাপর্য্যন্ত, কিম্বা খালাসী কি এদেশীয় মল্লা হইলে তিন আনাপর্য্যন্ত পাইবেক।

পরন্তু যে কোন দ্রব্য কম করিয়া দেওয়া গিয়াছে তাহা কোনমতে পাওয়া যাইতে পারিল না, কি যোগান যাইতে পারিল না, ও তাহার পরিবর্ত্তে উপযুক্ত ও তুল্য গুণের অন্য দ্রব্য দেওয়া গিয়াছে, ইহা যদি ঐ কথার বিচারকারিণী আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে দেখান যায়, তবে সেই আদালত কি মাজিষ্ট্রেট সাহেব সেই ভাবগতিক বুঝিয়া ন্যায্যমতে যেমন প্রযোজ্য হয় তেমনি সেই ক্ষতিপূরণের পয়সা কম করিবেন, কিম্বা নাই দিবেন ইতি।

[কোন২ জাহাজে ঔষধাদি রাখিবার কথা ও বর্জ্জিত কথা।]

৬৭ ধারা। সমুদ্রে যাত্রা করিবার কালে যে সকল রোগের ও জখমপ্রভৃতির সম্ভাবনা হয়, তাহার উপযুক্ত ঔষধ ও চিকিৎসার সরঞ্জাম যত প্রয়োজন হয় তত ঔষধাদি বিদেশগমনীয় সকল জাহাজে, ও দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোম্বাইয়ের সকল জাহাজে, সর্ব্বদা রাখিতে হইবেক। অর্থাৎ স্থানবিশেষের গবর্ণমেণ্ট হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে সময়ে২ যে হিসাব করিয়া, কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করেন, ও মোহনার বসতিস্থানে গবর্নর্ সাহেব যে হিসাবের সম্বাদ দেন, সেই হিসাবে ঔষধাদি রাখিতে হইবেক। ও তাহাতে ত্রুটি হইলে জাহাজের স্বামি কি কাপ্তানের দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। পরন্তু গ্রেটবিটন ও ঐরলাণ্ড দেশহইতে গমনশীল যে জাহাজ সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনের ২২৪ ধারার বিধানের মধ্যে আইসে, সেই জাহাজের উপর এই ধারা খাটিবেক না ইতি।

[বাটখারা ও মাপিবার পাত্র জাহাজে রাখিবার কথা।]

৬৮ ধারা। রসদ ও অন্য যে দ্রব্য বাঁটিয়া দিতে হয় তাহা ওজন করিবার জন্যে কাপ্তান জাহাজে বাটখারা ও মাপিবারপাত্র রাখিবেন, ও যত করিয়া বাঁটিয়া দেওয়া যায় এই কথা লইয়া কিছু বিবাদ হইলে, ঐ রসদআদি বাঁটিয়া দিবার সময়ে কোন সাক্ষির গোচরে ঐ বাটখারাপ্রভৃতি লইয়া ওজন করিবার অনুমতি দিবেন। যত-

whenever any dispute arises about such quantities, and in default shall for every offence incur a penalty not exceeding one hundred Rupees.

[Expense of medical attendance and subsistence in case of illness how to be defrayed.]

LXIX. Whenever the master or any seaman of any ship registered at any place in India shall receive any hurt or injury in the service of the vessel, the expense of providing the necessary surgical and medical advice and attendance with medicines, and of his subsistence, until he shall be cured or shall be brought back to the Port from which he was shipped or other Port agreed upon, shall be defrayed, with the cost of his conveyance to such Port, by the owner of the vessel without any deduction on that account from the wages of such master, officer, or seaman; and if paid by himself, may be recovered as part of his wages; and if paid or allowed out of any monies forming part of the Revenues of India, shall be a charge upon the ship, and may be recovered with full costs of suit by the Secretary of State in Council.

[Place to be appropriated.]

LXX. A place, or places of shelter shall be provided below a well caulked and substantial deck for the men engaged under this Act; such place or places shall be so arranged as to allow for the men the following spaces:—

[To European seamen.]

1.—For each European seaman or apprentice or other person shipped on the same footing as a European seaman, nine superficial feet if the place be not less than six feet in height from deck to deck; or fifty-four cubic feet if the height from deck to deck be less than six feet.

[To lascars or native seamen.]

2.—For each lascar or native seaman or other person shipped on the same footing as a lascar, four superficial feet; and if the place allotted be under the top-gallant forecastle, such forecastle deck shall be not less than four feet six inches above the one below it.

[Place to be kept clear. Penalty if place be not properly constructed Penalty for not keeping space clear.]

Every such place shall be kept free from stores or goods of any kind, not being the personal property of the crew in use during the voyage; and if any such place in any ship is not in the whole sufficiently large to give such space for each seaman and apprentice as hereinbefore required, or is not properly caulked and in all other respects securely and properly constructed and well ventilated, the owner shall, for every such failure to comply with the provisions of this Section, incur a penalty not exceeding two hundred Rupees; and

যার তাহা না করেন তত্তবার তাঁহার এক শত টাকা-পর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[পীড়া হইলে কবিরাজের ও আহারাদির খরচ শোধ করিবার কথা।]

৬৯ ধারা। ভারতবর্ষের কোন স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায়, এমত কোন জাহাজের কাপ্তান কি কোন মল্লা যদি জাহাজের কোন কর্ম্ম করিবার কালে কিছু চোট কি আঘাত পায়, তবে যত কাল তাহার আরাম না হয়, কিম্বা যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল সেই বন্দরে, কিম্বা অন্য যে কোন বন্দরের করার হয় সেই বন্দরে যত কাল তাহাকে না আনা যায়, তত কালপর্য্যন্ত তাহার আবশ্যক মতের অস্ত্রচিকিৎসার ও ঔষধাদির ও পথ্য আহারাদির খরচ, ও সেই বন্দরে তাহাকে লইয়া যাইবার খরচ, ঐ জাহাজের স্বামী দিবেন, ও সেই বাবতে ঐ কাপ্তানের কি মালিমের কি মল্লার কিছু বেতন বাদ দিতে হইবেক না। যদি আপনি ঐ খরচ দিয়া থাকেন, তবে আপন বেতনের এক অংশ বলিয়া তাহা ফিরিয়া পাইতে পারিবেন। ও সেই খরচ যদি ভারতবর্ষের রাজস্বের অংশ বলিয়া কিছু টাকাহইতে দেওয়া যায়, তবে ঐ খরচ জাহাজের দেনা হইবেক, ও হজুর কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেব মোকদ্দমার পূরা খরচাসমেত তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

[জায়গার কথা।]

৭০ ধারা। এই আইনমতে যে লোকদিগকে কর্ম্মে নিযুক্ত করা যায় তাহারদের জন্যে ভালমতে কালা-পাতিকরা ও মজবুত তুতকের নীচে আশ্রয়ের স্থান দিতে হইবেক। সেই স্থান এমন সাজাইতে হইবেক যে ঐ লোকেরদের এইং জায়গা থাকে। অর্থাৎ

[ইউরোপীয় মল্লারদের জায়গা।]

(১।) ইউরোপীয় একং জন মল্লার কি আপ্রেন্টিসের জন্যে, কিম্বা ইউরোপীয় মল্লার সমান ভাবে জাহাজে ভর্ত্তি হয় এমত অন্য লোকের জন্যে, যদি দুই তুতকের মধ্যে যে ফাক থাকে তাহা ছয় ফুটের কম না হয়, তবে নয় ফুট জায়গা, কিম্বা দুই তুতকের মধ্যে যে ফাক তাহা ছয় ফুটের কম হইলে আড়ে দীর্ঘে উচ্চে নীচে সর্ব্বসুদ্ধ চৌয়ান্ন ফুট জায়গা দিতে হইবেক।

[খালাসীর কি এদেশীয় মল্লার জায়গা।]

(২।) একং জন খালাসীর কি এদেশীয় মল্লার জন্যে, কিম্বা খালাসীর সমান ভাবে জাহাজে ভর্ত্তি হয় এমত অন্য লোকের জন্যে, আড়ে দীর্ঘে চারি ফুট জায়গা দিতে হইবেক। ও যে স্থান দেওয়া যায় তাহা যদি সবর ফলার নীচে হয়, তবে ঐ ফলার তুতকের ও তাহার তলের তুতকের মধ্যে সাড়ে চারি ফুটের কম ফাক না থাকে।

[স্থান ফরসা রাখিবার কথা ও উপযুক্তমতে প্রস্তুত না করা গেলে তাহার দণ্ডের ও স্থান ফরসা না রাখিবার দণ্ডের কথা।]

সেই প্রকারের জায়গাতে কোন প্রকারের সর-গ্রাম কি মাল রাখিতে হইবেক না। কেবল যাত্রার কালে মল্লারদের নিজ ব্যবহারের দ্রব্যের ব্যবহার হয় তাহা থাকিতে পারিবেক। ও পূর্ব্বের হুকুমমতে একং জন মল্লার ও আপ্রেন্টিসের মত জায়গা থাকিবেক, কোন জাহাজের সেই স্থান উপযুক্তমতে বড় না হওয়াতে যদি তত জায়গা না হইতে পারে, অথবা যদি তাহার উপযুক্তমতে কালাপাতি না হয়, ও অন্য সকল বিষয়ে যদি তাহা গঠনযুক্ত ও উপযুক্তরূপে প্রস্তুত না হয়, ও তাহা দিয়া যদি হাওয়ার আবাধকরূপে না চলে, তবে এই ধারার বিধানমতে কার্য্য হইবার একং ত্রুটির জন্যে স্বামির দুই

if any such space as aforesaid is not kept free from goods and stores as aforesaid, the master shall, for every such failure to comply with the provisions of this Section, incur a penalty not exceeding one hundred Rupees.

[Shipping Master &c. may enter on board any ship and inspect provisions, &c. Procedure if provisions &c. are found to be of a bad quality.]

LXXI. The Shipping Master at any Port in India, by himself or his deputy, may enter at any time on board of any ship upon which seamen have been shipped at such Port, and inspect the provisions and water provided for the use of the crew, and the medicines and appliances and the accommodation for seamen prescribed by this Act or by the Merchant Shipping Act 1854. If on inspection the provisions or water are found to be of bad quality and unfit for use or to be deficient in quantity, the Shipping Master shall proceed as provided in Section LXIV. of this Act, and the penalty prescribed in the said Section shall be incurred by any default of the master of the ship in respect of such provisions or water.

POWER OF MAKING COMPLAINTS.

[Seamen to be allowed to go ashore to make complaint to a Magistrate.]

LXXII. If any seaman or apprentice, whilst on board any ship, states to the master that he desires to make complaint to a Magistrate against the master or any of the crew, the said master shall, if the ship is then at a place where there is a Magistrate, so soon as the service of the ship will permit, and if the ship is not then at such a place, so soon after her first arrival at such a place as the service of the ship will permit, allow such seaman to go ashore, or send him ashore in proper custody, so that he may be enabled to make such complaint, and shall, in default, incur a penalty not exceeding one hundred Rupees.

PROTECTION OF SEAMEN FROM IMPOSITION.

[Sale of and charge upon wages to be invalid.]

LXXIII. No wages due or accruing to any seaman or apprentice shall be subject to attachment from any Court; and every payment of wages to a seaman shall be valid in law, notwithstanding any previous sale or assignment of such wages or of any incumbrance thereon; and no assignment or sale of such wages, or of salvage made prior to the accruing thereof, shall bind the party making the same; and no power of attorney or authority for the receipt of any such wages or salvage shall be irrevocable.

[No debt exceeding three Rupees recoverable till end of voyage.]

LXXIV. No debt exceeding in amount three

শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক। ও উক্ত প্রকারের কোন জায়গাতে যদি কিছু মাল ও সরঞ্জাম রাখা যায়, তবে এই ধারার বিধানমতে কর্ম্ম না হইবার একং ত্রুটির জন্যে কাপ্তানের এক শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক ইতি।

[শিপিং মাষ্টর সাহেবপ্রভৃতির কোন জাহাজে গিয়া রসদাদি দেখিবার কথা ও মন্দ হইলে যাহা করিবেন তাঁহার কথা।]

৭১ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে মল্লারা যে জাহাজে ভর্ত্তি হইয়াছে এমত কোন জাহাজে ঐ বন্দরের শিপিং মাষ্টর সাহেব, কিম্বা তাঁহার ডেপুটী, কোন সময়ে যাইতে পারিবেন, ও মল্লারদের জন্যে যে রসদ ও জল রাখা গিয়াছে তাহা, ও তাহারদের জন্যে যে ঔষধাদি চিকিৎসার সরঞ্জাম, ও তাহারদের থাকিবার যে জায়গা এই আইনমতে কিম্বা সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনমতে নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা দেখিতে পারিবেন। তাহা দেখিয়া যদি রসদ কি জল মন্দ কি খাইবার অনুপযুক্ত কিম্বা অকুলান দেখা যায়, তবে শিপিং-মাষ্টর সাহেব এই আইনের ৬৪ ধারার বিধানমতে কার্য্য করিবেন, ও সেই রসদের কি জলের বিষয়ে জাহাজের কাপ্তানের যে কোন ত্রুটি হয়, তাহার নিমিত্তে তাঁহার ঐ ধারার লিখিত জরীমানা লাগিবেক ইতি।

নালিশ করিবার ক্ষমতার বিধি।

[মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করিবার জন্যে মল্লার ডাঙ্গায় যাইবার অনুমতির কথা।]

৭২ ধারা। যদি কোন মল্লা কি আপ্রেণ্টিস কোন জাহাজে থাকিতে কাপ্তানকে কহে যে, আমি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কাপ্তানের, কিম্বা মল্লারদের মধ্যে কোন কাহার নামে নালিশ করিতে চাহি, তবে জাহাজ যে স্থানে আছে সেই স্থানে মাজিষ্ট্রেট সাহেব থাকিলে, জাহাজের কর্ম্ম বুঝিয়া যখন হইতে পারে তখনই, কিম্বা জাহাজ যদি তেমন স্থানে না থাকে, তবে তদ্রূপ স্থানে পঁহুছিলে পর জাহাজের কর্ম্ম বুঝিয়া যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র, কাপ্তান ঐ মল্লাকে নালিশ করিবার জন্যে ডাঙ্গায় যাইতে দিবেন, কিম্বা উপযুক্ত নেগাহবানীতে রাখিয়া তাহাকে ডাঙ্গায় পাঠাইবেন। ও তাহা না করিলে তাঁহার এক শত টাকা-পর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

মল্লারদিগকে ঠগামিহইতে রক্ষা করিবার বিধি।

[বেতন বিক্রয় ও বেতনের উপর দায় অসিদ্ধ হইবার কথা।]

৭৩ ধারা। কোন মল্লার কি আপ্রেণ্টিসের যে কিছু বেতন পাওনা আছে, কি পরে পাওনা হয়, তাহা কোন আদালতের দ্বারা ক্রোক হইতে পারিবেক না। ও মল্লাকে কোন বেতন দেওয়া গেলে তাহা আইনমতে সিদ্ধ হইবেক, যদিও সেই বেতন পূর্ব্বে বিক্রয় হইয়া থাকে, কি তাহার বরাৎ হইয়া থাকে, কি তাহার উপর কোন দায় থাকে, তথাপি সিদ্ধ হইবেক। ও সেই বেতন পাওনা হইবার পূর্ব্বে, কিম্বা জাহাজ ভাঙ্গিলে তাহার কোন মালপ্রভৃতি রক্ষা করিবার পুরস্কার পাওনা হইবার পূর্ব্বে, তাহার যদি কোন বরাৎ হয়, কি তাহা যদি বিক্রয় হয়, তবে যে জন বরাৎ কি বিক্রয় করিল সেই জন তাহাতে বদ্ধ হইবেক না। ও সেই বেতন কি পুরস্কার লইবার কোন মোখ্তারনামা কি ক্ষমতাপত্র অটলরূপে বহাল থাকিবেক না ইতি।

[যাত্রার শেষ না হওয়াপর্য্যন্ত তিন টাকার অধিক কোন কর্জ্জ আদায় হইতে না পারিবার কথা।]

৭৪ ধারা। কোন মল্লা কর্ম্ম করিতে করার করিলে

Rupees incurred by any seaman after he has engaged to serve shall be recoverable until the service agreed for is concluded.

[Penalty for overcharges by lodging-house-keepers.]

LXXV. If any person demands or receives from any seaman or apprentice payment in respect of his board or lodging in the house of such person for a longer period than such seaman or apprentice has actually resided or boarded therein, he shall incur a penalty not exceeding one hundred Rupees.

[Penalty for detaining seamen's effects.]

LXXVI. If any person receives or takes into his possession or under his control any monies, documents, or effects of any seaman or apprentice, and does not return the same or pay the value thereof when required by such seaman or apprentice, subject to such deduction as may be justly due to him from such seaman or apprentice in respect of board or lodging or otherwise, or absconds therewith, he shall incur a penalty not exceeding one hundred Rupees; and any Magistrate may, besides inflicting such penalty by summary order, direct the amount or value of such monies, documents, or effects, subject to such deduction as aforesaid, to be forthwith paid to such seaman or apprentice.

[Persons not to go on board before the final arrival of ship without permission.]

LXXVII. Every person who, not being in the service of Her Majesty and not being duly authorized by law for the purpose, goes on board any ship about to arrive at the place of her destination, before her actual arrival at the place of her discharge, without the permission of the master, shall for every such offence incur a penalty not exceeding two hundred Rupees; and the master or person in charge of such ship may take any such person so going on board as aforesaid into custody, and deliver him up forthwith to any Police Officer, to be by him taken before a Magistrate to be dealt with according to the provisions of this Act.

[Penalty for solicitations by lodging-house-keepers.]

LXXVIII. If, within twenty-four hours after the arrival of any ship at any Port in India, any person then being on board such ship solicits any seaman to become a lodger at the house of any person letting lodgings for hire, or takes out of such ship any effects of any seaman, except under his personal direction and with the permission of the master, he shall for every such offence incur a penalty not exceeding fifty Rupees.

DISCIPLINE.

[Penalty for misconduct endangering ship or life or limb.]

LXXIX. Any master of, or any seaman or apprentice belonging to any ship registered at, trading with, or being at any Port or place in

পর তাহার তিন টাকার অধিক যে কর্জ্জ হয় সেই কর্জ্জ, এ মল্লা যে কর্ম্ম করিতে করার করিয়াছে তাহা সাঙ্গ না হইলে, আদায় হইতে পারিবেক না ইতি।

[বাসার ঘর যাহারা রাখে তাহারদের অতিরিক্ত খরচ লইবার দণ্ড।]

৭৫ ধারা। কোন মল্লা কি আপ্রেণ্টিস যাহার ঘরে যত দিন নিতান্ত বাসা করিয়াছে, কি খোরাক পাইয়াছে, এমত কোন লোক যদি ঐ মল্লা কি আপ্রেণ্টিসের স্থানে তাহার অধিক দিনের বাসার কি খোরাকের খরচ দাওয়া করে, কি গ্রহণ করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[মল্লার জিনিসপত্র আটকিয়া রাখিবার দণ্ডের কথা।]

৭৬ ধারা। যদি কোন লোক কোন মল্লার কি আপ্রেণ্টিসের কিছু টাকা কি দলীল কি জিনিসপত্র গ্রহণ করে, কি আপনার দখলে কি জিম্মায় লয়, ও সেই মল্লা কি আপ্রেণ্টিস তাহা চাহিলে, সেই লোক ঐ মল্লার কি আপ্রেণ্টিসের খোরাকের কি বাসাপ্রভৃতির নিমিত্তে ন্যায্যমতে যাহা পাইতে পারে তাহা বাদ দিয়া, যদি সেই টাকাপ্রভৃতি ফিরিয়া না দেয়, কিম্বা তাহার মূল্য না দেয়, অথবা যদি তাহা লইয়া পলায়ন করে, তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। ও কোন মাজিষ্ট্রেট সাহেব সরাসরী হুকুমমতে সেই জরীমানা ছাড়া, সেই লোককে, পূর্ব্বোক্ত খরচের টাকা বাদ দিয়া, ঐ টাকা ও দলীল ও জিনিসপত্র কিম্বা তাহার মূল্য তৎক্ষণাৎ ঐ মল্লার কি আপ্রেণ্টিসের হাতে দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[জাহাজের লক্ষিত স্থানে পঁহুছিবার পূর্ব্বে অনুমতিবিনা কোন লোকের জাহাজে না যাইবার কথা।]

৭৭ ধারা। কোন জাহাজ লক্ষিত স্থানে প্রায় পঁহুছে, কিন্তু যে স্থানে থাকিয়া মাল উবরাণ যাইবেক সেই স্থানে নিতান্ত না পঁহুছিলে, যদি শ্রীশ্রীমতী মহারাণীর অধীন কোন সিরিশ্তায় নিযুক্ত না হইয়া, ও আইনমতে জাহাজে যাইতে নিয়মিতরূপে ক্ষমতা না পাইয়া, কোন লোক কাপ্তানের স্থানে অনুমতি না লইয়া জাহাজে উঠে, তবে তাহার তদ্রূপ এক২ অপরাধের জন্যে দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। ও কাপ্তান কি অন্য যাঁহার জিম্মায় জাহাজ থাকে, তিনি জাহাজে গমনশীল সেই লোককে আটক রাখিয়া, তাহাকে লইয়া এই আইনের বিধানমতে কার্য্য হইবার জন্যে, মাজিষ্ট্রেট সাহেবের নিকটে লইয়া যাইবার নিমিত্তে পোলীসের কোন কর্ম্মকারকের হাতে তৎক্ষণাৎ সমর্পণ করিতে পারিবেন ইতি।

[যাহারা বাসার ঘর রাখে এমত লোক মল্লারদিগকে ফুসলাইয়া লইতে চাহিলে তাহারদের দণ্ড।]

৭৮ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে কোন জাহাজ যেসময়ে পঁহুছে, তাহার পর চব্বিশ ঘণ্টার মধ্যে যদি কোন লোক ঐ জাহাজে থাকিয়া, যাহারা ভাড়া লইয়া বাসা করিবার স্থান দেয় এমত কোন লোকের ঘরে গিয়া বাসা করিতে কোন মল্লাকে ফুসলায়, কিম্বা সেই মল্লার নিজ তত্ত্বাধীনে না হইয়া ও কাপ্তানের অনুমতি বিনা, কোন মল্লার কিছু জিনিসপত্র জাহাজহইতে ওলায়, তবে তাহার তদ্রূপ এক২ অপরাধের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

শাসনের বিধি।

[যাহাতে জাহাজের কি প্রাণনাশের কি অঙ্গাঘাতের সঙ্কট হয় এমত দোষ করিবার দণ্ড।]

৭৯ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায়, কি বাণিজ্যব্যবসায় করে, কি থাকে, এমত কোন জাহাজের কোন কাপ্তান কি কোন

India, who by wilful breach of duty, or by neglect of duty, or by reason of drunkenness, does any act tending to the immediate loss, destruction, or serious damage of such ship, or tending immediately to endanger the life or limb of any person belonging to or on board of such ship, or who by wilful breach of duty, or by neglect of duty, or by reason of drunkenness, refuses or omits to do any lawful act proper and requisite to be done by him for preserving such ship from immediate loss, destruction, or serious damage, or for preserving any person belonging to or on board of such ship from immediate danger to life or limb, shall for every such offence be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding two years.

[Admiralty Court in India may in certain cases remove master and appoint a new master.]

LXXX. Any Court having Admiralty jurisdiction in India may, upon application by the owner of any ship being within the jurisdiction of such Court, or by the part owner or consignee, or by the agent of the owner, or by any certificated mate, or by one-third or more of the crew of such ship, and upon proof on oath to the satisfaction of such Court that the removal of the master of such ship is necessary, remove him accordingly; and may also, with the consent of the owner or his agent, or the consignee of the ship, or if there is no owner or agent of the owner or consignee of the ship within the jurisdiction of the Court, then without such consent, appoint a new master in his stead, and may also make such order and may require such security in respect of costs in the matter as it thinks fit.

[Power to investigate cases of alleged incompetency and misconduct.]

LXXXI. If the local Government, on the information of any Shipping Master or on any other ground, has reason to believe that any master or mate who has obtained a certificate of competency or service from such Government, is from incompetency or misconduct unfit to discharge his duties, it may direct any Board or Officer at or near to the place at which it may be convenient for the parties and witnesses to attend, to institute an investigation; and thereupon such Board or Officer shall conduct the investigation, and may summon the master or mate to appear, and shall give him full opportunity of making a defence either in person or otherwise, and shall, for the purpose of such investigation, have all the powers vested in Magistrates of summoning and examining witnesses, and may make such order with respect to the costs of such investigation as they may deem just, and shall on the conclusion of the investigation make a report upon the case to the local Government.

[Local Government may cancel or suspend certificates in certain cases.]

LXXXII. The local Government may suspend

মল্লা কি আপ্রেণ্টিস যদি আপন কর্ত্তব্য কর্ম্ম জানিয়াশুনিয়া লঙ্ঘন করিয়া, কিম্বা কর্ত্তব্য কর্ম্ম না করিয়া, কিম্বা মাতাল হইয়া, এ জাহাজ যাহাতে তৎক্ষণাৎ মারা পড়ে, কি নষ্ট হয়, কিম্বা জাহাজের ভারি ক্ষতি হয়, কিম্বা জাহাজের কি জাহাজে থাকা কোন লোকের প্রাণনাশের কি অঙ্গাঘাতের আশঙ্কা তৎক্ষণাৎ হয়, এমত কোন কর্ম্ম করে, কিম্বা আপনার কর্ত্তব্য কর্ম্ম জানিয়াশুনিয়া লঙ্ঘন করিয়া কি কর্ত্তব্য কর্ম্ম না করিয়া কিম্বা মাতাল হইয়া, ঐ জাহাজ তৎক্ষণাৎ মারা না পড়ে কিম্বা নষ্ট না হয় কি তাহার ভারি নোকসান না হয় এই কারণে, কিম্বা ঐ জাহাজের কি জাহাজেথাকা কোন লোকের তৎকালে প্রাণনাশ কি অঙ্গাঘাত না হয়, এই জন্যে আপনার কর্ত্তব্য উপযুক্ত ও আবশ্যক কোন ন্যায়মতের কার্য্য করিতে স্বীকার না করে কি ত্রুটি করে, তবে তাহার তদ্রূপ এক২ অপরাধের জন্যে দু২ বৎসরপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[কোন২ স্থলে কাপ্তানকে তগীর করিয়া নূতন কাপ্তানকে নিযুক্ত করিতে ভারতবর্ষের আডমিরালটি কোর্টের ক্ষমতার কথা।]

৮০ ধারা। ভারতবর্ষেতে যে আদালতের আডমিরালটি এলাকা থাকে, এমত কোন আদালতের এলাকার মধ্যে যে কোন জাহাজ থাকে, সেই জাহাজের স্বামী, কিম্বা স্বামিত্বের শরীক, কিম্বা কানসাইনী, কিম্বা স্বামির মোখ্তার, কিম্বা সর্টিফিকটপ্রাপ্ত কোন মালিম, কিম্বা ঐ জাহাজের মল্লারদের তিন ভাগের এক ভাগ কি তাহার অধিক লোক ঐ কোর্টে দরখাস্ত করিলে, ও ঐ জাহাজের কাপ্তানকে তগীর করা আবশ্যক, এই কথা শপথক্রমে ঐ আদালতের খাতিরজমামতে প্রমাণ করিলে, ঐ কোর্ট সেই কাপ্তানকে তগীর করিবেন। ও সেই কোর্ট জাহাজের স্বামির কি তাঁহার মোখ্তারের কি কানসাইনীর সম্মতি লইয়া, নূতন কাপ্তানকে নিযুক্ত করিতে পারিবেন, কিম্বা জাহাজের স্বামী কি তাহার মোখ্তার কিম্বা কানসাইনী আদালাতের এলাকার মধ্যে না থাকিলে, সেইরূপ সম্মতি না লইয়া নিযুক্ত করিবেন, ও সেই বিষয়ে যাহা উচিত বুঝেন খরচার এমত হুকুম করিবেন ও তাহার জামিনী তলব করিবেন ইতি।

[অনুপযুক্ততার ও অসদাচারের কথার বিচার করিবার ক্ষমতার কথা।]

৯৬ ধারা। কোন মল্লা কোন দোষ করাতে যদি একরারনামামতে তাহার জরীমানা দিতে হয়, ও যদি সেই জরীমানার টাকা আদায় করিয়া ঐ দোষের দণ্ড করিবার মনস্থ থাকে, তবে সেই কথা সরকারী টপনামায় লিখিতে হইবেক ও সেই টপনামার লেখা কথার এক কেতা নকল ঐ অপরাধিকে দিতে হইবেক, কিম্বা তাহা তাহার নিকটে পাঠ করা যাইবেক। ও তাহা তাহার নিকটে যে পাঠ করা গিয়াছে এই কথা, ও অপরাধী তাহার কিছু উত্তর করিলে সেই উত্তরও লিখিতে হইবেক। অর্থাৎ সুশাসনের বিধির বিরুদ্ধে যে অপরাধ এই আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে, ও এই আইনমতে তদ্রূপ যে অপরাধের দণ্ড করিতে হয়, তাহা যেরূপে ও যে নিয়ম মানিয়া লিখিবার আজ্ঞা এই আইনে হইয়াছে, সেইরূপে ও সেই নিয়ম মানিয়া লিখিতে হইবেক। ও সেই জরীমানার টাকা বেতনহইতে বাদ দিয়া এই২ প্রকারে দেওয়া যাইবেক, অর্থাৎ, ঐ অপরাধী যদি ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে হিদায় হয়, ও বিদেশগমনীয় জাহাজ হইলে যে শিপিংমাষ্টর সাহেবের সম্মুখে অপরাধিকে হিদায় করা যায় তাঁহার খাতিরজমামতে, ও দেশীয় বাণিজ্যের জাহাজ হইলে মল্লারদিগকে যে স্থানে হিদায় করা যায় সেই স্থানের কি তাহার অতি নিকট স্থানের শিপিংমাষ্টর সাহেবের খাতিরজমামতে, যদি ঐ অপরাধের ও পূর্ব্বোক্তমতে তাহার লিখিত কথার প্রমাণ করা যায়, তবে কাপ্তান কি স্বামী ঐ অপরাধির বেতনহইতে ঐ জরীমানার টাকা কাটিয়া লইয়া ঐ শিপিংমাষ্টর সাহেবকে দিবেন। ও ভারতবর্ষের মধ্যে মল্লারদিগকে চূড়ান্তরূপে হিদায় করা যাইবার পূর্ব্বে, যদি উক্ত কোন অপরাধী শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজে ভর্ত্তি হয়, কিম্বা ভারতবর্ষের মধ্যে নয় এমত কোন স্থানে যদি তাহাকে হিদায় করা যায়, ও সে উক্ত প্রকারে যে জাহাজে ভর্ত্তি হয়, সেই জাহাজের অধ্যক্ষ সাহেবের খাতিরজমামতে কিম্বা কনসল সাহেবের, কি হাকিমের কার্য্যকারক সাহেবের, কিম্বা অন্য যে সাহেবের অনুমতিক্রমে তাহাকে হিদায় করা যায় তাঁহার খাতিরজমামতে, যদি তাহার অপরাধের ও পূর্ব্বোক্তমতের লিখিত কথার প্রমাণ করা যায়, তবে ঐ জরীমানার টাকা পূর্ব্বোক্তমতে বেতনহইতে বাদ দেওয়া যাইবেক, ও সরকারী টপনামায় লিখিতে হইবেক, ও তাহাতে ঐ অধ্যক্ষ সাহেবের কি ঐ অন্য ব্যক্তির দস্তখৎ করিতে হইবেক। ও

discharged; and if any master or owner neglects or refuses to pay over any such fine in manner aforesaid, he shall for each such offence incur a penalty not exceeding six times the amount of the fine retained by him; provided that no act of misconduct for which any such fine as aforesaid has been inflicted and paid shall be otherwise punished under the provisions of this Act.

সেই জাহাজ ভারতবর্ষে ফিরিয়া আইলে, কাপ্তান কি স্বামী সেই জরীমানার টাকা, বিদেশগমনীয় জাহাজ হইলে মল্লারদিগকে যে শিপিং মাষ্টর সাহেবের সম্মুখে বিদায় করা যায় তাঁহাকে দিবেন, কিম্বা দেশীয় বাণিজ্যের জাহাজ হইলে মল্লারদিগকে যে স্থানে বিদায় করা গেল সেই স্থানের কি তাহার অতি নিকট স্থানের শিপিং মাষ্টর সাহেবকে দিবেন। ও যদি কোন কাপ্তান কি স্বামী কিছু জরীমানার টাকা পূর্ব্বোক্তমতে না দেন, কি দিতে স্বীকার না করেন, তবে তাঁহার সেই প্রত্যেক অপরাধের জন্যে জরীমানার যত টাকা আটক রাখিয়াছেন তাহার ছয়গুণ জরীমানা লাগিবেক। পরন্তু যে কোন দোষের নিমিত্তে পূর্ব্বোক্ত প্রকারের কোন জরীমানার আজ্ঞা হইয়াছে ও টাকা আদায় হইয়াছে সেই দোষের এই আইনের বিধানমতে অন্য কোন প্রকারে দণ্ড হইবেক না ইতি।

[Penalty for enticing to desert and harbouring deserters.]

XCVII. Every person who by any means whatever persuades or attempts to persuade any seaman or apprentice to neglect or refuse to join or to proceed to sea in or to desert from his ship, or otherwise to absent himself from his duty, shall for each such offence in respect of each such seaman or apprentice incur a penalty not exceeding one hundred Rupees; and every person who wilfully harbours or secretes any seaman or apprentice who has deserted from his ship or who has wilfully neglected or refused to join or has deserted from his ship, knowing or having reason to believe such seaman or apprentice to have so done, shall for every such seaman or apprentice so harboured or secreted, incur a penalty not exceeding one hundred Rupees.

[পলায়ন করিতে ফুসলাইয়া লইবার ও পলাতকদিগকে আশ্রয় দিবার দণ্ড।]

৯৭ ধারা। যদি কোন লোক কোন মল্লাকে কি আপ্রেণ্টিসকে আপন জাহাজে না যাইতে, কিম্বা জাহাজে যাইতে কি সমুদ্রে যাইতে স্বীকার না করিতে, কিম্বা জাহাজহইতে পলায়ন করিতে, কিম্বা অন্য প্রকারে আপন কর্ত্তব্য কর্ম্মেতে গরহাজির থাকিতে কোন প্রকারে ফুসলায় কি ফুসলাইতে চেষ্টা করে, তবে যত মল্লাকে কি আপ্রেণ্টিসকে ঐ দোষ করায় তাহারদের জন প্রতি তাহার এক২ শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক। ও কোন মল্ল কি আপ্রেণ্টিস আপন জাহাজ ছাড়িয়া পলাইলে, কিম্বা জানিয়াশুনিয়া আপন জাহাজে না গেলে, কি জাহাজে যাইতে স্বীকার না করিলে, কি জাহাজহইতে পলাইলে, যে কোন লোক তাহা জানিয়া, কিম্বা সেই মল্লা কি আপ্রেণ্টিস তাহা করিয়াছে ইহা জানিবার কারণ পাইয়া, তাহাকে ইচ্ছাপূর্ব্বক আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে, সে যত জন মল্লাকে কি আপ্রেণ্টিসকে সেই প্রকারে আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে তাহারদের জনপ্রতি তাহার এক২ শত টাকাপর্য্যন্ত জরীম না লাগিবেক ইতি।

[Penalty for obtaining passage surreptitiously.]

XCVIII. Any person who secretes himself and goes to sea in any ship without the consent of either the owner, consignee, or master, or of a mate, or of any person in charge of such ship, or of any other person entitled to give such consent, shall incur a penalty not exceeding two hundred Rupees, or be liable to imprisonment, with or without hard labor, for any period not exceeding four weeks.

[গুপ্তরূপে কোন জাহাজে উঠিয়া চলিয়া যাইবার দণ্ড।]

৯৮ ধারা। যদি কোন লোক জাহাজের স্বামির কি কানসাইনীর কি কাপ্তানের কি মালিমের, কিম্বা সেই জাহাজ যাঁহার জিম্মায় থাকে তাঁহার অনুমতি, কিম্বা অন্য যে লোক জাহাজে যাইবার অনুমতি দিতে পারেন এমত কোন লোকের অনুমতি না পাইয়া, কোন জাহাজে লুকাইয়া সমুদ্রে চলিয়া যায়, সেই লোকের দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক, কিম্বা সে চারি সপ্তাহপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[On change of masters, documents hereby required to be handed over to successor.]

XCIX. If during the progress of a voyage the master of any ship registered at any Port or place in India is superseded or for any other reason quits the ship and is succeeded in the command by some other person, he shall deliver to his successor the various documents relating to the navigation of the ship and to the crew thereof which are in his custody; and shall, in default incur a penalty not exceeding one thousand Rupees; and such successor shall, immediately on assuming the command of the ship, enter in the official log a list of the documents so delivered to him.

[কাপ্তানের পরিবর্ত্তন হইলে যে দলীলপ্রভৃতি এই ধারামতে নূতন কাপ্তানকে দিতে হইবেক তাহার কথা।]

৯৯ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা গিয়াছে এমত কোন জাহাজের যাত্রা করিবার কালে যদি কাপ্তানকে অবসর করা যায়, কিম্বা অন্য কোন কারণে যদি কাপ্তান জাহাজ ছাড়িয়া যান, ও তাঁহার স্থানে অন্য কোন লোককে কাপ্তানের কর্ম্মে নিযুক্ত করা যায়, তবে জাহাজের গমনের বিষয়ে ও মল্লারদের বিষয়ে যে সকল দলীল তাঁহার জিম্মায় থাকে তাহা তিনি নূতন কাপ্তানের হাতে সমর্পণ করিবেন। যদি না করেন তবে তাঁহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা লাগিবেক। ও নূতন কাপ্তান জাহাজের কাপ্তানী কর্ম্ম গ্রহণ করিলেই, যে সকল দলীল তাঁহার হাতে সমর্পণ করা গিয়াছে তাহার এক ফিরিস্তি সরকারী টপনামায় লিখিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮২৯ ১২ মার্চ।]

ENQUIRIES INTO WRECKS.

[Enquiry may be instituted in cases of wreck and casualty.]

C. In any of the cases following, that is to say—

Whenever any ship is lost, abandoned, or materially damaged on or near the coasts of India;

Whenever any ship causes loss or material damage to any other ship on or near such coasts;

Whenever, by reason of any casualty happening to or on board of any ship on or near such coasts, loss of life ensues;

Whenever any such loss, abandonment, damage, or casualty happens elsewhere to or on board any ship registered at any Port or place in India, under the Merchant Shipping Act 1854 or under Act X. of 1841—it shall be the duty of any European Civil Officer of Government residing at or near the place where such loss, abandonment, damage, or casualty occurred, if the same occurred in India, but if elsewhere, at or near the place where such witnesses as aforesaid arrive or are found, to give notice of the same to the local Government. It shall be lawful for the local Government, whether such notice be given or not, if a formal investigation appears to it to be requisite or expedient, to appoint two persons to make the same. The investigation shall be held at such place as the local Government shall deem best for the convenient examination of the witnesses. One of the persons to be so appointed shall be a Magistrate acting in or near the place where the investigation is held: the other may be any person conversant with maritime affairs.

[Investigation.]

CI. The persons appointed shall proceed to make the investigation and shall for that purpose, so far as relates to compelling the attendance of witnesses, and the regulation of the proceedings, have the same powers as if the same were a proceeding relating to an offence or cause of complaint upon which such Magistrate has power to convict summarily, or as near thereto as circumstances admit.

[Report.]

CII. Upon the conclusion of the case the persons appointed to investigate shall send a report to the local Government, containing full statement of the case and of their opinion thereon, accompanied by such report of or extracts from the evidence and such observations (if any) as they may think fit.

[*Government Gazette, 22nd March, 1859.*]

জাহাজ ভঙ্গ হইলে তাহার তদন্তের বিধি।

[জাহাজ ভঙ্গ হইলে কি অন্য দুর্ঘটনা হইলে তাহার তদন্ত করিবার কথা।]

১০০ ধারা। ইহার পরের লিখিত কোন স্থলে, অর্থাৎ,

যখন ভারতবর্ষের কোন দেশের কিনারায় কি তাহার নিকটে কোন জাহাজ মারা পড়ে কি পরিত্যাগ করা যায়, কি জাহাজের ভারি নোকসান হয়, কিম্বা—

যখন সেই দেশের কিনারায় কি তাহার নিকটে কোন এক জাহাজের দ্বারা অন্য জাহাজ মারা পড়ে কি তাহার ভারি নোকসান হয়, কিম্বা

যখন সেই দেশের কিনারায় কি তাহার নিকটে কোন জাহাজের কিছু দুর্ঘটনা হইলে, কিম্বা জাহাজের মধ্যে কোন দুর্ঘটনা হইলে প্রাণের হানি হয়, কিম্বা

সওদাগরী জাহাজের ১৮৫৪ সালের আইনমতে কিম্বা ১৮৪১ সালের ১০ আইনমতে যে জাহাজ ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে রেজিষ্টরী করা গিয়াছে, এমত কোন জাহাজ যদি অন্য কোন স্থানে মারা পড়ে কি পরিত্যাগ করা যায় কিম্বা তাহার কোন নোকসান কি দুর্ঘটনা হয়, কিম্বা তাহার মধ্যে কোন দুর্ঘটনা হয়,—তখন ভারতবর্ষের মধ্যে সেই জাহাজ মারা পড়িলে, কি পরিত্যাগ করা গেলে, কিম্বা তাহার তদ্রূপ নোকসান কি দুর্ঘটনা হইলে, যে স্থানে হয় সেই স্থানের কি তাহার নিকট স্থাননিবাসি, অথবা অন্য স্থানে হইলে, পূর্ব্বোক্তমতের সাক্ষিরা যে স্থানে পঁহুছে কি তাহারদিগকে যে স্থানে পাওয়া যায় সেই স্থানের কি তাহার নিকট স্থাননিবাসি গবর্ণমেণ্টের ইউরোপীয় কোন দেওয়ানীর কার্য্যকারক সাহেবের কর্ত্তব্য যে সেই কথার সম্বাদ ঐ স্থানের গবর্ণমেণ্টে দেন। সেই প্রকারের সম্বাদ পাওয়া গেলে কি না গেলেও, ঐ স্থানের গবর্ণমেণ্ট ধারামতে তদন্ত লওয়া আবশ্যক কি বিহিত বোধ করিলে, তাহা লইবার জন্যে দুই জনকে নিযুক্ত করিবেন। সাক্ষিরদের অক্লেশে জোবানবন্দী লইবার যে স্থান ঐ স্থানের গবর্ণমেণ্ট অতি উপযুক্ত জ্ঞান করেন, সেই স্থানে এ তদন্ত লওয়া যাইবেক। যে দুই জন সেই প্রকারে নিযুক্ত হইবেন তাঁহারদের এক জন, ঐ তদন্ত যে স্থানে লওয়া যাইবেক সেই স্থানের কি তাহার নিকট স্থানের মাজিষ্ট্রেটের কর্ম্মকারক হইবেন, অন্য জন জাহাজীয় ব্যাপারের সুপরিচিত কোন লোক হইবেন।

[তদন্ত করিবার কথা।]

১০১ ধারা। যাঁহারদিগকে নিযুক্ত করা গেল তাঁহারা তদন্তের কার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন। ও সেই অভিপ্রায়ে, যে অপরাধ কি নালিশের হেতু হইলে ঐ মাজিষ্ট্রেট সাহেব সরাসরীমতে নিষ্পত্তি করিতে পারেন এমত দোষসম্পর্কীয় এ মোকদ্দমা হইলে, সাক্ষিরদিগকে হাজির করাইবার কার্য্য ও মোকদ্দমার কারবারের বিধিসম্পর্কে তাঁহারদের যে ক্ষমতা থাকিত, তাহার তুল্য কিম্বা ভাবগতিক বুঝিয়া যেপর্য্যন্ত তুল্য হইতে পারে সেইপর্য্যন্ত তাহার তুল্য ক্ষমতা থাকিবেক ইতি।

[রিপোর্টের কথা।]

১০২ ধারা। বিচার সমাপ্ত হইলে, ঐ বিষয়ের তদন্ত লইতে যাঁহারা নিযুক্ত হইলেন তাঁহারা ঐ স্থানের গবর্ণমেণ্টে রিপোর্ট পাঠাইবেন। এ মোকদ্দমার বিস্তারিত বয়ান ও তদ্বিষয়ে তাঁহারদের যে মত হয় তাহা, ও প্রমাণের যে রিপোর্ট করা কিম্বা প্রমাণহইতে যে কথা গ্রহণ করা তাঁহারা উচিত বোধ করেন তাহা, ও কিছু মন্তব্য কথা লেখা উচিত বোধ করিলে তাহাও সেই রিপোর্টে লিখিত হইবেক ইতি।

OFFICIAL LOGS.

[Official logs to be kept in forms sanctioned by local Government.]

CIII. An official log-book of every ship registered at any Port or place in India, except Home-trade ships of a burden not exceeding three hundred tons, shall be kept in a form sanctioned by the local Government; and such official log may, at the discretion of the master or owner, either be kept distinct from the ordinary ship's log or united therewith, so that in all cases all the blanks in the official log be duly filled up.

[Entries to be made in due time.]

CIV. Every entry in every official log shall be made as soon as possible after the occurrence to which it relates, and if not made on the same day as the occurrence to which it relates shall be made and dated so as to show the date of the occurrence, and of the entry respecting it; and in no case shall any entry therein in respect of any occurrence happening previously to the arrival of the ship at her final Port of discharge be made more than twenty-four hours after such arrival.

[Entries required in official log.]

CV. Every master of a ship for which an official log-book is hereby required shall make or cause to be made therein entries of the following matters, (that is to say)—

[Convictions.]

1. Every legal conviction of any member of his crew and the punishment inflicted.

[Offences.]

2. Every offence committed by any member of his crew for which it is intended to prosecute, or to enforce a forfeiture, or to exact a fine, together with such statement concerning the reading over such entry and concerning the reply (if any) made to the charge, as hereinbefore required.

[Punishments.]

3. Every offence for which punishment is inflicted on board, and the punishment inflicted.

[Conduct &c. of crew.]

4. A statement of the conduct, character, and qualifications of each of his crew, or a statement that he declines to give an opinion on such particulars.

[Illness and injuries.]

5. Every case of illness or injury happening to any member of the crew, with the nature thereof, and the medical treatment adopted (if any).

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২২ মার্চ।]

সরকারী টপনামার বিধি।

[স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে ধারার অনুমতি করেন সেই ধারামতে সরকারী টপনামা লিখিবার কথা।]

১০৩ ধারা। দেশীয় বাণিজ্যের তিন শত টনের অনধিক বোম্বাইয়ের জাহাজছাড়া ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে সকল জাহাজ রেজিষ্টরী করা যায় তাহাতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে ধারামতে সরকারী টপনামা রাখিতে হইবেক। ও কাপ্তানের কিম্বা স্বত্বাধিকারিদিগের বিবেচনামতে সেই সরকারী টপনামা জাহাজের নিয়মিত টপনামার পৃথক্ রাখা যাইবেক কিম্বা তাহার সঙ্গে সংযুক্ত হইবেক। কিন্তু ইহাতে সর্ব্বদা প্রয়োজন যে, সরকারী টপনামায় যে সকল স্থানে কিছু কথা লিখিবার বাকী থাকে, তাহা তাহাতে নিয়মিতরূপে লেখা যায় ইতি।

[তাহাতে যে কথা লিখিতে হয় তাহা উপযুক্ত সময়ে লিখিবার কথা।]

১০৪ ধারা। কোন ব্যাপারের যে কথা টপনামায় লিখিতে হইবেক তাহা সেই ব্যাপার ঘটিবার পরে সাধ্যমতে ত্বরা করিয়া লিখিতে হইবেক ও যে দিনে সেই ব্যাপার ঘটে সেই দিনে যদি তাহার কথা না লেখা যায়, তবে এ কথা এমন ভাবে লিখিতে হইবেক ও তাহার এমন তারিখ দিতে হইবেক যে ঐ ব্যাপার যে তারিখে ঘটে ও তাহার কথা যে তারিখে লেখা যায় এই দুই প্রকাশ থাকে। আরো শেষ যে বন্দরে গেলে জাহাজের মাল উবরাণ যাইবেক সেই বন্দরে পঁহুছিবার আগে যে কোন ব্যাপার ঘটে, তাহার কোন কথা ঐ জাহাজের সেইরূপে পঁহুছিবার চল্লিশ ঘণ্টার পরে কখন লিখিতে হইবেক না ইতি।

[সরকারী টপনামায় যে২ কথা লিখিতে হইবেক তাহার কথা।]

১০৫ ধারা। যে জাহাজে সরকারী টপনামা রাখিবার হুকুম এই আইনে হইয়াছে সেই জাহাজের কাপ্তান তাহাতে এই২ বিষয়ের কথা লিখিবেন কি লেখাইবেন। অর্থাৎ,

[দোষ সাব্যস্ত হওনের কথা।]

১। মল্লারদের মধ্যে কোন লোকের আইনমতে দোষ সাব্যস্ত হইলে তাহার কথা ও যে দণ্ড করা গেল তাহার কথা।

[অপরাধের কথা।]

২। মল্লারদের মধ্যে কোন লোক কোন অপরাধ করিলে, যদি সেই অপরাধ লইয়া নালিশ করিবার, কিম্বা জব্দ করিবার হুকুম প্রবল করিবার, কি জরীমানা আদায় করিবার মনস্থ থাকে, তবে সেই অপরাধ লিখিতে হইবেক, ও সেই অপরাধের লিখিত কথা তাহার নিকটে পাঠ করা গিয়াছে তাহার, ও সেই অপরাধের কথার কিছু উত্তর করিলে তাহার যে সকল কথা লিখিবার আজ্ঞা এই আইনে করা গিয়াছে, তাহাও লিখিতে হইবেক।

[দণ্ডের কথা।]

৩। যে২ অপরাধ করিলে জাহাজে কিছু দণ্ড করা যায় ও যে দণ্ড করা গেল তাহার কথা।

[মল্লারদের আচারপ্রভৃতির কথা।]

৪। মল্লারদের মধ্যে এক২ জনের আচার ও রীতিচরিত্রের ও ক্ষমতার কথা, কিম্বা তিনি সেই২ বিষয়ের কোন মত জানাইতে চাহেন না এই কথা।

[পীড়া ও আঘাতের কথা।]

৫। মল্লারদের মধ্যে কোন কাহার কিছু পীড়া কি আঘাত হইলে তাহা, ও যে প্রকারের পীড়াপ্রভৃতি হয়, ও কিছু চিকিৎসা হইলে যে প্রকারের চিকিৎসা হইয়াছে তাহার কথা।

[Deaths.]

6. Every case of death happening on board, and of the cause thereof.

[Births.]

7. Every birth happening on board with the sex of the infant and the names of the parents.

[Marriages.]

8. Every marriage taking place on board with the names and ages of the parties.

[Quitting ship.]

9. The name of every seaman or apprentice who ceases to be a member of the crew otherwise than by death, with the place, time, manner, and cause thereof.

[Wages of men entering Navy.]

10. The amount of wages due to any seaman who enters Her Majesty's Service during the voyage.

[Wages of deceased seamen.]

11. The wages due to any seaman or apprentice who dies during the voyage, and the gross amount of all deductions to be made therefrom.

[Sale of deceased men's effects.]

12. The sale of the effects of any seaman or apprentice who dies during the voyage, including a statement of each article sold and of the sum received for it.

[Collisions.]

13. Every collision with any other ship and the circumstances under which the same occurred.

[To be continued.]

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 4th March 1859, and is hereby promulgated for general information :—

ACT No. V. OF 1859.

An Act to empower the holders of Ghatwalee lands in the District of Beerbhoom to grant leases extending beyond the period of their own possession.

[Preamble.]

WHEREAS it has been held that the Ghatwals of the District of Beerbhoom who pay the revenue of their lands directly to Government under the provisions of Regulation XXIX. 1814 of the Bengal Code have not the power of alienating their lands; and whereas, for the development of the mineral resources of the country in which the said Ghatwalee lands are situate, and for the improvement of the said lands, it is expedient that the power of granting leases for periods not limited by the term of their own possession, should in certain cases be extended to the possessors of such lands; It is enacted as follows :—

[*Government Gazette, 22nd March*, 1859.]

2 B

[মৃত্যুর কথা।]

৬। জাহাজে কেহ মরিলে তাহার কথা ও মরণের কারণ।

[জন্মের কথা।]

৭। জাহাজে শিশু অর্থাৎ বালক কি বালিকা জন্মিলে তাহার কথা ও পিতামাতার নাম।

[বিবাহের কথা।]

৮। জাহাজে কাহার বিবাহ হইলে তাহার কথা ও পুরুষের ও স্ত্রীর নাম ও বয়স্।

[জাহাজ ছাড়িয়া যাইবার কথা।]

৯। যে কোন মল্লা কি আপ্রেণ্টিস না মরিয়া মল্লারদের এক জন হইয়া না থাকে, তাহার নাম ও যে স্থানে ও সময়ে ও প্রকারে ও কারণে মল্লারদের মধ্যে গণ্য না হয় তাহার কথা।

[যুদ্ধজাহাজে যাহারা ভর্ত্তি হয় তাহারদের বেতনের কথা।]

১০। জাহাজের যাত্রার কালে যে কোন মল্লা শ্রীযুতা মহারাণীর অধীন জাহাজের কর্ম্মে ভর্ত্তি হয় তাহারদের যত বেতন পাওনা থাকে তাহার কথা।

[মৃত মল্লারদের বেতনের কথা।]

১১। জাহাজের যাত্রার কালে যে কোন মল্লা কি আপ্রেণ্টিস মরে তাহার যত বেতন পাওনা থাকে ও তাহাহইতে যত টাকা বাদ দিতে হইবেক তাহার মোট।

[মৃত মল্লারদের জিনিসপত্র বিক্রয়ের কথা।]

১২। জাহাজের যাত্রার কালে যে কোন মল্লা কি আপ্রেণ্টিস মরে তাহার জিনিসপত্র বিক্রয় হইবার কথা ও যে২ দ্রব্য বিক্রয় হইল ও এক২ দ্রব্য যে দরে বিক্রয় হইল তাহার কথা।

[অন্য জাহাজে ধাক্কা লাগিবার কথা।]

১৩। অন্য কোন জাহাজে ধাক্কা লাগিলে তাহার কথা ও তাহা যে প্রকারে হইয়াছিল তাহার বয়ান।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ৪ মার্চ তারিখে সম্মতি প্রকাশ করিয়াছেন। তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৫ আইন।

জিলা বীরভূমের ঘাটওয়ালী জমীর দখীলকারেরদের ভোগদখলের যে মিয়াদ হয় তাহার অধিক কালের পাট্টা দিবার ক্ষমতা তাহারদিগকে দিবার আইন।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৯ আইনের বিধানমতে বীরভূম জিলার যে ঘাটওয়ালেরা আপনারদের জমীর মালগুজারী একেবারে সরকারে দাখিল করে, তাহারা আপনারদের জমী হস্তান্তর করিতে পারে না এমত নির্দ্ধার্য্য হইয়াছে, ও সেই ঘাটওয়ালী জমী যে দেশে আছে সেই দেশের মাটির ভিতরে যত প্রকারের ধাতু পাতরাদি থাকে তাহা প্রকাশ হইবার জন্যে, ও সেই জমীর উন্নতিবৃদ্ধির অভিপ্রায়ে, ঐ ঘাটওয়ালেরদের ভোগদখলের কালের অতিরিক্ত মিয়াদে তাহারদিগের পাট্টা দিবার ক্ষমতা কোন২ স্থলে দেওয়া বিহিত হয়। এই কারণে এই২ বিধান হইল।

[Ghatwals of Beerbhoom to have the same right of granting leases as is allowed to other proprietors of lands. Proviso.]

I. Ghatwals holding lands in the District of Beerbhoom under the provisions of the aforesaid Regulation, shall have the same power of granting leases for any period which they may deem most conducive to the improvement of their tenures, as is allowed by law to the proprietors of other lands. Provided that no lease of Ghatwalee lands for any period extending beyond the lifetime or incumbency of the grantor of the lease shall be valid and binding on the successors of the grantor, unless the same shall be granted for the working of mines or for the clearing of jungle, or for the erection of dwelling houses or manufactories, or for tanks, canals, and similar works; and shall be approved by the Commissioner of the Division, such approval being certified by an endorsement on the lease under the signature of the Commissioner.

[Court of Wards and Revenue authorities to have the like power in certain cases.]

II. If any of the said Ghatwalee lands be at any time under the superintendence of the Court of Wards, or otherwise subject to the direct control of the Officers of Government, it shall be lawful for the Court of Wards or the Commissioner to grant leases for any such purpose as aforesaid; and every lease so granted shall be valid and binding on all future possessors of the said lands, anything in the existing law to the contrary notwithstanding.

W. Morgan,
Clerk of the Council.

The 14th March 1859.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General this day, and is hereby promulgated for general information:—

Act No. VII of 1859.

An Act to alter the Duties of Customs on goods imported or exported by sea.

[Portions of Acts, &c., repealed.]

I. From and after the 12th day of March 1859 inclusive, so much of Schedules A and B annexed to Act XIV. of 1836, so much of Schedules A and B annexed to Act VI. of 1844, so much of the Schedule annexed to Act IX. of 1845, so much of Schedules A and B annexed to Act I. of 1852, and so much of Sections II., III., and IV. Act XXX. of 1854, as prescribe the rates of duty to be charged on goods imported into or exported from any Port in India by sea, except the Articles of Salt and Opium—are repealed.

[Provisions of certain Acts to have reference to Schedules annexed to this Act. Proviso.]

II. From and after the 12th day of March

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২২ মার্চ।]

[অন্য ভূম্যধিকারিরদের পাট্টা দিবার যে ক্ষমতা থাকে বীরভূমের ঘাটওয়ালেরদের সেইরূপ ক্ষমতা পাইবার কথা ও বর্জ্জিত বিধি।]

১ ধারা। অন্য ভূম্যধিকারিরা আইনমতে যে প্রকারের পাট্টা দিতে পারেন, সেই প্রকারে পূর্ব্বোক্ত আইনের বিধানমতে বীরভূম জিলার ঘাটওয়ালী জমীর দখীলকার যাহারা আছে তাহারাও, যে কোন মিয়াদের পাট্টা দিলে আপনারদের ভূমির উন্নতির সম্ভাবনা জ্ঞান করে এমত কোন মিয়াদের পাট্টা দিতে পারিবেক। পরন্তু ঘাটওয়ালী জমীর যে কোন পাট্টা দেওয়া যায় তাহা যদি ঐ পাট্টাদেওনিয়ার আয়ুর কি মিয়াদের অধিক কোন কালের নিমিত্তে হয়, তবে সেই পাট্টা ঐ পাট্টাদেওনিয়ার উত্তরাধিকারিরদের উপর বলবৎ হইবেক না ও তাহারা তাহাতে বদ্ধ হইবেক না। কিন্তু যদি আকর খুঁড়িবার জন্যে, কিম্বা জঙ্গল কাটিবার, কিম্বা বসতবাটী কি কুঠী করিবার জন্যে, কিম্বা পুকুর খালপ্রভৃতি কাটিবার জন্যে ঐ পাট্টা দেওয়া যায়, ও যদি এলাকার কমিস্যনর সাহেব ঐ পাট্টার পৃষ্ঠে দস্তখৎ করিয়া মঞ্জুর করেন, তবে ঐ পাট্টা ঐ উত্তরাধিকারিরদের বহাল রাখিতে হইবেক ও তাহারা তাহাতে বদ্ধ থাকিবেক ইতি।

[কোন২ স্থলে কোর্ট ওয়ার্ডসের ও রাজস্বের কার্য্যকারক সাহেবেরদের সেই ক্ষমতা থাকিবার কথা।]

২ ধারা। যদি উক্ত ঘাটওয়ালী কোন জমী কোন সময়ে কোর্ট ওয়ার্ডসের তত্ত্বাধীন করা যায়, কিম্বা অন্য কোন প্রকারে গবর্ণমেণ্টের কার্য্যকারক সাহেবেরদের নিজ কর্ত্তৃত্বের অধীন হয়, তবে কোর্ট ওয়ার্ডস কিম্বা কমিস্যনর সাহেব পূর্ব্বোক্ত প্রকারের কোন কার্য্যের নিমিত্তে কোন পাট্টা দিতে পারিবেন। ও তাহার পর ঐ জমীর অধিকারী যাহারা হয় তাহারদের সেই প্রকারের দেওয়া পাট্টা বহাল রাখিতে হইবেক ও তাহারা সেই পাট্টাতে বদ্ধ হইবেক, চলিত আইনেতে কোন কথা ইহার বিপরীত হইলেও হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ১৪ মার্চ।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর অদ্য সম্মতি প্রকাশ করিয়াছেন। তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৭ আইন।

সমুদ্রপথে আমদানী কি রফ্তানীহওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার আইন।

[আইনপ্রভৃতির যে২ ভাগ রদ হইল তাহার কথা।]

১ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে কিম্বা কোন বন্দরহইতে যে কিছু মালের সমুদ্রপথে আমদানী কি রফ্তানী হয়, নিমক ও অফীন ছাড়া সেই সকল মালের উপর যে হারে মাসুল লইতে হইবেক ইহার বিধি, ১৮২৬ সালের ১৪ আইনের শেষ ভাগের A ও B চিহ্নের তফসীলের যে কথাতে, ও ১৮৪৫ সালের ৬ আইনের শেষ ভাগের A ও B চিহ্নের তফসীলের যে কথাতে, ও ১৮৪৫ সালের ২ আইনের শেষ ভাগের তফসীলের যে কথাতে, ও ১৮৫২ সালের ১ আইনের শেষ ভাগের A ও B চিহ্নের তফসীলের যে কথাতে, ও ১৮৫৪ সালের ৩০ আইনের ২ ও ৩ ও ৪ ধারার যে কথাতে নির্দ্দিষ্ট হইয়াছে সেই সকল কথা, ১৮৫৯ সালের ১২ মার্চ তারিখ ধরিয়া সেই তারিখঅবধি রদ হইল ইতি।

[কোন২ আইনের বিধান এই আইনের শেষ ভাগের তফসীলের উপর খাটিবার কথা ও বর্জ্জিত কথা।]

২ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে কি কোন বন্দর-

1859 inclusive, all the provisions now in force of the above-mentioned Acts which have reference to the duties of Customs now charged and leviable on goods imported into or exported from any Port in India by sea, shall be taken to have reference to the duties of Customs prescribed in the Schedules annexed to this Act; provided that nothing in this Act shall authorize the levy of duties of Sea Customs at any free Port, or be deemed to affect the provisions of Acts VI. and VII. of 1848.

[Exception.]

III. Nothing in this Act shall apply to Teak Timber exported from the Arracan, Pegu, Martaban, and Tenasserim Provinces.

[Contracts and agreements already made.]

IV. And whereas contracts or agreements may have been made for the sale or delivery of goods on which increased or additional duties are imposed by this Act, and which contracts or agreements may have been made without reference to such increased duties, and thereby the several contractors may be materially affected—It is therefore further enacted that, if any person shall by virtue of any contract entered into before the passing of this Act be bound to deliver, at any time after the passing of this Act, goods hereby made liable to an increased or additional rate of duty, and shall upon the importation or exportation of any goods which he may deliver in performance of such contract pay a rate of duty higher than that which was imposed by law on such goods at the time when the contract was entered into, every such person is hereby authorized and empowered to add to the price of such goods a sum equal to the difference between the duty paid under this Act, and the duty which would have been payable under the laws in force when the contract was entered into, and shall have the same remedy for the recovery of such sum as if the same had been part of the price agreed upon.

[When this Act shall take effect. Indemnity to Collectors.]

V. This Act shall take effect on and after the 12th day of March 1859; and every Collector of Customs and other Officer is hereby indemnified for anything done on or after that day in collecting or enforcing the duties imposed by this Act or in otherwise carrying into effect the provisions hereof; and no action or other proceeding shall be maintained against any such Collector or other Officer in respect of anything so done.

SCHEDULE A.

Rates of duty to be charged on the following goods imported by sea into any Port of India not being a free Port.

[*Government Gazette, 22nd March*, 1859.]

হইতে সমুদ্রপথে যে সকল মালের আমদানী কি রফ্তানী হয়, তাহার উপর কষ্টমের যে মাসুল এইক্ষণে ধার্য্য হইয়া আদায় হইতে পারে তাহার সঙ্গে পূর্ব্বোক্ত সকল আইনের যে বিধানের সম্পর্ক থাকে, সেই সকল বিধান এই আইনের শেষ ভাগের তফসীলের নির্দ্দিষ্ট মাসুলের উপর ১৮৫৯ সালের ১২ মার্চ তারিখ ধরিয়া ঐ তারিখঅবধি ও তাহার পরে খাটে, এমত জ্ঞান করিতে হইবেক। পরন্তু যে সকল বন্দর মুক্ত আছে সেই সকল বন্দরে সমুদ্রের মাসুল আদায় করিবার ক্ষমতা এই আইনের কোন কথাতে হইবেক না, কিম্বা ১৮৪৮ সালের ৬ ও ৭ আইনের বিধানের কিছু ক্ষতিবৃদ্ধি এই আইনেতে হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[বর্জ্জিত দ্রব্যের কথা।]

৩ ধারা। আরাকান ও পিগু ও মার্ত্তাবান ও থনাসরিম দেশহইতে যে বাহাদুরী সেগুন কাঠ আইসে তাহার উপর এই আইনের কোন কথা খাটিবেক না ইতি।

[যে চুক্তি কি করার হইয়াছে তাহার কথা।]

৪ ধারা। এই আইনমতে যে মালের উপর অধিক মাসুল বসান গিয়াছে কি মাসুল বৃদ্ধি হইয়াছে, তাহার মাসুল বৃদ্ধির অনুভব না করিয়া কোন২ লোকেরা সেই দ্রব্য বিক্রয় করিবার কি পঁহুছাইয়া দিবার চুক্তি কি করার করিয়া থাকিবেক, ও তাহাতে ঐ চুক্তিকারকেরদের গুরুতর ক্ষতি হইতে পারে, এই কারণে আরো এই বিধান হইয়াছে। এই আইনমতে যে মালের উপর অধিক মাসুল বসান গিয়াছে কি মাসুলের হার বৃদ্ধি হইয়াছে, এমত কোন মাল এই আইন জারী হইবার পর কোন সময়ে পঁহুছাইয়া দিবার কোন করার যদি কোন লোক এই আইন জারী হইবার পূর্ব্বে করিয়া থাকে, ও সেই করারমতে যে মাল পঁহুছাইয়া দিতে হইবেক ঐ চুক্তি করিবার সময়ে তাহার যত মাসুল দিতে হইত, তাহার অধিক হিসাবে যদি তাহার আমদানী কি রফ্তানী হইবার সময়ে দিতে হয়, তবে চুক্তি করিবার সময়ে যে আইন চলন ছিল সেই আইনমতে যত মাসুল দিতে হইত, ও এই আইনমতে যত মাসুল দিতে হয় এই দুইয়ের বিশেষ যত হয় তত ঐ মালের মূল্যের উপর চড়াইয়া দিবার শক্তি ও ক্ষমতা তাহাকে দেওয়া গেল, ও সেই অধিক মূল্য আসল করারে লেখা থাকিলে যে প্রকারে আদায় করিতে পারিত সেই প্রকারে তাহা আদায় করিতে পারিবেক ইতি।

[এই আইন যে সময়ে চলন হইবেক তাহার কথা ও কালেক্টর সাহেবদিগকে নিরপরাধ করিবার কথা।]

৫ ধারা। এই আইন ১৮৫৯ সালের মার্চ মাসের ১২ তারিখে ও সেই তারিখঅবধি চলিবেক। ও সেই তারিখে কি তাহার পরে হাসিলের কোন কালেক্টর সাহেব ও অন্য কার্য্যকারকেরা এই আইনমতের নির্দ্ধারিত মাসুল আদায় করণে কি প্রবল করণে কিম্বা অন্য প্রকারে এই আইনের বিধান সফল করণে যে কার্য্য করেন, তাহাতে তাঁহারদিগকে এই ধারামতে নিরপরাধ করা গেল, ও সেই প্রকারের করা কোন কার্য্য বিষয়ে তদ্রূপ কোন কালেক্টর সাহেবের কি অন্য কার্য্যকারকের নামে কোন নালিশ কি অন্য রুবকারী গ্রাহ্য হইবেক না ইতি।

A, চিহ্নিত তফসীল।

মাসুলের মুক্ত বন্দরছাড়া ভারতবর্ষের কোন বন্দরে সমুদ্রপথে নীচের লিখিত যে মাল আমদানী হয় তাহার এই২ হিসাবে মাসুল লাগিবেক।

1.	Bullion and Coin	Free.
2.	Precious Stones and Pearls ...	„
3.	Grain and Pulse	„
4.	Horses and other living Animals	„
5.	Ice	„
6.	Coal, Coke, Bricks, Chalk, and Stones (Marbles and wrought stones excepted)	„
7.	Cotton Wool	„
8.	Books	„
9.	Machinery for the improvement of the communications and for development of the resources of the country	„

And the Collector of Customs, subject to the general orders of the local Executive Government shall decide what articles of machinery come within the above definition, and such decision shall be final in law.

10.	Cotton Thread, Twist, and Yarn	5 per cent. *ad valorem.*
11.	Tea	20 „
12.	Coffee...	20 „
13.	Tobacco and all preparations thereof	20 „
14.	Spices, including Cassia, Cinnamon, Pepper, Cloves, Nutmegs and Mace ...	20 „
15.	Haberdashery, Millinery, and Hosiery	20 „

And the Collector of Customs, subject to the general orders of the local Executive Government, shall decide what articles come within the above definition, and such decision shall be final in law.

16.	Grocery, Confectionery, and Oilman's Stores ...	20 per cent. *ad valorem.*
17.	Provisions, Hams, and Cheeses	20 „
18.	Perfumery	20 „
19.	Jewellery, Plate, and Platedware	20 „
20.	Porter, Ale, Beer, Cider, and other similar fermented liquors.	4 annas the imperial gallon.
21.	Wines and Liqueurs. ...	2 Rupees the imperial gallon.
22.	Spirits	3 Rs. Ditto.

And the duty on Spirits shall be rateably increased as the strength exceeds London proof.

23.	All articles not included in the above enumeration ...	10 per cent. *ad valorem.*

১।	সোণারূপাপ্রভৃতির চাক্তি ও মুদ্রার উপর	নাই
২।	মণিমুক্তাদির উপর	ঐ
৩।	চাউল ডাইলপ্রভৃতির উপর ...	ঐ
৪।	ঘোড়া ও অন্যং জীবৎ জন্তুর উপর ...	ঐ
৫।	বরফের উপর	ঐ
৬।	কয়লা ও কোক অর্থাৎ পোড়া কয়লা ও ইট ও খড়ী ও পাতরের উপর (কিন্তু ইহাতে মরমর ও গড়ন করা পাতর ধরিতে হইবেক না)	ঐ
৭।	কার্পাসের তুলার উপর	ঐ
৮।	কেতাবের উপর	ঐ
৯।	দেশের মধ্যে সম্বাদ প্রেরণাদি সুগম করিবার, ও দেশের উৎপন্ন দ্রব্য প্রকাশ করিবার যন্ত্রের উপর	ঐ

উক্ত প্রকারের যন্ত্রের মধ্যে কোন্‌২ যন্ত্র ধরিতে হইবেক তাহা হাসিলের কালেক্টর সাহেব স্থানবিশেষের কর্ত্তৃত্ব কর্ম্মনির্ব্বাহক গবর্ণমেণ্টের সাধারণ হুকুমমতে নির্দ্ধার্য্য করিবেন ও তাঁহার নির্দ্ধার্য্য আইনমতে চূড়ান্ত হইবেক।

		মূল্য বুঝিয়া শতকরা
১০।	কার্পাসের সূতা কি কাটা সূতা কি পশমী সূতার উপর ...	৫৲
১১।	চার উপর	২০৲
১২।	কাওয়ার উপর	২০৲
১৩।	তামাকু ও তামাকুর প্রস্তুত সকল দ্রব্যের উপর	২০৲
১৪।	স্পাইস অর্থাৎ কালকাসুন্দা ও দারুচিনি ও কাল মরিচ ও লবঙ্গ ও জায়ফল ও জৈত্রীপ্রভৃতির উপর	২০৲
১৫।	বনাৎ ও সূতার ও রেশমের কাপড়প্রভৃতি ও ফিতা টুপীপ্রভৃতি বিলাতী মেমেরদের দ্রব্য ও মোজাপ্রভৃতির উপর	২০৲

উক্ত প্রকারের দ্রব্যের মধ্যে কোন্‌২ দ্রব্য ধরিতে হইবেক তাহা হাসিলের কালেক্টর সাহেব স্থানবিশেষের কর্ত্তৃত্ব কর্ম্মনির্ব্বাহক গবর্ণমেণ্টের সাধারণ হুকুমমতে নির্দ্ধার্য্য করিবেন ও তাঁহার নির্দ্ধার্য্য আইনমতে চূড়ান্ত হইবেক।

		মূল্য বুঝিয়া শতকরা
১৬।	পসারীর দ্রব্য ও নানাপ্রকারের মিষ্টান্ন ও আচারপ্রভৃতির উপর	২০৲
১৭।	আহারীয় মাংস ও হ্যাম ও পনীরের উপর	২০৲
১৮।	সুগন্ধি তৈলপ্রভৃতির উপর ...	২০৲
১৯।	গহনা ও রূপার পাত্র ও মলয়াকরা পাত্রের উপর	২৫৲

২০।	পর্টর। এল। বীর। সৈডর ও সেই প্রকারের গাঁজাধরা অন্য শরাবের উপর...	ইম্পিরিয়ল গালনপ্রতি ।৹
২১।	ওয়াইন ও অন্যং প্রকারের শরাবের উপর	২৲
২২।	উগ্র শরাবের উপর	৩৲

এবং উগ্র শরাবের তেজ লণ্ডন প্রুফের শক্তিঅপেক্ষা যত অধিক হয় তত ঐ হিসাবমতে মামুল বৃদ্ধি হইবেক।

		মূল্য বুঝিয়া শতকরা
২৩।	উক্ত ফিরিস্তিতে যে সকল দ্রব্য ধরা যায় নাই তাহার উপর ...	১০৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯ সাল ২২ মার্চ।]

SCHEDULE B.

Rates of Duty to be charged upon goods exported by sea from any Port in India not being a free Port.

1.	Bullion and Coin ...	Free.
2.	Precious Stones and Pearls ...	„
3.	Books, Maps, and Drawings printed in India ...	„
4.	Horses and other living Animals	„
5.	Cotton Wool	„
6.	Sugar and Rum	„
7.	Spirits	„
8.	Tobacco and all preparations thereof	„
9.	Raw Silk	„
10.	Grain and pulse of all sorts	2 annas the Indian Maund.
11.	Indigo	3 Rs. the Indian Maund.
12.	Lac Dye and Shell Lac ...	4 per cent. *ad valorem.*
13.	All country articles not enumerated or named above ...	3 per cent. *ad valorem.*

W. Morgan,
Clerk of the Council.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 26th February, 1859.

Baboo Sateowree Deb, Moonsiff of Thakoorgong, Zillah Dinagepoor, to be Moonsiff of Chowgong, Zillah Rajshahye; Moulvy Abdool Jubbar, Moonsiff of Chowgong, to be Moonsiff of Meherpoor, Zillah Nuddea; Moulvy Saadut Hossein, Moonsiff of Meherpoor, to be Moonsiff of Thakoorgong; Moulvy Hamidool Huq, Moonsiff of Bhutooreea, Zillah East Burdwan, to be Moonsiff of Khuudghose, in the same Zillah; Moulvy Tafail Ahmed, Moonsiff of Kunderah, Zillah Beerbhoom, to be Moonsiff of Bhutooreea; and Baboo Mohendronath Bose, B. L., to be Moonsiff of Kunderah, Zillah Beerbhoom.

The 12th March, 1859.

Baboo Omachurn Banerjea, to officiate as Moonsiff of Oolipoor during the absence on leave of the incumbent.

LEAVE OF ABSENCE.

The 12th March, 1859.

Moulvy Mahomed Alum, Moonsiff of Oolipoor, Zillah Rungpoor, for one month on Medical Certificate, in extension of the leave granted to him under the Court's orders of the 22nd ultimo.

A. W. Russell, *Register.*

[*Government Gazette*, 22*nd March*, 1859.

B. চিহ্নের তফসীল।

মুক্ত বন্দর না হইয়া ভারতবর্ষের যে কোন বন্দরহইতে সমুদ্রপথে কোন মালের রপ্তানী হয় তাহার উপর এই হারে মাসুল লাগিবেক।

১।	সোণারূপার চাক্তি ও মুদ্রার উপর ...	নাই
২।	মণিমুক্তাদির উপর	ঐ
৩।	ভারতবর্ষের ছাপা কেতাব ও ম্যাপ ও ছবির উপর	ঐ
৪।	ঘোড়া ও অন্যং জীবৎ জন্তুর উপর ...	ঐ
৫।	কাপাসের তূলার উপর	ঐ
৬।	চিনি ও রমের উপর	ঐ
৭।	উগ্র শরাবের উপর	ঐ
৮।	তামাকু ও তামাকুর প্রস্তুত সকল দ্রব্যের উপর	ঐ
৯।	কাঁচা রেশমের উপর	ঐ
১০।	চাউল ডাইল ও সকল প্রকারের মটর কলায়প্রভৃতির উপর	মোন প্রতি ৵ আনা।
১১।	নীলের উপর	মোন প্রতি ৩৲ টাকা।
১২।	লাহার রঙ্গ ও চাপড়া লাহার উপর	মূল্য বুঝিয়া শতকরা ৪৲
১৩।	দেশীয় যে সকল দ্রব্যের নাম উপরে করা যায় নাই ও ধরা যায় নাই তাহার উপর ...	মূল্য বুঝিয়া শতকরা ৩৲

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৬ ফেব্রুআরি।

জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু সাতকৌড়ি দেব জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ হইবেন। ও চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বার জিলা নদীয়ার মেহেরপুরের মুনসেফ হইবেন। ও মেহেরপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী সাহাদৎ হুসেন ঠাকুরগাঁয়ের মুনসেফ হইবেন। ও জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভাটুরিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী হামিদুল হক ঐ জিলার খণ্ডঘোষের মুনসেফ হইবেন। ও জিলা বীরভূমের কান্দেরার মুনসেফ শ্রীযুত মৌলবী তফাইল আহমদ ভাটুরিয়ার মুনসেফ হইবেন ও শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু B. L. জিলা বীরভূমের কন্দেরার মুনসেফ হইবেন।

১৮৫৯ সাল ১২ মার্চ।

অলিপুরের মুনসেফ ছুটী লইয়া যত কাল কর্ম্মে না যান তত কাল শ্রীযুত বাবু উমাচরণ বাঁড়ুয্যা ঐ স্থানের মুনসেফী কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ১২ মার্চ।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম সদর আদালতের গত মাসের ২২ তারিখের হুকুমমতে যে ছুটী পান তাহার অতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

১১০৪ নম্বর।
নিয়োগ।
১৮৫৯ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ বারাসতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এফ সিয়ার সাহেব (Lieutenant J. F. Sherer,) কুকি নামক পল্টনের অধ্যক্ষ ও কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন। লেপ্টেনেণ্ট সিয়ার সাহেব স্বীয় সিবিলসম্পর্কীয় কর্ম্মোপলক্ষে ১৮২১ সালের ৩ আইনক্রমে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের এবং ১৮৩১ সালের ৮ আইনমতে আসিষ্টাণ্ট কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

এতদ্দেশীয় ৫৭ পদাতিক পল্টনের কাপ্তান শ্রীযুত জে এল নেসন সাহেব (Captain J. L. Nation,) ছোট নাগপুরের এলাকায় বাঙ্গলা দেশের নবম পোলীস পল্টনের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত জি সি ব্লক সাহেব (Mr. G. C. Blake,) বাঙ্গলা দেশের নবম পোলীস পল্টনের দ্বিতীয় অধ্যক্ষ ও একটিং অজুটাণ্ট হইবেন।

শ্রীযুত আর এচ এলিস সাহেব (Mr. R. H. Ellis,) বাঙ্গলা দেশের নবম পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট হইবেন।

১৮৫৯ সাল ১৬ ফেব্রুআরি।

রঙ্গপুরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ জে লঙমোর সাহেব (Mr. W. J. Longmore,) শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেবের (Mr. A. G. Macdonald,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৯ ফেব্রুআরি।

দিনাজপুরের সদর আমীন ও সদর মুন্সেফ শ্রীযুত মৌলবী আলী নেওয়াজ গত অক্টোবর মাসের ২৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৬ ফেব্রুআরি।

সরকারী নিমক চৌকীর তত্ত্বাবধারক শ্রীযুত জে জি কাম্বেল সাহেব (Mr. J. G. Campbell,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনেরো মাসের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr. A. G. Macdonald,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ ডিডবলিউ জর্জ সাহেব (Mr. W. DeW. George,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বারো মাসের ছুটী পাইয়াছেন।

ডাকাইটী নিবারণার্থ কমিস্যনর সাহেবের তাবে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দত্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৭ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২২ মার্চ।]

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ১৮ ফেব্রুআরি।

নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে থাকিবেন।

এতদ্দেশীয় ত্রয়োদশ পদাতিক পল্টনের কাপ্তান শ্রীযুত ই স্মাইথ সাহেব (Captain F. Smyth,)।

দ্বিতীয় গ্রেনডিয়র পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত এফ এফ রৌক্রফ্ট সাহেব (Lieutenant F. F. Rowcroft,)।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৮১ নম্বর।
নিয়োগ,
১৮৫৯ সাল ২ ফেব্রুআরি।

আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক শ্রীযুত জে কক্স সাহেব (Assistant Overseer J. Cox,) জিয়াগঞ্জের ও নলহাটীর রাস্তায় নিযুক্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ১১ ফেব্রুআরি।

শ্রীযুত এচ এ কাক্রেল সাহেব (Mr. H. A. Cockerell,) ছিলটে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৯ সাল ১৬ ফেব্রুআরি।

রাণীগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander,) বাঁকুড়ার জইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ১৭ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু ব্রহ্মানন্দ দাস ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে কটকে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন। শ্রীযুত বাবু ব্রহ্মানন্দ দাস পেনসনী মহালে থাকিবেন এবং ঐ মহালে বর্ত্তমান কর্ম্ম বর্ত্তমান ক্ষমতানুসারে করিতে থাকিবেন।

১৮৫৯ সাল ১৮ ফেব্রুআরি।

শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) ভারতবর্ষহইতে যে জাহাজে প্রস্থান করেন সেই জাহাজের গমনের তারিখঅবধি শ্রীযুত সি বি ট্রেবর সাহেব (Mr. C. B. Trevor,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ হইবেন।

শ্রীযুত ই এ সামুয়েলস সাহেব (Mr. E. A. Samuells,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

কালীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস নেসন সাহেব (Mr. S. Nation,) বাকরগঞ্জে প্রেরিত হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ১৯ ফেব্রুআরি।

সুবাদার ঈশ্বরী সিংহ বাঙ্গলা দেশের দ্বিতীয় পোলীস পল্টনের ছোট লেপ্টেনেণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ১৩ ফেব্রুআরি।

রঙ্গপুরের সাবেক ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী গোলাম হুসেন গত মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৬ ফেব্রুআরি।

বর্দ্ধমানের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ এফ উলিয়মস সাহেব (Mr. H. F. Williams,) ১৮১৭ সালের অক্টোবর মাসের ২৯ তারিখে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৭ ফেব্রুআরি।

সদর আদালতের জজ শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) ১৮৫৭ সালের আপ্রিল মাসের ২৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে আগামি মাসের ৭ তারিখ কিম্বা তৎপরের কোন তারিখঅবধি যে জাহাজে প্রস্থান করিবেন সেই জাহাজের গমনের দিনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

সারণের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonell,) গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৮ ফেব্রুআরি।

বীরভূমের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু বেণিমাধব সোম অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৯ ফেব্রুআরি।

সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর শ্রীযুত ডবলিউ জি য়ং সাহেব (Mr. W. G. Young,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারানুসারে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ৩ ফেব্রুআরি।

মুরশিদাবাদ জিলা নদীয়া এলাকার রাজস্বের ও দায়েরসায়েরী কমিস্যনর সাহেবের এলাকাহইতে খারিজ হইয়া রাজশাহীর এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর সাহেবের এলাকাভুক্ত হইয়াছে।

১৮৫৯ সাল ১৯ ফেব্রুআরি।

সেনকাম গির্জার ধর্ম্মোপদেষ্টক শ্রীযুত পাদরি জে রিচার্ডস সাহেব (Reverend J. Richards,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিয়াছেন। অতএব ১৮৫৮ সালের ২১ জানুআরি তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

শ্রীযুত পাদরি ডবলিউ ডবলিউ ফিলপস সাহেব (Reverend W. W. Phelps,) উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে থাকিবেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা চট্টগ্রাম।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলার নীচের লিখিত মহাল মালগুজারীর বাকী বাবৎ ইঙ্গরেজী ১৮৫৯ সালের তারিখ ৮ এপ্রিল মোতাবেক সন ১২৬৫ বাঙ্গলা তারিখ ২৭ চৈত্র রোজ শুক্রবার এই কালেক্টরীতে বিনা ওজরে নীলাম ধরা যাইবেক ইতি সন ১৮৫৯ ইঙ্গরেজী তারিখ ১২ মার্চ।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

৪৮ নম্বর তরফ আজিম রওসন মালিক মাহাৎ হানিপ সদর জমা ৪২৸৩

১১৮ নম্বর নীলাম বৈদ্যনাথ কানুনগোয় মালিক খোদ সদর জমা ৪৪৭১।৴৭

১৯৫ নম্বর তরফ ফেদাই দৌলতের মধ্যে কাশীচন্দ্র ও হরগোবিন্দ ও বাকর আলী ও সমশের আলী ও সমশের আলী গোলাম আলী ও শ্যাম বিবি ও মাহাৎ ওছি ও ঈশানচন্দ্র মহাজন ও কিয়ত আলী ও মাহাৎ ছাচন ও মগোদা ও জান আলী ও নুরবানু জের বাঁটওয়ারা সূত্রে আদায় করাতে তাহারদিগের হকিয়ত বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ৪৭৪।৯

২৩১ নম্বর তরফ গোবিন্দকান্তের মধ্যে কাশীচন্দ্র ও হরগোবিন্দ গ্রহ ও রাধাকৃষ্ণ গ্রহ শ্রীমতী সাইছনি ও ঈশ্বরী জের বাঁটওয়ারা সূত্রে আদায় করাতে তাহারদিগের হকিয়ত বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ১৫১৲২

৩০৩ নম্বর তরফ কৃষ্ণদাস কানুনগোয় মালিক হরচন্দ্র রায় কানুনগোয় ও উমর আলী ভূইয়া সদর জমা ১০৩২৲

৩০৯ নম্বর তরফ খোসাল আজিমের মধ্যে আকিমা বিবি ও মাহাৎ মদন ও হাচন আলী জের বাঁটওয়ারা সূত্রে আদায় করাতে তাহারদিগের হকিয়ত বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছল্লম মহালের সদর জমা ২৬৫।৶

৩২৩ নম্বর তরফ মদন চৌধুরী মালিক আবদুলাল ও মেখননু ও ঠাকুর বক্স ভেণ্ডারী ও রামহরি দত্ত ও লক্ষ্মীকান্ত দত্ত ও রামহরি দত্ত ও গৌরকিশোর দত্ত ও রাজকিশোর দত্ত সদর জমা ৭১৩৲৯

৪৬৬ নং নীলাম গোবিন্দ মালিক কৃষ্ণচরণ সদর জমা ১৯৪।৶৯

৫০৫ নম্বর তরফ রামহরি কানুনগোয় মালিক চন্দ্রকলা ও রামলোচন সেন ও রামসুন্দর সেন ও গোপাল দাস সেন ও ফুলমোহন কেরানি ও গুরুদাস পাল ও দুর্গালোচন ও রামচন্দ্র শ্রীমতী জোলফতুন্নিছা ও মহেশ ও কৈলাসচন্দ্র ও কাশীচন্দ্র ওয়াদাদার ও মাগনদাস ও দুর্গাচরণ ও কৃষ্ণচরণ ও গিরিচন্দ্র ও নীলমণি সদর জমা ৮৮৩৸৯

৬৪৪ নম্বর তরফ আবদুল ওহাপ মালিক গৌরীমোহন সদর জমা ১৩৲৯

৭৯৭ নম্বর তরফ আনসফ মালিক খোদ সদর জমা ১১৸৩

৮৩৫ নম্বর তালুক আনোওরার মুনাফ মালিক মাহাৎ নছিম সদর জমা ১৫।৴৯

১০২৭ নম্বর তরফ ভঙ্গু রোস্তম মালিক ভঙ্গু ও রোস্তম ও মাহাৎ রাণী ও মুরাদ ও মুকিম ও আমানী ও রমজানী ও আক্কর ও উমেদ সদর জমা ১১৸৩৲০

[*Government Gazette, 22nd March, 1859.*]

১১৫১ নম্বর তরফ চান্দ পিছরে হরিচরণ মালিক কৃষ্ণমঙ্গল সদর জমা ১০৪৩

১১৫৯ নম্বর তরফ চান্দগাজী মালিক শাহামত আলী ও ছাদক আলী ও জোর খাঁ ও হায়দর আলী সদর জমা ১৫৸৬

১৪১০ নম্বর তরফ হবু শফী মালিক হারিমিয়া ও মদন ও মনু ও ছনু ও মাহাৎ ওয়ালী সদর জমা ৮৭।৵৬

১৫৮৫ নম্বর নীলাম জয়নারায়ণ মালিক মদনমোহন ও গুরুপ্রসাদ ঘোষ সদর জমা ৪৸৯

১৭১১ নম্বর তালুক জানজা আবজল মালিক মাগনদাস রায় সদর জমা ৫৬৩

১৮৫০ নম্বর তরফ মাহাৎ হোচন পাঠান টুলি মালিক মদনমোহন ও মদনমোহন ঘোষ ও ঠাকুরবক্স তেওয়ারী ও কৃষ্ণমঙ্গল বিশ্বাস সদর জমা ২৩৩

১৮৭৮ নম্বর নীলাম মাণিক্য দালাল মালিক মাণিক্য দালাল সদর জমা ১১।৵৬

১৯৮৭ নম্বর তরফ মুকারাম পিছরে শ্রীমন্ত মালিক রামদাস ভট্টাচার্য্য ও কালীকিঙ্কর ভৎ সদর জমা ২০।৵

২১৭২ নম্বর তরফ নুরবক্স মালিক নুরবক্স সদর জমা ১৩৸৵

২৪৩২ নম্বর তরফ রামশম্ভু মালিক মদনমোহন ঘোষ ও ঠাকুর বক্স তেওয়ারী ও নীলকণ্ঠ বাচপাই ও গৌরহরি বিশ্বাস সদর জমা ৮৮।৵৯

২৫৪৩ নম্বর নীলাম রহিম খাঁ মালিক চণ্ডীচরণ সেন সদর জমা ৩।৩

২৫৫৫ নম্বর তরফ কুদ্দম খাঁ মালিক রাজী ও বসারত ও নওয়াজিশ ও ছাদক সদর জমা ১২৸৫

৩২৩০ নম্বর তরফ রজা আলী মালিক শিবপ্রসাদ সিংহ সদর জমা ১২৲

৩৪৮৬ নম্বর তরফ রামদয়াল ব্রাহিরাম লক্ষ্মীপ্রিয়া মালিক হায়দর আলী সদর জমা ১৫৲২

৪৩০৬ নম্বর তালুক হরচন্দ্র রায় ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও নীলকমল সেন মালিক খোদহা সদর জমা ২৪৩৸৬

৪৪৬১ নম্বর তালুক গৌরীশঙ্কর বৈদ্যনাথ কানুনগোয় মালিক হরচন্দ্র রায় ও উমাচরণ কানুনগোয় ও শ্রীমতী বিশ্বেশ্বরী ও রামসুন্দর সেন সদর জমা ৭০১।৩

৭৯৫০ নম্বর তাৎ গৌরকিশোর ত্রিপুরা শরণ ও রাজকৃষ্ণ ও কেবলকৃষ্ণ ও জীবনকৃষ্ণ শরৎচন্দ্র মালিক খোদহা সদর জমা ১৫৲

১৫৫৮১ নম্বর তালুক বক্তার মালিক আজমৎ আলী পিছরে দেওয়ান আলী প্রকাশ ছনাউল্লা ও আজমত আলী পিছরে বোজু সদর জমা ১৪।৵৩

২৮৫৩১ নম্বর তালুক হারি মদন ও ছনু ও মনু ও খুল্লা বিবি ও জেয়াব বানু মালিক খোদহা সদর জমা ২২৸৩

২৮৫৩৬ নম্বর তালুক হারি মদন ও ছনু ও মনু ও ওলফা বিবি ও শ্রীমতী জেয়াব বানু মালিক খোদহা সদর জমা ১২৸৵

২৯৪৭৭ নম্বর তালুক হারি মিয়া ও মদন ও শ্রীমতী লজ্জা বিবি ও মনু ও ছনু মালিক খোদহা সদর জমা ১০।৵৩

A. Abercrombie, *Offg. Collector.*

জিলা ভাগলপুর।

এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল এলাকে জিলে ভাগলপুর সরকারী বাকী আদায়ের নিমিত্তে সন ১৮৫৯ সালের ২ আপরেল মোঃ সন ১২৬৬ সালের ১৫ চৈত্র রোজ শনিবার পুনঃনীলাম হইবেক।

প্রথম শ্রেণী এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ২২৫৯ জাএগির দাউদ শুবেদার থানে উধানালা লিখিত মালিক রাম সহাএ ও সদর জমা ২১৸৮৭

বতারিখ ১১ মার্চ সন ১৮৫৯ মোতাবেক ২২ ফালগুন সন ১২৬৬ সাল।

J. R. Muspratt, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

জমিদারীদিগর ইজারা।

বিন্দাসুন্দরী দাসী বাদিনী।

এঃ বিঃ মেকেন্টশ সাহেবদিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯ সালের ৫ আপ্রিল মঙ্গলবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেশ ওএলস সাহেব তাঁহার আফিসে উপরউক্ত মোকদ্দমাসংক্রান্ত জেলা নদীয়ার অন্তঃপাতি তরফ রাণাঘাটের ৴৮ এক আনা আট পাই হিস্যার ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হএন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌউস।

রিসিবর আফিস তারিখ ১৬ মার্চ ১৮৫৯।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২২ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 29, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২৯ মার্চ।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

The 29th January 1859.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 25th January 1859, and is hereby promulgated for general information :—

Act No. I. of 1859.

An Act for the amendment of the law relating to Merchant Seamen.

(Continued from page 195.)

Official Logs.

[Entries how to be signed.]

CVI. The entries hereby required to be made in official log-books shall be signed as follows, (that is to say), every such entry shall be signed by the master and by the mate or some other of the crew, and every entry of illness, injury, death, or birth shall be also signed by the surgeon or medical practitioner on board (if any) ; and every entry of wages due to, or of the sale of the effects of, any seaman or apprentice who dies shall be signed by the master and by the mate and some other member of the crew, and every entry of wages due to any seaman who enters Her Majesty's servic, shall be signed by the master and by the seaman or by the Officer authorized to receive the eaman into such service.

[Enalties in respect of official logs.]

CVII The following offences in respect of official lg-books shall be punishable as hereinafter mentioned, (that is to say)—

1. In any case an official log-book is not kept

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২৯ জানুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৫ জানুআরি তারিখে সম্মতি প্রকাশ করিলেন, এইক্ষণে সেই আইন সকল লোককে জানাইবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ১ আইন।

সওদাগরী জাহাজী লোকেরদের আইন সংশোধনের আইন।

[১৯২ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

সরকারী টপনামার বিধি।

[ঐ সকল কথাতে যে প্রকারে দস্তখৎ করিতে হইবেক তাহার কথা।]

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর ডেবিস সাহেব (Mr. W. R. Davies,) শাহাবাদে প্রেরিত হইয়া সেই স্থানে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৩ ফেব্রুআরি।

দিনাজপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী আলী নেওয়াজ বর্ত্তমান মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাস ছয় দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৪ ফেব্রুআরি।

রঙ্গপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা গত ডিসেম্বর মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৫ ফেব্রুআরি।

সারণ ও ত্রিহুতের অতিরিক্ত জজ শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) রাজধানীতে চিকিৎসকের স্থায়ি কমিটির সম্মুখে উপস্থিত হওনাভিপ্রায়ে ১৮৫৭ সালের ১৪ অক্টোবর তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপনমতে প্রস্তুত হওনার্থ আগামি আপ্রিল মাসের ১০ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৬ ফেব্রুআরি।

যশোহরের মাজিষ্ট্রেট শ্রীযুত হ ডবলিউ মলোনি সাহেব (Mr. E. W. Molony,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারার ১ প্রকরণানুসারে পনেরো দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৬ ফেব্রুআরি।

শ্রীযুত মেজর এচ এম নেলসন সাহেব (Major H. M. Nation,) স্বীয় প্রার্থনামতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।

সিবিলসর্ব্বাকীর সিক্রেটার শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) বর্দ্ধমান মাসের ১৬ তারিখে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৩৫ নম্বর।
নিয়োগ।
১৮৫৯ সাল ১৯ ফেব্রুআরি।

নিম্নের লিখিত কার্য্যকারকেরা ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারানুসারে ভবানীপুরের পাগলা গারদের দর্শক হইবেন।

মাডিকাল ডিপার্টমেণ্টের ডৈরেক্টর জেনরলসাহেব।
কলিকাতার পোলীসের কমিস্যনর সাহেব।
চব্বিশপরগনার মাজিষ্ট্রেট সাহেব।
চব্বিশপরগনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক সাহেব।

১৮৫৯ সাল ২৫ ফেব্রুআরি।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সূর্য্যকুমার সর্ব্বাধিকারী মাডিকাল কালেজের হাসপাটালের গৃহস্থ চিকিৎসক হইবেন।

১৮১৯ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত জেমস হাইণ্ড সাহেব (Mr. James Hind,) আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের অতিরিক্ত আসিষ্টাণ্ট হইবেন।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ই হৌএল সাহেব (Mr. J. E. Howell,) কিঞ্চিৎ কালের নিমিত্তে নদীয়াতে প্রেরিত হইয়া সেই স্থানে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছাহানাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন। এবং ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে হুগলী জিলাতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ১ মার্চ।

শ্রীযুত ই বি বেকর সাহেব (Mr. E. B. Baker,) শালকিয়াতে নিমক গোলার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫৯ সাল ২ মার্চ।

শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) পুরীতে মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট হইবেন কিন্তু চব্বিশপরগনাপ্রভৃতির অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) পুরণিয়ার কালেক্টর হইবেন কিন্তু উক্ত জিলার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত সি এফ মণ্টেসর সাহেব (Mr. C. F. Montresor,) মেদিনীপুরের কালেক্টর হইবেন কিন্তু চব্বিশপরগনার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) মুঙ্গেরের কালেক্টর হইবেন।

শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত এচ নেলসন সাহেব (Mr. H. Nelson, ত্রিহুত ও সারণের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ জে লঙমোর সাহেব (Mr. W. J. Longmore,) ছিলটের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[*Government Gazette, 29th March, 1859.*]

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) রঙ্গপুরের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) শাহাবাদের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) পাটনার মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন। হজুর কৌন্সলে শ্রীশ্রীমতী মহারাণীর ১৮৫০ সালের ৭ জানুআরি তারিখের হুকুমঅনুসারে, যে সকল সৈন্য কি অন্য লোক রাজবিদ্রোহিতা নিবারণের আইনানুযায়ি শ্রীশ্রীমতীর ওয়ারিণ্টের বিধানমতে শ্রীশ্রীমতীর ও তাঁহার উত্তরাধিকারিদের ও তাঁহার পর যিনি রাজস্ব পান তাঁহার সৈন্যদলে ভর্ত্তি হইতে চাহে এমত লোকদিগের নাম পাটনা শহরে লিখিয়া লইবার ও স্বাক্ষর করাইবার ক্ষমতা শ্রীযুত পামর সাহেবের (Mr. Palmer.) জুষ্টিস অফ পীসের পদোপলক্ষে তাঁহাকে দেওয়া গিয়াছে।

আরো যে সকল সৈন্য কি অন্য লোক শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনে কর্ম্ম করিবার জন্যে পুনরায় নাম লেখাইতে ও তাহাতে স্বাক্ষর করাইতে চাহে তাহারদিগেরও নাম লেখাইবার ও স্বাক্ষর করাইবার ক্ষমতা তাঁহাকে দেওয়া গেল।

শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr. H. C. Richardson,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এচ রেবেন্সা সাহেব (Mr. J. H. Ravenshaw,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।

দরঙ্গে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট টি লাম সাহেব (Lieutenant T. Lamb.) নিয়মিত ছুটী পাইবার দরখাস্ত দিবার আগে গত মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ৬ষ্ঠ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২ মার্চ

সদর আদালতের এক্টিং জজ শ্রীযুত ডি আই মনি সাহেব (Mr. D. I. Money,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মে মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নং ১৫৭।

ইশ্‌তেহার।

১ দফা। উড়িশিয়া প্রদেশের মধ্য এবং দক্ষিণ এজেন্সীহইতে মোং সালিখার সরকারী গোলায় লবণ ঢোলাই করিবার জন্যে টেণ্ডরের দরখাস্ত আগামি ১৭ মে তারিখের বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় লওয়া যাইবেক।

২ দফা। এই টেণ্ডরের দরখাস্ত সকল নিয়মিত ফারম মত দাখিল করিতে হইবেক তাহার ফারম এই দপ্তরখানায় দরখাস্ত করিলে পাওয়া যাইবেক।

৩ দফা। নীচের লিখিত প্রত্যেক২ প্রদেশহইতে লবণ রওয়ানা করিবার নিমিত্ত পৃথক্২ কানট্রাক্ট করিতে হইবেক ঐ প্রদেশ সকলের নাম এই কটক প্রদেশের মধ্য স্থল হাসুয়ার গোলা এবং দক্ষিণ অর্থাৎ পুরী এজেন্সী মধ্যে আস্ত্রাঙ্গ আডঙ্গ এবং চিলকার সমুদ্রীয় হ্রদ।

৪ দফা। যে সকল ব্যক্তি দরখাস্ত করিবেক তাহারদিগকে সাহেবান রিবিনিউ বোর্ডের এবং কটক দেশের কমিস্যনর সাহেবের খাতিরজমা করিয়া দিতে হইবেক যে যত নেমকের জন্য কানট্রাকটের প্রার্থনা রাখে তাহা সমুদয় নেমক ঢোলাইয়ের সমস্থান আছে এ প্রযুক্ত প্রত্যেক দরখাস্ত করণিয়াকে আপন দরখাস্তের সম্বলিত যে সকল সুলুপ ঢোলাইয়ের জন্য নিযুক্ত করিতে চাহে তাহার ইসমওয়ারি ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

৫ দফা। প্রত্যেক বৎসর হাসুয়ার গোলাহইতে ১০০০০০/ মোন নেমকের অধিক ঢোলাই হইবার সম্ভাবনা নাই আস্ত্রাঙ্গ আডঙ্গহইতে আন্দাজ ৮০০০০/ মোন নেমক আগামি বৎসর ঢোলাই হইতে পারে এবং চিলকিয়ার আডঙ্গহইতে আন্দাজ ৩২০০০০ মোন। প্রত্যেক প্রদেশহইতে যত মোন নেমক ঢোলাই করিবার জন্য সুলুপ আবশ্যক হইবেক তাহা সমুদয় নেমকের জন্য কিম্বা ঐ নেমকের সিকি ভাগের ন্যূন না হয় এমত অংশের জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবেক।

৬ দফা। কানট্রাক্টদারান যে পরিমাণ নেমকের নিমিত্তে কান্‌ট্রাক্ট নির্দ্দিষ্ট হইবেক সেই পরিমাণ নেমক ইস্তক অক্টোবর মাসের আখেরি কটাল লাগাদ ফেব্রুআরি মাসের শেষ এই মেয়াদের মধ্যে ঢোলাই করিতে কবুলতি দিবেক।

৭ দফা। যে২ ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহারদিগকে আপন আপন কান্‌ট্রাকটের কর্ম্ম সুচারুরূপে আঞ্জামের জন্য গবর্ণমেণ্ট প্রমিস্বরী নোট অথবা অন্য অপরিহার্য্য মাতবর জামিনী দাখিল করিতে হইবেক।

৮ দফা। বোর্ডের এমত এক্তিয়ার থাকিল যে কোন কারণ না দর্শাইয়া কোন ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত নামঞ্জুর করিতে পারেন।

বিমৌজীর হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ।

ফোর্ট উলিয়ম। সন ১৮৫৯ সাল তারিখ ১৫ মার্চ।

ই টি ট্রবর সেক্রেটারী।

এস্তেহারনামা কাছারী চৌকীয়াত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৪ মার্চ।

যেহেতু অত্রাধীন চৌকী সূতানুটির ফটিকচন্দ্র ঘোষ মোহরের ও রামচন্দ্র পাত্র চাপরাসির ২১ জানুআরি তারিখের গ্রেপ্তারি ২/ দুই মোন পাঙ্গা নেমকের মোকদ্দমা সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মমত নিষ্পত্তি জন্যে শহর কলিকাতার জুষ্টিস আপ দি পীস সাহেবের হজুরে গত ২১ মার্চ তারিখে নিষ্পত্তির দিনাবধারতে ইতিপূর্ব্বে বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে সম্বাদ হওয়ায় তদনুযায়ি সাহেব মৌসুফ ঐ গেজেটে নেমকের মালেক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৯ মার্চ।]

হাজীরের বিষয় লিপী না থাকা দৃষ্টে পুনরায় গেজেটে সম্বাদ করার অনুমতি প্রদান করিয়াছেন মতে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে আগত আপ্রিল মাহার ২৫ তারিখে পুলীসের বিচারকর্ত্তা উক্ত আইনমত তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন যদি কেহ উক্ত নেমকের দাবি রাখে রীতমত তথায় হজুরে হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিকক। কলিকাতার নেমক চৌকির এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

এস্তেহারনামা কাছারী চৌকীয়াত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৪ মার্চ।

যেহেতু অত্রাধীন চৌকী সূতানুটির ফটিকচন্দ্র ঘোষ মোহরের ও রামচন্দ্র পাত্র চাপরাসির ২১ জানের তারিখের ৬৪ সের পাঙ্গা নেমকের মোকদ্দমা সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মমতে নিষ্পত্তিজন্য শহর কলিকাতার জুষ্টিস আপ দি পিস সাহেবের হজুরে গত ২১ মার্চ তারিখে নিষ্পত্তির দিনাবধারিতে ইতিপূর্ব্বে বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে সম্বাদ হওয়ায় তদনুযায়ি সাহেব মৌসুফ ঐ গেজেটে নেমকের মালেক হাজিরের বিষয় লিপি না থাকা দৃষ্টে পুনরায় গেজেটে সম্বাদ করার অনুমতি প্রদান করিয়াছেন মতে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে আগত আপ্রেল মাহার ২৫ তারিখে পুলীসের বিচারকর্ত্তা উক্ত আইনমত তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন যদি কেহ উক্ত নেমকের দাবি রাখে রীতিমত তথায় হজুরে হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিকক। কলিকাতার নেমক চৌকীর এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

এস্তেহারনামা কাছারী চৌকীয়াত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৩ মার্চ।

যেহেতু অত্রাধীন ফাঁড়ি শ্যামবাজারের ফকীর সিংহ চাপরাসীর দ্বারা গত সনের ১১ নবেম্বর তারিখে বিনা দলীলের ।৵ দশ সের এক ছটাক পাঙ্গা নেমক এক ধামা ভারবহে গ্রেপ্তার হইবার তাহার মালেক এপর্য্যন্ত হাজির না আইসায় সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে যে পুলীসের বিচারকর্ত্তা যাঁহার সরহদ্দের মধ্যে ঐ নেমকইত্যাদি গ্রেপ্তার হইয়াছে তিনি সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মানুযায়ি আগত এপ্রেল মাহার ২৫ তারিখে পুলীস আপীসে তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন উক্ত নেমকাদিতে কেহ দাবী রাখিলে রীতিমত হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিকক। কলিকাতার নেমক চৌকীর এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

এস্তেহারনামা কাছারী চৌকীয়াত নেমক মোতালকে শহর কলিকাতা সন ১৮৫৯ সাল তারিখ ২৩ মার্চ।

যেহেতু অত্রাধীন ফাঁড়ি খড়োপোস্তার মুজাহৈদর আলী এক্টিং জমাদারের দ্বারা গত সনের ৮ নবেম্বর তারিখের বিনা দলীলের /৭৬ সাত সের তিন পোয়া করকচ নেমক একটা টুকরি ভারবহে গ্রেপ্তার হইবার তাহার মালেক এপর্য্যন্ত হাজির না আইসায় সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে অধুনা এই ঘোষণা প্রকাশ করা যাইতেছে পুলীসের বিচারকর্ত্তা যাঁহার সরহদ্দ মধ্যে ঐ নেমক ইত্যাদি গ্রেপ্তার হইয়াছে তিনি সন ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারার মর্ম্মানুযায়ি আগত আপ্রেল মাহার ২৫ তারিখে পুলীস আপিসে তদ্বিষয়ের বিচার নিষ্পত্তি করিবেন উক্ত নেমকাদির কেহ দাবি রাখিলে রীতিমত হাজির হইতে পারে ইতি।

এ ডবলিউ পিকক। কলিকাতার নেমক চৌকীর এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 2nd day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of February, 1858 until the Twenty-eighth day of February, 1859 has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 25th March, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ মে সাহেবের বিষয়।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এবিষয়ের পুনশ্চ শুনিবার জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৮ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখঅবধি ১৮৫৯ সালের ফেব্রুআরি মাসের ২৮ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনিবার দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা। ১৮৫৯ সাল ২৫ মার্চ।

[*Government Gazette, 29th March, 1859.*]

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

জমিদারীদিগর ইজারা।

বিন্দাসুন্দরী দাসী — বাদিনী

এঃ বিঃ মেকেন্টশ সাহেবদিগর — প্রতিবাদী

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯ সালের ৫ আপ্রিল মঙ্গলবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেশ ওএলস সাহেব তাঁহার আফিসে উপরউক্ত মোকদ্দমাসংক্রান্ত জেলা নদীয়ার অন্তঃপাতি তরফ রাণাঘাটের ৴৮ এক আনা আট পাই হিস্যার ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হএন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি

কোর্ট হৌউস।

রিসিবর আফিস তারিখ ১৬ মার্চ ১৮৫৯।

বিজ্ঞাপন।

১ দফা। এই বিজ্ঞাপন দ্বারা সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে নূতন আইনের যে সকল পাণ্ডুলিপি অর্থাৎ মুসাবিদা সরকারী গেজেটে প্রকাশ হইয়াছে তাহা অতিসত্বরে আইনরূপে জারী হইবেক আমি ঐ সকল আইন একত্রে সংগ্রহপূর্ব্বক বাঙ্গালা ভাষায় মুদ্রিত করণে সম্পূর্ণ উদ্যোগী হইয়া এই বিজ্ঞাপন প্রচার দ্বারা গ্রাহি গ্রাহক মহোদয়গণকে জানাইতেছি, যাঁহারা আমার প্রেরিত এস্তাহারে নাম স্বাক্ষর করিবেন অথবা পত্রের দ্বারা ক্রয়ের ইচ্ছা জানাইবেন তাঁহারদের স্থানে এই পুস্তকের প্রত্যেক খণ্ডের মূল্য ডাক মাসুলসমেত ৪৲ টাকা ও বিনা স্বাক্ষরকারিদিগের স্থানে ৫৲ টাকা গৃহীত হইবেক।

২ দফা। ইতিপূর্ব্বে ইং ১৮১২ লাং ১৮৫৮ সালের দেওয়ানী ও মালসংক্রান্ত যে সকল আইন ও সরকুলর চিঠীইত্যাদি মৎকর্ত্তৃক ছাপা হইয়াছিল তাহা সমুদায় বিক্রয় হওয়াতে পুনরায় ঐ সকল আইন ও চিঠী বঙ্গ ভাষায় মুদ্রাঙ্কনপূর্ব্বক প্রতিখণ্ডের মূল্য ডাকমাসুলসমেত ২৲ টাকা ধার্য্য করিলাম, যাঁহারদের ঐ পুস্তকের প্রয়োজন হইবেক তাঁহারা মূল্যের টাকা আমার নিকট পাঠাইলে পুস্তক পাইবেন, ইতি ১৫ মার্চ ১৮৫৯ সাল।

শ্রী মহম্মদ এসমাইল, উকীল সদর সেওয়ানী।

মোং কলিকাতা।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি	৩৮০০০	শং	২৷৷০
নূতনাভিধান	২০০০০	ঐ	১৲
অমরার্থ দীপিতি			১৷৷০
হরিভক্তি বিলাসসটীক			১৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ			
গৌড়ীয় ভাষায়			১ অবধি
১২ সংখ্যাপর্য্যন্ত			৩৲
এবং প্রতিমাসে এক খণ্ড প্রকাশ হইতেছে			।০
১৩নাং ২৪ সংখ্যা		অং	২৲
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত			১।২৷৩
৪।৫।৬।৭।৮ স্কন্ধ			৫।০
যোগবাশিষ্ঠ		১মাং	২৷৩ খণ্ড ৪

অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা, ১ খণ্ড ৪

সপ্তকাণ্ড রামায়ণ প্রং ২

আরব্যোপখ্যান, ১ নাং ৫, পঞ্চম খণ্ডে ৫

অপূর্ব্বোপাখ্যান, ২১ প্রং ২

বত্রিশ সিংহাসন, গদ্য ১

আদ্যকৃত ইং বাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসমূলিত ৭০০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫

শিবসংকীর্ত্তন ১

ইংরাজী শকুন্তলা ১

প্রবোধচন্দ্র নাটক ১

হিতোপদেশ ইং বাং সং ২

বেদান্তসার ১

কাঞ্জীর বিচার ৷৷০

অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশতএক জেলুদ ১০ খণ্ড প্রতিমর্ত্তি ১

রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০

রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম ৫০

রোম দেশীয় তিহাস ৬৲

গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲

ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲

ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲

ন্যায়দর্শন ২৷৷০

কেরি বাং ইং ডিক্সনরি ৫০

জেকবের লা, ডিক্সনরী ১০৲

পূর্ণচন্দ্রোদয় এবং সংস্কৃত মূল পুরাণাদির ভাষাসহিত ২০০ পৃষ্ঠা মাসিক ১ বাং ৮৲

চিকিৎসাসার ১৷৷০

কোলব্রুকের অমরকোষ ৮৲

ঐ ব্যবস্থা ... ... ২৪৲

ঐ হিন্দুলা ১৫

ঐ মেকনাটন ২০৲

গবর্ণমেণ্টআইন ইং ১৭৯৩ নাং ১৮৩৩.৯ বালম ১০৲

শব্দসাধন মুক্তাবলী ২৲

চমৎকার হিরাজাদ ... ১৲

আলালের ঘরের দুলালঽ৲

মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲

নানা প্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানীহইয়াছে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৯ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত যে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 5, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৫ আপ্রিল।

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 991.

To the Collector of Land Revenue, Lower Provinces.

In continuation of the Circular of this Office No. 977 of the 28th October last, I have the honor to forward herewith for your information and guidance Copy of the correspondence noted in the margin* regarding the package and transmission of Treasure.

(Signed) R. P. HARRISON,
Offg. Aeett. Govt. of Bengal.

Fort William,
Office of Aeett., Govt. of Bengal,
The 28th February 1859.

No. 363.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Secretary to the Government of Bengal.

Dated Fort William, the 26th October 1858.

I am directed to acknowledge the receipt of your letter No. 2051 dated 18th ultimo with Enclosure and to submit for His Honor's consideration the following observations.

2d. The Board have some doubt on one or two points regarding the intent of the Orders of the Government of India and they consider it expe-

1. Revenue Board's Secretary's letter No. 363, dated 26th October 1858 to the Secretary to the Government of Bengal.

2. Bengal Government Secretary's letter No. 2384, dated 3rd November 1858, to the Secretary to the Government of India, Financial Department. Orders of the Government of India in the Financial Department No. 7184 dated 17th December 1858.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৯৯১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এই দফ্তরখানার গত অক্টোবর মসের ২৮ তারিখের ৯৭৭ নম্বরের পত্রের অতিরিক্ত, খাজানার টাকা তোড়ায় বাঁধিয়া চালান করিবার কথার নীচের * লিখিত পত্রের নকল তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

আর পি হারিসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ২৮ ফেব্রুআরি।

৩৬৩ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ২৬ অক্টোবর।

তোমার গত মাসের ১৮ তারিখের ২০৫১ নম্বরের পত্র ও তাহার সঙ্গে যে লিপি ছিল তাহা পাইয়াছি। ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের বিবেচনার জন্যে এই কথা লিখিয়া পাঠাইতেছি।

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুমের অভিপ্রায়সম্পর্কীয় দুই এক কথাতে বোর্ডের সাহেবেরদের কিছু সন্দেহ আছে। ও অধীন কার্য্যকারক সাহেবেরদের

* ১। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে বোর্ড রেবিনিউর সেক্রেটারী সাহেবের ১৮৫৮ সালের ২৬ অক্টোবর তারিখের ৩৬৩ নম্বরের পত্র।

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৫৮ সালের ৩ নবেম্বর তারিখের ২৩৮৪ নম্বরের পত্র। ও ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৮ সালের ১৭ ডিসেম্বর তারিখের ৭১৮৪ নম্বরের হুকুম।

dient that these should be cleared up before communicating the orders to the several subordinate authorities.

3d. His Honor is aware that Remittances are made every year from some Mofussil Treasuries to the General Treasury which remain a certain time at an intermediate Station for instance the surplus Treasure from Mymensing is sent through Tipperah to Dacca and is there shipped on board the Steamer. The Bulloah Treasure in like manner is sent to Chittagong, and the Cuttack Treasure to Poorce. If in these instances it is intended that the Remittance should be examined and weighed at the Mofussil Receiving Treasury it appears to the Board that inconvenience and delay are likely to occur.

4th. For instance when the Accountant hears that a Steamer is about to visit Poorce in the cold weather for Treasure immediate notice is given to the Cuttack Collector but before the Treasure from this latter station can reach Poorce, it may be, and the Board believe generally is that the Steamer has arrived. In this case what is to be done? To open the Cuttack boxes weigh and examine the contents and repack, say two lacs of Treasure cannot be done properly in a small Mofussil Station under a-day and-half or two days. Is this delay to be incurred? Suppose again that the Steamer has not arrived but is hourly expected what course should be persued?

5th. Again Remittances are made from the General Treasury to some of the Behar Stations these go to Patna by water and will have to be forwarded to Tirhoot, Arrah, Chuprah or Gya by land, the Board presume that it is intended that every box should on arrival at Patna be opened and its contents weighed and examined and then repacked into land boxes containing 4000 Rupees each.

(Signed) E. T. TREVOR,
Secretary.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 18th January 1859.

No. 2384.

From A. R. Young, Esq., Secretary to the Government of Bengal, to the Secretary to the Government of India, Financial Department.

Fort William, the 3d November 1858.

With reference to your communication No. 5042, dated the 30th August last, I am directed to forward for the consideration and orders of the Hon'ble the President in Council, the accompanying Copy of a letter No. 363 dated the 26th ultimo, from the Secretary to the Board of Revenue relative to the examination of Remittances of Treasure received at an intermediate Treasury for consignment to other Treasuries.

(Signed) A. R. YOUNG,
Secretary to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

নিকটে ঐ সকল হুকুম জ্ঞাত করিবার আগে এ সন্দেহ ভঞ্জন করা বিহিত বোধ করেন।

৩। মফঃসলের কোন২ খাজানাখানাহইতে বৎসরে২ খাজানা জেনরল ত্রেজুরীতে চালান হইয়া থাকে, ও চালান হইবার সময়ে পথিমধ্যে কোন২ স্থানে কিছু কাল থাকে, এই কথা শ্রীযুত অবশ্য অবগত আছেন। যথা, ময়মনসিংহের যে খাজানা ফাজিল থাকে তাহা ত্রিপুরা দিয়া ঢাকাতে চালান হয় ও ঢাকাতে কলের জাহাজে দিয়া চালান হয়। ভুলুয়ার খাজানাও সেই প্রকারে চাটগাঁয়ে চালান হয় ও কটকের খাজানা পুরীতে চালান হয়। এমন স্থলে ঐ খাজানা মফঃসলের কোন খাজানাখানাতে পঁহুছিলে তাহা দেখিয়া ও ওজন করিয়া দেওয়া যায় এমন অভিপ্রায় যদি থাকে, তবে বোর্ডের সাহেবেরা বোধ করেন তাহাতে অনেক ক্লেশ ও বিলম্ব সম্ভাবনা।

৪। ইহার দৃষ্টান্ত। কলের জাহাজ খাজানা লইয়া যাইবার জন্যে শীত কালে পুরীতে যাইবেক, পুরীর হিসাবনবীস এই সম্বাদ পাইয়া তৎক্ষণাৎ কটকের কালেক্টর সাহেবকে সম্বাদ দেন। কিন্তু কটকহইতে ঐ খাজানা পুরীতে না পঁহুছিতে২ কলের জাহাজ গিয়া পঁহুছে। এমন হইতে হইতে পারে, বরং বোর্ডের সাহেবেরা বোধ করেন অনেকবার হইয়া থাকে। এমন স্থলে কি করিতে হইবেক। কটকের বাক্স খুলিয়া তাহাতে কমবেশ যে দুই লক্ষ টাকা থাকে তাহা সকল ওজন করিয়া দেখিয়া পুনরায় বাক্সে ভরিয়া বন্ধ করিতে হইলে, মফঃসলের ক্ষুদ্র মোকামে তাহা উচিতমতে করিতে গেলে অবশ্য দেড় দিন কি দুই দিনের কমে হইতে পারিবেক না। এই প্রকারের বিলম্ব করা কি উচিত। অথবা খাজানা পঁহুছিয়া তৈয়ার হইলে যদি জাহাজ পঁহুছে নাই, কেবল ঘণ্টা২ তাহার পঁহুছিবার অপেক্ষা আছে, তবে কি করিতে হইবেক।

৫। আরো। জেনরল ত্রেজুরীহইতে কিছু খাজানা বেহারের কোন মোকামে পঠাইতে হইলে, সেই খাজানা পাটনাপর্য্যন্ত জলপথে যায় ও সেই স্থানহইতে ত্রিহুতে কি আরাতে কি ছাপরায় কি গয়াতে স্থলপথে চালান করিতে হইবেক। অথচ প্রত্যেক বাক্স পাটনায় পঁহুছিলে তাহা খুলিয়া, তাহার সকল টাকা ওজন করিয়া, দেখিয়া, যাহাতে ৪০০০৲ টাকা করিয়া ধরে স্থলপথে যাইবার এমত বাক্সে পুনরায় ভরিয়া বন্ধ করিতে হইবেক, এই সকল কর্ম্ম হইবার অভিপ্রায় আছে, বোর্ডের সাহেবেরা এমত বোধ করেন।

ই টি ট্রেবর। সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ১৮ জানুআরি।

২৩৮৪ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৮ সাল ৩ নবেম্বর।

তোমার গত আগষ্ট মাসের ৩০ তারিখের ৫০৪২ নম্বরের পত্রের উপলক্ষে, আমি হুজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের বিবেচনার নিমিত্তে ও তাঁহার হুকুম হইবার জন্যে বোর্ড রেবিনিউর সেক্রেটারী সাহেবের গত মাসের ২৬ তারিখের ৩৬৩ নম্বরের পত্রের এক কেতা নকল পাঠাইতেছি। খাজানা যখন এক স্থানহইতে অন্য স্থানে চালান করিতে হয় তখন পথিমধ্যে কোন খাজানাখানাতে পঁহুছিলে সেই খাজানা দেখিয়া লইবার কথা এ পত্রে লেখা আছে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 7184.

Fort William, Financial Department,
The 17th December 1858.

The Hon'ble the President in Council is of opinion that the Board of Revenue are right in supposing that this Government in their order of 30th August last, intended that every box of Treasure delivered at the Patna Treasury should be opened and repacked into land boxes containing 4000 Rupees each, if the Treasure has to be sent by land to Tirhoot, Arrah, Chuprah, or Gya, and His Honor in Council does not see why the Treasure delivered at Dacca should not be opened and examined and repacked in the boxes used for transmission to Calcutta by water.

Should it be found necessary on any occasion to make the Cases of Treasure sent from Cuttack and Bhulloah exceptions to the general rule, Podars from those remitting Treasuries should be sent with the remittances to Calcutta and in such cases, the Treasurers at Chittagong and Poorce should have nothing to do with the remittances, nor should any mention whatever of the remittances be made in the books of those Collectorates, the boxes being placed in the Treasuries of those Collectorates for safe custody merely, and the Treasurers of Cuttack and Bhulloah being held exclusively answerable. But in all cases his Honor in Council considers it would be better that by the exercise of a little forethought, remittances should be made from Bhulloah to Chittagong and from Cuttack to Poorce betimes, so as to allow of their being credited in the Poorce and Chittagong Treasuries before transmission to Calcutta.

Ordered also that a copy of the above order be sent to the Accountant to the Government of Bengal.

By order of the Hon'ble the President in Council.

(Signed) C. B. LUSHINGTON,
Secy. to the Govt. of India.

No. 992.

To the Collector of Land Revenue, Lower Provinces.

Great inconvenience being felt in the Office of the Accountant General to the Government of India owing to the non-submission to it by Collectors of duplicate receipts for remittances made to them from the General Treasury, I have the honor to draw your attention to the fact and to request that you will invariably forward such receipts in future to the Accountant General as di-

[*Government Gazette, 5th April*, 1859.] 2 E 2

৭১৮৪ নম্বর।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৮ সাল ১৭ ডিসেম্বর।

ত্রিহুতে কি আরাতে কি ছাপরায় কি গয়াতে যদি কিছু খাজানা স্থলপথে পাঠাইতে হয়, তবে এ খাজানার যত বাক্স পাটনার খাজানাখানাতে পঁহুছাইয়া দেওয়া যায় তাহার এক২ বাক্স খুলিয়া, যাহাতে ৪০০০৲ টাকা করিয়া ধরে স্থলপথে যাইবার এমত বাক্সেতে পুনরায় ভরিয়া দিয়া বন্ধ করা যায়, এই গবর্ণমেণ্টের গত আগষ্ট মাসের ৩০ তারিখের হুকুমের এমত অভিপ্রায় থাকার বিষয়ে বোর্ড রবিনিউর সাহেবেরদের যে অনুভব হইতেছে, তাহা হুজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব যথার্থ বোধ করেন। ও ঢাকাতে যে খাজানা পঁহুছে তাহা খুলিয়া দেখিয়া, জলপথে কলিকাতায় চালান করিবার উপযুক্ত বাক্সে পুনরায় ভরিয়া না দেওয়া যাইতে পারে, ইহার কোন কারণ হুজুর কৌন্সেলে শ্রীযুত বুঝিতে পারেন না।

কটক ও ভুলুয়াহইতে খাজানার যে সিন্দুক চালান হয়, তাহা লইয়া যদি কোন স্থলে ঐ সাধারণ বিধি ছাড়িয়া কর্ম্ম করা আবশ্যক হয়, তবে যে খাজানাখানাহইতে ঐ খাজানা চালান হয় সেই স্থানহইতে পোদ্দারদিগকে ঐ খাজানার সঙ্গে কলিকাতায় পাঠাইতে হয়। তাহা হইলে, এ খাজানার সঙ্গে চাটগাঁয়ের ও পুরীর খাজাঞ্চী সাহেবেরদের কিছু সম্পর্ক থাকিবেক না। ও সেই চালানকরা খাজানার কিছু কথা এ২ কালেক্টরীর খাতায় লিখিতে হইবেক না। ঐ খাজানার বাক্স কেবল নিরাপদে থাকিবার জন্যে এ২ কালেক্টরীর খাজানাখানাতে রাখা যাইবেক। তাহার নিমিত্তে কেবল কটকের কি ভুলুয়ার খাজাঞ্চী সাহেবেরা দায়ী হইবেন। পরন্তু হুজুর কৌন্সেলে শ্রীযুক্ত বোধ করেন যে, কলিকাতায় চালান হইবার পূর্ব্বে, ভুলুয়ার খাজানা চাটগাঁয়ের খাজানাখানায় জমা হইতে পারে, ও কটকের খাজানা পুরীর খাজানাখানাতে জমা হইতে পারে, এমন উপযুক্ত সময়ে কিঞ্চিৎ পরিশ্রম দর্শিতাপূর্ব্বক চালান হইলে সর্ব্বদাই আরো ভাল হয়।

আরো হুকুম হইল যে উক্ত হুকুমের এক কেতা নকল বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকেকাণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠান যায়।

হুজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমমতে।

সি এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৯৯২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

জেনরল ত্রেজুরীহইতে যে টাকা নানা কালেক্টর সাহেবের নিকটে চালান হয় তাহার ডুপ্লিকেট রসীদ কালেক্টর সাহেবেরা পাঠান না, ইহাতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আকেকাণ্টেণ্ট জেনরল সাহেবের দপ্তরখানায় অনেক ক্লেশ হইয়া থাকে। এই কারণে সেই কথায় তোমার মনোযোগ জন্মাইয়া এই আদেশ করিতেছি যে, এই দপ্তরখানার ১৮৫৭ সালের ১৮ জুন তারিখের ৯২৩ নম্বরের সরকুলরের লিখিত হুকুমমতে

rected in the Circular of this Office No. 923 dated the 18th June 1857.

(Signed) R. P. HARRISON,
Offg. Acctt. Govt. of Bengal.

Fort William;
Office of Acctt. Govt. of Bengal,
The 5th March 1859.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 3.

To the Civil Judges in the Lower Provinces, and Deputy Commissioner of Chota Nagpore.

I am directed by the Court to forward to you for your information and guidance, and for communication to the Officers concerned, an extract from a letter from the Civil Auditor No. 285, dated the 28th Instant, under which Moonsiffs, being Heads of offices themselves, are not eligible to casual leave under the Rules dated the 28th September last, which were circulated to the Civil Authorities.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 31st January 1859.

Extract from a letter No. 285, dated the 28th January 1859, from the Civil Auditor to the Register of the Sudder Court.

I have the honor to inform you, that Heads of Offices are authorized under the Resolution passed by the Government of India in the Financial Department, under date the 12th June 1857, to grant casual leave of absence to any subordinate officer, who, without leaving his station, may be compelled to remain at home; and as Moonsiffs are themselves Heads of Offices, they are not in my opinion eligible to casual leave with reference to Rule dated 28th September last.

(True Copy.)
R. STUART,
Assistant Register.

No. 5.

To the Judges in the Lower Provinces, and Deputy Commissioner of Chota Nagpoor.

I am directed by the Court to forward to you the accompanying papers as per margin,* relative to the examination of Candidates for admission into the different branches of the Uncovenanted Service, and to request that you will submit for the information of Government, your opinion on the subject.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 13th February 1859.

Minute by the Lieutenant-Governor of Bengal,—
(dated the 31st August 1855.)

[Examination of Candidates for Moonsiffs and Vakeels.]

I was about to address the Sudder Court on the subject of the examinations for diplomas for Moonsiffships and Vakeelships when it was brought to my notice that the Court in conformity with the orders of the Government of Bengal of October 1853, had already issued a Notification regarding the examinations in question.

The subject appears to me however to be of such importance that notwithstanding the Notification has actually gone forth, I should not be justified in leaving it undiscussed and in omitting to inform the Sudder Court of the strong doubts I cannot help entertaining of the expediency of the course adopted.

The Notification of the Court which is in accordance with the instructions they received from the Government, announces that an examination of Candidates for the Office of Pleader in the Sudder Court or in the Courts of the Zillah Judges and Principal Sudder Ameens will be held on the 14th January next, at Calcutta, Patna, Dacca and Cuttack.

Although Moonsiffs are not mentioned, I have ascertained that the Notification is intended to include candidates for Moonsiffships, the examination for that office being the same as for the office of Pleader.

The Notification states—

(1.) That each candidate must produce either a Junior Scholarship Certificate, or a testimonial of corresponding proficiency for some known respectable Institution.

(2.) That in addition to the ordinary tests the candidates must be examined in,

1*st.* Smith's Manual of Equity Jurisprudence.

2*nd.* Sir J. E. Wilmot's Abridgment of Blackstone's Commentaries.

3*rd.* Macpherson's Civil Procedure.

4*th.* Elberling's Treatise on Inheritance.

The great complaint against our administration in all parts of the country except about Calcutta, and from all our Native Subjects except the comparative few who have acquired a knowledge of English, is that our measures are beginning to be so shaped as to give rise to a suspicion that we

[*Government Gazette, 5th April*, 1859.]

* Minute by the Lieutenant Governor, dated the 31st August 1855.

Minute by the Lieutenant Governor, dated the 24th April 1857.

Extract (Paras. 12 and 13) from a despatch from the Secretary of State for India, No. 11 of 1858, dated 29th September with enclosure.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব ও ছোট নাগপুরের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

সিবিল আডিটর সাহেবের বর্ত্তমান মাসের ২৮ তারিখের ২৮৫ নম্বরের পত্রহইতে গৃহীত কথা তোমার জানিবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে, ও তাহাতে যে কার্য্যকারকেরদের কথা লেখা আছে তাঁহারদিগকে জানাইবার নিমিত্তে, সদর আদালতের সাহেবেরদের হুকুমমতে পাঠাইতেছি। সেই পত্রেতে এই কথা লেখা আছে। মুনসেফেরা নিজে দফ্তরখানার প্রধান কার্য্যকারক হন, অতএব গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের যে বিধান দেওয়ানীর কার্য্যকারক সাহেবেরদের নিকটে পাঠান গিয়াছিল, সেই বিধানমতে তাঁহারা কদাচিৎ কএক দিনের ছুটী পাইতে পারেন না।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৩১ জানুআরি।

সদর আদালতের রেজিষ্টর সাহেবের নামে সিবিল আডিটর সাহেবের ১৮৫৯ সালের ২৮ জানুআরি তারিখের ২৮৫ নম্বরের পত্রহইতে গৃহীত কথা।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ১৮৫৭ সালের ১২ জুন তারিখে যে নির্দ্ধারণ হইয়াছিল, তদনুসারে দফ্তরখানার প্রধান কার্য্যকারকেরদিগকে এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে, তাঁহারদের অধীন কোন কর্ম্মকারকের কোন কর্ম্মপ্রযুক্ত যদি কর্ম্মের স্থান না ছাড়িলেও ঘরে থাকিবার প্রয়োজন হয়, তবে তাঁহাকে কদাচিৎ কএক দিনের ছুটী দেন। মুনসেফেরা নিজে দফ্তরখানার প্রধান কার্য্যকারক হন, অতএব তাঁহারা গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের বিধানমতে এ প্রকারের ছুটী পাইতে পারেন না, আমার এই বিবেচনা হইতেছে।

(যথার্থ নকল।)
আর টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব ও ছোট নাগপুরের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

অঙ্কিত কার্য্যকারকেরা যে পদে নিযুক্ত হন সেই২ পদ প্রাপণাকাঙ্ক্ষিরদের ইমতিহানের কথার নীচের লিখিত * কাগজপত্র সদর আদালতের হুকুমমতে তো-

* শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৫৫ সালের ৩১ আগষ্ট তারিখের মন্তব্য কথা।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৫৭ সালের ২৪ আপ্রিল তারিখের মন্তব্য কথা।

ভারতবর্ষের বিষয়ের রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫৮ সালের ২৯ সেপ্টেম্বর তারিখের ১১ নম্বরের পত্রহইতে গৃহীত ১২ ও ১৩ দফা ও সেই পত্রের সঙ্গে প্রেরিত পত্র।

তুমি ইহার পরে সর্ব্বদাই সেই প্রকারের রসীদ আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে পাঠাও।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ৫ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

মার নিকটে পাঠাইয়া আদেশ করিয়াছি যে, সেই বিষয়ে তোমার যে মত হয় তাহা পত্রে লিখিয়া গবর্ণমেণ্টে জানাও।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১৩ ফেব্রুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের (১৮৫৫ সালের ৩১ আগষ্ট তারিখের) মন্তব্য কথা।

[মুনসেফী ও ওকালতী পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষার কথা।]

মুনসেফী পদের ও ওকালতী পদের যোগ্যতাপত্র পাইবার নিমিত্তে যে পরীক্ষা হইয়া থাকে, তাহার কথা লইয়া সদর আদালতের নিকটে পত্র লিখিতে উদ্যত হইলাম, ইতিমধ্যে সদর আদালতের সাহেবেরা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৫৩ সালের অক্টোবর মাসের হুকুমঅনুযায়ি উক্ত পরীক্ষা হইবার বিজ্ঞাপন প্রকাশ করিয়াছেন, এই কথা আমাকে জ্ঞাত করা গিয়াছিল।

পরন্তু সেই কথা আমার বিবেচনায় অত্যন্ত গুরুতর বোধ হওয়াতে, যদিও পরীক্ষা হইবার সম্বাদ নিতান্ত প্রকাশ হইয়াছিল, তথাপি সেই কথা লইয়া তর্কবিতর্ক না হইয়া অমনি থাকিতে দিলে, ও যে নিয়মমতে কার্য্য হইতেছে তাহার উপযোগিতার বিষয়ে আমার যে ভারি সন্দেহ আছে তাহা সদর আদালতে জ্ঞাত না করিলে আমার ত্রুটি হইতে পারে।

সদর আদালতের সাহেবেরা গবর্ণমেণ্টহইতে যে আদেশ পাইয়াছেন তদনুসারে এই সম্বাদ দিয়াছিলেন সদর আদালতে কিম্বা জিলার জজ সাহেবেরদের ও প্রধান সদর আমীনেরদের আদালতে যাঁহারা ওকালতী কর্ম্ম করিতে চাহেন, তাঁহারদের পরীক্ষা আগামি জানুআরি মাসের ১৪ তারিখে কলিকাতায় ও পাটনায় ও ঢাকায় ও কটকে হইবেক।

ইহাতে যদিও মুনসেফেরদের নাম নাই বটে, তথাপি তাহার মধ্যে মুনসেফী পদাকাঙ্ক্ষিদিগকে গণ্য করিবার অভিপ্রায় আছে ইহা অবগত হইলাম, যেহেতুক ওকালতী কর্ম্মের নিমিত্তে যে পরীক্ষা, মুনসেফী কর্ম্মের নিমিত্তেও সেই।

ঐ বিজ্ঞাপনে এই২ কথা আছে,

(১।) ঐ কর্ম্মাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগের সার্টিফিকট উপস্থিত করিতে হইবেক, নতুবা কোন সুপ্রসিদ্ধ ও সম্ভ্রান্ত বিদ্যালয়হইতে তদ্তুল্য জ্ঞানপ্রাপ্তির প্রমাণপত্র উপস্থিত করিতে হইবেক।

(২।) রীতিমতে যে পরীক্ষা হয় তদতিরিক্ত কর্ম্মাকাঙ্ক্ষির এই২ পুস্তকে পরীক্ষা দিতে হইবেক।

প্রথম। স্মিথ সাহেবের রচিত একটি অর্থাৎ ন্যায্যমতে বিচার করিবার বিধিপুস্তক।

দ্বিতীয়। সর জেই উইলমট সাহেবকৃত ব্লাকষ্টন সাহেবের টীপ্পনীর সারসংগ্রহ।

তৃতীয়। মাক্ফর্সন সাহেবকৃত, দেওয়ানী মোকদ্দমায় কার্য্য করিবার নিয়মপুস্তক।

চতুর্থ। এলবরলিং সাহেবকৃত অধিকারিত্ববিষয়ক পুস্তক।

কলিকাতার নিকট ঘুনছাড়া দেশের অন্য সকল স্থানে, ও ইঙ্গরেজী বিদ্যাশিক্ষিত যে কএক জন হইয়াছেন তাঁহারা ছাড়া এদেশীয় সকল প্রজা লোক আমারদের আমলের বিপক্ষে প্রধান এই আপত্তি করেন যে, আমারদের কার্য্য করিবার যে নিয়ম হইতে লাগিয়াছে তদ্দৃষ্টে, ইঙ্গরেজী ভাষা যাহারা না বুঝে

intend to exclude from public employment of importance all who do not understand English. This is particularly felt by the Mahomedan portion of our subjects who are only now beginning to think of sending their children to our schools, and by the inhabitants of Behar and Orissa, Hindoo as well as Mahomedan, where education has advanced much more slowly than in Bengal, where schools for the teaching of English have only been commenced in a few places, and where therefore the people have had no opportunity and hitherto doubtless little wish to acquire a knowledge of English.

This suspicion cannot fail to be greatly increased by a Notification which announces to the community that those who cannot after next January pass an examination in four untranslated English Books, may henceforth cease to hope not merely to become Moonsiffs, but even to practice as Vakeels in the Court of any Principal Sudder Ameen or Judge, or in the Sudder Court.

I know there are some very intelligent persons who are ready to defend this, I have heard it openly said that a monopoly of Vakeelships and Moonsiffships in Bengal, Behar and Orissa ought now to be given to the few Natives of Bengal who understand English and can pass such examinations as are proposed in the Notification now before me, and that those Natives of Behar and elsewhere who have omitted to acquire such qualifications ought in mere justice to give way to those who have qualified themselves. But to my mind this is going a great deal too fast; and I am quite unprepared for the sake of an abstract principle to adopt a measure which will certainly be viewed as unjust by a large majority of our subjects and which will tend to alienate from us their affections, and give increased opportunity to the disaffected to disseminate plausible stories of our hostile intentions towards the religion and customs of the people; and to rouse that unquiet spirit which if once really predominant in the country will infallibly mar the effect of the best Laws, and the best Courts and Judges that we could possibly introduce.

In the Districts immediately round Calcutta, there will doubtless be found many Hindoos who can undergo a successful examination in such English Books as are above enumerated, but certainly not one Mahomedan: And in the neighbourhood of the Dacca College there may be a few Hindoos, but not one Mahomedan, who could pass such an examination. No doubt the number is gradually increasing of men who could pass such an examination. But it will yet be many years before the number of qualified Natives or the opportunities afforded to Natives of acquiring

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

তাহাদিগকে সরকারী কোন ভারি পদ আমারদের না দেওয়ার অভিপ্রায় বুঝা যায়। প্রজারদের মধ্যে যাঁহারা মুসলমান তাঁহারদের মনে এই কথাতে বিশেষমতে দুঃখ লাগে। তাঁহারা কেবল এই অল্প কালাবধি আপনারদের বালকদিগকে আমারদের বিদ্যালয়ে পাঠাইতে যত্ন করিয়াছেন। বেহার ও উড়িষ্যা নিবাসি হিন্দু ও মুসলমান উভয় প্রকারের লোকেরদেরও মনে দুঃখ লাগে। বাঙ্গলা দেশের মতে সেই২ দেশ ইঙ্গরেজী বিদ্যাশিক্ষার তাদৃশ বৃদ্ধি হয় নাই, সেই২ দেশের কোন২ স্থানে ইঙ্গরেজী শিক্ষা করিবার বিদ্যালয় কেবল আরম্ভ হইয়াছে, সুতরাং ইঙ্গরেজী ভাষা শিক্ষা করিতে ঐ লোকেরদের কোন উপায় ছিল না, বাঞ্ছাও অত্যল্প ছিল বলিতে হইবেক।

তদ্ভিন্ন ইঙ্গরেজী যে চারি পুস্তকহইতে পরীক্ষা দিতে হইবেক তাহা বাঙ্গলা ভাষাতে তরজমা হয় নাই। সুতরাং যাঁহারা আগামি জানুআরি মাসের পর সেই চারি পুস্তকহইতে পরীক্ষা দিতে না পারেন, তাঁহারদের মুনসেফী পদ পাইবার আশা দূরে থাকুক, কোন প্রধান সদর আমীনের কি জজ সাহেবের আদালতে কিম্বা সদর আদালতে ওকালতী কর্ম্মও করিবার আশা থাকিতে পারে না, এই মর্ম্মের সম্বাদ যখন সকল লোককে দেওয়া গেল, তখন তাঁহারদের পূর্ব্বোক্ত বিবেচনা অবশ্য অত্যন্ত প্রবল হইতে পারে।

অহিবুদ্ধিমান কোন২ লোক এই নিয়মের সপক্ষকথা কহিতে উদ্যত আছেন তাহা জানি। ও বাঙ্গলা দেশের যে কএক জন ইঙ্গরেজী ভাষা বুঝেন, ও বিদেশিত বিজ্ঞাপনেতে যে পরীক্ষার প্রস্তাব হইয়াছে তাহাতে যাঁহারা উত্তীর্ণ হইতে পারেন, কেবল তাঁহারদিগকেই বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের সকল ওকালতী ও মুনসেফী পদ দেওয়া উচিত, ও বেহারপ্রভৃতি স্থানের যে লোকেরা তদ্রূপ যোগ্যতা প্রাপণে যত্নবান হন নাই, তাঁহারদের অপেক্ষা যাঁহারা যোগ্য হইয়াছেন তাঁহারদিগের অগ্রগণ্যহওয়া ন্যায্য বটে, এই কথা প্রকাশরূপে কহা গেল, আমি শুনিয়াছি। কিন্তু আমার বিবেচনাতে এমন নিয়ম অনুচিতমতে ভরায় হইতেছে। সেই নিয়ম চলন হইলে, প্রজারদের অধিকাংশ লোক তাহা অবশ্য অন্যায় জ্ঞান করিবেন। তাহাতেও আমারদের পক্ষে তাঁহারদের ভক্তির হ্রাস হইতে পারে, ও যাঁহারা তাদৃশ ভক্ত নহেন তাঁহারা এই কথাতে অধিক সুযোগ পাইয়া, প্রজারদের ধর্ম্ম ও রীতিবিরুদ্ধ আমারদের দ্বেষ আছে বলিয়া অনেক অমূলক কথা উত্তমরূপে সাজাইয়া রাষ্ট্র করিতে পারিবেন, ও তাহাতে লোকেরদের চঞ্চল ভাব প্রবল হইয়া উঠিবেক। এদেশের মধ্যে সেই চঞ্চল ভাবের নিতান্ত প্রাবল্য হইলেই, আমরা সাধ্যমতে যত উত্তমং ব্যবস্থা করি, কি যত উত্তমং আদালত ও বিচারপতি নিযুক্ত ও স্থাপন করি, তাহা সমুদয়ের ফলের অবশ্য ব্যাঘাত হইবেক। সুতরাং পৃথক্ এক মূলবিধান স্থাপন করিবার অভিপ্রায়ে আমি সেই প্রকারের নিয়ম চলন করাইতে এইক্ষণে সম্মত নহি।

কলিকাতার সন্নিকট জিলার মধ্যে যাঁহারা উক্ত প্রকারের ইঙ্গরেজী পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইতে পারেন হিন্দু এমত অনেক জনকে পাওয়া যাইতে পারে, কিন্তু মুসলমান এক জনও নয়। ঢাকার কালেজের নিকট প্রদেশেও যাঁহারা সেই পরীক্ষোত্তীর্ণ হইতে পারেন হিন্দু এমন কএক জনকে পাওয়া যাইতে পারে, কিন্তু মুসলমান এক জনও নয়। সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ যাঁহারা হইতে পারেন এমত লোকসংখ্যা ক্রমে২ বৃদ্ধি পাইতেছে বটে, কিন্তু২ লোকের প্রয়োজন থাকে এদেশীয় তত লোকের যোগ্য হইবার, ও সেই প্রকারে যোগ্য হইয়া উঠেন ইহার সুযোগ করিবার, অনেক২ বৎসর লাগিবেক। আর তাহা যাবৎ না হয়, তাবৎ সেই প্রকারের পরীক্ষোত্তীর্ণ না

such qualifications, will be such as to permit of our justly insisting on an examination of this kind previous to appointment as a Moonsiff or a Vakeel.

And after all who is prepared to say that a knowledge of such books as are here enumerated is *essential* to a Moonsiff or a Mofussil Vakeel? What can there be in Blackstone or in Smith's Manual of Equity Jurisprudence that can be *necessary* for a Moonsiff to know? As for Elberling it is a compilation in English and for the use of those who may not be able to consult the originals of the Hindoo, Mahomedan and Regulation Law on the subject of inheritance, the whole of which may be acquired by a Native from native sources, who yet might be unable to read a line of Elberling's English Book. And Macpherson's Procedure is similarly a compilation in English of the Rules and Laws contained in the Regulations and Acts, the Circulars and Precedents of the Sudder Court, every part of which is to be found in some one or other of the Native languages, and which is commonly understood very completely by Native Vakeels and Sheristadars who have never studied English in their lives, and could therefore pass no examination in the *book* prescribed though thoroughly acquainted with the *subject*.

Besides all this I observe that when the University is established which is shortly expected, degrees will be given in Law which will be a much more complete test of acquirement in that Science than any that the present examinations are likely to afford, and it may and will embarrass our subjects to be propounding to them different tests at short intervals for reasons which they will be little likely to understand.

I am satisfied therefore that it will be wise to withdraw that part of the Notification which prescribes an examination in the four English Books above quoted. And I would request the Sudder Court to do so.

With regard to the first part of the Notification I must observe that it has formed the subject of much and serious remonstrance and objection on the part of many Natives of learning and respectability.

It is notorious that except in the Calcutta Maddrassa and the Hooghly College, scarce any Mahomedans have until very lately sought instruction at our schools and colleges. This has not been altogether their fault. They have professed entire readiness to profit by our schools if only we would teach English and the Vernacular, *i. e.* to a Mahomedan—*Oordoo*.

Now a Mahomedan's notion of learning the Oordoo, is not only by means of reading Oordoo, but also certain Persian books. In this I believe the Mahomedan is perfectly right, but right or wrong, it is an opinion from which we cannot

[*Government Gazette, 5th April*, 1859.]

হইলে মুনসেফের কি উকীলের কর্ম্মে নিযুক্ত হইতে পারিবেন না, এমত বিধান করা ন্যায্য নহে।

আরো উক্ত গ্রন্থের লিখিত কথা সুবিদিত না হইলেও মুনসেফের কি মফঃসল আদালতের উকীলের কর্ম্ম করিতে লোক অক্ষম হন, এমন কথা বা কে বলিতে পারে। মুনসেফের যাহা জ্ঞাত না হইলে নয়, ব্লাকষ্টন সাহেবের পুস্তকে কিম্বা স্মিথ সাহেবের একটি মোকদ্দমার বিচারের বিধান পুস্তকে এমন কি আছে। এলবরলিং সাহেবের পুস্তক বা কি। অধিকারিত্বের বিষয়ে হিন্দু ব্যবস্থা ও মহম্মদীয় শরা ও আইনের বিধান এই সকল সংগ্রহ মাত্র, যাঁহারা মূলগ্রন্থ অভ্যাস করিতে অক্ষম তাঁহারদের পাঠার্থে সংগৃহীত হইয়াছে। ফলতঃ এদেশীয় কোন লোক এলবরলিং সাহেবের ইঙ্গরেজী পুস্তকের এক পঁক্তি পড়িতে না পারিলেও এদেশীয় ভাষার নানা পুস্তকে তাহা পাঠ করিয়া জ্ঞাত হইতে পারেন। আর মাকফর্সন সাহেবের পুস্তক বা কি। আইন ও আদেশ সদর আদালতের সরকুলর ও নজিরেতে যে২ বিধি ও আইন থাকে তাহার ইঙ্গরেজী ভাষাতে সংগ্রহমাত্র। তাহার সমুদয় এদেশীয় কোন ভাষাতে পাওয়া যাইতে পারে, ও যে উকীলেরা ও সিরিশ্তাদারেরা আজন্ম কাল ইঙ্গরেজী কিছুই শিক্ষা করেন নাই, তাঁহারাও সাধারণমতে তাহা সম্পূর্ণরূপে বুঝেন, কিন্তু বিষয় অতি উত্তমরূপে জানিলেও ঐ নির্দ্দিষ্ট পুস্তকে পরীক্ষোত্তীর্ণ হইতে পারেন না।

এতদ্ভিন্ন অত্যল্প কালের মধ্যে উনিবর্সিটি স্থাপন হইবার অভিপ্রায় আছে। তাহা হইলে আইনসম্পর্কীয় পদবী দেওয়া যাইবেক। ও পরীক্ষা লইবার চলিত নিয়মেতে লোকেরদের আইনসম্পর্কীয় সুপটুতার যত প্রমাণ হইতে পারে, ঐ উনিবর্সিটির পরীক্ষাতে তদপেক্ষা সম্পূর্ণ প্রমাণ হইবেক। এইক্ষণে অল্পং সময়ান্তরে পরীক্ষার ভিন্নং নিয়ম করিলে প্রজারদের মন ঘাবরাইয়া যায়, অথচ তাহা করিবার কারণও তাঁহারদের বুঝিবার সম্ভাবনা নাই।

অতএব ইঙ্গরেজী উক্ত চারি পুস্তকে পরীক্ষা হইবেক, এই কথা ঐ বিজ্ঞাপনের যে অংশে আছে তাহা উঠাইয়া দেওয়া উচিত আমার এমত জ্ঞান হয়, ও তাহা উঠাইয়া দেওয়া যায় আমার এই আদেশ সদর আদালতকে হইতেছে।

ঐ বিজ্ঞাপনের প্রথম ভাগের বিষয়ে আমার এই বক্তব্য। এদেশীয় অনেক বিদ্বান ও সম্ভ্রান্ত লোক তাহা লইয়া অনেক ভারি বিতর্ক ও আপত্তি করিয়াছেন।

কলিকাতার মাদ্রাসা ও হুগলী কালেজছাড়া, আমারদের অন্যং বিদ্যালয়ে ও কালেজে মুসলমান লোকেরা প্রায় শিক্ষা পাইতে বড় করেন নাই, কেবল সম্প্রতি করিয়াছেন, এই কথা প্রসিদ্ধ। আর ইহাতে কেবল তাঁহারদেরই দোষ বলা যাইতে পারে না। তাঁহারা কহিয়াছেন যে, ইঙ্গরেজী ও আমারদের স্বদেশীয় ভাষার (অর্থাৎ মুসলমানেরদের ভাষা উর্দ্দু) শিক্ষা হইলে আমারদের বালকদিগকে তোমারদের বিদ্যালয়ে পাঠাইবার বাধা নাই।

মুসলমানেরদের জ্ঞানে উর্দ্দু ভাষা শিক্ষা করা, কেবল উর্দ্দু পাঠ নহে, কিন্তু ফারসী পুস্তকেরও পাঠ হয়। আমার বিবেচনাতে মুসলমানেরদের ইহাতে সন্দিহান বটে। কিন্তু হউক কি না হউক আমরা তাঁহারদের সেই বিবেচনা কখন খণ্ডাইতে পারিব না, প্রয়োজনও

drive him even if it was worth our while, which it is not. The Mahomedans have every where besought us to allow Oordoo to be taught to their children in our schools, and we have bigottedly refused to do it. Hence the general absence of Mahomedans from our schools, to which wherever the concession of an Oordoo Master has been recently made they have sent their children in large and increasing numbers.

But it is only in our schools that "*Junior Scholarship Certificates*" can be obtained, and the Mahomedans complain that the Notification thus excludes them from becoming candidates for as for "*the testimonial of corresponding proficiency*" they say it does not suit their case, as they study at no known Institutions, and the Authorities will not receive the certificates of their teachers. In this there is a large amount of truth, and I would therefore remove the ground of complaint by adding after the word Institution in the 2nd paragraph of the Court's Notification, "*or from some teacher or other learned person of known character and respectability.*" So amended the paragraph will be subject of complaint to none.

Minute by the Lieutenant-Governor of Bengal,—
(lated the 24th April 1857.)

[Examination of Candidates for admission into the Revenue and Judicial Departments as Uncovenanted Servants.]

By a Resolution dated 18th January 1856 it was ordered by the Governer-General in Council that no person should be empowered to exercise the functions of a Covenanted Assistant in either the Magisterial or Revenue Department without first undergoing an examination in the following subjects:—

1*st*. The Vernacular language of the District in which he is to be employed.

2*nd*. The duties he will be required to perform.

3*rd*. The ordinary branches of School Education.

2. As to this last head of examination it was explained that "it is not absolutely necessary that the candidate should understand English, but he should be required to possess a critical knowledge of and facility in composing in at least one language; to be well grounded in the Elements of Algebra and Geometry and their practical application to Surveying; and to know the leading facts either of Indian or English History." "Hereafter" it was added "an University degree may be allowed to stand in the place of this examination."

3. It is directed that this system is to be strictly followed in all the older Regulation Provinces, and in those Provinces no relaxation of the system is to be permitted.

নাই। মুসলমানেরদের এই প্রার্থনা সর্ব্বত্র হইয়াছে যে, তোমারদের বিদ্যালয়ে আমারদের বালকদিগকে উর্দ্দু ভাষা শিক্ষা করিতে দেও। কিন্তু আমরা তাহা কখন স্বীকার করি নাই। ইহাতে সেই২ বিদ্যালয়ে মুসলমানেরা প্রায় যান না। সম্প্রতি কোন২ বিদ্যালয়ে উর্দ্দু ভাষার শিক্ষককে নিযুক্ত করা গেলে তাঁহারদের অনেক জন বালক সেই২ বিদ্যালয়ে যান, ও সংখ্যা ক্রমে২ বৃদ্ধি পাইতেছে।

"দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগের সর্টিফিকট" কেবল আমারদের বিদ্যালয়ে পাওয়া যাইতে পারে। তাহাতে মুসলমানেরা কহেন, এ বিজ্ঞাপনঅনুসারে আমারদের সেই পদাকাঙ্খী হইবার কোন উপায় নাই। কেননা যদিও "তত্তুল্য জ্ঞান প্রাপ্তির প্রমাণ পত্র" পাওয়া যাইতে পারিলে কার্য্য সিদ্ধ হইতে পারে বটে, তথাপি আমারদের উপর এই কথা খাটে না, কারণ আমরা কোন প্রসিদ্ধ বিদ্যালয়ে শিক্ষা করি না, ও আমারদের শিক্ষকেরদের সর্টিফিকট দেশের কর্ত্তা সাহেবেরা গ্রাহ্য করিবেন না।—ইহার মধ্যে অনেক কথা সত্য বটে। অতএব সদর আদালতের ঐ বিজ্ঞাপনের ২ দফাতে "বিদ্যালয়হইতে" এই শব্দের পরে "কিম্বা সুপ্রসিদ্ধ ও সম্ভ্রান্ত কোন শিক্ষকের কি বিজ্ঞ অন্য ব্যক্তির স্থানে" এই কথা দিয়া ঐ আদ্দামের মূল খণ্ডাইয়া দেওয়া আমার প্রস্তাব। ঐ দফা এই প্রকারে সংশোধন করা গেলে কোন কাহার আপত্তি হইতে পারিবেক না।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের (১৮৫৭ সালের ২৪ আপ্রিল তারিখের) মন্তব্য কথা।

[অচিহ্নিত কার্য্যকারকরূপে রেবিনিউ ও জুডিসিয়ল ডিপার্টমেণ্টে পদাকাঙ্খিরদের ইমতিহানের কথা।]

হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ১৮৫৬ সালের ১৮ জানুআরি তারিখের সিদ্ধারণমতে এই আজ্ঞা করিয়াছেন। কোন লোক নীচের লিখিত বিদ্যাদিতে পরীক্ষোত্তীর্ণ না হইলে ফৌজদারী কি রেবিনিউ ডিপার্টমেণ্টে চিহ্নিত আসিষ্টাণ্টের কোন কার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতাপন্ন হইবেন না। বিশেষতঃ

প্রথম। যে জিলাতে নিযুক্ত হইবেন সেই জিলার চলন ভাষাতে।

দ্বিতীয়। যে২ কর্ম্ম তাঁহার করিতে হইবেক সেই২ কর্ম্মেতে।

তৃতীয়। ইস্কুলে সচরাচর যে বিদ্যাদি শিক্ষা হয় তাহাতে।

২। শেষ লিখিত যে বিদ্যাদিতে পরীক্ষোত্তীর্ণ হইতে হইবেক তাহার এই ব্যাখ্যা হইয়াছিল। "পদাকাঙ্খির ইঙ্গরেজী ভাষা বুঝিতে পারা নিতান্ত আবশ্যক নাই, কিন্তু অতি কম এক ভাষার শব্দাশুদ্ধ উত্তম বোধ থাকা, ও সেই ভাষাতে তাঁহার অনায়াসে রচনা করিতে পারা আবশ্যক, ও বীজগনিত বিদ্যার ও ভূমিপরিমাপক বিদ্যার মূল কথা ও ক্ষেত্রিপী কার্য্যেতে ওং বিদ্যা যেরূপে খাটে তাহা উত্তমরূপে জ্ঞাতহওয়া আবশ্যক। অপরং ভারতবর্ষের কিম্বা ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের প্রধান২ সকল কথা তাঁহার জ্ঞাত হওয়া আবশ্যক"। পরে এই কথাও ছিল, "ইহার পর যাঁহারা উনিবর্সিটির পদবীপ্রাপ্ত হন তাঁহারদের এই২ পরীক্ষা দিবার আবশ্যক হইবেক না।"

৩। আইনের অধীন প্রাচিন সকল প্রদেশে এই নিয়ম দৃঢ়রূপে মানিবার হুকুম হইয়াছে, ও সেই২ প্রদেশে ঐ নিয়মের কিছু শৈথল্য হইবার অনুমতি করিতে হইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

4. Before these orders had been passed by the Government of India, it had been the practice to require an examination in the Vernacular from all candidates for Uncovenanted Office in the Mofussil—not being Natives of the country, and also to examine Uncovenanted Servants before promoting them, in the same manner as Covenanted Servants, so that the change which was introduced by the orders in question consisted, *first*, in requiring examinations in the duties to be performed previously to any actual appointment to perform them, (which is more than is required from Covenanted Servants,) and *second*, in the scholastic part of the examination as above described.

৪। ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই হুকুম জারী হইবার পূর্ব্বে, এদেশীয় লোক ভিন্ন যাঁহারা মফসলে অচিহ্নিত কার্য্যকারকের পদ পাইতে চাহিতেন তাঁহারদের দেশীয় ভাষাতে পরীক্ষা লইবার রীতি ছিল, ও অচিহ্নিত কার্য্যকারকদিগকে উচ্চ পদে নিযুক্ত করিবার পূর্ব্বে চিহ্নিত কার্য্যকারকেরদের মতে তাঁহারদের পরীক্ষা হইত। অতএব পূর্ব্বোক্ত আজ্ঞাতে নিয়মের এই২ প্রকারে পরিবর্ত্তন হয় অর্থাৎ প্রথম, কোন কর্ম্ম করিবার জন্যে নিতান্ত নিযুক্ত হইবার পূর্ব্বে সেই২ কর্ম্মের বিধানের পরীক্ষা (চিহ্নিত কার্য্যকারকেরদের সেইরূপ পরীক্ষা দিবার আজ্ঞা হয় নাই।) দ্বিতীয় উপরোক্তমতে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে পরীক্ষা।

5. I have sedulously applied myself to carry into effect the orders of the Government of India regarding these examinations, but have met with obstacles and delays which I did not at first anticipate.

৫। পরীক্ষাসম্পর্কীয় ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঐ হুকুম সফল করিতে আমি অত্যন্ত যত্নপূর্ব্বক চেষ্টা করিয়াছি, কিন্তু তাহাতে অনপেক্ষিত অনেক বাধা ও বিলম্ব হইয়াছে।

6. As the preliminary examination in the Vernacular, as well as the periodical examination as to professional knowledge and proficiency has long been in use, and is provided for by Institutions purposely established for such object, it remained to me, in the carrying out of the orders of the Government of India, to make suitable arrangements for the new or scholastic part of the examination only.

৬। দেশীয় ভাষার প্রথম স্থলীয় পরীক্ষার, ও কর্ম্মসম্পর্কীয় জ্ঞান ও পটুতার নিয়মিত সময়ের পরীক্ষার নিয়ম বহুকালাবধি হইয়া আসিতেছে, ও সেই অভিপ্রায়ে বিশেষরূপে স্থাপিত নিয়মমতে ঐ পরীক্ষার বিধান আছে। অতএব ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুম সফল করিবার জন্যে আমার কেবল এই বাকী ছিল যে, ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে যে নূতন পরীক্ষা হইবেক তাহার উপযুক্ত নিয়ম করি।

7. When therefore the orders of the Government of India were first received I placed myself in communication on the subject with the Director of Public Instruction and the Secretary to the Sub-Committee of the Board of Examiners, and requested them to frame a scheme of examination suited to the object in view.

৭। অতএব ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুম প্রথম পাইলে, আমি সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের ও পরীক্ষক বোর্ডের সবকমিটির সেক্রেটারী সাহেবের নিকটে পত্র লিখিয়া, লক্ষিত অভিপ্রায়ের উপযুক্ত পরীক্ষার নিয়মের পাণ্ডুলেখ্য করিতে আদেশ করিয়াছিলাম।

8. The Sub-Committee of the Board of Examiners however were unwilling to have any concern with the scholastic part of the examination and their reasons seeming good to me I did not press them further on the subject.

৮। পরীক্ষক বোর্ডের সব-কমিটির সাহেবেরা ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে উক্ত পরীক্ষার সঙ্গে কিছু সম্পর্ক রাখিতে চাহিলেন না, ও তাঁহারা যে হেতু জানাইয়াছিলেন তাহা উপযুক্ত জ্ঞান করিয়া আমি তাঁহারদিগকে আর প্ররোচনা করি নাই।

9. The Director of Public Instruction did not reply to my call till July 1856 having waited, he said, for the result of the proceedings of the Committee then sitting to deliberate regarding the Calcutta University Examinations. He now proposed to adopt for the preliminary examination of candidates for Uncovenanted employment a part of the test recommended by the University Committee for the University Entrance Examination, and thus to examine such candidates in,

First. One language either English or Vernacular.

Second. History and Geography.

Third. Arithmetic, Algebra and Geometry.

৯। কলিকাতার উনিবর্সিটির পরীক্ষার বিবেচনা করিতে যে কমিটির সাহেবেরা তৎকালে বসিতেছিলেন তাঁহারদের কার্য্যনিষ্পত্তি হইবার অপেক্ষায় ছিলেন বলিয়া, সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেব ১৮৫৬ সালের জুলাই মাসের পূর্ব্বে উত্তর দিলেন না। তখন তাঁহার এই প্রস্তাব হইল, যে, উনিবর্সিটির প্রথম স্থলের পরীক্ষার জন্যে উনিবর্সিটির কমিটির সাহেবেরা যে২ পুস্তকাদি উল্লেখ করিয়াছেন তাহার কোন২ পুস্তকহইতে অচিহ্নিত কার্য্যকারকেরদের পদাকাঙ্খিরদেরও পরীক্ষা হয়, অর্থাৎ

প্রথম। ইঙ্গরেজী কিম্বা দেশীয় কোন এক ভাষাতে,

দ্বিতীয়। পুরাবৃত্ত ও ভূগোলবিদ্যাতে,

তৃতীয়। অঙ্কবিদ্যা ও বীজগনিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যাতে পরীক্ষা হয়।

10. He proposed that the candidates should be examined at the same time and place as other University candidates.

১০। আরো উনিবর্সিটিতে পরীক্ষা যে সময়ে ও স্থানে হয়, সেই সময়ে ও স্থানে ঐ পদাকাঙ্খিরদেরও পরীক্ষা হইবার প্রস্তাব করিয়াছিলেন।

11. With reference to these propositions it seemed to me only reasonable and proper that all persons English or Native should know as nearly as possible what kind of examination they were

১১। ঐ প্রস্তাবদৃষ্টে আমার এই বিবেচনা হইল ইঙ্গরেজী কি এদেশীয় লোকেরদের যে প্রকারের পরীক্ষা দিতে হইবেক ও তন্নিমিত্তে তাঁহারদের যে প্রকারে প্রস্তুত হইতে হইবেক, এই২ কথা সকল লোকের সাধ্য-

[*Government Gazette*, 5th April, 1859.]

to undergo and how to prepare themselves for it, and that therefore a list of books should be published for the information of all who might desire to become candidates: I therefore requested the Director of Public Instruction to name certain standard books in which the candidates should have notice to prepare themselves for examination in History, Geography, Arithmetic, Algebra and Geometry. "In making this selection" it was added "you will bear in mind that for a long time to come a certain proportion of the candidates will be unacquainted with the English language and will consequently elect to be examined in one of the Varnacular languages in the mode which you have suggested." Further the Director was reminded "that the means of obtaining instruction in the English language had hitherto been practically open only to a comparatively small number of the inhabitants of Lower Bengal, in and near Calcutta and in certain Districts in the Lower Provinces, and that it would therefore be fraught with evil consequences if a rule were now to be adopted which would exclude all other persons who can only obtain the requisite amount of English knowledge through such translations as may be available of the standard works to be selected." In making these observations I did not by any means lose sight of the willingness expressed by the Governor-General in Council in the 20th paragraph of the letter of the 18th January 1856 that candidates who may know English should to a certain extent be allowed an advantage over those who do not know it; but I had also in my mind the serious and wide spread dissatisfaction which I had personally ascertained to exist in many Districts, owing to a not wholly unreasonable apprehension that it was designed to exclude from public employment and even from practice as Vakeels in the Courts, all who did not understand English and were incapable of passing a high examination in it. To this very important fact I took occasion to advert in my Minute of the 31st August 1855, of which I will append hereto a copy for facility of reference.

12. Much delay occurred on the part of the Director of Public Instruction in replying to the above-mentioned communication, and in the meanwhile, anxious to omit no means of overcoming the difficulty which seemed to me to exist in the way of carrying into effect the orders of the Government of India, I addressed the Government of the North-Western Provinces on the subject, enquiring what measures had there been adopted towards the end in view. The reply I received did not much assist me for it simply referred me to a Notification in the *Agra Gazette* of the 25th March 1856 regarding the examination of Tehseeldars, from which I gathered that the scholastic part of the prescribed examination was not yet acted upon in the North-Western Provinces, it being provided in the Rules there current, only

মতেঅবগত থাকা উচিত ও এই কারণে ঐ২ পদাকাঙ্ক্ষিরদের জ্ঞাপনার্থে ঐ সকল পুস্তকের এক ফর্দ্দ প্রকাশ করা উচিত। অতএব সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের নিকটে আমার এই আদেশ হইয়াছিল যে, পুরাবৃত্ত ও ভূগোল ও অঙ্ক ও বীজগণিত ও ভূমি পরিমাপক বিদ্যাতে পরীক্ষা দিবার জন্যে সর্ব্বাপেক্ষা উত্তম যে২ পুস্তক পদাকাঙ্ক্ষিরদের অনুশীলন করিবার সম্বাদ দেওয়া উচিত এমত ৫এক পুস্তকের নাম লিখিয়া দেন। আরো লিখিলাম, ঐ পদাকাঙ্ক্ষিরদের কিয়দংশ লোক অনেক কালপর্য্যন্ত ইঙ্গরেজী ভাষা অবিদিত থাকিবেন, সুতরাং তুমি যে২ বিদ্যাতে পরীক্ষা দিবার পরামর্শ করিতেছ সেই২ বিদ্যাতে তাঁহারা স্বদেশীয় ভাষায় পরীক্ষা দিতে মনস্থ করিবেন, ইহা মনে রাখিয়া তুমি পুস্তক মনোনীত করিবা। আরো কহিলাম, অদ্যাপি ইঙ্গরেজী ভাষাতে শিক্ষা পাইবার উপায় বাঙ্গলা দেশনিবাসি অর্থাৎ কলিকাতা ও তাহার নিকটনিবাসি ও বাঙ্গলাপ্রভৃতি দেশের কোন২ জিলানিবাসি কতিপয় লোকমাত্রের হইয়াছে, অতএব উক্ত প্রকারের যে২ পুস্তক মনোনীত করিবা তাহার মধ্যে যে২ পুস্তকের তরজমা পাওয়া যাইতে পারে, তাহা হইতে না হইলে ঐ ইঙ্গরেজী বিদ্যার জ্ঞান যে লোকেরা পাইতে পারেন না, তাঁহারদিগকে ত্যাগ করিবার বিধি করিলে অত্যন্ত কুফল জন্মিতে পারে। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ১৮৫৬ সালের ১৮ জানুআরি তারিখের পত্রের ২০ দফাতে আপনার এই বাঞ্ছা লিখিয়াছিলেন, যে পদাকাঙ্ক্ষিরা ইঙ্গরেজী জানেন তাঁহারা ঐ ভাষার অনভিজ্ঞ লোকহইতে অগ্রগণ্য হইবেন, আমিও বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের নিকটে উক্ত পত্র লিখিবার কালে শ্রীযুতের ঐ বাসনাতে বিস্মৃত হই নাই। কিন্তু যাঁহারা ইঙ্গরেজী ভাষা না বুঝেন ও সেই ভাষাতে অতি কঠিন পরীক্ষোত্তীর্ণ না হইতে পারেন, তাঁহারদিগকে সরকারী কোন কর্ম্ম ও আদালতে ওকালতী কর্ম্মও করিতে না দিবার অভিপ্রায় থাকার অনুভবতে লোকেরদের মধ্যে অতি বিস্তারিতরূপে ভারি অসন্তোষ আছে, এই কথাও আমি ভুলি নাই। সেই প্রকারের অতুষ্টি অনেক জিলাতে আছে তাহা আপনি নিশ্চয়মতে জানিয়াছি, ও তাঁহারদের সেই অনুভবও নিতান্ত অযুক্তিসিদ্ধ নহে। আমার ১৮৫০ সালের ৩১ আগষ্ট তারিখের মন্তব্য কথাতে সেই গুরুতর কথার উল্লেখ করিয়াছিলাম। তাহার অনায়াসে দৃষ্টি হইবার জন্যে এক কেতা নকল ইহার সঙ্গে পাঠাইতেছি।

১২। আমার উক্ত পত্রের উত্তর লিখিতে সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের অত্যন্ত বিলম্ব হইয়াছিল। তথাপি ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা সফল হইবার যে বাধা আমার বিবেচনামতে ছিল, তাহা নিবারণ করিতে আমার সাধ্যমতে কিছুমাত্র ত্রুটি না হয়, এই কারণে আমি উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের নিকটে পত্র লিখিয়া জিজ্ঞাসা করিলাম, যে ঐ অভিপ্রায় সফল করিবার জন্যে তদ্দেশে কি কার্য্য হইয়াছে। ঐ পত্রের যে উত্তর পাইলাম তাহাতেও আমার অধিক সাহায্য হয় নাই, যেহেতুক তহসীলদারেরদের পরীক্ষার বিষয়ে ১৮৫৬ সালের ২৫ মার্চ্চ তারিখের আগ্রা গেজেটে যে বিজ্ঞাপন প্রকাশ হইয়াছিল তাহাতেই আমার দেখিতে কেবল আদেশ হইয়াছিল। তাহাতে আমি এই অবগত হইলাম, উত্তরপশ্চিম প্রদেশে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে নির্দ্দিষ্ট পরীক্ষা হইবার কিছু নিয়ম হয় নাই। সেই দেশের চলিত বিধানেতে এইমাত্র নিয়ম ছিল, এদেশীয় মুশি-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

that "the Officer who makes the nomination shall personally ascertain that the candidate possesses the ordinary attainments of an educated Native gentleman."

13. It was not until the 20th January last that the Director of Public Instruction again wrote, and then it was not to reply precisely to the call made upon him but to point out that the University Senate had now published their scheme for the first University Entrance Examination to be held on the 6th of April, and to recommend that candidates for Uncovenanted employment should be advised to present themselves at this examination, so that though avowedly not intending to enter the University, yet they might shew by their marks the extent to which they might have received a School education.

14. But this recommendation it was impossible to act upon, because the Senate had required that candidates should notify their intention either in Calcutta on or before the 23rd of March or in the Mofussil on or before the 23rd of February next following, so that there was no time to give notice to the public. And besides this, even if there had been time, it seemed extremely improbable that the University Examiners, appointed for a special purpose, would be content so greatly to extend their labors as to report on the qualifications of an indefinite number of persons not presenting themselves for the avowed purpose of the Examination, namely, entrance into the University, but for another purpose not connected with the University at all, and requiring a much lower standard of acquirement: And again no books were suggested in which candidates should prepare themselves.

15. These things being pointed out to the Director I have now received what appears to be his final reply on the subject. He quite agrees with me as to the improbability of obtaining the help of the University Examiners in the matter, and indeed that examination being over for the year it is useless to enquire further about it in reference to the question now before me. The Director still adheres to the expediency of adopting the University Entrance Examination test as the most convenient standard for examination in the particular subjects indicated in the Resolution of the Supreme Government dated January 18, 1856. He gives a very incomplete list of Vernacular books which might be adopted and published for general information, and of these he does not in fact advise the adoption, but rather that it should be notified that the University Entrance Test will be the standard of Examination, leaving every intending candidate English or Native to find out the books as best he may. The Director argues

[*Government Gazette, 5th April*, 1859.]

ক্ষিত মহোদয়গণ সচরাচর যেরূপ বিদ্বান হইয়া থাকেন, পদাকাঙ্ক্ষির তত্তুল্য জ্ঞান আছে এই কথা তাঁহার মনোনীতকারি কার্য্যকারক সাহেবের তদন্ত লইয়া অবগত হইতে হইবেক।

১৩। সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেব কেবল গত জানুআরি মাসের ২০ তারিখে পুনরায় পত্র লিখিলেন। তাহাতেও আমি যে কথার প্রস্তাব করিয়াছিলাম তাহার উত্তর বিশেষমতে না লিখিয়া কেবল এই কথা জানাইলেন যে, উনিবর্সিটির প্রথম স্থলীয় যে প্রথম পরীক্ষা আপ্রিল মাসের ৬ তারিখে হইবেক তাহার পাণ্ডুলেখ্য উনিবর্সিটির সেনেট সাহেবেরা প্রকাশ করিয়াছেন, ও এই প্রস্তাব করিলেন যে, অচিহ্নিত কার্য্যকারকেরদের কোন পদ যাঁহারা পাইতে চাহেন তাঁহারদের সেই পরীক্ষাতে উপস্থিত হইবার পরামর্শ হয়, তাহাতে যদিও তাঁহারদের উনিবর্সিটিতে ভর্ত্তি হইবার অভিপ্রায় না থাকে তথাপি তাঁহারা ইস্কুলের শিক্ষিত যত বিদ্যাদি প্রাপ্ত হইয়াছেন তাহা তাঁহারদের পরীক্ষাকালীন অঙ্ক দ্বারা বুঝা যাইবেক।

১৪। কিন্তু সেই পরামর্শমতে কার্য্য করা অসাধ্য হইল। কেননা সেনেট সাহেবেরা এই আদেশ করিয়াছিলেন যে, কলিকাতানিবাসি যে লোকেরা পরীক্ষা দিতে মনস্থ করেন তাঁহারদের সেই মনস্থের কথা তৎপর মার্চ্চ মাসের ২৩ তারিখে কি তাহার পূর্ব্বে জানাইতে হইবেক, ও মুফঃসল দেশনিবাসি যে লোকেরা পরীক্ষা দিতে চাহেন তাঁহারদের সেই মনস্থের কথা তৎপর ফেব্রুআরি মাসের ২৩ তারিখে কি তাহার পূর্ব্বে জানাইতে হইবেক, সুতরাং সর্ব্ব সাধারণ লোকের নিকটে সেই সম্বাদ দিবার অবকাশ ছিল না। যদিও হইত, তথাপি উনিবর্সিটির যে পরীক্ষক সাহেবেরা বিশেষ অভিপ্রায়ে নিযুক্ত হন, তাঁহারা সন্তোষপূর্ব্বক পরিশ্রম বৃদ্ধি করিয়া, ঐ পরীক্ষার নির্দ্দিষ্ট কার্য্যের নিমিত্তে অর্থাৎ উনিবর্সিটিতে ভর্ত্তি হইবার মানসে নহে, বরং উনিবর্সিটির অসম্পর্কীয় ও যাহাতে তত্তুল্য বিদ্যাপ্রাপ্তিরও প্রয়োজন নাই এমত কার্য্যের নিমিত্তে অনির্দ্দিষ্ট সংখ্যার লোকেরদের পরীক্ষা করিয়া তাঁহারদের গুণাগুণের রিপোর্ট করিবেন এই কথা অসম্ভব। তদ্ভিন্ন পদাকাঙ্ক্ষিরদের যে পুস্তক পড়িয়া প্রস্তুত হইতে হইবেক তাহার কিছু পরামর্শ দেওয়া যায় নাই।

১৫। ঐ সকল কথা ডৈরেক্টর সাহেবকে লিখিয়া জানাইলে, আমি এইক্ষণে তাঁহার উত্তর পাইয়াছি, এই তাঁহার শেষ উত্তর বোধ হয়। তিনিও আমার মতানুসারে বোধ করেন যে, এই কার্য্যেতে উনিবর্সিটির পরীক্ষক সাহেবেরদের স্থানে সাহায্য প্রাপ্তহওয়া অসম্ভব। ফলতঃ এই বৎসরের নিমিত্তে ঐ পরীক্ষা সমাপ্ত হইয়াছে অতএব এইক্ষণকার বিবেচিত কথার সম্পর্কে তাহার কিছু জিজ্ঞাসা লওয়ার প্রয়োজন নাই। কিন্তু ডৈরেক্টর সাহেব এখনও কহেন যে, সুপ্রিম গবর্ণমেণ্টের ১৮৫৬ সালের ১৮ জানুআরি তারিখের নির্দ্ধারণেতে যে২ বিদ্যাদি নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাতে পরীক্ষা লইবার জন্যে উনিবর্সিটির প্রথমস্থলীয় পরীক্ষার নিয়ম গ্রাহ্য করা সর্ব্বাপেক্ষা বিহিত। দেশীয় ভাষায় লিখিত যে সকল পুস্তকহইতে ঐ পরীক্ষা লওয়া যাইতে পারিবেক ও সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতে পারে তাহার এক ফর্দ্দও দিয়াছেন, কিন্তু সেই ফর্দ্দ পুরা নয়, ও সেই সকল পুস্তকহইতে পরীক্ষা হয় এমত পরামর্শও দেন না, বরং তাঁহার এই পরামর্শ, উনিবর্সিটির প্রথমস্থলীয় পরীক্ষার যে নিয়ম আছে তাহাই ঐ পরীক্ষার নিয়ম হউক, ও ইঙ্গরেজী কি এদেশীয় যে লোক পদাকাঙ্ক্ষী হন তাঁহারদের

that this standard will soon be better known than any other standard, and he intimates that a large number of youths will shortly have practical experience of it, no less than 244 names having been already entered for the University Entrance Examination of the present year.

16. Supposing however that arrangements could be made in every other way satisfactory for the conduct of the scholastic part of the examination, and that the Board of Examiners might be induced, (as I believe, however, with the Director of Public Instruction that they certainly would not be) to consent to undertake this part of the duty the arrangement would necessitate, besides the scholastic, two other and quite separate examinations which the candidates must also be forced to undergo, for it is obvious that even if they should consent to undertake the scholastic examination of candidates for Uncovenanted employment, the University Examiners could not be asked or expected to examine in the Vernacular and in the professional part of the Revenue and Judicial examination. So that the candidates might have to undergo a three-fold examination, *first*, by the established Examiners in the Vernacular; *second*, by the Divisional and Central Examination Committees in the duties to be performed; and *third*, by the University Examiners in Composition, Mathematics, Surveying, and History.

17. Now it must be borne in mind that the appointments which are not to be obtained without passing this multiplied ordeal are appointments of no more than Rupees 200 per mensem; and that is a salary which however liberal and sufficient as a commencement for a Native gentleman is by no means so, but on the contrary very pinching and insufficient for an English gentleman. Moreover the prospects of promotion are not so bright as to overcome this disadvantage.

18. Nor should it be left out of consideration, that the want of really good and trustworthy Officers in Uncovenanted offices is very pressing and will not await the growing up of those who are now about to enter the University and obtain degrees, so that although the Director points out as an encouraging fact that a great number of young men of sixteen and upwards are about to enroll themselves on the University lists, not one of them will serve my turn for many years to come, seeing we want not boys but men. Again it is to be cared for that we do not give too early a monopoly of public service to candidates educated on the English model before such education or even the possibility of obtaining such education has been sufficiently placed within the reach of our Native subjects in general. We could hardly do a more unpopular thing than confine all public employment to a small section of Bengalees, which is what there may be some risk of if scholastic acquirements be too soon or too severely insisted upon; And I cannot help thinking that the attempt to do this may lead to occasional difficulties of a practical nature, may abate something of the pride and something of the responsibility attaching to good or bad selections for the public service, and may thus to a certain extent weaken the force of administration and cripple its resources.

যের বহীহইতে পরীক্ষা দিতে হইবেক তাহা যেমন পারেন তেমনি অবগত হউন। ডৈরেক্টর সাহেব কহেন, পরীক্ষার ঐ নিয়ম অন্য সকল নিয়মহইতে উত্তমরূপে জানা হইবেক, ও যদ্যপি অনেক লোক অল্প কালের মধ্যে কার্য্যক্রমে ঐ নিয়মের ফল জানিবেন, কেননা অন্যূন ২৪৪ জন উনিবর্সিটির বর্ত্তমান বৎসরের প্রথমস্থলীয় পরীক্ষার নিমিত্তে নাম দিয়াছেন।

১৬। পরন্তু ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে পরীক্ষা চলিবার সন্তোষজনক নিয়ম যদিও হইতে পারিত, ও পরীক্ষক বোর্ডের সাহেবেরা যদিও ঐ কার্য্য সহস্তে গ্রহণ করিতে সম্মত হইতেন (ফলতঃ বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের মতে আমিও বোধ করি তাঁহারা কখন সম্মত হইতেন না, কিন্তু যদিও হইতেন) তথাপি, ঐ নিয়মানুসারে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে যে পরীক্ষা হয় তদ্ভিন্ন পদাকাঙ্ক্ষিদের অন্য দুই পৃথক্ পরীক্ষাতে উত্তীর্ণ হইবার প্রয়োজন থাকে, কেননা অচিন্তিত কর্ম্মাকাঙ্ক্ষিদের ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে পরীক্ষা লইতে উনিবর্সিটির পরীক্ষক সাহেবেরা যদিও সম্মত হইতেন, তথাপি দেশীয় ভাষার, ও রাজস্ব ও রিপোর্ট-সম্পর্কীয় কার্য্য বিধানের পরীক্ষা লইবার প্রার্থনা, তাঁহারদের নিকটে করা যাইতে পারিত না. আর তাঁহারা যে লইবেন এমত সম্ভাবনাও হইতে পারে না। ইহাতে ঐ পদাকাঙ্ক্ষিদের তিনগুণ পরীক্ষা দিতে হইবেক। প্রথম। নির্দ্ধারিত পরীক্ষক সাহেবেদের দ্বারা দেশীয় ভাষার এক পরীক্ষা। দ্বিতীয়. এলাকার ও সদর স্থানের পরীক্ষক কমিটির সম্মুখে কার্য্যবিধানের অন্য পরীক্ষা। তৃতীয়। উনিবর্সিটির পরীক্ষক সাহেবেদের সম্মুখে রচনার ও মাথিমাটিক ও জরিপী কার্য্যের ও পুরাবৃত্ত বিবরণের অন্য পরীক্ষা।

১৭। ইহাতে আর এক কথা মনে রাখিতে হয়। এই পরীক্ষা উক্তমতে বারম্বার না দিলে যের পদ পাওয়া যাইতে পারিবেক না, সেই পদের মাসিক বেতন ২০০৲ টাকার অধিক নয়। এদেশীয় মহাশয়েরা সেই বেতন আরম্ভেতে পাইলে নিতান্ত অধিক ও প্রচুর বলিয়া জ্ঞান করিতে পারেন, কিন্তু ইঙ্গরেজী সাহেব লোক সেই বেতন প্রচুর জ্ঞান না করিয়া তাহা অতি অল্প ও অকুলান জ্ঞান করিবেন। আর অতিশয়ের আরো উচ্চ পদ প্রাপণের এত আশাও নাই যে তাহাতে সেই আপত্তি খণ্ডান যায়।

১৮। আর এক কথা বিবেচনার যোগ্য বটে। অচিন্তিত কর্ম্মাকারকেরদের পদে ভর্ত্তি করিবার জন্যে নিতান্ত উত্তম ও বিশ্বাসযোগ্য লোকেরদের অতিভারি প্রয়োজন এইক্ষণে হইয়াছে। যাঁহারা উনিবর্সিটিতে ভর্ত্তি হইয়া পদবী প্রাপ্ত হইতে উদ্যত হন তাঁহারদের বয়ঃপ্রাপ্তির অপেক্ষায় থাকা যাইতে পারে না। ইহাতে যদিও ডৈরেক্টর সাহেব আমুষঙ্গিক কথা বলিয়াছেন যে, ষোল বৎসরের ও তাহার অধিক বয়সের অনেক যুবা লোক উনিবর্সিটির রজিষ্টরে আপনারদের নাম লেখাইতে উদ্যত হইয়াছেন তথাপি অনেক বৎসর না হইলে তাঁহারদের মধ্যে এক জনও আমার কর্ম্মের নিমিত্তে প্রস্তুত হইবেন না। আমরা বালকদিগকে চাহি না। উপযুক্ত পুরুষদিগকে চাহি। অপর এদেশীয় সর্ব্ব সাধারণ প্রজা লোক যত কাল ইঙ্গরেজীর নিয়মমতে শিক্ষা না পান, কিম্বা তাঁহারদের সেই নিয়মমতে শিক্ষা পাইবার উপায় যত কাল না করিয়া দেওয়া যায়, তত কাল কেবল সেই নিয়মমতের সুশিক্ষিত পদাকাঙ্ক্ষিদিগকে সরকারী কর্ম্মে নিযুক্ত করিবার কার্য্যে অতিত্বরায় না হয়, ইহাও বিবেচনার বিষয় বটে। সরকারী সকল কর্ম্ম যদি রাজাজ্ঞাক্রমে কেবল কতিপয় বিশেষ প্রকারের লোকদিগকে দেওয়া যায়, তবে তদপেক্ষা সর্ব্ব সাধারণের অসন্তোষজনক কর্ম্ম প্রায় হইতে পারে না। কিন্তু ইস্কুলের শিক্ষিত বিদ্যাদি প্রাপণ আবশ্যক, এমত বিধান যদি অতি ত্বরায়, কি অত্যন্ত দৃঢ়রূপে করি, তবে সেই অসন্তোষ জন্মিবার আশঙ্কা আছে বটে। আরো আমার এই বিবেচনা উদয় হয়, সেই প্রকারে কর্ম্ম হইবার উদ্যোগ হইলে, কখন২ কার্য্যক্রমেও কিছু ক্লেশ জন্মিতে পারে, ও সরকারী কর্ম্মের নিমিত্তে উত্তম অধম লোককে মনোনীত করণসম্পর্কীয় যে শাষ্য ও ঝোঁক থাকে তাহার কিঞ্চিৎ হ্রাস হইবার সম্ভাবনা, ইহাতে সরকারী কর্ম্মের প্রতাপ কিয়দংশে খর্ব্ব হইতে পারে, ও তৎকার্য্য নির্ব্বাহের উপপত্তি খাটো হইতে পারে।

১৯। সরকারী কার্য্য নিতান্ত নির্ব্বাহ করণসম্পর্কে অধুনা যে ক্লেশ হইবার সম্ভাবনা তাহা উদাহরণ দিয়া উত্তমরূপে প্রকাশ হইবেক, ফলতঃ সকলের জানমতে যাহা হইয়াছে কিম্বা হইতে পারে এমত এক দৃষ্টান্ত দি। আমি ইঙ্গরেজী এক জন ডেপুটী মাজিষ্ট্রেটকে চাহি। কিঞ্চিৎকাল পরীক্ষা ও কর্ম্ম অভ্যাস হইলে পর, যে জিলাতে নীল উৎপন্ন হয় ও যাহাতে সরকারী কর্ম্ম করা কঠিন, অসভ্য লোকনিবাসি এমত জিলার কোন এলাকাখণ্ডে যিনি নিযুক্ত হইবার যোগ্য হইবেন, এমত এক লোককে চাহি। এমত লোকের অত্যন্ত প্রয়োজন, ও ত্বরায় তাঁহাকে নিযুক্ত করিতে হইবেক। আমি সাধ্যমতে এমত লোকের সন্ধান লই। যাঁহারা নিরপেক্ষ হইয়া অতি উত্তম পরামর্শ দিতে পারেন তাঁহারদিগকে জিজ্ঞাসা করি। উত্তম লোককে মনোনীত না করিলে অবশ্য আমার সুনামের কলঙ্ক হয়। এই কারণে শিষ্টাচারি ও সুশিক্ষিত ও পাকা রকমের যে লোক সরকারী কি অন্য কর্ম্মেতে পরাধীন হইয়া কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করিয়া ঐ পদের উপযুক্ত হন এমত কোন ইঙ্গরেজ লোককে পাইতে সাধ্যমতে চেষ্টা করি। শেষে এমন লোককে পাই। তাঁহার সরলতার ও কর্ম্মক্ষম হওয়ার প্রচুর প্রমাণপত্র আছে। দশ পনের বৎসর পর্য্যন্ত এই দেশের লোকেরদের আচার ব্যবহার দেখিয়াছেন, ও তাঁহাকে যে কর্ম্মে নিযুক্ত করিতে চাহি প্রায় তদ্রূপ কর্ম্ম নির্ব্বাহ করিয়া আসিতেছেন। দেশের ভাষাও জানেন ও দেশীয় লোকেরদের সঙ্গে সফলরূপে কার্য্য ব্যবসায় করিয়াছেন, তাঁহারও খাতির জমাতের প্রমাণ পাই। তাঁহার সঙ্গে যাঁহারদের পরিচয় আছে তাঁহারা সকলেই তাঁহাকে সেই পদের উপযুক্ত লোক কহেন। কিন্তু "অতি কম এক ভাষার শুদ্ধাশুদ্ধ উত্তম বোধ থাকে কি না, ও সেই ভাষাতে অনায়াসে রচনা করিতে পারেন কি না, ও তিনি বীজগণিত বিদ্যার ও ভূমিপরিমাপক বিদ্যার মূল বিধান সুবিদিত আছেন কি না, ও জরিপী কার্য্যেতে সেই বিদ্যা কর্ম্মক্রমে যে রূপে খাটে তাহা বুঝেন কি না, ও ভারতবর্ষের কিম্বা ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের প্রধান২ কথা জানেন কি না" তাঁহার এই সকল জ্ঞান পরীক্ষা করিয়া নির্ণয় করিতে হইবেক। তিনি কহেন, এখন অনেক বৎসর হইল আমি বিদ্যালয় ছাড়িয়া আসিয়াছি, এইক্ষণে ছড়াছড়ি করিয়া ঐ সকল বিদ্যার পুস্তক পুনরায় না পড়িলে, বিদ্যালয়ের যে রূপ পরীক্ষা হইয়া থাকে সেইরূপ পরীক্ষাতে বুঝি উত্তীর্ণ হইতে পারিব না, আর আমার এখন যে অবস্থা ও যে কর্ম্ম হইয়াছে তাহা বুঝিয়া আমার প্রায় অবকাশ নাই, সুযোগও নাই। আরো ইস্কুলের বালকেরদের সঙ্গে মধ্যে২ এমন লোক পরীক্ষা দিলেও যদি উত্তীর্ণ হইতে না পারেন তবে তাহা প্রায় অসহ্য দুঃখজনক হয়। তাহাতেও সেই কর্ম্মের যে বেতন দিবার প্রস্তাব হয় তাহাও অতি অল্প। শেষে তিনি বোধ করেন যে, এত ঝঞ্ঝাটের

19. The practical difficulties that are apt at present to arise in the course of actual administration may perhaps be best illustrated by the exhibition of such actual or supposable cases as are part of common experience. I want—say, an English Deputy Magistrate, who after a certain probation and experience, shall hereafter be fit to be placed in charge of a Sub-Division in a rough and difficult Indigo District. The want is urgent and there is no time to lose. I make all possible enquiry. I apply to the best and most disinterested advisers; and, as my good name is obviously concerned in making a fair selection, I do all that I can to find some sufficiently well-bred and well-educated Englishman of mature age, who, in a subordinate capacity, in or out of the service, has proved himself fit for the employment in view. Such a man at last is found. He possesses the amplest testimonials of probity and ability. He has had ten or fifteen years' experience of the country and of business cognate to that on which I desire to employ him. He gives satisfactory proof of his knowledge of the Vernacular and success in dealing with the Natives. All who know him recommend him for the post, but—has he "a critical knowledge of and facility in composing in at least one language?" "Is he well-grounded in the Elements of Algebra and Geometry, and their practical application to Surveying?" Does he "know the leading facts either of Indian or English History?" All this must be tested by an examination. It is long, he says, since he left School, and he doubts if he could now stand a School examination without some instant cramming, for which his present position and avocations leave him little or no time or opportunity. To fail in such an examination too among a pack of School boys would be for a man of middle age, over painful, and after all the salary offered is very small; on the whole he doubts if it be worth his

[*Government Gazette, 5th April*, 1859.]

while, and his case (it is an actual case) seems likely to come to an untimely end.

20. Or take another kind of case. A vacancy in a Deputy-Collectorship, for which is recommended by the strongest, most disinterested and reliable Authorities a Native gentleman of established worth, integrity and ability. He is of known and widely respected family; he has served the Government with the highest credit and character in various capacities, he is held up as a peculiar instance of Native honesty and trustworthiness; he understands thoroughly his own countrymen, their habits, feelings and institutions; he has had the best education ordinarily given to Native gentlemen; he writes Persian, Nagree, or Bengalee, or all three with the most surprising readiness and facility; he is the most accurate and unfailing accountant; he is in short completely versed in all the accomplishments and acquirements heretofore considered needful for the business on which it is sought to employ him, and his appointment, while it seems due to his character and services, would certainly be popular and satisfactory over a whole Province. But of Algebra and Euclid he has hardly heard the names; his notions of Indian History go little if at all beyond the Ramayuna; and of the History of England he knows nothing whatever.

21. This good man whose case though here imaginary is such as does actually occur, can by no means be made a Deputy-Collector, nor can he be allowed to exercise any of the functions of a Covenanted Assistant. But though he may not, by reason of his want of School education, according to the English meaning of that phrase, exercise any power possessed by a young Covenanted Officer the day after he leaves College, he may exercise much higher powers. He may have the powers of a Zillah Judge.

22. I mention this because it appears to me that there is something anomalous in the rules now laid down as they bear on this feature of the case. In order to be a Civil Judge it is apparently not yet necessary to be examined touching a School education. This same Native gentleman whose case I have supposed, after having been rejected as to the powers of a Covenanted Assistant by reason of his historical or mathematical deficiencies, may apply to be examined for a diploma as a Moonsiff, in which examination he need only shew a knowledge of the Vernacular, and of the law and procedure of the Civil Courts, and having thus become a Moonsiff he must, if he behaves well, rise to be a Principal Sudder Ameen without any further examinations, and in that capacity he will exercise the full powers of a Covenanted Zillah Judge with a Civil Jurisdiction literally boundless as to the value of causes before him.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

কার্য কি। সুতরাং তাঁহার বিষয়ে ঐ কার্য্য নিষ্ফল হইবার সম্ভাবনা। এমন বিষয় ঘটিয়াওছে।

২০। অন্য প্রকারের উদাহরণ দি। ডেপুটী কালেক্টরের এক পদ শূন্য হইয়াছে। প্রসিদ্ধরূপে শিষ্টাচারি ও সরল ও কর্ম্মক্ষম এদেশীয় কোন বিশেষ লোককে সেই পদে নিযুক্ত করিতে অতি নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য কোন২ মহাশয়েরা অতি দৃঢ়রূপে পরামর্শ দেন। তিনি প্রসিদ্ধ ও সর্ব্ব লোকের সম্ভ্রান্ত বংশের লোক। তিনি সরকারী নানা কর্ম্ম অতি প্রশংসিতরূপে ও সরলভাবে করিয়াছেন, এদেশীয় লোকেরদের মধ্যে অতিসত্যবাদি ও বিশ্বাসযোগ্য এক জন। তিনি স্বদেশীয় লোকেরদের রীতিচরিত্র ও ভাব ব্যবস্থাদি উত্তমরূপে জানেন। এদেশীয় লোকেরা সচরাচর যে অতি উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত হইয়া থাকেন, তিনিও তদ্রূপে সুশিক্ষিত। ফারসী কি নাগরী কি বাঙ্গলা অক্ষর কিয়া তিন্ অক্ষর আশ্চর্য্যমতে শীঘ্র ও অনায়াসে লিখিতে পারেন। হিসাব খাতা লিখিতে পটু ও ঠিক। ফলতঃ তাঁহাকে যে পদে নিযুক্ত করিবার মনস্থ হয় সেই পদের নিমিত্তে যে সকল গুণ ও বিদ্যা পূর্ব্বাবধি প্রচুর বোধ হইয়া আসিতেছে সেই সকল বিদ্যাদিতে তিনি নিপুণ। তাঁহার রীতিচরিত্র ও নানা কর্ম্ম বুঝিয়া তাঁহাকে সেই পদে নিযুক্ত করা উপযুক্ত বটে, ও তিনি নিযুক্ত হইলে ঐ প্রদেশের সমুদয় লোকের সন্তোষ হয়। কিন্তু বীজগণিত বিদ্যার ও ইউক্লিডের নামও প্রায় শুনেন নাই। ভারতবর্ষের পুরাবৃত্ত বিবরণের যাহা জানেন তাহা রামায়ণে পড়িয়াছেন, তাহার অধিক প্রায় জানেন না। ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের কিছুই জানেন না।

২১। এই উত্তম লোকের দৃষ্টান্ত কল্পনা করিয়া লিখিলাম বটে, কিন্তু এই প্রকার হইয়াও থাকে। এমন লোক কোন প্রকারে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইতে পারেন না ও চিহ্নিত আসিস্টাণ্টের কোন কর্ম্ম করিতে তাঁহার অনুমতি হইতে পারে না। কিন্তু ইস্কুলের বিদ্যাশিক্ষা করা, এই কথার যে ভাব ইঙ্গলণ্ডীয় লোকেরা বুঝেন সেই ভাবানুসারে সেই লোক ইস্কুলের বিদ্যা শিক্ষা না করাপ্রযুক্ত, যদিও চিহ্নিত যুবা কার্য্যকারক সাহেবের প্রাপ্ত কোন ক্ষমতামতে কালেজ ত্যাগ করিবার পরদিনঅবধি কার্য্য করিতে না পারেন, তথাপি সেই লোক তদপেক্ষা উচ্চ ক্ষমতামতে কার্য্য করিতে পারেন। অর্থাৎ জিলার জজ সাহেবের ক্ষমতা পাইতে পারেন।

২২। আমার এই কথা লিখিবার অভিপ্রায় এই: উক্ত দৃষ্টান্ত স্থলের সঙ্গে এইক্ষণকার বিধি মিলাইয়া দেখিলে, ঐ বিধির কিছু অসঙ্গতি দৃষ্ট হয়। দেওয়ানী বিচারপতির কর্ম্ম পাইবার নিমিত্তে ইস্কুলে শিক্ষিত বিদ্যাদির পরীক্ষা দেওয়ার আবশ্যক অদ্যাপি হয় নাই। যাঁহার উদাহরণ কল্পনা করিয়া লিখিয়াছি এদেশীয় এমত কোন মহাশয় পুরাবৃত্ত বিবরণ কিম্বা ভূমিপরিমাপক বিদ্যাদি অনভিজ্ঞ হওয়াপ্রযুক্ত যদিও চিহ্নিত আসিস্টাণ্টের কোন ক্ষমতা পাইতে না পারেন, তথাপি মুনসেফের কর্ম্মের নিমিত্তে যোগ্যতাপত্র পাইবার অভিপ্রায়ে পরীক্ষা দিবার প্রার্থনা করিতে পারেন। সেই পরীক্ষাতে, তাঁহার দেশীয় ভাষার উপযুক্ত জ্ঞান আছে, ও দেওয়ানী আদালতের আইন ও কার্য্য করিবার বিধান জানেন, ইহা তাঁহার প্রকাশ করা প্রয়োজন, তাহা হইলে তিনি মুনসেফী পদ পান। পরে সদাচারি লোক হইলে তিনি অন্য কোন পরীক্ষা না দিয়া ক্রমে২ অবশ্য প্রধান সদর আমীনও হইবেন। ও সেই পদে চিহ্নিত জিলার জজ সাহেবের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন, ও তাঁহার সম্মুখে যে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে তাহার মূল্য বুঝিয়া তাঁহার দেওয়ানী ক্ষমতার নিতান্ত সীমা নাই।

23. There may possibly be a similar anomaly regarding Uncovenanted offices in the Salt and Opium and Customs Departments, for which, though some of them are more valuable than any in the Magisterial or Revenue Departments, I do not gather that any examination of a scholastic nature is now required previously to being appointed to office.

24. I trust to be excused for having ventured upon these remarks, which could hardly fail to occur to me in connection with the matter under consideration, and which arise partly in consequence of my intimate knowledge of the state of Native feeling on the subject, and of the keen anxiety with which all those proceedings of ours are viewed in which the Natives fancy, rightly or wrongly, that they can detect evidence of our distaste for their national acquirements and method of education and a desire to force upon them the study of English for purposes which they are yet incapable of apprehending or appreciating, and which they are therefore inevitably prone to misconstrue and misrepresent. But I have not failed to give my best attention to the orders received with a view to carry them into execution in the best and earliest manner I am able.

25. On the whole the most satisfactory approach which I find myself at present able to make to which I trust may become hereafter a full and complete accomplishment of the views of the Supreme Government is to act as follows:—

26. To direct the Chief Civil Authority of the District or Division in which an appointment is to be made, or in which the candidate my reside, to summon the candidate before him, and with such assistance towards that end as may be available from the nearest Educational Institution, to report whether the candidate has a sufficient knowledge of the Vernacular, and also appears to have received the ordinary School education of an English or Native gentleman, as the case may be, specifying at the same time whether the candidate evinces any and what degree of knowledge of Algebra and Geometry, and their practical application to Surveying, as well as of the leading facts of Indian and English History. Regarding vernacular books on History and Mathematics I must make still further enquiries and when a good list shall have been obtained I will take care to publish it for general information.

27. With regard to "the duties to be performed," I propose that the Chief Civil Authority shall report on the acquaintance of the candidate with the general nature of those duties, without, in the first instance, insisting on any close examination. But every newly appointed Uncovenanted Magisterial or Revenue Officer will receive notice that

[*Government Gazette, 5th April*, 1859.]

২৩। নিমক ও আফীন ও হাসিলের ডিপার্টমেণ্টে যে অচিহ্নিত কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহারদের নিযুক্ত করণ সম্পর্কেও সেই প্রকারের অসঙ্গতি থাকিতে পারে। তাহার মধ্যে কোন২ পদের বেতন ফৌজদারী কি রাজস্বের ডিপার্টমেণ্টের পদের বেতনহইতে অধিক, কিন্তু সেই২ পদে নিযুক্ত হইবার পূর্ব্বে ইস্কুলের শিক্ষিত বিদ্যাদির কোন পরীক্ষা দিতে হইবেক এমত শুনা যায় নাই।

২৪। আমি সাহস করিয়া এই সকল কথা লিখিয়াছি ইহাতে আমার ক্ষমা হইতে পারে। পরন্তু বিবেচিত বিষয়সম্পর্কে সেই সকল কথা প্রায় অগত্যা আমার মনে উঠে। ফলতঃ তদ্বিষয়ে এইদেশীয় লোকেরদের যে ভাব আছে তাহা আমি উত্তমরূপে জানি, আর আমারদের উক্ত সকল কার্য্য দেখিয়া লোকেরা যেমন উৎকণ্ঠিত হয় তাহাও জানি। এই কারণে লিখিলাম। যথার্থ হউক কি ভুলক্রমে হউক এইদেশীয় লোকেরা এমত বোধ করেন বটে যে, আমারদের সেই নিয়মেতে তাঁহারদের দেশীয় বিদ্যাদির ও শিক্ষার নিয়মের প্রতি আমারদের দ্বেষের প্রমাণ. ও আমরা বলপূর্ব্বক তাঁহারদিগকে ইঙ্গরেজী বিদ্যা শিক্ষা করাইতে চাহি, ইহারও প্রমাণ দেখা যায়। কিন্তু আমারদের যে অভিপ্রায় তাহা তাঁহারা অদ্যাপি বুঝিয়া উঠিতে পারেন না, ও সেই অভিপ্রায়ের ভাব জানেন না, সুতরাং তাঁহারা সেই অভিপ্রায়ের ভিন্নভাব বুঝিতে পারেন ও প্রকাশ করিতে পারেন। কিন্তু আমি যে আজ্ঞা পাইয়াছিলাম তাহা সাধ্যমতে উত্তমরূপে ও ত্বরা করিয়া সফল করিবার অভিপ্রায়ে যথেষ্ট মনোযোগ করার কিছু ত্রুটি করি নাই।

২৫। সর্ব্ববিষয় বিবেচনা করিয়া আমার স্বদ্বোধমতে এই জ্ঞান হইতেছে যে, নীচের লিখিত নিয়মমতেকার্য্য করিলে সুপ্রিম গবর্ণমেণ্টের অভিপ্রায় ক্রমশঃ সম্পূর্ণরূপে সিদ্ধ ও সফল হইতে পারিবেক। অর্থাৎ

২৬। যে জিলার কি এলাকার মধ্যে কোন লোককে কোন পদে ভর্ত্তি করিতে হইবেক, কিম্বা পদাকাঙ্ক্ষী যে জিলাতে কি এলাকায় বাস করেন, সেই জিলার কি এলাকার দেওয়ানী প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে এমত আজ্ঞা করা যাউক যে, তিনি ঐ পদাকাঙ্ক্ষীকে আপনার নিকটে ডাকাইয়া, অতি নিকট বিদ্যালয়হইতে যাঁহারদের সাহায্য পাইতে পারেন তাঁহারদের সাহায্য লইয়া তাঁহার পরীক্ষা করিয়া, ঐ পদাকাঙ্ক্ষী দেশীয় ভাষা উপযুক্তমতে জানেন কি না, ও লোকবিশেষ মানিয়া ইঙ্গরেজ কি এদেশীয় সম্ভ্রান্ত লোকেরা বিদ্যালয়ের শিক্ষিত বিদ্যা সাধারণমতে যেপর্য্যন্ত প্রাপ্ত হইয়া থাকেন সেইপর্য্যন্ত তাঁহার সুশিক্ষা হইয়াছে কি না, ও তিনি বীজগণিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যা ও সেই২ বিদ্যা জরিপী কার্য্যের উপর যেরূপে খাটে, ও ভারতবর্ষের ও ইঙ্গলণ্ড দেশের পুরাবৃত্ত বিবরণের প্রধান২ কথা, এই সকলের কিছু জ্ঞান প্রকাশ করেন কি না, ও যেপর্য্যন্ত জানেন, এই সকল কথার রিপোর্ট করুন। পুরাবৃত্ত বিবরণ ও মাথিমাটিক বিদ্যাঘটিত এদেশীয় ভাষার পুস্তকের আমার অধিক অনুসন্ধান করিতে হইবেক, ও সেই সকল পুস্তকের নামাদির উত্তম ফর্দ্দ পাইলে, তাহা সকল লোকের জানিবার নিমিত্তে প্রকাশ করিব।

২৭। যে কার্য্য করিতে হইবেক, তাহার বিধান সম্পর্কে আমার এই প্রস্তাব। দেওয়ানীর ঐ প্রধান কার্য্যকারক সাহেব প্রথমে সেই বিষয়ের আঁটাআঁটিরূপ পরীক্ষা না লইয়া, পদাকাঙ্ক্ষী ঐ কর্ম্মের সাধারণ ভাব যেপর্য্যন্ত জানেন এই কথার রিপোর্ট করুন। কিন্তু ফৌজদারী কি রাজস্বসম্পর্কীয় কর্ম্মেতে যে অচিহ্নিত কার্য্যকারক নূতন নিযুক্ত হন তাঁহাকে এই সম্বাদ

আফিমের ইজারাদার।

ইন্দাটের বিশ্বস্ত বাহকেরা যে সন ১৮৫১ সালে তাহাদের বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে বিনা এবাবি ঘন্টার মধ্যে যোগাম ফলিকাতার এক্রটম ঘরে সন ১৮৫৭ : ৫৮ মাসের পয়লা দিবস সেই চতুর্থ নীলাম হইবেক এবং এ নীলামে ২২৬ বিশ্বস্ত আফিম বিক্রয় হইবার বিশেষ বিবরণ এই।

বেহারের এজন্সীর উৎপন্ন আফিম	১১১৫
বোম্বাইয়ের এজন্সীর উৎপন্ন আফিম	৩৪৫
মূলধন বিক্রয়	২২৬০

২ নম্বর। এইক্ষণে যে নীলামের ইস্তাহার মারাপিল বিনয় অথবা পত্রক সকল ঘোষণাদারে সন ১৮৫৮ সালের ১ ডিসেম্বর তারিখের গেজেটের সঙ্গে ছাপা হইয়া বাহির হইয়াছে তাহা এই নীলামের ৩ এক্রটম গেজেটের কাগজে ছাপা হইয়াছে ও এক্রটম গেজেটের কাগজে ছাপা

নং ২৫৭।

ইশ্তেহার।

১ দফা। উড়িষ্যা প্রদেশের মধ্য এবং দক্ষিণ এজেন্সীহইতে মোং সালিখার সরকারী গোলায় লবণ চালাই করিবার জন্যে টেণ্ডরের দরখাস্ত আগামি ১৭ মে তারিখের বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় লওয়া যাইবেক।

২ দফা। এই টেণ্ডরের দরখাস্ত সকল নিয়মিত ফারম মত দাখিল করিতে হইবেক তাহার ফারম এই দপ্তরখানায় দরখাস্ত করিলে পাওয়া যাইবেক।

৩ দফা। নীচের লিখিত প্রত্যেক২ প্রদেশহইতে লবণ রওয়ানা করিবার নিমিত্ত পৃথক২ কানট্রাক্ট করিতে হইবেক ঐ প্রদেশ সকলের নাম এই কটক প্রদেশের মধ্য স্থল হাসুয়ার গোলা এবং দক্ষিণ অর্থাৎ পুরী এজেন্সী মধ্যে আস্রাঙ্গ আড়ঙ্গ এবং চিলকার সমুদ্রীয় হ্রদ।

৪ দফা। যে সকল ব্যক্তি দরখাস্ত করিবেক তাহারদিগকে সাহেবান রিবিনিউ বোর্ডের এবং কটক দেশের কমিস্যনর সাহেবের খাতিরজমা করিয়া দিতে হইবেক যে যত নেমকের জন্য কানট্রাক্টের প্রার্থনা রাখে তাহা সমুদয় নেমক ঢোলাইয়ের সমস্থান আছে এ প্রযুক্ত প্রত্যেক দরখাস্ত করণিয়াকে আপন দরখাস্তের সম্বলিত যে সকল সুলুপ ঢোলাইয়ের জন্য নিযুক্ত করিতে চাহে তাহার ইসমওয়ারি ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

৫ দফা। প্রত্যেক বৎসর হাসুয়ার গোলাহইতে ১০০০০০/ মোন নেমকের অধিক ঢোলাই হইবার সম্ভাবনা নাই আস্রাঙ্গ আড়ঙ্গহইতে আন্দাজ ৮০০০০/ মোন নেমক আগামি বৎসর ঢোলাই হইতে পারে এবং চিলকিয়ার আড়ঙ্গহইতে আন্দাজ ৩২০০০০ মোন। প্রত্যেক প্রদেশহইতে যত মোন নেমক ঢোলাই করিবার জন্য সুলুপ আবশ্যক হইবেক তাহা সমুদয় নেমকের জন্য কিম্বা ঐ নেমকের সিকি ভাগের ন্যূন না হয় এমত অংশের জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবেক।

৬ দফা। কানট্রাক্টদারান যে পরিমাণ নেমকের নিমিত্তে কানট্রাক্ট নির্দ্দিষ্ট হইবেক সেই পরিমাণ নেমক ইস্তক অক্টোবর মাসের আখেরি কটাল লাগাদ ফেব্রুআরি মাসের শেষ এই মেয়াদের মধ্যে ঢোলাই করিতে কবুলতি দিবেক।

৭ দফা। যে২ ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহারদিগকে আপন আপন কানট্রাক্টের কর্ম্ম সুচারুরূপে আঞ্জামের জন্যে গবর্ণমেণ্ট প্রমীয়রী নোট অথবা অন্য অপরিহার্য্য মাতবর জামিনী দাখিল করিতে হইবেক।

৮ দফা। বোর্ডের এমত এক্তিয়ার থাকিল যে কোন কারণ না দর্শাইয়া কোন ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত নামঞ্জুর করিতে পারেন।

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ।

ফোর্ট উলিয়ম। সন ১৮৫৯ সাল তারিখ ১৫ মার্চ।

ই টি ট্রবর। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 12, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১২ আপ্রিল।

CIRCULAR ORDERS OF TEE SUDDER DEWANNY ADAWLUT.

[Concluded from page 234.]

Extract from a Despatch from the Secretary of State for India in the Public Department, No. 11 of 1858, under date the 29th September.

MISCELLANEOUS.

[(18) Minute by the Lieutenant-Governor on the preliminary examination of candidates for employment in the Revenue and Judicial Department's Uncovenanted Service.]

PARA. 12. The Lieutenant-Governor should in communication with such Authorities as he may deem it proper to consult, frame rules for the examination of candidates for admission into the different branches of the Uncovenanted Service, as has been done at Madras, but the opinion of the Senatus of the Calcutta University or of the Director of Public Instruction, is not of so much value in this matter as that of the Officers who are practically acquainted with the duties to be performed.

13. The views expressed by the Lieutenant-Governor in his Minute of the 24th April 1857 (which are to a great extent in accordance with those expressed in the Despatch of the Court of Directors to the Government of Madras, dated 30th August (No. 45) 1858, a copy of which Despatch has been sent to you) seem sound.

Public Department, No. 45, dated London, the 30th August 1858.

OUR GOVERNOR IN COUNCIL AT FORT SAINT GEORGE.

[Judicial Letter dated the 21st April (No. 12) 1857, paras. 21 and 22.]

PARA. 1. The papers of this collection put us in

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

[২৩৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবের পবলিক ডিপার্টমেণ্টের ১৮৫৮ সালের ২৯ সেপ্টেম্বর তারিখের ১১ নম্বরের পত্রহইতে গৃহীত কথা।

বিবিধ বিষয়ের দফা।

[(১৮) অচিহ্নিত কার্য্যকারকেরা রেবিনিউ ও জুডিসিয়ল ডিপার্টমেণ্টে যে২ পদ পাইতে পারেন সেই২ পদাকাঙ্ক্ষিরদের প্রথমে যে পরীক্ষা দিতে হয় তদ্বিষয়ের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের মন্তব্য কথার কথা।]

১২ দফা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে কার্য্যকারক সাহেবেরদের সঙ্গে পরামর্শ করা উপযুক্ত বোধ করেন তাঁহারদের সঙ্গে লেখাপড়া করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরা যে২ পদে নিযুক্ত হইতে পারেন সেই২ পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষা লইবার বিধান মান্দ্রাজে যেমন হইয়াছে তেমনি তাঁহার করা উচিত। কিন্তু এই বিষয়ে যে কার্য্যকারক সাহেবেরা কার্য্য করিয়া কর্ত্তব্য কর্ম্ম ভালমতে বুঝেন তাঁহারদের মত, কলিকাতার উনিবর্সিটির সেনেটের কিম্বা সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর সাহেবের মতাপেক্ষা গুরুতর।

১৩ দফা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৫৭ সালের ২৪ আপ্রিল তারিখের মন্তব্য কথাতে আপনার যে অভিপ্রায় প্রকাশ করিয়াছেন তাহা উত্তম বোধ হয়। ফলতঃ মান্দ্রাজের গবর্ণমেণ্টের নিকটে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ১৮৫৮ সালের ৩০ আগষ্ট তারিখের ৪৫ নম্বরের পত্রেতে যে অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অভিপ্রায় অনেক অংশে তদনুযায়ি বটে। কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ঐ পত্রের এক কেতা নকল তোমার নিকটে পাঠান যাইতেছে।

পবলিক ডিপার্টমেণ্ট। ৪৫ নম্বর। লণ্ডন। ১৮৫৮ সাল ৩০ আগষ্ট।

মান্দ্রাজে হজুর কৌন্সেলে আমারদের শ্রীযুত গবর্নর সাহেব প্রতি আগে।

[১৮৫৭ সালের ২১ আপ্রিল তারিখের ১২ নম্বরের জুডিসিয়ল পত্রের ২১ ও ২২ দফার কথা।]

১ দফা। এইক্ষণে যে সকল কাগজপত্র পাওয়া গি-

possession of your views and of the measures which you have adopted in regard to the examination of Uncovenanted Servants of your Government, and of candidates for employment in the Judicial and Revenue Departments of the Public Service. The subject derives additional importance from the circumstances that an Act (No. VII. of 1857,) has recently been passed by the Legislative Council of India, providing for the more extensive employment of Uncovenanted Agency in those Departments in the Presidency of Madras.

2. You have made it a fundamental rule that no person above the rank of peon, shall be admitted into the Service, and no member of the service shall be promoted, without undergoing the prescribed examination. Adverting to the number of examinations that must follow a strict observance of the rule, and the great demand that must consequently be made upon the time and labor of District Officers, the Presidency Board of Examiners have suggested that the examination of the lowest division of Public Officers, or, as we presume the entrance examination, shall be abandoned and the certificates of the heads of Educational Establishments testifying that the candidates have creditably passed the test required by Government shall be accepted in lieu of the examination. You have very properly negatived this suggestion, for the reasons stated in the 9th paragraph of your Resolution of the 30th January last.

3. The Uncovenanted Service is to be formed into three divisions. The first is to comprise all appointments the salary of which may amount to, or exceed Rupees 250, the second all appointments from Rupees 75 to 250, and the third all appointments below Rupees 75 per mensem. The second division is sub-divided into two classes, comprising respectively appointments from 75 to 150 and from 150 to 250, and the third into three classes as follows :—

1st, all below 25 Rupees.

2nd, from 25 to 50 „

3rd, from 50 to 75 „

4. The candidates are to be placed in the different classes according to the number of marks assigned to them respectively.

5. The examinations are to be held half-yearly, and are to be open to all candidates whose age may exceed 18 years. Every candidate for examination must produce, *first*, a Medical Certificate of physical fitness; *secondly*, testimonials as to character, general respectability, and (if he has already been employed in the Public Service) as to his efficiency as a public servant; and *thirdly*, an authentic statement of age, parentage, profession, birth-place, residence and certain other particulars.

6. The test is to be of three kinds, *first* as to the knowledge possessed by the candidate of certain subjects which are to be designated as "essential" subjects; *secondly*, the same as to certain subjects

য়াছে তাহাতে, তোমার গবর্ণমেণ্টের অচিহ্নিত কার্য্যকারকেরদের, ও সরকারী কর্ম্মের বিচারকর্ত্তা, ও রাজস্বসম্পর্কীয় ডিপার্টমেণ্টে যাঁহারা পদাকাঙ্ক্ষী হন তাঁহারদের পরীক্ষার বিষয়ে তোমার যে অভিপ্রায়, ও পরীক্ষা লইবার যে নিয়ম করিয়াছ তাহা আমরা অবগত হইয়াছি। আরো মান্দ্রাজ রাজধানীর মধ্যে এই ডিপার্টমেণ্টে অচিহ্নিত কার্য্যকারকদিগকে আরো বিস্তারিতরূপে নিযুক্ত করিবার বিধানের এক আইন(অর্থাৎ ১৮৫৭ সালের ৭ আইন)সম্প্রতি ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে জারী হইয়াছে, ইহাতে সেই পরীক্ষার কথা পূর্ব্বাপেক্ষা অতিগুরুতর হয়।

২। তুমি এই মূল বিধান করিয়াছ। নির্দ্দিষ্টমতের পরীক্ষা না দিলে কোন লোক সরকারী কর্ম্মেতে পেয়াদাহইতে উচ্চ পদে নিযুক্ত হইবেন না, ও বর্ত্তমান পদহইতে উচ্চ পদে ভর্ত্তি হইবেন না। এই বিধান দৃঢ়রূপে মানিলে অবশ্য অনেক পরীক্ষা লইতে হইবেক, ও তাহাতে জিলার কার্য্যকারক সাহেবেরদের অনেক সময় হরণ ও পরিশ্রম বৃদ্ধি হইবেক ইহা বিবেচনা করিয়া, রাজধানীর পরীক্ষক বোর্ডের সাহেবেরদের এই পরামর্শ হইয়াছে যে, অধঃশ্রেণীর কর্ম্মকারকেরদের পরীক্ষা ত্যাগ করা যায় (ইহাতে বোধ হয় প্রথম স্থলের পরীক্ষার কথার উল্লেখ করেন) ও এই পদাকাঙ্ক্ষীরা গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট নিয়মমতে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন, বিদ্যালয়ের প্রধান কর্ম্মকারকেরদের এই মর্ম্মের সর্টিফিকট ঐ পরীক্ষার পরিবর্ত্তে গ্রাহ্য হয়। পরন্তু তোমার গত জানুআরি মাসের ৩০ তারিখের নির্দ্ধারণের ৯ দফায় যে কারণ প্রকাশ করিয়াছ, সেই২ কারণে তাঁহারদের ঐ পরামর্শ অগ্রাহ্য করিয়াছ, ইহা উচিত করিলা।

৩। অচিহ্নিত কর্ম্মকারকেরদের পদের তিন শ্রেণী হইবেক। অর্থাৎ যে২ পদের ২৫০৲ টাকা কি তাহার অধিক বেতন হয় তাহা প্রধান শ্রেণী। যে২ পদের ৭৫৲ টাকাঅবধি ২৫০৲ টাকাপর্য্যন্ত বেতন, তাহা দ্বিতীয় শ্রেণী, ও যে২ পদের ৭৫৲ টাকার কম বেতন তাহা তৃতীয় শ্রেণী। ঐ দ্বিতীয় শ্রেণীর দুই ভাগ। যে২ পদের ৭৫৲ টাকাঅবধি ১৫০৲ টাকাপর্য্যন্ত বেতন তাহা প্রথম ভাগ। ও যে২ পদের ১২৫৲ টাকাঅবধি ২৫০৲ টাকাপর্য্যন্ত বেতন তাহা দ্বিতীয় ভাগ। তৃতীয় শ্রেণীর এই তিন ভাগ হইল,

প্রথম, যে২ পদের ২৫৲ টাকার কম বেতন।

দ্বিতীয়, যে২ পদের ২৫৲ টাকাঅবধি ৫০৲ টাকাপর্য্যন্ত বেতন।

তৃতীয়, ৫০৲ ঐ ৭৫৲ ঐ।

৪। পরীক্ষার কালে পদাকাঙ্ক্ষিরদের নামে যত অঙ্ক পড়ে তাহা বুঝিয়া তাঁহারা প্রথমপ্রভৃতি শ্রেণীতে ভর্ত্তি হইবেন।

৫। পরীক্ষা ছয়২ মাসান্তর হইবেক। ও ১৮ বৎসরের অধিক বয়সের কোন লোক পরীক্ষা দিতে পারিবেন। পরীক্ষা দেওনাকাঙ্ক্ষি প্রত্যেক জনের এই২ পত্রাদি দিতে হইবেক। প্রথম, কায়িক স্বাস্থ্যের বিষয়ে চিকিৎসকের এক সর্টিফিকট। দ্বিতীয়, সুচরিত্রের ও সাধারণমতে মর্য্যাদার প্রমাণপত্র, ও পূর্ব্বে যদি সরকারী কর্ম্ম করিয়া থাকেন তবে সরকারী কার্য্যকারকস্বরূপে তাঁহার উপযোগিতার প্রমাণপত্র। তৃতীয়, তাঁহার বয়স্ ও বংশ ও ব্যবসায় ও জন্মস্থান ও বাসস্থানপ্রভৃতি বিশেষ কএক কথার এক যথার্থ লিপি।

৬। পরীক্ষা তিন বিষয় লইয়া হয়। নিতান্ত আবশ্যক বলিয়া কোন২ বিদ্যাদিতে পদাকাঙ্ক্ষির যেপর্য্যন্ত জ্ঞানপ্রাপ্তি হইয়াছে তাহা প্রথম। নিতান্ত আবশ্যক নহে বলিয়া কোন২ বিদ্যাদিতে পদাকাঙ্ক্ষির যেপর্য্যন্ত

which are to be designated as "non-essential;" and *thirdly*, as to the moral character of the candidate and in the event of his being already employed in the Public Service as to his experience and proved capacity for business.

7. The examination is to be decided by marks, of which a fixed maximum number is to be allotted for the whole examination. Of this number one portion is assigned to the "essential subjects," one to the "non-essential," and one to character and official experience and capacity. A fixed minimum of the whole must be attained to qualify for admission or promotion, as the case may be, and again one-half of the prescribed minimum number of marks must be for "essential" subjects, and the rest for the other two branches of the test, that is for the "non-essential" subjects, or for character and official experience and capacity, or partly for the one and partly for the other.

8. The essential subjects of examination for all candidates but those to be employed in the English departments of Service, are the Vernacular language of the District in which the candidate seeks employment. English in all but the two lower classes of the third division, Arithmetic, Principles of Law, the Regulations and Acts of the Government and the Judicial and Revenue administration of the Presidency according as the candidate seeks admission into one or other of those branches of the Public Service. In the English Departments a sound knowledge of English and Arithmetic is required. The "non-essential" subjects of examination are History, Geography, Algebra, Political Economy, certain branches of Science, and a higher knowledge than is prescribed as "essential" of Arithmetic and Mathematics and of Civil and Criminal Law. The standard of examination, of course, varies ascending in the scale of acquirement from the lowest to the highest class.

9. It is further provided that ordinarily an Officer must serve five years in the third division, before he can be promoted to the second. Exceptions are made in favor of persons reported by Heads of Offices to have extraordinary claims or qualifications, and of those who have attained high academical distinctions, in which latter case the term of service in the third division may be reduced to two years. In like manner except in very special cases an Officer must serve for five years in the second before he can be eligible for promotion to the first division.

10. There are to be four divisional committees of examination, *viz.*, at Bellary, Trichinopoly, Mangalore, and Rajahmundry, and the examination of candidates resident in the Districts in the neigh-

জ্ঞানপ্রাপ্তি হইয়াছে তাহা দ্বিতীয়। ও নীতিপক্ষে পদাকাঙ্ক্ষির যে চরিত্র, ও পূর্ব্বে যদি সরকারী কর্ম্ম করিয়া থাকেন তবে সেই কর্ম্মেতে তাঁহার যে অনুশীলন ও যে ক্ষমতার প্রমাণ হইল তাহা তৃতীয়।

৭। পরীক্ষার ফল অঙ্কদ্বারা নির্ণয় হইবেক। অর্থাৎ যে২ বিষয় লইয়া পরীক্ষা হয় তাহা সমুদয়ে যে জন উত্তীর্ণ হন তাঁহার নামে নির্দ্ধারিত কোন উচ্চ অঙ্ক পড়িবেক। ঐ নির্দ্ধারিত অঙ্কের তিন ভাগ করিয়া, নিতান্ত আবশ্যক বিষয়ের এক ভাগ। নিতান্ত আবশ্যক নয়, এমত বিষয়ের অন্য ভাগ। ও সুচরিত্রের ও সরকারী কর্ম্মেতে অনুশীলনের ও ক্ষমতার তৃতীয় ভাগ হইবেক। আর ইহার মধ্যে যত অঙ্ক না পাইলে কোন লোক সরকারী কর্ম্মে গ্রাহ্য হইতে পারিবেন না, কিম্বা বিষয়বিশেষে উচ্চ পদে নিযুক্ত হইবেন না, অতি ন্যূন এমত কোন অঙ্কও নির্দ্ধার্য্য হইবেক। ঐ নির্দ্ধারিত অতি ন্যূন অঙ্কের অর্দ্ধেক নিতান্ত আবশ্যক বিদ্যাদির নিমিত্তে, ও পরীক্ষার অন্য বিষয়ের নিমিত্তে অর্থাৎ নিতান্ত আবশ্যক নয় এমত বিদ্যাদির নিমিত্তে, অথবা সুচরিত্রের ও সরকারী কর্ম্মেতে অনুশীলনের ও ক্ষমতার নিমিত্তে অন্য অর্দ্ধেক হইবেক, কিম্বা ইহার দুই ভাগ করিয়া এক ভাগ এক বিষয়ের ও অন্য ভাগ অন্য বিষয়ের নিমিত্তে হইবেক।

৮। "নিতান্ত আবশ্যক" যে২ বিষয়ের পরীক্ষা সকল পদাকাঙ্ক্ষির দিতে হইবেক তাহা এই২। যাঁহারদের কেবল ইঙ্গরেজী ভাষা লইয়া কর্ম্ম করিতে হইবেক তাঁহারা ছাড়া, অন্য পদাকাঙ্ক্ষিরা যে২ জিলাতে কর্ম্ম পাইতে চাহেন সেই২ জিলার চলন ভাষা, ও তৃতীয় শ্রেণীর অধো দুই ভাগ ভিন্ন অন্য সকল ভাগে ও শ্রেণীতে ইঙ্গরেজী ভাষা, ও অঙ্কবিদ্যা, ও ব্যবস্থার মূল বিধান, ও গবর্ণমেণ্টের আইন ও আক্ট, ও পদাকাঙ্ক্ষী সরকারের আদালতসম্পর্কীয় কি রাজস্বসম্পর্কীয় যে পদে ভর্ত্তি হইতে চাহেন তাহা বুঝিয়া, রাজধানীর মধ্যে আদালতের কিম্বা রাজস্বসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহের বিধান। ইঙ্গরেজী ভাষাতে, ঐ ভাষার ও অঙ্কবিদ্যার উত্তম জ্ঞানপ্রাপ্তির আবশ্যক। "নিতান্ত আবশ্যক নহে" এমত যে২ বিষয়ে পরীক্ষা দিতে হইবেক তাহা এই২। পুরাবৃত্ত বিবরণ, ও ভূগোলবিদ্যা, ও বীজগণিত বিদ্যা, ও রাজ্যনীতি, ও অন্য কএক বিদ্যা, ও আবশ্যক বলিয়া অঙ্কবিদ্যার ও মাথিমাটিক বিদ্যার ও দেওয়ানী ও ফৌজদারী আইনের যত জ্ঞানপ্রাপ্তির প্রয়োজন তাহার অধিক জ্ঞান। শ্রেণী বুঝিয়া সুতরাং পরীক্ষারও বিশেষ হয়।

৯। আরো সাধারণমতের এই নিয়ম হইয়াছে, কোন কার্য্যকারক পাঁচ বৎসর তৃতীয় শ্রেণীতে কর্ম্ম না করিলে, দ্বিতীয় শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না। কিন্তু লোকবিশেষের অসাধারণ যোগ্যতা কি গুণাদি থাকে কোন দফ্তরের প্রধান কার্য্যকারক সাহেব যাঁহারদের নামের এমত রিপোর্ট করেন তাঁহারদিগকে লইয়া, ও যাঁহারা বিদ্যালয়ের শিক্ষিত বিদ্যাদিতে বিশেষ নৈপুণ্য প্রাপ্ত হইয়াছেন তাঁহারদিগকে লইয়া ঐ নিয়ম ছাড়া কার্য্য হইতে পারিবেক, ও শেষোক্ত প্রকারের লোকেরা তৃতীয় শ্রেণীতে দুই বৎসর কর্ম্ম করিলে পর উচ্চ শ্রেণীভুক্ত হইতে পারিবেন। তদ্রূপে বিশেষ স্থলছাড়া দ্বিতীয় শ্রেণীতে পাঁচ বৎসর কর্ম্ম না করিলে কোন কার্য্যকারক প্রথম শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না।

১০। চারি এলাকায় অর্থাৎ বেলারিতে ও ত্রিচিনপল্লিতে ও মাঙ্গালুরে ও রাজামন্দিরীতে পরীক্ষা লইবার কমিটী থাকিবেক, ও রাজধানীর নিকট২ জিলাতে

bourhood of the Presidency, is to be conducted at Madras by the Court of Sudder Adawlut.

11. The above is a summary of the rules which you have adopted in regard to this important subject. We have noticed with much satisfaction the deep interest you have taken in it, and the ability with which you have treated it.

12. With one material exception we approve of the standard of qualification in "essential" subjects, which you have laid down as a test of the practical knowledge and ability necessary for the proper discharge of public duties. We do not think, however, that the time has arrived when with due regard to the efficiency of the Public Officers, and the satisfactory despatch of the business of the many millions of native subjects in India, you can require a knowledge of English from every person in your employ drawing a salary of more than 50 Rupees a month. A rule of this kind would have the effect of throwing appointments into the hands of individuals educated at English schools to the exclusion of a large number of persons to be found throughout the Presidency, who notwithstanding their ignorance of English, may prove very valuable public Servants. It may be well to encourage lads of superior abilities to learn English, and we could have no objection to your giving a knowledge of English a high place in the list of "non-essential" subjects for all candidates but those to be employed in offices in which such knowledge is indispensable; but we feel satisfied of the impropriety of a rule which requires from every Moonsiff and Tehsildar a high proficiency in English, as an indispensable qualification for office. We may further remark that the inevitable tendency of surrounding our Covenanted Officers with men conversant with English, will be a neglect on the part of the former of the languages of the Country, a result which for the sake of our native subjects in general we should deeply deplore. We consider it of far greater importance that our European Officers should be able to converse in the native languages with the people of the Country, and to read with ease, and to scrutinize all documents so written than that the Native Officers should be acquainted with the language of their European superiors. We think that this part of your scheme requires further consideration.

13. The limitation of the subjects of examination to such as bear directly upon the future employment of the candidates, would operate injuriously upon the general education of those seeking admission into the public service, by holding out inducements to them to qualify themselves as mere official machines, to the neglect of those branches of knowledge, the study of which is calculated to invigorate the intellect, to mature the judgment, and to render a public servant generally useful and efficient. You have acted judiciously in prescribing that the examination shall embrace the leading features of a

যে পদাকাঙ্ক্ষিরা বাস করেন তাঁহারদের পরীক্ষা মান্দ্রাজের সদর আদালতে হইবেক।

১১। তুমি উক্ত অতিগুরুতর বিষয়ের যে বিধি করিয়াছ তাহার এই সারসংগ্রহ লিখিলাম। আর ইহাতে তোমার যে আনুকূল্য ও তৎসম্পর্কে তুমি যেক্ষমতা প্রকাশপূর্ব্বক কর্ম্ম করিয়াছ তাহা দেখিয়া আমারদের অত্যন্ত সন্তোষ হইয়াছে।

১২। সরকারী কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করিবার যত জ্ঞান ও ক্ষমতার আবশ্যক হয় তাহার পরীক্ষা করিবার জন্যে, আবশ্যক বিষয়েতে পদাকাঙ্ক্ষিরদের গুণ নিরূপণের যে নিয়ম করিয়াছ তাহাতে গুরুতর এক বিষয়ছাড়া আমরা সম্মত আছি। সরকারী কার্য্যকারকেরদের উপযোগিতা, ও ভারতবর্ষীয় প্রজারদের কোটি২ লোকের মোকদ্দমাপ্রভৃতি হুদ্বোধমতে নির্ব্বাহ হওয়া, এই দুইয়ের উচিতমতে বিবেচনা করিলে বোধ হয় ৫০৲ টাকার অধিক বেতন যাঁহারা পান তাঁহারদের প্রত্যেক জনের ইঙ্গরেজী ভাষা জানিতে হইবেক, এমত হুকুম করিবার সময় এখনও উপস্থিত হয় নাই। সেই বিধান থাকিলে, যাঁহারা ইঙ্গরেজী বিদ্যালয়ে শিক্ষা পাইয়াছেন তাঁহারাই সরকারী সকল কর্ম্ম পাইবেন, ও ইঙ্গরেজী ভাষা না জানিলেও যাঁহারা সরকারী কর্ম্মের অতি উপযুক্ত কার্য্যকারক হইতে পারিবেন, মান্দ্রাজ দেশনিবাসি এমত বহুতর লোক সেই কর্ম্ম পাইতে পারিবেন না। প্রধশালি যুবারদিগকে ইঙ্গরেজী ভাষা শিক্ষা করিবার উৎসাহ দেওয়া ভাল হইতে পারে, ও যে২ পদে ইঙ্গরেজী জ্ঞান নিতান্ত আবশ্যক এমত পদে যাঁহারা নিযুক্ত হইবেন তাঁহারদেরছাড়া অন্য সকল পদাকাঙ্ক্ষিরদের "নিতান্ত আবশ্যক নহে" এমত যে২ বিষয়ে পরীক্ষা দিতে হইবেক তাহার মধ্যে ইঙ্গরেজী ভাষার জ্ঞান অতিগুরুতর বলিয়া গণ্য করিলে আমারদের কোন আপত্তি নাই। কিন্তু ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে না জানিলে কোন কেহ মুনসেফী পদ কি তহসীলদারী পদ পাইতে পারেন না এমত বিধি আমরা অনুচিত জ্ঞান করি। আরো আমারদের এই বক্তব্য, আমারদের চিহ্নিত কার্য্যকারকেরদের চতুর্দ্দিগে ইঙ্গরেজী ভাষা বিদিত লোকেরা থাকিলে, তাঁহারদের অবশ্য দেশীয় ভাষা শিক্ষা করিতে শৈথিল্য হইবেক। তদ্রূপ শৈথিল্য হইলে দেশীয় সর্ব্ব সাধারণ প্রজারদের পক্ষে আমারদের অত্যন্ত খেদ জন্মিবেক। ইউরোপীয় উপরিস্থ কার্য্যকারকেরদের ভাষা দেশীয় কর্ম্মকারকেরদের ভাষাঅপেক্ষা, ইউরোপীয় কার্য্যকারক সাহেবেরা দেশীয় লোকেরদের সঙ্গে তাঁহারদের স্বদেশীয় ভাষাতে কথাবার্ত্তা করিতে পারেন, ও সেই দেশের অক্ষরে লেখা সকল কাগজপত্র অনায়াসে পাঠ করিতে পারেন ও তাহার মর্ম্মের সন্ধান লইতে পারেন ইহা আমরা গুরুতর জ্ঞান করি। আমরা বোধ করি তোমার নিয়মের ঐ অংশের অধিক বিবেচনার প্রয়োজন।

১৩। পদাকাঙ্ক্ষিরা উত্তর কালে যে কর্ম্ম পাইতে পারেন তাহা বিশেষমতে লক্ষ করিয়া, তাঁহারদের পরীক্ষার জন্যে কেবল তৎসম্পর্কীয় বিষয় মনোনীত হইলে, যাঁহারা সরকারী কর্ম্মে ভর্ত্তি হইতে বাঞ্ছা রাখেন তাঁহারদের সাধারণ বিদ্যাশিক্ষার অসনোযোগ হইতে পারে, কেননা ইহাতে কেবল কলস্বরূপে সরকারী কর্ম্ম করণার্থে উপযুক্ত হইবার একটা প্রবৃত্তি জন্মে, ও যে২ বিদ্যাতে বুদ্ধির তেজবৃদ্ধি হয় ও বিবেক পরিপক্ক হয় ও সরকারী কার্য্যকারক সাধারণমতে উপযোগী ও কর্ম্মঠ হন, এমত নানা বিদ্যানুশীলনের শৈথিল্য জন্মে। যে২ বিদ্যাদি শিক্ষা করিলে লোককে বিদ্বান বলা যায় এমত প্রধান২ সকল বিদ্যা ঐ পরীক্ষার মধ্যে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১২ আপ্রিল।]

liberal education, which as tests of acquirements and of intellect will doubtless prove exceedingly useful in determining both the positive and relative merits of candidates.

14. The rule which prescribes a minimum number of marks in "essential" subjects as the condition of success is manifestly proper, but we think that the provision for allowing the remainder of the full number of marks required for admission or promotion in the public service, to be made up of marks for the "non-essential" subjects, or for character and official experience and capacity, or partly for the one, and partly for the other, may require some modification. The object in view is not so much to obtain men possessing high scholastic attainments as intelligent and well educated, practical and useful men, competent for the discharge of the ighly important duties which will devolve upon them. It is provided indeed that candidates shall produce testimonials of character and capacity, but so long as the option is given to a candidate to complete the total number of his marks, under both or either of the second and third branches of the test, we apprehend that the prescribed testimonials may in some instances be of a very inferior kind. We think that it would be better to declare that no candidate shall be admitted to examination without *approved* testimonials, and to retain only the first and second branches of the test, (in which case your system of marks must undergo alteration), or, if the three branches be retained that a given proportion of the marks should be fixed absolutely for the third as well as for the first branch.

15. The rule which prescribes that ordinarily a public servant shall serve for a fixed period of time in a lower before he is promoted to a higher grade of service, is no doubt a sound one, but is not altogether free from objection, when rigidly enforced as one of universal or almost universal application, a rule for instance, which prevents the appointment of a person to the office of Moonsiff, until he has served for five years in some subordinate ministerial office, may have the effect of excluding from our service men of family and standing, competent to discharge the duties of the Judicial office, and desirous of undertaking it as one of dignity and honour, but who would not willingly enter the lower grades of official employment. We cannot expect that our administration should be either respectable or popular if we repel such men, whose services might be secured by a system such as that in force in the Presidency of Bengal, where candidates for the Judicial office receive their diplomas of qualification on passing an examination prescribed for that particular department of the Public Service.

16. Under the rules which you have recently

[*Government Gazette*, 12*th April*, 1859.]

ধার্য্য করাতে তোমার বিবেচনাসিদ্ধ কার্য্য হইয়াছে বটে, কেননা তাহা জ্ঞানপ্রাপ্তির ও বুদ্ধির প্রমাণ হইয়া ঐ পদাকাঙ্ক্ষিরদের মধ্যে প্রত্যেক জনের নিজগুণ, ও অন্য পদাকাঙ্ক্ষিরদের সঙ্গে তুলনাক্রমেও তাঁহার গুণ নির্ণয় করণ কার্য্যেতে; তাহাতে অবশ্য অধিক ফল দর্শিবেক।

১৪। অতি ন্যূন কোন অঙ্ক নির্দ্ধার্য্য করিয়া, নিতান্ত আবশ্যক বিষয়ের পরীক্ষাতে তত অঙ্ক যাঁহার নামে না পড়ে তিনি সরকারী কর্ম্মে গ্রাহ্য হইবেন না, এই বিধি স্পষ্টই উপযুক্ত বটে। পরন্তু সরকারী কর্ম্মে ভর্ত্তি হইবার কিম্বা উচ্চ পদ পাইবার জন্যে অবশিষ্ট যত অঙ্ক পাওয়া প্রয়োজন তাহা, নিতান্ত আবশ্যক নয় পরীক্ষার এমত বিষয়ের, অথবা সুচরিত্রের ও কর্ম্মানুশীলনের ও কর্ম্মক্ষম হওয়ার নিমিত্তে, কিম্বা তাহার এক অংশ এক বিষয়ের, অন্য অংশ অন্য বিষয়ের নিমিত্তে পাওয়া যাইতে পারে, এই বিধি কিঞ্চিৎ মতান্তর হইবার প্রয়োজন জ্ঞান করি। যাঁহারা ইস্কুলের শিক্ষিত বিদ্যাদিতে নিপুণ এমন লোকদিগকে নিযুক্ত করা তাদৃশ অভিপ্রায় নাই। কিন্তু বুদ্ধিমান ও সুশিক্ষিত ও কর্ম্মঠ ও উপযোগি লোকদিগকে, অর্থাৎ অতিগুরুতর যে কর্ম্ম তাঁহারদের করিতে হইবেক সেই কর্ম্ম নির্ব্বাহ করিবার উপযুক্ত লোকদিগকে পাওয়া অভিপ্রায়। পদাকাঙ্ক্ষিরা সুচরিত্রের ও কর্ম্মক্ষম হওয়ার প্রমাণপত্র দেখাইবেন এমত বিধান আছে বটে। কিন্তু অবশিষ্ট অঙ্ক পরীক্ষার দ্বিতীয় ও তৃতীয় বিষয়েতে, অথবা ইহার মধ্যে এক বিষয়েতে, স্বেচ্ছামতে পূর্ণ করিতে পারিবেন, এমত বিধি যত কাল থাকে, তত কাল কোন২ স্থলে ঐ নির্দ্দিষ্ট প্রমাণপত্র বোধ হয় অতি অকিঞ্চিৎকর হইতে পারে। যে প্রমাণপত্র সুগ্রাহ্য বোধ হয়, এমত প্রমাণপত্র না দিলে কোন পদাকাঙ্ক্ষী পরীক্ষা দিবার জন্যে গ্রাহ্য হইবেন না, ও পরীক্ষার কেবল প্রথম ও দ্বিতীয় বিষয় নির্দ্ধার্য্য থাকিবেক, এমত বিধি হইলে আমারদের বিবেচনায় ভাল হয়। তাহা হইলে তোমার অঙ্কের নিয়মের পরিবর্ত্তন করিতে হইবেক। কিম্বা যদি পরীক্ষার তিন বিষয়ই রাখা যায়, তবে প্রথম বিষয়ের নিমিত্তে যেমন অঙ্কের এক ভাগ নির্দ্ধারিত করা গেল, তেমনি তৃতীয় বিষয়ের নিমিত্তেও কোন অঙ্ক দৃঢ়মতে নির্দ্ধার্য্য করা উচিত।

১৫। সাধারণমতে সরকারী কোন কর্ম্মকারক নিরূপিত কালপর্য্যন্ত অধঃশ্রেণীতে কর্ম্ম না করিলে, উচ্চ শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিবেন না, এই বিধি উত্তম বটে। কিন্তু তাহা সর্ব্ব স্থলে কি প্রায় সর্ব্ব স্থলে খাটে বলিয়া অতি দৃঢ়রূপে প্রবল করাইলে তদ্বিষয়ে আপত্তি হইতে পারে। যথা, কোন লোক অধীন কোন আমলার পদে পাঁচ বৎসর কর্ম্ম না করিলে মুনসেফী পদে নিযুক্ত হইতে পারিবেন না এমত বিধি থাকিতে, সদ্বংশের ও সম্ভ্রান্ত যে লোকেরা বিচারপতির কর্ম্ম নির্ব্বাহ করিতে উপযুক্ত হন, ও মর্য্যাদার ও সম্ভ্রমের পদ বলিয়া তাহা গ্রাহ্য করিতে চাহেন, কিন্তু সরকারী কোন অধঃশ্রেণীর পদে ইচ্ছা করিয়া ভর্ত্তি হইতেন না, এমত লোকেরা সরকারী কর্ম্মের বহির্ভূত হইবেন। এমত লোকদিগকে ত্যাগ করিলে আমারদের কর্ত্তৃত্ব মর্য্যাদাজনক কি সর্ব্বলোকের সন্তোষজনক যে হইবেক, তাহার কিরূপে অপেক্ষা হইতে পারে। বাঙ্গলা দেশে যে নিয়ম চলন হইতেছে সেই নিয়মমতে হইলে তদ্রূপ লোকেরা সরকারী কর্ম্মে ভর্ত্তিহইতে চেষ্টা করিতে পারিবেন। সেই দেশে যাঁহারা বিচারপতিপদাকাঙ্ক্ষী হন তাঁহারা সেই বিশেষ কর্ম্মের নিমিত্তে পরীক্ষোত্তীর্ণ হইলে যোগ্যতার পত্র পান।

১৬। তুমি সম্প্রতি যে বিধির অনুমতি করিয়াছ

sanctioned it will be open to any one residing in the Presidency of Madras to compete for admission into the service of Government, and for any member of the Service in the lower grades to compete for promotion to the higher rank. So far the system is to be one of competition ; but we think that you have acted wisely in putting some restriction upon the operation of the purely competitive plan, by allowing Heads of Offices, to select from among the passed candidates, instead of compelling them to take the first on the Examiner's List. In order to assist Officers in making a selection, we suggest the expediency of your directing the insertion in the List of the passed candidates intended for circulation to the controlling District Authorities, the number of marks gained by each candidate under the several branches of the examination test.

সেই বিধিমতে মান্দ্রাজ দেশনিবাসি যাঁহারা চাহেন, তাঁহারা সরকারী কর্ম্মে ভর্ত্তি হইবার জন্যে প্রতিযোগী হইয়া যত্ন করিতে পারেন, ও অধঃ শ্রেণীর কোন কর্ম্মকারক উর্দ্ধ শ্রেণীতে ভর্ত্তি হইবার জন্যে তদ্রূপে যত্ন করিতে পারিবেন। এইপর্য্যন্ত তোমার নিয়মমতে প্রতিযোগিতাক্রমে পদপ্রাপ্ত হওয়া যাইতে পারে। পরন্তু পরীক্ষোত্তীর্ণ লোকেরদের নামের যে ফর্দ্দ পরীক্ষক সাহেবেরা প্রস্তুত করেন তাহা দেখিয়া, যাঁহার নাম প্রথমে থাকে তাঁহাকেই দফ্তরখানার প্রধান কার্য্যকারক সাহেবেরদের নিযুক্ত করিতে হইবেক এমত বিধি না করিয়া, তাঁহারদের মধ্যে যাঁহাকে মনোনীত করেন তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন, এমত অনুমতি দেওয়াতে, তুমি কেবল প্রতিযোগিতাক্রমে পদপ্রাপণের নিয়মের কিঞ্চিৎ খর্ব্বতা করিয়াছ, ইহা বোধ হয় সদ্বিবেচনার কার্য্য হইয়াছে। মনোনীত করণেতে প্রধান কার্য্যকারকেরদের সাহায্য হয় এই নিমিত্তে আমারদের এই পরামর্শ। পরীক্ষোত্তীর্ণ লোকেরদের নামের যে ফর্দ্দ জিলার তত্ত্বাবধারক সাহেবেরদের মধ্যে বিলি করিবার নিমিত্তে হয় সেই ফর্দ্দেতে, পরীক্ষার এক২ বিষয়ে পদাকাঙ্ক্ষি এক২ জনের নামে যত অঙ্ক পড়িয়াছে তাহা লিখিবার আজ্ঞা করা উচিত।

17. It only remains for us to express a hope that you may find means of reducing your scheme to proportions less complicated and cumbersome, in order to preserve the public business from those delays and impediments that seem to us likely to ensue from striving to adhere to all the rules you may have devised. According to these, in addition to the large number of candidates who may be expected to seek admission into the Service, every member of the Service must be examined, and that not once or twice but at every step of his rise not only from division to division, but from class to class. Feeling the difficulty which must arise from the demand created by periodical examinations of large numbers of persons, upon the time and labor of our Civil Servants, who, if they do their duty to the people with the zeal which generally animates them, have no leisure whatever, you propose to call in the aid of the Senior Members of the Uncovenanted Service of Assistant Surgeons, Chaplains, Military Officers, and persons not in the employ of Government ; you may probably derive material assistance from these quarters, but we are nevertheless disposed to concur with the Board of Examiners, that considerable difficulty will be experienced " in providing committees who can devote the requisite time to the periodical examinations."

১৭। এখন আমারদের লিখিবার বাকী কেবল এই। তুমি যে সকল বিধির কল্পনা করিয়াছ তদনুসারে অতিদৃঢ়মতে কার্য্য হইলে, বোধ হয় সরকারী কর্ম্মের অনেক বাধা ও বিলম্ব হইতে পারে, তাহা না হয় এই কারণে তোমার সেই নিয়ম আরো সহজ ও অনায়াসসাধ্য করিবার উপায় হইতে পারিবেক আমারদের এই আশা। সেই নিয়মানুসারে, বহু লোক সরকারী কর্ম্মে ভর্ত্তি হইতে চেষ্টা করিবেন তদ্ভিন্ন সরকারী কর্ম্মের প্রত্যেক জনের পরীক্ষা দিতে হইবেক, তাহাও একবার কি দুইবার নয়, কিন্তু এক ভাগ হইতে অন্য ভাগে ও এক শ্রেণীহইতে অন্য শ্রেণীতে উঠিতে চাহিলে পদে২ পরীক্ষা দিতে হইবেক। বহু লোকেরদের পরীক্ষা নিরূপিত সময়ান্তরে করিতে হইলে, আমারদের চিহ্নিত কার্য্যকারক সাহেবেরদের অনেক সময় হরণ ও পরিশ্রম বৃদ্ধি হয়, অথচ তাঁহারা সাধারণমতে যে উদ্যোগপূর্ব্বক কর্ম্ম করিয়া আসিতেছেন, সেই উদ্যোগক্রমে লোকেরদের নিকটে আপনারদের কর্ত্তব্য কর্ম্ম করিতে থাকিলে তাঁহারদের কিছুমাত্র অবকাশ হইবেক না। ইহাতে যে ক্লেশ হয় তাহা বুঝিয়া তোমার এই প্রস্তাব হইয়াছে যে, অচিহ্নিত প্রধান২ কার্য্যকারকেরদের ও আসিষ্টান্ট চিকিৎসকেরদের ও ধর্ম্মোপদেশকেরদের ও সেনাপতি সাহেবেরদের ও যাঁহারা সরকারী কর্ম্মে নিযুক্ত নহেন এমত লোকেরদের সাহায্য লওয়া যায়। তাঁহারদের স্থানে তোমার অনেক গুরুতর সাহায্য হইতে পারে বটে, তথাপি পরীক্ষক বোর্ডের সাহেবেরদের ন্যায় আমারদেরও এই বিবেচনা হইতেছে, "নিরূপিত সময়ের পরীক্ষা লইবার জন্যে যাঁহারা উপযুক্ত সময় দিতে পারেন এমত লোকেরদের কমিটি নিরূপণ করা" বড় কঠিন হইবেক।

18. We have already stated that we do not approve of the remedy for this difficulty proposed by the Board of Examiners of dispensing with the initiatory examination. It would be a preferable plan in our judgment to dispense with some of the subsequent examinations. By means of ordinary discernment and strict supervision assisted by the register of the official career of every member of the Uncovenanted Service, which you propose to adopt, no

১৮। এই কঠিন কার্য্য এড়াইবার জন্যে পরীক্ষক বোর্ডের সাহেবেরদের এই প্রস্তাব হইয়াছে যে, প্রথম স্থলের পরীক্ষা ত্যাগ করা যাউক। কিন্তু ইহাতে আমরা সম্মত নহি, এই কথা পূর্ব্বে লিখিয়াছি। বরং তৎপরের কোন২ পরীক্ষা ত্যাগ করা আমারদের বিবেচনায় ভাল হয়। অচিহ্নিত কার্য্যকারকেরদের প্রত্যেক জন যে প্রকারে সরকারী কার্য্য নির্ব্বাহ করিতেছেন, ইহার এক রেজিষ্টর রাখিবার প্রস্তাব করিয়াছ। সেই রেজিষ্টরের সহযোগে, সাধারণ বিবেচনা ও দৃঢ়

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১২ আপ্রিল।]

Heads of Offices should experience any difficulty in ascertaining the character and qualifications of individuals in the public employ, and in confidently deciding upon their claims to promotion. We may further observe that, as was to be expected, we have occasionally noticed in the reports which have come before us, complaints on the part of Officers of experience and judgment, that examinations to qualify for promotion have operated prejudicially for the Public Service, by inducing expectant examinees to neglect their official duties, in order that they might attend the more closely to their preparation for examination.

19. We entirely concur in the views expressed in the following extracts from the Minutes of the Hon'ble W. Elliot, dated the 21st of March 1856 : —" If candidates are preferred strictly according to " the scheme laid down in paragraph 16,* the basis " of selection will be greatly narrowed. Few of " the Mofussil servants have had an opportunity " of becoming acquainted with the subjects con- " tained in the 'non-essential' list even under the " head of 'essential,' although many possess a prac- " tical knowledge of English, they do not speak or " write it with purity or grammatical accuracy : " again although excellent Accountants and Book- " keepers, they have not been instructed according " to European Rules ; under such circumstances, " the number who will be able to appear at the first " examination will be small and the limitation of " age being only 22 years, it is easy to foresee that " the successful candidates must be young men pos- " sessing attainments which can only be acquired " at the Presidency.

" I admit the advantage, nay the obligation for " obtaining the best men for the new appointments, " and I allow that a competitive examination af- " fords the best means available for appreciating " the merits of untried men. But we have already " an extensive Native Service, estimated by the " Board of Revenue to contain 35,000 individuals not " a thousandth part of whom have had an opportuni- " ty of qualifying themselves for the proposed tests. " It is not expecting too much to look for examples of " energy, ability and probity among so large a body " of men. There are many such. The Right Hon'- " ble the President recommends that marks shall " be allowed for good conduct and for experience in " the transaction of business. But they will count " for little against the sum of those attainable un-

* Of letter from the Secretary to the Board of Examiners to the Secretary to Government, dated Novem' 25th, 1855.

[*Government Gazette, 12th April, 1859.*]

মতের তত্ত্বাবধারণ থাকিলে, সরকারী কর্ম্মকারক প্রত্যেক জনের চরিত্র ও গুণাগুণ নির্ণয় করিতে, ও তাঁহারদের উর্দ্ধ পদে নিযুক্ত হইবার যোগ্যতার কথা সাহসপূর্ব্বক নিষ্পত্তি করিতে, নানা দফ্তরের প্রধান কার্য্যকারক সাহেবেরদের প্রায় ক্লেশ হইতে পারিবেক না। আরো আমারদের এই বক্তব্য, আমারদের নিকটে যে২ রিপোর্ট পঁহুছিয়াছে তাহাতে বহু কালের বিচক্ষণ কর্ম্মকারক সাহেবেরদের এই আদ্দাস সময়ে২ দৃষ্ট হইয়াছে যে, উচ্চ পদ পাইবার জন্যে যে পরীক্ষা দিতে হয় তাহাতে সরকারী কার্য্যের কিছু হানি হইতেছে, কেননা যাঁহারা পরীক্ষা দিতে চাহেন তাঁহারা পরীক্ষার নানা বিদ্যাদি অধিক মনোযোগপূর্ব্বক অনুশীলন করিতে পারেন, এই নিমিত্তে আপনারদের সরকারী কর্ম্মেতে শৈথিল্য প্রকাশ করেন। বস্তুত এমন ফল সম্ভাবনা বটে।

১৯। শ্রীযুত অনরবিল ডবলিউ এলিয়ট সাহেবের ১৮৫৬ সালের ২১ মার্চ তারিখের মন্তব্য কথাহইতে গৃহীত নীচের লিখিত কথার মধ্যে তাঁহার যে অভিপ্রায় প্রকাশ হইয়াছে, তাহাতে আমারদের সম্পূর্ণরূপে সম্মতি আছে। বিশেষতঃ "১৬ দফাতে * যে নিয়ম নির্দ্ধারিত হইয়াছে তদনুসারে দৃঢ়মতে কার্য্য করিয়া যদি কর্ম্মাকাঙ্ক্ষিরদিগকে গ্রাহ্য করিতে হয়, তবে যে২ গুণাদি বুঝিয়া তাঁহারদিগকে মনোনীত করা যায় তাহা অত্যন্ত সঙ্কুচিত হইবেক। নিতান্ত আবশ্যক নয় বলিয়া যে২ বিদ্যাদির ফর্দ্দ করা গিয়াছে তাহা অবগত হইবার সুযোগ মফঃসলে কতিপয় জন কার্য্যকারকের হইয়াছে। ও নিতান্ত আবশ্যক বলিয়া যাহা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যেও ইঙ্গরেজী ভাষা, যাহাতে কার্য্য চলিতে পারে এইপর্য্যন্ত অনেক লোক জানিয়া থাকিবেন, কিন্তু পরিষ্কাররূপে কিম্বা ব্যাকরণের সূত্রক্রমে শুদ্ধরূপে তাহা লেখাপড়া করিতে পারেন না। আরো খাতাবহী রাখিতে ও হিসাব করিতে যদিও নিপুণ বটেন, তথাপি তাহা ইঙ্গরেজী বিধিমতে শিক্ষা করেন নাই। এমত হওয়াতে, প্রথম পরীক্ষা হইবার কালে কএক জনমাত্র উপস্থিত হইতে পারিবেন, অথচ ২২ বৎসরের অধিক বয়সের লোকের উপস্থিত হইবার অনুমতি না হওয়াতে, কেবল রাজধানীতে যে বিদ্যাপ্রাপ্ত হওয়া যায় এমত বিদ্যা শিক্ষিত যুবা লোক পরীক্ষোত্তীর্ণ হইবেন, ইহা বলা কঠিন নয়।

কোন পদে নূতন লোককে নিযুক্ত করিলে, সর্ব্বাপেক্ষা উত্তম লোককে মনোনীত করা ভাল বরং আবশ্যক, ইহা স্বীকার করি। ও যাঁহারদের কর্ম্ম না দেখা গিয়াছে তাঁহারদের গুণাগুণ নির্ণয় করিবার জন্যে পরীক্ষা লওয়া সর্ব্বাপেক্ষা সদুপায় তাহাও স্বীকার করি। কিন্তু এখনও সরকারী কর্ম্মে এদেশীয় অনেক লোক আছেন। বোর্ড রেবিনিউর সাহেবেরা তাঁহারদের সংখ্যা ৩৫০০০ ধরিয়াছেন। কিন্তু ইঁহারদের মধ্যে যাঁহারা প্রস্তাবিত পরীক্ষা দিবার জন্যে উপযুক্ত হইতে পারিয়াছেন ১০০০ জনের মধ্যে এমত এক জনকেও প্রায় পাওয়া যাইবেক না। এত লোকের মধ্যে উদ্যোগশালি ও কর্ম্মক্ষম ও সত্যবাদি কএক জনকে অবশ্য পাওয়া যাইবেক এমত অপেক্ষা করা অতিরিক্ত নহে। এমত অনেক লোক আছেন। সদাচারের ও বহু কাল কার্য্য করিবার অনুশীলনের নিমিত্তেও অঙ্ক দেওয়া যায় শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট

* অর্থাৎ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে পরীক্ষক বোর্ডের সেক্রেটারী সাহেব ১৮৫৫ সালের ২৫ নবেম্বর তারিখে যে পত্র লেখেন তাহার ১৬ দফাতে।

" der the greater number of heads enumerated in " paragraph 16. Such persons will be for the most " part excluded.

" In the present state of native society the choice " must lie between the few possessed of scholastic " acquirements without experience, and the many of " proved capacity for business without an academic " education.

" I believe the balance of usefulness will be found " to be in favor of the latter.

" Men are required to relieve the Heads of Of- " fices from work of detail which they are now com- " pelled to perform themselves. They want persons " ready to undertake business, not to learn how to " do it first."

20. We desire that you will take into your early consideration the bearing of the foregoing remarks upon certain features of your scheme of examination, especially upon such portions of them as refer to the rule prescribing a knowledge of English as an indispensable qualification for appointment to offices of all kinds, paid at a higher rate than 50 Rupees a month, and that which permits an alternative of qualification under either the second or third branch of the test, and that as the question of the examination of Uncovenanted Servants throughout India has been for some time under the consideration of the Governor General in Council, you will report your proceedings on the subject to the Supreme Government, to whom a copy of this Despatch will be transmitted.

সাহেব এমত পরামর্শ দিয়াছেন বটে, কিন্তু ১৬ দফাতে যে অনেক বিদ্যাদি গণ্য হইয়াছে তাহাতে যত অঙ্ক পাওয়া যাইতে পারিবেক, তাহার কাছে ঐ সদাচার-প্রভৃতির অঙ্ক অল্পই জ্ঞান হইবেক। তদ্রূপ অধিকাংশ লোককে ত্যাগ করা যাইবেক।

এদেশীয় লোকেরদের বর্ত্তমান অবস্থা বুঝিয়া, যাঁহারা কখন কর্ম্ম না করিয়া ইস্কুলের শিক্ষিত বিদ্যাপ্রাপ্ত হইয়াছেন এমত কতিপয় জন, ও যাঁহারা ইস্কুলের শিক্ষিত বিদ্যা প্রাপ্ত না হইয়া কর্ম্মের ক্ষমতার প্রমাণ দিয়াছেন এমত বহু জন, এই দুই প্রকারের লোকহইতে লোককে মনোনীত করিতে হইবেক।

ঐ দুই প্রকারের লোককে তুলনা করিলে, বোধ হয় শেষোক্ত প্রকারের লোকেরা কর্ম্মোপযোগী প্রকাশ হইবেন।

নানা দফতরের প্রধান কার্য্যকারক সাহেবেরদের যে সকল বিস্তারিত কর্ম্ম এইক্ষণে স্বহস্তে করিতে হয় তাহার কিছু কর্ম্ম যাঁহারা করিয়া তাঁহারদের সাহায্য করিতে পারেন এমত লোকের প্রয়োজন আছে। যাঁহারা কর্ম্ম হাতে লইয়া নির্ব্বাহ করিতে পারেন এমত লোকের প্রয়োজন, যাঁহারদের সেই কর্ম্ম করিবার নিয়ম প্রথমে শিক্ষা করিতে হয়, এমত লোকের নয়।"

২০। তোমার পরীক্ষা লইবার নিয়মের কোন২ কথার সঙ্গে পূর্ব্বোক্ত মন্তব্য কথার যেপর্য্যন্ত সম্পর্ক থাকে তাহা তুমি ত্বরায় বিবেচনা কর আমারদের এই বাসনা। বিশেষতঃ যে২ পদের ৫০৲ টাকার অধিক বেতন হয় এমত কোনপ্রকারের পদে কোন লোক ইঙ্গরেজী ভাষা না জানিলে নিযুক্ত হইতে পারিবেন না, এই কথা, ও পরীক্ষার হয় দ্বিতীয় বিষয়ে, না হয় তৃতীয় বিষয়ে যোগ্য হইবার অনুমতি ঐ বিধির যে২ অংশে আছে তাহা পুনর্ব্বিবেচনা কর। ভারতবর্ষের সকল স্থানে অচিহ্নিত কার্য্যকারকেরদের পরীক্ষার কথা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর বহু কাল বিবেচনা করিয়াছেন, অতএব এই বিষয়ে তুমি যে সকল কার্য্য কর তাহার রিপোর্ট সুপ্রিম গবর্ণমেণ্টের নিকটে কর। এই পত্রের এক কেতা নকল তাঁহার নিকটে পাঠান যাইতেছে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 2ND APRIL 1859.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 26th March 1859, and was referred to a Select Committee who are to report thereon after the 6th of June next :—

A Bill to regulate the appointment, employment, and dismissal of Village Watchmen in the Territories under the Government of the Lieutenant-Governor of Bengal.

[Preamble.]

Whereas it is expedient to regulate by enactment the administration of the rural police; It is enacted as follows:—

[Number of village watchmen.]

I. In default of any special rule or custom, the requisite number of village watchmen shall be held to be one watchman for every hundred houses. Where villages are small and scattered so that one man cannot watch one hundred houses, the number of watchmen relatively with the number of houses may be increased by the Magistrate with the approval of the Commissioner; provided always that a watchman shall not be appointed to fewer than sixty houses.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৬ মার্চ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি জুন মাসের ৬ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অধীন দেশে গ্রামের চৌকীদারদিগকে নিযুক্ত করিবার ও তাহারদের কর্ম্মের ও তাহারদিগকে তগীর করিবার বিধি করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

মফঃসল দেশের পোলীসের কার্য্য নির্ব্বাহ হইবার বিধানের আইন করা বিহিত, এই কারণে এই২ বিধান হইল।

[গ্রামে২ যত জন চৌকীদার থাকিবেক তাহার কথা।]

১ ধারা। কোন বিশেষ বিধি কি দাঁড়া যে স্থলে না থাকে সেই স্থলে গ্রামের চৌকীদারের সংখ্যা এই হিসাবে ধরিতে হইবেক, অর্থাৎ ২ এক২ শত ঘরের এক২ জন চৌকীদার। ক্ষুদ্র২ গ্রামেতে যেসকল অধিক ফাক২ থাকাতে যদি এক জন এক শত ঘরের চৌকী দিতে না পারে, তবে যত ঘর থাকে তাহা বুঝিয়া মাজিষ্ট্রেট সাহেব কমিস্যনর সাহেবের অনুমতি লইয়া অধিক চৌকীদারকে নিযুক্ত করিতে পারিবেন, কিন্তু ষাইট ঘরের কমে এক জন চৌকীদার নিযুক্ত না হয় ইতি।

[Nomination of village watchmen.]

II. The nomination of village watchmen shall rest with those who have heretofore nominated them, whether Zemindars, Gomastahs, or village headmen, or villagers. If they fail to nominate on the requisition of the Magistrate, or if their nomination shall be disapproved by the Magistrate, and shall not be cancelled on requisition by the Magistrate, the Magistrate shall nominate, and his nomination shall be final.

[গ্রামের চৌকীদারদিগকে মনোনীত করিবার কথা।]

২ ধারা। গ্রামের চৌকীদারদিগকে যাঁহারা মনোনীত করিয়া আসিতেছেন, অর্থাৎ জমীদার হউন কি গোমাশ্তা কি মোড়ল কিম্বা গ্রামের লোকেরাই হউক, তাঁহারদের উপর ঐ মনোনীত করিবার ভার থাকিবেক। তাঁহারা মাজিষ্ট্রেট সাহেবের হুকুম পাইয়া যদি চৌকীদারকে মনোনীত না করেন, কিম্বা যাহাকে মনোনীত করেন তাহাকে মাজিষ্ট্রেট সাহেব যদি অগ্রাহ্য করেন, ও মাজিষ্ট্রেট সাহেবের হুকুম পাইয়া যদি তাঁহারা সেই লোককে ত্যাগ না করেন, তবে মাজিষ্ট্রেট সাহেব এক জনকে মনোনীত করিবেন, ও তিনি যাহাকে মনোনীত করেন সে বহাল থাকিবেক ইতি।

[Responsibility of appointing or paying watchmen, if disputed, by whom to be determined.]

III. If it be disputed with whom the responsibility of appointing, or of paying a village watchman lies, the Magistrate, after hearing all the parties concerned, shall determine. The decision of the Magistrate shall be open to appeal within thirty days to the Commissioner, whose decision shall be final.

[চৌকীদারকে নিযুক্ত করিবার কি তাহার বেতন দিবার ভার যাহার উপর থাকে এই কথা লইয়া বিবাদ হইলে যাঁহার দ্বারা নিষ্পত্তি হইবেক তাহার কথা।]

৩ ধারা। গ্রামের চৌকীদারকে নিযুক্ত করিবার কিম্বা তাহার বেতন দিবার ভার কাহার উপর থাকে, এই কথা লইয়া যদি বিবাদ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই বিষয়ের সম্পর্কীয় সকল লোকের কথা শুনিয়া সেই বিবাদ নিষ্পত্তি করিবেন। তাঁহার নিষ্পত্তির উপর ত্রিশ দিনের মধ্যে কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। কমিস্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[Remuneration of watchmen.]

IV. The proper pay of a village watchman shall be held to be not more than five, and not less than three Rupees per mensem. Whatever has been the nature of the remuneration of a watchman, whether by land, or money, or clothes, or grain, the nature of such remuneration shall not be changed without the consent of the payers, but the Magistrate shall encourage payment in money, and whatever the nature of the remuneration, the total value of the same shall not be less than three Rupees per mensem for each watchman.

[চৌকীদারদিগের মেহনতানা।]

৪ ধারা। গ্রামের চৌকিদারের উপযুক্ত বেতন মাসে পাঁচ টাকার অধিক নয় ও তিন টাকার কম নয়, এমন হিসাবে ধরিতে হইবেক। চৌকীদার যে কোন প্রকারে মেহনতানা পাইয়া থাকে, অর্থাৎ জমীতে কি টাকাতে কি বস্ত্রেতে কি শস্যেতে হউক, সেই প্রকারে পাইতে থাকিবেক। ও যাঁহারা সেই মেহনতানা দেন তাঁহারদের অনুমতিবিনা ঐ নিয়মের পরিবর্ত্তন হইবেক না। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব নগদ দিতে প্রবৃত্তি দিবেন। মেহনতানা যে প্রকারে দেওয়া যাউক এক২ জন চৌকীদার যাহা পায় তাহার মূল্য মাসে তিন টাকার কম হইবেক না ইতি।

[If remuneration falls short of three Rupees per mensem.]

V. If the sum hitherto paid by the inhabitants of a watchman's beat does not amount to three Rupees per mensem, the Magistrate may cause the parties responsible to make good that sum, or may amalgamate such watchman's beat with the beat of another watchman or other watchmen, and make the pay of the watchman dispensed with payable to such other watchman or to such other watchmen in such portions as may appear proper. The decisions of a Magistrate under this Section shall not be appealable by right to the Commissioner, but the Commissioner shall have authority to call for the Magistrate's proceedings in any such cases in which he may see cause to interfere, and to pass such orders as he may deem proper.

[মেহনতানা মাসে তিন টাকার কম হইলে তাহার বিধি।]

৫ ধারা। কোন চৌকীদারের পাড়ানিবাসি লোকেরা যত দিয়া আসিতেছে তাহা যদি মাসে তিন টাকা না হয়, তবে তাহার মেহনতানা দিবার ভার যাঁহারদের উপর থাকে তাঁহারদিগকে মাজিষ্ট্রেট সাহেব ঐ পূরা বেতন দিতে আজ্ঞা করিবেন। অথবা তাহার পাড়া অন্য এক কি অধিক জন চৌকীদারের পাড়ার শামিল করিয়া দিবেন। ও যে চৌকীদারকে ছাড়াইয়া দেওয়া যায় তাহার বেতন সেই অন্য চৌকীদারকে দেওয়াইবেন, কিম্বা অধিক চৌকীদার হইলে তাহারদের মধ্যে ঐ বেতন যত উচিত বোধ করেন তত করিয়া বাঁটিয়া দিবেন। এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহার উপর হক বলিয়া কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক না, কিন্তু কমিস্যনর সাহেব যদি সেই প্রকারের কোন স্থলে হস্তক্ষেপ করিবার কারণ বুঝেন, তবে তিনি সেই স্থলে মাজিষ্ট্রেট সাহেবের যে সকল কুবকারী হইয়াছে তাহা তলব করিয়া যাহা উচিত বোধ করেন এমত হুকুম করিতে পারিবেন ইতি।

[Punchayet.]

VI. In places where the village watchmen are paid by the inhabitants, circles of villages shall be formed comprising about one thousand houses, and in every circle there shall be a Punchayet of five respectable persons, to be elected every third year by the inhabitants. If any member of a Punchayet shall die, or resign, or become disqualified, his place shall be filled up by the election of another person by the inhabitants.

[Assessment of cess.]

VII. The Punchayet shall determine the cess necessary for the payment of the village watchmen, and shall cause a statement of the sum payable by each inhabitant to be prepared and forwarded to the Thannah where it shall be hung up in a conspicuous place for fifteen days. Any party dissatisfied with the assessment imposed on him may appeal to the Magistrate whose order shall be final.

[Collection of tax.]

VIII. *Clause* 1. The Punchayet shall collect the tax monthly, and pay it to the watchmen, and forward their receipts to the Darogah. If any party fail to pay the tax assessed on him for the period of two months, the Punchayet shall, through the Darogah, report the defaulter to the Magistrate. The Magistrate shall issue a summons to the defaulter to appear in person before him, and show cause why attachment should not issue. Should the party fail to appear, or appearing, fail to show good cause for not paying the arrear, the Magistrate shall, by warrant to the Darogah of Police to whom such watchman may be subordinate, cause the amount due, with costs, to be recovered by distress and sale of any goods and chattels belonging to or found on the premises of the defaulter.

[If defaulter be an absentee land-holder.]

Clause 2. Or if, by reason of the defaulter being an absentee land-holder, the realization of the arrear by means of summons and attachment is impracticable, it shall be competent to the Magistrate to call on the Collector to levy the arrear, and the Collector shall levy the sum called for by the Magistrate as he would levy an arrear of revenue due by such absentee land-holder. There shall be no appeal of right from the orders of a Magistrate under this Section, but they shall be subject to the review of the Commissioner as provided for in Section V.

[Appointment of one or more watchmen may in certain cases be dispensed with.]

IX. It shall be lawful for a Magistrate, when he may consider it conducive to the efficiency of the Police, to dispense with the appointment of one or more watchmen, and to cause the money leviable as the pay of the watchman or watchmen dispensed with to be paid to another watchman with a view to

[পঞ্চায়তের কথা।]

৬ ধারা। যে২ স্থলে গ্রামনিবাসি লোকেরা চৌকীদারের বেতন দিয়া থাকেন সেই২ স্থলে যাহাতে সর্ব্বসুদ্ধ কম বেশ এক হাজার ঘর হইতে পারে এমত কএক গ্রাম জুটিয়া এক২ ডিহি হইবেক ও প্রত্যেক ডিহিতে ভদ্র পাঁচ জনকে লইয়া পঞ্চায়ত নিযুক্ত হইবেন। গ্রামের লোকেরা তিন২ বৎসরান্তর নূতন পঞ্চায়ত মনোনীত করিবেন। ইহার মধ্যে যদি পঞ্চায়তের কোন লোক মরেন কিম্বা কর্ম্ম ত্যাগ করেন কি কর্ম্ম করিতে অযোগ্য হন তবে গ্রামের লোকেরা তাঁহার স্থানে অন্য লোককে মনোনীত করিয়া ভর্ত্তি করিবেন ইতি।

টাক্স ধমাইবার কথা।]

৭ ধারা। চৌকীদারেদের বেতনের জন্যে যত টাক্স ধরিতে হইবেক তাহা পঞ্চায়ত নির্দ্ধার্য্য করিবেন, ও গ্রামনিবাসি লোকেরদের যাহার যত দিতে হইবেক তাহার এক ফর্দ্দ করিয়া থানাতে পাঠাইবেন। ও সেই ফর্দ্দ পনের দিনপর্য্যন্ত থানার কোন প্রকাশ স্থানে লট্‌কান থাকিবেক। কোন লোকের উপর যত টাক্স বসান গেল তাহাতে সেই লোক সন্তুষ্ট না হইলে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেক তাহাতে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[টাক্স আদায়ের কথা।]

৮ ধারা।—১ প্রকরণ। পঞ্চায়ত মাসের টাক্স আদায় করিয়া চৌকীদারদিগকে দিবেন ও তাহারদের রসীদ দারোগার নিকটে পাঠাইবেন। যাহার উপর যে টাক্স বসান যায় সে যদি দুই মাসপর্য্যন্ত ঐ টাক্স না দেয় তবে পঞ্চায়ত দারোগার দ্বারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই বাকীদারের নামের রিপোর্ট করিবেন। তাহাতে মাজিষ্ট্রেট সাহেব ঐ বাকীদারের হাজির হইবার জন্যে ও ক্রোকের পরওয়ানা জারী না হয় ইহার কারণ দেখাইবার জন্যে তাহার নামে সমন জারী করাইবেন। যদি সেই লোক হাজির না হয়, কিম্বা হাজির হইয়া ঐ বাকী পাওনা না দিবার উপযুক্ত কারণ না জানায়, তবে ঐ চৌকীদার পোলীসের যে দারোগার তাবে থাকে তাহার নামে মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানা দিয়া ঐ বাকীদারের যে কোন দ্রব্য ও জিনিস পাওয়া যায় কিম্বা তাহার বাড়ীতে যাহা পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ঐ বাকী পাওনা খরচাসমেত আদায় করিতে হুকুম করিবেন।

[বাকীদার বিদেশগত জমীদার হইলে তাহার কথা।]

২ প্রকরণ।—অথবা সেই বাকীদার যদি ভূম্যধিকারী হন ও উপস্থিত না থাকাতে যদি সমন দিয়া ও ক্রোক করিয়া বাকী আদায় হইতে না পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব কালেক্টর সাহেবকে সেই বাকী আদায় করিতে আদেশ করিবেন তাহাতে কালেক্টর সাহেব সেই অনুপস্থিত ভূম্যধিকারির বাকী মালগুজারী যে প্রকারে আদায় করিতেন সেই প্রকারে মাজিষ্ট্রেট সাহেব যত পাওনা তলব করেন তাহা আদায় করিবেন। এই ধারামতে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহার উপর হক বলিয়া কোন আপীল হইবেক না। কিন্তু ৫ ধারাতে যেমন হুকুম হইয়াছে তেমনি কমিসানর সাহেব ঐ হুকুমের পুনর্বিচার করিতে পারিবেন ইতি।

[কোন২ স্থলে এক কি অধিক জন চৌকীদারকে ছাড়াইয়া দিবার কথা।]

৯ ধারা। পোলীসের কর্ম্ম আরো সফলরূপে নির্ব্বাহ হইতে পারিবেক মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে, এক কি অধিক জন চৌকীদারের নিযুক্ত করা নিবৃত্ত করিতে পারিবেন, ও তাহার কি তাহারদের বেতনের নিমিত্তে যত টাকা আদায় হইত, তাহা লইয়া অন্য চৌকীদারের বেতন বৃদ্ধির জন্যে ও তাহাকে সর-

the increase of the pay of such watchman, and to his appointment as a head watchman.

[Magistrate may collect watchmen of several villages to form a watch-post.]

X. It shall be lawful for a Magistrate, whenever he may consider it needful to collect the watchmen of several contiguous villages or beats in order to the establishment of a watch-post, and to make one of the watchmen so collected head of the watch-post, and to place several contiguous villages or beats under such head watchman, and to make such head watchman and the watchmen placed under him, answerable for the peace of all the villages or beats included in the tract of country under such watch-post.

[Removal of watchmen.]

XI. Should the parties responsible for the appointment of a watchman desire the removal of an incumbent, and the appointment of another watchman in his place, they shall apply to the Magistrate, either through the Darogah of Police, or direct, and the Magistrate shall comply with their request, or reject the application, as he may think proper, and his order shall be final. It shall be competent to a Magistrate, whenever he may think it necessary, to dismiss a village watchman from employment, and to direct the parties responsible, to appoint another watchman in the room of the watchman dismissed, and his order shall be final.

[Punishment for watchmen guilty of neglect or misconduct.]

XII. Any village watchman who may be convicted before a Magistrate of any wilful neglect or misconduct in the discharge of his duty as a Police Officer, shall be liable to a fine not exceeding twenty Rupees, or to imprisonment with or without hard labor for a period not exceeding one month, or to both, provided that he shall not be so liable if he shall have been punished for the same act as a criminal offence. Provided further that punishment for neglect shall not bar prosecution for a criminal offence should it be found that a village watchman, besides neglecting his duty as a watchman, has committed a criminal offence.

[Remuneration of collecting Officers.]

XIII. It shall be lawful for a Magistrate to cause such a percentage from the aggregate sum collected for the pay of watchmen as shall suffice to pay the Officers necessary to make the collection, conduct the disbursements, and keep the accounts to be set apart for that purpose.

[Magistrate may assign any of his duties under this Act to a Joint, Deputy, or Assistant Magistrate.]

XIV. It shall be lawful for the Magistrate to

দার চৌকীদার করিবার জন্যে তাহাকে বেওয়াইবেন ইতি।

[অনেক গ্রামের চৌকীদারদিগকে একত্র করিয়া চৌকীঘর করিবার কথা।]

১০ ধারা। মাজিষ্ট্রেট সাহেব যখন প্রয়োজন জ্ঞান করেন তখন নিকট২ অনেক গ্রামের কি পাড়ার চৌকীদারদিগকে একত্র করিয়া চৌকীঘর করিতে পারিবেন ও সেই প্রকারের একত্র করা চৌকীদারেরদের এক জনকে সরদার করিতে পারিবেন ও ঐ চৌকীঘরের তাবে মহল্লার মধ্যে যত গ্রাম কি পাড়া থাকে সেই সকলের শান্তি রক্ষার জন্যে ঐ সরদারকে ও তাহার তাবের চৌকীদারদিগকে দায়ী করিবেন ইতি।

[চৌকীদারদিগকে তগীর করিবার কথা।]

১১ ধারা। চৌকীদারকে নিযুক্ত করিবার ভার যাঁহারদের প্রতি থাকে তাঁহারা যদি কোন চৌকীদারকে তগীর করিয়া তাহার স্থানে অন্য চৌকীদারকে নিযুক্ত করিতে চাহেন, তবে তাঁহারা হয় পোলীসের দারোগার দ্বারা, না হয়, একেবারে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিবেন, ও মাজিষ্ট্রেট সাহেব তাঁহারদের প্রার্থনামতে করিবেন কিম্বা উচিত বোধ করিলে তাঁহারদের দরখাস্ত অগ্রাহ্য করিবেন, ও তাঁহার হুকুম চূড়ান্ত হইবেক। মাজিষ্ট্রেট সাহেব যখন আবশ্যক জ্ঞান করেন তখন গ্রামের কোন চৌকীদারকে তগীর করিতে পারিবেন, ও চৌকীদারকে নিযুক্ত করিবার ভার যাঁহারদের প্রতি থাকে তাঁহারদিগকে ঐ চৌকীদারের স্থানে অন্য জনকে নিযুক্ত করিতে হুকুম করিতে পারিবেন ও তাঁহার হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

[চৌকীদারেরা শৈথিল্য কি অসদাচার করিলে তাহারদের দণ্ডের কথা।]

১২ ধারা। পোলীসের কর্ম্মকারক হইয়া তাহার যে কর্ম্ম করা উচিত এমত কোন কর্ম্মেতে সে জানিয়াশুনিয়া কসুর করিয়াছে কিম্বা অনুচিত কর্ম্ম করিয়াছে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যদি গ্রামের কোন চৌকীদারের এমত দোষ সাব্যস্ত হয় তবে সে চৌকীদারের বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা এক মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক, কিম্বা তাহার উভয় দণ্ড হইতে পারিবেক। পরন্তু যদি ফৌজদারী দোষ বলিয়া সেই অপরাধের জন্যে তাহার দণ্ড হইয়া থাকে, তবে তাহার ঐ জরীমানা কি কয়েদ হইবেক না। আরো সেই লোক যদি আপন চৌকীদারী কর্ম্মেতে কসুর করিয়া তদ্ভিন্ন ফৌজদারী অপরাধও করিয়াছে, তবে সেই কসুরের নিমিত্তে তাহার দণ্ড হইয়াছে বলিয়া, সেই ফৌজদারী অপরাধের কারণে তাহার নামে নালিশ হইবার বাধা হইবেক না ইতি।

[যাহারা বেতন আদায় করে তাহারদের মেহনতানা।]

১৩ ধারা। চৌকীদারেরদের বেতনের টাকা আদায় ও খরচ করিতে ও তাহার হিসাব রাখিতে যে কর্ম্মকারকদিগকে রাখিতে হয় তাহারদের বেতন যত কুলায় তত টাকা, মাজিষ্ট্রেট সাহেব চৌকীদারেরদের বেতনের জন্যে আদায়করা সকল টাকার উপর শতকরা হিসাবে ধরিয়া আলাহিদা রাখিতে হুকুম করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের এই আইনমতের কর্ম্মের ভার জাইণ্ট কি ডেপুটী কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটকে দিবার কথা।]

১৪ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের

assign any of his duties under this Act to a Joint, or Deputy, or Assistant Magistrate.

[Appointment of Commissioners.]

XV. It shall be lawful for the Government of Bengal, to appoint a Commissioner or Commissioners for settling the liabilities of land-owners, headmen, villagers, &c., in respect to the appointment of village watchmen under this Act, and to vest such Commissioner or Commissioners with the powers of a Magistrate in that behalf.

W. Morgan,
Clerk of the Council.

যেং কর্ম্ম করিতে হয় তাহার মধ্যে কোন কর্ম্ম তিনি কোন জাইণ্ট কি ডেপুটী কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

[কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১৫ ধারা। এই আইনমতে গ্রামের চৌকীদারদিগকে নিযুক্ত করিবার কার্য্যসম্পর্কে গ্রামের মালিকের কি মণ্ডলের কি গ্রামের লোকপ্রভৃতির যে দায় আছে তাহা নির্দ্ধার্য্য করিবার জন্যে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট এক কি অধিক জন কমিস্যনরকে নিযুক্ত করিতে পারিবেন, ও সেই কর্ম্মের নিমিত্তে সেই কমিস্যনরকে কি কমিস্যনরদিগকে মাজিষ্ট্রেটের ক্ষমতা দিতে পারিবেন ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
John Robinson, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা পূরণিয়া।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল মালগুজারীর বাকীর জন্যে ১৮৫৯ সালের আপ্রিল মাসের ১৬ তারিখে মোতাবেক বাঙ্গলা সন ১২৬৬ সালের ১৪ বৈশাখ মঙ্গলবারে ঐ জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক।

বাঙ্গলা সন যে স্থানে চলে।

প্রথম শ্রেণী। ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৪২৮ নম্বর। মৌজা বঙ্গানওয়ান ও হাঁসখোয়াড় পরগনে ফতেপুর সিংহিয়া। লিখিত মালিক বিশ্বনাথ ঝা ও আলমচাঁদ ওগয়রহ। সদর জমা ১৮৪ ।/৮ টাকা।

ফসলী সন যে স্থানে চলে।

প্রথম শ্রেণী। ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৯ নম্বর। মিলিক বাজেয়াপ্ত আনন্দবিলাস পরগনে ধর্ম্মপুর লিখিত মালিক ছুলাস মাঝী নীলামের খরীদার। সদর জমা ৭৯ ।৶৭ টাকা।

২৬ নম্বর। মৌজা ধুমদহ জিলা বীরনগর পরগনে ঐ লিখিত মালিক হেমনারায়ণ সিংহ। সদর জমা ৫৯ ।১ টাকা

৫৩ নম্বর। চকলা ফক্করাণা মৌজা মাকনাহা। জিলা ঐ। পরগনে ঐ। লিখিত মালিক মসম্মৎ আমিরুন্নিসা বেগম। সদর জমা ৭৮॥৶৭ টাকা।

১০৩ নম্বর। মৌজা ধুমদহ। জিলা ঐ। পরগনে ঐ। লিখিত মালিক জওয়াহির সিংহ ওগয়রহ। সদর জমা ৭৪৸৩ টাকা।

T. Watson, *Asstt. Collector in Charge.*

জিলা চব্বিশপরগনা।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবত ইংরেজী সন ১৮৫৯ সালের ৩০ আপ্রিল মোতাবেক বাঙ্গলা সন ১২৬৬ সাল ১৮ বৈশাখ রোজ শনিবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরেজী সন ১৮৫৯ সাল তারিখ ৮ আপ্রিল মোতাবেক সন ১২৬৫ সাল তারিখ ২৭ চৈত্র।

প্রথম শ্রেণী এস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৮১ নং কাং পঃ মাগুরা মৌজে ভবানীপুর লিখিত মালিক কালীধন বন্দ্যোপাধ্যায় সদর জমা কোং ৩৭২৶২

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকী মালগুজারীর বাবত যেং মহাল নীলাম হইবেক।

১০২ নং পঃ মানগুরা কিং কাকুড্যা ওং লিখিত মালিক সৌদামিনী দাসী সদর জমা কোং ৩৭২ ।৶০

২৮১ নং পঃ মেদনমল্ল কিং কন্দর্পপুর ওং লিখিত মালিক ঐ সদর জমা কোং ৫৯৭৸৶১১

দ্বিতীয় শ্রেণী গএর বন্দোবস্তীহওয়া মহাল।

১৩৬৭ নং বিল দাতভাঙ্গা লিখিত মালিক হরিনারায়ণ ঘোষ ওং সদর জমা কোং ১১০০৶০

প্রথম শ্রেণী এস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

১৩৬৮। ৩ নং পঃ বুড়ন মৌজে বৈঞ্চীকারী লিখিত মালিক রায় প্রিয়নাথ চৌং ওং সদর জমা কোং৮৫ ।১০

দ্বিতীয় শ্রেণী গএর বন্দোবস্তীহওয়া মহাল।

১৪৬৭ নং ৬৭ নং লাট সাঁকদহ লিখিত মালিক সেখ মহামুদ গোলাম হোসেন হাজী ওং সদর জমা বিঃ রসদী কোং ২০৬ ।০

G. Bright, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯: ১২ আপ্রিল।]

জিলা ঢাকা।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার নীচের লিখিত মহাল বাকী জমার নিমিত্তে ইংরেজী ১৮৫৯ সনের ২৫ এপ্রেল মোতাবেক বাঙ্গলা ১২৬৬ সনের ১৩ বৈশাখ তারিখে সোমবারে ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক ইতি সন ১৮৫৯ ইংরেজী তারিখ ১ আপরেল।

প্রথম শ্রেণী চিরকালের বন্দোবস্তহওয়া মহাল।

৮৯১৪ নং। চরজালনা কামতা। মালিক জালান রহেমান। ও খোদেজা বিবি। মাদরে মফীজদ্দী খন্দার। সদর জমা ১৮৪৸৬

C. F. Carnac, *Offg. Collector.*

জিলা মেদিনীপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের নীচের লিখিত বস্তু বাকীর নিমিত্তে ইঙ্গরেজী সন ১৮৫৯ সালের ২৮ আপরেল মোতাবেক বাঙ্গলা সন ১২৬৬ সালের ১৬ বৈশাখ মওয়াফকে আমলি সন ১২৬৬ সালের ১৭ বৈশাখ রোজ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলাম হইবেক ইতি সন ১৮৫৯ সাল তারিখ আপরেল।

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকীর নিমিত্তে যে নীলাম।

গোলোকনাথ দাসের জায়দাদ পং খান্দার মৌজে কলঙ্কই গ্রামে বাস্তু বাটী মায় পুষ্করিণী লাখেরাজ আন্দাজী জমিন ১/ এক বিঘা মায় মর্চ্ছ হকহকুক নীলাম হইবেক।

ঐ ব্যক্তির জায়দাদ উক্ত মৌজার বৈষ্ণবপাড়ায় রাধু দাসের ভোগ দরুন কালাজমিন মোওয়াজী ।৩ আট কাঠা হকহকুক নীলাম হইবেক।

ঐ ব্যক্তির জায়দাদ উক্ত মৌজার জল জমীন ১/ এক বিঘা হকহকুক নীলাম হইবেক।

ঐ ব্যক্তির জায়দাদ ঐ পরগনার মৌজে ধোয়া পলাষ্যা গ্রামে আন্দাজী জমিন ১॥০ এক বিঘা দশ কাঠা হকহকুক নীলাম হইবেক।

A. Elliot, *Offg. Collector.*

জিলা নদীয়া।

সন ১৮৫১ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল সন ১৮৫৯ সালের ২৮ মার্চপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্যান্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৯ সালের ২৫ আপ্রিল তারিখ মোতাবেক সন ১২৬৬ সালের ১৩ বৈশাখ তারিখে ঐ জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৯ সাল তারিখ ৪ আপ্রিল।

মোং সন ১২৬৫ সাল তাং ২৩ চৈত্র।

প্রথম শ্রেণী।

২৮৭০ নং মৌং শ্রীনগর চাকলে শ্রীনগর মালিক নীলাম খরিদদার রঘুনাথ গঙ্গোপাধ্যায় সদর জমা ৭৪৸৶৮৸ টাকা

C. E. Belli, *Offg. Collector.*

জিলা রাজশাহী।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা রাজশাহির মোতালক নীচের লিখিত মহালের সরকারী রাজস্ব আদায় জন্যে ইংরেজী ১৮৫৯ সালের ২ মেই মোতাবেক বাঙ্গলা ১২৬৬ সালের ২০ বৈশাখ সোমবার এই জেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক সন ১৮৫৯ ইং তাং।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ১১৩৫

কিসামত গণকৈড় পরগনা শুজানগর জমীদার কাশীনাথ চৌধুরী ও তারিণীকান্ত চক্রবর্ত্তী সদর জমা ৫৬/৫

F. S. Lushington, *Collector.*

জিলা পশ্চিম বর্দ্ধমান।

জেলা পশ্চিমাংশ বর্দ্ধমান মোকাম বাকুণ্ডা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবৎ ইংরাজী সন ১৮৫৯ সালের ১৯ আপ্রিল মোতাবেক সন ১২৬৬ সালের ৭ বৈশাখ মঙ্গলবার দিবসে এই জেলার কালেক্টরী কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল ১৪৫ নং হুজুরি মহল পুরুষোত্তমপুর ১ মৌজা মালিক মোহনচন্দ্র মুখোপাধ্যায় ও পদ্মলোচন মুখোপাধ্যায় সাকীম তেলিবেড়িয়া জমা ১৬৩৸৩

দ্বিতীয় শ্রেণীর এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল ৪৫৭ নং হুজুরি মহল পলাশডাঙ্গার আরাজি মালিক নীলমণি মুখোপাধ্যায় সাকীম পলাশডাঙ্গা জমা ৫॥৶১

J. S. Spankie, *Deputy Collector.*

জিলা ভুলুয়া।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ভুলুয়ার নীচের লিখিত মহাল বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে সন ১৮৫৯ সনের ২৫ আপ্রিল মোতাবেক সন ১২৬৬ সনের ১৩ বৈশাখ রোজ সোমবার ঐ জিলার কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৯ তাং ৩০ মার্চ।

[*Government Gazette, 19th April, 1859.*]

প্রথম শ্রেণীর ইস্তমুরারী ক্ষমা ধার্য্যহওয়া মহাল।

২০০ নং ছমুরী মহাল চর লক্ষী আবদুল ফকিরামধ্যে আথেরাঞ্জ জি. নিজেরী হাল তালুক পার্ব্বতী-মুন্সিরা গোলামমহিয়দ্দিন ওরফে গোলাম মাহাম্মুদ ও সীতারাম মুক্তিমস্ত মালিক পার্ব্বতী মুন্সিরা গোলাম মহিয়-দ্দিন ওরফে গোলাম মাহাম্মুদ ও সীতারাম মুক্তিমস্ত সদর জমা ১৩০৸৶৪

C. E. Lawson, *Offg. Deputy Collector.*

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল মুরশিদাবাদ জেলার ঐ জেলার কালেক্টরীর কাছারীতে বাকী মালগুজারীর নিমিত্তে সন ১২৫৯ সালের ২ মেই মোতাবেক সন ১২৬৬ সালের ২০ বৈশাখ মোতাবেক নীলামে উপস্থিত হইবেক।

শ্রেণী ১ কায়েমি বন্দোবস্তী মহাল।

৬০৫ নং কিশমত মৌজে কালিকাপুর পরগনে মুরারিপুর তালুক ৺ লক্ষ্মীগোবিন্দ দেব ঠাকুর ও লক্ষ্মী-জনার্দ্দন দেব ঠাকুর ও শ্রীধর দেবঠাকুর ও গুপ্ত গদাধর দেবইতে দরায়ত্বী দাখা সদর জমা ১২৬৸৶১১

W. Morris Beaumont, *Offg. Collector.*

জিলা বাকরগঞ্জ।

সন ১৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকর-গঞ্জের নীচের লিখিত মহাল ১২৬৫ সনের জা৲ কিস্তী কালগুনের বাকীর নিমিত্তে এবং চলিত আইন ও আকা-টের দ্বারায় অন্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ইংরেজী ১৮৫৯ সনের ২৫ আপ্রিল মোতাবেক বাঙ্গলা ১২৬৬ সনের ১৩ চৈশাখ রোজ সোমবার অত্র কালেক্টরিতে কাছা-রিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৯ সাল ২১ আপ্রিল মোং ১২৬৫ সন ২১ চৈত্র।

প্রথম শ্রেণী ইস্তমুরারি ক্ষমা ধার্য্যহওয়া মহাল।

সাবেক নং ১৫৮৪ হাল নং ১৫৫৬ খারিজা পরগনে রোজরাগওদেমপুর কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য তালুক লিখিত মালিক পিয় মাহাম্মুদ ছমী সদর জমা ৩৮৩৸৯৷৷ কোম্পানি।

C. Lemon, *Offg. Collector.*

জিলা ত্রিপুরা।

ইহাতে সর্ব্বাদ দেওয়া যাইতেছে, যে জিলা ত্রিপুরার এই২ মহাল বাকী জমার নিমিত্তে ইংরেজী সন ১৮৫৯ সালের ২৬ আপ্রিল মোতাবেকে সন ১২৬৬ সন বাঙ্গলার ১৪ বৈশাখ রোজ মঙ্গলবার ঐ জিলার কালেক্টরী কা-ছারীতে বিনা ওজরে নীলাম হইবেক ইতি সন ১৮৫৯ ইং ২৯ মার্চ মোং ১২৬৫ ইং ১৭ চৈত্র।

প্রথম শ্রেণী ইস্তমুরারি ক্ষমা ধার্য্যহওয়া মহাল।

১০৭২ নং পং মহতডপুর তাং লক্ষ্মীনারায়ণ রায় মুৎ বৈদ্যনাথ রায় মালিক সূর্য্যমণি শাহা চন্দ্রমণি শাহা গোপাইলাল শাহা নাবালগ লক্ষ্মীকান্ত শাহা নাবালগ কমলাকান্ত শাহা নাবালগ সদর জমা ২১৪ ৸৫

L. Barber, *Deputy Collector in Charge.*

জিলা দিনাজপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে, যে জেলা দিনাজপুরের কালেক্টরিভুক্ত নীচের লিখিত মহাল সদর মালগুজারির বাকীর দায়ে ইংরেজী ১৮৫৯ সালের ২৬ আপ্রিল মোতাবেকে ১২৬৬ সালের ১৪ বৈশাখ রোজ মঙ্গলবার উক্ত কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি।

প্রথম শ্রেণী এস্তমরারি ক্ষমা ধার্য্য হওয়া মহাল।

২৫১ নম্বর মৌজে কড়ই পরগনে করদহ মিলকিয়ত মজহরুদ্দিন চৌধুরী সদর জমা ১২১৩৸৩

তারিখ ৪ আপ্রিল সন ১৮৫৯ ইং ২৭ চৈত্র।

Fras. A. Elphinstone Dalrymple, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENT.

সাধারণ ব্যক্তিদের জ্ঞাতার্থে।

সুপ্রিম কোর্ট।

রিনিদর অফিস।

তলব।

রাজেন্দ্র দত্ত ... ...

এজেন্সীর নাম।	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩।৫৪ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪।৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫।৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬।৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭।৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮।৫৯ সাল	মৌজুদ নেমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক বাগখালী ঘাট।	০	০	০	০	১৮,২৭৩॥৫	০	১৮,২৭৩।৫
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	১,২৪,৭৮৯ ।৯৸	০	১,২৪,৭৮৯ ।৯৸
ঐ আরাকিন।	০	০	০	০	০	০	০
করকচ মান্দ্রাজ।	০	০	০	৩১,৪৪৪/	২,৬৪,৭৪৮/ ।৶	০	২,৯৬,১৯২/ ।৶
•							
•							
•							
শালিখা।							
পাঙ্গা নেমক কটক।	০	০	০	২১,১৩৫/	৮৫,৫৯৭/	০	১,০৬,৭৩২/
ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ খোরদা।	০	০	০	৪৪২/	৫২০/	০	৯৬২/
ঐ চিলকা।	০	০	০	০	৬১,০৭০/	০	৬১,০৭০/
ঐ ২৪ পরগনা।	০	০	৪,৩২০/	১৩,৬৩১/	০	০	১৭,৯৫১/
ঐ ঐ নারায়ণপুর।	২,০০,৫৯৭॥০	০	০	০	০	০	২,০০,৫৯৭॥০
ঐ ঐ বাগুণ্ডী।	০	০	১,৮৪৬/	১,৩৮,১৬৮॥০	০	০	১,৪০,০১৪॥০
ঐ ঐ ধোসা।	০	০	১,৫৬০/	৭১,০৫৮/	০	০	৭২,৬১৮/
করকচ মান্দ্রাজ পরমিট।	০	০	৬,৯১,৮৮৬/	০	০	০	৯,৫১,১১৮৸০
ঐ চিলকা।	০	০	৩২,৭৫৯/	৩,৯৯,২০০॥০	১,৫৭,১০০/	০	৫,৮৯,০৫৯॥০
ঐ সিন্দ।	০	০	০	০	০	০	০
মিশ্রিত করকচ।	০	০	০	০	০	০	০
পাঙ্গা নেমক পুরী ঘাট।	০	০	০	০	০	০	০
ঐ রামনগর।	০	০	০	০	০	০	০
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০	০
একুন।	২,০০,৫৯৭॥০	২,৫৯,২৩২৸০	৭,৩২,৩৭১/	৬,৭২,৪৯২/	৩,৬৬,১৯২/	২৫,৮৪৫/	৩১,৬৫,৭৭৯৸০
আরাকিন।	০	০	০	০	০	০	০
পাঙ্গা নেমক ঘাট কৈকক্ক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	০	০	০
মোট একুন।	২,০০,৫৯৭॥০	২,৫৯,২৩২৸০	৭,৩২,৪০২/৯	৮,৩৭,৭৮৭ ।১	১১,১০,০৫৭/৪৶	২৫,৬৪৫/	৩১,৬৫,৭৭৯৸০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১২ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 19, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১৯ আপ্রিল।

ACT.

HOME DEPARTMENT.
No. 707.
FORT WILLIAM,
THE 4TH APRIL 1859.

Notifications.

The following Ordinance No. 30 of 1858, enacted by the Legislature of the Colony of Mauritius on the 20th October last, and the Regulations made by the Governor of the said Colony in Council, in pursuance of the aforesaid Ordinance, are published for general information :—

ORDINANCE No. 30 OF 1858.

ENACTED *by the Governor of Mauritius,*
W. STEVENSON. *with the advice and consent of the Council of Government thereof.*

AN ORDINANCE to legalize Contracts of Service made in India, and authorize Government to allot Newly Arrived Immigrants.

(20th October 1858.)

WHEREAS it is expedient to legalize Contracts of Service to be entered into in India with Immigrants to Mauritius;

And whereas it is also expedient to enable the Government of Mauritius to allot to employers Indian Immigrants newly arrived in Mauritius who shall not have entered into such Contracts ; Be it therefore enacted by His Excellency the Governor, with the advice and consent of the Council of Government, as follows :

[Contracts of Service in India legalized.]

I.—From and after the date when this Ordinance shall come into operation, Contracts of Service to be performed in Mauritius for periods not exceed-

আইন।

দেশীয় ডিপার্টমেণ্ট।
৭০৭ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৪ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইঙ্গরেজী ১৮৫৮ সালের ৩০ নম্বরের এই আইন গত অক্টোবর মাসের ২০ তারিখের মরিচ উপদ্বীপের ব্যবস্থাপক কৌন্সেলে জারী হয়। ও সেই আইনঅনুযায়ি ঐ উপদ্বীপের শ্রীযুত গবর্নর্ সাহেব হজুর কৌন্সেলে যে বিধান করেন তাহা সর্ব্ব সাধারণের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৮ সাল ৩০ আইন।

মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের কৌন্সেলের পরামর্শ ও সম্মতিক্রমে শ্রীযুত গবর্নর্ সাহেব জারী করেন।

ডবলিউ ষ্টিবন্সন।

মরিচ উপদ্বীপে চাকরী করিবার যে করার ভারতবর্ষেতে করা যায় তাহা আইনসিদ্ধ করিবার, ও যে লোকেরা নূতন পঁহুছে তাহারদিগকে কর্ম্মে ভর্ত্তি করিয়া দিতে গবর্ণমেণ্টের ক্ষমতা হইবার আইন।

১৮৫৮ সাল ২০ অক্টোবর।

মরিচ উপদ্বীপে গিয়া চাকরী করিবার যে করার ভারতবর্ষেতে কোন লোকের সঙ্গে করা যায় তাহা আইনসিদ্ধ করা বিহিত।

ও সেই প্রকারের কোন করার না করিয়া যে মজুর-প্রভৃতি ভারতবর্ষহইতে মরিচ উপদ্বীপে নূতন পঁহুছে তাহারদিগকে নানা মুনিবের নিকটে কর্ম্মে ভর্ত্তি করিতে মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের ক্ষমতা থাকা বিহিত। এই কারণে গবর্ণমেণ্টের কৌন্সেলের সাহেবেরদের পরামর্শ ও সম্মতিক্রমে শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব এই আইন করুন।

[চাকরী করিবার যে করার ভারতবর্ষে করা যায় তাহা আইনসিদ্ধ করিবার কথা।]

১ ধারা। এই আইন যে তারিখে চলন হইতে লাগে সেই তারিখঅবধি, যাহারা ভারতবর্ষহইতে মরিচ উপদ্বীপে যাইতে চাহে তাহারা ঐ উপদ্বীপনিবাসি

ing three years may be lawfully entered into in India between Immigrants from India to Mauritius and persons residing or having landed property in the Colony, provided that such Contracts shall be entered into in the manner prescribed by this Ordinance, and by any Regulations to be made and published as hereinafter provided.

[Such Contracts valid if made according to law.]

II. Every such Contract of Service entered into in terms of this Ordinance and of the said Regulations, shall be equally valid and effectual (except as hereinafter provided) as if it had been entered into in Mauritius, according to the law and practice existing there at the date of such Contract.

[Employer to pay passage money, &c.]

III.—In every case in which a passage to Mauritius shall have been taken for any Immigrant, who shall have entered into a Contract as herein aforesaid, the party whom such Immigrant shall have engaged to serve, shall pay to the Government of Mauritius the passage money and all other expenses which may be incurred on account of such Immigrant, together with the proportional expense chargeable upon him on account of females accompanying Immigrants, under Regulations existing at the time.

[Arrival of engaged Immigrants to be published.]

IV.—The arrival at the Immigration Depôt in Mauritius of every Immigrant who shall have entered into a Cantract in India, as aforesaid, shall, as soon as possible, be published or notified to the intended employer under such Contract, in terms of the Regulations to be framed under this Ordinance.

[Immigrant engaged in India to be free from stamp-duty for Contract with first employer.]

V.—Every Immigrant who shall have made a Contract in India, as aforesaid, and who shall enter on service with the original or substituted employer under the same, shall be free from stamp duty or other impost on account of the same or any subsequent Contract of Service which he may make with such employer or those in his right.

[Employer may release Immigrant from Contract.]

It shall also be in the power of such employer or those in his right so long as the Immigrant shall remain in his or their service, with the consent of such Immigrant to release him from all obligation to serve under the said Contract made in India; and every such Immigrant if released in the form to be prescribed by regulation, shall be free from the said Contract, and from all obligation of industrial residence or otherwise under the same.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৯ আপ্রিল।]

কিম্বা ঐ উপদ্বীপের মধ্যে ভূম্যধিকারি কোন লোকের নিকটে তিন বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত ঐ উপদ্বীপে চাকরী করিবার করার ভারতবর্ষে করিতে পারিবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে এই আইনের নির্দ্দিষ্টমতে ও যে কোন বিধান এই আইনের লিখিতমতে করা যায় ও প্রকাশ হয় সেই বিধানমতে ঐ করার করা যায় ইতি।

[সেই প্রকারের করার আইনমতে করা গেলে সিদ্ধ হইবার কথা।]

২ ধারা। চাকরী করিবার যে সকল করার এই আইনের ও উক্ত বিধানের নিয়মমতে করা যায় তাহা, ঐ করার করিবার তারিখে যে আইন ও দাঁড়া মরিচ উপদ্বীপে চলন থাকে তদনুসারে ঐ উপদ্বীপে করা গেলে যেমন সিদ্ধ ও সফল হইত তেমনি তাহার পরের বর্জ্জিত স্থল ছাড়া সিদ্ধ ও সফল হইবেক ইতি।

[যাইবার খরচপ্রভৃতি মুনিবের দিবার কথা।]

৩ ধারা। উক্তমতে কোন লোকের সঙ্গে করার হইলে পর মরিচ উপদ্বীপে তাহার যাইবার জাহাজ প্রভৃতি স্থির হইলে, ঐ লোক যাঁহার নিকটে চাকরী করিতে করার করিয়াছে, তিনি ঐ লোকের যাইবার জাহাজের কেরায়া ও তাহার নিমিত্তে অন্য যে খরচ লাগে তাহা, ও মজুরপ্রভৃতি লোকেরা বিদেশে গেলে তাহারদের সঙ্গে২ যে মেয়া লোকেরদিগকে পাঠান যায় তাহারদের খরচ তৎকালের চলিত আইনমতে পুরুষপ্রতি যত করিয়া ধরা যায় তাহার হিসাব করিয়া ঐ লোকের নিমিত্তে যত দেনা হয় তাহা মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টে দিবেন ইতি।

[করারবদ্ধ যে লোকেরা যায় তাহারা পঁহুছিলে তাহার সম্বাদ দিবার কথা।]

৪ ধারা। যে কোন লোক ভারতবর্ষে থাকিয়া সেই প্রকারে করার করে, সে যখন মরিচ উপদ্বীপে বিদেশগত লোকেরদের বারিক ঘরে পঁহুছে, তখন তাহার পঁহুছিবার কথা, এই আইনমতের করা বিধানের নিয়মমতে সাধ্যমতে শীঘ্র করিয়া প্রকাশ করা যাইবেক, কিম্বা সেই করারমতে যিনি মুনিব হন তাঁহাকে সম্বাদ দেওয়া যাইবেক ইতি।

[ভারতবর্ষে যে লোক করার করিয়া থাকে তাহার প্রথম মুনিবের সঙ্গে করারনামার ইষ্টাম্পের মাসুল না লাগিবার কথা।]

৫ ধারা। ভারতবর্ষেতে যখন কেহ করার করিয়া মরিচ উপদ্বীপে যায় ও সেই করারনামায় যে মুনিবের নাম লেখা আছে তাঁহার নিকটে কিম্বা তাঁহার পরিবর্ত্তে অন্য মুনিবের নিকটে চাকরী করিতে লাগে, তখন সেই মুনিবের সঙ্গে কিম্বা তাঁহার যথাক্রমে অন্য লোকেরদের সঙ্গে ঐ যে করার করিয়াছে কিম্বা তাহার পর অন্য যে করার করে তাহার উপর ইষ্টাম্পের কি অন্য কোন মাসুল লাগিবেক না।

[সেই করারহইতে ঐ লোককে মুক্ত করিতে মুনিবের ক্ষমতার কথা।]

আরো ঐ লোক যত কাল সেই মুনিবের কি তাঁহার যথাক্রমে অন্য সাহেব লোকের নিকটে চাকরী করিয়া থাকে, তত কাল ঐ লোকের অনুমতিমতে ঐ মুনিব কি তাঁহার যথাক্রমে অন্য সাহেব ঐ লোককে ভারতবর্ষেতে করা ঐ করারমতে চাকরী করিবার সকল দায়হইতে মুক্ত করিতে পারিবেন। ও বিধানের নির্দ্দিষ্ট পাঠের লিখনমতে সেই লোককে যদি মুক্ত করা যায় তবে সে ঐ করারহইতে মুক্ত হইবেক, ও সেই করারমতে সেই দেশে থাকিয়া কর্ম্ম করিবার কি অন্য প্রকারের সকল দায়হইতে মুক্ত হইবেক ইতি।

[If not re-engaging to be subject to stamp duty, or to buy up industrial residence.]

VI.—If such Immigrant shall at the termination of his said Contract of Service, refuse to re-engage with the employer under the same, he shall either enter into a Contract of Service with another employer or other employers successively, subject to a stamp duty of £1-12-0 per annum, to be paid by such new employer or employers for the time required to complete the Immigrant's full term of five years industrial residence in the Colony: Or if he shall desire to redeem the residue of his industrial residence, he shall pay to the Colonial Treasury a sum at the said rate of £1-12-0 per annum for every year or part thereof remaining unexpired of his said term of industrial residence.

[Such amount to be paid to first employer.]

VII.—Any sums which may be recovered by Government under the preceding Article shall in each case be paid on demand to the employer under the said first mentioned Contract, or to those in his right, upon sufficient evidence to be by them produced of the right to receive the same.

[Magistrate may cancel Contracts made in India.]

VIII.—Nothing contained in the preceding articles shall be held to prevent or restrict the power of the Magistrate having jurisdiction therein, upon lawful grounds from ordering the cancellation of any Contract of Service hereinaforesaid. But when such cancellation shall have been ordered on account of any fault or wrong on the part of the employer, or those for whom he is responsible, he shall have no right to any sum which may be received by Government for the Immigrant by way of stamp duty on engagement, or for redemption of industrial residence.

[Immigrant not claimed within seven days may elect to be free from Contract.]

IX.—In case the services of any Immigrant who shall have entered in India into a Contract, as aforesaid, shall not be claimed by the intended employer under the same, within seven days after the Immigrant's arrival at the Depôt in Mauritius; (such arrival being duly published or notified in terms of Regulations) such Immigrant may elect either to enforce the Contract by proceeding before the proper Stipendiary Magistrate against the intended employer under the same, or to be entirely free from the obligations of the said Contract, subject to claim of damages for any loss which may arise to him in consequence of non-fulfilment of the Contract, which damages may be recovered before the proper Stipendiary Magistrate.

Every such election shall be intimated to the Protector of Immigrants, and shall by him be re-

[নূতন করার না করিলে ইষ্টাম্পের মাসুল লাগিবার কথা কিম্বা সেই দেশে থাকিয়া কর্ম্ম করিতে না হয় ইহার নিমিত্তে কিছু টাকা দিয়া মুক্ত হইবার কথা।]

৬ ধারা। চাকরী করিবার ঐ করারের মিয়াদ ফুরাইলে পর, যদি সেই লোক ঐ করারের লিখিত মুনিবের সঙ্গে নূতন করার করিতে স্বীকার না করে, তবে সে অন্য মুনিবের কিম্বা ক্রমশঃ অন্য২ মুনিবের নিকটে চাকরী করিবার করার করিবেক। সেই করারের উপর বৎসরে ১ পৌণ্ড ১২ শিলিং (অর্থাৎ ১৬৲ টাকার) ইষ্টাম্পের মাসুল লাগিবেক, অর্থাৎ ঐ উপদ্বীপে বাস করিয়া কর্ম্ম করিবার পাঁচ বৎসর মিয়াদ ফুরাইবার যত বৎসর থাকে তত বৎসরের নিমিত্তে ঐ নূতন মুনিব কি মুনিবেরা ঐ মাসুল দিবেন। অথবা সে যদি ঐ দেশে কর্ম্ম করিবার অবশিষ্ট কালের নিমিত্তে টাকা দিয়া মুক্ত হইতে চাহে, তবে তাহার সেই অবশিষ্ট কাল ফুরাইবার যত বৎসর কি যত কাল থাকে তাহার নিমিত্তে বৎসরপ্রতি ১ পৌণ্ড ১২ শিলিঙ্গের হিসাবে উপযুক্ত টাকা কলোনিয়ল ট্রেজুরীতে দাখিল করিবেক ইতি।

[সেই টাকা প্রথম মুনিবকে দেওয়া যাইবার কথা।]

৭ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে গবর্ণমেণ্টে যত টাকা আদায় হয় তাহা পাইবার অধিকারের উপযুক্ত প্রমাণ যদি ঐ প্রথম করারমতের মুনিব কি তাঁহার স্বত্বক্রমে অন্য সাহেবেরা দেখাইতে পারেন, তবে সেই টাকা তাঁহারদের দাওয়ামতে তাঁহারদিগকে দেওয়া যাইবেক ইতি।

[ভারতবর্ষে যে করার করা যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের বাতিল করিতে পারিবার কথা।]

৮ ধারা। ইহার পূর্ব্বের লিখিত চাকরী করিবার কোন করার বাতিল করিবার যদি উপযুক্ত কারণ থাকে, তবে তাহাতে যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহার ঐ করার বাতিল করিতে হুকুম করিবার ক্ষমতা রহিত হইয়াছে কি খর্ব্ব হইয়াছে ইহার পূর্ব্বের কোন ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবেক না। কিন্তু যদি মুনিবের, কিম্বা ঐ মুনিব যাঁহারদের সদাচারের নিমিত্তে দায়ী হন তাঁহারদের কোন দোষ কি অন্যায় কর্ম্মপ্রযুক্ত ঐ করার বাতিল হইবার হুকুম হয়, তবে অন্য করার হওয়াতে যে ইষ্টাম্পের মাসুল, কিম্বা ঐ উপদ্বীপে থাকিয়া কর্ম্ম করিবার নিমিত্তে গবর্ণমেণ্টে আদায় হয়, তাহা পাইতে ঐ মুনিবের কোন অধিকার হইবেক না ইতি।

[কোন লোক ঐ উপদ্বীপে পঁহুছিলে সাত দিনের মধ্যে যদি তাহার চাকরীর উপর কোন দাওয়া না হয় তবে ঐ করারহইতে মুক্ত হইবার তাহার ক্ষমতার কথা।]

৯ ধারা। কোন লোক ভারতবর্ষে উক্ত প্রকারের করার করিয়া মরিচ উপদ্বীপের বারিক ঘরে পঁহুছিলে পর ও তাহার পঁহুছিবার কথা আইনের বিধানমতে উপযুক্তরূপে প্রকাশ হইলে কিম্বা তাহার সম্বাদ দেওয়া গেলে পর, যে জন তাহাকে কর্ম্ম দিতে চাহিয়াছিলেন তিনি যদি সাত দিনের মধ্যে তাহাকে চাকর বলিয়া দাওয়া না করেন, তবে সেই লোক চাহিলে, ষ্টিপেণ্ডিয়রি উপযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ মুনিবের নামে নালিশ করিয়া ঐ করার বলবৎ করিতে পারিবেক, কিম্বা সেই করারের নিয়মহইতে সম্পূর্ণরূপে মুক্ত হইবার, ও সেই করারমতে কার্য্য না হওয়াতে তাহার যে কিছু ক্ষতি হইয়া থাকিবেক সেই ক্ষতির শোধ পাইবার প্রার্থনা করিতে পারিবেক, সেই ক্ষতির পরিশোধ ষ্টিপেণ্ডিয়রি উপযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আদায় হইতে পারিবেক।

ইহার মধ্যে সে যাহা পসন্দ করে তাহার কথা বিদেশগমনশীল লোকেরদের রক্ষক সাহেবকে জ্ঞাত করা

corded in terms of Regulations to be framed under this Ordinance.

[In such case intended employer to p ay half expense of introduction.]

X.—In case the Immigrant shall elect to be free from his Contract, the party on behalf of whom he shall have been introduced, shall forfeit and pay to the Government one-half of the passage money and other expenses applicable to such Immigrant, and of the proportional expense chargeable on him on account of the introduction of females; and every such Immigrant shall be in the same position in all respects as if he had been introduced into the Colony without having made any Contract in India with an individual employed.

[Contract made in India may be transferred.]

XI.—It shall moreover be lawful to any Immigrant and intended employer under a Contract made in India to transfer the same with all its rights and obligations to a substitute employer; and every such transfer shall assign and transfer to the substituted employer the whole rights and interest under such Contract and all the obligations incumbent upon the intended employer therein.

Such transfer shall only be valid if made with the full consent of the original and substituted employer and of the Immigrant, and with the approval and concurrence of the Government upon satisfactory reasons being assigned therefore.

Every such transfer shall be in the form and be executed in the manner prescribed by Regulations under this Ordinance.

Such transfer may be made either on the Immigrant's arrival in Mauritius or at any time during the currency of his engagement.

[Engaged Immigrant to be maintained at Depôt.]

XII.—During the interval between the arrival at the "Depôt" in Mauritius of any Immigrant who shall have entered into a Contract in India, and his entering the service of his original or substituted employer under the Contract or of any employer to whom he may be allotted, he shall be maintained by the Government; and the expense of such maintenance shall be recovered from the intended employer under the Contract or those in his right.

[Governor authorized to allot Immigrants not engaged in India.]

XIII.—When any Immigrant shall arrive at Mauritius without having contracted in India, as hereinaforesaid, it shall be lawful to the Governor, by such Officer as may be entrusted with the duty, to allot such Immigrant to any person applying for

যাইবেক, ও তিনি এই আইনের মত করা বিধানের লিখিত নিয়মমতে সেই কথা রিকার্ড করিবেন ইতি।

[এমত স্থলে ঐ লোকের সেই দেশে যাইবার খরচ যে সাহেব তাহাকে চাকরী দিতে চাহিয়াছিলেন সেই সাহেবের দিবার কথা।]

১০ ধারা। সেই লোক যদি করারহইতে মুক্তহওয়া পসন্দ করে, তবে যাঁহার নিমিত্তে তাহার সেই দেশে যাওয়া হইয়াছিল, সেই সাহেব ঐ লোকের জাহাজের কেরায়া ও অন্য যে সকল খরচ হয় তাহার অর্দ্ধেক ও মেয়ালোকদিগকে ঐ দেশে লইয়া যাইবার খরচের হিসাব করিয়া যত খরচ ঐ লোকের উপর পড়ে তাহার অর্দ্ধেক গবর্ণমেণ্টে দাখিল করিবেন। ও ভারতবর্ষেতে নিযুক্ত কোন বিশেষ লোকের সঙ্গে করার না করিয়া কোন লোক সেই উপদ্বীপে পঁহুছিলে তাহার যেদশা হয়, ঐ লোকেরও সর্ব্বতোভাবে সেই দশা হইবেক ইতি।

[ভারতবর্ষে যে করার করা যায় তাহা হস্তান্তর হইতে পারিবার কথা।]

১১ ধারা। ভারতবর্ষেতে করা কোন করারমতে যে লোক চাকরী করিতে করার করে ও যে সাহেব তাহাকে চাকরী দিতে চাহিয়াছেন তাঁহারা সেই করার ও তৎক্রমে যে অধিকার ও দায় হয় তাহাসমেত অন্য মুনিবের হাতে হস্তান্তর করিয়া দিতে পারিবেন। ও সেই প্রকারে হস্তান্তর করা গেলে, ঐ করারমতের সকল অধিকার ও সম্পর্ক, ও তদনুসারে যে সাহেব চাকরী দিতে চাহিয়াছিলেন তাঁহার উপর যে সকল দায় হইত তাহা ঐ নূতন মুনিবকে দেওয়া যাইবেক ও তাঁহার প্রতি বর্ত্তিবেক।

যে সাহেব প্রথমে চাকরী দিতে চাহিয়াছিলেন ও যে সাহেব নূতন মুনিব হন ও যে জন চাকরী করিবেক এই তিন জনের সম্পূর্ণ সম্মতি না হইলে, ও সেই হস্তান্তর করিবার উপযুক্ত কারণ প্রকাশ হইয়া গবর্ণমেণ্টের সম্মতি ও অনুমতি না হইলে, ঐ হস্তান্তর কার্য্য সিদ্ধ হইবেক না।

সেইরূপ হস্তান্তর করণের প্রত্যেক পত্র, এই আইনমতে করা বিধানের নির্দ্দিষ্ট পাঠের লিখনমতে লিখিতে হইবেক ও দস্তখৎ করিতে হইবেক।

যে জন চাকরী করিবার করার করে তাহার মরিচ উপদ্বীপে পঁহুছিবার সময়ে কিম্বা তাহার করার চলন হইবার কোন সময়ে ঐ হস্তান্তর কার্য্য হইতে পারিবেক ইতি।

[কোন লোক করার করিয়া গেলে বারিক ঘরে তাহার খোরাকপোশাক দিবার কথা।]

১২ ধারা। কোন লোক ভারতবর্ষে করার করিয়া যখন মরিচ উপদ্বীপে যায়, তখন তাহার সেই উপদ্বীপের বারিক ঘরে যাইবার কালঅবধি যত দিন সেই করারমতে আসল মুনিবের কি তাঁহার পরিবর্ত্তে অন্য মুনিবের নিকটে, কিম্বা যে কোন মুনিবের কর্ম্মে ভর্ত্তি হয় তাঁহার নিকটে চাকরী করিতে না লাগে, তত দিন তাহার খোরাকপোশাক গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবেক। ও সেই করারমতে যে সাহেব তাহাকে চাকরী দিতে চাহিয়াছিলেন সেই সাহেবের কিম্বা তাহার স্বত্বক্রমে অন্য সাহেবের স্থানে ঐ লোকের খোরাকপোশাকের খরচ আদায় হইবেক ইতি।

[যে লোকেরা ভারতবর্ষে করার না করে তাহারদিগকে চাকরীতে ভর্ত্তি করিয়া দিতে গবর্ণর সাহেবের ক্ষমতার কথা।]

১৩ ধারা। যদি কোন লোক ইহার পূর্ব্বের লিখনমতে ভারতবর্ষেতে করার না করিয়া মরিচ উপদ্বীপে পঁহুছে, তবে যে কোন সাহেব তাহাকে চাকরী দিতে চাহেন তিনি উপযুক্তমতের লোক হইলে, ও সেই চাকরের উপযুক্ত বেতন ও উপরি খরচ দিতে পারিলে ও

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৯ আপ্রিল।]

his services who may be selected therefore, and who shall be able and willing, and shall oblige himself to pay and provide a fair rate of wages and allowances for such Immigrant.

All such allotments shall be made in terms of Regulations to be proclaimed from time to time under this Ordinance.

[Immigrant allotted to be in same position as if engaged.]

XIV.—Every Immigrant who shall thus be allotted to an employer shall be subject to the law existing in the Colony at the time as to his industrial residence, and his allotment to or engagement with such employer shall be subject to the stamp duty now payable on Contracts with new Immigrants introduced entirely at the expense of the Colonial Treasury, except such allotment shall be made in excess of the number to which the employer would be entitled by Regulation.

[Governor in Executive Council to make Regulations.]

XV.—It shall be lawful to the Governor in Executive Council from time to time to make Regulations, for carrying out the purposes of this Ordinance, and from time to time to alter the same; and all such Regulations, on being published in the *Government-Gazette*, shall have the same effect as if they had been contained *verbatim* herein; provided that they are not inconsistent with the spirit and meaning of any of the provisions hereof.

[Ordinance No. 12 of 1855 repealed.]

XVI.—Ordinance No. 12 of 1855, entitled "An Ordinance to enable persons to procure at their own expense Immigrants from India," is hereby repealed, except in so far as it relates to any Immigrants already introduced, or who may be introduced, or embarked under its provision before the present Ordinance shall have been known at the agency in India whence they shall have been transmitted, and all powers and remedies thereunder in such respects.

[Promulgation.]

XVII. This Ordinance shall take effect from the twenty-third day of October, one thousand eight hundred and fifty-eight.

PASSED in Council at Port Louis, Island of Mauritius, this twentieth day of September, one thousand eight hundred and fifty-eight.

R. Y. CUMMINS,
Secretary to the Council.

Published by order of His Excellency the Governor,

HUMPHRY SANDWITH,
Colonial Secretary.

(To be continued.)

[*Government Gazette*, 19*th April*, 1859.]

চাহিলে ও দিবার করার করিলে, শ্রীযুত গবর্ণর সাহেব অন্য যে কার্য্যকারক সাহেবের হস্তে ঐ কর্ম্ম অর্পণ করেন তাঁহার দ্বারা, ঐ লোককে ঐ সাহেবের চাকরীতে ভর্ত্তি করিয়া দিতে পারিবেন।

সেই প্রকারের ভর্ত্তি করিবার সকল কার্য্য এই আইনমতে যে সকল বিধান সময়ে২ প্রকাশ হয় সেই বিধানের নিয়মমতে করিতে হইবেক ইতি।

[সেই প্রকারে যে লোককে চাকরীতে ভর্ত্তি করিয়া দেওয়া যায় তাহার দশা করারমতে নিযুক্ত লোকের দশার ন্যায় হইবার কথা।]

১৪ ধারা। উক্ত প্রকারে যে সকল লোককে কোন মুনিবের চাকরীতে ভর্ত্তি করিয়াদেওয়া যায়, সেই লোকের উপর ঐ উপদ্বীপে থাকিয়া কর্ম্ম করিবার মিয়াদের যে আইন তৎকালে ঐ উপদ্বীপে চলন থাকে সেই আইন খাটিবেক। ও নূতন কোন লোক কেবল কলোনিয়ল ত্রেজুরীর খরচে সেই উপদ্বীপে পঁহুছান গেলে তাহার সঙ্গে কেহ চাকরীর নিমিত্তে করার করিলে সেই করারনামার উপর মাসুলের যত ইষ্টাম্প লাগে, ঐ মুনিবের চাকরীতে ঐ লোককে ভর্ত্তি করিলে যে লেখাপড়া হয় কি যে করারনামা হয় তাহার উপরও মাসুলের তত ইষ্টাম্প লাগিবেক, কিন্তু ঐ মুনিব বিধানমতে যত মজুর পাইতে পারেন, ঐ লোককে ভর্ত্তি করিলে যদি তত লোকের অধিক হয় তবে সেই মাসুল লাগিবেক না ইতি।

[একসেকিটিব কৌন্সেলে শ্রীযুত গবর্ণর সাহেবের বিধান করিবার কথা।]

১৫ ধারা। এই আইনের অভিপ্রায় সফল করিবার জন্যে শ্রীযুত গবর্ণর সাহেব একসেকিটিব কৌন্সেলে সময়ে২ বিধান করিতে পারিবেন ও সময়ে২ সেই বিধান পরিবর্ত্তন করিতে পারিবেন। ও তদ্রূপ সকল বিধান গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে, এই আইনেতে কথায়২ লেখা গেলে যেমন বলবৎ হইত, তেমনি বলবৎ হইবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ বিধান এই আইনের কোন বিধির মর্ম্মের কি অর্থের সঙ্গে অসঙ্গত না হয় ইতি।

[১৮৫৫ সালের ১২ নম্বরের আইন রদ হইবার কথা।]

১৬ ধারা। "কোন লোককে ভারতবর্ষহইতে আপনার খরচে মজুরদিগকে আনাইবার ক্ষমতা দিবার আইন" নামে ১৮৫৫ সালের ১২ আইন ইহাতে রদ হইল। কিন্তু যে মজুরদিগকে ইহারপূর্ব্বে আনা গিয়াছে, ও ভারতবর্ষের যে এজেণ্টীহইতে মজুরদিগকে পাঠান যায় সেই এজেণ্টীতে এই আইনের বিধান জ্ঞাতহওয়া যাইবার পূর্ব্বে, ঐ পূর্ব্বের আইনের বিধানমতে যে সকল মজুরকে ঐ উপদ্বীপে পাঠান গিয়াছে কি জাহাজে উঠাইয়া দেওয়া গিয়াছে তাহারদের সম্পর্কে, ও সেই আইনানুসারে তাহারদের সম্পর্কীয় সকল ক্ষমতার ও উপায়ের বিষয়ে, ঐ আইন বহাল থাকিবেক ইতি।

(চলন হইবার সময়ের কথা।)

১৭ ধারা। এই আইন ১৮৫৮ সালের ২৩ অক্টোবর তারিখঅবধি চলন হইবেক ইতি।

মরিচ উপদ্বীপের পোর্ট লুইতে ১৮৫৮ সালের ২০ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে জারী হইল।

আর ওয়াই কমিন্স।
কৌন্সেলের সেক্রেটারী।

শ্রীলশ্রীযুক্ত গবর্ণর সাহেবের আজ্ঞামতে প্রকাশ করা গেল।

হমফ্রিসাণ্ডুইথ।
কলোনিয়ল সেক্রেটারী।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 9TH APRIL 1859.

The following Bill was read a second time in the Legislative Council of India on the 9th April 1859, and was referred to a Select Committee who are to report thereon after the 13th of July next :—

A Bill to amend Act XIII. of 1856 *(for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.)*

[Preamble.]

WHEREAS it is expedient to amend certain provisions of Act XIII. of 1856 : It is enacted as follows :—

[Sections repealed.]

I. Sections XIII., L., LIX., LXXVI., LXXVIII., and Clause 13 of Section LXXXI. of Act XIII. of 1856 (for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca) are repealed, and the following Sections are substituted in lieu thereof.

[Police Officers taking bribes.]

II. Whoever, being a member of the Police Force or being employed in any Police-Office, asks for or takes any bribe or unauthorized reward, shall be dismissed by order of the Commissioner, and upon conviction before a Magistrate, shall be liable to fine not exceeding five hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding six months.

[CALCUTTA, MADRAS, AND THE STRAITS' SETTLEMENT. Penalty for keeping taverns and places of public entertainment without a license from the Commissioner of Police. (BOMBAY.) Penalty for keeping such house and for retailing spirits in any place without a license.]

III. Whoever in the Towns of Calcutta and Madras, or in any Station of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, has or keeps any hotel, tavern, punch-house, ale-house, arrack or toddy-shop, or place for smoking chandoo or other preparation of opium : or any eating-house, coffee-house, boarding-house, lodging-house, or other place of public resort and entertainment, wherein provisions, liquors, or refreshments of any kind are sold or consumed (whether the same be kept or retailed therein or procured elsewhere), without a license from the Commissioner of Police : and whoever, in the Town of Bombay has or keeps any such hotel, tavern house, shop, or place, or who sells by retail in any place any spirituous or fermented liquors without such license, shall be liable to a fine not exceeding fifty Rupees for every day that such unlicensed house or place is kept open or that such unlicensed sale by retail is continued.

আইনের মুসাবিদা

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৯ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ৯ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি জুলাই মাসের ১৩ তারিখের পর সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিলাঙ্গ ও সিংহপুর ও মলাকা বসতির নানা সদর মোকামের পোলীসের বিধান করিবার আইন নামে ১৮৫৬ সালের ১৩ আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

(হেতুবাদ।)

১৮৫৬ সালের ১৩ আইনের কোন২ বিধান সংশোধন করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[সে২ ধারা রদ হইল তাহার কথা।]

১ ধারা। "কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিলাঙ্গ ও সিংহপুর ও মলাকা বসতির নানা মোকামের পোলীসের বিধান করিবার আইন" নামে ১৮৫৬ সালের ১৩ আইনের ১৩ ও ৫০ ও ৫৯ ও ৭৬ ও ৭৮ ধারা ও ৮১ ধারার ১৩ প্রকরণ ইহাতে রদ করা গেল। ও তাহার পরিবর্ত্তে এই২ ধারা দেওয়া গেল ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরদের ঘুষ লইবার কথা।]

২ ধারা। পোলীসের আমলা হইয়া, কিম্বা কোন পোলীস আফিসে কোন কর্ম্মে ভর্ত্তি হইয়া, কোন লোক যদি কিছু ঘুষ চাহে কি লয়, কিম্বা যাহা লইবার অনুমতি নাই এমত কিছু বক্সীশ চাহে কি লয়, তবে সেই লোক কমিস্যনর সাহেবের হুকুমমতে তগীর হইবেক। ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক, কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা, ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক ইতি।

[কলিকাতায় ও মান্দ্রাজে ও মোহনার বসতি স্থানে পোলীসের কমিস্যনর সাহেবের পাট্টা না পাইয়া পঞ্চ ঘর ও সাধারণ লোকেরদের আহারাদি করিবার ঘর রাখিবার দণ্ড। ও বোম্বাইয়ে পাট্টা না পাইয়া সেই প্রকারের ঘর রাখিবার ও কোন স্থানে শরাব খুজরা বিক্রয় করিবার দণ্ড।]

৩ ধারা। কলিকাতা কি মান্দ্রাজ নগরের মধ্যে কিম্বা পুলুপিলাঙ্গ কি সিংহপুর কি মলাকা বসতি স্থানের কোন মোকামে, কোন হোটেল, কি টাবর্ণ, কি পঞ্চ ঘর, কি এলঘর, কিম্বা আড়ক কি তাড়ির দোকান, কিম্বা চণ্ডু কি আফীনে প্রস্তুত অন্য দ্রব্য তামাকুর মতে খাইবার স্থান, অথবা আহার করিবার কোন ঘর, কি কাফী হৌস' কি আহার শয়নাদির ঘর, কি বাসার ঘর, অথবা সাধারণ লোকেরদের গমনাগমন ও আহারাদি করিবার অন্য যে স্থানে আহারীয় মাংস কি শরাব কিম্বা মিষ্টান্নপ্রভৃতি আহারীয় কোন প্রকারের দ্রব্য বিক্রয় হয় কি খাওয়া যায়, সেই শরাবাদি সেই ঘরে রাখা যাউক কি তাহাতে খুজরা বিক্রয় হউক কি অন্য কোন স্থানহইতে ক্রয় করিয়া আনা যাউক, এমত ঘর পোলীসের কমিস্যনর সাহেবের স্থানে পাট্টা না পাইয়া, যে কোন ব্যক্তির থাকে কিম্বা যে কেহ রাখে সেই ব্যক্তি, ও বোম্বাই নগরের মধ্যে সেই প্রকারের পাট্টা না পাইয়া যে কোন ব্যক্তির সেই প্রকারের কোন হোটেল, কি টাবর্ণ ঘর, কি দোকান, কি স্থান থাকে, কিম্বা যে কেহ তাহা রাখে,

(২৫৯)

কিম্বা যে কেহ সেই প্রকারের পাট্টা না পাইয়া কোন স্থানে কিছু উগ্রশরাব কি গাঁজাধরা শরাব খুজরা বিক্রয় করে, সেই ব্যক্তি পাট্টাবিনা ঐ ঘর কি স্থান যত দিন খোলা রাখে, কিম্বা বিনানুমতিতে সেই খুজরা বিক্রয় যত দিন করিতে থাকে, তাহার দিনপ্রতি, সেই ব্যক্তির পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[সামান্য জুয়া খেলার ঘরের কথা।]

৪ ধারা। কোন ঘর কি কুঠরি কি স্থান সামান্য জুয়াখেলার ঘরের মতে ব্যবহার হইতেছে এমত শোবে হয়, এই কথা যদি কোন ঘরাদির বিষয়ে পোলীসের কমিস্যনর সাহেবের নিকটে জ্ঞাত করা যায়, ও যদি সেই ঘরের মধ্যে, কিম্বা তাহাতে যে কোন লোককে পাওয়া যায় তাহার বস্ত্রাদিতে, কিছু তাস, কি পাশা, কি জুয়া খেলার মেজ, কি ছক, কি তক্তা, কি জুয়া খেলার অন্য দ্রব্য পাওয়া যায়, তবে পোলীসের কর্ম্মকারক কিম্বা তাহার সহায় কোন লোক কোন খেলা হইতে না দেখিলেও যাবৎ অন্যরূপ প্রমাণ না হয় তাবৎ ঐ তাসপ্রভৃতি সেই স্থানে পাওয়া গেল বলিয়া ঐ ঘর কি কুঠরি কি স্থান সামান্য জুয়া খেলার ঘরের মতে ব্যবহার হইতেছে ও যে লোকেরদিগকে ঐ স্থানে পাওয়া গেল তাহারা জুয়া খেলার নিমিত্তে সেই স্থানে ছিল ইহার প্রমাণ হইবেক ইতি।

[অনুপযুক্ত বাটখারা ও গজপ্রতি মাপিবার দ্রব্য ক্রোক করিবার জন্যে দোকানে প্রবেশ করিতে ইন্‌স্পেক্টরপ্রভৃতির ক্ষমতার কথা।]

৫ ধারা। পোলীসের কোন ইন্‌স্পেক্টর কিম্বা উপরিস্থ অন্য কার্য্যকারক কোন দোকানে কি বাড়িতে রাখা কি ব্যবহারকরা বাটখারা ও মাপিবার গজপ্রভৃতি ও ওজন করিবার যন্ত্র দেখিয়া লইবার জন্যে সেই দোকানে কি বাড়িতে প্রবেশ করিতে পারিবেন, ও যে কোন বাটখারা কি গজপ্রভৃতি কি ওজন করিবার যন্ত্র অনুপযুক্ত বোধ করিবার কারণ জানেন তাহা তিনি ক্রোক করিতে পারিবেন ইতি।

[কলিকাতায় ও সমুদ্রের মোহনার বসতি স্থানের বন্দরে চড়নদার লইবার নৌকা রেজিষ্টর হইবার কথা।]

৬ ধারা। পোলীসের দফ্তরখানায় উপযুক্তমতে রেজিষ্টরী না হইলে, কোন নৌকা কলিকাতার বন্দরে কিম্বা উক্ত বসতিস্থানের কোন বন্দরে, চড়নদারদিগকে লইবার জন্যে যাওয়া আসা করিবেক না। রেজিষ্টরী বহীতে এই২ কথা লিখিতে হইবেক।

প্রথম। নৌকার নম্বর।

দ্বিতীয়। স্বামির ও মাজির নাম ও বাসস্থান।

তৃতীয়। দাঁড়িমাজি যত জন থাকে।

চতুর্থ। নৌকাতে যত লোককে লইয়া যাইবার অনুমতি হয়।

[রেজিষ্টরী করণের কথা।]

ঐ রেজিষ্টরী এক বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবেক। ইতিমধ্যে স্বামির কি মাজির যতবার পরিবর্ত্তন হয় তাহার কথা তাহাতে লেখা যাইবেক। রেজিষ্টরী করিবার সময়ে এক টাকা রসুম দিতে হইবেক।

[স্বামির কি মাজির নাম, ও নম্বরপ্রভৃতি রঙ্গ দিয়া লেখা যাইবার কথা।]

ঐ নৌকার রেজিষ্টরীকরা নম্বর, ও দাঁড়িমাজি যত জন থাকে ও যত জন চড়নদারকে তাহাতে লইবার অনুমতি হয় এই সকল কথা সেই প্রকারের রেজিষ্টরীকরা প্রত্যেক নৌকার স্বামী কি মাজি ইঙ্গরেজী ও দেশীয় ভাষাতে ঐ নৌকার কোন প্রকাশ্য স্থানে রঙ্গ দিয়া লেখাইবেক।

[Common gaming-houses.]

IV. When any cards, dice, gaming-table or cloth, board, or other instruments of gaming, which are found in any house, room, or place, of which information has been given on oath to the Commissioner of Police that it is suspected of being used as a common gaming-house, or about the person of any of those who are found therein, it shall be evidence, until the contrary is made to appear, that such house, room, or place is used as a common gaming-house, and that the persons found therein were there present for the purpose of gaming, although no play was actually seen by the Police Officer, or any of his assistants.

[Powers of Inspector, &c., to enter shops to seize false weights and measures.]

V. Any Inspector or superior Officer of Police may enter any shop or premises for the purpose of inspecting the weights and measures and instruments for weighing, kept or used therein, and may seize any weight, measure, or instrument for weighing which he may have reason to believe is false.

[In Calcutta and the Ports of the Straits' Settlement, passenger boats to be registered.]

VI. No boat shall ply for passengers in the Port of Calcutta, or in any of the Ports of the said Settlement, unless duly registered at the Police Office. The following particulars shall be entered in the Register.

First.—Number of the boat.

Second.—Name and residence of the owner, and of the manjee.

Third.—Number of the crew.

Fourth.—Number of persons the boat is permitted to carry.

[Registration.]

The registration shall be in force for one year; and every change of the owner or manjee within that time shall be therein noted. A fee of one Rupee shall be paid on registration.

[Name of owner or manjee, number, &c. to be painted.]

The owner or manjee of every such registered boat shall cause to be painted on a conspicuous part of it, in the English and Vernacular languages, the registered number thereof, the number of the crew, and the number of passengers permitted to be carried.

[*Government Gazette*, 19*th April*, 1859.]

[Penalty]

The owner or manjee of a boat plying for passengers without being duly registered, or carrying more passengers, or with a less crew, than is stated in the register, or not having the prescribed particulars painted on it, shall be liable to a fine not exceeding fifty Rupees

[Discharging fire-arms, fire-works, &c.]

VII. Whoever sets fire to, or burns any straw or other matter, or lights any bon-fire, or wantonly discharges any fire-arm, or air-gun, or lets off or throws any fire-work, or sends up any fire-balloon, in or near any public street, road, or thoroughfare, except at such times and places as shall be from time to time allowed by the Commissioner of Police, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[Construction]

VIII. This Act shall be read with and taken as part of the said Act XIII. of 1856.

W. Morgan,
Clerk of the Council.

[দণ্ডের কথা।]

যদি কোন নৌকা উপযুক্তমতে রেজিষ্টরী না হইয়া চানদারেদের নিমিত্তে আসাযাওয়া করে, কিম্বা রেজিষ্টরী বহীতে যত জন চড়নদারকে লইতে পারিবার কথা লেখা আছে তাহার অধিক লয়, কিম্বা যত জন দাঁড়িমাজি লেখা আছে তাহার কম লোক লয়, কিম্বা যদি ঐ নির্দ্দিষ্ট কথা রঙ্গ দিয়া লেখা না যায়, তবে সেই নৌকার স্বামির কি মাজির পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[বন্দুকপ্রভৃতি ও আতশবাজীপ্রভৃতি ছুড়িবার কথা।]

৭ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব সময়ে২ যে স্থানের কি সময়ের অনুমতি করেন, সেই২ স্থান কি সময় ছাড়া, অন্য কোন স্থানে কি সময়ে, যদি কোন লোক কোন সরকারী রাস্তায় কি পথে কি দুই রাস্তার মধ্যে সকল লোকের যাইবার পথে, কি তাহার নিকটে, কিছু খড় কি অন্য দ্রব্য জ্বালায় কি পোড়ায়, কি বড় আগুন করে, কিম্বা কৌতুকে কোন বন্দুকপ্রভৃতি কি বারুতে পুরা কোন বন্দুক ছুড়ে কি আতসবাজী ছুড়ে কি ফেলে, কিম্বা কোন আগুনের বেলুন উড়ায়, তবে তাহার বিশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[অর্থ করিবার কথা।]

৮ ধারা। এই আইন ১৮৫৬ সালের ১৩ আইনের সঙ্গে ও তাহার এক অংশ বলিয়া পড়িতে হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 993.

To the Collector of Land Revenue, Lower Provinces.

Under orders of the Government of India in the Financial Department I have the honor to request in modification of the Circular Instructions of this Office of the 4th ultimo No. 957 that in future you will withhold advances of money to Officers of the Telegraph Department except upon sanctioned Estimates or applications duly countersigned by the Superintendent of Electric Telegraph in India.

(Signed) R. P. Harrison,
Offg. Accnt. to the Govt. of Bengal.
Fort William,
Office of the Accts., to the Govt. of Bengal,
The 14th March 1859.

No. 994.

To the Collector of Land Revenue, Lower Provinces.

The Accountant in the North Western Provinces having intimated to this Office that there is no Civil Treasury at Nowgong in those Provinces, I have the honor to advise you of the fact for your information and guidance.

(Signed) R. P. Harrison,
Offg. Accnt. to the Govt. of Bengal.
Fort William,
Office of Accts., Govt. of Bengal,
The 16th March, 1859.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৯২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের আজ্ঞাক্রমে আমার এই আদেশ হইতেছে। এই দফ্তরখানার গত মাসের ৩ তারিখের ২৮৭ নম্বরের সরক্যুলর অর্ডর মতান্তর করিয়া, তুমি মঞ্জুর করা ইষ্টিমেট না পাইলে কিম্বা ভারতবর্ষের ইলেকট্রিক টেলিগ্রাফের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিয়মিতরূপে আড়সহী করা দরখাস্ত না পাইলে, টেলিগ্রাফ ডিপার্টমেণ্টের কার্য্যকারকদিগকে কিছু টাকা ইহার পরে আগাম না দেও।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ১৪ মার্চ।

৯২৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

উত্তরপশ্চিম দেশের নওগাঁয়ে দেওয়ানী কোন খাজানাখানা নাই এই কথা উত্তরপশ্চিম দেশের আক্কৌণ্টেণ্ট সাহেব এই দফ্তরখানায় জানাইয়াছেন। অতএব তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে তোমাকে সেই কথা জানাই।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ১৬ মার্চ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৯ আপ্রিল।]

No. 1574.

EXTRACT from the Proceedings of the Government of India, in the Financial Department, under date the 8th March 1859.

No. 826.

Bombay Castle. Accountant General's Office, Loan Branch, the 14th February 1859.

MEMORANDUM.

Receipts can only be obtained from the Indian Post Offices for letters on which a registry fee is paid. The packets containing Government securities from the Head Loan Office in Calcutta do not appear to be registered; but in the absence of a permanent ordinary clerk in the Loan Office at Bombay who can make, and testify to, a clear unmistakable entry in the Office Post Book of the packets which are made up under the eye of the Chief clerk or assistant, and also be spared from other duties to deliver the said packets at the Post Office, all packets containing securities, and any particular letters which require replies, will be registered from this date. If the registry fees exceed what the Office contingent allowance will bear, a bill can be submitted to Government from time to time for sanction. The Post Office receipts will be kept on a file in the tin-box in which the Chief clerk keeps papers for disposal, and as the packets or letters are acknowledged, the receipts will be taken off the file, and pasted on the letters to which they refer.

EXTRACT from a letter from the Secretary to the Government of India, in the Financial Department, to the Acting Secretary to the Government of Bombay, No. 1572, dated the 8th March 1859.

Para. 6. The Governor General in Council approves of the orders contained in the memorandum of the Accountant General at Bombay, dated the 14th ultimo, introducing the practice of registering letters enclosing Government Promissory Notes and Loan Acknowledgments, forwarded from his Office through the Post Office, and he has been pleased to direct that the same practice shall be observed by all public officers in India whose duty it is to forward Government Promissory Notes and Loan Acknowledgments through the Post Office.

Copy of the above forwarded to for information and guidance.

(Signed) E. Drummond,
Accountant General.

Fort William:

Loan Office, the 23rd March 1859.

[*Government Gazette*, 19th *April*, 1859.]

১৫৭৪ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮২৯ সালের ৮ মার্চ তারিখের কার্য্য বিবরণহইতে গৃহীত কথা।

৮২৬ নম্বর।

বোম্বাইয়ের গড়। আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের দফ্তরখানার লোন ডিপার্টমেণ্ট। ১৮৫৯ সাল ১৪ ফেব্রুআরি।

মন্তব্য কথা।

যে২ পত্রের উপর রেজিষ্টরী করিবার মাসুল দেওয়া গিয়াছে তাহার রসীদ কেবল ভারতবর্ষের ডাক ঘরে পাওয়া যাইতে পারে। কলিকাতার প্রধান লোন আফিসহইতে গবর্ণমেণ্টের নিদর্শন পত্রের যে পুলিন্দা চালান হইয়া থাকে তাহা বোধ হয় রেজীষ্টরী হয় নাই। কিন্তু বোম্বাইয়ে প্রধান ক্লার্কের কি আসিষ্টাণ্টের নিজ তত্ত্বাবধারণক্রমে যে পুলিন্দা বাঁধা যায় তাহা স্পষ্টরূপে ও বিনাভুলে দফ্তরখানার ডাক বহীতে লিখিতে পারেন ও তাহাতে দস্তখৎ করিতে পারেন ও অন্য কর্ম্মহইতে অবকাশ পাইয়া সেই সকল পুলিন্দা ডাকঘরে দিতে পারেন এমত কোন সাধারণ কেরাণী বোম্বাইয়ের লোন আফিসে চিরকালীনরূপে নিযুক্ত না থাকাতে, যাহাতে নিদর্শনপত্র থাকে এমত সকল পুলিন্দা ও বিশেষ যে সকল পত্রের উত্তর পাওয়া প্রয়োজন তাহা অদ্যকার তারিখঅবধি রেজিষ্টরী করা যাইবেক। দফ্তরখানার উপরি খরচের টাকাতে যদি ঐ রেজিষ্টরী করিবার মাসুল না কুলায়, তবে গবর্ণমেণ্টহইতে মঞ্জুর হইবার নিমিত্তে এক২ খান বিল সময়ে২ দেওয়া যাইতে পারিবেক। প্রধান ক্লার্ক সাহেব বিলি করিবার কাগজপত্র যে টিনের বাক্সে রাখেন, তাহাতে ঐ ডাকঘরের সকল রসীদ নথী করিয়া রাখা যাইবেক, ও উক্ত প্রকারের পুলিন্দা কি পত্র পঁহুছিয়াছে এই মর্ম্মের পত্র যখন পাওয়া যায়, তখন ঐ রসীদ নথীহইতে বাহির করিয়া সেই পত্রেতে লেই দিয়া লাগান যাইবেক।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের নামে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের সেক্রেটারী সাহেব ১৮২৯ সালের ৮ মার্চ তারিখের ১৫৭২ নম্বরের যে পত্র পাঠান্ তাহাহইতে গৃহীত কথা।

৬ দফা। বোম্বাইয়ের আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের গত মাসের ১৪ তারিখের মন্তব্য কথাতে, গবর্ণমেণ্টের প্রমিসরি নোট ও লোনের রসীদ তাঁহার দফ্তরখানাহইতে পত্রেতে দিয়া চালান হইলে সেই সকল পত্র রেজিষ্টরী করা যাইবেক, এমত নিয়ম করিয়াছেন। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর তাঁহার সেই নিয়মে সম্মত হইয়া এইআজ্ঞা করিয়াছেন যে, গবর্ণমেণ্টের প্রমিসরি নোট ও লোনের রসীদ ভারতবর্ষের সরকারী যে সকল কার্য্যকারক সাহেবের ডাকযোগে চালান করিতে হয়, তাঁহারাও সেই নিয়মমতে কার্য্য করেন।

উক্ত হুকুমের এক কেতা নকল অমুকের অবগত হইবার জন্যে ও তাঁহার উপদেশের নিমিত্তে পাঠান যাইতেছে।

ই ড্রমণ্ড।
আক্কৌণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম।
লোন আফিস।
১৮৫৯ সাল ২৩ মার্চ।

No. 995.

Forwarded to the Collectors of Land Revenue, Lower Provinces.

(Signed) R. P. HARRISON,
Offg. Accts. Govt. of Bengal.

The Bengal Accountant's Office,
The 28th March 1859.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 6.

To the Civil Authorities in the Extra-Regulation Provinces.

I am directed by the Court to forward to you for future observance the accompanying Copy of a rule, fixing, with the sanction of Government, 30 days as the uniform limit within which appeals are to be admitted in the local Appellate Civil Courts in all the Non-Regulation Provinces.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 26th February 1859.

(COPY,)

Resolution of the Presidency Court of Sudder Dewanny Adawlut, under date the 26th February, 1859.

PRESENT:

H. T. RAIKES, B. J. COLVIN, J. H. PATTON, and A. SCONCE, *Esqrs., Judges*, and C. B. TREVOR, *Esq., Offg. Judge.*

The Court, with the approval of the Government, fix 30 days as the uniform limit within which appeals are to be admitted in the local Appellate Civil Courts in all the Non-Regulation Provinces, the term being calculated from the date on which an attested copy of the decision appealed from is delivered to, or certified to be ready for delivery to the parties or their pleaders, and the petition of appeal so made being complete in itself, provided always that an appeal may be received after the period specified, if the appellant can shew that circumstances beyond his control prevented an earlier application.

ORDERED:

That a copy of this Resolution be forwarded to each Judge of the Court, and that it be translated and hung up in the Court-house, for general information, and that copies be also communicated to the Deputy Register and Serishtadar, and that copies be also transmitted to the authorities in the Extra-Regulation Provinces for their information and guidance.

(Signed) A. W. RUSSELL,
Register.

(True Copy,)
R. STUART,
Assistant Register.

৯৯৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের সকল কালেক্টর সাহেবের নিকটে পাঠান গেল।

আর পি হারিসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকৌণ্টেণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

১৮৫৯ সাল ২৮ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানী সকল আপীল আদালতে, আপীল গ্রাহ্য করিবার ত্রিশ দিনের একি মিয়াদ গবর্ণমেণ্টের সম্মতিক্রমে নির্দ্ধার্য্য হইয়াছে। সেই বিধি তোমার মানিবার জন্যে তাহার এই নকল সদর আদালতের হুকুমমতে পাঠাইতেছি।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ২৬ ফেব্রুআরি।

নকল।

সদর দেওয়ানী আদালতের ১৮৫৯ সালের ২৫ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণ।

জজ শ্রীযুত এচ টি রেকস সাহেব ও শ্রীযুত বি জে কলবিন সাহেব ও শ্রীযুত জে এচ পাটন সাহেব ও শ্রীযুত এ স্কন্স সাহেব ও একটিং জজ শ্রীযুত সি বি ট্রেবর সাহেব উপস্থিত ছিলেন।

গবর্ণমেণ্টের সম্মতিক্রমে সদর আদালতের সাহেবেরা আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানী সকল আপীল আদালতে আপীল গ্রাহ্য করিবার ত্রিশ দিনের একি মিয়াদ নির্দ্ধার্য্য করিয়াছেন। যে নিষ্পত্তির উপর আপীল হয় তাহার দস্তখৎকরা নকল যে তারিখে উভয় পক্ষকে কি তাহারদের উকীলদিগকে দেওয়া যায়, কিম্বা দিবার নিমিত্তে প্রস্তুত আছে এই কথার সর্টিফিকট যে তারিখে লেখা যায়, সেই তারিখঅবধি ঐ মিয়াদ গণিতে হইবেক, ও সেই প্রকারে যে আপীল হয় তাহার দরখাস্ত সম্পূর্ণরূপে লিখিতে হইবেক। কিন্তু আপেলাণ্টের অনিবার্য্য কোন কারণে ঐ মিয়াদের মধ্যে দরখাস্ত দাখিল করিতে পারে নাই, ইহা যদি দর্শাইতে পারে, তবে সেই মিয়াদের পরেও আপীল সর্ব্বদাই গ্রাহ্য হইতে পারিবেক।

হুকুম হইল যে

এই নির্দ্ধারণের এক২ কেতা নকল আদালতের এক২ জন জজ সাহেবের নিকটে পাঠান যায়, ও তাহা তরজমা হইয়া সকল লোকের জানিবার জন্যে আদালত ঘরে লটকাইয়া দেওয়া যায়, ও তাহার এক২ কেতা নকল ডেপুটী রেজিষ্টর সাহেবকে ও সিরিশ্তাদারকে দেওয়া যায়, ও আইনবহির্ভূত প্রদেশের কার্য্যকারক সাহেবেরদের জানিবার জন্যে ও তাঁহারদের উপদেশের নিমিত্তে তাঁহারদের নিকটেও এক২ কেতা নকল পাঠান যায়।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

(যথার্থ নকল।)
আর স্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 16th April, 1859.

Baboo Ramturuk Roy, Moonsiff of Culna, Zillah East Burdwan, from the 17th instant, to the 11th proximo, under Section 9.

A. W. RUSSELL, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

১৬৯৯ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ৮ মার্চ।

শ্রীযুত জে মনরো সাহেব (Mr. J. Munro,) ও শ্রীযুত মৌলবী সৈয়দ আবদল্লা ফরিদপুরে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant,) ত্রিহুতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ১০ মার্চ।

শ্রীযুত এচ এফ জে কিন্ সাহেব (Mr. H. F. J. Kean,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৯ সাল ১১ মার্চ।

শ্রীযুত জি ও রে সাহেব (Mr. G. O. Wray,) কলিকাতার ছোট আদালতের এক জন জজ হইবেন।

বাঙ্গলা দেশের সাপর ও মৈনর পল্টনের নিম্নের লিখিত সৈন্যেরা সাধারণ কার্য্যের ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৯ নম্বরী গত মাসের ৩ তারিখের বিজ্ঞাপনমতে বাঙ্গলা দেশে প্রবিশনরী আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক নিযুক্ত হইয়া নিম্নে লিখিত এলাকায় ভুক্ত হইবেন।

জন রায়ন, জন গিবলিন } বারাকপুরের এলাকা।

মাইকেল গ্রিফিথস বহরমপুর এলাকা।
জন হজসন ফোর্ট উলিয়ম কিল্লা।
উলিয়ম ডেলাবে উত্তরপশ্চিম দেশে যাইবার বড় রাস্তার দ্বিতীয় অংশে।

ছুটী।

১৮৫৯ সাল ৯ মার্চ।

নওয়াখালীর সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী আনওয়ার আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এগার দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১০ মার্চ।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ও টুগুড সাহেব (Mr. O. Toogood,) ১৮২৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপনক্রমে প্রস্তুত হওনার্থ এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১১ মার্চ।

যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে যে দিনে ছুটী লইবেন সেই দিনঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ১২ মার্চ।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. R. Lawford,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল সেই ৯ তারিখঅবধি রহিত হইয়াছে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৯ সাল ১৬ আপ্রিল।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কালনার মুনসেফ শ্রীযুত বাবু রামতারক রায় ৯ ধারামতে বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি আগামি মাসের ১১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নং ২৫৭।

ইশ্তেহার।

১ দফা। উড়িষ্যা প্রদেশের মধ্য এবং দক্ষিণ এজেন্সীহইতে মোং মালিখার সরকারী গোলায় লবণ ঢোলাই করিবার জন্যে টেণ্ডরের দরখাস্ত আগামি ১৭ মে তারিখের বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় লওয়া যাইবেক।

২ দফা। এই টেণ্ডরের দরখাস্ত সকল নিয়মিত ফারম মত দাখিল করিতে হইবেক তাহার ফারম এই দপ্তরখানায় দরখাস্ত করিলে পাওয়া যাইবেক।

৩ দফা। নীচের লিখিত প্রত্যেক২ প্রদেশহইতে লবণ রওয়ানা করিবার নিমিত্ত পৃথক্২ কানট্রাক্ট করিতে হইবেক ঐ প্রদেশ সকলের নাম এই কটক প্রদেশের মধ্য স্থল হাসুয়ার গোলা এবং দক্ষিণ অর্থাৎ পুরী এজেন্সী মধ্যে আস্রাঙ্গ আড়ঙ্গ এবং চিলকার সমুদ্রীয় হ্রদ।

৪ দফা। যে সকল ব্যক্তি দরখাস্ত করিবেক তাহারদিগকে সাহেবান রিবিনিউ বোর্ডের এবং কটক দেশের কমিস্যনর সাহেবের খাতিরজমা করিয়া দিতে হইবেক যে যত নেমকের জন্য কানট্রাক্টের প্রার্থনা রাখে তাহা সমুদয় নেমক ঢোলাইয়ের সমস্থান আছে এ প্রযুক্ত প্রত্যেক দরখাস্তকারিকে আপন দরখাস্তের সহিত যে সকল সুলুপ ঢোলাইয়ের জন্য নিযুক্ত করিতে চাহে তাহার ইসমওয়ারি ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

৫ দফা। প্রত্যেক বৎসর হাসুয়ার গোলাহইতে ১০০০০০/ মোন নেমকের অধিক ঢোলাই হইবার সম্ভাবনা নাই আস্রাঙ্গ আড়ঙ্গহইতে আন্দাজ ৮০০০০/ মোন নেমক আগামি বৎসর ঢোলাই হইতে পারে এবং চিলকিয়ার আড়ঙ্গহইতে আন্দাজ ৩২০০০০ মোন। প্রত্যেক প্রদেশহইতে যত মোন নেমক ঢোলাই করিবার জন্য সুলুপ আবশ্যক হইবে তাহা সমুদয় নেমকের জন্য কিম্বা ঐ নেমকের নিকি ভাগের ন্যূন না হয় এমত অংশের জন্য দরখাস্ত দাখিল করিতে পারিবেক।

[*Government Gazette, 19th April,* 1859.]

৬ দফা। কানট্রাক্টদারান যে পরিমাণ নেমকের নিমিত্তে কানট্রাক্ট নির্দ্দিষ্ট হইবেক সেই পরিমাণ নেমক ইস্তক অক্টোবর মাসের আখেরি কটাল লাগাদ ফেব্রুআরি মাসের শেষ এই মেয়াদের মধ্যে তোলাই করিতে কবুলতি দিবেক।

৭ দফা। যে২ ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহারদিগকে আপন আপন কানট্রাক্টের কর্ম্ম সুচারুরূপে আঞ্জামের জন্য গবর্ণমেণ্ট প্রমীস্বরী নোট অথবা অন্য অপরিহার্য্য মাতবর জামিনী দাখিল করিতে হইবেক।

৮ দফা। বোর্ডের এমত এক্তিয়ার থাকিল যে কোন কারণ না দর্শাইয়া কোন ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত নামঞ্জুর করিতে পারেন।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ।

ফোর্ট উলিয়ম। সন ১৮৫৯ সাল তারিখ ১৫ মার্চ।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা হুগলী।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সর্ব্ব দেওয়া যাইতেছে যে জিলা হুগলির নীচের লিখিত জায়দাদ সকল চলিত আইন ও আক্টের দ্বারায় অন্য যে যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৯ সালের আপ্রিল মাসের ২৯ তারিখে মোতাবক বাঙ্গলা সন ১২৬৬ সালের বৈশাখ মাসের ১৭ তারিখ শুক্রবার ঐ জিলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৯ সাল তারিখ ৮ আপ্রিল।

কেলায় ৬ বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয়হওয়া বস্তু সকল।

বালিগড়ি পরগনার ভেঘরি গ্রামের দক্ষিণ চৌধুরীনামক পুষ্করিণী মায়পাহাড় এজহারি লাখরাজ আন্দাজি ৬/ বিঘার রকম ॥০ আনার কাত ৩/ বিঘায় ও ঐ পুষ্করিণীর পাহাড়ের ছোট বড় তালগাছ ৫০ টা ও আগাছা আন্দাজি ৪০ টা একুনে ৯০ টার রকম ॥০ আনার কাত ৪৫ টায় কৈলাশচন্দ্র রায়ের যে স্বত্ব আছে।

ঐ পরগনার মোহনবাটী গ্রামের দক্ষিণ খরিদা এজহারি লাখরাজ কুণ্ডুপুষ্করিণী মায়পাহাড় আন্দাজি ৫/ বিঘার রকম ॥০ আনার কাত ২॥০ বিঘায় ও ঐ পুষ্করিণীর পাহাড়ে তালের গাছ ১১০ টার রকম ॥০ আনার কাত ৫৫ টায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামের পূর্ব্ব মাটে এজহারি খরিদা লাখরাজ ১॥০ বিঘার রকম ॥০ আনার কাত ৮০ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে কালীচরণ ঘোষের দরুণ খরিদা এজহারি লাখরাজ ঠাকুরদাস তাঁতির বসতি ভিটা ৮০ কাঠার রকম ॥০ আনার কাত ।২॥ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে কিনু ঘোষের দরুণ খরিদা এজহারি লাখরাজ গোকুলচন্দ্র পালের বসতি দরুণ বাস্তু জমি আন্দাজি ১॥০ বিঘার রকম ॥০ আনার কাত ৮০ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে ঐ জমির দক্ষিণ সন্ন্যাসির বাড়িনামক এজহারি লাখরাজ আন্দাজি ১॥০ বিঘার রকম ॥০ আনার কাত ৮০ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামের পূর্ব্বমাঠে বৃন্দাবন রায়ের পুষ্করিণীর উত্তর বিশ্বনাথ রায়ের দরুণ খরিদা এজহারি লাখরাজ আন্দাজি ২॥০ বিঘার রকম ॥০ আনার ১।০ বিঘায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে আমিরদ্দী মুনশীর পুষ্করিণীর পূর্ব্ব এজহারি লাখরাজ জমি আন্দাজি ॥১ কাঠার রকম ॥ আনার কাত ।০॥ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ পরগনার ভেঘরি গ্রামের দক্ষিণ চৌধুরীনামক পুষ্করিণী মায়পাহাড় এজহারি লাখরাজ জমি আন্দাজি ৬/ বিঘার রকম ॥০ আনার কাত ৩/ বিঘায় ও ঐ পুষ্করিণীর পাহাড়ের ছোটবড় তালের গাছ ৫০ টা ও আগাছা আন্দাজি ৪০ টা একুনে ৯০ টার রকম ॥০ আনার কাত ৪৫ টা উমানচন্দ্র রায়ের যে স্বত্ব আছে।

ঐ পরগনার মোহনবাটী গ্রামের দক্ষিণ এজহারী খরিদা লাখরাজ কুণ্ডপুষ্করিণী মায়পাহাড় আন্দাজি ৫/ বিঘার রকম ॥০ আনার কাত ২॥০ বিঘার ও ঐ পুষ্করিণীর পাহাড়ে তালের গাছ ১১০ টার রকম ॥০ আনার কাত ৫৫ টায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে পূর্ব্ব মাঠে এজহারি খরিদা লাখরাজ ১॥০ বিঘা জমির রকম ॥০ আনার কাত ৮০ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে কালীচরণ ঘোষের দরুণ খরিদা এজহারি লাখরাজ ঠাকুরদাস তাঁতির বসতি ভিটা জমি আন্দাজি ৮০ কাঠার রকম ॥০ আনার কাত ।২॥ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে কিনু ঘোষের দরুণ খরিদা এজহারি লাখরাজ গোকুলচন্দ্র পালের বসতি দরুণ বাস্তু জমি আন্দাজি ১॥০ বিঘার রকম ॥০ আনার কাত ৮০ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে ঐ জমির দক্ষিণ সন্ন্যাসির বাড়িনামক এজহারি লাখরাজ জমি আন্দাজি ১॥০ বিঘার রকম ॥০ আনার কাত ৮০ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামের পূর্ব্ব মাঠে বৃন্দাবন রায়ের পুষ্করিণীর উত্তর বিশ্বনাথ রায়ের দরুণ খরিদা এজহারি লাখরাজ আন্দাজি ২॥০ বিঘার রকম ॥০ আনার কাত ১।০ বিঘায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

ঐ গ্রামে আমিরদ্দী মুনশির পুষ্করিণীর পূর্ব্ব এজহারি লাখরাজ জমি আন্দাজি ॥১ কাঠার রকম ॥০ আনার কাত ।০॥ কাঠায় ঐ রায়ের যে স্বত্ব আছে।

J. W. BUCKLE, *Collector.*

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৯ আপ্রিল।)

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 26, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২৬ আপ্রিল।

HOME DEPARTMENT.

No. 707.

Fort William, 4th April, 1859.

[Continued from page 257.]

PROCLAMATION.

In the Name of Her Majesty VICTORIA, of the United Kingdom of Great Britain and Ireland, QUEEN, &c., &c., &c.

W. STEVENSON, *Esquire, Governor and Commander-in-Chief in and over the Island of Mauritius and its Dependencies,* &c., &c., &c.

WHEREAS by Ordinance No. 30 of 1858, entitled "An Ordinance to legalize Contracts of Service made in India, and to authorize Government to allot newly arrived Immigrants," the Governor in Executive Council is authorized from time to time to make Regulations for carrying out the purposes of the said Ordinance; and whereas it is necessary to make such Regulations;

In virtue, therefore, of the powers conferred by the aforesaid Ordinance:

I do hereby, in Executive Council, order and proclaim as follows:—

REGULATIONS.

I.

ENGAGEMENT OF IMMIGRANTS IN INDIA.

1. Every person desiring to engage Immigrants in India, under the provisions of the said Ordinance shall deposit with the Protector of Immigrants in Mauritius a requisition (as nearly as may be in the Form A) specifying the number of Immigrants required by him,—in what District in Mauritius, and for what kind of service or labor they shall be required, the Presidency of India from which he wishes them to be sent, and whether he is willing to give

দেশীয় ডিপার্টমেণ্ট।

৭০৭ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৪ আপ্রিল।

[১৫৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ঘোষণা পত্র।

গ্রেটব্রিটন ও ঐরলাণ্ড সংযুক্ত রাজ্যের মহারাণী-প্রভৃতি শ্রীশ্রীমতী বিক্টরিয়ার নামে।

মরিচ উপদ্বীপ ও তাহার অধীন স্থানের গবরুনর ও প্রধান সেনাপতি শ্রীলশ্রীযুক্ত উলিয়ম ষ্টিবনসন সাহেবকর্ত্তৃক। ডবলিউ ষ্টিবনসন।

মরিচ উপদ্বীপে চাকরী করিবার যে করার ভারতবর্ষেতে করা যায় তাহা আইনসিদ্ধ করিবার ও যে লোকেরা নূতন পঁহুছে তাহারদিগকে কর্ম্মে ভর্ত্তি করিয়া দিতে গবর্ণমেণ্টের ক্ষমতা হইবার আইন নামে, ১৮৫৮ সালের ৩০ আইনঅনুসারে, ঐ আইনের অভিপ্রায় সফল করিবার বিধান একসেকিটিব কৌন্সেলে সময়২ করিবার ক্ষমতা শ্রীযুত গবরুনর সাহেবকে দেওয়া গিয়াছে, ও সেই প্রকারের বিধান করা আবশ্যক,

এই২ কারণে উক্ত আইনানুসারে যে ক্ষমতা দেওয়া গেল সেই ক্ষমতামতে,

আমি একসেকিটিব কৌন্সেলে এই২ হুকুম ও ঘোষণা করি।

বিধান।

১।

ভারতবর্ষেতে মজুরপ্রভৃতির সঙ্গে করার করিবার বিধান।

১ দফা। যদি কোন লোক উক্ত আইনের বিধিমতে ভারতবর্ষেতে কোন মজুরপ্রভৃতির সঙ্গে করার করিয়া মরিচ উপদ্বীপে আনাইতে চাহেন, তবে মরিচ উপদ্বীপে যে মজুরপ্রভৃতি আইসে তাহারদের রক্ষক সাহেবের নিকটে, তিনি A চিহ্নিত পাঠের লিখনমতে সাধারূপে অবিকল এক আদেশপত্র লিখিয়া, দাখিল করিবেন। তাহাতে যত জন মজুরপ্রভৃতিকে চাহেন, ও মরিচ উপদ্বীপের যে জিলা তে তাহারদের কর্ম্ম করিতে হইবেক, ও যে প্রকারের চাকরী কি কর্ম্ম করিতে হই-

wages and allowances on the Government scale for the time being, or any other and what wages and allowances.

Every such requisition shall be available for the period of fifteen calendar months to be calculated from its date.

II. Every such requisition may at any time be withdrawn by the party who shall have made it, by written notice left with the Protector of Immigrants; and such withdrawal shall be intimated by the Protector to the Emigration Agent at the Presidency from which the Immigrants shall be required.

But in such case the requisition shall remain in full effect so far as regards any action that shall have taken place upon it before notice of such withdrawal was received by the said Emigration Agent.

III. The party making such requisition shall also give security to the Protector by bond, with one surety (as nearly as may be in the Form B) for payment of the passage money and other expenses of the Immigrants to be engaged under his requisition.

The Protector may refuse to deliver any Immigrant to his intended employer, until the said payment shall have been made.

In these expenses no charge shall be made on account of Quarantine, if incurred on account of the said Immigrants; but the same shall in all cases be borne by Government.

IV. As soon as possible after the said requisition and bond shall have been deposited with the Protector of Immigrants, that Officer shall transmit a certified copy of the requisition to the Emigration Agent for Mauritius at the Presidency from which the Immigrants are required, with instructions to forward the subject of the requisition with all convenient speed.

The Protector shall at the same time transmit to such Emigration Agent the name and description of any Special Agent who may have been selected by the Requisitionist, and whom the Protector shall not have rejected for that duty.

V. In all cases where a Licensed Special Agent is not employed, the recruiting for Immigrants to be engaged in India shall be conducted only by Recruiting Agents employed and paid by the Government of Mauritius.

VI. Special Agents for employers in Mauritius may recruit Immigrants for their principals who

হেক, ও ভারতবর্ষের যে রাজধানীর লোকদে চাহেন, ও গবর্ণমেণ্টের নিরিখে তাহারদের যত বেতন ও উপরি খরচ যে সময়ে ধার্য্য হয় সেই হিসাবমতে, কিম্বা অন্য কোন হিসাবমতে দিতে চাহেন, ও যত বেতন ও খরচ দিতে চাহেন, এই সকল কথা লিখিবেন।

এমত যে কোন আদেশপত্র যে তারিখে দেওয়া যায় সেই তারিখঅবধি গণিয়া তাহা ইঙ্গরেজী হিসাবমতের পনের মাসপর্য্যন্ত বহাল থাকিবেক।

২ দফা। সেই প্রকারের আদেশ যিনি করেন, তিনি চাহিলে মজুরপ্রভৃতির রক্ষক সাহেবকে লিখিয়া মিয়াদ দিয়া ঐ আদেশ বাতিল করিতে পারিবেন। ও সেই রক্ষক সাহেব, ঐ আদেশপত্র বাতিল হইবার কথা যে রাজধানীহইতে মজুরপ্রভৃতিকে পাঠাইবার আদেশ হয়, সেই রাজধানীর বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবকে জানাইবেন।

পরন্তু তাহার বাতিল হইবার মিয়াদ ঐ বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবের নিকটে পঁহুছিবার আগে যে কোন কার্য্য উক্ত আদেশপত্রমতে করা গিয়া থাকে তৎসম্পর্কে ঐ আদেশপত্র সম্পূর্ণরূপে বলবৎ থাকিবেক।

৩ দফা। আরো যিনি ঐ আদেশ করেন তিনি, ঐ রক্ষক সাহেবকে ঐ আদেশপত্রমতে যত জন মজুরপ্রভৃতির সঙ্গে করার করিতে হইবেক তাহারদের আসিবার পথখরচ ও অন্যং খরচ দিবার তমঃসুক লিখিয়া, এক জন জামিনও দিবেন। সেই তমঃসুক B চিহ্নিত পাঠের লিখনমতে সাধ্যক্রমে অবিকল লিখিতে হইবেক।

ঐ খরচপ্রভৃতি যত কাল না দেওয়া যায় তত কাল ঐ রক্ষক সাহেব, ঐ মজুরপ্রভৃতিকে যিনি চাকরী দিতে চাহিয়াছেন তাঁহার হাতে সমর্পণ করিতে নারাজ হইতে পারিবেন।

ঐ মজুরপ্রভৃতির নিমিত্তে কারাণ্টাইনের বাবৎ (অর্থাৎ মজুরপ্রভৃতির মধ্যে কোন রোগ সঞ্চার হইবার কথা হইলে তাহারদের যত দিন জাহাজহইতে উত্তরিবার অনুমতি না হয় তত দিনের বাবৎ) যদি কিছু খরচ লাগে, তবে তাহা এ পূর্ব্বোক্ত খরচের মধ্যে ধরা যাইবেক না। সেই খরচ গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবেক।

৪ দফা। উক্ত আদেশপত্র ও তমঃসুক মজুরপ্রভৃতির রক্ষক সাহেবকে দেওয়া গেলে পর, ঐ সাহেব সাধ্যমতে ত্বরা করিয়া ঐ আদেশপত্রের সর্টিফিকটযুক্ত এক কেতা নকল, যে রাজধানীহইতে মজুরপ্রভৃতিকে পাঠাইবার আদেশ হয় সেই রাজধানীতে, মরিচ উপদ্বীপে মজুরপ্রভৃতিকে পাঠাইবার এজেণ্ট যিনি হন তাঁহার নিকটে পাঠাইয়া, এই আজ্ঞা করিবেন যে, ঐ আদেশপত্রেতে যে কার্য্য করিবার আদেশ হয় তাহা উপযুক্তমতে ত্বরা করিয়া নির্ব্বাহ করেন।

ঐ আদেশপত্র যিনি দিয়াছিলেন তিনি যদি বিশেষ এজেণ্টকে পসন্দ করেন, ও রক্ষক সাহেব যদি সেই কর্ম্মের নিমিত্তে ঐ এজেণ্টকে অগ্রাহ্য না করেন, তবে ঐ রক্ষক সাহেব সেই সময়ে ঐ এজেণ্টের নাম ও উপাধিপ্রভৃতি বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবেন

৫ দফা। যেং স্থলে অনুমতিপত্রপ্রাপ্ত বিশেষ এজেণ্টকে নিযুক্ত না করা যায়, এমত সকল স্থলে, ভারতবর্ষে যে মজুরপ্রভৃতিকে করারক্রমে নিযুক্ত করিতে হইবেক তাহারদিগকে তল্লাশ করিবার কার্য্য, মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টহইতে যে এজেণ্ট নিযুক্ত হন ও বেতন পান কেবল তিনিই করিবেন।

৬ দফা। মরিচ উপদ্বীপের যে মুনিবেরা পূর্ব্বোক্তমতের প্রয়োজনীয় সকল কার্য্য করিয়াছেন, তাঁহারদের

shall have complied with the aforesaid requisites, provided that the following conditions be observed:

(1o.) The names of every such Agent and of the person or persons for whom he is to recruit shall be given at full length to the protector of Immigrants who shall transmit the same to the Emigration Agent at the Presidency to which the Agent is to be accredited, unless he knows of good reason to the contrary.

(2o.) The Emigration Agent, on receipt of the communication, shall (unless he knows of good reason to the contrary) grant to the Special Agent a license, as nearly as may be in the Form C, to recruit for the said party; every such license being for a specified time not exceeding one year from its date.

(3o.) Every Special Agent shall be under the direction and control of the Emigration Agent at the Presidency for which he shall be licensed, who shall have full power to suspend and withdraw the license, in case of misconduct.

(4o.) Every Principal shall be responsible for the wrongs and breaches of Regulations committed by his Agent, in so far as that the Government may refuse to accept future nominations of Agents by employers, whose Agents shall have more than once wilfully committed any such wrongs or breaches.

VII. When Special Agents have been employed and licensed, no recruiting by any Government Recruiting Agent or any of his Subordinates shall be expected or relied on by the employers; but that portion of the service shall rest entirely with the licensed Special Agent and those employed by him, subject to the control of the Government Emigration Agent at the Presidency.

VIII. In case, however, the Special Agent shall die or withdraw from his Agency, or in case license shall be refused to such Agent, the Emigration Agent may and shall allow the Government Recruiting Agents to act in regard to the requisition of the principal of such Agent in the same way as if no Special Agent had been appointed.

IX. When Special Agents are employed, the engagement of Immigrants for agricultural labor may be either at the rate of wages and allowances in the Government Scale for the time being, or at any other rate which shall be at least equivalent thereto and which shall be set forth in the requisition.

When Special Agents are not employed, the engagement of ordinary agricultural laborers shall be

বিশেষ এজেণ্টেরা তাঁহারদের নিমিত্তে মজুরপ্রভৃতিকে তল্লাশ করিয়া নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে এই সকল নিয়ম মানেন, অর্থাৎ,

(১) সেই প্রকারের প্রত্যেক এজেণ্টের পূরা নাম, ও যে লোকের কি যে লোকেরদের নিমিত্তে মজুরপ্রভৃতিকে তল্লাশ করিতে হইবেক তাঁহার কি তাঁহারদের পূরা নাম, মজুরপ্রভৃতির রক্ষক সাহেবকে দিতে হইবেক। আর ঐ এজেণ্ট যে রাজধানীতে কর্ম্ম করিতে ক্ষমতা পাইবেন সেই রাজধানীর বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবের নিকটে ঐ রক্ষক সাহেব তাঁহার নাম লিখিয়া পাঠাইবেন, কিন্তু যদি তাহা না পাঠাইবার উপযুক্ত কারণ বুঝেন তবে পাঠাইবেন না।

(২) বিদেশগমনশীল লোকেরদের এজেণ্ট সাহেব সেই পত্র পাইলে, ও সেই বিশেষ এজেণ্টকে অনুমতিপত্র না দিবার কোন মাতবর কারণ না জানিলে, উক্ত সাহেবের নিমিত্তে মজুরপ্রভৃতিকে তল্লাশ করিবার ক্ষমতাপত্র C চিহ্নের পাঠের লিখনমতে সাধ্যক্রমে অবিকল লিখিয়া দিবেন। সেই প্রকারের অনুমতিপত্রেতে যে তারিখ থাকে সেই তারিখঅবধি এক বৎসরের অনধিক কোন নির্দ্দিষ্ট মিয়াদপর্য্যন্ত ঐ পত্র বহাল থাকিবেক।

(৩) কোন বিশেষ এজেণ্ট যে রাজধানীতে কার্য্য করিবার অনুমতিপত্র পান, সেই রাজধানীর বিদেশগমনশীল লোকেরদের এজেণ্ট সাহেবের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবেন। ও অসদাচার করিলে ঐ এজেণ্ট সাহেব তাঁহাকে অবসর করিতে পারিবেন, ও সেই অনুমতিপত্র বাতিল করিতে পারিবেন।

(৪) কোন এজেণ্ট কিছু অন্যায় করিলে ও আইন লঙ্ঘন করিলে, তাঁহার মুনিব তাঁহার নিমিত্তে এই প্রকারে দায়ী হইবেন, অর্থাৎ যে মুনিবেরদের এজেণ্ট একবারের অধিক জানিয়াশুনিয়া এরূপ কোন অন্যায় করেন কি আইন লঙ্ঘন করেন, সেই মুনিবেরা তৎপরে যে এজেণ্টদিগকে মনোনীত করেন তাহারদিগকে গবর্ণমেণ্ট অগ্রাহ্য করিতে পারিবেন।

৭ দফা। বিশেষ এজেণ্টদিগকে যদি নিযুক্ত করা যায়, ও তাঁহারা যদি অনুমতিপত্র পান, তবে তাঁহারদের মুনিবেরদের জন্যে মজুরপ্রভৃতি তল্লাশ করিবার কার্য্য গবর্ণমেণ্টের কোন এজেণ্টের দ্বারা কি তাঁহার অধীনকোন লোকেরদের দ্বারা হইবেক, এমত অপেক্ষা কি ভরসা হইতে পারিবেক না। কিন্তু সেই কর্ম্মের ভার সম্পূর্ণরূপে ঐ অনুমতিপ্রাপ্ত বিশেষ এজেণ্টের ও তাঁহার নিযুক্ত লোকেরদের দ্বারা হইবেক, কেবল রাজধানীতে বিদেশগমনশীল লোকেরদের গবর্ণমেণ্টের যে এজেণ্ট সাহেব থাকেন তাঁহার তত্ত্বাবধারণ থাকিবেক।

৮ দফা। পরন্তু সেই বিশেষ এজেণ্ট যদি মরেন, কিম্বা আপনার এজেণ্টী কর্ম্ম ত্যাগ করেন, কিম্বা যদি সেই এজেণ্টকে অনুমতিপত্র দেওয়া হইল না, তবে বিশেষ কোন এজেণ্ট নিযুক্ত না হইবার মতে, তাঁহার মুনিবের আদেশ সম্পর্কে মজুরপ্রভৃতিকে তল্লাশ করিতে, বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেব গবর্ণমেণ্টের এজেণ্টদিগকে অনুমতি দিতে পারিবেন ও অনুমতি দিবেন।

৯ দফা। যখন বিশেষ এজেণ্টদিগকে নিযুক্ত করা যায়, তখন চাষ কর্ম্ম করিবার নিমিত্তে যে লোকেরদের সঙ্গে করার হয়, তাহারদের যে বেতন ও খরচ যে সময়ে গবর্ণমেণ্টের নিরিখে ধার্য্য হয় সেই হিসাবে, কিম্বা অন্য কোন হিসাবে দিবার করার হইতে পারিবেক। কিন্তু গবর্ণমেণ্টের নিরিখের কম না হয়। তাহাও আদেশপত্রের মধ্যে লিখিতে হইবেক।

যদি বিশেষ এজেণ্টদিগকে নিযুক্ত না করা যায়, তবে চাষ কর্ম্মের নিমিত্তে যে সামান্য মজুরেরদের সঙ্গে

at the wages and allowances in the said Government Scale.

X. Skilled laborers of any kind may be engaged upon any terms which shall be set forth in the requisition, and shall in no case be less than the minimum rate specified by the Government Scale.

XI. Whether Special Agents shall be employed or not, the engagement shall in every case be upon the terms set forth in the requisition, without any deviation whatever; and if the requisition shall not be in accordance with the Rules above specified, it will be rejected and no engagement will be made in pursuance thereof.

XII. The Emigration Agent at each dependency shall, before any Contract shall be completed, explain the same fully to the Immigrant, with the aid (if necessary) of a duly qualified Interpreter, and shall take all proper precautions to prevent the Immigrant from being induced to contract by any fraud, falsehood or unfair means or representations.

XIII. If the Emigration Agent shall be satisfied that the Contract is fully understood by the Immigrant, and, if not upon the Government Scale, that it is fair and reasonable, he shall as soon as possible have the same signed in his presence by the Immigrant and by the Special Agent (if any) of the employer, with their names or marks, and he shall certify the same by a docket signed by himself.

XIV. If the Special Agent for the employer shall not be present at the time, the Emigration Agent may sign the Contract in his absence, and the Contract shall, in that case, be equally valid and binding as if signed also by the Special Agent; and no Contract bearing to be so signed shall be challengeable on the ground that the Special Agent not subscribing was present at the time.

XV. The Contract and Docket shall contain all the items, and shall be, as nearly as may be, in the terms of Form D. But no such Contract shall be void or voidable on account of any informality, which does not affect it in substance.

XVI. The Emigration Agent shall, upon the first opportunity after the completion of each Contract, despatch the Immigrant engaged therein to the Protector of Immigrants in Mauritius, along with the original of his Contract; and he shall also, with every band of male Immigrants so despatched, send the number of females required by Regulations at the time.

XVII. The Emigration Agent shall also, when-

গবর্ণমেণ্ট গেজেট: ১৮৫৯। ২৬ আপ্রিল।

করার হয় তাহারদিগকে গবর্ণমেণ্টের নির্দ্ধারিত উক্ত হিসাবে বেতন ও উপরি খরচ দিবার করার করিতে হইবেক।

১০ দফা। কোন শিল্প কর্ম্মাদিতে নিপুণ লোকেরদের সঙ্গে আদেশপত্রে যেমন লেখা আছে তেমনি বেতনাদির করার হইতে পারিবেক, কিন্তু গবর্ণমেণ্টের নিরিখে অতি কম যাহা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার ন্যূন কখন হইবেক না।

১১ দফা। বিশেষ এজেণ্টেরা নিযুক্ত হইলে কি না হইলেও, আদেশপত্রেতে যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মমতে লোকেরদের সঙ্গে করার করিতে হইবেক, তাহাতে কিছু ব্যতিক্রম না হয়। আর ঐ আদেশপত্রের নিয়ম যদি উপরের নির্দ্দিষ্ট বিধিঅনুযায়ি না হয়, তবে তাহা অগ্রাহ্য করিতে হইবেক, ও সেই পত্রমতে কোন লোককে নিযুক্ত করা যাইবেক না।

১২ দফা। রাজধানীর মোতালক বিদেশগমনশীল মজুরপ্রভৃতির প্রত্যেক এজেণ্ট সাহেব কোন মজুরপ্রভৃতির সঙ্গে কোন করার চুকাইয়া ফেলিবার আগে, তাহার মর্ম্ম সেই মজুরপ্রভৃতিকে সম্পূর্ণরূপে বুঝাইয়া দিবেন। ও প্রয়োজন হইলে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন দোভাষির দ্বারা তাহার অর্থ জানাইবেন। ও কোন প্রবঞ্চনা কি চাতুরীতে, কি অন্যায় কোন উপায় কি কথার দ্বারা কোন মজুরপ্রভৃতির চুক্তি করিবার প্রবৃত্তি না হয়, ইহা নিবারণ করিবার উপযুক্তমতে সদুপায় করিবেন।

১৩ দফা। মজুরপ্রভৃতি ঐ চুক্তির মর্ম্ম সম্পূর্ণরূপে বুঝিয়াছে, ও গবর্ণমেণ্টের নির্দ্ধারিত ফর্দ্দমতে তাহার বেতনপ্রভৃতির নিয়ম না হইলে, যে নিয়মে তাহা দিবার প্রস্তাব হয় তাহা যথার্থ ও ন্যায্য বলিয়া বুঝিয়াছে এই কথা বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেব খাতিরজমামতে জানিলে, তিনি সাধ্যমতে জবরা করিয়া ঐ মজুরপ্রভৃতিকে, ও মুনিবের বিশেষ এজেণ্ট থাকিলে সেই এজেণ্টকে, আপনার গোচরে আপনারদের নাম কি চেরা দিয়া ঐ করারনামার দস্তখৎ করাইইবেন, ও তাহারদের দস্তখৎ হইয়াছে এই মর্ম্মের কথাতে আপনি স্বাক্ষর করিবেন।

১৪ দফা। মুনিবের বিশেষ এজেণ্ট যদি সেই সময়ে উপস্থিত না থাকেন, তবে তিনি হাজির না থাকিতে বিদেশ গমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেব ঐ করারনামায় দস্তখৎ করিবেন, তাহাতে ঐ বিশেষ এজেণ্টেরও দ্বারা দস্তখৎ করা যাইবার মতে ঐ করার সিদ্ধ ও বলবৎ হইবেক। আর সেই প্রকারের দস্তখৎ যদি কোন করারনামায় থাকে, তবে যে বিশেষ এজেণ্ট দস্তখৎ করেন নাই তিনি সেই সময়ে হাজির ছিলেন না বলিয়া ঐ করারনামাতে কোন আপত্তি হইতে পারিবেক না।

১৫ দফা। ঐ করারনামা ও উক্ত মর্ম্মের কথা D চিহ্নিত পাঠের লিখনমতে সাধ্যক্রমে অবিকল লিখিতে হইবেক। কিন্তু বেঁচাড়মতের কোন কার্য্য হইলেও যদি তাহাতে করারের মর্ম্মার্থে কিছু হানি না হয়, তবে তদ্প্রযুক্ত তদ্রূপ কোন করারনামা অসিদ্ধ হইবেক না, হইতেও পারিবেক না।

১৬ দফা। সেই প্রকারের কোন করারনামা চুকাইয়া দেওয়া গেলে পর প্রথম যে সুযোগ হয় সেই সুযোগে বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেব তদ্ক্রমে নিযুক্ত মজুরপ্রভৃতিকে তাহার আসল করারনামা সহিত মরিচ উপদ্বীপে গমনশীল মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের নিকটে পাঠাইবেন। আরো সেই প্রকারে যখন পুরুষদিগকে পাঠান যায় তখন তাহারদের সংখ্যা বুঝিয়া আইনমতে যত জন স্ত্রীকে পাঠাইতে হয় তত জন স্ত্রীকেও পাঠাইবেন।

১৭ দফা। আরো প্রয়োজন জানিলে, বিদেশগমনশীল

ever he may see occasion, transmit to the Protector certified copies, one or more, of any Contract; and the same, if bearing to be certified by him as true copies and to be subscribed by him, shall have the same effect in law as the original Contracts to which they apply, subject only to proof that they are false or inaccurate.

XVIII. The arrival at Mauritius of any Immigrant who shall have entered into a Contract in India with an individual employer, shall, as soon as possible, be published by the Protector by written or printed notice, as nearly as may be in the Form E, in conspicuous places in and outside of the Immigration Depôt.

XIX. The Protector of Immigrants as soon as possible after the arrival at the Depôt of any Immigrants, and their Contracts, shall cause the same respectively to be registered in the Books of his Office, after which he shall deliver a certified copy of each Contract to the employer under the same, or any one having his authority, along with the Immigrants one or more thereby engaged.

XX. The Protector shall transmit the original Contract to the Stipendiary Magistrate of the District in which the service is to be performed, and the employer shall be entitled to retain the certified copy thereof; which, if bearing to be certified as a true copy and to be signed by the Protector, shall have the same force and effect as an original, subject only to proof that it is false or inaccurate.

XXI. The Protector of Immigrants shall also deliver to each Immigrant a Ticket bearing his name, number and marks, along with the name of his employer, the place where he is to be employed, and the date of registration of his Contract.

XXII. Whenever the Protector of Immigrants shall have delivered any Contract and Ticket as above-mentioned, both parties to the Contract shall be entitled to enforce the same by all lawful procedure, in the same way as if it had been entered into in Mauritius, according to the Law and Practice existing there at the time.

XXIII. When any Immigrant shall (under Arts. 9 and 10 of the aforesaid Ordinance) elect to be free from the obligations of his Contract, in consequence of his intended employer not having claimed his services, such election shall be intimated to the Protector of Immigrants, and a note thereof (Form F) shall by him be indorsed upon the entry of the Contract of such Immigrant in the Register of the Depôt.

XXIV. Every transfer (under Art. 11 of the Ordinance) of a Contract shall be in the Form G.

If made upon the Immigrant's arrival in Mauri-

(*Government Gazette, 26th April*, 1859.]

মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেব কোন করারনামার এক কি অধিক নেতা নকলও সেই রক্ষক সাহেবের নিকটে পঠ করেন। ও সেই এজেণ্ট সাহেব যথার্থ নকল বলিয়া লিখিলে ও তাহাতে স্বাক্ষর করিলে, তাহা আসল যে করারনামার উপর খাটে, আইনমতে সেই করারনামার তুল্য বলবৎ হইবেক। কেবল মিথ্যা কি অশুদ্ধ বলিয়া প্রমাণ হইলে অসিদ্ধ হইবেক।

১৮ দফা। ভারতবর্ষেতে যে কোন মজুরপ্রভৃতি কোন বিশেষ মুনিবের নিকটে কর্ম্ম করিবার করার করিয়া যার সে যখন মরিচ উপদ্বীপে পঁহুছে, তখন রক্ষক সাহেব সাধ্যমতে জবরা করিয়া E চিহ্নিত পাঠের লিখনমতে সাধ্যক্রমে অবিকল এতেলা লিখিয়া কি ছাপাইয়া ঐ দেশে গমনশীল লোকেরদের বারিক ঘরেও বাহিরে প্রকাশ স্থানে লটকাইবেন।

১৯ দফা। মজুরপ্রভৃতি আপনারদের করারনামা লইয়া বারিকে পঁহুছিলে পর, ঐ মজুরপ্রভৃতির রক্ষক সাহেব সাধ্যমতে জবরা করিয়া এ মজুরপ্রভৃতির নামাদি ও তাহারদের করারনামা আপনার দফুরখানার বহীতে রেজিষ্টরী করাইবেন। পরে যে করারনামামতে যে জন মুনিব হন তাঁহার হাতে, কিম্বা তাঁহার ক্ষমতাপন্ন কোন লোকের হাতে, তিনি করারনামার দস্তখৎকরা এক নেতা নকল, ও যে লোক কি যে লোকেরা সেই করারমতে নিযুক্ত হয় তাহারদিগকে সমর্পণ করিবেন।

২০ দফা। ঐ মজুরপ্রভৃতির যে জিলাতে কর্ম্ম করিতে হইবেক সেই জিলার ষ্টিপেণ্ডিয়রি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে রক্ষক সাহেব ঐ আসল করারনামা পাঠাইবেন, ও তাহার দস্তখৎকরা নকল মুনিবের রাখিবার অধিকার থাকিবেক। ও রক্ষক সাহেব যথার্থ নকল বলিয়া তাহাতে স্বাক্ষর করিলে, সেই নকল আসল করারনামার তুল্য বলবৎ ও ফলবৎ হইবেক, কেবল মিথ্যা কি অশুদ্ধ বলিয়া প্রমাণ হইলে বলবৎ হইবেক না।

২১ দফা। আরো ঐ মজুরপ্রভৃতির রক্ষক সাহেব ঐ মজুরপ্রভৃতির একং জনকে একখান টিকিট দিবেন। সেই টিকিটে তাহার নাম ও নম্বর ও চিহ্ন ও তাহার মুনিবের নাম ও যে স্থানে তাহার কর্ম্ম করিতে হইবেক, ও যে তারিখে তাহার করারনামা রেজিষ্টরী করা যায় এই সকল কথা লেখা থাকিবেক।

২২ দফা। ঐ মজুরপ্রভৃতিকে রক্ষক সাহেব উক্তমতে কোন করারনামা ও টিকিট দিলে পর, ঐ করারনামার উভয় পক্ষ আইনমতের মোকদ্দমাপ্রভৃতি করিয়া ঐ করারনামার লিখিত নিয়ম বলবৎ করিতে পারিবেন। অর্থাৎ মরিচ উপদ্বীপে তৎকালে যে আইন ও দাঁড়া চলন আছে, তদনুসারে ঐ করার মরিচ উপদ্বীপে করা গেলে যেমন করিতে পারিতেন, তেমনি করিতে পারিবেন।

২৩ দফা। কোন মজুরপ্রভৃতিকে যে সাহেব কর্ম্ম দিতে চাহিয়াছিলেন তিনি তাহাকে চাকর বলিয়া দাওয়া না করাতে, যদি সেই মজুরপ্রভৃতি পূর্ব্বোক্ত আইনের ৯ ও ১০ ধারামতে আপনার সেই করারহইতে মুক্ত হইতে পসন্দ করে, তবে সেই কথা ঐ মজুরপ্রভৃতির রক্ষক সাহেবকে জ্ঞাত করা যাইবেক। ও বারিক ঘরের রেজিষ্টরীতে ঐ মজুরপ্রভৃতির যে করারনামা লেখা গেল তাহার পৃষ্ঠে তিনি ঐ কথা F চিহ্নিত পাঠের লিখনমতে লিখিবেন।

২৪ দফা। আইনের ১১ ধার [illegible] রনামা হস্তান্তর করা গেলে তাহা G চিহ্নিত পাঠের লিখনমতে করিতে হইবেক।

ঐ মজুরপ্রভৃতির মরিচ উপদ্বীপে পঁহুছিবার সময়ে

tius, and before he shall have entered upon his service, it shall be made before and authenticated by the Protector of Immigrants or other Officer to be appointed by the Governor to the duty.

If made during the currency of the engagement, it shall be made before and authenticated by the Stipendiary Magistrate of the District.

Before any such transfer shall have been signed, its nature and effect shall be fully explained to the Immigrant by the Protector or Magistrate, as the case may be.

XXV. The Protector or Magistrate shall have the power to express the approval and concurrence of the Government in the transfer, provided he shall be satisfied with the reasons assigned therefore.

XXVI. In no case shall such approval or concurrence be expressed where there is reason to believe that the original engagement with the Immigrant was not made with the *bonâ fide* intention of his serving the employer therein.

XXVII. Wherever the transaction shall appear to be a speculation or trafficking in the services of Immigrants through the medium of a pretended employer, the approval or concurrence abovementioned shall be withheld.

XXVIII. Any employer who shall (under Art. 5 of the Ordinance) desire to release from Contract an Immigrant engaged to him in India, shall either personally or by one having his written authority appear along with the Immigrant before the Stipendiary Magistrate of the District; who shall thereupon explain to the Immigrant the object and effect of the said release; and if the Immigrant shall understand and agree to the same, he shall cause both parties to sign a memorandum of such release in his presence, authenticating it also by his signed docket, all as in Form H in the Schedule.

The Magistrate shall then deliver to the Immigrant a certified copy of such memorandum, after which he shall transmit the original thereof to the Protector of Immigrants, by whom an entry of the same shall be made on the registry of the said Immigrant in the books at the Depôt.

[To be Continued.]

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 16TH APRIL 1859.

The following Bill was read a second time in the Legislative Council of India on the 16th April 1859, and was referred to a Select Committee who are to report thereon after the 20th of July next :—

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৬ আপ্রিল।]

ও তাহার কর্ম্মেতে প্রবর্ত্ত হইবার আগে যদি সেই করারনামা হস্তান্তর করা যায়, তবে ঐ মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের সম্মুখে কিম্বা গবর্ণমেণ্ট অন্য যে কোন কার্য্যকারক সাহেবের হস্তে ঐ কর্ম্ম অর্পণ করেন তাঁহার সম্মুখে ঐ হস্তান্তর কার্য্য হইবেক, ও তিনি তাহাতে দস্তখৎ করিবেন।

ঐ করারমতে কার্য্য চলিবার সময়ে যদি ঐ হস্তান্তর কার্য্য হয় তবে জিলার ফ্টিপেণ্ডিয়রি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহা করিতে হইবেক ও তিনি তাহাতে দস্তখৎ করিবেন।

সেই প্রকারের হস্তান্তর কার্য্য দস্তখৎ হইবার পূর্ব্বে ঐ রক্ষক সাহেব কিম্বা বিষয়বিশেষে মাজিষ্ট্রেট সাহেব ঐ হস্তান্তর হইবার ভাব ও তাহার ফল ঐ মজুরপ্রভৃতির নিকটে বিস্তারিত করিয়া বুঝাইয়া দিবেন।

২৫ দফা। ঐ হস্তান্তর কার্য্যের যে কারণ ব্যক্ত হয় তাহা ঐ রক্ষক সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বুঝিলে, তাহাতে গবর্ণমেণ্টের অনুমতি ও সম্মতি প্রকাশ করিতে পারিবেন।

২৬ দফা। ঐ মজুরপ্রভৃতির করারনামাতে যে মুনিবের নাম লেখা আছে তাঁহার নিকটে নিতান্ত চাকরী করিবার মানসে ঐ আসল করারনামা করা যায় নাই এমত বুঝিবার কারণ থাকিলে, সেই অনুমতি কি সম্মতি কখন প্রকাশ করা যাইবেক না।

২৭ দফা। যদি কোন ভাক্ত মুনিবের দ্বারা মজুরপ্রভৃতিকে লইয়া বাণিজ্য কি করার করিবার কোন ব্যাপারের ভাব দৃষ্ট হয়, তবে সেই অনুমতি কি সম্মতি দেওয়া যাইবেক না।

২৮ ধারা। কোন মজুরপ্রভৃতি ভারতবর্ষেতে করার করিয়া কোন মুনিবের নিকটে বদ্ধ থাকিলে, যদি সেই মুনিব আইনের ৫ ধারামতে তাহাকে সেই করারহইতে মুক্ত করিতে চাহেন, তবে তিনি আপনি, কিম্বা তিনি অন্য যে লোককে ক্ষমতা লিখিয়া দেন তিনি, ঐ মজুরপ্রভৃতিকে লইয়া জিলার ফ্টিপেণ্ডিয়রি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির হইবেন। তাহাতে মাজিষ্ট্রেট সাহেব উক্তরূপে মুক্ত হওয়ার অভিপ্রায় ও ফল ঐ মজুরপ্রভৃতিকে বুঝাইয়া দিবেন, ও সেই মজুরপ্রভৃতি যদি তাহা বুঝিয়া তাহাতে রাজী হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই মুক্ত হওয়ার পত্রেতে আপনার গোচরে উভয় পক্ষকে দস্তখৎ করাইবেন, ও আপনি তাহার মর্ম্মের কথাতে দস্তখৎ করিবেন, অর্থাৎ তফসীলের H চিহ্নিত পাঠে যেমন লেখা আছে তেমনি করিবেন।

পরে মাজিষ্ট্রেট সাহেব ঐ মুক্ত হওয়ার পত্রের ঐ দস্তখৎকরা নকল ঐ মজুরপ্রভৃতির হাতে দিয়া, ঐ আসল পত্র মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের নিকটে পাঠাইবেন। বারিক ঘরের বহীতে ঐ মজুরপ্রভৃতির নামাদির যে রেজিষ্টরী লেখা হইয়াছে তাহাতে রক্ষক সাহেব ঐ মুক্ত হওয়ার কথা লিখিবেন।

(ইহার অবশিষ্ট আগামিতে দেওয়া যাইবেক।)

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ১৬ আপ্রিল।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১৬ আপ্রিল তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি জুলাই মাসের ২০ তারিখের পর তাঁহারা সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

A Bill for regulating the establishment of Markets.

[Preamble.]

WHEREAS the establishment of new markets in the neighbourhood of places where markets have been previously established, leads to disputes between the owners of the lands on which such new and previously established markets are held, and such disputes not unfrequently occasion breaches of the peace, and serious inconvenience to the frequenters of such markets; It is enacted as follows:

[No new market to be established without permission of Magistrate.]

I. After the passing of this Act no person shall establish a new market without permission in writing from the Magistrate of the District. If any person shall attempt to establish a new market without such license, he shall on conviction by the Magistrate be subject to a fine not exceeding two hundred Rupees.

[Application for permission.]

II. When any person desires to establish a new market, he shall make application in writing to the Magistrate. The application shall specify the name of the place at which it is proposed to establish such new market, the days on which it is to be held, the name of the place where the nearest existing market is held, and the days on which it is held, the distance in English miles between the two places, and the reasons of the applicant for desiring to establish the new market.

[Issue of proclamation and notice.]

III. On receipt of the application the Magistrate shall issue a proclamation stating the desire of the applicant to establish a market at the place named by him and the days on which it is proposed to be held, and calling upon any person who may have any objection to the establishment of the market, to state his objection in writing within six weeks from the date of the proclamation. The proclamation shall be affixed in a conspicuous place in the village or town in or near to which it is proposed that the new market shall be held; and a copy of the same shall be affixed at the Police Station within the jurisdiction of which the village or town is situate and in the Court of the Magistrate. If it shall appear that any existing market is held within a distance of four miles from the place where it is proposed that the new market shall be established, the Magistrate shall cause a notice to the effect of the proclamation to be served upon the owner of the land where such existing market is held. The proclamation and notice (if any) shall be issued and served at the expense of the applicant.

[Magistrate's order. If objection be made.]

IV. If within the time specified in the proclamation and notice (if any), no objection is preferred to the establishment of the proposed market, the Magistrate shall pass an order permitting it to be established. If within the time specified any objection is preferred, the Magistrate shall enquire into

[*Government Gazette*, 26*th April*, 1859.]

হাট বসাইবার বিধি করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

হাট যে স্থানে বসান গিয়াছে, সেই স্থানের নিকটে নূতন হাট বসান গেলে, ঐ নূতন হাট ও পূর্ব্বের হাট যে২ জমীতে বসান যায়, সেই২ জমীর স্বামিরদের মধ্যে বিবাদ হইয়া থাকে, ও সেই বিবাদেতে অনেকবার দাঙ্গাও হইয়া থাকে, ও সেই হাটে যাহারা আসা-যাওয়া করে তাহারদের ক্যারি ফ্রেশ হইয়া থাকে। এই২ কারণে এই২ বিধান হইল।

[মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি বিনা নূতন হাট না বসাইবার কথা।]

১ ধারা। এই আইন জারী হইবার পরে, কোন লোক জিলার মাজিষ্ট্রেট সাহেবের স্থানে হাতের লেখা অনুমতি না পাইলে নূতন হাট বসাইবেক না। যদি কোন লোক সেই প্রকারের অনুমতিপত্র না পাইয়া নূতন হাট বসাইতে উদ্যোগ করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই কথা সাবুদ হইলে তাহার দুই শত টাকা-পর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[অনুমতি পাইবার দরখাস্তের কথা।]

২ ধারা। যদি কোন লোক নূতন হাট বসাইতে চাহে, তবে সে মাজিষ্ট্রেট সাহেবের নামে দরখাস্ত লিখিয়া দিবেক। সেই নূতন হাট যে স্থানে বসাইতে চাহে সেই স্থানের নাম, ও হাট যে২ দিনে বসিবেক, ও সেই স্থানের অতি নিকট অন্য যে স্থানে হাট বসে সেই স্থানের নাম, ও সেই হাট যে২ দিনে বসে, ও দুই স্থানের মধ্যে ইঙ্গরেজী যত মাইল ফাক থাকে, ও দরখাস্তকারী যে কারণে নূতন হাট বসাইতে চাহে, এই সকল কথা ঐ দরখাস্তে লিখিয়া দিবেক ইতি।

[এত্তেলা ও ইশ্তিহার জারী করিবার কথা।]

৩ ধারা। সেই দরখাস্ত পাইলে পর মাজিষ্ট্রেট সাহেব এই মর্ম্মের এত্তেলানামা প্রকাশ করিবেন যে, দরখাস্তকারী অমুক স্থানে হাট বসাইতে চাহে, ও অমুক২ দিনে হাট বসিবার কথা আছে, ও সেই হাট বসাইবার কোন কাহার কিছু আপত্তি থাকিলে সে ঐ এত্তেলানামার তারিখঅবধি ছয় সপ্তাহের মধ্যে সেই আপত্তি লিখিয়া জানায়। যে গ্রামে কি নগরে ঐ নূতন হাট বসাইবার মানস থাকে, সেই গ্রামে কি নগরে কি তাহার নিকট কোন প্রকাশ স্থানে ঐ এত্তেলানামা লট্কাইয়া দেওয়া যাইবেক। ও সেই নগর কি গ্রাম যে থানার এলাকায় থাকে সেই থানাতে, ও মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতেও, ঐ এত্তেলানামার এক২ কেতা নকল লট্কাইয়া দেওয়া যাইবেক। ঐ নূতন হাট যে স্থানে বসাইবার কথা হয়, সেই স্থানহইতে চারি মাইলের মধ্যে কোন স্থানে হাট আছে এমত দেখা গেলে, ঐ হাট যাহার জমীতে থাকে তাহার নামে মাজিষ্ট্রেট সাহেব ঐ এত্তেলানামার মর্ম্মমতে ইশ্তিহার জারী করিবেন। সেই এত্তেলানামা, ও ইশ্তিহার হইলে সেই ইশ্তিহার, বাহির হইয়া জারী করিবার খরচ দরখাস্তকারির দিতে হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের হুকুমের কথা, ও আপত্তি করা গেলে তাহার কথা।]

৪ ধারা। ঐ এত্তেলানামাতে, ও ইশ্তিহার হইলে সেই ইশ্তিহারনামাতে, যে মিয়াদ লেখা থাকে, সেই মিয়াদের মধ্যে যদি ঐ নূতন হাট বসাইবার কোন আপত্তি না হইয়া থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব হুকুম করিয়া তাহা বসাইবার অনুমতি দিবেন। সেই মিয়াদের মধ্যে যদি কিছু আপত্তি করা যায়, তবে মাজিষ্ট্রেট

the objection, and pass such order as may appear proper in the circumstances of the case.

[Markets established two years before the passing of this Act.]

V. If within six months from the passing of this Act any objection shall be preferred to the Magistrate in respect of any market which has been newly established within a period of two years before the passing of this Act, the Magistrate shall enquire into the objection, and if it shall appear that such new market has been established within a distance of four miles from any previously existing market, and that the establishment of the new market has been the cause of disturbances or other inconvenience to the people of the neighbourhood, the Magistrate may, if he think necessary, change the days upon which such new market is held, or at his discretion order that it be discontinued.

[Appeal.]

VI. Every order passed by a Magistrate under this Act shall be open to appeal to the Commissioner of Police, and the order of the Commissioner, subject to the control of the local Government, shall be final.

[Penalty for contravening order.]

VII. Every person who shall contravene any order duly passed under this Act shall be liable to a fine not exceeding two hundred Rupees.

[Act applicable to the establishment of new fairs.]

VIII. All the provisions of this Act relative to the establishment of new markets shall be applicable also to the establishment of new fairs.

W. Morgan,
Clerk of the Council.

No. 28 of 1859.

NOTIFICATION.

FORT WILLIAM, FINANCIAL DEPARTMENT.

The 20th April 1859.

With reference to paragraph 14 of the Notification of this Department, No. 14, dated 21st February last, notice is hereby given, that the Sub-Treasurers at Fort William, Fort St. George and Bombay, the several Residents at Native Courts, and the several Collectors and other Officers in charge of Treasuries under the several Presidencies and Governments, and in the Provinces subordinate to the Government of India, have been authorized to receive from the 1st of May next, any sums of money in hundreds of Rupees, each being for not less than 500 of Company's Rupees which may be tendered on Loan to the Secretary of State in Council of India, at an interest of Five-and-a-half per Cent. per annum, subject to the provisions hereinafter specified.

Subscriptions to this Loan will be received from Holders of Five per Cent. Promissory Notes of this

সাহেব ঐ আপত্তির তদন্ত লইবেন ও বিষয় বুঝিয়া যে হুকুম উচিত জ্ঞান করেন এমত হুকুম করিবেন ইতি।

[এই আইন জারী হইবার আগে দুই বৎসরঅবধি যে হাট বসান গিয়াছে তাহার কথা।]

৫ ধারা। এই আইন জারী হইবার আগে দুই বৎসরের এদিগে যদি হাট নূতন বসান গিয়াছে ও সেই হাট লইয়া যদি এই আইন জারী হইবার পর ছয় মাসের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিছু আপত্তি হয় যায়, তবে তিনি সেই আপত্তির তদন্ত লইবেন ও নূতন হাট যে স্থানে বসান গিয়াছে তাহাহইতে চারি মাইলের কম দূর এক হাট পূর্ব্বঅবধি ছিল। ও সেই নূতন হাট বসান যাওয়াতে গোলযোগ হইয়াছে, কিম্বা নিকটবাসি লোকেরদের অন্য প্রকারে ক্লেশ হইয়াছে, ইহা যদি প্রকাশ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক জ্ঞান করিলে ঐ নূতন হাটের দিন পরিবর্ত্তন করাইতে পারিবেন, কিম্বা আপনার বিবেচনামতে তাহা উঠাইয়া দিবার হুকুম করিবেন।

[আপীলের কথা।]

৬ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেব যে কোন হুকুম করেন তাহার উপর পোলীসের কমিশ্যানর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক, ও কমিশ্যানর সাহেবের হুকুম চূড়ান্ত হইবেক, কেবল তাহাতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের কর্ত্তৃত্ব থাকিবেক ইতি।

[হুকুম না মানিয়া কার্য্য করিবার দণ্ড।]

৭ ধারা। এই আইনমতে উপযুক্তরূপে যে কোন হুকুম করা যায় তাহা যদি কেহ অমান্য করে তবে তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[নূতন মেলা বসাইবার কার্য্যেতে এই আইন খাটিবার কথা।]

৮ ধারা। নূতন হাট বসাইবার এই আইনের যে বিধান নূতন মেলা বসাইবার কথার উপরও খাটিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
John Robinson, *Bengalee Translator.*

১৮৫৯ সালের ২৮ নম্বর।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৯ সাল ২০ আপ্রিল।

গত ফেব্রুআরি মাসের ২১ তারিখের ১৯ নম্বরের যে বিজ্ঞাপন এই সিরিশ্তাহইতে প্রকাশ হইয়াছিল তাহার ১৪ দফার উপলক্ষে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ভারতবর্ষের কৌন্সেলে রাজ্যের শ্রীযুত সেক্রেটারী সাহেবকে যাঁহারা, শতকরা, সাড়ে, পাঁচ, টাকা হিসাবে লোন দিতে চাহেন, তাঁহারদের স্থানে ফোর্ট উলিয়ম, অর্থাৎ কলিকাতার, ও ফোর্ট সেণ্ট জর্জ, অর্থাৎ মান্দ্রাজের, ও বোম্বাইয়ের সবত্রেজুরর সাহেব ও আপন আপন রাজধরবারের নানা রেসিডেণ্ট সাহেব, ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীন নানা রাজধানীর ও গবর্ণমেণ্টের ও প্রদেশের মধ্যে ত্রেজুরীর ভারপ্রাপ্ত কালেক্টর সাহেবেরা, ও অন্য কার্য্যকারক সাহেবেরা আগামি মে মাসের ১ তারিখঅবধি পূরা শতং টাকা করিয়া ৫০০৲ টাকার অন্যূন যত হয় তত টাকা ইহার পরের লিখিত বিধানমতে গ্রহণ করিতে অনুমতি পাইয়াছেন।

এই গবর্ণমেণ্টের শতকরা ৫৲ টাকার সুদের প্রতিশ্রুতি নোট যাঁহারদের হাতে থাকে তাঁহারা অর্দ্ধেক

Government, half in Cash and half in the said Promissory Notes.

All authorized public demands, including audited Bills for arrears of Salary and Bills of Exchange on the Public Treasuries, these last being subject to a deduction at the rate of Five-and-a-half per Centum per annum for the period they may have to run, will be received as Cash at par.

The Pay-Masters of the Army under the several Presidencies are also authorized to transfer any demands which may be payable by them respectively to this Loan, and to grant Drafts for the amounts in Bengal and Madras on the Accountant General, and in Bombay on the Military Pay-Master General, which Drafts shall be received by those Officers in payment of subscriptions to this Loan, on being tendered to them for that purpose.

The several Public Officers, authorized to receive subscriptions into this Loan, will grant Acknowledgments in the following form, for all sums received by them respectively :—

"*I hereby acknowledge that has this day paid into the Treasury at for sum of Company's Rupees entitled to receive a which Promissory Note of the Secretary of State in Council of India, bearing Interest from the of the tenor, and subject to the conditions of the Loan specified in the Advertisement published in the Calcutta Gazette of the* 1859."

The Accountant General at Fort William will, on the said Acknowledgments being delivered, forthwith cause to be prepared and issued to the parties entitled thereto, Promissory Notes under the signature of the Secretary to the Government of India, in the following form :—

Fort William, the 31st May 1859.

Promissory Note at 5½ per Centum for Company's Rupees.

নং ১৮২। তৌজি হজুরী মহাল পং সুলতানাবাদ কিসমত তালুকে কল্পগড় লিখিত মালিক পুরুষোত্তম রথ ও পূর্ণানন্দ মহাপাত্র ও রাহাস পাইত সিংহ পিতা ও মাহ ফেজ জানকীবল্লভ থল নাবালগ ও গঙ্গাধর থল বাকীদার কিসমত ৬৮/১৫।৩৮/ বিশ্বার সরিকদার সকল সমুদয় বাকী জের বাঁটওয়ারানুসারে দাখিল করাতে তাহারদিগের হিস্যা বাদে কানুনগোই রঘুনাথ দাস বাকীদার আপন হিস্যা বাকী দাখিল না করাতে তাহার হিস্যা কিসমত /৪॥২॥৶ বিশ্বা নীলাম হইবেক কিন্তু দরোবস্ত মাহালের সদর জমা মং ২৫৮ ।৶১১৸ কোম্পানি মাত্র।

নং ৯২৩। তৌজি ঐ পং আটখণ্ডা তালুকে ওরতো লিখিত মালিক বিদ্যাধর হরিচন্দন সাউন্ত সিংহের নাবালগ মাহ ফেজ বলরাম চৌধুরী সদর জমা মং ৯৯৪৸৮ পাই কোম্পানি মাত্র।

নং ১১৭৫। তৌজি ঐ পং হরিহরপুর কিসমত তালুকে হরিহরপুর লিখিত মালিক জয়রাম দাস সদর জমা মং ১৯২৶১৸ কোম্পানি মাত্র।

নং ১১৯৪। তৌজি ঐ পং হরিহরপুর খরিদগি মৌজে বারিতিরা লিখিত মালিক কপিলদাস ও অন্যান্য দয়াল সদর জমা মং ২৯২ ।১১ পাই কোম্পানি মাত্র।

তারিখ সন সদর।

R. N. SHORE, *Collector.*

জিলা বালেশ্বর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে আক্‌ট ১ সন ১৮৪৫ সাল ৬ দফা মোং বালেশ্বরের নীচের লিখিত মাহালাতের আগীম খরচা চলিত সন আপ্রেল মাহার ২৮ তারিখপর্য্যন্ত বাকী বাং ইং সন ১৮৫১ সালের ২৩ মে মোং উড়িয়া সন ১২৬৬ সাল ১১ জ্যৈষ্ঠ রোজ সোমবার এই জিলার কালেক্‌টরী কাছারীতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইতি সন ১৮৫৯ সাল ৩ মে।

বন্দোবস্ত মাহাল ষষ্ঠ শ্রেণীর বাকীর জন্যে নীলাম হইবেক।

নং ৩১৫ কিঃ ॥৶১২॥ দশ আনা বারগণ্ডা দুইকড়া মৌঃ গোপালপুর প্রঃ অহিয়াস হকিয়ৎ মান পাত্তর ও সাধু পাত্তর ও রাঘব পাত্তর ও শিব পাত্তর ও মানগোবিন্দ অুঞা ও ভবানী পাত্তর ও মধু পাত্তর ও জগবন্ধু পাত্তর নীলাম হইবেক কিন্তু দরোবস্ত মাহালের সদর জমা ৬৮ ।৶৬ মাত্র

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১০ মে।]

নং ৮১০ কিঃ নয় আনা ছয়গণ্ডা দুইকড়া দুই ক্রান্ত ॥/৬৸৲ প্রঃ তলসবঙ্গ তালুকে হীরাপুর হকিয়ৎ ধর কানুনগোই ও বলভদ্র কানুনগোই ও রঘুনাথ মাহাপাতর ও জয়কিষুণ মাহাপাত্র ও জগন্নাথ মাহাপাত্র ও কিশোর মাহাপাত্র নীলাম হইবেক কিন্তু দরোবস্ত মাহালের সদর জমা ১১৬ ॥৪ পাই মাত্র

COLLECTOR OF BALASORE.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার

৺কাশীনাথ কুণ্ডু ও শ্রীদ্বারকানাথ কুণ্ডু ও শ্রীমাধবচন্দ্র কুণ্ডু ঐ শ্রী মধুসূদন কুণ্ডু ফরাসডাঙ্গার রোড সাকিনের ৺কাশীনাথ কুণ্ডুদিগরের ১২ বরি কেতা জায়দাদ এই শহরের সদর আদালতে সন ১২৬৬ সাল ২৯ বৈশাখে মোং ১৮৫৯ সাল ১১ মে বেলা দুই প্রহরের সময়ে নীলামে বিক্রী হইবেক যাহার প্রয়োজন হইবেক ঐ স্থানে উপস্থিত হইলে সকলে জানিতে পারিবেন যদি বাটী দেখিবার বাঞ্ছা হয় পদ্ম পুষ্করিণী সায়েরে গিয়া জিজ্ঞাসা করিলে দেখিতে পারেন।

১ দফা। পদ্ম পুষ্করিণী সায়েরের পূর্ব্ব এক দোতালা বাটী চকমিলন সদর মফঃসল চুণকামকরা পাকা থমি দালান পাঁচ ফুকুরে দুই বগলে চকের ঘর উত্তরে বৈঠকখানা দুই বগলে তোষাখানা পশ্চিমে উপরে বৈ ঠকখানা তোষাখানা দক্ষিণে বারেন্দা।

অন্দর মহল।

দক্ষিণ নীচে ৩ কুটারি উপরে ১ কুটারি বগলে সিঁড়ি।
উত্তরে নীচে নীচে ৩ কুটারি উপরে ৪ কুটারি বগলে সিঁড়ি।
পশ্চিমে নীচে ৩ তিন কুটারি উপরে ৩ কুটারি বগলে সিঁড়ি।
পূর্ব্ব দিগের নীচে বড় রকম ১ টা উপরে ১ টা বড় রকম গুদাম ঘর।
দক্ষিণে পায়খানা তিনটা খিড়কীর রাস্তা দালানের পূর্ব্ব নারিকেল গাছ আম্র কাটাল ফুলবাগান খিড়কিতে পুষ্করিণীর ঘাট বান্দা পশ্চিমে গোয়াইল ঘর ভিয়ানশালা চেক্‌শেল চাকরদিগের রসুই ঘর চারি কুটারি আছে সদর বাটী যাতায়াতের নীচে উপরে দেউড়ি।

বঙ্কিষ্ণু লোকের বাসস্থান উত্তম এবং গাড়ি ঘোড়া চলিবেক।

২ দফা। রোড সামিনে এক বাটী ও বাগান গঙ্গাধর কুণ্ডুর বাটীর উত্তর।

৩ দফা। এক পুষ্করিণী মায় সানবান্দা ঘাট ও বাগিচা।

৪ দফা। গঙ্গাধর কুণ্ডুর বাটীর পূর্ব্ব এক বাগান।

৫ দফা। বিবির হাটের রাস্তার পশ্চিম এক উত্তম বাগান পুষ্করিণী সানবান্দা ঘাট নানা রকম বৃক্ষ জমি দশ বারো বিঘা এক শত সওয়া শও টাকা উৎপন্ন আছে।

৬ দফা। বিবিরহাটের রাস্তার পশ্চিম কুটারি পোনের ষোলটা ভাড়া আছে এবং পশ্চিম দিগে রায়তি ঘর ঐ পুষ্করিণী সীনবান্দা ঘাট।

৭ দফা। বিবির হাটের রাস্তার পশ্চিম এক ছোট পুষ্করিণী ও প্রজা আছে জমিয়ার চৌদ্দ কাটা।

৮ দফা। বিবির হাটের রাস্তার পশ্চিম রামচাঁদ পালের বাগানের দক্ষিণ এক বাগান ও পুষ্করিণী জমি ৷৷৹ সাড়ে তিন বিঘা নারিকেল বৃক্ষ আছে।

৯ দফা। পদ্মপুষ্করিণী সায়রের পশ্চিম দুই কুটারি জমি পাঁচকাটা।

১০ দফা। লক্ষ্মীগঞ্জের এক পাকা গুদাম।

১১ দফা। হাট খোলার এক গুদাম।

১২ দফা। পদ্ম পুষ্করিণী সায়েরের পূর্ব্ব এক বাটী।

৺ কাশীনাথ কুণ্ডুদিগরের বাটীর পশ্চিম ৺ কালাচাঁদ দত্তর বাটীর উত্তর রাস্তার দক্ষিণ

অন্দর মহল সদর মহল চক মিলান।

বিজ্ঞাপন।

প্রকাশ থাকে যে ইতিপূর্ব্বে নূতন আইন তৎকাল জারীহওয়া সম্ভবে তাহা বঙ্গভাষায় মুদ্রিত করণে উদ্যত হইয়া তৎসংবাদ ১৮৫৯ সালের ২৯ মার্চ তারিখের গেজেটের দ্বারা সর্ব্ব সাধারণ লোকের সুগোচরার্থে দেওয়া হইয়াছে কিন্তু সম্প্রতি উক্ত আইন ১৮৫৯ সালের ৮ আইন নাম করণে জারী হইবার আমি তাহা বঙ্গভাষায় এবং পারস্য ভাষায় মুদ্রিত করিয়াছি যদ্দিচ পুস্তকের অবস্থা দৃষ্টে উক্ত পরিমাণ মূল্য অসম্ভব নহে তথাচ ক্রয়কারি মহাশয়দিগের তুষ্টিজন্য প্রত্যেক ভাষায় প্রত্যেক খণ্ডের মূল্য ডাকমাসুলসমেত ৩১ টাকা অবধারিত করিয়া সর্ব্ব সাধারণ লোকের জ্ঞাতার্থে প্রকাশ নাইতেছি যে ক্রয়েচ্ছু মহাশয়গণ উক্ত পরিমাণ মূল্য পাঠাইলেই পাইবেন। যদি প্রত্যেক খণ্ডের মূল্য অল্প বিধায় পৃথক পাঠাইতে সুবিধা না হয় তবে ২।৪ ব্যক্তি একত্রে হুণ্ডীদ্বারা পাঠাইতে পারেন ইতি।

শ্রী মহম্মদ এস্ মাইল। উকীল সদর দেওয়ানী কলিকাতা।

[*Government Gazette*, 10th *May*, 1859.]

ইং ১৮৫৯ সালের ৮ আইন অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার কার্য্য নির্ব্বাহার্থে সিবিল প্রোসিডিয়র নাম যে নূতন আইন হইয়াছে তাহা বাঙ্গলা ভাষায় প্রস্তুত হইয়া মুদ্রাঙ্কিত হইতেছে। সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীযুক্ত বাবু মহেন্দ্রলাল মোমের নিকট পত্র পাঠাইলে পুস্তক পাওয়া যাইবেক।

সাক্ষরকারির প্রতি মূল্য ... ... ৩৲ তিন টাকা।
বিনা স্বাক্ষরকারির প্রতি ... ... ৪৲ চারি টাকা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১০ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে. সি. মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 17, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১৭ মে।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

The 30th April 1859.

The following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 29th April 1859, and is hereby promulgated for general information :—

Act No. X. of 1859.

An Act to amend the law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Preamble.]

Whereas it is expedient to re-enact with certain modifications the provisions of the existing law relative to the rights of ryots with respect to the delivery of pottahs and the occupancy of land, to the prevention of illegal exaction and extortion in connection with demands of rent, and to other questions connected with the same; to extend the jurisdiction of Collectors, and to prescribe rules for the trial of such questions, as well as of suits for the recovery of arrears of rent, and of suits arising out of the distraint of property for such arrears; and to amend the law relating to distraint, It is enacted as follows :—

[Laws repealed.]

I. The following Regulations and Acts and portions of Regulations and Acts are hereby repealed, except in so far as they repeal any other Regulation or Act, and except as to proceedings commenced before the date of this Act coming into force, namely—

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৩০ আপ্রিল।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারিকরা নীচের লিখিত আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৯ আপ্রিল তারিখে সম্মত হন। সেই আইন সকল লোকের জানিবার জন্যে ইহাতে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১০ আইন।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

পাট্টা পাইবার, ও জমী দখল করিবার বিষয়ে, ও খাজানা দাওয়া করণে জোর করিয়া ও ভয় দেখাইয়া বেআইনীমতে টাকা লওয়া নিবারণ করিবার বিষয়ে, ও তৎসম্পর্কীয় অন্য২ বিষয়ে রাইয়তেরদের যে অধিকার থাকে তাহার যে আইন এইক্ষণে চলন আছে, সেই আইনের কিয়ৎ কোন২ অংশে পরিবর্ত্ত করিয়া পুনর্ব্বার প্রবল করা বিহিত। ও কালেক্টর সাহেবেরদের এলাকা বৃদ্ধি করা, ও সেই২ কথার বিচার, ও বাকী খাজানা আদায় করিবার মোকদ্দমার, ও সেই বাকীর জন্যে সম্পত্তি ক্রোক হওয়াতে যে মোকদ্দমা হয় সেই মোকদ্দমার বিচার করিবার বিধি করা, ও ক্রোক করিবার আইন সংশোধন করা বিহিত। এই২ কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ হইল তাহা।]

১ ধারা। নীচের লিখিত আইন ও আক্‌ট এবং আইনের ও আক্‌টের নীচের লিখিত অংশ রদ হইয়াছে। কিন্তু তাহার যে কোন ধারাতে অন্য কোন আইন কি আক্‌ট রদ হয় সেই২ ধারা রদ হইবেক না, ও এই আইন জারী হইবার তারিখের পূর্ব্বে যে কোন মোকদ্দমার আরম্ভ হইয়াছে তাহার সম্পর্কে এই২ আইন কি আক্‌ট রদ হইবেক না। বিশেষতঃ

Regulation XVII. 1793 *(to empower landholders to distrain and sell the personal property of ryots &c.)*,

So much of Regulation IV. 1794 *(to determine disputes regarding the grant of pottahs to ryots &c.,)* as is still in force,

Regulation XXXV. 1795 *(for better enabling individuals to recover arrears of rent or revenue due to them)*,

Regulation XLV. 1795 *(to empower landholders in the Province of Benares to distrain &c.)*,

Sections IX. and X. Regulation LI. 1795 *(respecting ryotty pottahs in the Province of Benares)*,

Sections I. to XX. Regulation VII. 1799 *(to enable landholders to realize their rents with greater punctuality &c.)*,

Sections I. to XX. Regulation V. 1800 *(to enable landholders in the Province of Benares to realize their rents with greater punctuality &c.)*,

Regulation XXVIII. 1803 *(to empower landholders in the Ceded Provinces to distrain &c.)*,

Sections IX. and X. Regulation XXX. 1803 *(prescribing rules for the grant in the Ceded Provinces of pottahs to ryots &c.)*,

Section IV. Regulation II. 1805 *(to provide a limitation of time for certain suits &c.)*,

Section XIX. Regulation VIII. 1805 *(for extending certain Regulations to the Ceded and Conquered Provinces &c.)*,

Sections V. to XXIII. Regulation V. 1812 *(for amending some of the rules at present in force for the collection of the Land Revenue)*,

Sections XV. and XVI. Regulation XIX. 1817 *(for amending certain Regulations in force relative to process for recovery of arrears of rent)*,

Section XXVII. Regulation XX. 1817 *(relating to resistance to distraint for arrears of rent &c.)*,

Sections XVIII. and XIX. Regulation VIII. 1819 *(relating to Putnee Talooks and the system established for the collection of rents generally &c.)*,

Section IV. Regulation II. 1821 *(relating to the duties of City and Zillah Judges &c.)*,

Section XXII., and so much of Section XX. and the following Sections of Regulation VII. 1822 *(relating to the settlement of the Land Revenue in the Ceded Provinces and Cuttack*, as apply to suits for rent, to complaints of excessive demand or undue exaction of rent, or of the non-delivery of pottahs or receipts, to suits against agents for money or accounts, or to any other suits or complaints arising out of disputes between landholders or farmers and their under-tenants respecting the rent and occupancy of land,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৭ মে।

জমীদারদিগকে রাইয়তপ্রভৃতির অস্থাবর সম্পত্তি ক্রোক করিয়া বিক্রয় করিবার ক্ষমতা দিবার আইন নামে ১৭৯৩ সালের ১৭ আইন,

রাইয়তপ্রভৃতিকে পাট্টা দিবার বিষয়ে যে বিবাদ হয় তাহা নিষ্পত্তি করিবার আইন নামে, ১৭৯৯ সালের ৪ আইনের যে ভাগ এখন প্রবল আছে তাহা,

যে লোকেরদের কিছু খাজানা কি মালগুজারী পাওনা হয় তাহা তাহারদের আরো সহজে আদায় করিতে পারিবার আইন নামে, ১৭৯৫ সালের ৩১ আইন,

বারাণসী প্রদেশের জমীদারদিগকে ক্রোকপ্রভৃতি করিবার ক্ষমতা দিবার আইন নামে, ১৭৯৫ সালের ৪৫ আইন,

বারাণসী প্রদেশে রাইয়তী পাট্টার আইন নামে ১৭৯৫ সালের ৫১ আইনের ৯ ও ১০ ধারা,

জমীদারদিগকে ঠিক সময়মতে খাজানা আদায় প্রভৃতি করিতে পারিবার আইন নামে, ১৭৯৯ সালের ৭ আইনের ১ অবধি ২০ পর্য্যন্ত সকল ধারা,

বারাণসী প্রদেশের জমীদারদিগকে ঠিক সময়মতে খাজানা আদায়প্রভৃতি করিতে পারিবার আইন নামে, ১৮০০ সালের ৫ আইনের ১ অবধি ২০ পর্য্যন্ত সকল ধারা,

দত্ত দেশের জমীদারদিগকে ক্রোকপ্রভৃতি করিবার ক্ষমতা দিবার আইন নামে, ১৮০৩ সালের ২৮ আইন,

দত্ত দেশে রাইয়তপ্রভৃতিকে পাট্টা দিবার বিধি করিবার আইন নামে, ১৮০৩ সালের ৩০ আইনের ৯ ও ১০ ধারা,

কোন২ মোকদ্দমাপ্রভৃতির মিয়াদ নিরূপণ করিবার আইন নামে, ১৮০৫ সালের ২ আইনের ৪ ধারা,

দত্ত ও জয়করা দেশে কোন২ আইন খাটাইবার আইন নামে, ১৮০৫ সালের ৮ আইনের ১৯ ধারা,

ভূমির মালগুজারী তহসীলের বিষয়ে যে২ দাঁড়া এখন চলন আছে তাহার কোন২ দাঁড়া শুধরিবার আইন নামে, ১৮১২ সালের ৫ আইনের ৫ অবধি ২৩ পর্য্যন্ত সকল ধারা,

বাকী খাজানা আদায় করিবার মোকদ্দমাপ্রভৃতির এইক্ষণকার চলিত কতক আইন সংশোধন করিবার আইন নামে, ১৮১৭ সালের ১৯ আইনের ১৫ ও ১৬ ধারা,

বাকী খাজানাপ্রভৃতির নিমিত্তে ক্রোক করিবার বাধা করণের বিষয়ে ১৮১৭ সালের ২০ আইনের ২৭ ধারা,

পত্তনি তালুকের ও সাধারণমতে খাজানা আদায়ের যে নিয়ম স্থাপন হইয়াছে সেই নিয়মপ্রভৃতির আইন নামে, ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ও ১৯ ধারা,

জিলা ও শহরের জজ সাহেবপ্রভৃতির কর্ত্তব্য কর্ম্মের আইন নামে, ১৮২১ সালের ২ আইনের ৪ ধারা,

দত্ত দেশে ও কটক দেশে ভূমির মালগুজারীর বন্দোবস্তের আইন নামে, ১৮২২ সালের ৭ আইনের ২২ ধারা, ও খাজানার বাবৎ মোকদ্দমার উপর, ও অতিরিক্ত খাজানা দাওয়া করিবার কি অন্যায়মতে জোর করিয়া লইবার, কি পাট্টা কি কবজ না দিবার নালিশের উপর, ও টাকার কি হিসাবের বাবৎ গোমাশ্তারদের নামে যে মোকদ্দমা করা যায় তাহার উপর, কিম্বা খাজানা ও ভূমির দখল লইয়া জমীদারেরদের কি ইজারদারেরদের ও তাহারদের কোর্পা প্রজারদের মধ্যে বিবাদ হইলে তাহাতে অন্য যে কোন মোকদ্দমা কি নালিশ হয় তাহার উপর, সেই ৭ আইনের ২০ ধারার ও তাহার পর যত ধারার যে সকল কথা খাটে সেই সকল কথা,

Regulation XIV. 1824 *(for modifying the rules in force for referring to the Collectors summary suits in cases of arrear or exaction of rent)*,

Regulation VIII. 1831 *(for amending the existing provisions relative to the trial of summary suits and claims for arrears or exactions of rent)*,

Act I. of 1839 *(relating to the appointment of persons to sell property distrained for the recovery of arrears of rent)*,

Act X. of 1846 *(for regulating the proceedings in certain cases of distraint for arrears of rent)*, and

Act VIII. of 1848 *(to modify the provisions of Sections IX., X., XI., and XIII. of Regulation V. 1812 of the Bengal Code)*.

Sections XIV. and XV. Regulation IX. 1833 *for the more speedy decision of certain suits, and for enforcing the production of village accounts,)* so far as the same are applicable to the territories under the Government of the Lieutenant-Governor of Bengal, are also repealed.

Such parts of Regulation VIII. 1793 *(prescribing rules for the decennial settlement of the public Revenue in Bengal, Behar, and Orissa)*, and Regulation XXX. 1803, as relate to the adjudication of penaltics for the refusal of pottahs and receipts for rent and for the exaction of any sums as abwab or in excess of the amount specified in any engagements for the payment of rent, and such parts of Section XXVI. Act I. of 1845 *(to amend Act No. XII. of 1841, entitled "an Act for amending the Bengal Code in regard to sales of land for arrears of Revenue")*, as relate to the enhancement of rents and the ejectment of tenants by the purchaser of an estate sold for arrears of Government Revenue, are declared subject to the following modifications.

[Ryot entitled to a pottah.]

II. Every ryot is entitled to receive from the person to whom the rent of the land held or cultivated by him is payable, a pottah containing the following particulars:

The quantity of land; and where fields have been numbered in a Government survey, the number of each field.

The amount of annual rent.

The instalments in which the same is to be paid.

And any special conditions of the lease.

If the rent is payable in kind, the proportion of produce to be delivered, and the time and manner of delivery.

[Ryots holding land at fixed rates to receive pottahs.]

III. Ryots who, in the Provinces of Bengal, Behar, Orissa, and Benares, hold lands at fixed rates of rent, which have not been changed from the-time

[*Government Gazette, 17th May*, 1859.]

বাকী খাজানা কি খাজানা বলপূর্ব্বক লইবার সরাসরী মোকদ্দমা কালেক্টর সাহেবেরদের প্রতি অর্পণ করিবার যে২ বিধি চলন আছে তাহা মতান্তর করিবার আইন নামে, ১৮২৪ সালের ১৪ আইন,

সরাসরী মোকদ্দমার বিচার ও বাকী খাজানার কি খাজানা বলপূর্ব্বক লওয়া গেলে তাহার দাওয়ার বিচার করিবার যে বিধান এখন চলন আছে তাহা সংশোধন করিবার আইন নামে, ১৮৩১ সালের ৮ আইন,

বাকী খাজানা আদায়ের জন্যে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহা নীলাম করিবার লোকদিগকে নিযুক্ত করিবার আইন নামে, ১৮৩৯ সালের ১ আইন,

বাকী খাজানার নিমিত্তে কোন২ গতিকে দ্রব্যাদি ক্রোক করিবার নিয়ম করিবার আইন নামে, ১৮৪৬ সালের ১০ আইন, ও

বাঙ্গলা দেশের চলিত ১৮১২ সালের ৫ আইনের ৯ ও ১০ ও ১১ ও ১৩ ধারার বিধি মতান্তর করিবার আইন নামে, ১৮৪৮ সালের ৮ আইন, এই সকল রদ হইল।

কোন২ মোকদ্দমা আরো ত্বরায় নিষ্পত্তি করিবার ও গ্রামের হিসাব দাখিল করাইবার আইন নামে, ১৮৩৩ সালের ৯ আইনের ১৪ ও ১৫ ধারা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের কর্ত্তৃত্বের অধীন দেশের উপর যেপর্য্যন্ত খাটে সেই পর্য্যন্ত রদ হইল।

এবং বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের সরকারী মালগুজারীর দশশনী বন্দোবস্তের বিধি নির্দ্দিষ্ট করিবার আইন নামে, ১৭৯৩ সালের ৮ আইনের ও ১৮০৩ সালের ৩০ আইনের যে সকল কথাতে, পাট্টা ও খাজানার কবজ না দেওয়া গেলে, ও আবওয়াব বলিয়া কিম্বা খাজানা দিবার কোন কবুলিয়তে যত টাকা লেখা আছে তাহার অধিক জোর করিয়া লওয়া গেলে, জরীমানা করিবার হুকুম থাকে, সেই সকল কথা, ও সরকারের মালগুজারীর বাকীর নিমিত্তে যে২ মহালের নীলাম হয় তাহার খরীদারের দ্বারা খাজানা বৃদ্ধি করিবার ও রাইয়তদিগকে উঠাইয়া দিবার যে২ কথা "বাকী মালগুজারীর জন্যে ভূমির নীলাম করিবার বিষয়ে বাঙ্গলা দেশের চলিত আইন সংশোধন করিবার আইন নামে, ১৮৪১ সালের ১২ আইন সংশোধন করিবার আইন নামে" ১৮৫৫ সালের ১ আইনের ২৬ ধারাতে আছে সেই সকল কথা নীচের লিখিতমতে মতান্তর করা যাইবেক, ইহা প্রকাশ করা গেল।

[রাইয়তের পাট্টা পাইবার কথা।]

২ ধারা। কোন রাইয়ত যে জমী ভোগ কি চাষ করে, তাহার খাজানা যাঁহাকে দিতে হয় তাহার স্থানে সেই রাইয়তের পাট্টা পাইবার অধিকার থাকে। ঐ পাট্টাতে এই২ বিশেষ কথা লিখিতে হইবেক অর্থাৎ

যত জমী। ও সরকারের জরিপী কার্য্যমতে যদি ক্ষেত্রের নম্বর দেওয়া গিয়া থাকে, তবে এক২ ক্ষেত্রের নম্বর।

সালিয়ানা যত খাজানা।

যে২ কিস্তি করিয়া খাজানা দিতে হইবেক।

ও পাট্টার কোন বিশেষ নিয়ম থাকিলে তাহা।

খাজানার নগদ টাকা না দিয়া যদি শস্য দিবার করার হয়, তবে যত শস্য দিতে হইবেক ও যে সময়ে ও যে প্রকারে দিতে হইবেক তাহার কথা।

[যে রাইয়তেরা মোকররী নিরিখে ভূমি ভোগ করে তাহারদের পাট্টা পাইবার কথা।]

৩ ধারা। বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা ও বারাণসী প্রদেশে যে রাইয়তেরা খাজানার মোকররী নিরিখে, অর্থাৎ ইস্তমরারী বন্দোবস্তের সময়াবধি

of the permanent settlement, are entitled to receive pottahs at those rates.

[If rent of land be not changed for 20 years.]

IV. Whenever, in any suit under this Act, it shall be proved that the rent at which land is held by a ryot in the said Provinces, has not been changed for a period of twenty years before the commencement of the suit, it shall be presumed that the land has been held at that rent from the time of the permanent settlement, unless the contrary be shown, or unless it be proved that such rent was fixed at some later period.

[Ryots having right of occupancy but not holding at fixed rates, to receive pottahs.

V. Ryots having rights of occupancy, but not holding at fixed rates, as described in the two preceding Sections, are entitled to receive pottahs at fair and equitable rates. In case of dispute, the rate previously paid by the ryot shall be deemed to be fair and equitable, unless the contrary be shown in a suit by either party under the provisions of this Act.

[Right of occupancy of ryot cultivating or holding land for 12 years.]

VI. Every ryot who has cultivated or held land for a period of twelve years has a right of occupancy in the land so cultivated or held by him, whether it be held under pottah or not, so long as he pays the rent payable on account of the same; but this rule does not apply to khomar, necjote, or seer land belonging to the proprietor of the estate or tenure and let by him on lease for a term or year by year, nor (as respects the actual cultivator) to lands sublet for a term or year by year by a ryot having a right of occupancy. The holding of the father, or other person from whom a ryot inherits, shall be deemed to be the holding of the ryot within the meaning of this Section.

[Saving of terms of written contracts.]

VII. Nothing contained in the last preceding Section shall be held to affect the terms of any written contract for the cultivation of land entered into between a landholder and a ryot when it contains any express stipulation contrary thereto.

[Pottahs to which ryots not having rights of occupancy are entitled.]

VIII. Ryots not having rights of occupancy are entitled to pottahs only at such rates as may be agreed on between them and the persons to whom the rent is payable.

[Person granting pottah entitled to a counterpart engagement.]

IX. Every person who grants a pottah is entitled to receive from the person to whom the pottah is granted a kubooliyat or counterpart engagement in conformity with the terms of the pottah. The tender to any ryot of a pottah such as the ryot is entitled to receive shall be held to entitle the person to whom the rent is payable to receive a kubooliyat from such ryot.

পরিবর্ত্তন না হইয়া যে হারহারিতে জমী ভোগ করিয়া আসিতেছে, সেই হারহারিমতে তাহারদের পাট্টা পাইবার অধিকার আছে ইতি।

[২০ বৎসরঅবধি খাজানা পরিবর্ত্তন না হইলে তাহার কথা।]

৪ ধারা। এই আইনমতের কোন মোকদ্দমাতে যদি এই কথার প্রমাণ হয় যে, উক্ত প্রদেশের মধ্যে কোন রাইয়ত যে খাজানা দিয়া ভূমি ভোগ করিতেছে তাহা, ঐ মোকদ্দমা আরম্ভ করিবার পূর্ব্বের বিশ বৎসরঅবধি পরিবর্ত্তন হয় নাই, তবে ইস্তমরারী বন্দোবস্তের কালাবধি সেই খাজানা দিয়া সেই জমী ভোগ হইয়া আসিতেছে এমত অনুভব হইবেক। কেবল যদি তাহার বিপরীত কথা দর্শান যায়, কিম্বা ঐ বন্দোবস্ত হইবার পর কোন সময়ে ঐ খাজানা নির্দ্ধার্য্য হইয়াছে ইহার প্রমাণ যদি করা যায়, তবে ঐ অনুভব হইবেক না ইতি।

[যে রাইয়তেরা মোকররী নিরিখে জমী ভোগ না করিয়াও দখল করিবার অধিকার পায়, তাহারদের পাট্টা পাইবার কথা।]

৫ ধারা। যে রাইয়তেরদের দখল করিবার অধিকার আছে, কিন্তু ইহার পূর্ব্বের দুই ধারার নির্দ্দিষ্টমতে মোকররী নিরিখে খাজানা দিয়া ভোগ করে না, তাহারাও ন্যায্য ও উপযুক্ত হারহারিমতে পাট্টা পাইতে পারিবেক। ইহাতে যদি বিবাদ হয়, তবে রাইয়ত যে নিরিখে খাজানা দিয়া আসিতেছে তাহাই ন্যায্য ও উপযুক্ত জ্ঞান হইবেক। কেবল যদি এই ধারার বিধানমতে কোন পক্ষ মোকদ্দমা করিয়া ইহার বিপরীত দেখায়, তবে তদ্রূপ জ্ঞান হইবেক না ইতি।

[রাইয়ত ১২ বৎসরঅবধি জমী চাষ কি ভোগ করিলে তাহার দখল করিবার অধিকারের কথা।]

৬ ধারা। কোন রাইয়ত যদি বারো বৎসরঅবধি কোন জমী চাষ কি ভোগ করে, তবে সে পাট্টা পাইলে কি না পাইলেও, ঐ জমীর যে খাজানা দিতে হয় তাহা যত কাল দিয়া থাকে, তত কাল তাহার চাষকরা কি ভোগকরা সেই জমীতে দখলের অধিকার থাকে। কিন্তু জমীদারের কি তালুকদারের খামার কি নিজঘোত কি সেরী জমী মিয়াদী পাট্টাক্রমে কিম্বা সালিয়ানা করারে খাজানা করিয়া দেওয়া গেলে, তাহার উপর ঐ বিধি খাটিবেক না, কিম্বা দখল করিবার অধিকার যে রাইয়তের থাকে সে যদি কোন মিয়াদে কি সালিয়ানা করারে জমী খাজানা করিয়া দেয়, তবে প্রকৃত চাষির সম্পর্কে ঐ জমীর উপর ঐ বিধি খাটিবেক না। পিতার, কিম্বা অন্য যাহার উত্তরাধিকারী হইয়া রাইয়ত ভোগ করে তাহার সেই ভোগ, এই ধারার অর্থের মধ্যে ঐ রাইয়তেরই ভোগ জ্ঞান হইবেক ইতি।

[করার লিখিয়া দেওয়া গেলে, তাহার নিয়ম রক্ষা করিবার কথা।]

৭ ধারা। জমীদারের ও রাইয়তের মধ্যে যদি লেখাপড়া হইয়া ভূমির চাষ করিবার কোন করারদাদ থাকে, তবে তাহাতে ইহার পূর্ব্বের ধারার বিপরীত কোন নিয়ম সপ্রকারূপে থাকিলে সেই নিয়মের হানি ঐ ধারার কোন কথাতে হইবেক না ইতি।

[যে রাইয়তেরদের দখল করিবার অধিকার নাই তাহারা যে প্রকারের পট্টা পাইতে পরে তাহার কথা।]

৮ ধারা। যে রাইয়তেরদের দখল করিবার অধিকার নাই, তাহারদের খাজানা যাঁহাকে দিতে হয় তাঁহার সঙ্গে যে হারে খাজানার করারদাদ করে কেবল সেই হারে পাট্টা পাইতে পারিবেক ইতি।

[যাহারা পাট্টা দেয় তাহারদের কবুলিয়ৎ লইতে পারিবার কথা।]

৯ ধারা। কোন লোক যাহাকে পাট্টা দেয় তাহার স্থানে পাট্টার নিয়মের অনুযায়ি তাহার কবুলিয়ৎ লইবার অধিকার আছে। রাইয়ত যে প্রকারের পাট্টা পাইবার অধিকার রাখে তাহাকে সেই প্রকারের পাট্টা দিবার প্রস্তাব হইলে পর, তাহার খাজানা যাঁহাকে দিতে হয় সেই জন তাহার স্থানে কবুলিয়ৎ লইতে পারিবেন ইতি।

[Exactions in excess of rent or receipt withheld. Form of receipt.]

X. Every under-tenant or ryot, from whom any sum is exacted in excess of the rent specified in his pottah, or payable under the provisions of this Act, whether as abwab or under any other pretext, and every under tenant, ryot, or cultivator from whom a receipt is withheld for any sum of money paid by him as rent, shall be entitled to recover from the person receiving such rent damages not exceeding double the amount so exacted or paid. Receipts for rent shall specify the year or years on account of which the rent is acknowledged to have been paid; and any refusal to make such specification shall be held to be a withholding of a receipt.

[Landholder not to compel the attendance of tenant for adjustment of rent or for any other purpose. Payment of rent to be enforced only under this Act.]

XI. The power heretofore vested in Zemindars and other landholders of compelling the attendance of their tenants for the adjustment of their rents or for any other purpose is withdrawn, and all such persons are prohibited from adopting any means of compulsion for enforcing payment of the rents due to them other than are authorized by the provisions of this Act.

[Damages for extorting payment of rent by duress.]

XII. If payment of rent, whether the same be legally due or not, is extorted from any under-tenant or ryot by illegal confinement or other duress, such under-tenant or ryot shall be entitled to recover such damages, not exceeding in any case the sum of two hundred Rupees, as may be deemed a reasonable compensation for the injury done him by such extortion. An award of compensation under this Section shall not bar or affect any penalty or punishment to which the person practising such extortion may be subject by law.

[Enhancement of rent of ryot holding without, or after expiry &c. of written engagement.]

XIII. No under-tenant or ryot, who holds or cultivates land without a written engagement, or under a written engagement not specifying the period of such engagement, or whose engagement has expired, or has become cancelled in consequence of the sale for arrears of rent or revenue of the tenure or estate in which the land held cultivated, shall be liable to enhancement of rent otherwise than in accordance with the provisions of this Act.

[জমার অধিক টাকা লইবার কি কবজ না দিবার কথা ও কবজে যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

১০ ধারা। কোন কোর্পা প্রজার কি রাইয়তের পাট্টাতে যত খাজানা লেখা আছে, কিম্বা এই আইনের বিধানমতে তাহার যত দিতে হয়, তাহার অধিক কিছু টাকা যদি আবওয়াব বলিয়া কিম্বা অন্য কোন ছলে জোর করিয়া লওয়া যায়, ও কোর্পা প্রজা কি রাইয়ত কি চাষী খাজানা বলিয়া যে টাকা দিয়াছে তাহার কবজ যদি তাহাকে না দেওয়া যায়, তবে যত টাকা সেই প্রকারে জোর করিয়া লওয়া গেল, কিম্বা খাজানার যত টাকা দেওয়া গেল, তাহার দ্বিগুণপর্য্যন্ত টাকা সেই প্রজাপ্রভৃতি, খাজানা যাহার নিকটে দিতে হয় তাহার স্থানে ফিরিয়া পাইতে পারিবেক। যে সালের কি যে২ সালের খাজানার রসীদ দেওয়া যায় তাহা বিশেষ করিয়া ঐ কবজে লিখিতে হইবেক। তাহা বিশেষ করিয়া লিখিতে যদি স্বীকার না হয়, তবে কবজ না দেওয়ার তুল্য জ্ঞান হইবেক ইতি।

[জমীদার খাজানার হিসাবের নিকাশ দিবার জন্যে কিম্বা অন্য কোন কার্য্যের নিমিত্তে প্রজাকে হাজির করাইতে না পারিবার কথা, ও কেবল এই আইনমতে খাজানা উসুল করিবার কথা।]

১১ ধারা। খাজানার নিকাশ দিবার জন্যে, কিম্বা অন্য কোন কার্য্যের নিমিত্তে প্রজারদিগকে জোর করিয়া হাজির করাইবার যে ক্ষমতা জমীদারেরদের ও অন্য ভূম্যধিকারিদের এত কাল ছিল তাহা রহিত হইল, ও তাহারদিগকে নিষেধ করা যাইতেছে যে, এই আইনেতে খাজানা উসুল করিবার যে বিধি হইয়াছে তদ্ভিন্ন তাহারা জোরজবরের কোন উপায়ে আপনারদের পাওনা খাজানা উসুল না করে ইতি।

[প্রজাকে আটক করিয়া খাজানা উসুল করিলে জরীমানার কথা।]

১২ ধারা। খাজানা আইনমতে পাওনা হইলে কি না হইলে, কোর্পা প্রজাকে কি রাইয়তকে বেআইনীমতে কয়েদ করিয়া কি অন্য কোন প্রকারে আটক রাখিয়া যদি তাহার স্থানে খাজানার টাকা উসুল হয়, তবে সেই প্রকারে ভয় জন্মাইয়া টাকা লওয়াতে ঐ প্রজার কি রাইয়তের যত ক্ষতি হইয়াছে সেই ক্ষতিপূরণের যত টাকা উপযুক্ত বোধ হয় তত টাকা ঐ প্রজা কি রাইয়ত নালিশ করিয়া পাইতে পারিবেক। কিন্তু দুই শত টাকার অধিক কখন পাইতে পারিবেক না। এই ধারামতে ক্ষতিপূরণের টাকা দিবার হুকুম হইলেও, যে লোক ভয় দেখাইয়া সেই প্রকারে টাকা লইয়াছে তাহার অন্য যে জরীমানা কি দণ্ড আইনমতে হইতে পারে তাহা হইবার কিছু বাধা কি আটক থাকিবেক না ইতি।

[বিনাকবুলিয়তে কিম্বা কবুলিয়তের মিয়াদ অতীত হইলে, রাইয়তের দখলে জমী থাকিলে, তাহার খাজানা বৃদ্ধি করিবার কথা।]

১৩ ধারা। যদি কোন কোর্পা প্রজা কি রাইয়ত কবুলিয়তবিনা কিম্বা বেমিয়াদী কবুলিয়তমতে জমী ভোগ করে কি চাষ করে কিম্বা যদি মিয়াদ ফুরাইয়াছে, কিম্বা তাহার দখলকরা কি চাষকরা জমী যে তালুকে কি জমীদারীতে থাকে তাহা বাকী খাজানার কি মালগুজারীর নিমিত্তে নীলাম হওয়াতে যদি তাহার পাট্টা বাতিল

vated by him is situate, and has not been renewed, shall be liable to pay any higher rent for such land than the rent payable for the previous year, unless a written notice shall have been served on such under-tenant or ryot, in or before the month of Cheit, specifying the rent to which he will be subject for the ensuing year, and the ground on which an enhancement of rent is claimed. Such notice shall be served by order of the Collector on the application (which may be on plain paper) of the person to whom the rent is payable, and shall, if practicable, be served personally on the under-tenant or ryot. If for any reason the notice cannot be served personally upon the under-tenant or ryot, it shall be affixed at his usual place of residence, or if he have no such place of residence in the District in which the land is situate, the mode of service of such notice shall be by affixing it at the Mal cutcherry of such land or other conspicuous place thereon, or at the village Chowree or Chowpal or at some other conspicuous place in the village in which the land is situate.

[Mode of contesting enhancement of rent.]

XIV. Any under-tenant or ryot, on whom such notice as aforesaid has been served, may contest his liability to pay the enhanced rent demanded of him, either by complaint of excessive demand of rent as hereinafter provided, or in answer to any suit preferred against him for recovery of arrears of the enhanced rent.

[Dependent talookdar &c. holding land at fixed rent without change since permanent settlement not liable to enhancement of rent.]

XV. No dependent talookdar or other person possessing a permanent transferable interest in land, intermediate between the proprietor of an estate and the ryots, who, in the Provinces of Bengal, Behar, Orissa, and Benares, holds his talook or tenure (otherwise than under a terminable lease) at a fixed rent, which has not been changed from the time of the permanent settlement, shall be liable to any enhancement of such rent, anything in Section LI. Regulation VIII. 1793, or in any other law, to the contrary notwithstanding.

[Rent of talookdar &c., not changed for twenty years to be *primâ facie* evidence of occupancy at that rent since permanent settlement.]

XVI. Whenever, in any suit under this Act, it shall be proved that the rent at which a talook or other tenure is held in the said Provinces has not been changed for a period of twenty years before the commencement of the suit, it shall be presumed that such talook or tenure has been held at that

হয় ও নূতন পাট্টা লওয়া যায় নাই, তবে সেই জমীর নিমিত্তে তাহার পূর্ব্ব সালে যত খাজানা দিতে হইয়াছিল তাহার অধিক খাজানা দিতে হইবেক না। কিন্তু তৎপরের সালে তাহার যত খাজানা দিতে হইবেক ও যে কারণে জমাবৃদ্ধির দাওয়া হয়, এই কথার লিখিত এক এত্তেলা চৈত্র মাসের মধ্যে কি তাহার আগে ঐ কোর্পা প্রজাকে কি রাইয়তকে দেওয়া গেলে, তাহার খাজানা বৃদ্ধি হইতে পারিবেক। যে জনের নিকটে খাজানা দিতে হয় সেই জন কালেক্টর সাহেবকে দরখাস্ত দিলে (সেই দরখাস্ত শাদা কাগজে লেখা যাইতে পারে,) ঐ এত্তেলা কালেক্টর সাহেবের হুকুমমতে জারী হইবেক, ও যদি হইতে পারে তবে নিজ সেই কোর্পা প্রজার কি রাইয়তের উপর এত্তেলা জারী হইবেক। কিন্তু যদি কোন কারণে ঐ কোর্পা প্রজার কি রাইয়তের উপর এত্তেলা জারী হইতে না পারে, তবে সে নিয়ত যে স্থানে বাস করে সেই স্থানে এত্তেলা লট্‌কাইয়া দেওয়া যাইবেক, কিম্বা জমী যে জিলাতে আছে সেই জিলার মধ্যে তাহার সেই প্রকারের বাসস্থান না থাকিলে, সেই এত্তেলা ঐ জমীর মাল কাছারীতে কিম্বা তাহার অন্য প্রকাশ স্থানে কিম্বা গ্রামের চৌরীতে কি চৌপালে কিম্বা জমী যে গ্রামে থাকে সেই গ্রামের অন্য কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া জারী হইবেক ইতি।

[খাজানা বৃদ্ধি হইলে তাহার উপর আপত্তি করিবার নিয়মের কথা।]

১৪ ধারা। যে কোন কোর্পা প্রজার কি রাইয়তের উপর সেই প্রকারের এত্তেলা জারী হয়, তাহার স্থানে যে অধিক খাজানার দাওয়া হয় তাহা তাহার দিতে হয় কি না এই কথা সেই প্রজাপ্রভৃতি এই প্রকারে আদালতে নিষ্পত্তি করাইতে পারিবেক, অর্থাৎ অতিরিক্ত খাজানার দাওয়া হইয়াছে বলিয়া ইহার পরের লিখিত বিধানমতে নালিশ করিয়া, অথবা ঐ অধিক খাজানার বাকীর বাবৎ তাহার নামে কোন মোকদ্দমা হইলে সেই মোকদ্দমাতে জওয়াব করিয়া, ঐ কথা নিষ্পত্তি করাইতে পারিবেক ইতি।

[পেটীও তালুকদারপ্রভৃতি যে লোকেরা ইস্তমরারী বন্দোবস্তের কালাবধি পরিবর্ত্তন না হইয়া মোকররী খাজানাতে জমী ভোগ করে, তাহারদের খাজানা বৃদ্ধি না হইবার কথা।]

১৫ ধারা। ভূমিতে যে সম্পর্ক হস্তান্তর করা যাইতে পারে তদ্রূপ চিরকালীন সম্পর্ক যাহার থাকে এমত কোন মফঃসলী তালুকদার, কিম্বা মহালের জমীদারের ও রাইয়তের মধ্যস্থলের অন্য লোক, যদি বাঙ্গলা কি বেহার কি উড়িষ্যা কি বারাণসী প্রদেশে, যে পাট্টা বাতিল হইতে পারে তাহা ছাড়া অন্য প্রকারের পাট্টায় মোকররী খাজানা দিয়া আপনার তালুক কি জমী ভোগ করে, ও সেই খাজানা ইস্তমরারী বন্দোবস্তের কালাবধি যদি পরিবর্ত্তন হয় নাই, তবে সেই তালুকদারপ্রভৃতির ঐ খাজানার কিছুই বৃদ্ধি হইতে পারিবেক না। ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারাতে কিম্বা অন্য কোন আইনে ইহার বিপরীত কোন কথা থাকিলেও পারিবেক না ইতি।

[তালুকদারপ্রভৃতির খাজানা বিশ বৎসরঅবধি পরিবর্ত্তন না হইলে, ইস্তমরারী বন্দোবস্তের কালাবধি সেই খাজানাতে দখল হইতেছে, ইহার আপাততঃ প্রমাণ হইবার কথা।]

১৬ ধারা। এই আইনমতের কোন মোকদ্দমাতে যদি এই কথার প্রমাণ হয় যে, উক্ত প্রদেশের কোন তালুক কি অন্য জমী যে খাজানা দিয়া ভোগ হইতেছে তাহা ঐ মোকদ্দমার আরম্ভ হইবার পূর্ব্বে বিশ বৎসরঅবধি পরিবর্ত্তন হয় নাই, তবে সেই তালুক কি জমী ইস্তমরারী বন্দোবস্তের কালাবধি সেই খাজানাতে

rent from the time of the permanent settlement, unless the contrary be shown, or it be proved that such rent was fixed at some later period.

[Grounds on which ryot having right of occupancy is liable to enhanced rent.]

XVII. No ryot having a right of occupancy shall be liable to an enhancement of the rent previously paid by him except on some one of the following grounds, namely :—

[That the rate paid by him is below that prevailing in adjacent places.]

That the rate of rent paid by such ryot is below the prevailing rate payable by the same class of ryots for land of a similar description and with similar advantages in the places adjacent.

[That the value of the land &c. has increased independently of the ryot.]

That the value of the produce or the productive powers of the land have been increased otherwise than by the agency or at the expense of the ryot.

[That the quantity of land held by the ryot is greater than he has paid rent for.]

That the quantity of land held by the ryot has been proved by measurement to be greater than the quantity for which rent has been previously paid by him.

[When ryot may claim abatement of rent.]

XVIII. Every ryot having a right of occupancy shall be entitled to claim an abatement of the rent previously paid by him, if the area of the land has been diminished by diluvion or otherwise, or if the value of the produce or the productive powers of the land have been decreased by any cause beyond the power of the ryot, or if the quantity of land held by the ryot has been proved by measurement to be less than the quantity for which rent has been previously paid by him.

[Relinquishment of land by ryot after notice given.]

XIX. Any ryot who desires to relinquish the land held or cultivated by him, shall be at liberty to do so, provided he gives notice of his intention in writing to the person entitled to the rent of the land or his authorised agent in or before the month of Cheit of the year preceding that in which the relinquishment is to have effect. If he fail to give such notice, and the land is not let to any other person, he shall continue liable for the rent of the land. If the person entitled to the rent of the land or his agent refuse to receive any such notice and to sign a receipt for the same, the ryot may make an application on plain paper to the Collector who shall thereupon cause the notice to be served on such person or his agent in the manner provided in Section XIII.

[What to be deemed an arrear of rent under this Act.]

XX. Any instalment of rent which is not paid

ভোগ হইতেছে এমত অনুভব হইবেক। কেবল তাহার বিপরীত কথা দর্শান গেলে, কিম্বা ঐ বন্দোবস্তের কালের পরে ঐ জমা নির্দ্ধার্য্য হইয়াছিল ইহার প্রমাণ করা গেলে, ঐ অনুভব হইবেক না ইতি।

[দখল করিবার অধিকার যে রাইয়তের থাকে তাহার খাজানা যে২ কারণে বৃদ্ধি হইতে পারে তাহার কথা।]

১৭ ধারা। দখল করিবার অধিকার যে রাইয়তের থাকে, সে যে খাজানা দিয়া আসিতেছে তাহার বৃদ্ধি ইহার পরের লিখিত কোন কারণ ব্যতীত অন্য কারণে হইতে পারিবেক না। অর্থাৎ,

[যে খাজানা দিতেছে তাহা চৌহদ্দি জমীর খাজানার কম আছে এই কারণে।]

ঐ রাইয়ত যে খাজানা দেয়, চারি দিগের সেই প্রকারের, ও চাষাদি করিবার সমানরূপে উপযুক্ত জমীর নিমিত্তে সেই শ্রেণীর রাইয়তেরা যত দেয়, তাহার কম দিয়া থাকে এই কারণে।]

[রাইয়তের সাহায্য ব্যতিরেকে জমীপ্রভৃতির মূল্য বৃদ্ধি হইয়াছে এই কারণে।]

রাইয়তের পরিশ্রমে কিম্বা তাহার খরচে না হইয়া, জমীর মূল্য বৃদ্ধি হইয়াছে, কিম্বা জমীর শস্য উৎপন্ন করিবার শক্তি বৃদ্ধি হইয়াছে, এই কারণে।

[রাইয়ত যত জমীর খাজানা দিয়া আসিতেছে তাহার অধিক জমী ভোগ করে এই কারণে।]

রাইয়ত যত জমীর খাজানা পূর্ব্বে দিয়াছে তাহার মাপ হইয়া প্রমাণ হইল যে, অধিক জমী ভোগ করিতেছে এই কারণে।

[খাজানার কম হইবার দাওয়া রাইয়ত যে স্থলে করিতে পারে তাহার কথা।]

১৮ ধারা। দখল করিবার অধিকার যাহার থাকে এমত কোন রাইয়তের জমী যদি নিকষীপ্রভৃতির দ্বারা কম হইয়াছে, কিম্বা রাইয়তের অনিবার্য্য কোন কারণে জমীর শস্যের মূল্য কিম্বা শস্য উৎপন্ন করিবার শক্তি কম হইয়াছে, কিম্বা যত জমীর খাজানা আগে দিত তাহার কম জমী ভোগ করিতেছে জমীর মাপ হইয়া ইহার প্রমাণ যদি হয়, তবে যত খাজানা আগে দিত তাহার কম করা যাইবার দাওয়া করিতে তাহার অধিকার থাকিবেক ইতি।

[রাইয়তের এত্তেলা দিয়া জমী ছাড়িয়া দিবার কথা।]

১৯ ধারা। কোন রাইয়ত যে জমী ভোগ করে কি চাষ করে তাহা যদি ছাড়িয়া দিতে চাহে, তবে যে সালে ঐ জমী ছাড়িবেক সেই সালের পূর্ব্বের চৈত্র মাসে কি তাহার আগে আপনার মনস্থের এত্তেলা ঐ ভূমির খাজানা লইবার অধিকার যাহার থাকে তাহার নিকটে, কিম্বা তাহার ক্ষমতাপ্রাপ্ত গোমাশ্‌তার নিকটে লিখিয়া দিলে, ছাড়িয়া দিতে পারিবেক। যদি সেই প্রকারের এত্তেলা না দেয়, ও সেই জমী যদি অন্য কোন লোককে খাজানা করিয়া না দেওয়া যায়, তবে সেই রাইয়ত ঐ ভূমির খাজানার দায়ী থাকিবেক। ঐ ভূমির খাজানা লইবার অধিকার যাহার থাকে সেই জন কিম্বা তাহার গোমাশ্‌তা যদি সেই প্রকারের কোন এত্তেলা গ্রাহ্য না করে, ও তাহা পাইয়াছে বলিয়া রসীদ না দেয়, তবে সেই রাইয়ত কালেক্টর সাহেবের নিকটে শাদা কাগজে দরখাস্ত করিতে পারিবেক। তাহাতে কালেক্টর সাহেব ১৩ ধারার লিখিত বিধিমতে ঐ লোকের উপর কিম্বা তাহার গোমাশ্‌তার উপর ঐ এত্তেলা জারী করাইবেন ইতি।

[এই আইনমতে যাহা বাকী খাজানা বলিয়া জ্ঞান হইবেক তাহার কথা।]

২০ ধারা। খাজানার কোন কিস্তি পাট্টা কি কবু-

on or before the day when the same is payable according to the pottah or engagement, or, if there be no written specification of the time of payment, at or before the time when such instalment is payable according to established usage, shall be held to be an arrear of rent under this Act, and unless otherwise provided by written agreement, shall be liable to interest at twelve per centum per annum.

[Liability of ryot to be ejected for arrear due. Proviso.]

XXI. When an arrear of rent remains due from any ryot at the end of the Bengal year or at the end of the month of Jeth of the Fusly or Willayutee year as the case may be, such ryot shall be liable to be ejected from the land in respect of which the arrear is due. Provided that no ryot, having a right of occupancy or holding under a pottah the term of which has not expired, shall be ejected otherwise than in execution of a decree or order under the provisions of this Act.

[Liability of farmer to have his lease cancelled for arrear adjudged due. Proviso.]

XXII. When an arrear of rent shall be adjudged to be due from any farmer or other lease-holder not having a permanent or transferable interest in the land, the lease of such lease-holder shall be liable to be cancelled, and the lease-holder to be ejected. Provided that no such lease shall be cancelled nor the lease-holder ejected otherwise than in execution of a decree or order under the provisions of this Act.

[Cognizance of suits under this Act.]

XXIII. 1. All suits for the delivery of pottahs or kubooliyets or for the determination of the rates of rent at which such pottahs or kubooliyets are to be delivered;

2. All suits for damages on account of the illegal exaction of rent or of any unauthorized cess or impost, or on account of the refusal of receipts for rent paid, or on account of the extortion of rent by confinement or other duress;

3. All complaints of excessive demand of rent, and all claims to abatement of rent;

4. All suits for arrears of rent due on account of land either kherajee or lakheraj, or on account of any rights of pasturage, forest-rights, fisheries, or the like;

5. All suits to eject any ryot or to cancel any lease on account of the non-payment of arrears of rent, or on account of a breach of the conditions of any contract by which a ryot may be liable to ejectment or a lease may be liable to be cancelled;

6. All suits to recover the occupancy or possession of any land, farm, or tenure, from which a

লিয়ৎমতে যে দিনে দিতে হয়, সেই দিনে কি তাহার আগে না দেওয়া গেলে এই আইনমতে বাকী জান হইবেক। যদি কিস্তির টাকা দিবার কোন সময় নিরূপণ না থাকে, তবে সেই কিস্তির টাকা দস্তুরমতে যে সময়ে দিতে হয় সেই সময়ে কি তাহার আগে না দেওয়া গেলে এই আইনমতে বাকী জান হইবেক, ও লিখিত বন্দোবস্ত হইয়া অন্য প্রকারের বিধি না হইলে, ঐ বাকীর উপর বৎসরে শতকরা ১২৲টাকার হিসাবে সুদ চলিবেক ইতি।

[বাকীর নিমত্তে রাইয়তকে বেদখল করা যাইতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

২১ ধারা। বাঙ্গলা সনের শেষে, অথবা বিষয়বিশেষে ফসলী কি বিলায়তী সনের জ্যৈষ্ঠ মাসের শেষে যদি কোন রাইয়তের স্থানে খাজানা পাওনা থাকে, তবে যে জমীর খাজানা বাকী পড়ে সেই জমীহইতে ঐ রাইয়তকে বেদখল করা যাইতে পারিবেক। কিন্তু যদি রাইয়ত পাট্টা পাইয়া দখল কি ভোগ করিবার অধিকার পায়, তবে সেই পাট্টার মিয়াদ না ফুরাইলে তাহাকে এই আইনের বিধানমতে আদালতের ডিক্রী কি হুকুম জারী বিনা অন্য প্রকারে বেদখল করা যাইতে পারিবেক না ইতি।

[ইজারদারের টাকা আদালতের বিচারমতে বাকী প্রকাশ হইলে, তাহার ইজারা বাতিল হইতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

২২ ধারা। কোন ইজারদারের স্থানে, কিম্বা চিরস্থালীন সম্পর্কে কি যাহা হস্তান্তর করা যাইতে পারে তদ্রূপ সম্পর্কে জমীতে যাহার না থাকে, এমত অন্য পাট্টাদারের স্থানে খাজানা পাওনা আছে, আদালতে এইরূপ নিষ্পত্তি হইলে, সেই পাট্টাদারের পাট্টা বাতিল হইতে পারিবেক ও সেই পাট্টাদারকে বেদখল করা যাইতে পারিবেক। পরন্তু এই আইনের বিধানমতে আদালতের ডিক্রী কি হুকুম জারী না হইয়া অন্য কোন প্রকারে ঐ পাট্টা বাতিল হইবেক না, কি পাট্টাদারকে বেদখল করা যাইবেক না ইতি।

[এই আইনমতে যে মোকদ্দমার বিচার হইবেক তাহার কথা।]

২৩ ধারা।—১ প্রকরণ। পাট্টা কি কবুলিয়ৎ পাইবার জন্যে সকল মোকদ্দমার, ও খাজানার যে হারহারী ধরিয়া পাট্টা কি কবুলিয়ৎ করিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করিবার সকল মোকদ্দমার বিচার, ও

২ প্রকরণ।—খাজানা, কিম্বা যাহা লইবার অনুমতি নাই এমত কোন আবওয়াব কি চাঁদা বেআইনীমতে জোর করিয়া লওয়া যায় বলিয়া, কিম্বা যে খাজানা দেওয়া গেল তাহার রসিদ দেওয়া যায় নাই বলিয়া, কিম্বা কয়েদ করিয়া কি অন্য প্রকারে আটক করিয়া ভয় দেখাইয়া খাজানা লওয়া গেল বলিয়া, ক্ষতিপূরণের সকল মোকদ্দমার বিচার, ও

৩ প্রকরণ।—অতিরিক্ত জমার দাওয়া হইল বলিয়া নালিশের, ও খাজানা কম করিবার সকল দাবীর বিচার, ও

৪ প্রকরণ।—খেরাজী কি লাখেরাজ জমীর নিমিত্তে কিম্বা চরাণী জমীর কি বনকর কি জলকরপ্রভৃতির নিমিত্তে যে খাজানা বাকী পড়ে তাহার সকল মোকদ্দমার বিচার, ও

৫ প্রকরণ।—বাকী খাজানা দেওয়া যায় নাই বলিয়া, কিম্বা করারের কোন নিয়ম লঙ্ঘন হওয়াতে রাইয়তকে বেদখল করা যাইতে পারে কি পাট্টা বাতিল হইতে পারে বলিয়া কোন রাইয়তকে বেদখল করিবার, কিম্বা পাট্টা বাতিল করিবার সকল মোকদ্দমার বিচার, ও

৬ প্রকরণ।—কোন জমীর কি ইজারার কি তালুকের জমা পাইবার অধিকার যাহার থাকে সেই জন সেই

ryot, farmer, or tenant has been illegally ejected by the person entitled to receive rent for the same;

7. All suits arising out of the exercise of the power of distraint conferred on Zemindars and others by Sections CXII. and CXIV. of this Act, or out of any acts done under color of the exercise of the said power as hereinafter particularly provided;

shall be cognizable by the Collectors of land revenue and shall be instituted and tried under the provisions of this Act and, except in the way of appeal as provided in this Act, shall not be cognizable in any other Court or by any other Officer or in any other manner.

[To be continued.]

HOME DEPARTMENT.

No. 707.

Fort William, the 4th April, 1859.

[Continued from page 284.]

SCHEDULE.

FORM A.

Ordinary Agricultural Laborers.

I *(name and designation)* request the Protector of Immigrants to take the steps required by Law and Regulations for obtaining for me from the Presidency of the number of Immigrants for agricultural purposes to be employed in the District of

I undertake to pay to each Immigrant who shall engage with me in virtue of this requisition the wages and allowances upon the Government scale at the time of engagement, *(or* the wages and allowances following, *viz., as the case may be)*

Proper lodging and medical care to be also furnished by me to each of the said Immigrants.

(If a Special Agent is to be employed the following will be added:)

I name my Special Agent and Recruiter of Immigrants in India.

A. B.,
Applicant's Signature.

The above requisition lodged with me, this day of 185 .

G. H.,
Protector of Immigrants, Mauritius.

Artisans and other skilled Laborers.

I *(name and designation)* request the Protector of Immigrants to take the steps required by Law and Regulations for obtaining for me from the Presidency of to be em-

জমীপ্রভৃতিহইতে কোন রাইয়তকে কি ইজারদারকে কি অন্য লোককে বেআইনীমতে বেদখল করিলে ঐ রাইয়তপ্রভৃতির সেই জমীর কি ইজারার কি তালুকের ভোগ কি দখল পুনরায় পাইবার সকল মোকদ্দমার বিচার, ও

৭ প্রকরণ।—ক্রোক করিবার যে ক্ষমতা এই আইনের ১১২ ও ১১৪ ধারাক্রমে জমীদারদিগকে ও অন্য লোকদিগকে দেওয়া গেল সেই ক্ষমতামতে, কিম্বা ইহার পরে যেমন বিশেষমতে বিধান হইল তেমনি সেই ক্ষমতামতে কার্য্য করিবার ছলে তাহারা যে কোন কার্য্য করে, সেই কার্য্যপ্রযুক্ত সকল মোকদ্দমার বিচার

ভূমির রাজস্বের কালেক্টর সাহেব করিবেন। সেই সকল মোকদ্দমা এই আইনের বিধানমতে উপস্থিত করা যাইবেক ও তাহার বিচার হইবেক। অন্য কোন আদালতে কি অন্য কোন কার্য্যকারকের দ্বারা কি অন্য কোন প্রকারে বিচার হইবেক না, কেবল এই আইনের বিধানমতে আপীল হইলে অন্য আদালতে হইতে পারিবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে দেওয়া যাইবেক।]

দেশীয় ডিপার্টমেণ্ট

৭০৭ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৪ আপ্রিল।

[২৮৪ পৃষ্ঠহইতে চলিতেছে।]

তফসীল।

A চিহ্নের পাঠ।

সামান্য কৃষাণেরদের নিমিত্তে আদেশপত্র।

আমি (নাম ও খ্যাতিপ্রভৃতি) মরিচ উপদ্বীপে আগমনশীল মজুরপ্রভৃতির রক্ষক সাহেবকে এই আদেশ করিতেছি যে, অমুক জিলাতে ক্ষেত্রের কর্ম্ম করিবার জন্যে এত জন মজুরকে অমুক রাজধানীহইতে আমার নিমিত্তে আনাইয়া দেন, ও তাহার জন্যে আইন ও বিধানমতে যে সকল কর্ম্ম করিতে হয় তাহা করেন।

এই আদেশমতে যত জন মজুর আমার নিকটে কর্ম্ম করিতে করার করে তাহারদিগকে, ঐ করার করিবার সময়ে গবর্ণমেণ্টের বেতনের যে নিরিখ থাকে সেই নিরিখমতে (কিম্বা বিষয়বিশেষে নীচের লিখিত ফর্দ্দমতে) বেতন ও উপরি খরচ দিতে প্রতিজ্ঞা করি।

আরো উক্ত মজুরেরদের এক২ জনকে আমি বাস করিবার উপযুক্ত স্থান দিব ও তাহার চিকিৎসারি হইবার উপযুক্ত নিয়ম করিব।

(যদি বিশেষ এজেণ্টকে নিযুক্ত করিতে হইবেক তবে এই কথাও লিখিবেন।)

ভারতবর্ষে আমার নিমিত্তে মজুরদিগকে খুজিয়া পাঠাইবার জন্যে অমুককে আমার বিশেষ এজেণ্ট স্বরূপে মনোনীত করিলাম।

অমুক।

আদেশপত্র লেখকের দস্তখৎ।

ঐ আদেশপত্র অদ্য আমার নিকটে গচ্ছিত হয়। সাল তাং।

অমুক।

মরিচ উপদ্বীপে আগমনশীল মজুরপ্রভৃতির রক্ষক।

কর্ম্মকারপ্রভৃতি নিপুণ লোকেরদের নিমিত্তে আদেশপত্র।

আমি (নাম ও খ্যাতিপ্রভৃতি) মরিচ উপদ্বীপে আগমনশীল মজুরপ্রভৃতির রক্ষক সাহেবকে এই আদেশ করিতেছি যে, অমুক জিলাতে নীচের লিখিত বেতন ও উপরি খরচমতে নীচের লিখিত কর্ম্ম করিবার নি-

ployed in the District of the number of Immigrants for the employments and at the monthly rate of wages and allowances following, *viz*:—

(Number) Carpenters at the wages of *(lowest rate offered)* to *(highest rate offered.)*
(Do.) Masons of *(do)* to *(do.)*
(Do.) Grooms of *(do.)* to *(do.)*

(and so on with regard to other skilled laborers required.)

(If only one rate is offered the same to be stated.)

Allowances *(if any, to be specified at length.)*

Proper lodging and medical treatment to be also furnished by me to each of the said Immigrants.

I undertake to pay and provide to each Immigrant who shall engage to me in virtue of this requisition the wages which shall be agreed on in India with him at the rates (or within the limits) above-mentioned, and also the allowances above stated.

(If a Special Agent is to be employed, the following will be added :)

I name my Special Agent and Recruiter of Immigrants in India.

A. B.,
Applicant's Signature.

The above requisition lodged with me, this day of 185 .

G. H.
Protector of Immigrants, Mauritius.

FORM B.

A. B. of and C. D. of jointly and severally promise and bind themselves towards the Protector of Immigrants on behalf of the Government of Mauritius, as follows :

The said A. B. having this day made requisition under the provisions of Ordinance No. 30 of 1858, for Indian Immigrants, hereby undertakes to accept that number or any lesser number that may be introduced, pursuant to his requisition —the said A. B. and C. D. bind themselves jointly and severally to pay all expenses attendant upon the introduction of such Immigrants, and of the proportion of females by Regulation required to accompany them, including in such expenses of introduction the cost of maintenance of such Immigrants at the rate of six pence per diem for each Immigrant from the date of landing until the date of leaving the Depôt to enter on the service of the said A. B. The said A. B. and C. D. promise to pay to the Protector of Immigrants all such expenses of introduction upon the said Immigrants being handed over to the said A. B. engaged to him under a binding Contract to be made with them in India, such payment to be exigible previous to their leaving the Depôt.

In default of the said A. B. claiming and engaging such Immigrants within seven clear days after they shall have been landed at the Depôt, the said A. B. and C. D. bind themselves to pay to the Protector of Immigrants seven shillings for each Immigrant as his cost of maintenance during the interval between his arrival at the Depôt and his entering on service ; and in case of such default and of any of the said Immigrants electing to be free from their engagement, the said A. B. and C. D. do further bind themselves, as aforesaid, to pay to the Protector one half of the expense of introducing the Immigrants, so electing and of the proportion of females accompanying them.

The said A. B. and C. D. hereby consent that the certificate of the Protector of Immigrants shall be conclusive evidence against them in all Courts and places of the amount chargeable against them in respect of the said expenses of introduction, or of the costs of their maintenance, as the case may be.

To be written by each of the obligants in his own name. Approved A. B. Approved C. D.

If they or either of them cannot write, they or he shall sign by mark in presence of one witness subscribing.

The above bond signed in my presence and deposited with me this day of 185 .

T. H.,
Protector of Immigrants.

FORM C.

This is to certify that *(name of Special Agent)* is hereby licensed to recruit Emigrant laborers for *(employer's name and designation)* in Mauritius in conformity with the Regulations published and to be published from time to time regarding such recruiting. This license is granted from the to the inclusive, and upon the express understanding and condition that the said Agent is to be under the direction and control of myself and my successors in office in all matters relating to such recruiting, and that we shall have full power to suspend or withdraw this license, if he shall not conduct himself in the premises to our satisfaction.

(Date)

A. B.,
Emigration Agent at for Government of Mauritius.

FORM D.

We, the undersigned Immigrants from to Mauritius hereby engage to serve *(employer's name and addition)* as on the estate of

মিত্তে নীচের লিখিত হিসাবমতে কর্ম্মকারকদিগকে অমুক রাজধানীহইতে আমার নিমিত্তে আনাইয়া দেন ও তাহার জন্যে আইন ও বিধানমতে যে সকল কর্ম্ম করিতে হয় তাহা করেন।

ছুতার এত জন। বেতন এত টাকার কম নয় এত টাকার অধিক নয়।
রাজ এত জন। ঐ ঐ।
সহিস এত জন। ঐ ঐ।
ইত্যাদি অন্যান্য লোকেরদের কথা।

(যদি কিছু কমবেশ না হইয়া এত টাকা বেতন নির্দ্ধারিত হয় তবে তাহা লিখিতে হইবেক।)

উপরি খরচ [কিছু দিতে হইলে তাহা বিশেষ করিয়া লিখিতে হইবেক।]

আরো উক্ত কর্ম্মকারকেরদের একং জনকে আমি বাস করিবার উপযুক্ত স্থান দিব ও তাহার চিকিৎসাদি হইবার উপযুক্ত নিয়ম করিব।

এই আদেশপত্রমতে যাহারা আমার নিকটে কর্ম্ম করিতে করার করে, তাহারদিগকে যে হিসাবে বেতন দিবার নিয়ম ভারতবর্ষে তাহারদের সঙ্গে করা যায় সেই হিসাবে (কিম্বা পূর্ব্বোক্তমতে যত টাকা হয় তত টাকাপর্য্যন্ত) বেতন ও উক্তমতের উপরি খরচ দিব, এই প্রতিজ্ঞা করিলাম।

(যদি বিশেষ এজেণ্টকে নিযুক্ত করিতে হইবেক তবে এই কথাও লিখিবেন।)

ভারতবর্ষে আমার নিমিত্তে কর্ম্মকারকদিগকে খুঁজিয়া পাঠাইবার জন্যে অমুককে আমার বিশেষ এজেণ্ট-স্বরূপে মনোনীত করিলাম।

অমুক।
আদেশপত্র লেখকের দস্তখৎ।

ঐ আদেশপত্র অদ্য আমার নিকটে গচ্ছিত হয়। সাল তাং।

অমুক।
মরিচ উপদ্বীপে আগমনশীল মজুরপ্রভৃতির রক্ষক।

B চিহ্নের পাঠ।

মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের পক্ষে ঐ স্থানে যে মজুর প্রভৃতি যায় তাহারদের রক্ষক সাহেবের নিকটে আমরা, অর্থাৎ অমুক স্থাননিবাসি ক চ ও অমুক স্থাননিবাসি গ জ একত্রে ও স্বতন্ত্রে এই করার ও প্রতিজ্ঞা করিতেছি। অর্থাৎ,

উক্ত ক চ ভারতবর্ষহইতে এত মজুরপ্রভৃতির নিমিত্তে ১৮৫৮ সালের ৩০ আইনমতে আদেশপত্র দিয়াছেন, ও তিনি এই করার করিতেছেন যে, তাঁহার সেই আদেশপত্রমতে তত জন কিম্বা তাহার কম যত জন মজুরপ্রভৃতিকে আনা যায় তাহারদিগকে লইবেন। ও সেই মজুরপ্রভৃতিকে সেই উপদ্বীপে লইয়া যাইবার খরচ, ও তাহারদের সঙ্গে যত জন স্ত্রীলোকের আইনমতে যাইবার হুকুম হয় তাহারদের খরচ, ও সেই মজুরপ্রভৃতি যে দিনে পঁহুছে সেই দিনঅবধি উক্ত ক চর কর্ম্মে ভর্ত্তি হইয়া যাবৎ বারিক ঘর ছাড়িয়া না যায় তাবৎ দিনপ্রতি ছয় পেন্সের (অর্থাৎ এক সিকির) হিসাবে একং জন মজুরপ্রভৃতির খোরাক পোশাকের খরচ দিতে, উক্ত ক চ ও গ জ একত্রে ও স্বতন্ত্রে করার করিতেছে। উক্ত ক চর নিকটে কর্ম্ম করিবার দৃঢ় করার ভারতবর্ষে ঐ মজুরপ্রভৃতির সঙ্গে হইয়া তাহারদিগকে উক্ত ক চর হাতে সমর্পণ করা গেলে, উক্ত ক চ ও গ জ ঐ মজুরপ্রভৃতির সেই উপদ্বীপে লইয়া যাইবার খরচ দিতে প্রতিজ্ঞা করিতেছেন। ঐ মজুরপ্রভৃতির বারিক ঘর ছাড়িয়া যাইবার পূর্ব্বে ঐ খরচের দাওয়া হইতে পারিবেক।

ঐ মজুরপ্রভৃতি বারিক ঘরে পঁহুছিলে পর পূর সাত দিনের মধ্যে যদি উক্ত ক চ উক্ত মজুরপ্রভৃতিকে দাওয়া করিয়া তাহারদিগকে কর্ম্ম দিবার নিমিত্তে করার না করেন, তবে তাহারদের বারিক ঘরে পঁহুছিবার কালঅবধি তাহারদিগকে কর্ম্ম লইবার তারিখ পর্য্যন্ত যত দিন যায় তাহার দিনপ্রতি একং জন মজুরপ্রভৃতির খোরাকীর জন্যে উক্ত ক চ ও গ জ মজুরপ্রভৃতির রক্ষক সাহেবকে সাত শিলিং দিতে করার করেন। আর উক্তমতের কসুর হইলে, ও উক্ত মজুরপ্রভৃতির কোন লোক আপনারদের করারহইতে মুক্ত হইতে পসন্দ করিলে, যত জন সেই প্রকারে পসন্দ করে তাহারদের সেই দেশে লইয়া যাইবার, ও তাহারদের সংখ্যা বুঝিয়া যত জন স্ত্রীলোক তাহারদের সঙ্গে যায় তাহারদের সেই দেশে লইয়া যাইবার খরচের অর্দ্ধেক, ঐ ক চ ও গ জ রক্ষক সাহেবকে দিতে করার করিতেছেন।

আরো ঐ মজুরপ্রভৃতিকে সেই উপদ্বীপে লইয়া যাইবার উক্ত খরচের, কিম্বা বিষয়বিশেষে তাহারদের খোরাক পোশাকের জন্যে, উক্ত ক চ ও গ জর নিকটে যত টাকা পাওনা আছে তাহার বিষয়ে উক্ত রক্ষক সাহেব যে সর্টিফিকট দেন, তাহা সকল আদালতে ও স্থানে ঐ পাওনা টাকার সিদ্ধান্ত প্রমাণ হইবেক, এই বিষয়ে উক্ত ক চ ও গ জ আপনারদের সম্মতি ইহাতে প্রকাশ করেন।

এই করারে বদ্ধ দুই জন আপনং নাম লিখিবেন। মঞ্জুর হইল। ক চ। মঞ্জুর হইল। গ জ।

(যদি তাঁহারা কিম্বা তাঁহারদের কেহ লিখিতে না জানেন, তবে তাঁহারা কি তিনি এক জন সাক্ষির গোচরে তাহাতে টেরা দিবেন ও সাক্ষী দস্তখৎ করিবেক।)

উক্ত তসঃমুক আমার গোচরে দস্তখৎ হইয়া অদ্য অমুক সালের অমুক তারিখে আমার নিকটে গচ্ছিত হয়।

অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।

C চিহ্নের পাঠ।

অমুক (বিশেষ এজেণ্টের নাম লিখ) মরিচ উপদ্বীপনিবাসি অমুকের (মুনিবের নাম ও খ্যাতিপ্রভৃতি) নিমিত্তে বিদেশগমনশীল মজুরদিগকে খুঁজিয়া নিযুক্ত করিবার যে সকল আইন প্রকাশ হইয়াছে ও সময়ে২ প্রকাশ হয়, সেই আইনমতে মজুরদিগকে খুঁজিয়া নিযুক্ত করিবার অনুমতিপত্র পাইয়াছে, ইহার সর্টিফিকট এই। এই অনুমতিপত্র অমুক তারিখঅবধি অমুক তারিখপর্য্যন্ত বহাল থাকিবেক। ও মজুরদিগকে খুঁজিয়া নিযুক্ত করিবার সকল কার্য্যেতে এ এজেণ্ট আমার, ও ইহার পরে আমার এই পদে যাঁহারা নিযুক্ত হন তাঁহারদের কর্ত্তৃত্বের ও তত্ত্বের অধীনে থাকিবেন, ও তিনি এই কর্ম্মের কোন বিষয়ে আমারদের খাতিরজমামতে কর্ম্ম না করিলে এই অনুমতিপত্র স্থগিত রাখিতে কিম্বা বাতিল করিতে আমারদের সম্পূর্ণ ক্ষমতা আছে, ইহা সপষ্টরূপে বুঝিয়া এই নিয়মমতে এই অনুমতিপত্র দেওয়া গেল।

তারিখ। অমুক।
মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের নিমিত্তে অমুক স্থানের বিদেশগমণীল মজুরপ্রভৃতির এজেণ্ট।

D চিহ্নের পাঠ।

অমুক স্থানহইতে মরিচ উপদ্বীপে যাইতে উদ্যত হইয়া আমরা ইহাতে এই করার করিতেছি যে, অমুক জিলা (প্রভৃতি স্থানবিশেষে) অমুক নামের

in the District or (*or otherwise, as the case may be*) for full period of years from the date of registration of this Contract in Mauritius, with double the time of any unlicensed absences, in consideration of receiving the wages and allowances following, *viz.*

(*Here follow the wages and allowances.*)

Proper lodging and medical care to be also provided to us.

And we further engage at the expiry of this Contract to enter into new Contracts of Service, one or more either with the above named or with other persons to be agreed upon hereafter, until we shall have completed the full period of five years industrial residence in Mauritius, with double the time of any unlicensed absence.

Registered at Immigration Depôt,
Mauritius, this day of 185

by me, G. H.,
Protector of Immigrants.

Here follow the signatures and marks of the Immigrants and of employer's agent if present at the time.

The above Contract was explained in my presence to the said Immigrants and signed before me by them with their names or marks, and by authorized Agent of the said at this day of 185 .

A. B.,
Emigration Agent at for Government of Mauritius.

(*List of names and numbers of Immigrants to the above Contract.*)

FORM E.

Notice of arrival of Immigrants specially engaged in India.

Immigrants arrived engaged in India upon requisition by the following persons, *viz* :—

(*List of names and designations of parties to whom engaged.*)

T. H.,
Protector of Immigrants.

Immigration Depôt, Mauritius,
day of 185 .

FORM F.

The within named Immigrant has elected to be free from his Contract, not having been claimed within seven days after arrival at the Depôt.

(Date)

T. H.,
Protector of Immigrants.

[গবর্ণমেণ্ট গেজেট ; ১৮৫৯ । ১৭ মে ।]

মহাল প্রভৃতিতে মরিচ উপদ্বীপে এই একরারনামা রেজিষ্টরী হইবার তারিখঅবধি সম্পূর্ণ এত বৎসর-পর্য্যন্ত অমুকের (মুনিবের নাম ও খ্যাতিপ্রভৃতি) নিকটে, অমুক পদে কর্ম্ম করিব, ও সেই কালের মধ্যে যদি অনুমতি না পাইয়া কর্ম্মে হাজির না হই, তবে যত দিন হাজির না হই তাহার দ্বিগুণ দিন ঐ মিয়াদের অতিরিক্ত কর্ম্ম করিব। ও বৈ ও উপরি খরচপ্রভৃতির নিমিত্তে আমরা এত টাকা পাইব।

[এই স্থলে বেতন ও উপরি খরচপ্রভৃতির হিসাব লিখিতে হইবেক।]

আরো আমারদের বাস করিবার উপযুক্ত ঘর ও পীড়ার কালে উপযুক্ত চিকিৎসাদি হইবেক।

আমরা আরো এই করার করিতেছি, যাবৎ মরিচ উপদ্বীপে পাঁচ বৎসর থাকিয়া আমরা পরিশ্রম না করিয়াছি, ও তাহার মধ্যে অনুমতি না পাইয়া যত দিন কর্ম্মে হাজির না হই তাহার দ্বিগুণ দিন যাবৎ কর্ম্ম না করিয়াছি, তাবৎ এই একরারনামার মিয়াদ ফুরাইলে পর আমরা উক্ত সাহেবের সঙ্গে কিম্বা ইহার পরে অন্য যাঁহার সঙ্গে করার করিতে পারিব তাঁহার নিকটে কর্ম্ম করিবার নূতন এক কি অধিক করার করিব।

মরিচ উপদ্বীপে গমনশীল মজুরপ্রভৃতির বারিক ঘরে অদ্য অমুক সালের অমুক তারিখে আমার দ্বারা রেজিষ্টরী করা যায়।

অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।

[যে মজুরপ্রভৃতি লোকেরা যাইবেক তাহারদের দস্তখৎ কি চেরা ও মুনিবের এজেণ্ট তৎকালে হাজির থাকিলে তাঁহারও দস্তখৎ এই স্থলে করিতে হইবেক।]

উক্ত একরারনামার অর্থ আমার সাক্ষাতে ঐ মজুরপ্রভৃতির নিকটে বুঝাইয়া দেওয়া গিয়াছে, ও তাহারা আপনারদের নাম লিখিয়া কি চেরা দিয়া, তাহাতে দস্তখৎ করিয়াছে ও অমুক স্থানে উক্ত অমুকের ক্ষমতাপ্রাপ্ত এজেণ্টও অমুক সালের অমুক তারিখে আমার গোচরে দস্তখৎ করিয়াছেন।

অমুক।
মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের নিমিত্তে
অমুক স্থানের বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট।

(উক্ত একরারনামায় যে মজুরপ্রভৃতি গহী করিয়াছে তাহারদের নাম ও নম্বরের ফর্দ্দ।)

E চিহ্নিত পাঠ।

[যে মজুরপ্রভৃতি ভারতবর্ষে বিশেষমতে নিযুক্ত হইয়া যায় তাহারদের পঁহুছিবার এত্তেলা।]

নীচের লিখিত সাহেবেরদের আদেশমতে যে মজুরপ্রভৃতি লোকেরা ভারতবর্ষে নিযুক্ত করা যায় তাহারা পঁহুছিয়াছে।

[যাঁহারদের নিকটে কর্ম্ম করিবার করার হইয়াছে তাঁহারদের নাম ও খ্যাতিপ্রভৃতির ফর্দ্দ।]

অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।

মরিচ উপদ্বীপে গমনশীল মজুরপ্রভৃতির বারিক ঘর।
সাল তারিখ।

F চিহ্নের পাঠ।

অমুক নামের মজুরপ্রভৃতি বারিক ঘরে পঁহুছিলে পর সাত দিনের মধ্যে কেহ তাহাকে চাকর বলিয়া দাওয়া করেন না, অতএব সে আপন করারহইতে মুক্ত হইতে পসন্দ করে।

তারিখ। অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।

FORM G.

We (*name and designation of intended employer, and names and numbers of Immigrants engaged*) being respectively the intended Master and Servants under a Contract of Service made before the Government Emigration Agent at on the day of do hereby agree that the whole rights and obligations of the said first party under the said Contract shall be, and the same are, hereby transferred, as at the date thereof, (to *name and designation*) under the provisions of Ordinance No. 30 of 1858 ; who hereby agrees to accept the said transfer and the Contract hereby transferred, with all its rights and obligations.

X. I.
A. B.
I. } (*Signatures or marks of all the parties.*)

The above transfer signed by all the parties thereto, its nature and effect having been first fully explained to the Immigrants above named all in my presence. The said transfer also approved and concurred in by me as on behalf of the Government.

At this
day of 185 .

T. H.,
Protector of Immigrants.
(*or*)
Stipendiary Magistrate for the District of

FORM H.

Memorandum of release from Contract of Service.

We (*name and designation of employer and name and number of Immigrant*) being respectively the employer and the servant under a Contract of Service made at India, and dated the day of do hereby consent that the said second party shall from this day and henceforth be released from the said Contract and all obligations under the same.

X Y
Z } *Signatures or marks of parties.*

The nature and effect of the above release explained by me to the said Immigrant who, having expressed his full consent hereto, both parties signed the same in my presence this day of 185 .

M. N.,
Stipendiary Magistrate for the District of

FORM I.

We, the under-mentioned Immigrants from to Mauritius, hereby engage to serve the employers to whom we may be respectively allotted by the Mauritius Government for the period of years after the date of registration of this Contract in

[*Government Gazette, 17th May*, 1859.]

G চিহ্নের পাঠ।

অমুক স্থানে বিদেশগমনশীল মজুরপ্রভৃতির গবর্ণমেণ্টের এজেণ্ট সাহেবের সম্মুখে অমুক সালের অমুক তারিখে চাকরী করিবার যে করার করা যায় সেই করারনামার লিখিত মুনিব ও চাকর আমরা (যে জন মজুরপ্রভৃতিকে কর্ম্ম দিতে মনস্থ করেন তাঁহার নাম ও খ্যাতিপ্রভৃতি ও যে মজুরদিগকে কর্ম্ম দিবেন তাহারদের নাম ও নম্বর এই স্থলে লিখিতে হইবেক।) ইহাতে এই করার করিতেছি। উক্ত করারমতে প্রথম লিখিত উক্ত সাহেবের যে সকল ক্ষমতা ও প্রতিজ্ঞা আছে তাহা সমুদয় ১৮৫৮ সালের ৩০ নম্বরের আইনের বিধানমতে এই একরারনামার তারিখে হস্তান্তর হইয়া অমুকের প্রতি (নাম ও খ্যাতিপ্রভৃতি) অর্পিত হইয়াছে। তিনিও উক্ত হস্তান্তর কার্য্য স্বীকার করিতেছেন, ও যে একরারনামা ইহাতে হস্তান্তর করা যায় তাহা ও তৎসম্পর্কীয় সকল ক্ষমতা ও প্রতিজ্ঞা স্বীকার করিতেছেন।

অমুক
অমুক
ও মজুরপ্রভৃতি } (সকলের স্বাক্ষর কি চেরা সহী।)

উক্ত হস্তান্তর করণপত্রের মর্ম্ম ও ফল উপরের লিখিত সকল মজুরপ্রভৃতির নিকটে আমার সাক্ষাতে বুঝাইয়া দেওয়া গেলে পর, তৎসম্পর্কীয় সকল লোক আমার সাক্ষাতে তাহাতে দস্তখৎ করিয়াছে। গবর্ণমেণ্টের তরফে আমিও উক্ত হস্তান্তর কার্য্য মঞ্জুর করিয়াছি ও তাহাতে সম্মত হইয়াছি।

অমুক স্থানে।
সাল তারিখ।

অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।
(অথবা)
অমুক জিলার ষ্টিপেণ্ডিয়রি মাজিষ্ট্রেট।

H চিহ্নের পাঠ।

চাকরী করিবার করারহইতে মুক্ত হইবার লিপি।

ভারতবর্ষের অমুক স্থানে অমুক সালের অমুক তারিখে চাকরী করিবার যে একরারনামা করা গিয়াছিল তাহাতে লিখিত মুনিব ও চাকর আমরা (মুনিবের নাম ও খ্যাতিপ্রভৃতি ও মজুরপ্রভৃতির নাম ও নম্বর) ইহাতে এই স্বীকার করিতেছি যে, অদ্যকার তারিখঅবধি উক্ত দ্বিতীয় লিখিত ব্যক্তি (অর্থাৎ মজুরপ্রভৃতি) উক্ত একরারনামাহইতে ও তদনুসারে সকল করারহইতে মুক্ত হয়।

অমুক
অমুক } (উভয় পক্ষের স্বাক্ষর কি চেরা সহী।)

উক্ত মুক্তিপত্রের মর্ম্ম ও ফল আমি উক্ত মজুরপ্রভৃতিকে বুঝাইয়া দিয়াছি, ও তাহাতে সে আপনার সম্পূর্ণ সম্মতি প্রকাশ করিলে, উভয় পক্ষ অদ্য আমার সাক্ষাতে তাহাতে দস্তখৎ করিয়াছে।

সাল তারিখ। অমুক।
অমুক জিলার ষ্টিপেণ্ডিয়রি মাজিষ্ট্রেট।

I চিহ্নের পাঠ।

অমুক স্থানহইতে মরিচ উপদ্বীপে গমনশীল মজুরপ্রভৃতি আমরা ইহাতে এই করার করিতেছি। মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্ট আমারদিগকে বিলি করিয়া যে মুনিবের নিকটে কর্ম্ম করিতে নিযুক্ত করেন, তাঁহারদের নিকটে আমরা মরিচ উপদ্বীপে এই একরারনামা

Mauritius, with double the time of any unlicensed absences: And we further engage, after the expiry of such service, to enter into Contracts of Service one or more with other persons to be agreed upon hereafter, until we shall have completed the full period of five years' industrial residence in Mauritius, with double the time of any unlicensed absences.

(Here follow the signatures and marks of the Immigrants.)

The above Contract was explained to the said Immigrants in my presence, and signed by them with their names or marks before me, and also signed by me on behalf of the Government of Mauritius, at this day of 185 :

Registered at Immigration Depôt, Mauritius, this day of 185 by me

G. H.,
Protector of Immigrants.

A. B.,
Immigration Agent at for Mauritius Government.

(List of names and numbers of Immigrants to the above Contract.)

FORM K.

I *(name and designation)* request the Protector of Immigrants to allot to me under Ordinance No. 30 of 1858 and relative Regulations, for Contract of Service for years, the number of newly arrived Immigrants for the employments following, *viz:*

(Number required, and for what kinds of employment to be specified.)

I undertake to give to any Immigrants who may be allotted to me under this requisition wages and allowences according to the Government scale existing at the time of allotment.

Proper lodging and medical care to be also furnished by me to the said Immigrants.

L. M.
(Signature of Requisitionist.)

(If he cannot write he will sign his mark before one subscribing witness.)

Lodged with me this day of 185 .

I. H.,
Protector of Immigrants.

FORM L.

I hereby certify that I have this day allotted to the said Requisitionist the Immigrants following,

রেজিষ্টরী হইবার তারিখঅবধি এত বৎসরপর্য্যন্ত কর্ম্ম করিব, ও তদ্ভিন্ন অনুমতি না পাইয়া যত দিন কর্ম্মে হাজির না হই তাহার দ্বিগুণ দিনপর্য্যন্ত কর্ম্ম করিব। আরো আমরা এই করার করিতেছি, পাঁচ বৎসরের সম্পূর্ণ মিয়াদপর্য্যন্ত মরিচ উপদ্বীপে থাকিয়া যাবৎ পরিশ্রম না করিয়াছি, ও তাহার মধ্যে অনুমতি না পাইয়া যত দিন কর্ম্মে হাজির না হই তাহার দ্বিগুণ দিনপর্য্যন্ত যাবৎ কর্ম্ম না করিয়াছি, তাবৎ আমরা ঐ চাকরীর মিয়াদ ফুরাইলে পর অন্য এক কি অধিক যে লোকের সঙ্গে ইহার পরে করার করিব তাঁহারদের নিকটে চাকরী করিবার একরারনামা করিব।

(মজুরপ্রভৃতির দস্তখৎ কি টেরা সহী এই স্থলে দিতে হইবেক।)

উক্ত একরারনামার অর্থ আমার সাক্ষাতে উক্ত মজুরপ্রভৃতির নিকটে বুঝাইয়া দেওয়া গেল, ও তাহারা আমার সাক্ষাতে তাহাতে নাম কি টেরা সহী করিয়াছে, ও মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের তরফে আমিও তাহাতে দস্তখৎ করিয়াছি। অদ্য অমুক সাল তাং।

মরিচ উপদ্বীপে গমনশীল মজুরপ্রভৃতির বারিক ঘরে অমুক সালের অমুক তারিখে আমার দ্বারা রেজিষ্টরী করা যায়।

অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।

অমুক।
মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের নিমিত্তে অমুক স্থানের মজুরপ্রভৃতির এজেণ্ট

(উক্ত একরারনামায় যে মজুরপ্রভৃতি দস্তখৎ করে তাহারদের নাম ও নম্বর।)

K চিহ্নের পাঠ।

আমি (অমুক নাম ও খ্যাতিপ্রভৃতি) মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের নিকটে এই আদেশ করিতেছি যে, নূতন যে মজুরপ্রভৃতি পঁহুছে তাহারদের মধ্যে এত জনকে ১৮৫৮ সালের ৩০ নম্বরের আইন ও তৎসম্পর্কীয় বিধানমতে এত বৎসর মিয়াদের চাকরী করিবার একরারনামা করিয়া আমার নিকটে নীচের লিখিত কর্ম্ম করিতে নিযুক্ত করেন অর্থাৎ,

(যত জনকে যে কর্ম্মের নিমিত্তে চাহেন তাহা বিশেষ করিয়া লিখিতে হইবেক।)

এই আদেশমতে যে কোন মজুরপ্রভৃতিকে আমার নিকটে ভর্ত্তি করিয়া দেওয়া যায়, তাহারদিগকে ঐরূপে বিলি করিবার সময়ে গবর্ণমেণ্টের ফর্দ্দমতে যত বেতন ও উপরি খরচ দিতে হয় তাহা তাহারদিগকে দিতে প্রতিজ্ঞা করি।

আরো উক্ত মজুরপ্রভৃতিকে আমি বাস করিবার উপযুক্ত স্থান দিব, ও উপযুক্ত চিকিৎসা হইবার উপায় করিব।

অমুক।
আদেশপত্র লেখকের দস্তখৎ।

(যদি তিনি লিখিতে না জানেন তবে কোন সাক্ষির সাক্ষাতে টেরা সহী দিবেন ও সেই সাক্ষী দস্তখৎ করিবেক।)

অদ্য অমুক সালের অমুক তারিখে আমার নিকটে গচ্ছিত করা যায়।

অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।

L চিহ্নের পাঠ।

ইহাতে জ্ঞাত করা যাইতেছে যে, উক্ত আদেশপত্র লেখকের কর্ম্মে অদ্য নীচের লিখিত মজুরপ্রভৃতিকে ঐ পত্রের নির্দ্দিষ্ট নিয়মমতে ঐ পত্রের লিখিত মিয়াদ

for the employments and periods of service, and on the conditions above specified, respectively.

(Date)

T. H.,
Protector of Immigrants.

List of Immigrants allotted.

With reference to the above Ordinance and Regulations, it is hereby declared that any Special Agent accredited by the Protector of Immigrants at Mauritius and licensed by the Emigration Agent at any of the Ports at Calcutta, Madras, or Bombay, may at any of the said Ports make with any Native of India a Contract for labor to be performed in the Colony of Mauritius for a period not exceeding three years, provided that such Contract shall be executed in the presence of the Emigration Agent and in that of the Protector of Emigrants.

In like manner the Emigration Agent at any one of the three Ports aforesaid may, on behalf of the Government of Mauritius, enter in to a Contract in accordance with the provisions of Clause 32 of the above-mentioned Regulations with any Native of India for labor to be performed in the said Colony for a period not exceeding three years, provided that every such Contract shall be executed in the presence of the Protector of Emigrants.

It is the duty of the Protector of Emigrants to see that the Regulations are precisely observed, and that every Native of India with whom a Contract is entered in to in India for service in Mauritius, either by a private person or by the Emigration Agent on behalf of the Government of Mauritius, fully understands the nature and terms of the Contract, and that he is not induced to enter into it by any unfair means.

All the provisions of the existing law applicable to the Emigration of Native laborers to the Colony of Mauritius are applicable also to Native laborers with whom Coutracts may be made in India for service in the Colony.

By Order of His Excellency the Governor General in Council,

CECIL BEADON,
Secy. to the Govt. of India.

No. 33.

The 29th April 1859.

READ again the following papers on the subject of the Deputation Allowance receivable by Covenanted Officers, Civil or Military, acting for Uncovenanted Officers and *vice versâ*.

Order contained in the Financial Resolution No. 5701, dated 8th October 1858.

[*Government Gazette, 17th May*, 1859.]

পর্য্যন্ত. ঐ পত্রের লিখিত কর্ম্মেতে বিলি করিয়া নিযুক্ত করিয়াছি।

তারিখ। অমুক।
মজুরপ্রভৃতির রক্ষক।

(যে সকল মজুরপ্রভৃতিকে বিলি করিয়া দেওয়া যায় তাহারদের ফর্দ্দ।)

উক্ত আইন ও বিধানের উপলক্ষে ইহাতে জ্ঞাত করা যাইতেছে, কোন বিশেষ এজেণ্ট সাহেব মরিচ উপদ্বীপে মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত হইলে, ও কলিকাতার কিম্বা মান্দ্রাজের কিম্বা বোম্বাইয়ের বন্দরে বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবের স্থানে অনুমতিপত্র পাইলে, তিনি উক্ত কোন বন্দরে ভারতবর্ষের কোন লোকের স্থানে তিন বৎসরের অনধিক মিয়াদে মরিচ উপদ্বীপে কর্ম্ম করিবার একরারনামা লইতে পারিবেন। পরন্তু বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেবের সাক্ষাতে ও বিদেশগমনশীল মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের সাক্ষাতে ঐ একরারনামায় দস্তখৎ করিতে হইবেক।

সেই প্রকারেও উক্ত তিন বন্দরের মধ্যে কোন বন্দরের বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেব, উক্ত আইনের ৩২ ধারার বিধানমতে মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের তরফে ভারতবর্ষ দেশের কোন লোকের স্থানে তিন বৎসরের অনধিক মিয়াদপর্য্যন্ত উক্ত উপদ্বীপে কর্ম্ম করিবার একরারনামা লইতে পারিবেন। কিন্তু সেই প্রকারের প্রত্যেক একরারনামায় বিদেশগমনশীল মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের সাক্ষাতে দস্তখৎ করিতে হইবেক।

বিদেশগমনশীল মজুরপ্রভৃতির রক্ষক সাহেবের কর্ত্তব্য কর্ম্ম এই২, বিধান অতি দৃঢ়রূপে মানা যায়, ও কোন বিশেষ লোক কিম্বা মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্টের তরফে বিদেশগমনশীল মজুরপ্রভৃতির এজেণ্ট সাহেব ভারতবর্ষ দেশের কোন লোকের সঙ্গে মরিচ উপদ্বীপে কর্ম্ম করিবার করার ভারতবর্ষে করিলে, ঐ লোক ঐ একরারনামার মর্ম্ম ও নিয়ম উত্তমরূপে বুঝিয়াছে, ও কোন ছল চাতুরীক্রমে তাহাকে সেই কর্ম্ম করিবার প্রবৃত্তি দেওয়া যায় নাই, ইহা তাঁহার দেখিতে হইবেক।

মরিচ উপদ্বীপে এদেশীয় লোকেরদের যাইবার বিষয়ে এইক্ষণকার চলিত যে সকল আইন খাটে, সেই আইনের বিধান ঐ উপদ্বীপে কর্ম্ম করিবার নিমিত্তে এদেশীয় যে মজুরেরদের সঙ্গে ভারতবর্ষে একরার করা যায় তাহারদের যাইবার বিষয়েও খাটিবে।

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে।

সিসিল বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

৩৩ নম্বর।

১৮৫৯ সাল ২৯ আপ্রিল।

দেওয়ানীর কি পল্টনের চিহ্নিত কার্য্যকারক সাহেবেরা অচিহ্নিত কার্য্যকারকেরদের নিমিত্তে কর্ম্ম করিলে, কিম্বা অচিহ্নিত কার্য্যকারকেরা তাঁহারদের নিমিত্তে কর্ম্ম করিলে, যে হিসাবে মেহনতানা পাইবেন তাহার কথার এই২ পত্র পাঠ করা গেল। অর্থাৎ,

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৮ সালের ৮ অক্টোবর তারিখের ৫৭০১ নম্বরের নির্দ্ধারণের লিখিত হুকুম।

Paragraph 4 of Financial Resolution No. 1431, dated 11th February 1859.

Read the under-mentioned papers on the same subject :

Letter from Civil Auditor, Fort William, No. 985, dated 4th instant.

Letter from the Punjab Civil Auditor, No. 31-237, dated 23rd ultimo.

RESOLUTION.—His Excellency the Governor General in Council is pleased to pass, experimentally for one year, the following Rules in respect to the Deputation Allowance receivable by the Officers mentioned below :

When Covenanted Officers, Civil or Military, officiate for Uncovenanted Officers and when Uncovenanted Officers act for Covenanted Officers Civil or Military, the Deputation Allowance in such cases will be regulated according to the principle laid down in Chapter VI. Sections 25, 26 and 27, of the Covenanted Civil Absentee Rules, it being understood however that Section 27 shall not apply to *Ministerial* Officers acting for Covenanted Officers, who are entitled to Acting Allowance from the date they commence to officiate and not after the expiration of one month as in the case of other Uncovenanted Officers of superior grade.

When an Officer of the Uncovenanted Service acts for another of the same Service or when a Military Officer acts for another Military Officer, he shall be governed by the Rules of the respective Services to which he belongs.

In passing the foregoing Rules, the Governor General in Council directs that the Audit Offices in the several Presidencies and Governments, should submit, at the expiration of the experimental year for which the Rules are sanctioned, a Return showing in juxta-position the amount forfeited by the Absentees of the Military (so far as it is concerned with the Civil Department) and Uncovenanted Services, as well as that defrayed in the remuneration of their Substitutes in the same manner as is done at present, with regard to the forfeited Salary and the Deputation Allowance of Covenanted Civil Servants.

ORDER.—Ordered, that a Copy of the foregoing Resolution be sent to the Civil Auditors, Fort William, Fort St. George, Bombay and North-Western Provinces for information and guidance, and to the Punjab Civil Auditor, in reply to his reference above adverted to.

Ordered further, that a transcript of the Resolution be published in the Official *Gazette* for general information.

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

ও ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৯ সালের ১১ ফেব্রুআরি তারিখের ১৪৩১ নম্বরের নির্দ্ধারণের ৪ দফা।

সেই কথার এই২ পত্রাদিও পাঠ করা গেল অর্থাৎ

ফোর্ট উলিয়মের সিবিল আডিটর সাহেবের বর্ত্তমান মাসের ৪ তারিখের ৯৮৫ নম্বরের পত্র।

ও পঞ্জাবের সিবিল আডিটর সাহেবের গত মাসের ২৩ তারিখের ও ১১—২৩৭ নম্বরের পত্র।

নি.চয়।

নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা একটিংরূপে কর্ম্ম করিলে যে বেতন পাইতে পারেন তাহার এই বিধি হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এক বৎসরপর্য্যন্ত পরীক্ষা করিয়া দেখিবার জন্যে জারী করিয়াছেন।

দেওয়ানীর কি পল্টনের চিহ্নিত কার্য্যকারক সাহেবেরা যদি অচিহ্নিত কার্য্যকারকেরদের নিমিত্তে কর্ম্ম করেন, কিম্বা অচিহ্নিত কার্য্যকারকেরা যদি দেওয়ানীর কি পল্টনের চিহ্নিত কার্য্যকারক সাহেবেরদের নিমিত্তে কর্ম্ম করেন, তবে চিহ্নিত দেওয়ানী কার্য্যকারক সাহেবেরদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২৫ ও ২৬ ও ২৭ ধারাতে যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মমতে তাঁহারা বেতন পাইবেন। কিন্তু ইহাতে জানিতে হইবেক যে, চিহ্নিত কার্য্যকারক সাহেবেরদের নিমিত্তে আমলারা কর্ম্ম করিলে তাহারদের উপর ২৭ ধারার কথা খাটিবেক না, কেননা তাহারদের উপস্থিত অচিহ্নিত কার্য্যকারকেরা একটিংরূপে কর্ম্ম করিলে এক মাস না ফুরাইলে তাঁহারা ঐ একটিংরূপে কর্ম্মের কিছু বেতন পান না, কিন্তু আমলারা যে তারিখে একটিংরূপে কর্ম্ম করিতে লাগে সেই তারিখঅবধি ঐ বেতন পাইয়া থাকে।

অচিহ্নিত কার্য্যকারক যদি অচিহ্নিত অন্য কার্য্যকারকের নিমিত্তে কর্ম্ম করেন, তবে তাঁহারা অচিহ্নিত কার্য্যকারকেরদের, কিম্বা পল্টনের কোন কার্য্যকারক সাহেব যদি পল্টনের অন্য সাহেবের নিমিত্তে কর্ম্ম করেন তবে তাঁহারা পল্টনের, সাহেবেরদের নিমিত্তে যে বিধি আছে সেই বিধিমতে বেতন পাইবেন।

পূর্ব্বোক্ত বিধি করণ কালেও, হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নাএব রাজধানীর ও গবর্ণমেণ্টের আডিট আফিসে এই আজ্ঞা করিতেছেন যে, চিহ্নিত দেওয়ানী কার্য্যকারকেরা কর্ম্মে হাজির না থাকিলে তাঁহারদের যত বেতন কর্ত্তন হয়, ও একটিংরূপে তাঁহারদের কর্ম্মকারিদিগকে যত দেওয়া যায় ইহার রিপোর্ট যেমন করিয়া থাকেন, তেমনি, এ বিধি যে এক বৎসরের নিমিত্তে ইহাঁর অনুমতি হইয়াছে সেই বৎসর ফুরাইলে পর, সিবিল ডিপার্টমেণ্টের কর্ম্মসম্পর্কীয় পল্টনের সাহেবেরা ও অচিহ্নিত কার্য্যকারকেরা কর্ম্মে হাজির না থাকিলে তাঁহারদের যত বেতন কর্ত্তন হয় ও তাঁহারদের স্থানে একটিংরূপে কর্ম্মকারি লোকদিগকে যত বেতন দেওয়া যায়, এই দুই কথা পাশাপাশি লিখিয়া দেখান।

হুকুম।

হুকুম হইল যে, ঐ নির্দ্ধারণের এক২ কেতা নকল ফোর্ট উলিয়মের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের ও উত্তর পশ্চিম দেশের সিবিল আডিটর সাহেবেরদের জ্ঞাত হইবার জন্যে ও তাঁহারদের উপদেশের নিমিত্তে তাঁহারদের নিকটে পাঠান যায়, ও পঞ্জাবের সিবিল আডিটর সাহেবের উক্ত পত্রের উত্তরস্বরূপে তাঁহার নিকটেও এক কেতা নকল পাঠান যায়।

আরো হুকুম হইল যে, এ নির্দ্ধারণের এক কেতা নকল সকল লোকের জানিবার জন্যে সরকারী গেজেটে ছাপা হয়।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 36.
The 29th April 1859.
Notification.

The following letter to the Civil Auditor, Fort William, is published for general information :—

No. 3280.

TO THE CIVIL AUDITOR,
Fort William.

I AM directed to acknowledge the receipt of your letter No. 844, dated the 21st ultimo, suggesting that one month's preparatory leave be granted on half-pay to Uncovenanted Servants, desirous of retiring from the Service on Pension.

In reply, I am desired to state that Uncovenanted Servants about to resign the Service, who are residents in India, and have no voyage to prepare for, have not, in the opinion of the Governor General in Council, any reasonable claim to a month's "preparatory" leave ; but he thinks that this indulgence, which is granted on half pay to Covenanted Servants, may be extended to *European* Uncovenanted Servants, intending to proceed to Europe immediately on retirement, on the understanding, however, that it shall subject to the same condition as the leave to Covenanted Officers, *viz.* that it shall be granted only in case it can be given without detriment to the Public Service.

(Signed) C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

COUNCIL CHAMBER,
The 29th April, 1859.

By Order of His Excellency the Governor General of India in Council,

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 3rd May, 1859.

Moulvie Assudollah, Moonsiff of Bishenpoor, to be Moonsiff of Burjorah ; Baboo Gopeekishen Banerjee, Moonsiff of Burjorah, to be Moonsiff of Kotulpore ; Baboo Eshan Chunder Dutt, Moonsiff of Kotulpore, to be Moonsiff of Oundah ; and Baboo Bissessur Chuckerbutty, Moonsiff of Oundah, to be Moonsiff of Bishenpoor, all in Zillah West Burdwan.

Baboo Bishto Chunder Banerjee, to officiate as Moonsiff of Kendrapara, during the absence on leave of the incumbent.

The 9th May, 1859.

Moulvy Mahomed Alum, Moonsiff of Oolipore, Zillah Rungpoor, to be Moonsiff of Nulchitty, Zillah Backergunge, and Baboo Oma Churn Banerjee,

৩৬ নম্বর।
১৮৫৯ সাল ২৯ আপ্রিল।
বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়মের সিবিল আডিটর সাহেবের নিকটে নীচের লিখিত পত্র পাঠান গিয়াছিল তাহা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

৩২৮০ নম্বর।

ফোর্ট উলিয়মের শ্রীযুত সিবিল আডিটর সাহেব বরাবরেষু।

তোমার গত মাসের ২১ তারিখের ৮৪৪ নম্বরের পত্র পাওয়া গিয়াছে তাহাতে তোমার এই পরামর্শ হইয়াছে যে, অচিহ্নিত কার্য্যকারকেরা যখন পেনস্যন লইয়া সরকারী কর্ম্ম ত্যাগ করিবেন তখন তাহার পূর্ব্বে অর্দ্ধেক বেতন দিয়া প্রস্তুত হইবার এক মাসের ছুটী দেওয়া যায়।

তাহার এই উত্তর আমি আজ্ঞামতে লিখিতেছি। অচিহ্নিত যে কার্য্যকারকেরদের নিবাস ভারতবর্ষে হয় তাঁহারা সরকারী কর্ম্ম ত্যাগ করিলে তাঁহারদের বিদেশে কোন স্থানে যাইবার নিমিত্তে প্রস্তুত হইবার প্রয়োজন নাই, সুতরাং প্রস্তুত হইবার জন্যে এক মাসের ছুটী লইবার কোন উপযুক্ত কারণও থাকে না, হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এমত বোধ করেন। পরন্তু চিহ্নিত কার্য্যকারকদিগকে অর্দ্ধেক বেতন লইয়া ঐ প্রকারের ছুটী লইবার যেমন অনুমতি আছে তেমনি ইউরোপীয় অচিহ্নিত কার্য্যকারকেরা যদি কর্ম্ম ত্যাগ করিলে পর ইউরোপে যাইতে মনস্থ করেন তবে তাঁহারদিগকেও ঐ ছুটীর অনুমতি হইতে পারিবেক, কিন্তু সেই প্রকারের চিহ্নিত কার্য্যকারকদিগকে যে নিয়মমতে দেওয়া যাইতেছে কেবল সেই নিয়মমতে দেওয়া যাইবেক, অর্থাৎ সেই ছুটী দেওয়া গেলে যদি সরকারী কর্ম্মের কিছু হানি না হয় তবে দেওয়া যাইতে পারিবেক, নতুবা নয়।

সি হিউ লশিংটন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

কৌন্সেল ঘর।
১৮৫৯ সাল ২৯ আপ্রিল।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমমতে প্রকাশ হইল।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৯ সাল ৩ মে।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আমদুল্লা বড়যোড়ার মুনসেফ হইবেন। বড়যোড়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা কোতলপুরের মুনসেফ হইবেন। কোতলপুরের মুনসেফ শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত ঔন্দার মুনসেফ হইবেন। ঔন্দার মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী বিষ্ণুপুরের মুনসেফ হইবেন।

কেন্দ্রপাড়ার মুনসেফ ছুটী লইয়া যত কাল কর্ম্মে না আইসেন তত কাল শ্রীযুত বাবু বিধুচন্দ্র বাঁড়ুয্যা ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৫৯ সাল ৯ মে।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম জিলা বাকরগঞ্জের নলছিটির মুনসেফ

অ কিলের ডুপ্লিকেয়ার।

ইস্পিরিয়াল যেথা যাইতেছে যে সন ১৮৫২ সাল তারিখ ১৩ জুন মোকামে পূর্ণিয়া এর বা অন্তর স্থানে যেথায় কলিকাতায় এপ্রিল মাস হয়ে সন ১৮৭৭ | ৫৮ সালের পরিচালনী আদিলসের বন্ধ নীলামে হইতে এবং ই নীলামে ২১৬৭ সিক্কা টাকা দিবার বিবেচ হই।

বেহারের এডজুটেন্ট জেনরল আফিস	১১২৫
বাঙ্গালার এডজুটেন্ট জেনরল আফিস	৩৪৫
জুনা সিক্কা টাকা	২১৬৭

২ নম্বর। এইক্ষণে যে নীলামের ইস্পিতহার হইল আমার সাক্ষাতে দস্তখত করিয়া ১ ডিসেম্বর তারিখের মধ্যে ইস্পিতহারের মধ্যের বিবরণ প্রকাশ হইবেক এবং কলিকাতার ১৮ জুন ১৮৫০ সালের ১৫ ডিসেম্বর তারিখে পাইবেক।

৩ নম্বর। ডিপার্টমেণ্ট আনাদের কমিশনর সাহেবের হুকুম লইয়া ঐ তারিখে ঐ স্থানে ঐ সময়ে ঐ সকল জিনিস বিক্রয় করিবেক।

৪ নম্বর। ডিপার্টমেণ্ট আনাদের কমিশনর সাহেবের হুকুম লইয়া ঐ তারিখে ঐ স্থানে ঐ সময়ে ঐ সকল জিনিস বিক্রয় করিবেক।

		১৮৫০ সালের	জুনসা
		সিক্কা টাকা	সিক্কা টাকা
১ নম্বর	১৪ জুলাই	বুধবার	১১২৫ ৩৪৫ ২২৬০
২ নম্বর	১৫ আগষ্ট	বুহস্পতিবার	১১২৫ ৩৪৫ ২২৬০
৩ নম্বর	১৫ সেপ্টেম্বর	শুক্রবার	১১২৫ ৩৪৫ ২২৬০
৪ নম্বর	১৪ অক্টোবর	শুক্রবার	১১২৫ ৩৪৫ ২২৬০
৫ নম্বর	৭ নবেম্বর	সোমবার	১১২৫ ৩৪৫ ২২৬০
৬ নম্বর	৫ ডিসেম্বর	সোমবার	১১২৪ ৩৭১ ২৩৯৩
			১১৫০৯ ২২০৪ ১৩৬১০

দিনোল্লিখ হুকুম মাফেরাণ আদিলাস দেওয়া হইবিক্তি। ফোর্ট উলিয়ম সন ১৮৫১ সাল তারিখ ৪ মে।

আর তাবদন। এডজুটেণ্ট জেনরলের আফিস।

(৩৬৮)

Officiating Moonsiff of Ooliporo, to be Moonsiff of that Chowkey.

হইবেন ও অলিপুরের এডিশনল মুনসেফ শ্রীযুক্ত বাবু উমাচরণ বাঁড়ুয্যা ও চৌকীর মুনসেফ হইবেন।

LEAVE OF ABSENCE.

ছুটী।

The 3rd May, 1850.

১৮৫০ সাল ৩ মে।

Baboo Sheeb Pershad Sing, Moonsiff of Kenduapara, Zillah Cuttack, for one month, on Medical Certificate.

জিলা কটকের কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ চিকিৎসকের সার্টিফিকেটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

A. W. RUSSELL, *Register*.

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নং ২৫৭।

ইশ্তেহার।

১ দফা। উড়িষ্যা প্রদেশের মধ্যে এবং দক্ষিণ এক্সেলীহইতে মোং শালিধার নরকাণ্ডী গোলায় লবণ ঢোলাই করিবার জন্যে টেণ্ডরের দরখাস্ত আগামি ১৭ মে তারিখের বেলা দুই প্রহর দুই ঘড়ীপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় লওয়া যাইবেক।

২ দফা। এই টেণ্ডরের দরখাস্ত সকল নিম্নলিখিত ফারম মত দাখিল করিতে হইবেক তাহার ফারম এই দপ্তরখানায় দরখাস্ত করিলে পাওয়া যাইবেক।

৩ দফা। নীচের লিখিত প্রত্যেক প্রদেশহইতে লবণ রওনা করিবার নিমিত্ত পৃথক্ কানট্রাক্ট করিতে হইবেক ঐ প্রদেশ সকলের নাম এই কটক প্রদেশের মধ্য স্থল হাজুরার গোলা এবং দক্ষিণ অর্থাৎ পুরী এজেন্সী মধ্যে আত্রাঙ্গ আড়ঙ্গ এবং চিলকার সমুদ্রীয় হুদ।

৪ দফা। যে সকল ব্যক্তি দরখাস্ত করিবেক তাহারদিগকে সাহেবান বিবিনিউ বোর্ডের এবং কটক দেশের কমিশনর সাহেবের খাতিরক্রমে করিয়া দিতে হইবেক যে যত মনের জন্য কানট্রাক্টের প্রার্থনা হাৎথ তাহা মনুদর মনের ঢোলাইরের সময়ধান আছে এ প্রযুক্ত প্রত্যেক দরখাস্তকরনিহাকে আপন দরখাস্তের সমস্তিক. যে সকল সুরুপ ঢোলাইরের জন্য নিযুক্ত করিতে চাহে তাহার ইসমওগয়ারি ফর্দ্দ দাখিল করিতে হইবেক।

৫ দফা। প্রত্যেক হসর হাজুরার গোলাইহইতে ১০০০০০/ মোন মনের অধিক ঢোলাই হইবার নজারনা নাই আত্রাঙ্গ আড়ঙ্গহইতে আন্দাজ৮০০০০/ মোন মনের আগামি বৎসর ঢোলাই হইতে পারে এবং চিলকিয়ার আড়ঙ্গহইতে আন্দাজ৩২০০০০/ মোন। প্রত্যেক প্রদেশহইতে যত মোন মনের ঢোলাই করিবার জন্য সুরুপ আবশ্যক হইবেক তাহা সমুদয় মনের জন্য কিম্বা ঐ মনের কি কি ভাগের যুন না হয় এমত অংশের জন্যে দরখাস্ত দাখিল করিতে পারিবেক।

৬ দফা। কানট্রাক্টদারান যে পরিমাণ মনের নিমিত্তে কানট্রাক্ট নির্দ্দিষ্ট হইবেক সেই পরিমাণ মনের হুজুর অফ্রেটোরর যাদের কটকি লাগাদ ফেকুআরি যাদের শেষ এই মেয়াদের মধ্যে ঢোলাই করিতে কবুলতি দিবেক।

৭ দফা। যে ব্যক্তির দরদস্তুর মঞ্জুর হইবেক তাহারদিগকে আপন আপন কানট্রাক্টের কর্ম্ম সুচারু রূপে আরম্ভের জন্য গবর্ণমেণ্ট প্রথমীস্তরী নোট্ অর্থাৎ অন্য অপরিহার্য্য মাতবর জামিনী দাখিল করিতে হইবেক।

৮ দফা। বোর্ডের এমত এক্তিয়ার থাকিল যে কোন কারণ না দর্শাইয়া কোন ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত নামঞ্জুর করিতে পারেন।

বিদেশীয়ের হুকুম মাফেরাণ আদিলসান বোর্ড রিবিনিউ।

ফোর্ট উলিয়ম। মন ১৮৫০ সাল তারিখ ১৫ মার্চ।

ই ডি টুবর। সেক্রেটারী।

বিজাপন।

প্রকাশ থাকে যে ইতিপূর্ব্বে নূতন আইন তৎকাল জারীহওয়া সম্ভবে তাহা বঙ্গভাষায় মুদ্রিত করণে উদ্যত হইয়া তৎসংবাদ ১৮৫৯ সালের ২৯ মার্চ তারিখের গেজেটের দ্বারা সর্ব্ব সাধারণ লোকের সুগোচরার্থে দেওয়া হইয়াছে এবং উক্ত সংবাদ পত্রে প্রত্যেক পুস্তকের মূল্য ৪।৫ টাকা লিখিত হইয়াছে কিন্তু সম্প্রতি উক্ত আইন ১৮৫৯ সালের ৮ আইন নাম করণে জারী হইবায় আমি তাহা বঙ্গভাষায় এবং পারসী ভাষায় মুদ্রিত করিয়াছি যদিচ পুস্তকের অবস্থা দৃষ্টে উক্ত পরিমাণ মূল্য অসম্ভব নহে তথাচ ক্রয়কারি মহাশয়দিগের তুষ্টিজন্য প্রত্যেক ভাষার প্রত্যেক খণ্ডের মূল্য ডাকমাসুলসমেৎ ৩৲ টাকা অবধারিত করিয়া সর্ব্ব সাধারণ লোকের জ্ঞাতার্থে জ্ঞাপন করিতেছি যে ক্রয়েচ্ছু মহাশয়গণ উক্ত পরিমাণ মূল্য পাঠাইলেই পাইবেন। যদি প্রত্যেক খণ্ডের মূল্য অল্প বিধায় পৃথক পাঠাইতে সুবিধা না হয় তবে ২।৪ ব্যক্তি একত্রে হুণ্ডীদ্বারা পাঠাইতে পারেন ইতি।

শ্রীমহম্মদ ইসমাইল। উকীল সদর দেওয়ানী কলিকাতা।

ইং ১৮৫৯ সালের ৮ আইন অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার কার্য্য নির্ব্বাহার্থে সিবিল প্রোসিডিরর নামে যে নূতন আইন হইয়াছে তাহা বাঙ্গলা ভাষায় প্রস্তুত হইয়া মুদ্রাঙ্কিত হইতেছে। সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীযুত বাবু মহেন্দ্রলাল সোমের নিকট পত্র পাঠাইলে পুস্তক পাওয়া যাইবেক।

স্বাক্ষরকারির প্রতি মূল্য ... ... ৩৲ তিন টাকা।
বিনা স্বাক্ষরকারির প্রতি ... ... ৪৲ চারি টাকা।।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৭ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 24, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২৪ মে।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 30TH APRIL 1859.

ACT No. X. OF 1859.

An Act to amend the law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Continued from page 329.]

[Suits by Zemindars against their agents for money or accounts.]

XXIV. Suits by Zemindars and others in receipt of the rent of land, against any agents employed by them in the management of land or collection of rents, or the sureties of such agents, for money received or accounts kept by such agents in the course of such employment, or for papers in their possession, shall be cognizable by the Collectors, and shall be instituted and tried under the provisions of this Act, and shall not be cognizable in any other Court except in the way of appeal as provided in this Act.

[Ejectment of cultivators, farmer, &c. by Zemindars. Proviso.]

XXV. If any Zemindar or other person in receipt of the rent of land requires assistance to eject any cultivator not having a right of occupancy, or to eject any farmer or other tenant holding only for a limited period after the determination of his lease or tenancy, or any agent after the determination of his agency, or to enforce any attachment or ejectment expressly authorized by any Regulation or Act, he shall make application to the Collector, and the Collector shall proceed thereupon to enquire into the case and pass orders in the manner provided for suits under this Act. Provided that no such application for the ejectment of a farmer on the de-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ৩০ আপ্রিল।

ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১০ আইন।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলাপ্রভৃতি দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।

[৩২৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[টাকা কি হিসাব পাইবার জন্যে কর্ম্মকারিকরদের নামে জমীদারেরদের মোকদ্দমা।]

২৪ ধারা। জমীদারপ্রভৃতি যে লোকেরা ভূমির খাজানা পাইয়া থাকে তাহারা জমীর সরবরাহ কিম্বা খাজানা উসুল করিবার কার্য্যেতে যে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করে, ঐ কর্ম্মকারকেরা তাহারদের কর্ম্মে থাকিতে যে টাকা পায় কি যে হিসাব রাখে, কিম্বা তাহারদের নিকটে যে কাগজপত্র থাকে, তাহার বাবৎ যে নকল মোকদ্দমা জমীদারপ্রভৃতি তাহারদের নামে কিম্বা তাহারদের জামিনের নামে করে, তাহার বিচার কালেক্টর সাহেবেরা করিবেন, ও এই আইনের বিধানমতে সেই মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক ও তাহার বিচার হইবেক, ও এই আইনের বিধানমতে আপীল না হইলে অন্য কোন আদালতে তাহার বিচার হইতে পারিবেক না ইতি।

[কৃষাণ ইজারদারপ্রভৃতিদিগকে জমীদারেরদের বেদখল করিবার কথা ও বর্জিত কথা।]

২৫ ধারা। যে কৃষাণের দখল করিবার স্বত্ব নাই তাহাকে বেদখল করিবার জন্যে, কিম্বা যে ইজারদার কি অন্য প্রজা কেবল নিয়মিত কালের নিমিত্তে জমী ভোগ করে তাহার ইজারার কি পাট্টার মিয়াদ ফুরাইলে পর তাহাকে বেদখল করিবার জন্যে, কিম্বা কোন কর্ম্মকারকের কর্ম্ম ফুরাইলে তাহাকে বাহির করিবার জন্যে, কিম্বা কোন আইনমতে ক্রোক কি বেদখল করিবার যে সপক্ষ ক্ষমতা আছে তদনুসারে করিবার জন্যে, কোন জমীদারের কিম্বা জগীর খাজানা পাওনিয়া অন্য লোকের যদি সাহায্যের প্রয়োজন হয়, তবে তিনি কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেন। তাহা করিলে কালেক্টর সাহেব সেই কথার তদন্ত লইবেন, ও এই আইনমতে মোকদ্দমা হইলে হুকুম করিবার যে বিধান হইয়াছে

termination of a lease shall be received, if the lease be of the kind denominated ticca zur-i-peshgee or the like, in which an advance has been made by the leaseholder, and the proprietor's right of re-entry at the end of the term is contingent on the re-payment of such advance either in money or by the usufruct of the land. In all such cases the parties must proceed by suit in the Civil Court.

[Measurement of lands.]

XXVI. When rent is payable by an under-tenant or ryot at a certain rate or rates according to the quantity of land held or cultivated by him, or when any written engagement conditioned for the payment of a certain amount of rent on account of land held or cultivated by an under-tenant or ryot has expired or become cancelled by the sale for arrears of revenue or rent of the estate or tenure in which the land is situate, the person to whom the rent is payable has a right to measure such land for the purpose of ascertaining the quantity of land actually held or cultivated by such under-tenant or ryot. And every proprietor of an estate or tenure has a right of making a general survey or measurement of the lands comprised in such estate or tenure unless restrained from doing so by express engagement with the occupants of the lands. If any person intending to measure any land which he has a right to measure is opposed in making such measurement by the occupant of the land, or if any under-tenant or ryot, having received notice of the intended measurement of land held or cultivated by him which is liable to such measurement, refuses to attend and point out such land, such person may make application to the Collector, and the Collector shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under this Act, and shall pass an order either allowing or disallowing the measurement, and, if the case so require, enjoining or excusing the attendance of any such under-tenant or ryot. If any under-tenant or ryot after the issue of an order enjoining his attendance neglects to attend, it shall not be competent to him to contest the correctness of the measurement made in his absence.

[Registry of transfers of talooks &c. Proviso.]

XXVII. All dependent talookdars and other persons possessing a permanent transferable interest in land intermediate between the Zemindar and the cultivator are required to register, in the Sherishteh of the Zemindar or superior tenant to whom the rents of their talooks or tenures are payable, all transfers of such talooks or tenures, or portions of them, by sale, gift, or otherwise, as well as all successions thereto, and divisions among heirs in cases of inheritance. And every Zemindar or superior

[সরদর্শমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৪ মে।]

সেই বিধানমতে হুকুম করিবেন। কিন্তু ঠিকা জমী পেশগী বলিয়া যে পাট্টা কিম্বা তাহার মতের যে পাট্টা-ক্রমে, পাট্টাদার আগাম টাকা দেয় ও মিয়াদ ফুরাইলে পর নগদ কিম্বা ভূমির উপস্বত্ব দিয়া সেই আগাম টাকা ফিরিয়া না দিলে মালিক সেই ভূমি পুনরায় দখল করিতে পারে না, এমত পাট্টা যদি হয়, তবে মিয়াদ ফুরাইলে ঐ ইজারদারকে বেদখল করিবার জন্যে, সেই প্রকারের কোন দরখাস্ত গ্রাহ্য হইবেক না। সেই স্থলে দেওয়ানী আদালতে মোকদ্দমা করিতে হইবেক ইতি।

[জমী মাপ করিবার কথা।]

২৬ ধারা। কোন কোর্পা প্রজা কি রাইয়ত যত জমী ভোগ করে কি চাষ করে তাহা বুঝিয়া যদি তাহার কোন বিশেষ হারহারিমতে খাজানা দিতে হয়, কিম্বা কোন কোর্পা প্রজা কি রাইয়ত যে জমী ভোগ করে কি চাষ করে তাহার নিমিত্তে বিশেষ কতক খাজানা দিবার নিরূপে একরারনামা থাকিলে যদি সেই একরারনামার মিয়াদ ফুরায়, কিম্বা ঐ জমী যে মহালের কি তালুকের মধ্যে থাকে তাহা বাকী মালগুজারীর কি বাকী খাজানার নিমিত্তে নীলাম হওয়াতে যদি সেই একরারনামা বাতিল হয়, তবে সেই কোর্পা প্রজা কি রাইয়ত যত জমী নিতান্ত ভোগ কি চাষ করে তাহা নিশ্চয়মতে জানিবার নিমিত্তে, ঐ জমীর খাজানা যাহাকে দিতে হয় সেই জনের ঐ জমী মাপ করিবার অধিকার আছে। ও কোন মহালের কি তালুকের অন্তর্গত জমীর সাধারণমতে জরিপ কি মাপ করিতে ঐ মহালের কি তালুকের প্রত্যেক মালিকের অধিকার আছে। কিন্তু যদি ঐ জমীর দখীলকারেরদের সঙ্গে ঐ জমী মাপ না করিবার কোন বিশেষ করার থাকে তবে করিবেন না। কোন লোকের যে জমী মাপ করিবার অধিকার থাকে সে মাপ করিতে গেলে যদি ঐ জমীর দখীলকারেরা তাহার মাপ হইবার বাধা করে, কিম্বা কোন কোর্পা প্রজার কি রাইয়তের ভোগ কি চাষকরা যে জমী মাপ হইবার যোগ্য হয় তাহার মাপ হইবার মনস্তের এত্তেলা পাইয়াও যদি সেই প্রজা কি রাইয়ত হাজির থাকিতে ও সেই জমী দেখাইয়া দিতে স্বীকার না করে, তবে সেই লোক কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেক। তাহা করিলে এই আইনমতে মোকদ্দমা হইলে তদন্ত লইবার যে বিধান হইয়াছে সেই বিধানমতে কালেক্টর সাহেব সেই বিষয়ের তদন্ত করিবেন, ও সেই মাপ করিবার অনুমতির কি নিষেধের হুকুম করিবেন। আর বিষয় বুঝিয়া যদি প্রয়োজন হয় তবে সেই রাইয়তকে কিম্বা চাষিকে হাজির হইতে হুকুম করিবেন কি গরহাজির থাকিতে দিবেন। কোন কোর্পা প্রজার কি রাইয়তের হাজির হইবার হুকুম তাহার উপর জারী হইলে যদি সে হাজির না হয়, তবে তাহার হাজির না থাকিবার সময়ে যে মাপ হইয়াছে তাহার শুদ্ধাশুদ্ধতার বিষয়ে তাহার আপত্তি করিবার ক্ষমতা থাকিবেক না ইতি।

[তালুকপ্রভৃতির খারিজদাখিল রেজিষ্টরী করিবার কথা। ও বর্জ্জিত কথা।]

২৭ ধারা। মফঃসলী সকল তালুকদারের প্রতি, ও জমীতে যে সম্পর্ক হস্তান্তর করা যাইতে পারে এমত চিরস্থায়ী সম্পর্ক জমীদারের ও রাইয়তের মধ্যস্থলে অন্য যে লোকেরদের থাকে, এমত সকল লোকের প্রতি এই আদেশ হইতেছে যে, সেই তালুক কি জমী কি তাহার কোন অংশ বিক্রয় কি দানক্রমে কি প্রকারান্তরে হস্তান্তর করিলে, ও উত্তরাধিকারিত্বক্রমে তাহাতে অন্যেরদের দখল হইলে, কিম্বা উত্তরাধিকারিত্বক্রমে ওয়ারিষেরদের মধ্যে বণ্টন হইলে, সেই সকল কথা জমীদারের সিরিশ্তায় কিম্বা তালুকের কি জমীর খাজানা আপনার-

tenant is required to admit to registry and otherwise give effect to all such transfers, when made in good faith, and all such successions and divisions. If any Zemindar or superior tenant refuse to admit to registry or otherwise give effect to any such transfer or succession, the transferee or successor may make application to the Collector and the Collector shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under this Act, and if no sufficient grounds are shown for the refusal, shall pass an order enjoining the Zemindar or superior tenant to admit to registry and otherwise give effect to such transfer or succession. Provided that no Zemindar or superior tenant shall be required to admit to registry or give effect to any division or distribution of the rent payable on account of any such tenure, nor shall any such division or distribution of rent be valid and binding without the consent in writing of the Zemindar or superior tenant.

[Applications to dispossess grantees of land exempt from revenue.]

XXVIII. So much of Section X. Regulation XIX. 1793, Section X. Regulation XLI. 1795, Section VI. Regulation XXXI. 1803, Section XXI. Regulation VIII. 1805, and Section XXIV. Regulation XII. 1805, as authorizes and requires proprietors and farmers of estates and dependent talooks, in cases in which grants for holding land exempt from the payment of revenue have been made subsequent to the dates specified in the said Sections, of their own authority to collect the rents of such land and to dispossess the grantees of the proprietary right in the land and to re-annex it to the estate or talook in which it may be situate, is repealed; and any proprietor or farmer who may desire to assess any such land or to dispossess any such grantee shall make application to the Collector, and such application shall be dealt with as a suit under the provisions of this Act. Every such suit shall be instituted within the period of twelve years from the time when the title of the person claiming the right to assess the land or dispossess the grantee, or of some person claiming under him, first accrued. If such period has already elapsed, or will elapse within two years from the date of the passing of this Act, such suit may be brought at any time within two years from such date.

[*Government Gazette, 24th May, 1859.*] 2 V 2

দের উপরিস্থ যে তালুকদারকে দিতে হয় তাহার সিরিশ্তায় রেজিষ্টরী করে। ও প্রত্যেক জমীদারকে কি তদ্রূপ উপরিস্থ তালুকদারকে এই আদেশ হইতেছে যে, সেই প্রকারের হস্তান্তর করিবার যে সকল কার্য্য ন্যায্য ভাবে করা যায়, ও উত্তরাধিকারিত্বক্রমে যে ভোগ কি বণ্টন হয়, তাহা রেজিষ্টরী করিতে অনুমতি দেয় ও প্রকারান্তরে তাহা প্রবল করে। যদি কোন জমীদার কি ঐ উপরিস্থ তালুকদার সেই প্রকারের কোন হস্তান্তর কার্য্যের কি উত্তরাধিকারিত্বের কথা রেজিষ্টরী করিবার অনুমতি দিতে কিম্বা তাহা প্রকারান্তরে প্রবল করিতে স্বীকার না করে, তবে হস্তান্তরক্রমে যে জন তাহা পায় সেই লোক কিম্বা ঐ উত্তরাধিকারী কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেক। তাহা করিলে, এই আইনমতে মোকদ্দমা হইলে তদন্ত করিবার যে বিধি আছে সেই বিধিমতে কালেক্টর সাহেব ঐ কথার তদন্ত লইবেন, ও জমীদারপ্রভৃতির সেই স্বীকার না করিবার কোন উপযুক্ত কারণ যদি দেখান না যায়, তবে তিনি ঐ জমীদারকে কি ঐ উপরিস্থ তালুকদারকে ঐ হস্তান্তর কার্য্যের কি উত্তরাধিকারিত্বের কথা রেজিষ্টরী করিবার অনুমতি দিতে কিম্বা প্রকারান্তরে তাহা প্রবল করিতে হুকুম করিবেন। পরন্তু সেই প্রকারের জমীর নিমিত্তে যে খাজানা দিতে হয় সেই খাজানার বিভাগ কি বণ্টন হইবার কথা রেজিষ্টরী করিতে অনুমতি দিবার, কি প্রবল করিবার হুকুম কোন জমীদারকে কি উপরিস্থ তালুকদারকে দিতে হইবেক না। ও জমীদারের কিম্বা ঐ উপরিস্থ তালুকদারের অনুমতি লিখিয়া না দেওয়া গেলে জমার সেইরূপ বিভাগ কি বণ্টন সিদ্ধ হইবেক না ও তাহাতে কেহ বদ্ধ হইবেক না ইতি।

[যাহারদিগকে নিষ্করূপে ভূমি দেওয়া গিয়াছে তাহারদিগকে বেদখল করিবার দরখাস্তের কথা।]

২৮ ধারা। ১৭৯৩ সালের ১১ আইনের ১০ ধারার ও ১৭৯৫ সালের ৪১ আইনের ২০ ধারার ও ১৮০৩ সালের ৩১ আইনের ৬ ধারার ও ১৮০৫ সালের ৮ আইনের ২১ ধারার ও ১৮০৫ সালের ১২ আইনের ২৪ ধারার কোন২ কথাতে, মহালের ও মফঃসলী তালুকের মালিকদিগকে ও ইজারদারদিগকে এই ক্ষমতা ও হুকুম দেওয়া গিয়াছিল যে, ঐ২ ধারার লিখিত তারিখের পর যে সকল জমী লাখেরাজরূপে ভোগ করিবার ইনাম দেওয়া গিয়াছিল, সেই সকল জমীর খাজানা তাহারা আপনারদের শক্তিক্রমে উসুল করে, ও ইনামদারেরদের স্থানে সেই জমীর মালিকী স্বত্ব লয় ও যে মহালে কি তালুকে ঐ জমী থাকে তাহার শামিল পুনরায় করে। উক্ত প্রকারের হুকুম ঐ ধারার যে সকল কথাতে হইয়াছে সেই সকল কথা এইক্ষণে রদ হইল, ও কোন মালিক কি ইজারদার যদি সেই প্রকারের ভূমির খাজানা বসাইতে চাহে, কিম্বা তদ্রূপ কোন ইনামদারকে বেদখল করিতে চাহে, তবে কালেক্টর সাহেবের নিকটে তাহার দরখাস্ত করিতে হইবেক, ও এই আইনের বিধানমতে মোকদ্দমা লইয়া যেমন কার্য্য হয়, ঐ দরখাস্ত লইয়া তেমনি হইবেক। জমীর খাজানা বসাইবার কিম্বা ইনামদারকে বেদখল করিবার অধিকার যে জন দাওয়া করে, সে কিম্বা তাহার অধীনে দাওয়ার অন্য লোক, প্রথম যে সময়ে ঐ অধিকার পাইয়াছিল সেই সময়াবধি বারো বৎসর মিয়াদের মধ্যে সেইপ্রকারের মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক। সেই মিয়াদ যদি ইহার মধ্যে ফুরাইয়াছে, কিম্বা এই আইন জারী হইবার তারিখঅবধি দুই বৎসরের মধ্যে ফুরায়, তবে সেই তারিখঅবধি দুই বৎসরের মধ্যে কোন সময়ে ঐ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবেক ইতি।

[Suits by or against Surburakars or Tuhseeldars of estates held khas.)

XXIX. All suits which under the provisions of this Act may be brought by or against Zemindars or other persons in the receipt of the rent of land, may be brought by or against Surburakars or Tuhseeldars of estates held under khas management, whether such estates are the property of Government or of individuals. If the Collector or the Surburakar or Tuhseeldar of any such estate in the Provinces of Bengal, Behar, and Orissa proceed against any defaulting ryot or under-tenant of such estate under the powers vested in him by Section XXV. Regulation VII. 1799, and not according to the provisions of this Act, such ryot or under-tenant may contest the demand on account of which he is so proceeded against by suit in the Civil Court.

[খাস মহালের সরবরাহকারেরদের কি তহসীলদারেরদের মোকদ্দমা করিবার কি তাহারদের নামে মোকদ্দমা হইবার কথা।]

২৯ ধারা। জমীদারেরা, কিম্বা জমীর খাজানা অন্য যে লোকেরা পাইয়া থাকে, তাহারা এই আইনের বিধানমতে যে সকল মোকদ্দমা করিতে পারে, কিম্বা তাহারদের নামে যে সকল মোকদ্দমা হইতে পারে, সেই প্রকারের মোকদ্দমা সরকারের কিম্বা বিশেষ ব্যক্তির খাস মহালের সরবরাহকারেরা কি তহসীলদারেরাও করিতে পারিবেক কি তাহারদের নামে হইতে পারিবেক। যদি কালেক্টর সাহেব, কিম্বা বাঙ্গলা কি বেহার কি উড়িষ্যা দেশের অন্তঃপাতি সেই প্রকারের কোন মহালের সরবরাহকার কি তহসীলদার এই আইনের বিধানমতে না হইয়া ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারামতে যে ক্ষমতা পান সেই ক্ষমতানুসারে কোন বাকীদার রাইয়তের কি কোর্পা প্রজার নামে নালিশ করেন, তবে যে দাবীর নিমিত্তে তাহার নামে নালিশ হয় তাহার উপর ঐ রাইয়ত কি কোর্পা প্রজা দেওয়ানী আদালতে নালিশ করিয়া আপত্তি করিতে পারিবেক ইতি।

[Time for commencement of suits generally.]

XXX. Except as otherwise herein provided, all suits instituted under this Act shall be commenced within the period of one year from the date of the accruing of the cause of action.

[মোকদ্দমা আরম্ভ করিবার মিয়াদের সাধারণ কথা।]

৩০ ধারা। এই আইনেতে অন্য বিধি না থাকিলে, মোকদ্দমার হেতু যে তারিখে, হয় সেই তারিখঅবধি এক বৎসরের মধ্যে এই আইনমতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক ইতি।

[Time for commencement of suits for grant of pottahs, &c.]

XXXI. Suits for the delivery of pottahs or kubooliyets and for the determination of the rates of rent at which such pottahs or kubooliyets are to be delivered, may be instituted at any time during the tenancy.

[পাট্টাপ্রভৃতি পাইবার মোকদ্দমা আরম্ভ করিবার মিয়াদের কথা।]

৩১ ধারা। পাট্টা কি কবুলিয়ৎ পাইবার জন্যে, ও খাজানার যে হারে সেই পাট্টা কি কবুলিয়ৎ দিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করিবার বাবৎ যে মোকদ্দমা হয়, সেই মোকদ্দমা জমী দখলে থাকিবার কোন সময়ে হইতে পারিবেক ইতি।

[Time for the commencement of suits for arrears of rent. Proviso.]

XXXII. Suits for the recovery of arrears of rent shall be instituted within three years from the last day of the Bengal year, or from the last day of the month of Jeth of the Fusly or Willayuttee year in which the arrear claimed shall have become due. For arrears of rent due at the passing of this Act, suit shall be brought within three years after the passing of this Act; or within the period now allowed for the institution of such suits in the Civil Court, whichever may first expire. Provided that, if the suit be for the recovery of rent at a higher rate than was payable in the previous year, such rent having been enhanced after issue of notice under Section XIII. and the enhancement not having been confirmed by any competent Court, the suit shall be instituted within three months from the end of the Bengal year or of the month of Jeth of the Fusly or Willayuttee year, on account of which such enhanced rent is claimed.

[বাকী খাজানার বাবৎ মোকদ্দমা আরম্ভ করিবার মিয়াদের কথা ও বর্জ্জিত কথা।]

৩২ ধারা। বাঙ্গলা যে সনের খাজানা বাকী বলিয়া দাওয়া হয় সেই সনের শেষ দিনঅবধি, কিম্বা ফসলী কি বিলায়তী সন হইলে জ্যৈষ্ঠ মাসের শেষ তারিখঅবধি তিন বৎসরের মধ্যে সেই বাকী আদায় হইবার মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক। এই আইন জারী হইবার সময়ে যে খাজানা বাকী থাকে তাহার মোকদ্দমা এই আইন জারী হইবার কালঅবধি তিন বৎসরের মধ্যে, কিম্বা দেওয়ানী আদালতে সেই প্রকারের মোকদ্দমা উপস্থিত করিবার যে মিয়াদ এখন নিরূপিত আছে ইহার মধ্যে যে মিয়াদ প্রথমে ফুরায় সেই মিয়াদের মধ্যে করিতে পারিবেক। পরন্তু পূর্ব্ব সনে যে হিসাবে খাজানা দেওয়া যাইত তাহার অধিক হারহারিমতে খাজানা পাইবার বাবৎ যদি মোকদ্দমা হয়, ও সেই খাজানা যদি ১৩ ধারামতের এত্তেলা জারী হইলে পর বৃদ্ধি হইয়া থাকে, ও সেই জমাবৃদ্ধি যদি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে মঞ্জুর হয় নাই, তবে যে বৎসরের ঐ বৃদ্ধিকরা খাজানা দাওয়া হইতেছে, বাঙ্গলা সন হইলে সেই সনের শেষঅবধি, কিম্বা ফসলী কি বিলায়তী সন হইলে জ্যৈষ্ঠ মাসের শেষঅবধি তিন মাসের মধ্যে, ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক ইতি।

[Time for the commencement of suits against agents for money, papers, or accounts. Proviso.]

XXXIII. Suits for the recovery of money in the hands of an agent or for the delivery of accounts or papers by an agent, may be brought at any time during the agency, or within one year after the determination of the agency of such agent, or in the case of claims now existing within one year after the passing of this Act or within the period now allowed for the institution of such suits in the Civil Court whichever may first expire. Provided that if the person having the right to sue shall, by means of fraud, have been kept from the knowledge of the receipt of any such money by the agent, or if any fraudulent account shall have been rendered by the agent, the suit may be brought within one year from the time when the fraud shall have been first known to such person; but no such suit shall in any case (except the case of claims now existing as aforesaid) be brought at any time exceeding three years from the termination of the agency.

[টাকার কি কাগজপত্রের কি হিসাবের নিমিত্তে কর্ম্মকারকেরদের নামে মোকদ্দমা আরম্ভ করিবার সময়ের কথা ও বর্জ্জিত কথা।]

৩৩ ধারা। কর্ম্মকারকের হাতে যে টাকা থাকে তাহা পাইবার, কিম্বা তাহার কোন হিসাব কি কাগজপত্র দেওয়াইবার মোকদ্দমা, তাহার কর্ম্ম বহাল থাকিবার কোন সময়ে করা যাইতে পারিবেক, কিম্বা তাহার কর্ম্ম যাওনের পর এক বৎসরের মধ্যে করা যাইতে পারিবেক।

[Mode of instituting suits. Form of plaint or statement of claim.]

XXXIV. Suits under this Act shall be instituted by presenting to the Collector a plaint or statement of claim which shall contain the name, description, and place of abode of the plaintiff; the name, description, and place of abode of the defendant, so far as they can be ascertained; the substance of the claim, and the date of the cause of action.

[মোকদ্দমা উপস্থিত করিবার নিয়ম ও নালিশের কি দাওয়ার আরজী লিখিবার ধারা।]

৩৪ ধারা। এই আইনমতে মোকদ্দমা এই প্রকারে উপস্থিত করিতে হইবেক। নালিশের কিম্বা দাওয়ার আরজী লিখিয়া কালেক্টর সাহেবকে দিতে হইবেক। তাহাতে এই২ কথা থাকিবেক, ফরিয়াদীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান, ও আসামীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান যেপর্য্যন্ত জানা যাইতে পারে সেইপর্য্যন্ত, ও দাওয়ার মর্ম্ম, ও নালিশের মূল কারণ যে তারিখে হয় সেই তারিখ ইতি।

[Statement by whom to be presented.]

XXXV. The statement of claim shall be presented by the plaintiff, or by an authorized agent of the plaintiff who has personal knowledge of the facts of the case, or, by an agent who shall be accompanied by a person who has such knowledge.

[আরজী যাহার দাখিল করিতে হইবেক তাহার কথা।]

৩৫ ধারা। দাওয়ার আরজী ফরিয়াদী আপনি দাখিল করিবেক, কিম্বা ফরিয়াদীর ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার নিজে মোকদ্দমার বৃত্তান্ত জানে তাহার দ্বারা, কিম্বা যে লোক সেই বৃত্তান্ত জানে এমত লোককে মোক্তারের সঙ্গে দিয়া ঐ মোক্তারের দ্বারা আরজী দাখিল করা যাইবেক ইতি।

[Verification of statement.]

XXXVI. The statement of claim shall be subscribed and verified at the foot by the plaintiff or his agent in the manner following, or to the like effect:

I A. B. do declare that the above statement is true to the best of my knowledge and belief.

[আরজীর কথা সত্য ইহা লিখিবার কথা।]

৩৬ ধারা। ঐ দাওয়ার আরজীর নীচে ফরিয়াদী কি তাঁহার মোক্তার দস্তখৎ করিবেক, ও তাঁহা সত্য এই কথা নীচের লিখিত প্রকারে কি তাঁহার মর্ম্মমতে লিখিবেক অর্থাৎ,

আমি অমুক ইহা প্রকাশ করিতেছি, যে উক্ত আরজীর লিখিত কথা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

[Punishment for false verification.]

If the statement shall contain any averment which the person making the verification shall know or believe to be false, or shall not know or believe to be true, such person shall be subject to punishment according to the law for the time being in force for the punishment of giving or fabricating false evidence.

[সত্য হওয়ার মিথ্যা কথা লিখিবার দণ্ড।]

ঐ আরজী সত্য এই কথা যে জন লিখিয়াছে সে যাহা অসত্য জানে কি বিশ্বাস করে, কিম্বা সত্য বলিয়া না জানে কিম্বা বিশ্বাস না করে এমত কোন এজহার যদি তাহাতে থাকে, তবে মিথ্যা সাক্ষ্য দিবার কি সাজাইবার যে দণ্ড তৎকালের চলিত কোন আইনমতে হয়, সেই লোকের ঐ দণ্ড হইতে পারিবেক ইতি।

[Statement of claim to be written on stamped paper. No stamp duty to be required for filing documents &c.]

XXXVII. In suits for the recovery of arrears of rent or of money in the hands of an agent, the statement of claim shall be written on paper bearing a stamp of one fourth the value prescribed for suits instituted in the Civil Court. In all other suits the statement shall be written on paper bearing a stamp of the value of eight annas. No stamp shall be required in respect of the production or filing of any document, or the summoning of any witness, or of any ap-

[দাওয়ার আরজী ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। ও দলীলপ্রভৃতি দাখিল করিবার কোন ইষ্টাম্প না লাগিবার কথা।]

৩৭ ধারা। বাকী খাজানা কিম্বা কর্ম্মকারকের হাতে থাকা কিছু টাকা পাইবার বাবৎ মোকদ্দমা হইলে, দেওয়ানী আদালতে মোকদ্দমার যত মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট থাকে, ঐ দাওয়ার আরজী তাহার চারি ভাগের এক ভাগ মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। অন্য সকল মোকদ্দমার আরজী আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। কোন দলীল দেখাইবার কি দাখিল করিবার জন্যে, কিম্বা কোন সাক্ষিকে সমন করিবার জন্যে, কিম্বা এই আইনমতের

plication for the execution of any order or judgment passed in a suit under this Act.

[Documentary evidence to be produced by plaintiff.]

XXXVIII. If the plaintiff rely in support of his claim on any document in his possession, he shall deliver the same to the Collector at the time of presenting his statement of claim. Unless such document be delivered in, or its non-production be sufficiently excused, or unless the Collector see fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

[If plaintiff require production of document from defendant.]

XXXIX. If the plaintiff require the production of any document in the possession or power of the defendant, he may at the time of presenting his statement of claim, deliver to the Collector a description of the document in order that the defendant may be required to produce the same.

[Form of plaint in suits for arrears of rent.]

XL. If the suit be for the recovery of an arrear of rent, the statement shall specify the name of the village and estate, and of the Pergunnah or other local division in which the land is situate; and if the arrear is alleged to be due from any ryot, the quantity of land, and where fields have been numbered in a Government Survey, the number of each field; the yearly rent of the land, the amount (if any) received on account of the year for which the claim is made, the amount in arrear, and the time in respect of which it is alleged to be due.

[Form of plaint in suits for ejectment of ryot, &c., or for recovery of occupancy or possession of land, &c.]

XLI. If the suit be for the ejectment of a ryot, farmer, or tenant, from any land, farm, or tenure, or for the recovery of the occupancy or possession of any land, farm, or tenure, the statement shall describe (as circumstances may require) the extent, situation, and designation of the same; and if necessary for the identification of the land, shall set forth the boundaries of such land.

[Statement may be returned or allowed to be amended.]

XLII. If the statement of claim do not contain the several particulars hereinbefore required to be specified therein, or be not subscribed and verified as hereinbefore required, the Collector may return the statement to the plaintiff, or at his discretion allow it to be amended.

[Issue of summons; personal attendance of defendant may be required.]

XLIII. If the statement of claim be in proper form, the Collector, except as otherwise hereinafter especially provided, shall direct the issue

মোকদ্দমাতে যে কোন হুকুম কি ডিক্রী হয় তাহা জারী করিবার কোন দরখাস্তের জন্যে কিছু ইষ্টাম্প লাগিবেক না ইতি।

[ফরিয়াদীর যে দলীল দেখাইতে হইবেক তাহার কথা।]

৩৮ ধারা। ফরিয়াদী যদি আপনার নিকটে থাকা কোন দলীলের দ্বারা আপনার দাওয়া সাবদ করিতে চাহে, তবে আপনার দাওয়ার আরজী দিবার সময়ে সেই দলীলও কালেক্টর সাহেবকে দিবেক। যদি সেই সময়ে ঐ দলীল না দেওয়া যায়, কিম্বা তাহা না দেখাইবার উপযুক্ত কারণ না জানান যায়, কিম্বা যদি কালেক্টর সাহেব সেই দলীল দেখাইবার জন্যে অধিক সময় দেওয়া উচিত বোধ না করেন, তবে তাহা পরে গ্রাহ্য হইবেক না ইতি।

[আসামীর কোন দলীল দেখান যায় ফরিয়াদীর এমত প্রয়োজন থাকিলে তাহার কথা।]

৩৯ ধারা। আসামীর নিকটে কিম্বা তাহার ক্ষমতার মধ্যে যে দলীল থাকে এমত কোন দলীল উপস্থিত করা যায় ফরিয়াদীর যদি এমত প্রয়োজন থাকে, তবে আসামীকে তাহা উপস্থিত করিবার আজ্ঞা হয়, এই নিমিত্তে ফরিয়াদী যে সময়ে দাওয়ার আরজী উপস্থিত করে সেই সময়ে ঐ দলীলের বর্ণনা কালেক্টর সাহেবের নিকটে দাখিল করিতে পারিবেক ইতি।

[বাকী খাজানার মোকদ্দমায় নালিশ লিখিবার ধারা।]

৪০ ধারা। যদি বাকী খাজানা পাইবার জন্যে মোকদ্দমা হয়, তবে যে মৌজাতে ও মহালে ও পরগনায়, কিম্বা অন্য যে কিসমৎপ্রভৃতিতে জমী থাকে তাহার নাম, ও কোন রাইয়তের স্থানে খাজানা পাওনা আছে এমত ব্যক্ত হইলে, যত জমী হয়, ও সরকারের জরিপী কার্য্যক্রমে যদি ক্ষেত্রের নম্বর দেওয়া গিয়া থাকে তবে একহ ক্ষেত্রের নম্বর, ও জমীর সালিয়ানা জমা, ও যে বৎসরের বাকীর দাওয়া হয় সেই বৎসরের কোন কিস্তির টাকা যদি পাওয়া গিয়া থাকে তবে যত পাওয়া গেল, ও যত বাকী থাকে, ও যত কালের বাকী বলে এই সকল কথা ঐ দাওয়ার আরজীতে লেখা থাকিবেক ইতি।

[রাইয়তপ্রভৃতিকে বেদখল কিম্বা ভূমিপ্রভৃতি দখল কি অধিকার পুনরায় করিবার মোকদ্দমায় নালিশের আরজী লিখিবার ধারা।]

৪১ ধারা। যদি কোন রাইয়তকে কি ইজারদারকে কি দখীলকারকে কোন ইজারা কি জমীহইতে বেদখল করিবার জন্যে, অথবা যদি কোন ইজারা কি জমী দখল কি অধিকার করিবার জন্যে মোকদ্দমা হয়, তবে দাওয়ার আরজীতে প্রয়োজনমতে এই কথা লিখিতে হইবেক, অর্থাৎ সেই জমীপ্রভৃতির পরিমাণ ও যে স্থানে থাকে তাহা ও জমীর নাম, ও সেই জমী চিনিবার জন্যে আবশ্যক হইলে তাহার চৌহদ্দী লিখিতে হইবেক ইতি।

[আরজী ফিরিয়া দিবার কিম্বা সংশোধন করিতে অনুমতি হইবার কথা।]

৪২ ধারা। দাওয়ার আরজীতে যে সকল কথা লিখিবার আজ্ঞা এই আইনেতে হইয়াছে সেই সকল কথা যদি তাহাতে লেখা না থাকে, কিম্বা ইহার পূর্ব্বের আজ্ঞামতে যদি তাহাতে দস্তখৎ না করা যায়, কি তাহা সত্য এই কথা না লেখা যায়, তবে কালেক্টর সাহেব সেই আরজী ফরিয়াদীকে ফিরিয়া দিতে পারিবেন, কিম্বা আপনার বিবেচনামতে তাহা শুধরাইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[সমন জারী হইবার ও আসামীর নিজে হাজির হইবার হুকুম হইতে পারিবার কথা।]

৪৩ ধারা। দাওয়ার আরজী যদি উপযুক্ত দাঁড়ামতে হইয়াছে, তবে ইহার পরে যে স্থলের বিশেষ বিধি হইয়াছে সেই স্থলছাড়া অন্য সকল স্থলে, কালেক্টর

of a summons to the defendant, and if the plaintiff require the personal attendance of the defendant, and satisfy the Collector that such personal attendance is necessary, or the Collector of his own accord require such personal attendance, the summons shall contain an order for the defendant to appear personally on a day to be specified in the summons, otherwise the summons shall order the defendant to appear personally or by an agent duly authorized on his behalf, who has personal knowledge of the subject, or who shall be accompanied by a person who has such personal knowledge.

[The day to be specified in the summons how to be fixed. Defendant to be ordered to produce necessary documents, and to bring witnesses willing to attend without process.]

XLIV. The day to be specified in the summons shall be fixed with reference to the state of the file and the distance that the defendant may be or be supposed to be at the time from the place where the Court is held, and the summons shall order the defendant to produce any document which he may have in his possession, of which the plaintiff demands inspection, or upon which the defendant may intend to rely in support of his defence. It shall also enjoin him to bring with him his witnesses if they are willing to attend without issue of process; and shall be in the form A contained in the Schedule to this Act, or to the like effect.

[Summons how to be served.]

XLV. The summons shall be served by delivering a copy of the summons to the defendant personally when practicable; or if the summons cannot be served on the defendant personally, by affixing a copy of it to some conspicuous part of his usual place of abode, and also affixing a copy of the same in the Collector's Office.

[Endorsement by Nazir if summons has been personally served or not.]

XLVI. If the summons be served personally, the Nazir shall endorse on the summons the fact of such service. If personal service be not effected, the Nazir shall endorse on the summons the reason of not serving it personally, and how it has been served.

[Execution of process in another District.]

XLVII. If the usual place of abode of the defendant be in another District, the summons, together with the cost of the service thereof, shall be sent by the public post to the Collector of such District, who shall issue the summons, and return the same, after service, with the prescribed endorsement, to the Officer by whom it was transmitted to him.

[Cost of serving summons or warrant to be deposited in Court.]

XLVIII. The amount of the cost of serving

সাহেব আসামীর নামে সমন বাহির হইবার হুকুম করিবেন, আর আসামী আপনি হাজির হয় ফরিয়াদী যদি ইহা ইচ্ছা করে, ও তাহার হাজির হওয়া আবশ্যক এই কথা কালেক্টর সাহেবের সুবোধমতে জানায়, কিম্বা আসামী স্বয়ং হাজির হয় ইহা কালেক্টর সাহেব যদি আপনি ইচ্ছা করেন, তবে সমনের নিরূপিত দিনে আসামীর নিজে হাজির হইবার হুকুম সমনে দিতে হইবেক। নতুবা সমনে এই হুকুম থাকিবেক যে, আসামী আপনি হাজির হয়, কিম্বা মোকদ্দমার বৃত্তান্ত যে জন নিজে জানে আপনার উপযুক্তমতের ক্ষমতাপন্ন এমত মোখ্তারের দ্বারা কিম্বা যে জন নিজে সেই বৃত্তান্ত জানে তাহাকে মোখ্তারের সঙ্গে দিয়া তাহার দ্বারা হাজির হয় ইতি।

[সমনে যে দিন লেখা থাকে তাহা যে প্রকারে নিরূপণ হইবেক তাহার কথা। আসামীকে আবশ্যক সকল দলীল আনিতে ও যে সাক্ষিরা বিনা পরওয়ানাতে হাজির হইতে চাহে তাহারদিগকে সঙ্গে আনিতে হুকুম হইবেক।]

৪৪ ধারা। নথীতে যে সকল মোকদ্দমা থাকে তাহা বুঝিয়া, ও কাছারী ঘরহইতে আসামী তৎকালে যত দূর থাকে কি অনুমানে যত দূর থাকে তাহা বিবেচনা করিয়া, সমনের নির্দ্দিষ্ট দিন নির্দ্ধার্য্য হইবেক। আর ফরিয়াদী যাহা দেখিতে চাহে এমত যে কোন দলীল আসামীর কাছে থাকে তাহা, ও আসামী যে দলীলের দ্বারা আপনার জওয়াব সাবুদ করিতে চাহে তাহা সঙ্গে করিয়া আনিবার হুকুম ঐ সমনে থাকিবেক। আরো সেই সমনে তাহাকে এই আদেশ হইবেক যে, তাহার তরফের কোন সাক্ষিরা যদি বিনা পরওয়ানাতে হাজির হইতে চাহে, তবে তাহারদিগকেও সঙ্গে করিয়া আনে। সেই সমন এই আইনের তফসীলের A চিহ্নিত পাঠের লিখনমতে কিম্বা তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক ইতি।

[সমন যে প্রকারে জারী হইবেক তাহার কথা।]

৪৫ ধারা। সমন এই প্রকারে জারী হইবেক। সমনের এক কেতা নকল নিজ আসামীকে দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবেক। যদি নিজ আসামীকে দেওয়া যাইতে না পারে, তবে তাহার এক কেতা নকল আসামীর নিয়ত বাসস্থানের কোন প্রকাশস্থলে লটকাইয়া, ও তাহার এক কেতা নকল কালেক্টর সাহেবের কাছারী ঘরে লটকাইয়া জারী হইবেক ইতি।

[সমন আসামীকেই দেওয়া গেল কি না, এই কথা নাজির সমনের পিঠে লিখিবেক।]

৪৬ ধারা। যদি সমন নিজ আসামীর উপর জারী হয়, তবে সেই কথা নাজির সমনের পিঠে লিখিবেক। যদি আসামীর উপর জারী না হয় তবে যে কারণে হইল না ও সমন যে প্রকারে জারী হইয়াছে তাহার কথা নাজির সমনের পিঠে লিখিবেক ইতি।

[ভিন্ন জিলাতে পরওয়ানা জারী হইবার কথা।]

৪৭ ধারা। যদি আসামীর নিয়ত বাসস্থান অন্য জিলাতে হয়, তবে সমন ও তাহা জারী করিবার খরচ ঐ জিলার কালেক্টর সাহেবের নিকটে ডাকযোগে পাঠাইতে হইবেক। তিনি ঐ সমন জারী করিবেন ও জারী হইলে পর তাহার পৃষ্ঠের নির্দ্দিষ্ট কথা সমেত, ঐ সমন যে সাহেব তাঁহার নিকটে পাঠাইয়াছিলেন তাঁহার নিকটে ফিরিয়া পাঠাইবেন ইতি।

[সমন কি ওয়ারণ্ট জারী করিবার খরচ আদালতে আমানৎ করিতে হইবেক।]

৪৮ ধারা। নালিশের কি দাওয়ার আরজী যে দিনে

the summons, or if a warrant be issued as provided in the next succeeding Section, of serving the warrant, shall in all cases be deposited in Court upon the same day or the day next following that on which the plaint or statement of claim is presented to the Collector. If the said amount be not so deposited (except in cases in which the Collector may allow the issue of summons free of cost under the discretion reserved to him in Section CXLVI.), the case shall not be brought on the file of suits: but in such case the plaintiff may present another plaint at any time within the period allowed by the rules for the limitation of actions.

কালেক্টর সাহেবকে দেওয়া যায়, সেই দিনে কি তাহার পর দিনে, সমন জারী করিবার খরচ, কিম্বা ইহার পরের ধারার বিধিমতে যদি ওয়ারণ্ট জারী হয় তবে সেই ওয়ারণ্ট জারী করিবার খরচ, আদালতে আমানৎ করিতে হইবেক। ১৪৬ ধারাতে কালেক্টর সাহেবকে ক্ষমতা দেওয়া গেল যে, কোন২ স্থলে আপনার বিবেচনামতে বিনাখরচে সমন বাহির হইতে দেন. কিন্তু তদ্রূপ স্থল ছাড়া, যদি সেই টাকা আমানৎ না করা যায়, তবে মোকদ্দমা নথীর শামিল করা যাইবেক না। কিন্তু নালিশ করিবার মিয়াদের বিধিতে যত কালের অনুমতি হইয়াছে তাহার মধ্যে কোন সময়ে ফরিয়াদী নালিশের অন্য আরজী উপস্থিত করিতে পারিবেক ইতি।

[Warrant of arrest in what cases to be issued.]

XLIX. If in any suit against an under-tenant or ryot for the recovery of an arrear of rent, or against an agent for the recovery of any money, papers, or accounts, the plaintiff desires a warrant of arrest to be issued against the defendant, such defendant being resident within the district in which the suit is instituted, he shall present with his statement of claim an application for the issue of such warrant. When such application is presented, the Collector shall examine the plaintiff or his agent, on his oath or affirmation or otherwise according to the law for the time being in force in relation to the examination of witnesses, and inspect the documents adduced by him in support of his claim, and if there be *primâ facie* grounds for believing the claim to be well-founded, and that, if a summons be issued, the defendant will abscond instead of appearing to answer the claim, the Collector may issue a warrant for the arrest of the defendant. The Collector shall fix a reasonable time for the return of the warrant which shall be in the form (B) contained in the Schedule to this Act, or to the like effect, and the Officer entrusted with the service of the warrant shall at the time of arresting the defendant deliver to him a notice addressed to the defendant (which shall be in the form (C) in the Schedule or to the like effect) containing the particulars of the claim, and requiring the defendant, if he contest the claim, to bring with him any document upon which he may intend to rely in support of his defence. But no such warrant shall be issued in a suit for arrears of rent due in respect of a dependent talook or other transferable tenture, which, as hereinafter provided, is liable to sale in execution of any decree which may be passed in the case.

৪৯ ধারা। বাকী খাজানার জন্যে কোন কোর্পা প্রজার কি রাইয়তের নামে, কিম্বা কিছু টাকা কি কাগজপত্র কি হিসাব পাইবার জন্যে কোন কর্ম্মকারকের নামে মোকদ্দমা করিয়া, আসামীর নামে গ্রেফ্তারের পরওয়ানা বাহির হয় ফরিয়াদী যদি এমত ইচ্ছা করে, ও মোকদ্দমা যে জিলাতে করা যায় আসামী যদি সেই জিলাতে বাস করে, তবে ফরিয়াদী আপন দাওয়ার আরজীর সঙ্গে সেই পরওয়ানা বাহির হইবার দরখাস্তও দিবেক। সেই দরখাস্ত দেওয়া গেলে, কালেক্টর সাহেব ফরিয়াদীকে কি তাহার কর্ম্মকারককে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইয়া, কিম্বা তৎকালে সাক্ষিদের জোবানবন্দী লওয়ার সম্পর্কীয় যে আইন চলন থাকে সেই আইনমতে অন্যরূপে তাহার জোবানবন্দী লইবেন, ও ফরিয়াদী আপন দাওয়া সাবুদ করিবার যে সকল দলীল দাখিল করে তাহাতে দৃষ্টি করিবেন, ও সেই দাওয়া সমূলক বটে, ও সমন বাহির হইলে আসামী ঐ দাওয়ার জওয়াব দিতে হাজির না হইয়া পলাইবেক, আপাততঃ যদিএমত বোধ করিবার কারণ থাকে, তবে কালেক্টর সাহেব আসামীকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিবেন। ঐ পরওয়ানা এই আইনের তফসীলের B চিহ্নের পাঠের লিখনমতে কি তাহার মর্ম্মমতে হইবেক। ও কালেক্টর সাহেব তাহার ওয়াপোস দিবার উপযুক্ত সময় নিরূপণ করিবেন। সেই পরওয়ানা জারী হইবার নিমিত্তে যে আমলার হাতে দেওয়া যায়, সেই আমলা যে সময়ে আসামীকে গ্রেফ্তার করিবেক, সেই সময়ে আসামীর উপর তফসীলের C চিহ্নের পাঠে কি তাহার মর্ম্মমতে লেখা এত্তেলাও দিবেক। তাহাতে দাওয়ার বেওরা লেখা থাকিবেক ও আসামীকে এই হুকুম হইবেক যে, ঐ দাওয়ার আপত্তি যদি করিতে চাহে, তবে যে দলীলের দ্বারা আপন জওয়াব সাবুদ করিতে মানস করে তাহা সঙ্গে করিয়া আনে। কিন্তু মফঃসলী তালুকের, কি অন্য যে ভূমি হস্তান্তর করা যাইতে পারে তাহার বাকী খাজানার মোকদ্দমাতে, সেই প্রকারের পরওয়ানা বাহির হইবেক না। যেহেতুক এই আইনেতে ইহার পরে এই বিধান হইল যে, মোকদ্দমায় যে কোন ডিক্রী হয় সেই ডিক্রী জারীক্রমে ঐ তালুকপ্রভৃতির নীলাম হইতে পারিবেক ইতি।

[Procedure after arrest of defendant.]

L. If a defendant be arrested under the warrant of arrest, he shall be brought with all convenient speed before the Collector, and the Collector shall commit him to custody unless he deposit in Court such sum as may be specified in the notice.

[আসামীকে গ্রেফ্তার করিলে পর যাহা করিতে হইবেক তাহার কথা।]

৫০ ধারা। যখন গ্রেফ্তারের পরওয়ানাক্রমে আসামীকে গ্রেফ্তার করা যায়, তখন তাহাকে সুবিধামতে অরা করিয়া কালেক্টর সাহেবের নিকটে আনিতে হইবেক, ও এত্তেলাতে যত টাকা নির্দ্দিষ্ট থাকে তত টাকা যদি আদালতে আমানৎ না করে, তবে কালেক্টর সাহেব তাহাকে হাজতে রাখিবেন ইতি।

[Government Gazette, 24th May, 1859.]

[Procedure when defendant is brought before the Collector under warrant. Form of security bond.]

LI. When a defendant is brought before the Collector under warrant, the Collector shall with all convenient speed proceed to try the case in the manner hereinafter provided; and if the suit cannot be at once adjudicated, the Collector may, if he think fit, require the defendant to give security for his appearance whenever the same may be required at any time whilst the suit is depending or until execution of the final decree which may be passed thereon, and may commit the defendant to the Civil jail to be there detained until he shall furnish such security or deposit such sum as the Collector shall order. The security bond shall be in the form (D) contained in the Schedule to this Act or to the like effect.

[পরওয়ানাক্রমে আসামীকে কালেক্টর সাহেবের নিকটে আনা গেলে পর যাহা করিতে হইবেক তাহার কথা ও জামিনীপত্র লিখিবার ধারা।]

৫১ ধারা। আসামীকে পরওয়ানামতে কালেক্টর সাহেবের নিকটে আনা গেলে তিনি সুবিধামতে ত্বরা করিয়া ইহার পরের নির্দ্দিষ্ট বিধানমতে, মোকদ্দমার বিচার করিবেন। যদি মোকদ্দমা একেবারে নিষ্পত্তি হইতে না পারে, তবে ঐ মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে, কিম্বা মোকদ্দমাতে চূড়ান্ত যে ডিক্রী হয় তাহা যত কাল জারী না হয়, তত কাল আসামীর কোন সময়ে হাজির হইবার প্রয়োজন হইলে সে হাজির হইবেক এই করারে কালেক্টর সাহেব উচিত বোধ করিলে তাহাকে জামিন দিতে আজ্ঞা করিবেন, আর আসামী যাবৎ সেই জামিন না দেয়, কিম্বা কালেক্টর সাহেব তাহাকে যত টাকা আমানৎ করিতে হুকুম দেন তত টাকা যাবৎ আমানৎ না করে, তাবৎ আসামীকে কয়েদ হইবার জন্যে দেওয়ানী জেলখানায় রাখিতে পারিবেন। ঐ জামিনীপত্র এই আইনের তফসীলের D লিখিত চিহ্নের পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক ইতি।

[Procedure if warrant of arrest cannot be served upon the defendant.]

LII. If the defendant cannot be arrested under the warrant, the Collector, on the application of the plaintiff, shall either postpone the case for such period as he may think proper in order that the plaintiff may apply within the said period for another warrant to be issued for the arrest of the defendant, or shall forthwith issue a proclamation to be affixed in his own Office and at the residence of the defendant fixing a day for the hearing of the case, which shall not be less than ten days from the date of the publication of the notice at the residence of the defendant. If the defendant shall appear in persuance of the proclamation, he shall be dealt with as provided in the last preceding Section.

[গ্রেফ্তারের পরওয়ানা আসামীর উপর জারী হইতে না পারিলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

৫২ ধারা। যদি গ্রেফ্তারের পরওয়ানামতে আসামীকে গ্রেফ্তার করা যাইতে না পারে, তবে ফরিয়াদী আসামীর গ্রেফ্তারের অন্য পরওয়ানা জারী হইবার দরখাস্ত করে এই নিমিত্তে, কালেক্টর সাহেব ফরিয়াদীর দরখাস্তমতে যত কাল উচিত বোধ করেন তত কাল মোকদ্দমা মুলতবী রাখিবেন, অথবা মোকদ্দমা শুনিবার দিন নিরূপণ করিয়া তাহার ইশ্তিহার আপনার কাছারীতে ও আসামীর বাসস্থানে লটকাইবার জন্যে অগৌণে জারী করিবেন। সেই দিন আসামীর বাসস্থানে ইশ্তিহার প্রকাশ হইবার তারিখঅবধি দশ দিনের কম হইবেক না। আসামী যদি সেই ইশ্তিহারমতে হাজির হয়, তবে ইহার পূর্ব্ব ধারাতে যে বিধান হইয়াছে সেই বিধানমতে তাহাকে লইয়া কার্য্য হইবেক ইতি।

[Compensation for arrest applied for without reasonable cause.]

LIII. If it shall appear to the Collector that the arrest of the defendant was applied for without reasonable cause, the Collector may in his decree award to the defendant such sum not exceeding one hundred Rupees as he may deem a reasonable compensation for any injury or loss which the defendant may have sustained by reason of such arrest, or of his detention in jail during the pendency of the suit.

[অনুপযুক্ত কারণে গ্রেফ্তার হওয়াতে যে ক্ষতি হয় সেই ক্ষতিপূরণের প্রার্থনা হইলে তাহার কথা।]

৫৩ ধারা। আসামীকে গ্রেফ্তার করিবার দরখাস্ত অনুপযুক্ত কারণে হইয়াছে, কালেক্টর সাহেব যদি এমত বোধ করেন, তবে সেই গ্রেফ্তার হওয়াতে, কিম্বা মোকদ্দমা উপস্থিত থাকিবার সময়ে তাহাকে জেলখানায় কয়েদ করাতে আসামীর যে কিছু ক্ষতি কি হানি হইয়াছে, তাহার পরিশোধে কালেক্টর সাহেবের বিবেচনাতে এক শত টাকাপর্য্যন্ত যত টাকা উপযুক্ত বোধ হয়, আসামীর তত টাকা পাইবার হুকুম তিনি আপন ডিক্রীতে করিতে পারিবেন ইতি।

[Consequence of neither party appearing on the day of trial.]

LIV. If on the day fixed by the summons or proclamation for the appearance of the defendant, or on any subsequent day to which the hearing of the case may be adjourned prior to the recording of an issue for trial as hereinafter provided, neither of the parties appear in person or by an agent, the case shall be struck off, with liberty to the plaintiff to bring a fresh suit unless precluded by the rules for the limitation of action.

[বিচারের দিনে কোন পক্ষ হাজির না হইলে তাহার ফলের কথা।]

৫৪ ধারা। সমনে কিম্বা ইশ্তিহারনামায় আসামীর হাজির হইবার যে দিন নিরূপণ হয় সেই দিনে, কিম্বা মোকদ্দমা সেই দিনে মুলতবী রাখিয়া, ইহার পরের বিধানমতে বিচার হইবার ইমু লিখিবার পূর্ব্বে অন্য যে দিন নিরূপণ হয়, সেই দিনে যদি উভয় পক্ষ স্বয়ং কি মোখ্তারের দ্বারা হাজির না হয়, তবে মোকদ্দমা খারিজ হইবেক। কিন্তু যদি নালিশ করিবার মিয়াদের বিধিক্রমে বাধা না হয়, তবে ফরিয়াদী নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক ইতি।

[If defendant only appear to dispute the demand, Collector shall pass judgment by default; but if defendant admit the claim, Collector shall decree upon such admission. Proviso.]

[দাওয়ার আপত্তি করিতে কেবল আসামী হাজির হইলে, ত্রুটিপ্রযুক্ত বলিয়া কালেক্টর সাহেবের নিষ্পত্তি করিবার কথা, কিন্তু আসামী দাওয়া কবুল করিলে, সেই কবুলমতে কালেক্টর সাহেবের ডিক্রী করিবার কথা ও বর্জ্জিত বিধি।]

LV. If on any such day the defendant only appear, the Collector shall pass judgment against the plaintiff by default unless the defendant admit the cause of action, in which case the Collector shall proceed to give judgment for the plaintiff upon such admission without costs; provided that such judgment, if there be more than one defendant, shall be only against the defendant who makes the admission.

৫৫ ধারা। তদ্রূপ কোন দিনে যদি কেবল আসামী হাজির হয়, তবে কালেক্টর সাহেব ত্রুটিপ্রযুক্ত ফরিয়াদীর বিপক্ষে নিষ্পত্তি করিবেন। কিন্তু যদি আসামী নালিশের মূল কারণ কবুল করে, তবে তাহার সেই কবুলমতে কালেক্টর সাহেব খরচা বিনা ফরিয়াদীর পক্ষে ডিক্রী করিবেন। পরন্তু যদি এক জনের অধিক আসামী থাকে, তবে যে আসামী কবুল করে কেবল তাহারই বিপক্ষে ঐ ডিক্রী হইবেক ইতি।

[If plaintiff only appear, Collector may proceed *ex parte*.]

[কেবল ফরিয়াদী হাজির হইলে কালেক্টর সাহেবের একতরফা বিচার করিবার কথা।]

LVI. If on any such day the plaintiff only appear, the Collector, upon proof that the summons or proclamation has been duly served according to the provisions of this Act, shall proceed to examine the plaintiff or his agent, and after considering the allegations of the plaintiff, and any documentary or oral evidence adduced by him, may either dismiss the case or postpone the hearing of it to a future day for the attendance of any witness the plaintiff may wish to call, or may pass judgment *ex parte* against the defendant.

৫৬ ধারা। তদ্রূপ কোন দিনে যদি কেবল ফরিয়াদী হাজির হয়, তবে এই আইনের বিধিমতে সমন কি ইশ্তিহারনামা উপযুক্তরূপে জারী হইয়াছে ইহার প্রমাণ হইলে, কালেক্টর সাহেব ফরিয়াদীর কি তাহার মোক্তারের জোবানবন্দী লইবেন, ও ফরিয়াদীর এজহার বিবেচনা করিলে পর, ও ফরিয়াদী দলীলী কি জবানী যে কিছু প্রমাণ উপস্থিত করে তাহা বিবেচনা করিলে পর, তিনি মোকদ্দমা ডিসমিস করিতে পারিবেন। অথবা ফরিয়াদী যদি কোন সাক্ষিকে তলব করিতে চাহে, তবে তাহার হাজির হইবার জন্যে অন্য দিনপর্য্যন্ত মোকদ্দমা মুলতবী রাখিতে পারিবেন, অথবা আসামীর বিপক্ষে একতরফা ডিক্রী করিতে পারিবেন ইতি।

[If defendant appear on a day to which the case is postponed, Collector may allow him to be heard in answer to the suit.]

[মোকদ্দমা শুনিবার অন্য দিনে যদি আসামী হাজির হয়, তবে তাহার জওয়াব দিতে কালেক্টর সাহেবের অনুমতি দিবার কথা।]

LVII. If the defendant shall appear on any subsequent day to which the hearing of the suit may be postponed under the last preceding Section, the Collector may, upon such conditions, if any, as to costs or otherwise as he may think proper, allow the defendant to be heard in answer to the suit as if he had appeared on the day fixed for his attendance.

৫৭ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে মোকদ্দমা অন্য যে দিনপর্য্যন্ত মুলতবী থাকে, সেই দিনে যদি আসামী হাজির হয়, তবে কালেক্টর সাহেব খরচাপ্রভৃতির কোন নিয়ম করা উচিত বোধ করিলে, যে নিয়ম উচিত বোধ করেন তাহা করিয়া, আসামী হাজির হইবার নিরূপিত দিনে হাজির হইলে যে প্রকারে জওয়াব করিতে পারিত, সেই প্রকারে তাহার জওয়াব শুনা যায়, এমত অনুমতি দিতে পারিবেন ইতি।

[Revival, reversal, and alteration of decrees *ex parte* or by default.]

[একতরফা কিম্বা ত্রুটিপ্রযুক্ত ডিক্রী হইলে, তাহার পুনরুত্থাপনের কি অসিদ্ধ করণের কি পরিবর্ত্তনের কথা।]

LVIII. No appeal shall lie from a judgment passed *ex parte* against a defendant who has not appeared, or from a judgment against a plaintiff by default for non-appearance. But in all such cases if the party against whom judgment has been given shall appear, either in person or by agent, if a plaintiff within fifteen days from the date of the Collector's order, and if a defendant within fifteen days after any process for enforcing the judgment has been executed, or at any earlier period, and shall show good and sufficient cause for his previous non-appearance and shall satisfy the Collector that there has been a failure of justice, the Collector may, upon such terms and conditions as to costs or otherwise as he may think proper, revive the suit and alter or rescind the decree, according to the justice of the case. But no decree shall be reversed or altered without previously summoning the adverse party to appear and be heard in support of it.

৫৮ ধারা। আসামী হাজির না হইলে তাহার বিপক্ষে যে একতরফা ডিক্রী হয়, কিম্বা ফরিয়াদী হাজির না হইলে ত্রুটিপ্রযুক্ত তাহার বিপক্ষে যে নিষ্পত্তি হয় তাহার উপর কোন আপীল হইতে পারিবেক না। কিন্তু তদ্রূপ কোন স্থলে যাহার বিপক্ষে নিষ্পত্তি হয় সেই লোক ফরিয়াদী হইলে, কালেক্টর সাহেবের হুকুমের তারিখঅবধি পনের দিনের মধ্যে, ও আসামী হইলে, ডিক্রী জারী করিবার কোন পরওয়ানা জারী হইলে পর পনের দিনের মধ্যে কিম্বা তাহার পূর্ব্বের কোন সময়ে, যদি আপনি কি মোক্তারের দ্বারা হাজির হইয়া, আপনার পূর্ব্বে হাজির না হইবার উত্তম ও উপযুক্ত কারণ জানায়, ও ন্যায়বিচারের ত্রুটি হইয়াছে এই কথা কালেক্টর সাহেবের খাতিরজমাতে জানায়, তবে কালেক্টর সাহেব খরচাপ্রভৃতির যে নিয়ম ও শর্ত্ত করা উচিত বোধ করেন তাহা করিয়া, মোকদ্দমার পুনরুত্থাপন করিবেন, ও ন্যায়বিচারমতে ডিক্রী পরিবর্ত্তন কি বাতিল করিবেন। কিন্তু বিপক্ষ পক্ষের হাজির হইয়া, ডিক্রী বহাল থাকিবার জন্যে জওয়াব করিতে তলব না হইলে, কোন ডিক্রী অসিদ্ধ কি পরিবর্ত্তন হইবেক না ইতি।

[On appearance of parties, the parties to be examined by the Collector, and may cross-examine each other.]

[উভয় পক্ষ হাজির হইলে তাহারদের জোবানবন্দী লইবার কথা ও তাহারদের পরস্পর জেরা সওয়াল করিবার কথা।]

LIX. When both parties appear in person or by agent on the day named in the summons, or upon any subsequent day to which the hearing of the case may be adjourned, for sufficient reason to be recorded by the Collector, the Collector shall proceed to examine such of the parties as may be present, and either party or his agent may cross-examine the other. If either of the parties be not bound to attend personally, any agent by whom he shall appear, or any person who shall accompany such agent, shall be examined and cross-examined in like manner as the party himself would have been if he had attended personally. At the time of examination the defendant, if he think fit, may file a written statement of his defence.

৫৯ ধারা। সমনে যে দিন নিরূপণ হইল সেই দিনে, কিম্বা মোকদ্দমা মুলতবী রাখিবার উপযুক্ত কারণ থাকিলে কালেক্টর সাহেব সেই কারণ রিকার্ড করিয়া মোকদ্দমা শুনিবার অন্য যে দিন নিরূপণ করেন সেই দিনে, যদি উভয় পক্ষ নিজে কিম্বা মোক্তারের দ্বারা হাজির হয়, তবে উভয় পক্ষের যে লোকেরা হাজির থাকে তাহারদের জোবানবন্দী কালেক্টর সাহেব লইবেন, ও কোন পক্ষের কোন লোক কিম্বা তাহার মোক্তার অন্য পক্ষের কোন লোককে জেরা সওয়াল করিতে পারিবেক। যদি কোন পক্ষের স্বয়ং হাজির হইবার হুকুম না হয়, তবে যে মোক্তারের দ্বারা হাজির হয় তাহার, কিম্বা সেই মোক্তারের সঙ্গে যে কোন লোক আইসে সেই লোকের জোবানবন্দী লওয়া যাইবেক ও জেরা সওয়াল হইবেক, অর্থাৎ ঐ পক্ষ আপনি হাজির হইলে তাহার যেমন হইতে পারিত তেমনি হইবেক। জোবানবন্দী দিবার সময়ে আসামী উচিত বোধ করিলে, আপন জওয়াব লিখিয়া দাখিল করিতে পারিবেক ইতি।

[Examination of parties, &c.]

[উভয় পক্ষপ্রভৃতির জোবানবন্দীর কথা।]

LX. The examination of the parties or their agents or such other persons as aforesaid shall be upon oath or affirmation or otherwise according to the law for the time being in force relative to the examination of witnesses. The substance of the examination shall be reduced to writing in the vernacular language of the Collector and filed with the record.

৬০ ধারা। উভয় পক্ষের কি তাহারদের মোক্তারেরদের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য ব্যক্তিরদের যে জোবানবন্দী লওয়া যায় তাহা শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে কিম্বা প্রকারান্তরে সাক্ষিরদের জোবানবন্দী লইবার যে আইন যে সময়ে চলন থাকে সেই আইনমতে লওয়া যাইবেক। ঐ জোবানবন্দীর মর্ম্ম কালেক্টর সাহেবের নিজ দেশীয় ভাষাতে লিখিয়া লওয়া যাইবেক, ও নথীর শামিল করা যাইবেক ইতি।

[Witnesses to be examined.]

[সাক্ষিরদের জোবানবন্দী লইবার কথা।]

LXI. If either of the parties shall bring forward a witness on such day, the Collector may take the evidence of such witness.

৬১ ধারা। সেই দিনে যদি কোন পক্ষ সাক্ষিকে হাজির করায় তবে কালেক্টর সাহেব ঐ সাক্ষির জোবানবন্দী লইতে পারিবেন ইতি।

[Documentary evidence to be produced by defendant.]

[আসামীর দলীল আনিবার কথা।]

LXII. If the defendant rely on any document in support of his defence, he shall deliver the same into Court at the first hearing of the suit; and unless such document be so delivered in, or its non-production be sufficiently excused or unless the Collector see fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

৬২ ধারা। আসামী যদি কোন দলীলের দ্বারা আপনার জওয়াব সাব্যস্ত করিতে চাহে, তবে মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে সেই দলীল আদালতে দাখিল করিবেক। যদি ঐ দলীল সেই সময়ে দাখিল না করা যায়, কিম্বা তাহা না দেখাইবার উপযুক্ত কারণ ব্যক্ত না করা যায় তবে, কিম্বা কালেক্টর সাহেব ঐ দলীল আনিবার মিয়াদ বৃদ্ধি করা উচিত জ্ঞান না করিলে, ঐ দলীল তাহার পরে গ্রাহ্য হইবেক না ইতি।

[After examination, Collector may make his decree if no further evidence is required.]

[জোবানবন্দী লইলে পর যদি অধিক প্রমাণের আবশ্যক না থাকে তবে কালেক্টর সাহেব ডিক্রী করিতে পারিবেন।]

LXIII. If after the examination required by Section LIX. and also the examination of any witness who may attend to give evidence on behalf of either of the parties, and after a consideration of the documentary evidence adduced, a decree can be properly made without further evidence, the Collector shall make his decree accordingly.

৬৩ ধারা। ৫৯ ধারাতে যে জোবানবন্দী লইবার আজ্ঞা আছে তাহা লইলে পর, ও কোন পক্ষের তরফে প্রমাণ দিবার জন্যে যে কোন সাক্ষী হাজির থাকে তাহারও জোবানবন্দী লইলে পর, ও যে দলীল উপস্থিত করা যায় তাহা বিবেচনা করিলে পর, যদি অধিক প্রমাণ না লইয়া ডিক্রী উপযুক্তমতে করা যাইতে পারে, তবে কালেক্টর সাহেব তদনুসারে ডিক্রী করিবেন ইতি।

[Consequence of inability of agent to answer.]

[মোক্তার জওয়াব করিতে না পারিলে তাহার ফল।]

LXIV. If on such examination as aforesaid the agent of either party be unable to answer any material question relating to the case which the Collector is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Collector may postpone the hearing of the case to a future day, and

৬৪ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের জোবানবন্দী লইবার সময়ে, যদি কোন পক্ষের মোক্তার মোকদ্দমাসম্পর্কীয় কোন গুরুতর জিজ্ঞাসার উত্তর দিতে না পারে, ও কালেক্টর সাহেব যদি বোধ করেন যে সেই জন যে পক্ষের মোক্তার হয় সেই পক্ষের সেই জিজ্ঞাসার উত্তর দিতে হয় ও আপনি হাজির থাকিলে দিতে পারিত, তবে কালেক্টর সাহেব ঐ মোকদ্দমা অন্য দিনপর্য্যন্ত মুলতবী

direct that the party whose agent may have been unable to answer as aforesaid shall attend in person on such day; and if the party so directed to attend shall fail to appear in person on the day appointed, the Collector may pass judgment as in case of default or make such other order as he may deem proper in the circumstances of the case.

[If necessary, Collector to record issue and to fix a day for hearing further evidence.]

LXV. If on such examination as aforesaid it appear that the parties are at issue on any question upon which it is necessary to hear further evidence, the Collector shall declare and record such issue, and shall fix a convenient day for the examination of witnesses and the trial of the suit; and the trial shall take place on that day unless there be sufficient reason for adjourning it, which reason shall be recorded by the Collector.

[Parties shall produce their witnesses on the day of trial; or Collector on application of either party, shall issue summons for the attendance of a witness.]

LXVI. The parties shall bring forward their witnesses on the day of trial, and if either party require assistance to procure the attendance of a witness on such day either to give evidence or to produce a document, he shall apply to the Collector in sufficient time before the day fixed for the trial, to enable the witness to be summoned to attend on that day; and the Collector shall issue a summons requiring such witness to attend.

[Rules regarding attendance, examination, &c. of witnesses.]

LXVII. The provisions of the Regulations and Acts and all other rules for the time being in force relating to the evidence of witnesses, for procuring the attendance of witnesses and the production of documents, and for the examination, remuneration, and punishment of witnesses, whether parties to the case or not, in cases before the Civil Courts of the Presidency of Bengal, shall, except so far as the same may be inconsistent with the provisions of this Act, apply to and be of equal force and effect in suits under this Act.

[Consequence of parties not appearing on the day fixed for the trial of any issue.]

LXVIII. If on the day fixed for the trial of any issue neither of the parties appear, the case shall be struck off under the conditions provided in Section LIV. If on any such day one only of the parties appear, the issue may be tried and determined in the absence of the other party upon such proof as may be then before the Court.

[Suits instituted or defended by Naibs, Gomastahs, &c.]

LXIX. When suits under this Act are instituted or defended by Naibs, Gomastahs, or other persons employed in the collection of rent or management

রাখিয়া আজ্ঞা করিতে পারিবেন যে, যাহার মোক্তার পূর্ব্বোক্তমতে উত্তর করিতে পারিল না সেই পক্ষ আপনি সেই অন্য দিনে হাজির হয়। আর যে পক্ষের সেই প্রকারে আসিবার হুকুম হয় সে যদি ঐ নিরূপিত দিনে আপনি না আইসে, তবে কালেক্টর সাহেব তাহার ত্রুটি হইবার মতে ডিক্রী করিতে পারিবেন, কিম্বা মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া অন্য যে আজ্ঞা উচিত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন ইতি।

[কালেক্টর সাহেবের প্রয়োজনমতে ইস্যু রিকার্ড করিবার ও অধিক প্রমাণ লইবার দিন নিরূপণ করিবার কথা।]

৬৫ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের জোবানবন্দী লইবার সময়ে যদি দৃষ্ট হয় যে, উভয় পক্ষের মধ্যে বিশেষ কোন কথা লইয়া বিবাদ হইতেছে ও সেই কথার অধিক প্রমাণ লওয়া আবশ্যক, তবে কালেক্টর সাহেব সেই ইস্যু প্রকাশ করিয়া রিকার্ড করিবেন, ও সাক্ষিদের জোবানবন্দী লইবার ও মোকদ্দমার বিচার করিবার উপযুক্ত দিন নিরূপণ করিবেন, ও সেই দিনে বিচার হইবেক। কিন্তু যদি ঐ মোকদ্দমা মুলতবী রাখিবার উপযুক্ত কারণ থাকে, তবে কালেক্টর সাহেব মুলতবী রাখিয়া সেই কারণ রিকার্ড করিবেন ইতি।

[বিচারের দিনে উভয় পক্ষ আপনং সাক্ষিদিগকে উপস্থিত করিবেক, কিম্বা কোন পক্ষ দরখাস্ত করিলে কালেক্টর সাহেব সাক্ষির হাজির হইবার সমন জারী করিবেন।]

৬৬ ধারা। বিচারের দিনে উভয় পক্ষ আপনং সাক্ষিদিগকে আনিবেক। আর যদি সেই দিনে প্রমাণ দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে কোন সাক্ষিকে হাজির করাইবার নিমিত্তে কোন পক্ষ সাহায্য চাহে, তবে বিচার হইবার যে দিন নিরূপণ হইল সেই দিনে সাক্ষী হাজির হয় এই মর্ম্মের সমন ঐ সাক্ষির নামে হইতে পারে, এই কারণে ঐ দিনের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে সেই পক্ষ কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেক। ও সেই সাহেব সমন জারী করিয়া সেই সাক্ষিকে হাজির হইতে হুকুম করিবেন ইতি।

[সাক্ষিদের হাজির হইবার ও জোবানবন্দীপ্রভৃতি লইবার বিধি।]

৬৭ ধারা। বাঙ্গলা দেশের দেওয়ানী আদালতে যে সকল মোকদ্দমা হয় তাহাতে, সাক্ষিরা মোকদ্দমার এক পক্ষ হউক কি নাহউক, তাহাদের প্রমাণ লইবার বিষয়ে, ও সাক্ষিরদিগকে হাজির করাইবার ও দলীল উপস্থিত করাইবার, ও তাহারদের জোবানবন্দী লইবার, ও মেহনতানার ও দণ্ডের বিষয়ে, আইনের ও আক্টের যে সকল বিধান ও অন্য যে সকল বিধি যে সময়ে চলন থাকে, তাহা এই আইনের সকল মোকদ্দমায় খাটিবেক ও তাহাতে তদ্রূপে প্রবল ও ফলবৎ হইবেক। কেবল যদি সেই বিধি এই আইনের বিধানের সঙ্গত না হয় তবে খাটিবেক না ইতি।

[কোন ইস্যুর বিচার হইবার নিরূপিত দিনে উভয় পক্ষ হাজির না হইলে তাহার ফলের কথা।]

৬৮ ধারা। কোন ইস্যুর বিচার হইবার নিরূপিত দিনে যদি উভয় পক্ষ হাজির না থাকে, তবে ৫৪ ধারার লিখিত নিয়মমতে মোকদ্দমা খারিজ হইবেক। সেই দিনে যদি কেবল এক পক্ষ হাজির হয়, তবে অন্য পক্ষের অনুপস্থানে আদালতের সম্মুখে তখন যে প্রমাণ থাকে সেই প্রমাণমতে ইস্যুর বিচার হইয়া নিষ্পত্তি হইবেক ইতি।

[নায়েব গোমাশ্তাপ্রভৃতি যে মোকদ্দমা উপস্থিত করে কি যে মোকদ্দমার জওয়াব দেয় তাহার কথা।]

৬৯ ধারা। কোন নায়েব কি গোমাশ্তা কিম্বা খাজানা উসুল করিবার কি জমীর সরবরাহকারের কার্য্যে অন্য যে লোকেরা নিযুক্ত হয়, তাহারা যে জমীদারের-

of land in the name and on the behalf of the landholders by whom they are so employed, all the provisions of this Act, by which the personal appearance or attendance of parties to a suit is or may be required, shall be applicable to such Naibs, Gomastahs, or other persons; and any thing which by this Act is required or permitted to be done by a party in person, may be done by any such person as aforesaid. Processes served on any such person shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been served on the landholder in person, and all the provisions of this Act relative to the service of processes on a party to the suit shall be applicable to the service of processes on such person.

[Personal attendance of plaintiff or defendant not required in certain cases.]

LXX. A plaintiff or defendant shall not be required to attend in person if of the female sex and of a rank or class which according to the custom and manners of the country would render it improper for her to appear in public.

[Employment of authorized agents or mookhtars.]

LXXI. Any party to a suit may employ an authorized agent or mookhtar to conduct the case on his behalf, but the appointment of such agent or mookhtar shall not excuse the personal attendance of the plaintiff or defendant in cases where his personal attendance is required by the summons or any order of the Court; and no fee for any agent shall be charged as part of the costs of suit in any case under this Act.

[Collector may grant time or adjourn hearing.]

LXXII. The Collector may in any case grant time to the plaintiff or defendant to proceed in the prosecution or defence of a suit, and may also from time to time, in order to the production of further proof or for other sufficient reason to be recorded by the Collector, adjourn the hearing or further hearing of any case in such manner as to him may seem fit.

[Collector may cause local enquiry to be made.]

LXXIII. The Collector may at any stage of a case cause a local enquiry and report respecting the matter in dispute to be made by any Officer subordinate to him, or by any other Officer of Government with the consent of the authority to whom such Officer is subordinate, or may himself proceed to the spot and make such local enquiry in person. The provisions of the law for the time being in force relative to local enquiries by Ameens or Commissioners under orders of the Civil Courts shall apply to any local enquiry made by any Officer under this

দের কর্ম্মকারক হয় তাহারদের নামে কি তাহারদের তরফে যদি এই আইনমতে মোকদ্দমা উপস্থিত করে, কি মোকদ্দমায় জওয়াব দেয়, তবে এই আইনের যে সকল বিধানমতে মোকদ্দমার উভয় পক্ষের স্বয়ং হাজির হইবার কি উপস্থিত হইবার আজ্ঞা হইল কি হইতে পারে, সেই সকল বিধান ঐ নায়েবের কি গোমাশ্তার কি ঐ অন্য লোকেরদের উপর খাটিবেক। ও এই আইনমতে কোন পক্ষের নিজে যে কোন কর্ম্ম করিবার আজ্ঞা কি অনুমতি হইয়াছে, তাহা পূর্ব্বোক্ত প্রকারের কোন লোক করিতে পারিবেক। তদ্রূপ কোন লোকের উপর যে সকল পরওয়ানা জারী হয় তাহা ঐ মোকদ্দমাসম্পর্কীয় সকল কার্য্যের পক্ষে নিজ ঐ জমীদারের উপর জারী হইবার মতে সফল হইবেক। ও মোকদ্দমার কোন পক্ষের উপর পরওয়ানা জারী করিবার সম্পর্কীয় যে সকল বিধান এই আইনেতে আছে তাহা ঐ লোকেরদের উপর পরওয়ানা জারী করিবার কার্য্যে খাটিবেক ইতি।

[কোন২ স্থলে ফরিয়াদীর কি আসামীর নিজে হাজির হইবার প্রয়োজন না থাকিবার কথা।]

৭০ ধারা। ফরিয়াদী কি আসামী যদি স্ত্রীলোক হয় ও তাহার শ্রেণী কি সম্প্রদায় বুঝিয়া যদি দেশের রীতি ও আচারমতে তাহার প্রকাশ স্থানে যাওয়া উচিত না হয় তবে তাহার স্বয়ং হাজির হইবার হুকুম হইবেক না ইতি।

[উপযুক্ত ক্ষমতার মোক্তারদিগকে নিযুক্ত করিবার কথা।]

৭১ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আপনার তরফে মোকদ্দমা চালাইবার জন্যে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মোক্তারকে নিযুক্ত করিতে পারিবেক। কিন্তু যে স্থলে সমনক্রমে কিম্বা আদালতের কোন হুকুমমতে আসামীর কি ফরিয়াদীর নিজের হাজির হইবার হুকুম হয়, সেই স্থলে সেই প্রকারের মোক্তারকে নিযুক্ত করাপ্রযুক্ত তাহার নিজের হাজির না হইবার কোন ওজর হইবেক না। আর এই আইনমতের কোন মোকদ্দমাতে কোন মোক্তারের রসুম মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবেক না ইতি।

[কালেক্টর সাহেবের সময় দিবার কিম্বা মোকদ্দমা মুলতবী রাখিবার কথা।]

৭২ ধারা। কালেক্টর সাহেব কোন মোকদ্দমার ফরিয়াদীকে কি আসামীকে মোকদ্দমা চালাইবার কি তাহাতে জওয়াব করিবার জন্যে সময় দিতে পারিবেন। ও অধিক প্রমাণ আনিবার জন্যে কিম্বা অন্য কোন উপযুক্ত কারণে কালেক্টর সাহেব যেমন উচিত বোধ করেন তেমনি সময়ং কোন মোকদ্দমা শুনিবার কিম্বা পুনশ্চ শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন, কিন্তু যে কারণে তাহা করেন সেই কারণ রিকার্ড করিবেন ইতি।

[কালেক্টর সাহেব সরেজমীনে তদারক করাইতে পারিবেন।]

৭৩ ধারা। কালেক্টর সাহেব মোকদ্দমা চলিবার কোন সময়ে, আপনার অধীন কোন আমলার দ্বারা বিবাদের বিষয়ের সরেজমীনে তদারক ও রিপোর্ট করাইতে পারিবেন, কিম্বা গবর্ণমেণ্টের অন্য কোন আমলা যে কার্য্যকারক সাহেবের অধীনে থাকে তাঁহার অনুমতি লইয়া ঐ আমলার দ্বারা সেই তদারক ও রিপোর্ট করাইতে পারিবেন, কিম্বা আপনি সরেজমীনে গিয়া তদারক করিতে পারিবেন। দেওয়ানী আদালতের হুকুমমতে আমীনেরদের দ্বারা সরেজমীনে তদারক হইবার বিষয়ে যে আইন যে সময়ে প্রবল থাকে তাহার বিধান, এই ধারামতে কোন আমলার দ্বারা সরেজমীনের কোন তদারকের উপরও খাটিবেক, ও কা-

Section, and, so far as they are applicable, to enquiries made by the Collector in person. In the latter case the Collector, after completing the enquiry, shall record on the proceedings such observations as appear to him appropriate, and the observations so recorded shall be received as evidence in the suit.

[Defendant may pay money into Court in satisfaction of the demand. If plaintiff elect to proceed and ultimately recover no further sum than that paid into Court, he shall be liable to the subsequent costs.]

LXXIV. The defendant in any action under this Act may pay into Court such sum of money as he shall think a full satisfaction for the demand of the plaintiff, together with the costs incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall be paid to the plaintiff. If the defendant deposit less than the sum claimed and the plaintiff elect to proceed in the case, and ultimately recover no further sum than shall have been paid into Court, the plaintiff shall be charged with any costs incurred by the defendant in the suit after such payment.

[No interest on deposits.]

LXXV. No interest shall be allowed to a plaintiff on any sum paid by the defendant into Court from the date of such payment, whether such sum be in full of the plaintiff's claim or fall short thereof.

[If on trial of suit for delivery of pottah parties do not agree as to the time for which the pottah is granted, Collector to fix the time. Proviso.]

LXXVI. If on the trial of a suit for the delivery of a pottah instituted by a ryot having a right of occupancy the parties do not agree as to the term for which the pottah is to be granted, the Collector shall fix such term as under the circumstances of the case he may think just and proper. Provided that the term shall not in any case be longer than ten years, and in estates not permanently settled shall not extend beyond the period for which the proprietor of the estate has engaged with Government. Provided also that, if the defendant be a farmer or other person having only a temporary interest in the land, the term of the pottah shall not extend beyond the period of the continuance of such interest. For cultivators not having a right of occupancy, the term of pottah shall be exclusively in the discretion of the person entitled to the rent of the land.

[If in actions for rent a third claimant appear, he is to be made a party to the suit Proviso.]

LXXVII. When in any suit between a landholder and a ryot or under-tenant under this Act, the right to receive the rent of the land or tenure cultivated or held by the ryot or under-tenant is disputed, and such right is claimed by or on behalf of a third person on the ground that such third person or a person through whom he claims has actually and in good faith received and enjoyed

কালেক্টর সাহেবের নিজের করা তদারকের উপর যে পর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্তও খাটিবেক। কালেক্টর সাহেব যখন আপনি তদারক করিতে যান, তখন তদারক করিলে পর তিনি যে সকল কথা উপযুক্ত বোধ করেন তাহা মোকদ্দমার রোয়দাদে লিখিবেন। ও তাঁহার লেখা সেই সকল কথা মোকদ্দমার প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবেক ইতি।

[আসামী দাওয়ার পরিশোধের উপযুক্ত টাকা আদালতে আমানৎ করিতে পারিবেক ও ফরিয়াদী যদি মোকদ্দমা চালাইতে চাহিয়া অধিক টাকার ডিক্রী না পায় তবে অৎপরের খরচা তাহার শিরে পড়িবার কথা।]

৭৪ধারা। এই আইনমতে কোন দাওয়ার মোকদ্দমা হইলে, আসামীর বিবেচনামতে যত টাকা হইলে ফরিয়াদীর দাওয়ার পরিশোধ হয়ত টাকা আসামী আদালতে দিতে পারিবেক, ও সেই টাকা না দেওয়াপর্য্যন্ত ফরিয়াদীর যত খরচা হইয়াছে তাহাও তাহার সঙ্গে দিতে পারিবেক। সেই সকল টাকা ফরিয়াদীকে দেওয়া যাইবেক। আসামী যদি দাওয়ার কম টাকা আমানৎ করে, ও ফরিয়াদী যদি মোকদ্দমা চালাইতে চাহে, তবে আসামী যত টাকা আদালতে আমানৎ করিল তাহার অধিক ফরিয়াদীর পক্ষে পেয়ে ডিক্রী না হইলে, সেই টাকা আমানৎ করিবার পরে আসামীর যত খরচা হইয়াছে তাহা ফরিয়াদীর শিরে পড়িবেক ইতি।

[আমানৎকরা টাকার উপর সুদ না চলিবার কথা।]

৭৫ ধারা। আসামী যে টাকা আদালতে আমানৎ করে, তাহা ফরিয়াদীর দাওয়ার পুরা টাকা হউক কি কম হউক, সেই টাকা আমানৎ করিবার তারিখঅবধি তাহার উপর কিছু সুদ ফরিয়াদীকে দেওয়া যাইবেক না ইতি।

[পাট্টা পাইবার মোকদ্দমার বিচার কালে সেই পাট্টার মিয়াদের বিষয়ে উভয় পক্ষের ঐক্য না হইলে কালেক্টর সাহেবের মিয়াদ ধার্য্য করিবার কথা ও বর্জ্জিত কথা।]

৭৬ ধারা। যাহার দখল করিবার স্বত্ব আছে এমত কোন রাইয়ত পাট্টা পাইবার জন্যে মোকদ্দমা করিলে, যে মিয়াদ ধরিয়া পাট্টা দিতে হইবেক এই বিষয়ে যদি সে মোকদ্দমার বিচারকালে উভয় পক্ষের ঐক্য না হয়, তবে কালেক্টর সাহেব ভাবগতিক বুঝিয়া যে মিয়াদ ন্যায্য ও উচিত বোধ করেন সেই মিয়াদ ধার্য্য করিবেন। পরন্তু কোন স্থলে দশ বৎসরের অধিক মিয়াদ হইবেক না, ও ইস্তমরারী বন্দোবস্তের মহাল না হইলে এ মহালের মালিক গবর্ণমেণ্টের সঙ্গে যে মিয়াদের করার করিয়াছে তাহার অধিক মিয়াদ হইবেক না। আর জমীতে যাহার অল্প কালমাত্র সম্পর্ক থাকে এমত ইজারদার কি অন্য লোক যদি আসামী হয়, তবে সেই সম্পর্ক যত কাল থাকিবেক তাহার অধিক মিয়াদের পাট্টা হইবেক না। দখলের স্বত্ব যাহারদের না থাকে এমত কৃষিদের পাট্টার মিয়াদ, ভূমির ক্ষমা পাইবার যাহার অধিকার থাকে কেবল তাহার বিবেচনামতে ধার্য্য হইবেক ইতি।

[খাজানা পাইবার নালিশে যদি তৃতীয় ব্যক্তি দাওয়াদার হইয়া উপস্থিত হয়, তবে তাহাকে মোকদ্দমার এক পক্ষ করিবার কথা। ও বর্জ্জিত কথা।]

৭৭ ধারা। এই আইনমতে জমীদারের ও রাইয়তের কিম্বা পেটাও প্রজার মধ্যে মোকদ্দমা হইলে, ঐ রাইয়ত কি পেটাও প্রজা যে জমীর চাষ কি ভোগ করে তাহার খাজানা পাইবার স্বত্ব লইয়া যদি বিবাদ হয়, ও তৃতীয় ব্যক্তি, কিম্বা সে যাহার দ্বারা দাওয়া করে এমত কোন লোক ঐ মোকদ্দমার আরম্ভ হইবার পূর্ব্বাবধি মোকদ্দমার আরম্ভ হইবার সময়পর্য্যন্ত নিত্য ও প্রকৃতপ্রস্তাবে সেই খাজানা পাইয়াছে ও ভোগ করিয়াছে বলিয়া, যদি সেই তৃতীয় ব্যক্তি কিম্বা তাহার পক্ষের কেহ ঐ স্বত্বের দাওয়া করে, তবে সেই অন্য ব্যক্তিকেও মোকদ্দমার এক পক্ষ করা যাইবেক, ও সেই ব্যক্তি ঐ খাজানা নিতান্ত পাইয়াছে ও ভোগ করিয়াছে কি না এই কথার তদন্ত করা যাইবেক, ও সেই তদন্তের ফলানুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইবেক। পরন্তু কালেক্টর সাহেবের সেই নিষ্পত্তি হইলেও, সেই জমীর খাজানা পাইবার আইনসিদ্ধ অধিকার যে পক্ষের থাকে সেই পক্ষের দেওয়ানী আদালতে মোকদ্দমা করিয়া আপনার অধিকার সাব্যস্ত করিবার স্বত্বের কিছু হানি হইবেক না। কেবল ঐ নিষ্পত্তির তারিখঅবধি এক বৎসরের মধ্যে তাহার সেই মোকদ্দমা করিতে হইবেক ইতি।

[বেদখল করিবার কিম্বা পাট্টা বাতিল করিবার মোকদ্দমার কথা।]

৭৮ ধারা। রাইয়ত বাকী খাজানা দেয় না বলিয়া যদি কোন ব্যক্তি সেই রাইয়তকে বেদখল করিতে কি তাহার পাট্টা বাতিল করিতে চাহে, তবে একি মোকদ্দমা করিয়া তাহাকে বেদখল করিবার কি পাট্টা বাতিল করিবার এবং বাকী খাজানা আদায়ের বাবৎ নালিশ করিতে পারিবেক, কিম্বা বেদখল করিবার কি পাট্টা বাতিল করিবার তদ্রূপ মোকদ্দমাতে ঐ বাকীর প্রমাণস্বরূপে বাকী খাজানার বাবৎ জারী না হওয়া কোন ডিক্রী উপস্থিত করিতে পারিবেক। রাইয়তকে বেদখল করিবার কিম্বা পাট্টা বাতিল করিবার সকল মোকদ্দমার ডিক্রীতে, যত বাকী হইয়াছে তাহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক। ও সেই ডিক্রীর তারিখঅবধি পনের দিনের মধ্যে যদি সেই টাকা, সুদ ও মোকদ্দমার খরচা সমেত, আদালতে দাখিল করা যায়, তবে ডিক্রী জারী স্থগিত হইবেক ইতি।

[হুকুম যে প্রকারে প্রকাশ হইবেক তাহার কথা।]

৭৯ ধারা। কালেক্টর সাহেব খোলা কাছারীতে নিষ্পত্তি প্রকাশ করিবেন। ঐ নিষ্পত্তি কালেক্টর সাহেবের নিজ দেশের ভাষাতে লিখিতে হইবেক, ও সেই নিষ্পত্তির কারণও তাহাতে লেখা থাকিবেক, ও কালেক্টর সাহেব যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করেন সেই সময়ে তাহাতে তারিখ দিয়া দস্তখৎ করিবেন ইতি।

[ডিক্রীমতে যাহার প্রতি হুকুম হয় সে পাট্টা দিতে না চাহিলে কালেক্টর সাহেবের তাহা দিবার কথা।]

৮০ ধারা। যদি পাট্টা দিবার ডিক্রী হয়, তবে ডিক্রীমতে ঐ পাট্টা দিতে যাহার প্রতি হুকুম হয় সেই লোক সেই পাট্টা দিতে স্বীকার না করিলে কি বিলম্ব করিলে, কালেক্টর সাহেব ঐ ডিক্রীর মর্ম্মমতে আপনার দস্তখৎ ও মোহরক্রমে পাট্টা দিতে পারিবেন. আর ঐ লোক সেই পাট্টা দিলে তাহার যে বল ও ফল হইত, কালেক্টর সাহেবের পাট্টারও সেইরূপ বল ও ফল হইবেক ইতি।

[ডিক্রীমতে কোন লোকের কবুলিয়ৎ দিতে স্বীকার না করিবার কথা।]

৮১ ধারা। কবুলিয়ৎ দিবার ডিক্রী হইলে, ঐ ডিক্রীমতে ঐ কবুলিয়ৎ লিখিয়া দিতে যাহার প্রতি হুকুম হয় সে যদি ঐ কবুলিয়ৎ দিতে স্বীকার না করে, তবে সেই লোকের স্থানে যত খাজানার দাওয়া হইতে পারে তাহার প্রমাণ ঐ ডিক্রী হইবেক, ও সেই লোকের করা কবুলিয়তের যেরূপ বল ও ফল হইত, কালেক্টর সাহেবের দস্তখৎ ও মোহরযুক্ত ঐ ডিক্রীর নকলেরও সেইরূপ বল ও ফল হইবেক ইতি।

[রাইয়তকে বেদখল করিবার কি পুনরায় দখল দেওয়াইবার ডিক্রী যেরূপে জারী হইবেক তাহার কথা। ও ডিক্রী জারী করিবার বাধা করিলে তাহার দণ্ড।]

৮২ ধারা। কোন রাইয়ত যে ভূমি দখল করে তাহা হইতে তাহাকে বেদখল করিবার ডিক্রী হইলে, কিম্বা

such rent before and up to the time of the commencement of the suit, such third person shall be made a party to the suit, and the question of the actual receipt and enjoyment of the rent by such third person shall be enquired into and the suit shall be decided according to the result of such enquiry. Provided always that the decision of the Collector shall not affect the right of either party, who may have a legal title to the rent of such land or tenure, to establish his title by suit in the Civil Court if instituted within one year from the date of the decision.

[Suits for ejectment or cancelment of lease.]

LXXVIII. Any person desiring to eject a ryot or to cancel a lease on account of non-payment of arrears of rent, may sue for such ejectment or cancelment and for recovery of the arrear in the same action, or may adduce any unexecuted decree for arrears of rent as evidence of the existence of such arrear in a suit for such ejectment or cancelment. In all cases of suits for the ejectment of a ryot or the cancelment of a lease, the decree shall specify the amount of the arrear, and if such amount together with interests and costs of suit be paid into Court within fifteen days from the date of the decree, execution shall be stayed.

[Judgment how to be pronounced.]

LXXIX. The Collector shall pronounce judgment in open Court. The judgment shall be written in the Vernacular language of the Collector and shall contain the reasons for the same, and shall be dated and signed by the Collector at the time when it is pronounced.

[If person required by the decree refuse to grant pottah, Collector may do so.]

LXXX. When a decree is given for the delivery of a pottah, if the person required by the decree to grant such pottah refuse or delay to grant the same, the Collector may grant a pottah in conformity with the terms of the decree under his own hand and seal, and such pottah shall be of the same force and effect as if granted by the person aforesaid.

[Refusal of person to execute kubooliyet as required by the decree.]

LXXXI. When a decree is given for the delivery of a kubooliyet, if the person required by the decree to execute such kubooliyet shall refuse to execute the same, the decree shall be evidence of the amount of rent claimable from such person, and a copy of the decree under the hand and seal of the Collector shall be of the same force and effect as a kabooliyet executed by the said person.

[Mode of executing decree for ejectment or re-instatement of ryot. Punishment for obstructing execution.]

LXXXII. If the decree be for the ejectment of any ryot from land occupied by him, or for the re-

instatement of any ryot in the occupancy of land from which he has been ejected, the decree shall be executed by giving the possession or occupancy of the land to the person entitled by the decree to such possession or occupancy. If any opposition is made to the execution of the order for giving such possession or occupancy by the party against whom the order is made, the Magistrate, on the application of the Collector, shall give effect to the same.

[Mode of executing decree for cancelment of a lease or for ejectment or re-instatement of a farmer or tenant.]

LXXXIII. If the decree be for the cancelment of any lease or the ejectment of any farmer or other person (not being an actual cultivator) or for the re-instatement of any farmer or other such person in the possession of a farm or tenure from which he has been ejected, the decree shall be executed by proclaiming the substance of the decree to the cultivators or other occupants by beat of drum or in such other manner as may be customary, and affixing the same in some conspicuous place within or adjacent to the farm or tenure.

[In what case a judgment debtor may be detained or imprisoned without issue of process of execution.]

LXXXIV. If the decree be for arrears of rent or for money, papers, or accounts, and the defendant have been committed to jail or appear pursuant to the conditions of any security bond given under Section LI., the Collector may order that he be detained in or committed to the Civil jail, unless he immediately pay into Court the amount of the decree with costs, or otherwise comply with the terms of the decree.

[Liability of surety on failure to deliver judgment-debtor into custody.]

LXXXV. If the judgment-debtor have given security for his appearance and be not present when judgment is pronounced, and the surety shall fail to deliver him into custody when required so to do, process of execution may be taken out against the surety in the same manner as if a decree for the amount due by the debtor had been passed against the surety. If the decree be for the delivery of papers or accounts, and the defendant be not present when judgment is pronounced and the surety shall fail to deliver him into custody when required so to do, execution may be taken out against the surety for the sum due under the bond in the same manner as if a decree for that sum had been passed against the surety.

[Issue of process of execution.]

LXXXVI. Process of execution may be issued against either the person or the property of a judgment-debtor ; but process shall not be issued simultaneously against both person and property. Process of execution against the person or move-

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৯ । ২৪ মে ।]

কোন রাইয়তকে যে জমীহইতে বেদখল করা গিয়াছে সে জমীতে পুনরায় তাহাকে দখল দেওয়াইবার ডিক্রী হইলে, ঐ ডিক্রীমতে যাহার ঐ জমীর ভোগ কি দখল পাইবার স্বত্ব থাকে তাহাকে ভোগ দখল দেওয়াইয়া ঐ ডিক্রী জারী হইবেক। ও যাহার বিপক্ষে ঐ হুকুম হয়, সে যদি ঐ জমীর ভোগ কি দখল দেওয়াইয়া ঐ হুকুম জারী হইবার বাধা করে, তবে কালেক্টর সাহেবের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সাহেব সেই হুকুম প্রবল করিবেন ইতি।

[পাট্টা বাতিল করিবার কিম্বা ইজারদারকে কি দখীলকারকে বেদখল করিবার কি পুনরায় দখল দেওয়াইবার ডিক্রী যেরূপে জারী হইবেক তাহার কথা।]

৮৩ ধারা। যদি কোন পাট্টা বাতিল করিবার, কিম্বা ইজারদারকে কিম্বা নিতান্ত চাষী না হয় এমত অন্য ব্যক্তিকে বেদখল করিবার, অথবা কোন ইজারদারকে কি তদ্রূপ অন্য ব্যক্তিকে যে ইজারা কিম্বা জমীহইতে বেদখল করা গিয়াছে সেই ইজারায় কি জমীতে পুনরায় তাহাকে দখল দেওয়াইবার ডিক্রী হয়, তবে সেই ডিক্রী জারী করিবার নিয়ম এই। ঢেঁড়রা দিয়া, কিম্বা রীতিমতে অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ঐ ডিক্রীর মর্ম্ম চাষিরদের কি অন্য দখীলকারেরদের নিকটে ঘোষণা করা যাইবেক, ও সেই ইজারাতে কি জমীতে কিম্বা তাহার লাগাও কোন প্রকাশ স্থানে তাহা লটকাইয়া দেওয়া যাইবেক ইতি।

[ডিক্রীজারীর পরওয়ানা জারী না হইয়া ডিক্রীমতের খাতককে যে স্থলে আটক কি কয়েদ করা যাইতে পারে তাহার কথা।]

৮৪ ধারা। সেই ডিক্রী যদি বাকী খাজানার নিমিত্তে, কিম্বা টাকার কি কাগজপত্রের কি হিসাবের নিমিত্তে হয়, ও যদি আসামীকে জেলখানায় রাখা গিয়াছিল কিম্বা ৫১ ধারামতে যে জামিনীপত্র দেওয়া যায় তাহার নিয়মমতে যদি সে হাজির হয়, তবে আসামী খরচাসমেত ডিক্রীর টাকা আদালতে অগৌণে না দিলে কিম্বা অন্য প্রকারে ডিক্রীর মর্ম্মমতে কর্ম্ম না করিলে, কালেক্টর সাহেব তাহাকে দেওয়ানীর জেলখানায় রাখা যাইবার কিম্বা কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন ইতি।

[যে জন জামিন হয় সে ডিক্রীমতের খাতককে হেফাজতে সমর্পণ না করিলে তাহার দায়ের কথা।]

৮৫ ধারা। ডিক্রীমতে যে জন খাতক হয় সে যদি হাজির জামিন দিয়া থাকে, ও হুকুম প্রকাশ হইবার কালে যদি হাজির না থাকে, ও তাহাকে হেফাজতে সমর্পণ করিবার হুকুম জামিনের নিকটে হইলেও যদি জামিন তাহা না করে, তবে খাতকের স্থানে যত টাকা পাওনা হয় তত টাকার ডিক্রী জামিনের বিপক্ষে হইলে ডিক্রীজারীর পরওয়ানা যেমন বাহির হইতে পারিত তেমনি ঐ জামিনের নামে পরওয়ানা বাহির হইতে পারিবেক। যদি কাগজপত্র কি হিসাব দিবার ডিক্রি হয় ও নিষ্পত্তি প্রকাশের সময়ে যদি আসামী হাজির না থাকে, ও তাহাকে আনিয়া হাজতে দিতে জামিনকে আজ্ঞা হইলে যদি সে তাহা না করে, তবে জামিনীপত্র যত টাকার তাহাতে হইয়াছে, জামিনের তত টাকা দিবার ডিক্রী হইবার মতে তাহার নামে ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইতে পারিবেক ইতি।

[ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবার কথা।]

৮৬ ধারা। ডিক্রীজারীর পরওয়ানা হয় খাতকের উপর, না হয় তাহার সম্পত্তির উপর জারী হইতে পারিবেক, কিন্তু উভয়ের উপর একি কালে জারী হইবেক না। খাতকের কিম্বা তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারীর যে পরওয়ানা হয় তাহা এই আইনের তফ-

able property of a debtor shall be in the form (E) or (F) contained in the Schedule to this Act, or to the like effect.

[Application for execution against moveable property.]

LXXXVII. Any moveable property required to be seized under an execution shall, if practicable, be described in a list to be furnished by the judgment-creditor, but if the creditor is unable to furnish such list he may apply for a general attachment of the debtor's effects to the amount of the judgment and costs. In either case the property to be seized shall be pointed out to the Officer entrusted with the execution of the process by the creditor or his agent.

[How long warrant shall continue in force.]

LXXXVIII. Every warrant of execution shall bear date on the day on which it is signed by the Collector and shall continue in force for such period as the Collector may direct, not being more than sixty days calculated from such date.

[Second and successive warrants.]

LXXXIX. Second and successive warrants of execution may be issued by order of the Collector on the application of the judgment-creditor after the expiration of the period fixed for the continuance in force of a previous warrant.

[To be continued.]

No. 173.

Notice is hereby given under the provision of Section 3 Act XI. of 1859, that for the year 1858-59 and thenceforward until otherwise notified from this office the undermentioned dates are to be the latest dates for the payment of arrears of Revenue in the settled Districts of the Lower Provinces and of all demands which by the Regulations and Acts in force are directed to be realized in the same manner as arrears of revenue.

In Districts and for Mehals in which the Bengal Umlee era is current with the exception of Zillahs Sylhet and Chittagong,

28th June.
28th September.
12th January.
28th March.

[*Government Gazette, 24th May*, 1859.]

সীলের E. কিম্বা F. চিহ্নের পাঠের লিখনমতে কিম্বা তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক ইতি।

[অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারী হইবার দরখাস্ত।]

৮৭ ধারা। ডিক্রী জারীক্রমে যে কিছু অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার হুকুম হয়, ডিক্রীমতের মহাজন যদি পারে তবে সেই সম্পত্তির এক ফর্দ্দ লিখিয়া দাখিল করিবেক, যদি না পারে তবে যত টাকার ও খরচার ডিক্রী হইয়াছে খাতকের তাহার সমান মূল্যের দ্রব্য ক্রোক হইবার সাধারণ এক দরখাস্ত দিতে পারিবেক। ইহার মধ্যে যে রূপে করুক, কিন্তু পরওয়ানা জারী করিবার নিমিত্তে যে আমলার হাতে দেওয়া যায় তাহাকে মহাজন কিম্বা তাহার মোক্তার ক্রোক হইবার সম্পত্তি দেখাইয়া দিবেক ইতি।

[পরওয়ানা যত দিন প্রবল থাকিবেক তাহার কথা।]

৮৮ ধারা। কালেক্টর সাহেব যে তারিখে ডিক্রী জারীর পরওয়ানাতে দস্তখৎ করেন, ঐ পরওয়ানার সেই তারিখ হইবেক। আর সেই তারিখঅবধি গণিয়া বাইট দিনপর্য্যন্ত কালেক্টর সাহেব যত কাল আজ্ঞা করেন তত কাল ঐ পরওয়ানা প্রবল থাকিবেক ইতি।

[অন্য পরওয়ানা ক্রমশঃ জারী হইতে পারিবার কথা।]

৮৯ ধারা। কোন পরওয়ানা প্রবল থাকিবার যে মিয়াদ উপরে নির্দ্দিষ্ট হইয়াছে সেই মিয়াদ ফুরাইলে পর, ডিক্রীমতের মহাজন দরখাস্ত করিলে কালেক্টর সাহেবের হুকুমমতে সেই পরওয়ানা পুনরায় ও তাহার পর ক্রমশঃ পুনঃ২ বাহির হইতে পারিবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

১৭৩ নম্বর।

১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। ১৮৫৮। ৫৯ সালে ও তাহার পর, যাবৎ এই দফ্তরখানাহইতে অন্যরূপ সম্বাদ না দেওয়া যায় তাবৎ, বাঙ্গলাপ্রভৃতি দেশের বন্দোবস্তহওয়া জিলার মধ্যে বাকী মালগুজারী দাখিল করিবার, ও চলিত আইনমতে যে সকল দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় করিবার হুকুম আছে তাহা দাখিল করিবার শেষ তারিখ এই২।

ছিলট ও চাটিগাঁ জিলাছাড়া অন্য যে২ জিলাতে ও মহালে বাঙ্গলা কি অমলী সন চলন আছে সেই২ জিলাতে,

২৮ জুন।
২৮ সেপ্টেম্বর।
১২ জানুআরি।
২৮ মার্চ।

In Districts and for Mehals in which the Fuslee era is current.

7th June.
28th September.
or 12th January.
" tenant.] th March.
LXXXIII. ylhet.
lease o September.
t be 18t January.
18th April.
In Chittagong.
25th May.
25th September.
26th December.
25th February.

Petty Estates the jumma of which does not exceed 10 Rs. shall be liable to sale only once in the year namely on the first sale day which may occur after the kist of Chyte shall have become due. Estates with a jumma exceeding 10 Rs. and not exceeding 50 Rupees shall be twice in the year liable to sale and Estates with a jumma exceeding 50 Rs. and not exceeding 100 Rs. shall be liable to sale three times in the year.

The following are the latest dates fixed for the payment of the revenue of small Estates with jummas not exceeding 100 Rupee.

যে২ জিলাতে ও মহালে ফসলী সন চলন আছে সেই২ জিলাতে ও মহালে।

৭ জুন।
২৮ সেপ্টেম্বর।
১২ জানুআরি।
২৮ মার্চ।

ছিলটে।
২৮ সেপ্টেম্বর।
১৮ জানুআরি।
১৮ আপ্রিল।

চাটিগাঁরে।
২৫ মে।
২৫ সেপ্টেম্বর।
২৬ ডিসেম্বর।
২৫ ফেব্রুআরি।

ক্ষুদ্র২ যে মহালের জমা ১০৲ টাকার অধিক না হয়, তাহা বৎসরে কেবল একবার নীলাম হইতে পারিবেক, অর্থাৎ চৈত্র মাসের কিস্তি দেনা হইলে পর নীলাম করিবার প্রথম যে দিন হয় সেই দিনে নীলাম হইতে পারিবেক। যে২ মহালের জমা ১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হয় তাহার নীলাম বৎসরে দুই দিনে হইতে পারিবেক। ও যে২ মহালের জমা ৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক হয়, তাহার নীলাম বৎসরে তিন দিনে হইতে পারিবেক।

ক্ষুদ্র২ যে মহালের জমা ১০০৲ টাকার অধিক না হয় তাহার মালগুজারী দিবার জন্যে শেষ যে তারিখ নিরূপণ হইয়াছে তাহা এই২।

	Estates paying revenue not exceeding 10 Rupees.	Estates paying revenue above 10 Rs. and not exceeding 50 Rs.	Estates paying revenue above 50 Rupees and not exceeding 100 Rs.
Bengal and Umlee Districts,	28th June	28th June and 12th January	28th June, 12th January and 28th March.
Fuslee Districts, ...	7th June... ...	7th June and 12th January.	7th June, 12th January and 28th March.
Sylhet, ...	18th April	18th April and 18th January, ...	18th April, 28th September and 18th January.
Chittagong, ...	25th May... ...	25th May and 25th February	25th May, 26th December and 25th February.

By order of the Board of Revenue, Lower Provinces,

E. T. TREVOR, *Secretary.*

Fort William, the 17th May, 1859.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৪ মে।]

	১০৲ টাকার অনধিক মালগুজারীর মহাল।	১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক মালগুজারীর মহাল।	৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক মালগুজারীর মহাল।
বাঙ্গলা ও অমলী সনের জিলাতে	২৮ জুন	২৮ জুন ও ১২ জানুআরি।	২৮ জুন ও ১২ জানুআরি ও ২৮ মার্চ।
ফসলী সনের জিলাতে ...	৭ জুন	৭ জুন ও ১২ জানুআরি।	৭ জুন ও ১২ জানুআরি মার্চ।
ছিলট জিলাতে	১৮ আপ্রিল ...	১৮ আপ্রিল ও ১৮ জানুআরি।	১৮ আপ্রিল ও ২৮ সেপ্টেম্বর ও ১৮ জানুআরি।
চাটিগাঁ জিলাতে	২৫ মে	২৫ মে ও ২৫ ফেব্রুআরি।	২৫ মে ও ২৬ ডিসেম্বর ও ২৫ ফেব্রুআরি।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমমতে।

ই. টি. ট্রেবর।
সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ১৭ মে।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 16th May, 1859.

Baboo Takoor Dass Mookerjee, Moonsiff of Hurripal, Zillah Hooghly, for the 23rd instant.

The 18th May, 1859.

Baboo Nobokishen Sein, Moonsiff of Panchpoorkoreah, Zillah Tipperah, for 15 days, on urgent private affairs.

A. W. RUSSELL, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৯ সাল ১৬ মে।

জিলা হুগলীর হরিপালের মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা বর্ত্তমান মাসের ২৩ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৮ মে।

জিলা ত্রিপুরার পাঁচপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু নবকৃষ্ণ সেন আপনার অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্তে পনের দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of EDWARD PRYCE GRIFFITHS, and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 4th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 28th day of June 1858, until the 30th day of April 1859, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 18th May, 1859.

[*Government Gazette*, 24th *May*, 1859.]

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন এড্বার্ড প্রাইস গ্রিফিতস সাহেবের ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এবিষয়ের পুনশ্চ শুনিবার জন্যে আগামি জুন মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৮ সালের জুন মাসের ২৮ তারিখ অবধি ১৮৫৯ সালের আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ১৮ মে।

In the matter of JAMES CALDER, and others, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 4th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of September 1852, until the thirtieth day of April 1859, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 18th May, 1859.

যোত্রহীন জেমস কালডর সাহেবের ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এবিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জুন মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫২ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি ১৮৫৯ সালের আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ১৮ মে।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার

ইং ১৮৫৯ সালের ৮ আইন অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার কার্য্যনির্ব্বাহার্থে সিবিল প্রোসিডিয়র নামক যে নূতন আইন হইয়াছে তাহা বাঙ্গলা ভাষায় প্রস্তুত হইয়া মুদ্রাঙ্কিত হইতেছে। সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীযুত বাবু মহেন্দ্র লাল সোমের নিকট পত্র পাঠাইলে পুস্তক পাওয়া যাইবেক।

স্বাক্ষরকারির প্রতি মূল্য ... ... ৩৲ তিন টাকা।
বিনা স্বাক্ষরকারির প্রতি ... ... ৪৲ চারি টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৪ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1032 ১০৩২)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 31, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৩১ মে।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

ACT No. X. OF 1859.

An Act to amend the law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Continued from page 357.]

[After one year execution not to issue without notice.]

XC. Process of execution shall not be issued upon any judgment without previous notice to the party against whom execution is applied for, if, when application for the issue of the process is made, a period of more than one year shall have elapsed from the date of the judgment or from the date of the last previous application for execution.

[Execution not to issue against heir or representative of a deceased party without notice.]

XCI. Execution on a judgment shall not issue against the heir or other representative of a deceased party without notice to such heir or other representative to appear and be heard.

[No process of execution to be issued three years after date of judgment.]

XCII. No process of execution of any description whatsoever shall be issued, on a judgment under this Act, after the lapse of three years from the date of such judgment, unless the judgment be for a sum exceeding five hundred Rupees, in which case the period within which execution may be had shall be regulated by the general rules in force in respect to the period allowed for the execution of decrees of the Civil Courts.

[Warrant against the person. Limit of imprisonment. If arrest be for non-Delivery of accounts.]

XCIII. If a warrant issue for taking in execu-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১০ আইন।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলাপ্রভৃতি দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।

[৩৫৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[এক বৎসর গত হইলে পর এত্তেলা না দিলে পরওয়ানা বাহির না হইবার কথা।]

৯০ ধারা। ডিক্রী হইবার তারিখঅবধি, কিম্বা ডিক্রী জারী হইবার দরখাস্ত শেষ যে তারিখে করা যায় সেই তারিখঅবধি এক বৎসরের অধিক কাল অতীত হইলে পর, যদি ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবার দরখাস্ত হয়, তবে যাহার উপর ডিক্রী জারী করিবার দরখাস্ত হয় তাহাকে প্রথমে সম্বাদ না দিলে ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[মৃত লোকের উত্তরাধিকারিকে কি স্থলাভিষিক্তকে সম্বাদ না দিলে ডিক্রী জারীর পরওয়ানা না হইবার কথা।]

৯১ ধারা। কোন পক্ষ মরিলে, তাহার উত্তরাধিকারিকে কিম্বা স্থলাভিষিক্ত অন্য লোককে হাজির হইবার ও আপত্তি জানাইবার এত্তেলা না দেওয়া গেলে, তাহার উপর ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[ডিক্রীর তারিখঅবধি তিন বৎসরের পরে ডিক্রী জারীর পরওয়ানা বাহির না হইবার কথা।]

৯২ ধারা। এই আইনমতে যে ডিক্রী হয় তাহার তারিখঅবধি তিন বৎসর গত হইলে পর, সেই ডিক্রী জারীর কোন প্রকারের পরওয়ানা বাহির হইবেক না। কিন্তু যদি পাঁচ শত টাকার অধিকের ডিক্রী হয়, তবে দেওয়ানী আদালতের ডিক্রী জারী করিবার গিয়াদের যে সাধারণ বিধি চলন আছে তদনুসারে ঐ ডিক্রী জারী করিবার মিয়াদের বিধি হইবেক ইতি।

[গ্রেফ্তারের পরওয়ানার ও কয়েদ হইবার মিয়াদের কথা ও হিসাব দাখিল না হইবার জন্যে গ্রেফ্তার হইলে তাহার কথা।]

৯৩ ধারা। ডিক্রী জারীমতে যদি কোন লোককে

tion the body of any person, the Officer charged with the execution of the warrant shall bring him with all convenient speed before the Collector. If such person shall not then deposit in Court the full amount specified in the warrant or make such arrangement for the payment of the same as shall be satisfactory to the judgment-creditor, or satisfy the Collector that he has no present means of paying the debt, the Collector shall send him to the Civil jail there to remain for such time as shall be directed by a warrant addressed to the keeper of the jail, unless he shall in the meantime pay the full amount for the payment of which he is liable under the decree. Provided that the time for which a debtor may be confined in execution of a decree under this Act shall not exceed three calendar months when the amount decreed exclusive of costs does not exceed fifty Rupees, or six calendar months when such amount does not exceed five hundred Rupees, or two years in any other case. If the decree against any person arrested under a warrant be for the delivery of papers or accounts and the papers or accounts shall not be delivered by him when he is brought before the Collector, such person may be committed to the Civil jail there to remain for such time not exceeding six calendar months as the Collector shall direct, unless he shall in the meantime deliver the papers or accounts according to the terms of the decree.

গ্রেফ্তার করিবার পরওয়ানা বাহির হয়, তবে পরওয়ানা জারী হইবার জন্যে যে আমলার হাতে দেওয়া যায় সে সুবিধামতে অরা করিয়া ঐ লোককে কালেক্টর সাহেবের নিকটে আনিবেক। সেই সময়েতে যদি সেই লোক ঐ পরওয়ানার লিখিত সমুদয় টাকা আদালতে দাখিল না করে, কিম্বা ডিক্রীমতের মহাজন যাহাতে সন্তুষ্ট হয় ঐ টাকা দিবার এমত বন্দোবস্ত যদি না করে, কিম্বা তখন তাহার ঐ কর্জ্জ শোধ করিবার সঙ্গতি নাই ইহা যদি কালেক্টর সাহেবের খাতিরজমামতে বুঝাইয়া না দেয়, তবে কালেক্টর সাহেব তাহাকে দেওয়ানী জেলখানায় পাঠাইবেন, ও জেলদারোগার নামে যে পরওয়ানা লিখিয়া দেন সেই পরওয়ানাতে যত কাল নির্দ্দিষ্ট আছে তত কালপর্য্যন্ত সে কয়েদ থাকিবেক। কিন্তু ইহার মধ্যে যদি সেই ডিক্রীমতে তাহার দেনা সমুদয় টাকা দেয় তবে মুক্ত হইবেক। পরন্তু এই আইনমতের ডিক্রীতে যদি খরচাছাড়া পঞ্চাশ টাকার অধিকের ডিক্রী না হয়, তবে সেই ডিক্রী জারীমতে খাতক তিন মাসের অধিক কাল কয়েদ থাকিবেক না, কিম্বা পাঁচ শত টাকার অধিকের না হইলে ছয় মাসের অধিক কাল কিম্বা অন্য কোন স্থলে দুই বৎসরের অধিক কাল কয়েদ থাকিবেক না। পরওয়ানাক্রমে যাহাকে গ্রেফ্তার করা যায় তাহার বিরুদ্ধ ডিক্রী যদি কাগজপত্র কি হিসাব দিবার নিমিত্তে হয়, ও তাহাকে যে সময়ে কালেক্টর সাহেবের সম্মুখে আনা যায় সেই সময়ে যদি সেই কাগজপত্র কি হিসাব দাখিল না করে, তবে সেই লোক দেওয়ানী জেলখানায় ছয় মাসপর্য্যন্ত যত কাল কালেক্টর সাহেব হুকুম করেন তত কাল কয়েদ থাকিবেক, কিন্তু ইহার মধ্যে ডিক্রীর মতে কাগজপত্র কি হিসাব দাখিল করিলে মুক্ত হইবেক ইতি।

[No person to be imprisoned a second time under same judgment.]

XCIV. Any person once discharged from jail shall not be imprisoned a second time under the same judgment. If the amount due under the decree do not exceed one hundred Rupees, the Collector may declare such discharged person absolved from further liability under that decree. In other cases the discharge shall not extinguish the liability of the discharged person under the decree, or exempt any property belonging to such person from attachment in execution of the same.

[একি ডিক্রীমতে কোন লোকের দ্বিতীয়বার কয়েদ না হইবার কথা।]

৯৪ ধারা। কোন ব্যক্তি একবার জেলখানাহইতে মুক্ত হইলে সে ঐ ডিক্রীমতে দ্বিতীয়বার কয়েদ হইবেক না। ডিক্রীমতে এক শত টাকার অধিক দেনা না হইলে কালেক্টর সাহেব ঐ মুক্তকরা লোককে সেই ডিক্রীমতের অন্য তাবৎ দায়হইতে মুক্ত প্রকাশ করিবেন। কিন্তু যদি অধিক দেনা হয় তবে মুক্ত হইলেও সেই ডিক্রীমতে ঐ মুক্ত করা লোকের যে দায় তাহা লোপ হইবেক না, কিম্বা সেই ডিক্রী জারীক্রমে তাহার কোন সম্পত্তির ক্রোক হইবার বাধা হইবেক না ইতি।

[Diet-money to be deposited at the time of issue of warrant.]

XCV. Any person applying for a warrant of arrest under Section XLIX. or suing out process of execution against the body of any person, shall deposit in Court, at the time of issue of the warrant, diet-money for one month of thirty days at such rate as the Collector may direct, not exceeding two annas per diem, unless the Collector for any special reason direct that deposit be made at a higher rate, which shall not exceed four annas per diem.

[পরওয়ানা বাহির হইবার কালে খোরাকী আমানৎ করিবার কথা।]

৯৫ ধারা। কোন লোক ৪২ ধারামতে গ্রেফ্তারের পরওয়ানা কিম্বা কোন ব্যক্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবার দরখাস্ত করিলে, কালেক্টর সাহেব দিনপ্রতি দুই আনার অধিক না হয় এমত হিসাবে ত্রিশ দিনের এক মাসের যত খোরাকী হুকুম করেন, সেই লোক তত খোরাকী পরওয়ানা বাহির হইবার সময়ে আদালতে দাখিল করিবেক। কেবল যদি বিশেষ কারণে কালেক্টর সাহেব তাহার অধিক হিসাবে খোরাকী দিতে আজ্ঞা করেন তবে দিনপ্রতি চারি আনার অধিক হইবেক না ইতি।

[Payment of diet-money in advance during imprisonment.]

XCVI. Payment of diet-money at the same rate shall be made previously to the commencement of each succeeding month of the imprisonment, in failure of which the party confined shall be discharged.

[কয়েদ থাকিবার সময়ে খোরাকী আগাম দিবার কথা।]

৯৬ ধারা। কয়েদ থাকিবার প্রতিমাসের আরম্ভের আগে খোরাকী সেই হিসাবে দিতে হইবেক। না দিলে কয়েদীকে মুক্ত করা যাইবেক ইতি।

[Diet-money to be costs in suit.]

XCVII. All diet-money spent in providing subsistence for any prisoner shall be added to the costs

[খোরাকী মোকদ্দমার খরচার মধ্যে ধরিবার কথা।]

৯৭ ধারা। কোন কয়েদীর আহারের নিমিত্তে যত খোরাকী খরচ হয়, তাহা মোকদ্দমার খরচার সঙ্গে

in the suit, and any diet-money not so spent shall be returned to the person who deposited the same.

ধরা যাইবেক, ও সেই খোরাকীর যত খরচ না হয় তাহা যে লোক আমানৎ করিয়াছিল তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[List of property to be prepared and proclamation of sale to be published &c.]

XCVIII. In executing a writ of execution against the moveable property of a debtor liable under this Act, the Officer charged with the execution of the writ shall prepare a list of the property pointed out by the judgment-creditor, and shall publish a proclamation specifying the day upon which the sale is intended to be held together with a copy of the said list at the intended place of sale and at the residence of the debtor. A copy of the said proclamation and list shall be transmitted to the Collector and shall be affixed in his Office.

[সম্পত্তির ফর্দ্দ প্রস্তুত হইবার ও নীলামের ইশ্তিহার প্রকাশপ্রভৃতির কথা।]

৯৮ ধারা। এই আইনমতে যে খাতকের উপর দায় থাকে তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা জারী করিতে হইলে, ডিক্রীমতের মহাজন যে সম্পত্তি দেখাইয়া দেয় তাহার এক ফর্দ্দ, ঐ পরওয়ানা জারী হইবার জন্যে যাহাকে দেওয়া যায় সেই আমলা প্রস্তুত করিবেক, ও যে দিনে নীলাম হইবার মানস আছে সেই দিনের এক ইশ্তিহার ও সেই ফর্দ্দের এক কেতা নকল নীলাম হইবার লক্ষিত স্থানে ও খাতকের বাসস্থানে প্রকাশ করিবেক। ঐ ইশ্তিহারের ও ফর্দ্দের এক২ কেতা নকল কালেক্টর সাহেবের নিকটে পাঠান যাইবেক ও তাঁহার কাছারী ঘরে লট্কান যাইবেক ইতি।

[Custody and sale of moveable property taken in execution.]

XCIX. No sale of any moveable property taken in execution shall be made until after the end of ten days next following the day on which such property may have been so taken. Until such sale the property shall be deposited in some fit place or it may remain in custody of some fit person approved by the Officer executing the writ. The provisions of Sections CXXIX. to CXXXIII., so far as the same are applicable, shall be applied to sales under this Section.

[ডিক্রীজারীমতে যে অস্থাবর সম্পত্তি লওয়া যায় তাহা রাখিবার ও নীলাম করিবার কথা।]

৯৯ ধারা। ডিক্রীজারীমতে অস্থাবর কিছু সম্পত্তি যে দিনে লওয়া যায় তাহার পর দিনঅবধি দশ দিন গত না হইলে তাহার নীলাম হইবেক না। সেই নীলাম যত দিন না হয় তত দিন ঐ দ্রব্য কোন উপযুক্ত স্থানে রাখিতে হইবেক, কিম্বা পরওয়ানা জারীকরণিয়া আমলা যাহাকে মঞ্জুর করে এমত কোন উপযুক্ত লোকের জিম্মায় ঐ দ্রব্য থাকিতে পারিবেক। এই ধারামতের নীলামের উপর ১২৯ অবধি ১৩৩ পর্য্যন্ত সকল ধারার কথা যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক ইতি।

[Collector may stay sale of moveable property seized if a third party claim any interest therein.]

C. If before the day fixed for the sale a third party appear before the Collector and claim a right or interest in any of the moveable property taken in execution, the Collector shall examine such party or his agent on oath or affirmation or otherwise, according to the law for the time being in force relative to the examination of witnesses, and if he see sufficient reason for so doing may stay the sale of such property.

[যে অস্থাবর সম্পত্তি ক্রোক হয় তাহাতে যদি তৃতীয় পক্ষ সম্পর্কের দাওয়া করে তবে কালেক্টর সাহেবের নীলাম স্থগিত করিবার কথা।]

১০০ ধারা। নীলাম হইবার যে দিন নিরূপণ হইল সেই দিনের আগে, যদি অপর ব্যক্তি কালেক্টর সাহেবের নিকটে আসিয়া, ডিক্রীজারীমতে যে অস্থাবর সম্পত্তি লওয়া গিয়াছে তাহার কোন সম্পত্তিতে স্বত্বের কি সম্পর্কের দাওয়া করে, তবে কালেক্টর সাহেব শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে কি প্রকারান্তরে সাক্ষিরদের জোবানবন্দী লইবার যে আইন তৎকালে চলন থাকে তদনুসারে, ঐ ব্যক্তির কি তাহার মোখ্তারের জোবানবন্দী লইবেন, ও ঐ সম্পত্তির নীলাম স্থগিত করিবার উপযুক্ত কারণ বুঝিলে স্থগিত করিতে পারিবেন ইতি।

[Collector to adjudicate such claims.]

CI. The Collector shall adjudicate upon such claim and make such order between the claimant and the plaintiff and defendant in the original suit as shall seem fit. In trying such claim the Collector shall be guided by the rules contained in this Act so far as they may be applicable.

[সেই দাওয়া কালেক্টর সাহেবের নিষ্পত্তি করিবার কথা।]

১০১ ধারা। কালেক্টর সাহেব সেই দাওয়ার বিচার করিবেন, এবং দাওয়াদারের কিম্বা আসল মোকদ্দমার ফরিয়াদীর ও আসামীর পক্ষে যে হুকুম করা উচিত বোধ করেন তাহা করিবেন। সেই প্রকারের দাওয়ার বিচার করিলে, এই আইনের লিখিত বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত সেই২ বিধিমতে কালেক্টর সাহেব কার্য্য করিবেন ইতি।

[Claimant failing to establish his right, liable to pay compensation to judgment creditor.]

CII. If the claimant shall fail to establish his right to the property taken in execution, the Collector at the time of disposing of the case may award to the judgment-creditor against such claimant as part of the costs such sum as he may consider sufficient to cover any loss of interest or damage which the judgment-creditor may have sustained by

[দাওয়াদার আপনার স্বত্ব সাব্যস্ত করিতে না পারিলে ডিক্রীমতের মহাজনের ক্ষতিপূরণ করিবার কথা।]

১০২ ধারা। ডিক্রীজারীমতে যে সম্পত্তি লওয়া গিয়াছে তাহার উপর যদি সেই দাওয়াদার আপনার স্বত্ব সাব্যস্ত করিতে না পারে, তবে সেই সম্পত্তির নীলামের বিলম্ব হওয়াতে ডিক্রীমতের মহাজনের মুদের যে কিছু ক্ষতি কি অন্য যে কিছু হানি হইয়া থাকে, তাহার পরিশোধে কালেক্টর সাহেব যত টাকা উপযুক্ত বোধ করেন তত টাকা ডিক্রীমতের মহাজন খরচার এক অংশ বলিয়া ঐ দাওয়াদারের স্থানে পাইবেক কালেক্টর সাহেব সেই

reason of the postponement of the sale of the property.

[No appeal from order of Collector under the two last preceding Sections. Proviso.]

CIII. No appeal shall lie from any order passed by the Collector under the two last preceding Sections. But the party against whom the same may be given shall be at liberty to bring a suit in the Civil Court to establish his right at any time within one year from the date of the order; provided that, if the order be for the sale of the property, the suit shall not be for the recovery of the property, but shall be for damages against the judgment-creditor by whom the property was brought to sale.

[Sale not vitiated by irregularity in publishing or conducting the same. Proviso.]

CIV. No irregularity in publishing or conducting a sale of moveable property under an execution shall vitiate such sale, but this rule shall not be held to deprive any person who may sustain damage by reason of such irregularity from recovering such damage by action in the Civil Court; provided such action be brought within one year from the date of sale.

[Sale of transferable tenures in execution of decrees for arrears of rent.]

CV. If the decree be for an arrear of rent due in respect of an under-tenure, which by the title-deeds or the custom of the country is transferable by sale, the judgment-creditor may make application for the sale of the tenure, and the tenure may thereupon be brought to sale in execution of the decree, according to the rules for the sale of under-tenures for the recovery of arrears of rent due in respect thereof contained in any law for the time being in force. But no such application shall be received when a warrant of execution has been previously issued against the person or moveable property of the judgment-debtor, so long as such warrant remains in force. If after sale of an under-tenure any portion of the amount decreed remains due, process may be applied for against any other property, moveable or immoveable, belonging to the debtor, and any such immoveable property may be brought to sale in the manner provided in Section CX. of this Act.

[If third party claim to be the proprietor and lawful possessor of such under-tenure, Collector to stay the sale and to enquire into and adjudicate upon the claim. Proviso.]

CVI. If before the day fixed for the sale of any such under-tenure as aforesaid in execution of a decree for arrears of rent due in respect of such under-tenure, a third party appear before the Collector, and allege that such third party and not the person against whom the decree has been obtained, is the proprietor of such under-tenure, and was in lawful possession of the same at the time when such decree

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩১ মে।]

মোকদ্দমা নিষ্পত্তি করিবার কালে এমত হুকুম করিতে পারিবেন ইতি।

[পূর্ব্বের দুই ধারামতে কালেক্টর সাহেবের যে হুকুম হয় তাহার উপর আপীল না হইবার কথা। ও বর্জ্জিত কথা।]

১০৩ ধারা। ইহার পূর্ব্বের দুই ধারামতে কালেক্টর সাহেব যে হুকুম করেন তাহার উপর কোন আপীল হইবেক না। কিন্তু যাহার বিপক্ষে সেই হুকুম হয় সেই জন আপনার স্বত্ব সাব্যস্ত করিবার জন্যে ঐ হুকুমের তারিখঅবধি এক বৎসরের মধ্যে কোন সময়ে দেওয়ানী আদালতে মোকদ্দমা করিতে পারিবেক। যদি সম্পত্তি নীলাম করিবার নিমিত্তে কালেক্টর সাহেবের হুকুম হয়, তবে সম্পত্তি উদ্ধার করিবার জন্যে মোকদ্দমা হইবেক না, কিন্তু ডিক্রীমতের যে মহাজন ঐ সম্পত্তি নীলাম করাইয়াছিল তাহার নামে ক্ষতিপূরণের মোকদ্দমা করিতে হইবেক ইতি।

[নীলামের ইশ্তিহার কি নীলাম করিবার কার্য্যেতে দাঁড়ার ব্যতিক্রম হইলেও নীলাম অসিদ্ধ না হইবার কথা ও বর্জ্জিত বিধি।]

১০৪ ধারা। ডিক্রীজারীমতে অস্থাবর সম্পত্তির নীলামের ইশ্তিহার দিবার কিম্বা নীলাম করিবার কার্য্যেতে দাঁড়ার ব্যতিক্রম হইলেও ঐ নীলাম অসিদ্ধ হইবেক না। কিন্তু সেই প্রকারের ব্যতিক্রম হওয়াতে যাহার কিছু ক্ষতি হয়, তাহার দেওয়ানী আদালতে নালিশ করিয়া ঐ ক্ষতির শোধ পাইবার বাধা এই বিধিতে হইবেক না, কেবল নীলামের তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ নালিশ করিতে হইবেক ইতি।

[যে জমী হস্তান্তর করা যাইতে পারে তাহার বাকী খাজানার বাবৎ ডিক্রীজারীক্রমে নীলামের কথা।]

১০৫ ধারা। স্বত্বের দলীলক্রমে কিম্বা দেশাচারমতে যে পেটাও তালুক বিক্রয় হইয়া হস্তান্তর করা যাইতে পারে, এমত তালুকের বাকী খাজানার নিমিত্তে যদি ডিক্রী হয়, তবে ডিক্রীমতের মহাজন ঐ তালুকের নীলাম হইবার দরখাস্ত করিতে পারিবেক। তাহা করিলে পেটাও তালুকের বাকী খাজানা আদায় করিবার জন্যে ঐ তালুকের নীলামের যে বিধি তৎকালের চলিত কোন আইনে আছে সেই বিধিমতে ঐ তালুক ডিক্রীজারীক্রমে নীলাম করা যাইতে পারিবেক। কিন্তু যদি পূর্ব্বে ঐ ডিক্রীমতের খাতকের কিম্বা তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইয়া থাকে তবে সেই পরওয়ানা যত কাল বজায় থাকে তত কাল সেই প্রকারের কোন দরখাস্ত গ্রাহ্য হইবেক না। পেটাও তালুকের নীলাম হইলে পর যদি ডিক্রীর কিছু টাকা পাওনা থাকে, তবে খাতকের স্থাবর কি অস্থাবর অন্য কোন সম্পত্তির উপর পরওয়ানা জারী হইবার দরখাস্ত হইতে পারিবেক, ও সেই প্রকারের স্থাবর কোন সম্পত্তি এই আইনের ১১০ ধারার লিখিত বিধিমতে নীলাম হইতে পারিবেক ইতি।

[অপর ব্যক্তি যদি সেই পেটাও তালুকের মালিক ও আইনমতের দখীলকার বলিয়া দাওয়া করে তবে কালেক্টর সাহেবের নীলাম স্থগিত করিয়া দাওয়ার তদন্ত ও নিষ্পত্তি করিবার কথা ও বর্জ্জিত কথা।]

১০৬ ধারা। উক্ত প্রকারের পেটাও তালুকের বাকী খাজানার জন্যে যে ডিক্রী হয়, যে ডিক্রীজারীক্রমে সেই পেটাও তালুকের নীলাম হইবার নিরূপিত দিনের আগে, যদি অপর ব্যক্তি কালেক্টর সাহেবের নিকটে গিয়া, যাহার বিপক্ষে ডিক্রী হইয়াছিল সেই জন ঐ পেটাও তালুকের স্বামী নয় আমি স্বামী আছি ও ডিক্রী যে সময়ে হইয়াছিল সেই সময়ে ঐ তালুক আপনার দখলে আইনমতে ছিল এইরূপ এজাহার করে তবে

was obtained, the Collector shall examine such party in the manner provided in Section C. for the examination of third parties, and if he see sufficient reason for so doing, and such party shall deposit in Court the amount of the decree or give sufficient security for the same, the Collector shall stay the sale and proceed to enquire into and adjudicate upon the claim. Provided that no transfer of an under-tenure which by the provisions of this Act or any other law for the time being in force is required to be registered in the Sheristeh of the Zemindar or superior tenant shall be recognized unless it have been so registered, or unless sufficient cause for non-registration be shown to the satisfaction of the Collector.

[Mode of adjudicating such claims.]

CVII. In trying such claim the Collector shall be guided by the rules contained in this Act, so far as the same may be applicable and the judgment passed by the Collector on such claim shall not be subject to appeal, but the party against whom it is given may bring a suit in the Civil Court to establish his right at any time within one year from the date of the judgment.

[Execution of decrees given in favor of sharers in undivided estates or tenures.]

CVIII. If a decree is given in favor of a sharer in a joint undivided estate, dependent talook, or other similar tenure for money due to him on account of his share of the rent of an under-tenure situate in such undivided estate or talook or tenure, application for the sale of such under-tenure shall not be received unless execution shall have been first taken out against any moveable property which the judgment-debtor may possess within the District in which the suit was instituted and the sale of such property, if any, shall have proved insufficient to satisfy the judgment. In such case such under-tenure, if of the nature described in Section CV., may be brought to sale in execution of the decree in the same manner as any other immoveable property may be sold in execution of a decree for money under the provisions of the two next following Sections.

[In all cases of decrees for money, if judgment cannot be satisfied by sale of debtor's moveable property, execution may be had against his immoveable property.]

CIX. In the execution of any decree for the payment of money under this Act not being money due as arrears of rent of a saleable under-tenure, if satisfaction of the judgment cannot be obtained by execution against the person or moveable property of the debtor within the District in which the suit was instituted, the judgment-creditor may apply for execution against any immoveable property belonging to such debtor.

[*Government Gazette*, 31*st May*, 1859.]

১০০ ধারাতে তৃতীয় পক্ষের জোবানবন্দী লইবার যে বিধি আছে সেই বিধিমতে কালেক্টর সাহেব ঐ পক্ষের জোবানবন্দী লইবেন, ও যদি উপযুক্ত কারণ জানেন ও সেই পক্ষ যদি ডিক্রীর টাকা আদালতে আমানৎ করে কিম্বা তাহার উপযুক্ত জামিন দেয়, তবে কালেক্টর সাহেব নীলাম স্থগিত করিয়া ঐ দাওয়ার তদন্ত ও বিচার করিবেন। কিন্তু এই আইনের কিম্বা তৎকালের চলিত অন্য কোন আইনের বিধানমতে পেটাও তালুকের যে হস্তান্তর হইবার কথা জমীদারের কি উপরিস্থ তালুকদারের সিরিশ্তায় রেজিষ্টরী হইবার আজ্ঞা হয় তাহা সেই প্রকারে রেজিষ্টরী না হইলে, কিম্বা রেজিষ্টরী না হইবার উপযুক্ত কারণ কালেক্টর সাহেবের খাতিরজমামতে না জানান গেলে, ঐ হস্তান্তর কার্য্য মঞ্জুর হইবেক না ইতি।

[সেই প্রকারের দাওয়ার নিষ্পত্তি যেরূপে হইবেক তাহার কথা।]

১০৭ ধারা। ঐ দাওয়ার বিচার করিতে গেলে এই আইনের লিখিত বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত সেই বিধিমতে কালেক্টর সাহেব কার্য্য করিবেন। আর সেই দাওয়ার উপর কালেক্টর সাহেব যে নিষ্পত্তি করেন তাহার উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু যাহার বিপক্ষে নিষ্পত্তি হইয়াছে সেই জন ঐ নিষ্পত্তির তারিখের পর এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ব সাব্যস্ত করিবার জন্যে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারিবেক ইতি।

[অবিভক্ত মহালের কি তালুকের অংশিরদের পক্ষে যে ডিক্রী হয় তাহা জারী হইবার কথা।]

১০৮ ধারা। এজমালী অবিভক্ত মহালের কি মকঃসলী তালুকের কি সেই প্রকারের অন্য জমীর অন্তর্গত কোন পেটাও তালুকের খাজানার হিস্যা বলিয়া, ঐ মহালের কি তালুকের কি জমীর কোন রখরাদারের যে টাকা পাওনা হয়, তাহার নিমিত্তে যদি তাহার পক্ষে ডিক্রী হয়, তবে মোকদ্দমা যে জিলার মধ্যে উপস্থিত করা গিয়াছিল সেই জিলাতে ডিক্রীমতের খাতকের কোন অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা প্রথমে বাহির না হইলে, ও তদ্রূপ সম্পত্তি থাকিলে তাহার নীলাম হইয়া তাহাতে ঐ ডিক্রীর টাকা পরিশোধ করিতে কুলাইল না ইহার প্রমাণ না হইলে, ঐ পেটাও তালুক নীলাম করিবার দরখাস্ত গ্রাহ্য হইবেক না। তাহা হইয়া যদি গ্রাহ্য হয়, তবে সেই পেটাও তালুক ১০৫ ধারার লিখিত প্রকারের তালুক হইলে, ইহার পরের লিখিত দুই ধারার বিধানমতে টাকার বাবৎ ডিক্রী জারী করিয়া অন্য কোন স্থাবর সম্পত্তির যেমন নীলাম হইতে পারে, তেমনি সেই পেটাও তালুকও ডিক্রীজারীক্রমে নীলাম হইতে পারিবেক ইতি।

[টাকার ডিক্রী হইলে, যদি খাতকের অস্থাবর সম্পত্তির নীলাম করিয়া ডিক্রীর টাকা শোধ হইতে না পারে, তবে তাহার স্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারী হইতে পারিবেক।]

১০৯ ধারা। যে পেটাও তালুকের নীলাম হইতে পারে তাহার বাকী খাজানা বলিয়া যে টাকা পাওনা হয় সেই প্রকারের টাকা না হইয়া, এই আইনমতে অন্য টাকা দিবার কোন ডিক্রী জারী হইলে, খাতকের উপর, কিম্বা মোকদ্দমা যে জিলাতে উপস্থিত করা গিয়াছিল সেই জিলার মধ্যে তাহার যে অস্থাবর সম্পত্তি থাকে তাহার উপর, ডিক্রী জারী হইয়া যদি ডিক্রীর সমুদয় টাকা শোধ হইতে না পারে, তবে সেই খাতকের কোন স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হয়, ডিক্রীমতের মহাজন এমত দরখাস্ত করিতে পারিবেক ইতি।

[Mode of executing process if immoveable property be a house or other building. If it be a saleable under-tenure. If it be an estate or a share of an estate.]

CX. If the immoveable property against which execution is applied for be a house or other building, process shall be issued in the same manner as for the attachment and sale of moveable property, and the provisions of Sections XCVIII. and XCIX. shall be applicable to the execution of such process. If the property be a saleable under-tenure it shall be sold under the provisions of the law for the time being in force applicable to the sale of such under-tenures for demands other than those of arrears of rent due in respect thereof. If the property be an estate or a share of an estate, it shall be sold under the rules in force for the sale of estates for the recovery of demands recoverable by the same process as arrears of land revenue.

[সেই স্থাবর সম্পত্তি যদি ঘর কি অন্য ইমারৎ হয়, কিম্বা যাহা নীলাম হইতে পারে এমত পেটাও তালুক হয়, কিম্বা যদি মহাল কি মহালের এক অংশ হয়, তবে পরওয়ানা যেরূপে জারী হইবেক তাহার কথা।]

১১০ ধারা। স্থাবর যে সম্পত্তির উপর ডিক্রীজারী হইবার প্রার্থনা হয় সেই সম্পত্তি যদি ঘর, কি অন্য ইমারৎ হয়, তবে অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার পরওয়ানা যে প্রকারে বাহির হয় সেই প্রকারে পরওয়ানা বাহির হইবেক, ও সেই পরওয়ানা জারীর উপর ৯৮ ও ৯৯ ধারার বিধান খাটিবেক। যাহার নীলাম হইতে পারে এমত পেটাও তালুক যদি হয়, তবে সেই তালুকের বাকী খাজানা ভিন্ন অন্য দাওয়ার নিমিত্তে ঐ পেটাও তালুকের নীলামের উপর তৎকালের চলিত আইনের যে বিধান খাটে, সেই বিধানমতে ঐ তালুকের নীলাম হইবেক। সেই সম্পত্তি যদি মহাল হয় কি মহালের এক অংশ হয় তবে ভূমির বাকী মালগুজারীর ন্যায় যে দাওয়া আদায় হইতে পারে, তাহা আদায়ের জন্যে সেই প্রকারের মহাল নীলাম করিবার যে বিধি চলন থাকে সেই বিধিমতে ঐ সম্পত্তির নীলাম হইবেক ইতি।

[Consequence of objection being offered before the sale of any immoveable property.]

CXI. If, before the day fixed for the sale of any immoveable property as aforesaid, objection shall be offered to the sale on the ground of such property not belonging to the judgment-debtor, and consequently not being liable to be sold in execution of a decree against him, the Collector shall examine the party making the objection in the manner prescribed in Section C. for the examination of third parties, and if satisfied that there is sufficient ground for so doing, shall stay the sale and proceed to enquire into and adjudicate upon the objection, in the same manner, and subject to the same right of suit by the party against whom judgment may be given, as is provided in Section CVII.

[স্থাবর কোন সম্পত্তির নীলাম হইবার আগে আপত্তি করা গেলে তাহার ফলের কথা।]

১১১ ধারা। উক্ত প্রকারের কোন স্থাবর সম্পত্তির নীলাম হইবার যে দিন নিরূপণ হয় তাহার আগে, যদি ঐ নীলাম হইবার এই আপত্তি করা যায় যে, ঐ সম্পত্তি ডিক্রীমতের খাতকের নহে, অতএব তাহার বিপক্ষের ডিক্রীজারীমতে নীলাম হইবার যোগ্য নয়, তবে কালেক্টর সাহেব তৃতীয় পক্ষের জোবানবন্দী লইবার যে বিধি ১০০ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধিমতে ঐ আপত্তিকারকের জোবানবন্দী লইবেন, ও নীলাম স্থগিত করিবার উপযুক্ত কারণ আছে ইহা স্ববোধমতে জানিলে সেই নীলাম স্থগিত করিবেন, ও ১০৭ ধারাতে যেমত করিবার বিধি আছে সেই প্রকারে, ও যাহার বিপক্ষে ডিক্রী হয় তাহার মোকদ্দমা করিবার যে স্বত্ব ঐ ধারাতে লেখা আছে সেই স্বত্ব বহাল রাখিয়া, ঐ আপত্তির তদন্ত লইয়া তাহার নিষ্পত্তি করিবেন ইতি।

[Produce of the land to be held hypothecated for the rent. Arrears of rent may be recovered by distraint under the following rules. Cultivators who have given security to be exempt from distraint.]

CXII. The produce of the land is held to be hypothecated for the rent payable in respect thereof; and when an arrear of rent as defined in Section XX. of this Act, is due from any cultivator of land, the zemindar, lakherajdar, farmer, dependent talookdar, under-farmer, or other person entitled to receive rent immediately from such cultivator, instead of bringing suit for the arrear as hereinbefore provided, may recover the same by distraint and sale of the produce of the land on account of which the arrear is due under the following rules. Provided always that, when a cultivator has given security for the payment of his rent, the produce of the land for the rent of which security has been given, shall not be liable to distraint. Provided also that no sharer, in a joint estate, dependent talook, or other tenure, in which a division of lands has not been made amongst the sharers, shall exercise the power of distraint otherwise than through a manager authorized to collect the rents of the whole estate, talook, or tenure, on behalf of all the sharers in the same. Provided further that in putteedaree estates situated in districts under the Government of the Lieutenant-Governor of the North-Western Provinces distraint shall be made only through a lumberdar.

[জামীনার নিমিত্তে জমীর ফসলাদি রক্ষক থাকিবার কথা ও ক্রোক করণদ্বারা বাকী খাজানা আদায় করিবার বিধি ও চাবিরা জামিন দিলে তাহারদের ফসলাদি ক্রোক হইতে না পারিবার কথা।]

১১২ ধারা। জমীর যে খাজানা দিতে হয় তাহার জন্যে ঐ জমীর ফসলাদি বন্ধকস্বরূপ জ্ঞান করিতে হইবেক। ও এই আইনের ২০ ধারামতের নির্দ্দিষ্ট বাকী খাজানা জমীর কোন চাষির স্থানে পাওনা থাকিলে, জমীদার কি লাখেরাজদার কি ইজারদার কি মফঃসলী তালুকদার কি দর ইজারদার, কিম্বা ঐ চাষির স্থানে অন্য যে ব্যক্তির খাজানা পাইবার স্বত্ব থাকে সেই ব্যক্তি, ইহার পূর্ব্বের বিধানমতে সেই বাকীর নিমিত্তে মোকদ্দমা না করিয়া, যে জমীর খাজানা বাকী থাকে তাহার ফসলাদি নীচের লিখিত বিধানমতে ক্রোক ও নীলাম করিয়া, খাজানা আদায় করিতে পারিবেক। পরন্তু যদি চাষী খাজানা দিবার জামিন দিয়া থাকে, তবে যে জমীর খাজানার নিমিত্তে জামিন দিয়াছে তাহার ফসলাদি ক্রোক হইতে পারিবেক না। আরো এজমালী যে মহাল কি মফঃসলী তালুক কি অন্য যে জমীর অংশিরদের মধ্যে বিভাগ না হইয়াছে, সেই সমুদয় মহালের কি তালুকের কি জমীর সকল অংশিরদের তরফে যে সরবরাহকার খাজানা উসুল করিতে ক্ষমতাপন্ন হয়, তাহার দ্বারা না হইলে ঐ অংশিরদের ক্রোক করিবার ঐ ক্ষমতামতে কার্য্য করিতে হইবেক না। আরো উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসিত জিলার শামিল

[Standing crops and crops gathered but not stored liable to distraint.]

CXV. Standing crops and other ungathered products of the earth, and crops or other products when reaped or gathered, and deposited in any threshing floor or place for treading out grain or the like, whether in the field or within a homestead, may be distrained by persons invested with the powers of distraint under the provisions of this Act. But no such crops or products other than the produce of the land in respect of which an arrear of rent is due or of land held under the same engagement, and no grain or other produce after it has been stored by the cultivator, and no other property whatsoever, shall be liable to distraint under this Act.

[দাঁড়ান ও কাটা কিন্তু গোলাজাত নয় ফসলের ক্রোক হইবার কথা।]

১১৫ ধারা। এই আইনের বিধানমতে যাহারদিগকে ক্রোক করিবার ক্ষমতা দেওয়া গেল, তাহারা, ক্ষেত্রের যে ফসল ও ভূমির উৎপন্ন অন্য যে ফলাদি কাটিয়া কি তুলিয়ালওয়া যায় নাই তাহা, ও যে ফসল কি অন্য ফলাদি কাটিয়া কি তুলিয়া মাঠের কি ভিটার কোন খামারে কি শস্য ঝাড়িবার অন্য স্থানপ্রভৃতিতে থোয়া যায় তাহা, ক্রোক করিতে পারিবেক। কিন্তু যে জমীর খাজানা বাকী পড়িয়াছে তাহার, কিম্বা সেই জমী যে পাট্টামতে ভোগ হইতেছে সেই একি পাট্টার ভোগকরা অন্য জমীর ফসল কি উৎপন্ন ফলাদিছাড়া, অন্য কোন ফসল কি ফলাদি এই আইনমতে ক্রোক হইতে পারিবেক না, ও কৃষাণের শস্য কি অন্য ফলাদি গোলাজাত হইলে পর তাহা, কিম্বা তাহার অন্য কোন সম্পত্তি ক্রোক হইতে পারিবেক না ইতি।

[Defaulter to be served with a written demand, &c., before or at the time of distraint.]

CXVI. Before or at the time when distraint is made under this Act, the distrainer shall cause the defaulter to be served with a written demand for the amount of the arrear, together with an account exhibiting the grounds on which the demand is made. The demand and account shall, if practicable, be served personally on the defaulter, or if he abscond or conceal himself so that they cannot be so served, shall be affixed at his usual place of residence.

[ক্রোক করিবার সময়ে কি তাহার আগে দাওয়ার এত্তেলাপ্রভৃতি বাকীদারের উপর জারী হইবার কথা।]

১১৬ ধারা। যে জন ক্রোক করিবেক সেই জন এই আইনমতে ক্রোক করিবার সময়ে কি তাহার আগে বাকীদারের উপর বাকী টাকার দাওয়ার এত্তেলানামা জারী করাইবেক, ও যে কারণে ঐ দাওয়া হইতেছে তাহার এক হিসাব ঐ দাওয়ার এত্তেলার সঙ্গে দিবেক। যদি হইতে পারে, তবে সেই এত্তেলানামা ও হিসাব বাকীদারের হাতে দেওয়া যাইবেক। কিম্বা সে যদি পলায় কি গোপনে থাকে তাহাতে ঐ এত্তেলা তাহাকে দেওয়া যাইতে না পারে, তবে তাহার নিয়ত বাসস্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক ইতি।

[Government Gazette, 31st May, 1859.]

[কোন২ স্থলে ক্রোক হইতে না পারিবার কথা।]

১১৩ ধারা। এক বৎসরের অধিক কালের বাকীর নিমিত্তে ক্রোক হইতে পারিবেক না। ও চাষী যদি খাজানার অধিক কিছু টাকা দিবার কবুলিয়ৎ লিখিয়া না দিয়াছে, তবে সেই জমীর পূর্ব্ব বৎসরের খাজানা যত হয় তাহার অধিক কিছু টাকা আদায়ের জন্যে ক্রোক হইতে পারিবেক না ইতি।

[কোর্টওয়ার্ডসপ্রভৃতির অধীন সরবরাহকারেরদের ক্রোক করিবার শক্তিক্রমে কার্য্য করিবার কথা ও বর্জ্জিত কথা।]

১১৪ ধারা। জমীদারদিগকে ও জমীর চাষিরদের স্থানে খাজানা পাইবার স্বত্ব যাহারদের থাকে তাহারদিগকে ১১২ ধারামতে ক্রোক করিবার যে ক্ষমতা দেওয়া গেল, সেই ক্ষমতামতে কোর্টওয়ার্ডসের অধীন সরবরাহকারেরা ও খাস তহসীলের মহালের সরবরাহকারেরা, ও তহসীলদারেরা ও ভূমি সম্পত্তি আইনমতে যাহারদের জিম্মায় থাকে এমত অন্য ব্যক্তিরা কার্য্য করিতে পারিবেক। আর সেই প্রকারের কোন ব্যক্তিরা নে নায়েবদিগকে কি গোমাশ্‌তাদিগকে কি অন্য কর্ম্মকারকদিগকে খাজানা উসুল করিবার কার্য্যে নিযুক্ত করে তাহারদিগকে যদি মোক্তারনামা দিয়া সেই কর্ম্মের জন্যে বিশেষমতে ক্ষমতা দেয়, তবে সেই নায়েবপ্রভৃতিও ক্রোক করিবার ঐ শক্তিমতে কার্য্য করিতে পারিবেক। পরন্তু যদি সেই নায়েব কি গোমাশ্‌তা কি অন্য কর্ম্মকারক সেই শক্তিক্রমে কার্য্য করিবার ছলে কোন বেআইনী কর্ম্ম করে, তবে সেই কর্ম্মেতে যে কিছু ক্ষতি হয় তাহার নিমিত্তে ঐ কর্ম্মকারক যেমন দায়ী হইবেক তাহার মুনিবও তেমনি দায়ী হইবেক ইতি।

[যে শস্যাদি ক্ষেত্রে থাকে ও যাহা কাটিয়া মরাইতে রাখা যায় নাই তাহার ক্রোক হইতে পারিবার কথা।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩১ মে।]

[Distress to be proportionate to the arrear if not paid or tendered. List of property to be distrained, to be served on owner.]

CXVII. Unless the amount of the demand is immediately paid or tendered, the distrainer may distrain property as aforesaid of value proportionate to the amount of the arrear with costs of the distress; and shall prepare a list or description of the said property, and deliver a copy of the same to the owner, or if he be absent affix it at his usual place of residence.

[Standing crops &c. when attached, to be reaped and stored by the cultivator, or, if he neglect to do so, by the distrainer.]

CXVIII. Standing crops and other ungathered products may, notwithstanding the distraint, be reaped and gathered by the cultivator, and may be stored in such granaries or other places as are commonly used by him for the purpose. If the cultivator neglect to do so, the distrainer shall cause the said crops or products to be reaped or gathered, and in such case shall store the same either in such granaries or other places as aforesaid, or in some other convenient place in the neighbourhood. In either case the distrained property shall be placed in the charge of some person appointed by the distrainer for the purpose. Crops or products which from their nature do not admit of being stored, may be sold before they are cut or gathered, under the rules hereinafter provided; but in such case the distraint shall be made at least twenty days before the time when the crops or products or any part of the same would be fit for cutting or gathering.

[Distrainer may apply for aid to the Collector upon occasion of resistance made or apprehended.]

CXIX. If a distrainer shall be opposed, or shall apprehend resistance, and shall desire to obtain the assistance of a public Officer, he may apply to the Collector, and the Collector may, if he thinks necessary, depute an Officer to support the distrainer in making the distraint.

[Person empowered to distrain may give written authority to their servants to do so.]

CXX. When any person, empowered to distrain property under Section CXII, or Section CXIV., shall employ a servant or other person to make the distress, he shall give to such servant or person a written authority (which may be on plain paper) for the same, and the distress shall be made in the name and on the responsibility of the person giving such authority.

[Distress to be withdrawn if defaulter tender payment of arrear and expenses of attachment prior to the day of sale.]

CXXI. If at any time after property has been distrained, and prior to the day fixed for its being put up to sale as hereinafter provided, the owner of the property shall tender payment of the arrear de-

[ঐ বাকী টাকা সেই সময়ে না দেওয়া গেলে, কি দিবার প্রস্তাব না হইলে বাকীর সমান মূল্যের দ্রব্য ক্রোক হইবার কথা ও যে দ্রব্য ক্রোক হইবেক তাহার এক ফর্দ্দ স্বামিকে দিবার কথা।]

১১৭ ধারা। যত টাকার দাওয়া হয় তাহা অব্যাজে না দেওয়া গেলে কিম্বা দিবার প্রস্তাব না হইলে, যে জন ক্রোক করে সে ক্রোক করণের খরচাসমেত ঐ বাকী টাকার সমান মূল্যের পূর্ব্বোক্ত প্রকারের দ্রব্য ক্রোক করিতে পারিবেক। ও সেই দ্রব্যের ফর্দ্দ কি বেওরাপত্র প্রস্তুত করিয়া তাহার এক কেতা নকল ঐ দ্রব্যের স্বামিকে দিবেক কিম্বা সে না থাকিলে তাহার নিয়ত বাসস্থানে লট্‌কাইয়া দিবেক ইতি।

[ক্ষেত্রের শস্যাদি ক্রোক হইলে কৃষাণের দ্বারা কাটিবার ও মরাইতে রাখিবার কথা কিম্বা সে না করিলে ক্রোককরণিয়ার তাহা করিবার কথা।]

১১৮ ধারা। ক্ষেত্রের ফসল ও ভূমির উৎপন্ন অন্য ফলাদি কাটিবার কি তুলিবার পূর্ব্বে ক্রোক হইলেও, কৃষাণ তাহা কাটিয়া কি তুলিয়া যে মরাইতে কি অন্য স্থানে রাখিয়া থাকে সেই স্থানে তাহা জমা করিয়া রাখিতে পারিবেক। ইহাতে যদি কৃষাণের ত্রুটি হয়, তবে ক্রোককরণিয়া সেই ফসল কি ফলাদি অন্য লোকের-দের দ্বারা কাটিয়া কি তুলিয়া লইবেক, ও তাহা পূর্ব্বোক্ত মরাইতে কি অন্য স্থানে কিম্বা তাহার নিকট উপযুক্ত কোন স্থানে জমা করিয়া রাখিবেক। ইহার মধ্যে যাহা করুক, ঐ ক্রোককরণিয়া ঐ ক্রোকরা দ্রব্যের চৌকী রাখিবার জন্যে কোন লোককে নিযুক্ত করিয়া তাহার জিম্মায় রাখিবেক। যে ফসল কি ফলাদি মরাইপ্রভৃতিতে জমা করিয়া রাখা যাইতে না পারে, তাহা কাটিবার কি তুলিবার আগে ইহার পরের নির্দ্দিষ্ট বিধানমতে নীলাম হইতে পারিবেক। কিন্তু এমন স্থলে, ঐ ফসল কি ফলাদি কি তাহার কোন অংশ কাটিবার কি তুলিবার জন্যে তৈয়ার হইবার আগে অতিকম কুড়ি দিন থাকিতে তাহা ক্রোক করিতে হইবেক ইতি।

[কোন বাধা হইলে কি হইবার সম্ভাবনা হইলে কালেক্টর সাহেবের নিকটে ক্রোককরণিয়ার সাহায্য প্রার্থনা করিবার কথা।]

১১৯ ধারা। যে জন ক্রোক করে তাহার যদি কিছু বাধা করা যায়, কিম্বা বাধা হইবার কিছু সম্ভাবনা হয়, ও সে যদি সরকারী কোন আমলার সাহায্য চাহে, তবে সে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেক, ও কালেক্টর সাহেব আবশ্যক জ্ঞান করিলে ঐ ক্রোক করিবার কার্য্যেতে ক্রোককরণিয়ার সাহায্য করিবার জন্যে এক জন আমলাকে পাঠাইতে পারিবেন ইতি।

[যাহারদের ক্রোক করিবার ক্ষমতা থাকে তাহারা আপনারদের চাকরদিগকে ক্রোক করিবার ক্ষমতা লিখিয়া দিতে পারিবেক।]

১২০ ধারা। ১১২ ধারা কিম্বা ১১৪ ধারামতে শস্যাদি ক্রোক করিবার ক্ষমতা যাহার থাকে, এমত কোন ব্যক্তি যদি ক্রোক করিবার কার্য্যেতে কোন চাকরকে কি অন্য লোককে নিযুক্ত করে, তবে সে লেখাপড়া করিয়া তাহা করিবার ক্ষমতা সেই চাকরকে কি অন্য লোককে দিবেক। তাহা সাদা কাগজে লিখিয়া দিতে পারিবেক। কিন্তু যে জন ক্ষমতা দেয় তাহার নামে ক্রোক করা যাইবেক ও দায় তাহার শিরে পড়িবেক ইতি।

[বাকীদার যদি নীলামের দিনের আগে ক্রোক করিবার খরচাসমেত ঐ বাকী দিতে চাহে তবে ক্রোক উঠাইয়া লওয়া যাইবেক।]

১২১ ধারা। ঐ শস্যাদি ক্রোক হইলে পর কিন্তু তাহা নীলাম করিবার যে বিধান ইহার পরে করা যাইতেছে সেই বিধানমতে নীলামের নিরূপিত দিনের আগে, যদি ঐ শস্যাদির স্বামী ক্রোক করিবার খরচা ও

manded of him and of the expenses of the distress, the distrainer shall receive the same, and shall forthwith withdraw the distress.

[Application for sale.]

CXXII. Within five days from the time of the storing of any distrained crops or products, or if the crops or products do not, from their nature, admit of being stored, within five days from the time of making the distress, the distrainer shall apply for sale of the same to the Civil Court Ameen, or other Officer authorized to sell property in satisfaction of decrees of the Civil Court within the circle in which the distrained property is situate, or to such other public Officer as the local Government shall appoint for the purpose.

[Form of application. Cost of notice upon defaulter to be deposited by distrainer.]

CXXIII. The application shall be in writing, and shall contain an inventory or description of the property distrained, the name of the defaulter and his place of residence, the amount due, and the date of the distress, and the place in which the distrained property is deposited. Together with the application, the distrainer shall deliver to the Civil Court Ameen or other Officer the amount necessary for the service of a notice upon the defaulter as hereinafter provided.

[Procedure by Civil Court Ameen &c. on receipt of application.]

CXXIV. Immediately on receipt of the application the Civil Court Ameen or other Officer shall transmit a copy of it to the Collector; and shall serve a notice (which shall be in the form (G) contained in the Schedule to this Act, or to the like effect) on the person whose property has been distrained, requiring him either to pay the amount demanded, or to institute a suit to contest the demand before the Collector within the period of fifteen days from the receipt of the notice. He shall at the same time send to the Collector for the purpose of being put up in his Office, and if in the North-Western Provinces in the cutcherry of the Tuhseeldar, a proclamation fixing a day for the sale of the distrained property, which shall not be less than twenty days from the date of the application; and shall deliver a copy of the proclamation to the peon charged with the service of the notice, to be put up by him in the place where the distrained property is deposited. The proclamation shall contain a description of the property, the demand for which it is to be sold, and the place where the sale is to be held.

[Ameen to suspend sale on receipt of Collector's certificate of the institution of a suit.]

CXXV. If a suit shall be instituted before the Collector in pursuance of the aforesaid notice, the Collector shall transmit to the Civil Court Ameen or other Officer, or if so requested shall deliver to the owner of the distrained property, a certificate of

যত বাকীর দাওয়া হইয়াছে তাহা দিতে প্রস্তাব করে তবে ঐ ক্রোককরণিয়া তাহা লইয়া তৎক্ষণাৎ ক্রোক উঠাইয়া দিবেক ইতি।

[নীলাম করিবার দরখাস্তের কথা।]

১২২ ধারা। ক্রোককরা কোন ফসল কি ফলাদি মরাইতে রাখিবার সময়অবধি পাঁচ দিনের মধ্যে, কিম্বা যদি সেই ফসল কি ফলাদির ভাব বুঝিয়া তাহা মরাইতে রাখা যাইতে না পারে, তবে ক্রোক করিবার সময়াবধি পাঁচ দিনের মধ্যে, যে জন ক্রোক করে সেই জন ঐ শস্যাদির নীলাম করিবার জন্যে দেওয়ানী আদালতের আমীনের নিকটে দরখাস্ত করিবেক, কিম্বা ক্রোকরা দ্রব্য যে এলাকার মধ্যে থাকে সেই এলাকায় দেওয়ানী আদালতের ডিক্রীজারী ক্রমে সম্পত্তির নীলাম করিবার ক্ষমতা অন্য যে আমলার থাকে তাহার নিকটে, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট সরকারী অন্য যে কার্য্যকারককে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাহার নিকটে দরখাস্ত করিবেক ইতি।

[দরখাস্ত যে দাঁড়াতে লিখিতে হইবেক তাহার কথা। ও বাকীদারের উপর এত্তেলা জারী করিবার খরচ ক্রোককরণিয়ার আমানৎ করিবার কথা।]

১২৩ ধারা। ঐ দরখাস্ত লিখিয়া দিতে হইবেক, ও ক্রোককরা দ্রব্যের সকল কি কি বেওরা, ও বাকীদারের নাম ও বাসস্থান, ও যত টাকা বাকী থাকে, ও যে তারিখে ক্রোক করা যায়, ও ক্রোককরা দ্রব্য যে স্থানে আমানৎ হইয়াছে এই সকল কথা ঐ দরখাস্তে লিখিতে হইবেক। ইহার পরের বিধানমতে বাকীদারের উপর যে এত্তেলা জারী করিতে হইবেক তাহার জন্যে যত খরচ আবশ্যক হয় তাহা ঐ ক্রোককরণিয়া ঐ দরখাস্তের সঙ্গে দেওয়ানী আদালতের আমীনকে কিম্বা অন্য আমলাকে দিবেক ইতি।

[দরখাস্ত পাইলে দেওয়ানী আদালতের আমীনপ্রভৃতির যাহা করিতে হইবেক তাহার কথা।]

১২৪ ধারা। দেওয়ানী আদালতের আমীন কিম্বা অন্য আমলা ঐ দরখাস্ত পাইলেই, তাহার এক কেতা নকল কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেক, ও যাহার দ্রব্য ক্রোক হইয়াছে তাহার উপর এই আইনের ৩ফসীলের G চিহ্নিত পাঠের কি তাহার মর্ম্মের লিখনমতে এত্তেলানামা জারী করিয়া, এই হুকুম করিবেক যে, হয় সেই দাওয়ার টাকা দেয়, না হয় ঐ এত্তেলা পাইবার তারিখঅবধি পনের দিনের মধ্যে কালেক্টর সাহেবের সম্মুখে সেই দাওয়ার আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত করে। আরো সেই দরখাস্তের তারিখঅবধি কুড়ি দিনের কম না হয় ঐ ক্রোকরা দ্রব্যের নীলাম হইবার এমত দিন নিরূপণ করিয়া সেই দিনের ইশ্‌তিহার কালেক্টরী কাছারীতে, ও উত্তরপশ্চিম দেশে হইলে তহসীলদারের কাছারীতে লট্‌কাইবার জন্যে সেই সময়েতে কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেক। ও এত্তেলা জারী করিতে যে পেয়াদার হাতে দেওয়া যায় তাহার হাতে ঐ ইশ্‌তিহারের এক কেতা নকলও ক্রোককরা সম্পত্তি যে স্থানে আমানৎ আছে সেই স্থানে লট্‌কাইবার জন্যে দিবেক। ঐ দ্রব্য যে প্রকারের হয় ও যে দাওয়ার জন্যে তাহার নীলাম হইবেক ও যে স্থানে নীলাম হইবেক এই সকল কথা ঐ ইশ্‌তিহারনামাতে প্রকাশ থাকিবেক ইতি।

[মোকদ্দমা উপস্থিত করা গেল কালেক্টর সাহেব এই মর্ম্মের সর্টিফিকেট পাইলে আমীনের নীলাম স্থগিত করিবার কথা।]

১২৫ ধারা। পূর্ব্বোক্ত এত্তেলামতে যদি কালেক্টর সাহেবের সম্মুখে মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে তাহার এক সর্টিফিকেট কালেক্টর সাহেব দেওয়ানী আদালতের আমীনের কি অন্য আমলার নিকটে পাঠাইবেন, কিম্বা যাহার দ্রব্য ক্রোক হইয়াছে তাহাকে

the institution of such suit; and on such certificate being received by or presented to the Ameen or other Officer, he shall suspend proceedings in regard to the sale of the distrained property.

[Suit to contest distrainer's demand before issue of notice of sale.]

CXXVI. A person whose property has been distrained in the manner hereinbefore provided, may institute a suit to contest the demand of the distrainer immediately after the distraint of his property, and before the issue of notice of sale. When such suit is instituted, the Collector shall proceed in the manner prescribed in the last preceding Section. If thereafter application for the sale of the property is made to the Civil Court Ameen or other Officer, he shall transmit a copy of the application to the Collector, and suspend further proceedings pending the decision of the case.

[Distress to be withdrawn on receipt of Collector's certificate that the owner has executed a bond with security to pay amount of decree with interest and costs.]

CXXVII. The person whose property has been distrained may, at the time of instituting any such suit as aforesaid, or at any subsequent period, execute a bond with security binding himself to pay whatever sum may be adjudged to be due from him with interest and costs of suit, and when such bond is executed the Collector shall give to the owner of the property a certificate to that effect, or if so requested shall serve the distrainer with notice of the same; and upon such certificate being presented to the distrainer by the owner of the property or served on him by order of the Collector the property shall be released from distraint.

[On expiration of period fixed in the proclamation of sale, if institution of suit to contest distrainer's demand have not been certified, sale may be proceeded with.]

CXXVIII. On the expiration of the period fixed in the proclamation of sale, if the institution of a suit to contest the demand of the distrainer has not been certified to the Civil Court Ameen or other Officer in the manner hereinbefore provided, he shall, unless the said demand, with such costs of the distress as shall be allowed by him, be discharged in full, proceed to sell the property or such part of it as may be necessary in the manner following.

[Place and manner of sale.]

CXXIX. The sale shall be held at the place where the distrained property is deposited, or at the nearest gunge, bazar, haut, or other place of public resort, if the Civil Court Ameen or other Officer should be of opinion that it is likely to sell there to better advantage. The property shall be sold by public auction in one or more lots as the Officer holding the sale may think advisable, and if the demand with the costs of distress and sale be satisfied

ঐ সর্টিফিকট দিবার প্রার্থনা হইলে তাহাকে দিবেন। ও সেই সর্টিফিকট সেই আমীন কিম্বা অন্য কার্য্যকারক পাইলে, কিম্বা তাহাকে দেখান গেলে, ঐ আমীনপ্রভৃতি ক্রোককরা দ্রব্যের নীলামের কার্য্য স্থগিত করিবেক ইতি।

[নীলামের এত্তেলা জারী হইবার আগে, ক্রোককরণিয়ার দাওয়ার আপত্তি করিবার মোকদ্দমার কথা।]

১২৬ ধারা। ইহার পূর্ব্বের বিধানমতে যাহার দ্রব্য ক্রোক হইয়াছে সেই জন আপনার দ্রব্য ক্রোক হইবার পরে ও নীলামের ইশ্‌তিহার জারী হইবার আগে, ঐ ক্রোককারির দাওয়ার আপত্তি করিবার জন্যে অগৌণে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। সেই প্রকারের মোকদ্দমা উপস্থিত করা গেলে কালেক্টর সাহেব ইহার পূর্ব্বের ধারার লিখনমতে কার্য্য করিবেন। তাহার পরে যদি ঐ দ্রব্যের নীলাম হইবার দরখাস্ত দেওয়ানী আদালতের আমীনের কি অন্য আমলার নিকটে করা যায়, তবে সে ঐ দরখাস্তের এক কেতা নকল কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেক, ও মোকদ্দমার নিষ্পত্তি যাবৎ না হয় তাবৎ ঐ নীলামের কার্য্য স্থগিত রাখিবেক ইতি।

[ঐ ডিক্রীর টাকা ও সুদ খরচাসমেত দিবার জামিনীপত্রে ঐ দ্রব্যের স্বামী দস্তখৎ করিয়াছে কালেক্টর সাহেবের এই মর্ম্মের সর্টিফিকট পাওয়া গেলে ক্রোক উঠাইয়া লইবার কথা।]

১২৭ ধারা। যাহার দ্রব্য ক্রোক করা গেল সেই জন পূর্ব্বোক্ত প্রকারের কোন মোকদ্দমা উপস্থিত করিবার সময়ে কিম্বা তাহার পর কোন সময়ে, জামিন দিয়া এই মর্ম্মের করার লিখিয়া দিতে পারিবেক যে, ডিক্রীমতে আমার যত টাকা দেনা হয় তাহা ও সুদ ও মোকদ্দমার খরচা দিব। সেইরূপ জামিনীপত্র লিখিয়া দেওয়া গেলে কালেক্টর সাহেব সেই মর্ম্মের এক সর্টিফিকট ঐ দ্রব্যের স্বামিকে দিবেন, কিম্বা যদি তাঁহার নিকটে প্রার্থনা হয় তবে ক্রোককারিকে তাহার এত্তেলা দেওয়াইবেন। সেই প্রকারের সর্টিফিকট ঐ দ্রব্যের স্বামী ঐ ক্রোককারিকে দেখাইলে, কিম্বা কালেক্টর সাহেবের হুকুমমতে তাহার উপর জারী হইলে, ঐ দ্রব্য অবিলম্বে সেই ক্রোকহইতে মুক্ত হইবেক ইতি।

[ইশ্‌তিহারনামাতে নীলামের যে মিয়াদ নিরূপণ হইল তাহা ফুরাইয়া গেলে, যদি ক্রোককারির দাওয়ার উপর আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত হইবার সর্টিফিকট না দেওয়া যায়, তবে নীলাম হইতে পারিবেক।]

১২৮ ধারা। নীলামের ইশ্‌তিহারেতে যে মিয়াদ ধরা গেল সেই মিয়াদ ফুরাইলেও যদি ক্রোককারির দাওয়ার আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত হইবার সর্টিফিকট ইহার পূর্ব্বের বিধানমতে দেওয়ানী আদালতের আমীনকে কিম্বা অন্য আমলাকে দেওয়া না যায়, তবে ক্রোক করিবার যে খরচা আমীন ধরিতে স্বীকার করে ঐ খরচাসমেত ঐ দাওয়ার সমুদয় টাকা না দেওয়া গেলে, ঐ আমীন কি অন্য আমলা নীচের লিখিতমতে সেই দ্রব্য কিম্বা তাহার যত আবশ্যক হয় তাহা নীলাম করিবেক ইতি।

[নীলাম হইবার স্থান ও নিয়মের কথা।]

১২৯ ধারা। ক্রোককরা দ্রব্য যে স্থানে আমানৎ থাকে সেই স্থানে নীলাম হইবেক। কিন্তু যদি দেওয়ানী আদালতের আমীন কিম্বা অন্য আমলা বোধ করে যে, অতিনিকটের কোন গঞ্জে কি বাজারে কি হাটে কি সাধারণ লোকেরদের গমনাগমনের অন্য স্থানে নীলাম হইলে অধিক মূল্য পাওয়া যাইবেক, তবে সেই স্থানে নীলাম হইবেক। যে আমলা নীলাম করে সে যেমন উচিত বোধ করে তেমনি এক কি অধিক লাট করিয়া ঐ দ্রব্য নীলাম করিবেক। ও সেই দ্রব্যের কোন

by the sale of a portion of the property, the distress shall be immediately withdrawn with respect to the remainder.

[If fair price be not offered, sale may be postponed to another day, and shall be then completed at whatever price may be offered.]

CXXX. If on the property being put up for sale a fair price in the estimation of the Officer holding the sale be not offered for it, and the owner of the property or some person authorized to act on his behalf apply to have the sale postponed until the next day, or the next market day if a market be held at the place of sale, the sale shall be postponed until such day and shall be then completed whatever price may be offered for the property.

[Payment of purchase money.]

CXXXI. The price of every lot shall be paid for in ready money at the time of sale or as soon after as the Officer holding the sale shall think necessary; and in default of such payment the property shall be put up again and sold. When the purchase money has been paid in full, the Officer holding the sale shall give the purchaser a certificate describing the property purchased by him and the price paid.

[Proceeds of sale.]

CXXXII. From the proceeds of the sale of distrained property the Officer holding the sale shall make a deduction at the rate of one anna in the Rupee on account of the costs of the sale, and shall transmit the amount to the Collector in order that it may be credited to Government. He shall then pay to the distrainer the expenses incurred by the distrainer on account of the distress and of the issue of the notice and proclamation of sale prescribed in Section CXXIV., to such amount as, after examination of the statement of expenses furnished by the distrainer, he shall think proper to allow. The remainder shall be applied to the discharge of the arrear for which the distraint was made with interest thereon up to the day of sale, and if there be any overplus it shall be delivered to the person whose property shall have been sold.

[Officers holding sales prohibited from purchasing.]

CXXXIII. Officers holding sales of property under this Act, and all persons employed by or subordinate to such Officers, are prohibited from purchasing either directly or indirectly any property sold by such Officers.

[All irregularities to be reported to the Collector. Officer not to proceed to sale, if he find that defaulter has not received due notice.]

CXXXIV. Civil Court Ameens and other Officers as aforesaid are required to bring to the notice of Collectors any material irregularities committed by distrainers under color of this Act; and if in any case, on proceeding to hold a sale of property, the Civil

ভাগের নীলাম হইলে যদি ক্রোক ও নীলাম করিবার খরচাসমেত ঐ দাওয়ার টাকা শোধ হইতে পারে, তবে অবশিষ্ট দ্রব্যের উপর ঐ ক্রোক তৎক্ষণাৎ উঠাইয়া দেওয়া যাইবেক ইতি।

[উপযুক্ত মূল্যের ডাক না হইলে নীলাম অন্য দিনে হইবার কথা ও তখন যে মূল্য হয় সেই মূল্যে বিক্রয় হইবার কথা।]

১৩০ ধারা। ঐ দ্রব্য নীলামে ধরা গেলে, যদি নীলামকরণিয়া কার্য্যকারকের বিবেচনায় তাহার উপযুক্ত মূল্যের ডাক হইল না, ও সেই দ্রব্যের স্বামী, কিম্বা তাহার তরফে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন অন্য কোন লোক যদি এই প্রার্থনা করে যে, তাহার পর দিনপর্য্যন্ত, কিম্বা যে স্থানে নীলাম হয় সেই স্থানে যদি হাট হইয়া থাকে তবে তাহার পর হাটের যে দিন হয় সেই দিনপর্য্যন্ত নীলাম স্থগিত থাকে, তবে সেই দিনপর্য্যন্ত নীলাম স্থগিত করা যাইবেক। সেই দিনে ঐ দ্রব্যের যে কোন মূল্যের ডাক হয় সেই মূল্যে বিক্রয় হইবেক ইতি।

[খরীদের টাকা দিবার কথা।]

১৩১ ধারা। এক২ লাট যে দরে বিক্রয় হয় তাহা নীলামের সময়ে নগদ দিতে হইবেক, কিম্বা তাহার পর ঐ নীলামকরণিয়া কার্য্যকারক যত শীঘ্র আবশ্যক জ্ঞান করে তত শীঘ্র দিতে হইবেক। সেই টাকা না দেওয়া গেলে ঐ দ্রব্য পুনরায় নীলাম হইয়া বিক্রয় হইবেক। খরীদের সমুদয় টাকা দেওয়া গেলে, নীলামকরণিয়া কার্য্যকারক ঐ খরীদারকে এক সর্টিফিকট দিবেক; তাহাতে তাহার খরীদকরা দ্রব্যের বর্ণনা ও সেই দ্রব্যের যে মূল্য দিয়াছে তাহা লেখা থাকিবেক ইতি।

[নীলামের উৎপন্ন টাকার কথা।]

১৩২ ধারা। ক্রোককরা দ্রব্যের ঐ নীলামেতে যে টাকা পাওয়া যায়, তাহার টাকা প্রতি এক আনার হিসাবে নীলামের খরচা বলিয়া নীলামকরণিয়া আমলা লইয়া গবর্ণমেণ্টের নামে জমা হইবার জন্যে কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেক। পরে ক্রোক করিবারও ১২৪ ধারামতে এত্তেলা ও নীলামের ইশ্‌তিহার জারী করিবার খরচের যে হিসাব ঐ ক্রোককারী দাখিল করে, তাহা বিবেচনা করিয়া তাহার মধ্যে যত দেওয়া উচিত বোধ করে, তত ঐ ক্রোককারিকে দিবেক। অবশিষ্ট টাকা লইয়া যে বাকীর নিমিত্তে ক্রোক করা যায় তাহা ও নীলামের তারিখপর্য্যন্ত তাহার সুদ শোধ হইবেক। তাহার পর যদি কিছু থাকে তবে যাহার দ্রব্যের নীলাম হইয়াছে তাহাকে দেওয়া যাইবেক ইতি।

[যে আমলারা নীলাম করে তাহারদের খরীদ করিতে নিষেধ।]

১৩৩ ধারা। এই আইনমতে যে আমলারা দ্রব্য নীলাম করে তাহারদিগকে ও তাহারদেরহইতে নিযুক্ত কি তাহারদের অধীন সকল লোককে নিষেধ হইতেছে যে তাহারা ঐ আমলারদের নীলামকরা কোন দ্রব্য নিজে কি অন্যের দ্বারা খরীদ না করে ইতি।

[বেদাঁড়া কোন কর্ম্ম হইলে তাহার রিপোর্ট কালেক্টর সাহেবের নিকটে হইবার কথা ও বাকীদার উপযুক্তমতে এত্তেলা পায় নাই আমীন ইহা জানিলে নীলাম না করিবার কথা।]

১৩৪ ধারা। দেওয়ানী আদালতের আমীনদিগকে ও পূর্ব্বোক্ত প্রকারের অন্য আমলারদিগকে এই আজ্ঞা হইতেছে যে, ক্রোককারি লোকেরা এই আইনের ছলে প্রকৃতর কোন বেদাঁড়ার কার্য্য করিলে সেই কথা কালেক্টর সাহেবকে জানায়। আর ঐ দ্রব্য নীলাম করি-

Court Ameen or other Officer shall find that the owner of the property has not received due notice of the distress and intended sale, he shall postpone the sale and report the case to the Collector, and the Collector shall direct the issue of another notice and proclamation of sale under Section CXXXV, or pass such other order as he may think proper.

[Recovery of expenses if Ameen proceeds to place of sale and no sale takes place.]

CXXXV. When a Civil Court Ameen or other Officer has proceeded to any place for the purpose of holding a sale and no sale takes place either for the reason stated in the last preceding Section, or because the demand of the distrainer has been previously satisfied, no intimation of such satisfaction having been given by the distrainer to the Civil Court Ameen or other Officer, the charge of one anna in the Rupee on account of expenses shall be leviable and shall be calculated on the estimated value of the distrained property. If the demand of the distrainer be not satisfied until the day fixed for the sale, the charge for expenses shall be paid by the owner of the property and may be recovered by the sale of such portion thereof as may be necessary. In every other case it shall be paid by the distrainer and may be recovered by attachment and sale of the property of the distrainer under the warrant of the Collector. Provided always that in no case shall a larger amount than ten Rupees be recoverable under this Section.

[Proceedings of Civil Court Ameens &c. subject to revision and orders of Collectors.]

CXXXVI. All proceedings under this Act of the Civil Court Ameens and other Officers as aforesaid shall be subject to the revision and orders of the Collectors, and the Collectors, with the sanction of the Boards of Revenue, may require the submission of such periodical reports and statements of business performed by the Civil Court Ameens and other Officers as may be thought necessary.

[Second proclamation of sale.]

CXXXVII. When a suit has been instituted to contest the demand of a distrainer and the property has not been released on security, if the demand or any portion of it shall be adjudged to be due, the Collector shall issue an order to the Civil Court Ameen or other Officer authorizing the sale of the property, and on the application of the distrainer, which shall be made within five days from the receipt of such order by the Civil Court Ameen or other Officer, such Ameen or Officer shall publish a second proclamation in the manner prescribed in Section CXXXIV, fixing another day for the sale of the distrained property, which shall not be less than five nor more than ten days from the date of the proclamation; and unless the amount adjudged to be due with the costs of distress be paid intermediately, shall proceed to sell the property in the manner hereinbefore provided.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩১ মে।]

তে উদ্যত হইলে যদি দেওয়ানী আদালতের আমীন কিম্বা অন্য আমলা জানিতে পায় যে ঐ দ্রব্যের স্বামী ঐ ক্রোকের ও প্রস্তাবিত নীলামের উপযুক্ত এত্তেলা পায় নাই, তবে সে নীলাম স্থগিত করিয়া সেই কথা কালেক্টর সাহেবের নিকটে রিপোর্ট করিবেক। তাহাতে কালেক্টর সাহেব ১২৪ ধারামতে অন্য এত্তেলা ও নীলামের ইস্তিহার জারী হইবার হুকুম করিবেন, কিম্বা অন্য যে হুকুম উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

[আমীন নীলামের স্থানে গেলে পর যদি নীলাম না হয় তবে তাহার খরচ দিবার কথা।]

১৩৫ ধারা। ইহার পূর্ব্বের ধারার লিখিত কারণে, কিম্বা ক্রোককারির দাওয়ার টাকা আগে শোধ হইয়াছে কিন্তু ঐ ক্রোককারি ব্যক্তি সেই কথা দেওয়ানী আদালতের আমীনকে কি অন্য আমলাকে জানায় নাই এই কারণে, দেওয়ানী আদালতের আমীন কি অন্য আমলা, নীলাম করিবার জন্যে কোন স্থানে গেলেও যদি নীলাম না হয়, তবে ক্রোককরা দ্রব্যের আন্দাজী মূল্য ধরিয়া তাহার উপর টাকা প্রতি এক আনার হিসাবে খরচ লওয়া যাইতে পারিবেক। নীলাম হইবার যে দিন নিরূপণ হইল সেই দিনেতে যদি ক্রোককারির দাওয়ার টাকা শোধ হয়, তবে ঐ দ্রব্যের স্বামিকে ঐ খরচ দিতে হইবেক, ও সেই খরচ পৌঁহাইবার জন্যে ঐ দ্রব্যের যত আবশ্যক হয় তত নীলাম করিয়া ঐ খরচ আদায় হইতে পারিবেক। অন্য কোন গতিকে ক্রোককারি ব্যক্তির সেই খরচ দিতে হইবেক, তাহা কালেক্টর সাহেবের দস্তখতকরা পরওয়ানাক্রমে ক্রোককারিরা সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক। পরন্তু এই ধারামতে খরচ বলিয়া দশ টাকার অধিক আদায় হইতে পারিবেক না ইতি।

[দেওয়ানী আদালতের আমীনপ্রভৃতির কার্য্য কালেক্টর সাহেবেরদের পুনর্বিচার করিয়া হুকুম করিবার কথা।]

১৩৬ ধারা। এই আইনমতে দেওয়ানী আদালতের আমীনেরা ও পূর্ব্বোক্ত প্রকারের অন্য আমলারা যে সকল কার্য্য করে, তাহা কালেক্টর সাহেবেরা পুনর্বিচার করিতে পারিবেন ও তাহার উপর হুকুম করিতে পারিবেন। ও দেওয়ানী আদালতের সেই আমীনেরা ও অন্য আমলারা যে সকল কার্য্য করে তাহার যে রিপোর্ট ও কৈফিয়ৎ আবশ্যক বোধ হয়, তাহা কালেক্টর সাহেবেরা বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিক্রমে তাহারদিগকে নিরূপিত সময়ের২ দাখিল করিতে হুকুম করিতে পারিবেন ইতি।

[নীলাম হইবার দ্বিতীয় ইশ্তিহারের কথা।]

১৩৭ ধারা। যদি ক্রোককারি ব্যক্তির দাওয়ার আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত করা যায়, ও জামিনি দিয়া ঐ দ্রব্য মুক্ত করা যায় নাই, তবে ঐ দাওয়ার টাকা কি তাহার কোন অংশ দেনা আছে এমত নিষ্পত্তি হইলে, কালেক্টর সাহেব ঐ দ্রব্য নীলাম করিবার হুকুম দেওয়ানী আদালতের আমীনের কি অন্য আমলার নামে জারী করিবেন। আর দেওয়ানী আদালতের আমীন কি অন্য আমলা ঐ হুকুম পাইলে পর পাঁচ দিনের মধ্যে যদি ঐ ক্রোককারি ব্যক্তি দরখাস্ত করে, তবে ঐ আমীন কি আমলা ১২৪ ধারার লিখনমতে দ্বিতীয়বার ইশ্তিহার প্রকাশ করিয়া ক্রোককরা দ্রব্যের নীলাম হইবার আর এক দিন নিরূপণ করিবেক। সেই দিন ইশ্তিহারের তারিখঅবধি পাঁচ দিনের কম ও দশ দিনের অধিক হইবেক না। আর দেনা বলিয়া যত টাকার ডিক্রী হইয়াছে তাহা ক্রোক করিবার খরচাসমেত না দেওয়া গেলে, ঐ আমীন কি অন্য আমলা ইহার পূর্ব্বের লিখিত বিধিমতে ঐ দ্রব্য নীলাম করিবেক ইতি।

[Procedure after institution of suit to contest distrainer's demand.]

CXXXVIII. In all suits instituted to contest the demand of a distrainer, the distrainer shall be required to prove the arrear in the same manner as if he had himself brought suit for the amount under the foregoing provisions of this Act. If the demand or any part thereof is found to be due, the Collector shall make a decree for the amount in favor of the distrainer, and the amount may be recovered by sale of the property as provided in the last preceding Section if the distress has not been withdrawn, and if any balance remain due after such sale by execution of the decree against the person and any other property of the defaulter, or if the property have been released on security by execution of the decree against the person and property of the default and of his surety. If on the other hand the distraint is adjudged to be vexatious or groundless, the Collector, besides directing the release of the distrained property, may award such damages in favor of the plaintiff as the circumstances of the case shall seem to require.

[Any person, whose property has been distrained for arrears of rent alleged to be due from another, may institute a suit against the distrainer, &c. Proviso.]

CXXXIX. If any person shall claim as his own, property which has been distrained for arrears of rent alleged to be due from any other person, such person may institute a suit against the distrainer and such other person, to try the right to the property, in the same manner and under the same conditions as to the time of instituting the suit and to the consequent postponement of sale, as a person whose property has been distrained for an arrear of rent alleged to be due from him may institute a suit to contest the demand. When any such suit is instituted the property may be released upon security being given for the value of the same. If the claim is dismissed the Collector shall make an order for the sale of the property or the recovery of the value thereof, as the case may be, for the benefit of the distrainer. If the claim is upheld, the Collector shall decree the release of the distrained property with costs, and such damages (if any) as the circumstances of the case may seem to require. Provided always that no claim to any produce of land, liable to distraint under this Act, which at the time of the distress may have been found in the possession of a defaulting cultivator, whether such claim be in respect of a previous sale, mortgage, or otherwise, shall bar the prior claim of the person entitled to the rent of the land nor shall any attachment in execution of a judgment of any Civil Court prevail against such prior claim.

[*Government Gazette*, 31*st May*, 1859.]

[ক্রোকক্লারির দাওয়ার উপর আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত হইলে পর যাহা করিতে হইবেক তাহার কথা।]

১৩৮ ধারা। ক্রোককারি ব্যক্তির দাওয়ার উপর আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে, সেই ক্রোককারী এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতে ঐ বাকীর বাবৎ মোকদ্দমা করিলে যেমন তাহার ঐ বাকীর প্রমাণ করিতে হইত, তেমনি প্রমাণ করিতে হইবেক। সেই দাওয়ার টাকা কি তাহার কোন অংশ দেনা আছে বটে ইহা যদি বিচারে দৃষ্ট হয়, তবে কালেক্টর সাহেব ক্রোককারির পক্ষে ঐ টাকার ডিক্রী করিবেন, ও ক্রোক যদি উঠাইয়া দেওয়া যায় নাই তবে ইহার পূর্ব্বের ধারাতে যেমন হুকুম হইয়াছে তেমনি দ্রব্য নীলাম করিয়া ঐ টাকা আদায় হইতে পারিবেক। সেই নীলাম হইলেও যদি কিছু পাওনা থাকে, তবে বাকীদারের ও তাহার অন্য কোন দ্রব্যের উপর ডিক্রী জারী করিয়া ঐ টাকা আদায় হইবেক। যদি জামিন দিয়া সেই দ্রব্য মুক্ত করা গিয়া থাকে, তবে বাকীদারের ও জামিনের উপর ও তাহারদের দ্রব্যের উপর ডিক্রীজারী করিয়া ঐ বাকী আদায় হইবেক। পরন্তু ঐ ক্রোক করা অকারণে ও ক্লেশ দিবার জন্যে হইয়াছে ইহা যদি নিষ্পত্তি হয়, তবে কালেক্টর সাহেব ক্রোককরা দ্রব্য মুক্ত হইবার হুকুম করিবেন ও তদ্ভিন্ন মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া করিয়াদীর ক্ষতির পরিশোধে যত টাকা উচিত বোধ হয় করিয়াদীর তত টাকা পাইবার ডিক্রী করিতে পারিবেন ইতি।

[কোন লোকের খাজানা বাকী হইয়াছে বলিয়া তাহার জন্যে যদি অপর লোকের দ্রব্য ক্রোক হয়, তবে ক্রোককারিপ্রভৃতির নামে ঐ লোকের মোকদ্দমা করিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৩৯ ধারা। কোন লোকের স্থানে খাজানা পাওনা আছে বলিয়া যে দ্রব্য ক্রোক করা যায়, তাহা যদি অপর ব্যক্তি আপনার বলিয়া দাওয়া করে, তবে সেই লোক, ঐ দ্রব্যের উপর কাহার স্বত্ব আছে ইহার বিচার হইবার জন্যে, ঐ ক্রোককারির ও ঐ অন্য লোকের নামে মোকদ্দমা করিতে পারিবেক। অর্থাৎ কোন লোকের স্থানে খাজানা পাওনা আছে বলিয়া তাহার দ্রব্য ক্রোক হইলে, সেই জন ঐ দাওয়ার আপত্তির মোকদ্দমা যেপ্রকারে করিতে পারে, ও সেই মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের ও তৎপ্রযুক্ত নীলাম স্থগিত করিবার যে নিয়ম আছে, সেইপ্রকারে ও সেই নিয়মমতে মোকদ্দমা করিতে পারিবেক। সেই প্রকারের কোন মোকদ্দমা যদি করা যায়, তবে দ্রব্যের উপযুক্ত মূল্যের জামিন দেওয়া গেলে সেই দ্রব্য মুক্ত করা যাইতে পারিবেক। যদি দাওয়া ডিসমিস হয়, তবে কালেক্টর সাহেব ঐ ক্রোককারির উপকারের জন্যে দ্রব্য নীলাম করিতে, কিম্বা বিষয়বিশেষে তাহার মূল্য আদায় করিতে হুকুম করিবেন। যদি সেই দাওয়া মঞ্জুর হয়, তবে কালেক্টর সাহেব ঐ ক্রোককরা দ্রব্য মুক্ত হইবার ডিক্রী করিবেন, ও ঐ দাওয়াদারের খরচা পাইবার, ও ভাবগতিক বুঝিয়া তাহার ক্ষতির পরিশোধে যত টাকা উপযুক্ত বোধ হয় তাহাও পাইবার হুকুম করিবেন। পরন্তু এই আইনমতে ভূমির যে ফসলাদি ক্রোক হইবার যোগ্য হয়, তাহা যদি ক্রোক হইবার সময়ে খাজীদার চাষির দখলে পাওয়া যায়, তবে ঐ ফসলাদির উপর যে দাওয়া হয় তাহা পূর্ব্বকরা নীলামের কি বন্ধকের সম্পর্কে কি অন্য প্রকারেতে হইলেও, সেই দাওয়াতে ভূমির খাজানা পাইবার যাহার স্বত্ব থাকে তাহার অগ্রগণ্য দাওয়ার বাধা হইবেক না। ও কোন দেওয়ানী আদালতের ডিক্রী জারীক্রমে যে ক্রোক হয় তাহা সেই অগ্রগণ্য দাওয়ার বিপক্ষে বলবৎ হইবেক না ইতি।

[Procedure if distrainer's right to distrain be disputed.]

CXL. If in any case in which property has been distrained for an arrear of rent and a suit has been instituted to contest the demand, the right to distrain for such arrear is claimed by or on behalf of any person other than the distrainer on the ground of such other person being actually and in good faith in the receipt and enjoyment of the rent of the land, such other person shall be made a party to the suit, and the question of the actual receipt and enjoyment of the rent by such other person before and up to the time of the commencement of the suit shall be enquired into, and the suit shall be decided according to the result of such enquiry. Provided always that the decision of the Collector shall not affect the right of either party who may have a legal title to the rent of the land, to establish his title by suit in the Civil Court if instituted within one year from the date of the decision.

[Persons prevented from suing in time to save their property from sale, may sue for damages.]

CXLI. If any person, whose property has been distrained for the recovery of a demand not justly due, or of a demand due or alleged to be due from some other person, is prevented by any sufficient cause from bringing suit to contest the demand or to try the right to the property as the case may be within the period allowed by Sections CXXIV. and CXXXIX. and his property is in consequence brought to sale, he may nevertheless institute a suit under this Act to recover damages for the illegal distress and sale of his property.

[Also persons aggrieved by any illegal act of distrainer.]

CXLII. If any person empowered to distrain property or employed for the purpose under a written authority by a person so empowered, shall distrain or sell, or cause to be sold, any property for the recovery of an arrear of rent alleged to be due, otherwise than according to the provisions of this Act, or if any distrained property shall be lost, damaged, or destroyed by reason of the distrainer not having taken proper precaution for the due keeping and preservation thereof, or if the distraint shall not be immediately withdrawn when it is required to be withdrawn by any provision of this Act, the owner of the property may institute a suit under this Act to recover damages for any injury which he may have thereby sustained.

[Unlawful distraint.]

CXLIII. If any person not empowered to distrain property under Sections CXII. and CXIV. of this Act, nor employed for the purpose under a written authority by a person so empowered, shall distrain or sell or cause to be sold any property under color of this Act, the owner of the property may institute a suit under this Act to recover damages

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩১ মে।]

[ক্রোককারি ব্যক্তির ক্রোক করিবার স্বত্বের বিবাদ হইলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

১৪০ ধারা। বাকী খাজানার নিমিত্তে কিছু দ্রব্য ক্রোক হইলে, ও দাওয়ার উপর আপত্তি করিবার মোকদ্দমা করা গেলে পর, ঐ ক্রোককারি ব্যক্তি ভিন্ন অপর লোক আপনি, ঐ ভূমির খাজানা নিতান্ত ও প্রকৃতপ্রস্তাবে পাইতেছে ও ভোগ করিতেছে বলিয়া যদি সেই লোক কিম্বা তাহার পক্ষে কেহ ঐ বাকীর নিমিত্তে ক্রোক করিবার স্বত্বের দাওয়া করে, তবে সেই অপর লোককে মোকদ্দমার এক পক্ষ করা যাইবেক, ও মোকদ্দমার আরম্ভ হইবার পূর্ব্বঅবধি সেই আরম্ভের সময়পর্য্যন্ত সেই অন্য লোক ঐ খাজানা নিতান্ত পাইয়াছে ও ভোগ করিয়াছে কি না এই কথার তদন্ত করা যাইবেক, ও সেই তদন্তের ফলঅনুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইবেক। পরন্তু ঐ ভূমির খাজানা পাইবার স্বত্ব যাহার ন্যায্যমতে থাকে এমত কোন পক্ষের দেওয়ানী আদালতে মোকদ্দমা করিয়া আপনার স্বত্ব সাব্যস্ত করিবার যে ক্ষমতা আছে তাহা কালেক্টর সাহেবের ঐ নিষ্পত্তিতে খাটো হইবেক না, কেবল সেই নিষ্পত্তির তারিখঅবধি এক বৎসরের মধ্যে সেই মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক ইতি।

[কোন লোক আপনার দ্রব্য নীলাম হইতে রক্ষা করিবার উপযুক্ত সময়ের মধ্যে নালিশ করিতে না পারিলে তাহার ক্ষতিপূরণের বাবৎ নালিশ করিবার কথা।]

১৪১ ধারা। যদি দাওয়াকরা কোন টাকার নিমিত্তে কোন লোকের সম্পত্তি ক্রোক হইয়া থাকে, কিন্তু ঐ টাকা ন্যায্যমতে দেনা নহে, কিম্বা যদি অন্য লোকের দেনা হয় কি দেনা আছে এমত কথিত হয়, ও যাহার দ্রব্য ক্রোক হইয়াছে সেই লোক যদি উপযুক্ত কোন কারণে ১২৪ ও ১৩৯ ধারার লিখিত মিয়াদের মধ্যে ঐ দাওয়ার আপত্তি কিম্বা বিবরবিশেষে ঐ দ্রব্যের স্বত্বের বিচার হইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারে নাই ও তাহাতে তাহার দ্রব্য নীলাম হইয়াছে, তবু সেই লোক আপনার দ্রব্য বেআইনীমতে ক্রোক ও নীলাম হইয়াছে বলিয়া ক্ষতিপূরণের জন্যে এই আইনমতে মোকদ্দমা করিতে পারিবেক ইতি।

[ক্রোককারির বেআইনী কোন কর্ম্মেতে যাহার ক্ষতি হয় তাহার নালিশ করিবার কথা।]

১৪২ ধারা। কোন দ্রব্য ক্রোক করিবার ক্ষমতা যাহার থাকে এমত লোক, কিম্বা তাহার লিখিয়া দেওয়া ক্ষমতাক্রমে যে জন সেই কর্ম্মে নিযুক্ত হয় এমত কোন লোক, খাজানা বাকী আছে বলিয়া তাহা আদায় করিবার জন্যে যদি এই আইনের বিধানমতে না করিয়া অন্য কোন প্রকারে কিছু দ্রব্য ক্রোক কি বিক্রয় করে কি করায়, কিম্বা যে জন ক্রোক করে সে ঐ ক্রোককরা দ্রব্য উচিতমতে রাখিবার ও রক্ষা করিবার উপযুক্ত উপায় না করাতে যদি ক্রোককরা কিছু দ্রব্য খোয়া যায় কি নষ্ট হয় কি তাহার নোকসান হয়, কিম্বা এই আইনের কোন বিধানমতে ক্রোক যে সময়ে উঠাইয়া দিতে হয় সেই সময়েতেই যদি উঠাইয়া দেওয়া না যায়, তবে তাহাতে দ্রব্যের স্বামির যে কিছু ক্ষতি হইয়া থাকে সেই ক্ষতি পরিশোধের জন্যে সেই জন এই আইনমতে মোকদ্দমা করিতে পারিবেক ইতি।

[বেআইনীমতের ক্রোকের কথা।]

১৪৩ ধারা। এই আইনের ১১১ ও ১১৪ ধারাক্রমে দ্রব্য ক্রোক করিবার ক্ষমতা থাকার না থাকে এমত কোন লোক, কিম্বা যাহার ক্ষমতা আছে এমত লোকের স্থানে লিখিতু শক্তি পাইয়া সেই কর্ম্মেতে নিযুক্ত না হইয়া কেহ, যদি এই আইনের ছলে কিছু দ্রব্য ক্রোক কি বিক্রয় করে কি করায়, তবে সেই ক্রোক কি বিক্রয় করাতে ঐ দ্রব্যের স্বামির যে কিছু ক্ষতি হইয়া থাকে

from such person for any injury which he may have sustained from the distraint or sale. The said person shall be held to have committed criminal trespass, and shall be subject to the penalties for that offence in addition to any damages which may be awarded against him in such suit.

[Time for commencing suits for damages.]

CXLIV. Provided always that any suit which may be instituted under any of the last three Sections shall be commenced within three months from the date of the occurrence of the cause of action.

[Resistance of distraint.]

CXLV. If any person shall resist a distraint of property duly made under this Act, or shall forcibly or clandestinely remove any distrained property, the Collector upon complaint being made within fifteen days from the date of such resistance or removal, shall cause the person accused to be arrested, and if the offence be proved and the offender be the owner of the property, shall order him to be imprisoned in the Civil jail for six months, or until the whole arrear due to the distrainer with all expenses and costs shall sooner be paid or levied by distress and sale of the property of the offender under warrant of the Collector. If the person convicted of the offence be any other than the owner of the property, he shall make good to the distrainer the value of the same, and shall further be liable to a fine not exceeding one hundred Rupees, or in default of payment thereof to imprisonment for a period not exceeding two months.

[Service of process.]

CXLVI. Every process issued by a Collector under this Act shall be under the seal and signature of the Collector, and shall be served or executed by the Nazir or by such other Officer as the Collector may direct at the cost of the party at whose instance it issued. The amount of such cost, and, in the case of summons to a witness, any sum required for the travelling expenses of such witness, shall be deposited in Court before the process is issued. Provided that if in any case the Collector is satisfied that a party is unable to pay the cost of any necessary process, he may direct such process to be served free of charge.

[Resistance of process.]

CXLVII. Any resistance or opposition to the lawful process of a Collector under this Act may be punished by the Collector according to the provisions of the law for the time being in force for the punishment of resistance or opposition to the processes of the Courts of Civil justice. When in any such case the offender is not present in Court, the Collector may summon him to answer to the charge, and if after due service of the summons he fail to attend, may issue a warrant for his apprehension. Orders passed by Collectors under this Section shall not be deemed to be orders relating to the trial of suits or to the execution of decrees within the meaning of Section CLI.

[*Government Gazette*, 31*st May*, 1859.]

তাহার পরিশোধ সেই লোকের স্থানে পাইবার জন্যে, ঐ স্বামী এই আইনমতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। সেই লোক অপরাধভাবে প্রবেশ করিবার দোষী জ্ঞান হইবেক ও খেসারতের যত টাকা দিবার হুকুম হয় তদ্ভিন্ন সেই অপরাধেরও দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[ক্ষতিপূরণের মোকদ্দমা করিবার মিয়াদের কথা।]

১৪৪ ধারা। পরন্তু ইহার পূর্ব্বের তিন ধারার কোন ধারামতে যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা নালিশের হেতু হইবার তারিখঅবধি তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক ইতি।

[ক্রোকের বাধা করিবার কথা।]

১৪৫ ধারা। এই আইনমতে দ্রব্যের যে ক্রোক উপযুক্তরূপে করা যায় তাহা করিবার বাধা যদি কেহ করে, কিম্বা ক্রোককরা কোন দ্রব্য যদি কেহ জোর করিয়া কি চুরী করিয়া লইয়া যায়, তবে সেই বাধা হইবার কিম্বা সেই দ্রব্য লইয়া যাইবার তারিখঅবধি পনের দিনের মধ্যে নালিশ হইলে, যাহার নামে নালিশ হয় তাহাকে কালেক্টর সাহেব গ্রেফ্তার করাইবেন। যদি ঐ অপরাধের প্রমাণ হয়, ও সেই দ্রব্যের স্বামীই যদি অপরাধী হয়, তবে কালেক্টর সাহেব তাহাকে ছয় মাসপর্য্যন্ত, কিম্বা ঐ ক্রোককারির পাওনা সমুদয় টাকা খরচখরচা সমেত যাবৎ না দেওয়া যায়, কিম্বা কালেক্টর সাহেবের ওয়ারণ্টক্রমে অপরাধির দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া যাবৎ ঐ টাকা আদায় না হয়, তাবৎ তাহাকে দেওয়ানী জেলখানাতে কয়েদ করিতে হুকুম করিবেন। যাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় সেই জন যদি ঐ দ্রব্যের স্বামিভিন্ন অন্য ব্যক্তি হয়, তবে অপরাধী ঐ দ্রব্যের মূল্য সেই ক্রোককারিকে দিবেক, তদ্ভিন্ন তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। সেই জরীমানার টাকা না দিলে তাহাকে দুই মাসপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক ইতি।

[পরওয়ানা জারী করিবার কথা।]

১৪৬ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেব যে পরওয়ানা জারী করেন, তাহাতে কালেক্টর সাহেবের মোহর ও দস্তখৎ থাকিবেক। ও যাহার প্রার্থনামতে বাহির হয় তাহার খরচেতে, নাজির কিম্বা অন্য যে আমলাকে কালেক্টর সাহেব হুকুম করেন সেই আমলা তাহা জারী করিবেক। সেই খরচের টাকা, ও কোন সাক্ষির নামে সমন হইলে সেই সাক্ষির পথখরচের জন্যে যত লাগে তাহা, ঐ পরওয়ানা বাহির হইবার আগে আদালতে আমানৎ করিতে হইবেক। পরন্তু কোন পক্ষ প্রয়োজনের কোন পরওয়ানার খরচ দিতে পারে না, এই কথা যদি কালেক্টর সাহেব খাতিরজমামতে জানিতে পান, তবে বিনাখরচে সেই পরওয়ানা জারী হইবার হুকুম করিবেন ইতি।

[পরওয়ানা জারীর বাধা করিবার কথা।]

১৪৭ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতের উপযুক্ত যে কোন পরওয়ানা দেন তাহার কিছু বাধা কি বিপক্ষতা হইলে, দেওয়ানী আদালতের পরওয়ানার বাধা কি বিপক্ষতা করিবার দণ্ডের যে আইন যে সময়ে চলন থাকে, সেই আইনের বিধানমতে কালেক্টর সাহেব তাহার দণ্ড করিতে পারিবেন। এমত কোন স্থলে অপরাধী যদি আদালতে হাজির না থাকে, তবে কালেক্টর সাহেব তাহাকে সেই নালিশের জওয়াব করিতে তলব করিবেন, ও সমন উপযুক্তমতে জারী হইলেও যদি সে হাজির না হয়, তবে তাহাকে গ্রেফ্তার করিবার পরওয়ানা দিবেন। এই ধারামতে কালেক্টর সাহেবেরা যে সকল হুকুম করেন তাহা ১৫১ ধারার অভিপ্রায়মতে মোকদ্দমার বিচার কি ডিক্রী জারীসম্পর্কীয় হুকুম বলিয়া জ্ঞান হইবেক না ইতি।

[Collector competent to hold a Court in any part of his jurisdiction. Proviso.]

CXLVIII. It shall be competent to the Collector to hold a Court for hearing and determining suits under this Act in any place within the limits of his District or local jurisdiction, provided that every hearing and decision shall be in open Court, and that the parties to the suit or their authorized agents shall have had due notice to attend at such place.

[Agents or mookhtars.]

CXLIX. Any person may practise as an agent or mookhtar in a Court held by a Collector under this Act without any formal license from the Collector. But it shall be competent to the Collector to prohibit any person, who has been convicted by a competent Court of a criminal offence, or who has been found guilty of fraudulent or dishonest conduct in the discharge of his duty as agent or mookhtar, to practice as an agent or mookhtar in his Court. When any agent or mookhtar is charged by the Collector or any other person with fraudulent or dishonest conduct in the discharge of his duty, the Collector shall proceed in the manner prescribed in Section IV. Act XVIII. of 1853, or any other law for the time being in force for the trial of charges against pleaders.

[Powers of Deputy Collectors.]

CL. All the powers vested in the Collector by the preceding Sections of this Act may be exercised by any Deputy Collector in cases referred to him by a Collector; and in all cases without such reference, by any Deputy Collector placed in charge of any Sub-division of a District; and all applications and reports allowed or required by this Act to be made to the Collector may be made to any Deputy Collector having such local jurisdiction.

[Collectors and Deputy Collectors to be subject to general direction and control of the Commissioners and the Boards of Revenue. No appeal from orders of Collectors and Deputy Collectors in certain cases.]

CLI. In the performance of their duties under this Act the Collectors and Deputy Collectors shall be subject to the general direction and control of the Commissioners and the Boards of Revenue; and the Deputy Collector shall be subject to the direction and control of the Collectors to whom they are subordinate. All orders passed by a Collector under this Act, not being judgments in suits or orders passed in the course of suits and relating to the trial thereof or orders passed after decree and relating to the execution thereof, shall be appealable to the Commissioner; and all such orders passed by a Deputy Collector shall be appealable to the Collector;

[কালেক্টর সাহেবের নিজ এলাকার কোন স্থানে কাছারী করিবার কথা ও বর্জিত কথা।]

১৪৮ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতে মোকদ্দমা শুনিবার ও নিষ্পত্তি করিবার জন্যে আপন জিলার কিম্বা এলাকার সীমার মধ্যে কোন স্থানে কাছারী করিতে পারিবেন। কেবল ইহাতে প্রয়োজন যে শুনিবার ও নিষ্পত্তি করিবার সকল কার্য্য খোলা কাছারীতে হয়, ও মোকদ্দমার উভয় পক্ষকে কিম্বা তাহারদের ক্ষমতাপ্রাপ্ত মোক্তারদিগকে সেই স্থানে হাজির হইবার উপযুক্ত এত্তেলা দেওয়া যায় ইতি।

[কর্ম্মকারকেরদের কি মোক্তারেরদের কথা।]

১৪৯ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেব যে কাছারী করেন, তাহাতে কোন লোক কালেক্টর সাহেবের স্থানে দাঁড়াগতের অনুমতিপত্র না পাইয়াও মোক্তারের কর্ম্ম করিতে পারিবেক। কিন্তু যে লোকের কোন ফৌজদারী অপরাধ উপযুক্ত আদালতে সাব্যস্ত হইয়াছে, কিম্বা মোক্তারের কর্ম্ম করিবার কালে যে জন প্রতারণার কি অন্যায় কার্য্যের দোষী হইয়াছে, তাহাকে কালেক্টর সাহেব আপনার কাছারীতে মোক্তারী করিতে নিষেধ করিতে পারিবেন। যদি কালেক্টর সাহেবকি অন্য কোন ব্যক্তি, কোন মোক্তারের কর্ম্ম করিবার সময়ে তাহার প্রতারণার কি অন্যায় কার্য্য করিবার দোষ দেন, তবে কালেক্টর সাহেব ১৮৫২ সালের ১৮ আইনের ৪ ধারার লিখনমতে, কিম্বা উকীলের নামে নালিশের বিচার করিবার অন্য যে কোন আইন যে সময়ে চলন থাকে, সেই আইনমতে কার্য্য করিবেন ইতি।

[ডেপুটী কালেক্টরেরদের ক্ষমতার কথা।]

১৫০ ধারা। কালেক্টর সাহেব যদি কোন মোকদ্দমা কোন ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করেন, তবে এই আইনের ইহার পূর্ব্বের কোন ধারাতে কালেক্টর সাহেবেরদিগকে যে সকল শক্তি দেওয়া গিয়াছে, সেই ডেপুটী কালেক্টরও সেই সকল শক্তিক্রমে কার্য্য করিতে পারিবেন। ও জিলার কোন এলাকাখণ্ডের ভার কোন ডেপুটী কালেক্টরের প্রতি থাকিলে, কালেক্টর সাহেব অর্পণ না করিলেও তিনি সর্ব্বদাই সেই শক্তিক্রমে কার্য্য করিতে পারিবেন। ও এই আইনমতে যে সকল দরখাস্ত ও রিপোর্ট কোন কালেক্টর সাহেবের নিকটে করিবার অনুমতি কি আজ্ঞা হয়, তাহা সেই প্রকারের বিশেষ এলাকাপ্রাপ্ত কোন ডেপুটী কালেক্টরের নিকটে করা যাইতে পারিবেক ইতি।

[কালেক্টর সাহেবেরা ও ডেপুটী কালেক্টরেরা সাধারণমতে কমিসানর সাহেবেরদের ও বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবেন, কিন্তু কোন২ স্থলে কালেক্টর সাহেবেরদের ও ডেপুটী কালেক্টরেরদের হুকুমের উপর আপীল না থাকিবার কথা।]

১৫১ ধারা। কালেক্টর সাহেবেরা ও ডেপুটী কালেক্টরেরা এই আইনমতের কার্য্যসম্পর্কে সাধারণমতে কমিসানর সাহেবেরদের ও বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবেন, ও ডেপুটী কালেক্টরেরা যে কালেক্টর সাহেবেরদের অধীন থাকেন তাঁহারদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবেন। মোকদ্দমার নিষ্পত্তি ব্যতীত, কিম্বা মোকদ্দমা চলিবার সময়ে তাহার বিচারের কার্য্যসম্পর্কীয় যে সকল হুকুম হয় তাহা ব্যতীত, ও ডিক্রীর পরে ঐ ডিক্রী জারীসম্পর্কীয় যে সকল হুকুম হয় তাহা ব্যতীত, কালেক্টর সাহেব এই আইনমতে যে সকল হুকুম করেন তাহার উপর কমিসানর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। ও ডেপুটী কালেক্টর তদ্রূপ যে সকল হুকুম করেন তাহার

but no judgment of a Collector or Deputy Collector in any suit, and no order of a Collector or Deputy Collector passed in any suit and relating to the trial thereof, or after decree and relating to the execution thereof, shall be open to revision or appeal otherwise than as expressly provided in this Act.

[Time for presenting appeals from orders.]

CLII. Every appeal against the order of a Collector shall be presented to the Commissioner within thirty days, and every appeal against the order of a Deputy Collector shall be presented to the Collector within fifteen days from the date of the order. Orders passed in appeal by a Commissioner or a Collector shall not be open to any further appeal, but the Board of Revenue or the Commissioner may call for any case, and pass such orders thereon as they may think praper.

[No appeal from any decree of Collector for money below 100 Rupees unless the decision involve some question of right to enhance rent or some question relating to a title to land.]

CLIII. In suits under Clauses 2, 4, and 7 of Section XXIII. and under Section XXIV. of this Act, tried and decided by a Collector, if the amount sued for or the value of the property claimed does not exceed one hundred Rupees, the judgment of the Collector shall be final, and not open to revision or appeal except as hereinafter provided, unless in any such suit a question of right to enhance or otherwise vary the rent of a ryot or tenant, or any question relating to a title to land, or to some interest in land as between parties having conflicting claims thereto, has been determined by the judgment, in which case the judgment shall be open to appeal in the manner provided in Sections CLX. and CLXI. of this Act.

[In suits not open to appeal, Collector may grant a re-hearing upon the discovery of new evidence, &c.]

CLIV. In suits in which the judgment of the Collector is final as provided in the last preceding Section, the Collector may, upon the application of either party, if preferred within thirty days from the date of the decision, order the re-hearing of a suit, upon the ground of the discovery of new evidence or matter material to the issue of the case which the applicant had no knowledge of, or could not produce at the time of trial.

[Appeal from decision of Deputy Collector.]

CLV. When any such suit as aforesaid, in which if tried and decided by a Collector the judgment of the Collector would be final, is tried and decided by

উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। কিন্তু কোন মোকদ্দমাতে কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর যে কোন নিষ্পত্তি করেন, ও কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর কোন মোকদ্দমাতে তাহার বিচারসম্পর্কীয় যে কোন হুকুম করেন, কিম্বা ডিক্রী জারীসম্পর্কীয় যে কোন হুকুম ডিক্রীর পরে করেন, তাহার পুনর্ব্বিচার কি তাহার উপর আপীল হইবার যে বিধান এই আইনে স্পষ্টরূপে হইয়াছে, সেই বিধানমতে না হইলে, ঐ হুকুমের পুনর্ব্বিচার হইতে পারিবেক না কি তাহার উপর আপীল হইতে পারিবেক না ইতি।

[হুকুমের উপর আপীল করিবার মিয়াদের কথা।]

১৫২ ধারা। কালেক্টর সাহেবের হুকুমের উপর যে আপীল হয় তাহা ঐ হুকুমের তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে কমিসানর সাহেবের নিকটে উপস্থিত করিতে হইবেক। ও ডেপুটী কালেক্টরের হুকুমের উপর যে আপীল হয় তাহা ঐ হুকুমের তারিখঅবধি পনের দিনের মধ্যে কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করিতে হইবেক। আপীলমুখে কমিসানর সাহেব কি কালেক্টর সাহেব যে সকল হুকুম করেন, তাহার উপর অধিক কোন আপীল হইতে পারিবেক না। কিন্তু বোর্ড রেবিনিউর সাহেবেরা কিম্বা কমিসানর সাহেব কোন মোকদ্দমা তলব করিয়া, তাহাতে যে হুকুম উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[১০০৲ টাকার কমের কোন ডিক্রীর উপর আপীল নাই। কিন্তু সেই ডিক্রীতে যদি খাজানা বৃদ্ধি করিবার কিম্বা ভূমির স্বত্বের সম্পর্কীয় কোন কথা থাকে তবে আপীল হইতে পারিবার কথা।]

১৫৩ ধারা। এই আইনের ২৩ ধারার ২ ও ৪ ও ৭ প্রকরণমতের ও ২৪ ধারামতের যে সকল মোকদ্দমা কালেক্টর সাহেব বিচার করিয়া নিষ্পত্তি করেন, তাহাতে যে টাকার জন্যে নালিশ হয় তাহা, কিম্বা যে সম্পত্তির দাওয়া হয় তাহার মূল্য যদি এক শত টাকার অধিক না হয়, তবে কালেক্টর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক, ও ইহার পরের বিধানমতে না হইলে তাহার পুনর্ব্বিচার হইতে কিম্বা তাহার উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু যদি সেই প্রকারের কোন মোকদ্দমাতে রাইয়তের কি প্রজার খাজানা বৃদ্ধি করিবার কি অন্যমতে পরিবর্ত্তন করিবার স্বত্বের, কিম্বা জমীতে কোন স্বত্বের কি সম্পর্কের উপর যাহারদের পরস্পর বিপক্ষ দাওয়া থাকে এমত লোকেরদের মধ্যে ঐ জমীর স্বত্বের কি সম্পর্কের কোন কথার, নিষ্পত্তি ডিক্রীতে করা যায়, তবে এই আইনের ১৬০ ও ১৬১ ধারার বিধানমতে ঐ ডিক্রীর উপর আপীল হইতে পারিবেক ইতি।

[যে মোকদ্দমার উপর আপীল নাই তাহাতে নূতন প্রমাণাদি পাওয়া গেলে কালেক্টর সাহেবের তাহা পুনরায় শুনিবার কথা।]

১৫৪ ধারা। কালেক্টর সাহেবের নিষ্পত্তি ইহার পূর্ব্বের ধারার বিধানমতে যে মোকদ্দমায় চূড়ান্ত হয়, এমত মোকদ্দমার নিষ্পত্তির তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে, যদি কোন পক্ষ, বিচার হইবারসময়ে যাহা জানিল না কিম্বা উপস্থিত করিতে পারিল না এমত কোন নূতন প্রমাণ কিম্বা মোকদ্দমার নিষ্পত্তির জন্যে প্রকৃতরূপ কোন বিষয় পাওয়া গিয়াছে বলিয়া দরখাস্ত করে, তবে কালেক্টর সাহেব ঐ মোকদ্দমা পুনরায় শুনা যাইবার হুকুম করিতে পারিবেন ইতি।

[ডেপুটী কালেক্টরের নিষ্পত্তির উপর আপীল হইবারকথা।]

১৫৫ ধারা। উক্তমতের যে মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি কালেক্টর সাহেব করিলে চূড়ান্ত হইত, এমত কোন মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি যদি ডেপুটী কা-

[*Government Gazette*, 31*st May*, 1859.]

a Deputy Collector, an appeal from the judgment of the Deputy Collector shall lie to the Collector.

[Petition of appeal to be on stamp paper, &c.]

CLVI. The petition of appeal shall be written on stamp paper of eight annas value and shall be presented to the Collector within fifteen days from the date of the decree, provided that such time as may be requisite for procuring a copy of the decree appealed against shall not be reckoned as part of the fifteen days.

[Procedure in appeal.]

CLVII. The Collector shall fix a day for hearing the appeal, and shall cause notice of the same to be served on the respondent in the manner hereinbefore prescribed for the service of summons. If on the day fixed for hearing the appeal, or any other day to which the hearing may be adjourned, the appellant shall not appear in person or by an agent, the appeal shall be dimissed for default. If the appellant shall appear and the respondent shall not appear in person or by an agent, the appeal shall be heard *ex parte*.

[Re-admission of appeal.]

CLVIII. If an appeal be dismissed for default of prosecution the appellant may within fifteen days from the date of the dismissal apply to the Collector for the re-admission of the appeal, and if it shall be proved to the satisfaction of the Collector that the appellant was prevented by any sufficient cause from appearing when the appeal was called on for hearing, the Collector may re-admit the appeal.

[Judgment in appeal.]

CLIX. After hearing the appeal the Collector shall give judgment in the manner hereinbefore prescribed for giving judgment in original suits, and the judgment of the Collector shall be final.

[In what suits appeal to lie to Zillah Judge. To Sudder Court.]

CLX. In all suits other than those in which when tried and decided by a Collector the judgment of the Collector is declared to be final or when tried and decided by a Deputy Collector an appeal is allowed to the Collector, an appeal from the judgment of the Collector or Deputy Collector shall lie to the Zillah Judge; unless the amount or value in dispute exceed five thousand Rupees, in which case the appeal shall lie to the Sudder Court.

[Rules regarding presentation and hearing of appeals.]

CLXI. The petition of appeal shall be written on the stamp paper prescribed for appeals from the subordinate Civil Courts with reference to the amount or value of the property involved in the appeal, and the rules in force in regard to the time within which appeals from the decisions of such

কলেক্টরের দ্বারা হয়, তবে তাঁহার হুকুমের উপর আপীল কালেক্টর সাহেবের নিকটে হইতে পারিবেক ইতি।

[আপীলের দরখাস্ত ইষ্টাম্প কাগজে লিখনপ্রভৃতির কথা।]

১৫৬ ধারা। আপীলের দরখাস্ত আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। ও ডিক্রীর তারিখ-অবধি পনের দিনের মধ্যে তাহা কালেক্টর সাহেবের নিকটে দাখিল করিতে হইবেক। কিন্তু যে ডিক্রীর উপর আপীল হয় তাহার নকল পাইবার জন্যে যত দিন যায় তাহা ঐ পনের দিনের মধ্যে ধরিতে হইবেক না ইতি।

[আপীল হইলে কার্য্য করিবার বিধি।]

১৫৭ ধারা। কালেক্টর সাহেব আপীল শুনিবার দিন নিরূপণ করিবেন, ও সমন জারী করিবার যে বিধি পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধিমতে ঐ দিনের এত্তেলা রেস্পাণ্ডেণ্টের উপর জারী করিবেন। আপীল শুনিবার নিরূপিত দিনে, কিম্বা সেই দিনে মুলতবী রাখিয়া অন্য যে দিন নিরূপণ হয় সেই দিনে, যদি আপেলাণ্ট আপনি কিম্বা মোক্তারের দ্বারা হাজির না হয়, তবে ক্রটি-প্রযুক্ত আপীল ডিসমিস হইবেক। আপেলাণ্ট হাজির হইলে, যদি রেস্পাণ্ডেণ্ট আপনি কি মোক্তারের দ্বারা হাজির না হয়, তবে আপীলের একতরফা বিচার হইবেক ইতি।

[আপীল পুনর্গ্রাহ্য করিবার কথা।]

১৫৮ ধারা। আপীলী মোকদ্দমা চালাইবার ত্রুটি হইল বলিয়া যদি আপীল ডিসমিস হয়, তবে ডিসমিস হইবার তারিখের পর পনের দিনের মধ্যে আপেলাণ্ট ঐ আপীল পুনর্গ্রাহ্য হইবার দরখাস্ত কালেক্টর সাহেবের নিকটে করিতে পারিবেক। ও আপীল শুনিবার যে সময় নিরূপণ হইয়াছিল সেই সময়ে আপেলাণ্ট কোন উপযুক্ত কারণে হাজির হইতে পারিল না এই কথার প্রমাণ কালেক্টর সাহেবের খাতিরজমাতে করা গেলে, কালেক্টর সাহেব ঐ আপীল পুনর্গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

[আপীলের নিষ্পত্তি।]

১৫৯ ধারা। আপীলী মোকদ্দমার বিচার হইলে পর, আসল মোকদ্দমায় নিষ্পত্তি প্রকাশ করিবার যে বিধি এই আইনেতে করা গিয়াছে সেই বিধিমতে, কালেক্টর সাহেব নিষ্পত্তি প্রকাশ করিবেন, ও কালেক্টর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[যে২ মোকদ্দমার জিলার জজ সাহেবের ও সদর আদালতের নিকটে আপীল হয় তাহার কথা।]

১৬০ ধারা। কালেক্টর সাহেবের বিচার কি নিষ্পত্তি করা যে মোকদ্দমাতে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হয়, ও ডেপুটী কালেক্টরের বিচার ও নিষ্পত্তিকরা যে মোকদ্দমাতে কালেক্টর সাহেবের নিকটে আপীল হইবার অনুমতি আছে, সেই২ মোকদ্দমা ছাড়া, অন্য সমস্ত মোকদ্দমাতে কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের নিষ্পত্তির উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হইতে পারিবেক। কিন্তু পাঁচ হাজার টাকার অধিক টাকা লইয়া কি তাহার অধিক মূল্যের বিষয় লইয়া যে মোকদ্দমাতে বিবাদ হয়, তাহাতে সদর আদালতে আপীল হইতে পারিবেক ইতি।

[আপীল উপস্থিত করিবার ও শুনিবার বিধি।]

১৬১ ধারা। দেওয়ানীর অধস্ত আদালতহইতে আপীল হইলে, যত টাকা কি যে মূল্যের সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় তাহা বুঝিয়া ইষ্টাম্প কাগজের যে মূল্য নির্দ্দিষ্ট হয়, ঐ আপীলের দরখাস্ত লিখিবার ইষ্টাম্প কাগজের সেই মূল্য হইবেক। আর সেই সকল আদালতের নিষ্পত্তির উপর আপীল যে পর্য্যন্ত সদর

Courts may be received, and to the manner in which such appeals are heard and determined, and to all proceedings which may be had in respect of such appeals, shall be applicable to appeals to the Zillah Judge or Sudder Court under this Act.

[Suits to be preferred in the Revenue Office of the District or Sub-division in which the greater part of the land is situate.]

CLXII. Suits under this Act shall be preferred in the Revenue Office of the District, or when a Sub-division of a District has been placed under the jurisdiction of a Deputy Collector, in the Revenue Office of the Sub-division in which the cause of action shall have arisen. Provided always that the Collector may withdraw any suit from any Deputy Collector and try it himself, or refer it to another Deputy Collector. If the lands comprised in any talook, farm, or other tenure, or any lands held under one lease or engagement or at one entire rent in respect of which arrears of rent may be due, are situated in more than one District or Sub-division, the District or Sub division in which the greater part of such lands is situate shall be held to be the District or Sub-division in which the cause of action has arisen; and if any question shall be raised respecting the District or Sub-division in which the greater part of the lands is situate, the Board of Revenue, or if all the lands be situate in one District the Collector of the District shall decide the question, and such decision shall be conclusive on the point of jurisdiction.

[To be continued.]

গ্রাহ্য হইতে পারে ও যে প্রকারে শুনা যাইতে ও নিষ্পত্তি হইতে পারে, ও সেই আপীলের সম্পর্কে যে সকল কার্য্যকারী হইতে পারে তাহার যে সকল বিধি চলন থাকে সেই২ বিধি জিলার জজ সাহেবের কি সদর আদালতের নিকটে করা এই আইনমতের আপীলের উপরও খাটিবেক ইতি।

[ভূমির অধিক অংশ যে জিলার কি এলাকাখণ্ডের মধ্যে থাকে তাহার কালেক্টরী কাছারীতে মোকদ্দমা করিবার কথা।]

১৬২ ধারা। এই আইনমতের মোকদ্দমার হেতু যে জিলার মধ্যে হইয়াছে তাহার মালগুজারীর কাছারীতে মোকদ্দমা করিতে হইবেক। কিম্বা যে স্থলে জিলার এলাকাখণ্ড ডেপুটী কালেক্টরের অধীন করা যায় সেই স্থলে যে এলাকাখণ্ডের মধ্যে মোকদ্দমার হেতু হইয়াছে তাহার মালগুজারীর কাছারীতে মোকদ্দমা করিতে হইবেক। কিন্তু কালেক্টর সাহেব যখন চাহেন তখন কোন মোকদ্দমা ডেপুটী কালেক্টরহইতে তলব করিয়া আপনি তাহার বিচার করিতে পারিবেন, কিম্বা অন্য ডেপুটী কালেক্টরের নিকটে অর্পণ করিতে পারিবেন। যাহার খাজানা বাকী হয় এমত কোন তালুকের কি ইজারার কি অন্য জমীর সমুদয় জমী, কিম্বা যে ভূমি একি পাট্টা কি কবুলিয়ৎক্রমে কি মহলগ খাজানা ধরিয়া দখল হয় তাহার সমুদয় জমী, যদি একি জিলার কি এলাকাখণ্ডের মধ্যে না থাকে, তবে ঐ জমীর অধিকাংশ যে জিলার কি এলাকাখণ্ডের মধ্যে থাকে, সেই জিলাতে কি এলাকাখণ্ডে মোকদ্দমার হেতু হইয়াছে এমত জ্ঞান হইবেক। আর ঐ জমীর অধিকাংশ কোন্ জিলার মধ্যে আছে, এই কথা লইয়া যদি বিবাদ হয়, তবে বোর্ড রেবিনিউর সাহেবেরা সেই বিবাদ নিষ্পত্তি করিবেন। কিম্বা সেই সকল জমী যদি একি জিলার মধ্যে থাকে কিন্তু কোন্ এলাকাখণ্ডের মধ্যে আছে এই কথা লইয়া যদি বিবাদ হয়, তবে কালেক্টর সাহেব ঐ বিবাদ নিষ্পত্তি করিবেন, ও এলাকার সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশতিহার

সুপ্রিম কোর্ট।

রিশীবর আফিশ।

ইজারা।

আশুতোষ দেদিগর ... বাদী।
রাজকুমারী দাসীদিগর ... প্রতিবাদিনীগণ।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১৩ জুন সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিশীবর শ্রীযুত জেমস ওএলস সাহেব তাঁহার আফিশে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইষ্টেটের বঙ্গ জেলা চব্বিশপরগনার অধিন নীচের লিখিত গ্রামসমূহের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হবেন এ সময়ে রিশীবর আফিশে উপস্থিত হইবেন ইতি।

পরগনে কলিকাতার মহল সমরশার অন্তঃপাতি তরফ সাদিয়ার মৌজে নিজ সাদিয়া ও মৌজে খেয়াদহ সেওয়ায় জঙ্গল জমি।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমারপুখরিয়া সেওয়ায় জঙ্গল জমি।

আরং বৃত্তান্ত রিশীবর আফিশে তলব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট কোউন্সিল রিশীবর আফিশ তারিখ ১৩ মে ১৮৫৯ সাল।

Government Gazette, 31st May, 1859.

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JUGGESSUR LAHA, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 4th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 3rd day of July 1857, until the 2nd day of May instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 27th May, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন যজ্ঞেশ্বর লাহার বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এবিষয়ের পুনশ্চ শুনিবার জন্যে আগামি জুন মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৭ সালের জুলাই মাসের ৩ তারিখ-অবধি বর্ত্তমান মে মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ২৭ মে।

কলিকাতার লালবাজারে এ এম মেনবিলের নামে বুট ও জুতা ও জিন ও ঘোড়ার সাজনির্ম্মাতার ও গোরা পল্টনদের আহার বাসাদির ঘর রক্ষকের যোতায় কর্ম্মকারি এনি মারাইয়া মেনবিল ও উলিয়ম বার্নার্ড ক্রোন, যোত্রহীনেরদের বিষয়ে

বর্ত্তমান মে মাসের ১৭ তারিখ মঙ্গলবারে হুকুম হইয়াছিল যে পূর্ব্বোক্ত যোত্রহীনেরদের যে দরখাস্ত গত আপ্রিল মাসের ২৫ তারিখে এই আদালতে দাখিল হইয়াছিল তাহা আগামি জুন মাসের ৪ তারিখ শনিবারে বিপরীত কারণ প্রকাশ না হইলে ডিসমিস হয়। আর এই হুকুম এই আদালতের হরকারার দ্বারা সরকারী আসৈনি ও পূর্ব্বোক্ত যোত্রহীনেরদের সম্পত্তির ও দুব্যাদির আসৈনি জান কক্রেন সাহেবের উপরে এবং গোবিন্দচন্দ্র দত্ত ও পঞ্চানন দত্ত ও চন্দ্রকুমার শাহা ও বিবি জে এফ কিং ও জন টীল কোং ও মেন্দিস কোম্পানির উপর জারী হয়।

অর ও গুডাল সোল্যার। পুরাতন ১৩ ডাকঘর ষ্ট্রীট। কলিকাতা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩১ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 7, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৭ জুন।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

ACT No. X. OF 1859.

An Act to amend the law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Concluded from page 379.]

[Except as above, Collector not to exercise jurisdiction in respect to lands situate beyond his District.]

CLXIII. Except as provided in the last preceding Section, no Collector shall exercise any jurisdiction under this Act in respect to any lands situate beyond the limits of the District to which he is appointed, by reason of such lands forming part of an estate the revenue of which is paid into the Treasury of the said District.

[Deputy Collector entrusted with Police functions, not to exercise judicial powers under this Act.]

CLXIV. No Deputy Collector appointed under Regulation IX. of 1833 of the Bengal Code, shall exercise any judicial powers or other jurisdiction under this Act if entrusted with any Police functions.

[What powers to be exercised by Assistants to Collectors.]

CLXV. Assistants to Collectors shall not exercise any powers under this Act unless invested by Government with the powers of Deputy Collectors, in which case they may exercise the powers hereby assigned to Deputy Collectors.

[Saving of rights of proprietors in respect of Putnee Talooks, &c. under Regulation VIII. 1819.]

CLXVI. Nothing contained in this Act shall be held to affect the right vested in proprietors of land under direct engagements with Government, of

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১০ আইন।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলাপ্রভৃতি দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইন।

[৩৭৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[উক্ত স্থলছাড়া অন্য স্থলে কালেক্টর সাহেবের জিলার বাহিরে যে জমী আছে তাহার উপর তাঁহার এলাকা না থাকিবার কথা।]

১৬৩ ধারা। ইহার পূর্ব্বের ধারাতে যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলছাড়া, কালেক্টর সাহেব যে জিলাতে নিযুক্ত থাকেন, সেই জিলার বাহিরের কোন জমী যে মহালের অন্তর্গত হয় সেই মহালের মালগুজারী ঐ জিলার কালেক্টরীতে আদায় হইয়া থাকে বলিয়া তিনি সেই জমীর উপর এই আইনমতে কোন ক্ষমতাক্রমে কার্য্য করিবেন না ইতি।

[ডেপুটী কালেক্টরের পোলীসসংক্রান্ত ক্ষমতা থাকিলে, তাঁহার এই আইনমতে বিচারপতির ক্ষমতানুসারে কার্য্য না করিবার কথা।]

১৬৪ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮৩৩ সালের ৯ আইননতে যে ডেপুটী কালেক্টরেরা নিযুক্ত হন তাঁহারদের প্রতি যদি পোলীসসংক্রান্ত কোন ক্ষমতা অর্পণ হয়, তবে তাঁহারা এই আইনমতে বিচারপতির কি অন্য কোন ক্ষমতানুসারে কার্য্য করিবেন না ইতি।

[কালেক্টর সাহেবেরদের আসিষ্টাণ্ট সাহেবেরা যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন তাঁহার কথা।]

১৬৫ ধারা। কালেক্টর সাহেবেরদের আসিষ্টাণ্ট সাহেবেরা এই আইনমতের ক্ষমতাক্রমে কোন কার্য্য করিবেন না। কিন্তু যদি গবর্ণমেণ্টহইতে তাঁহারদিগকে ডেপুটী কালেক্টরের ক্ষমতা দেওয়া যায় তবে এই আইনমতে ডেপুটী কালেক্টরদিগকে যে ক্ষমতার্পণ হয় সেই ক্ষমতানুসারে তাঁহারা কার্য্য করিতে পারিবেন ইতি।

[১৮১৯ সালের ৮ আইনমতে পত্তনি তালুকপ্রভৃতির উপর জমীদারেরদের যে স্বত্ব থাকে তাহা রক্ষা করিবার কথা।]

১৬৬ ধারা। যে জমীদারেরা একেবারে গবর্ণমেণ্টের সঙ্গে বন্দোবস্ত করে তাহারদের পত্তনি তালুকের ও সেই প্রকারের অন্যান্য তালুকের বাকী খাজানার জন্যে

bringing to sale for arrears of rent Putnee Talooks and other similar tenures under the provisions of Regulation VIII. 1819.

[Commencement of Act.]

CLXVII. This Act shall commence and have effect from and after the 1st day of August 1859.

["Civil Jail." "Nazir." Number. Gender.]

CLXVIII. The words "Civil Jail" as used in this Act shall include the Civil Jail of the Zillah and any place appointed by the Executive Government for the confinement of prisoners by any Court constituted under this Act. The word "Nazir" shall include any Officer of a Court authorized to serve or execute its process. Unless there be something in the subject or context repugnant to such construction, words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number, and words importing the masculine gender shall include females.

SCHEDULE.

A.

FORM OF SUMMONS TO DEFENDANT.

No. (of suit) dated

In the Court of

A. B., Plaintiff.

[*Name, description, and address of plaintiff.*]

C. D., Defendant.

[*Name, description, and address of Defendant.*]

Whereas the said A. B. has brought a claim against you in this Court for *(here specify particulars of claim as given in the statement,)* you are hereby required to appear in person in this Court on the day of [*if not specially required to appear in person, state, in person or by an agent who has personal knowledge of the subject or who shall be accompanied by a person who has such knowledge*] to answer the abovenamed plaintiff, and you will bring with you (or send by your agent) [*here mention any document the production of which may be required by the plaintiff*] which the plaintiff desires to inspect, and all documents on which you may intend to rely in support of your defence. You will also bring with you your witnesses, if they are willing to attend without issue of process.

B.

FORM OF WARRANT OF ARREST.

No. (of suit) dated

In the Court of

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৭ জুন।]

১৮১৯ সালের ৮ আইনের বিধানমতে নীলাম করাইবার যে স্বত্ব আছে তাহা এই আইনের কোন কথাতে খাট হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[এই আইন আমলে আসিবার কথা।]

১৬৭ ধারা। এই আইন ১৮৫৯ সালের আগষ্ট মাসের প্রথম তারিখঅবধি চলন হইয়া প্রবল থাকিবেক ইতি।

[দেওয়ানীর জেলখানা ও নাজির এইং শব্দের অর্থ ও লিঙ্গ ও বচনের কথা।]

১৬৮ ধারা। এই আইনেতে "দেওয়ানীর জেলখানা" এই শব্দেতে জিলার দেওয়ানী জেলখানা বুঝায় ও তদ্ভিন্ন এই আইনমতে স্থাপিত কোন আদালত যে আসামীদিগকে কয়েদ করেন তাহারদের কয়েদ হইবার জন্যে কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট অন্য যে কোন স্থান নিরূপণ করেন সেই স্থানও বুঝায়। "নাজির" এই শব্দেতে আদালতের পরওয়ানা জারী করিতে আদালতের যে কোন আমলাকে ক্ষমতা দেওয়া যায় তাহাকেও বুঝায়। এক বচনের শব্দেতে বহু বচনের শব্দও বুঝায় ও বহু বচনের শব্দেতে এক বচনের শব্দ বুঝায় ও পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীরাও গণ্য হয় কিন্তু যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথা বুঝিয়া ঐ অর্থ অসঙ্গত হয় তবে সেই অর্থ হইবেক না ইতি।

তফসীল।

A

আসামীর নামে সমন লিখিবার পাঠ।

মোকদ্দমার নম্বর ও তারিখ।

অমুকের আদালতে।

অমুক, ফরিয়াদী।

[ফরিয়াদীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান।]

অমুক, আসামী।

[আসামীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান।]

উক্ত অমুক এই বাবতে (আরজীতে যে দাওয়া লেখা আছে তাহার বর্ণনা এই স্থলে করিতে হইবেক) দাওয়া করিয়া তোমার নামে এই আদালতে নালিশ করিয়াছে। অতএব তোমাকে এই আদেশ হইতেছে যে তুমি উক্ত ফরিয়াদীকে জওয়াব দিবার জন্যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনি এই আদালতে হাজির হও (যদি আসামীর নিজে হাজির হইবার বিশেষ হুকুম না থাকে তবে "আপনি কিম্বা যে মোখ্তার ঐ বিষয়ের মর্ম্ম নিজে জানে তাহার দ্বারা, কিম্বা অন্য যে লোক ঐ কথার মর্ম্ম নিজে জানে এমত লোককে ঐ মোখ্তারের সঙ্গে দিয়া, মোখ্তারের দ্বারা হাজির হও" এই কথা লিখিতে হইবেক) ও ফরিয়াদী [এই স্থলে ফরিয়াদী যে সকল দলীল উপস্থিত করা যাইবার প্রার্থনা করে তাহা লিখিতে হইবেক,] দলীল দেখিতে চাহে অতএব তাহা সঙ্গে করিয়া আনিবা (কিম্বা তোমার মোখ্তারের দ্বারা পাঠাইবা) ও যে সকল দলীলের দ্বারা তুমি আপনার জওয়াব সাব্যস্ত করিতে চাহ তাহা আনিবা (কিম্বা পাঠাইবা) আর তোমার তরফের সাক্ষিরা যদি বিনা পরওয়ানাতে হাজির হইতে চাহে তবে তাহারদিগকেও সঙ্গে করিয়া আনিবা।

B

গ্রেফ্তারের পরওয়ানা লিখিবার পাঠ।

মোকদ্দমার নম্বর ও তারিখ।

অমুকের আদালতে।

A. B., Plaintiff.

C. D., Defendant.

To the Nazir of the Court of the Collector of ——

Whereas the plaintiff in this suit has obtained an order from the Court for the arrest of the defendant, you are hereby commanded to bring the defendant before the Court on or before the day of to be dealt with according to law.

Dated this day o

185 .

C.

FORM OF NOTICE TO ACCOMPANY SUCH WARRANT.

In the Court of

A. B., Plaintiff.

[*Name, description, and address of plaintiff.*]

C. D., Defendant.

[*Name, description, and address of defendant.*]

Whereas the said A. B. has brought a claim against you in this Court for *(here specify particulars of claim as given in the statement)* and has obtained a warrant for your arrest, you are hereby required, unless you admit the claim, to bring with you to the Court all documents on which you may intend to rely in support of your defence.

D.

FORM OF SECURITY BOND FOR APPEARANCE OF DEFENDANT.

Whereas A. B. plaintiff has instituted a suit in the Court of the Collector of against C. D. defendant, and the said C. D. has been required to give security for his appearance at any time when called on while the suit is depending and until execution of the decree, I, E. F., hereby declare myself surety for the said C. D.'s appearance as aforesaid, and in case of his making default in such appearance I engage to pay any sum for the payment of which the said C. D. may be liable under the decree. [*If the suit be for the delivery of papers or accounts, specify some sum to be fixed by the Collector.*]

E.

WRIT OF EXECUTION AGAINST THE PERSON.

A. B., Plaintiff.

C. D., Defendant.

To the Nazir of the Court of the Collector of ——

Whereas the said C. D. was directed by a decree of this Court, under date the day of 185 , to pay to A. B. the sum of and for costs of suit, amounting to , and whereas the said C. D

[*Government Gazette, 7th June,* 1859.]

অমুক, ফরিয়াদী।

অমুক, আসামী।

অমুক স্থানের কালেক্টরী আদালতের নাজির প্রতি আগে।

এই মোকদ্দমার ফরিয়াদী আদালতহইতে আসামীর গ্রেফ্তার হইবার হুকুম পাইয়াছে, এইহেতুক তোমাকে এই আজ্ঞা করা যাইতেছে, আসামীকে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্তে তুমি তাহাকে অমুক মাসের অমুক তারিখে কি তাহার আগে এই আদালতে উপস্থিত কর।

সাল তাং .

C

সেই পরওয়ানার সঙ্গে যে এত্তেলা দিতে হইবেক তাহা লিখিবার পাঠ।

অমুকের আদালতে।

অমুক, ফরিয়াদী।

[ফরিয়াদীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান।]

অমুক, আসামী।

[আসামীর নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান]

উক্ত অমুক এই বাবতে (আরজীতে যে দাওয়া লেখা আছে তাহার বর্ণনা এই স্থলে করিতে হইবেক) দাওয়া করিয়া তোমার নামে এই আদালতে নালিশ করিয়াছে ও তোমার গ্রেফ্তার করিবার পরওয়ানা পাইয়াছে। অতএব তোমাকে এই আদেশ হইতেছে যে তুমি যদি সেই দাওয়া কবুল না কর তবে যে সকল দলীলের দ্বারা আপনার জওয়াব সাব্যস্ত করিবা তাহা সঙ্গে করিয়া আদালতে আন।

D

আসামীর হাজিরজামিনী পত্রেরপাঠ।

অমুক স্থানের কালেক্টর সাহেবের আদালতে অমুক ফরিয়াদী অমুক আসামীর নামে মোকদ্দমা উপস্থিত করিয়াছে। ও মোকদ্দমা যাবৎ উপস্থিত থাকে ও ডিক্রীজারী যাবৎ না হয় তাবৎ উক্ত আসামীকে কোন সময়ে তলব হইলে তাহার হাজির হইবার জামিনী দিতে আজ্ঞা হইয়াছে, এই কারণে অমুক আমি উক্তমতে উক্ত আসামীর হাজির হইবার জামিন হইলাম, ইহা প্রকাশ করিতেছি। ও সেই আসামীর হাজির হইবার ত্রুটি হইলে, ডিক্রীমতে উক্ত আসামীর যত টাকা দিবার হুকুম হয় তাহা আমি দিব এই করার করিতেছি। (যদি কাগজপত্র কি হিসাব দাখিল করিবার জন্যে মোকদ্দমা হয় তবে কালেক্টর সাহেব যত টাকা নির্দ্ধার্য্য করেন তাহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক।)

E

আসামীর উপর ডিক্রী জারীর পরওয়ানা লিখিবার পাঠ।

অমুক, ফরিয়াদী।

অমুক, আসামী।

অমুক স্থানের কালেক্টর সাহেবের আদালতের নাজির প্রতি আগে।

এই আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের ডিক্রীমতে উক্ত অমুক (আসামীকে) হুকুম হইয়াছিল যে উক্ত অমুককে (ফরিয়াদীকে) এত টাকা ও মোকদ্দমার খরচা এত টাকা সর্ব্বসুদ্ধ এত টাকা দেয়।

has omitted to pay the same, you are hereby commanded to apprehend the said C. D., and to bring him with all convenient speed before this Court to be dealt with according to law.

F.

WRIT OF EXECUTION AGAINST THE EFFECTS.

A. B., Plaintiff.
C. D., Defendant.

To the Nazir of the Court of the Collector of ——

Whereas C. D. was directed by a decree of this Court, under date the day of 185 , to pay to A. B. the sum of , and for costs of suit, amounting to , and whereas the said C. D. has omitted to pay the same, you are hereby commanded to levy the said sum of , and the sum of for costs of executing this process, by seizure and sale of such moveable property of the said C. D. as (is described in the list annexed, and) [*if no list is furnished, these words to be omitted*] shall be pointed out to you by the judgment-creditor or his agent; and you are hereby ordered to sell such property of the said C. D., on some convenient day not being less than ten nor more than fifteen days from the day of seizure, unless the amount leviable as aforesaid shall be sooner paid: and you are hereby commanded to certify to me what you shall do by virtue of this warrant.

G.

FORM OF NOTICE TO OWNER OF DISTRAINED PROPERTY.

Office of Commissioner for sale of distrained property.

A. B., Distrainer.

[*Name, description, and address of the owner of the property.*]

Whereas the said A. B. has applied to have the distrained property specified below sold for the recovery of alleged to be due to him as arrears of rent, you are hereby required either to pay the said sum to the said A. B., or to institute a suit before the Collector to contest the demand] within fifteen days from the receipt of this notice, failing which the property will be sold.

Dated this day of 185 .

W. MORGAN,
Clerk of the Council.

[বেঙ্গলমেইল গেজেট। ১৮৫১। ৭ জুন।]

কিন্তু উক্ত অমুক (আসামী) সেই টাকা দেয় নাই অতএব তোমাকে এই হুকুম হইতেছে যে, তুমি উক্ত অমুককে (আসামীকে) গ্রেফ্তার কর। ও তাহাকে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্তে সুবিধামতে ত্বরা করিয়া তাহাকে এই আদালতে উপস্থিত কর।

F

সম্পত্তির উপর ডিক্রীজারীর পরওয়ানা লিখিবার পাঠ।

অমুক, ফরিয়াদী।
অমুক, আসামী।

অমুক স্থানের কালেক্টর সাহেবের আদালতের নাজির প্রতি আগে।

এই আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের ডিক্রীমতে উক্ত অমুককে (আসামীকে) হুকুম হইয়াছিল যে উক্ত অমুককে (ফরিয়াদীকে) এত টাকা ও মোকদ্দমার খরচা এত টাকা সর্ব্বসুদ্ধ এত টাকা দেয়, কিন্তু উক্ত অমুক সেই টাকা দেয় নাই। অতএব তোমাকে এই হুকুম হইতেছে যে (ইহার সঙ্গে যে ফর্দ্দ দেওয়া গেল সেই ফর্দ্দের লিখনমতে) [যদি ফর্দ্দ দেওয়া না যায় তবে এই কথা ত্যাগ করিতে হইবেক] ডিক্রীমতের মহাজন কিম্বা তাহার মোয়াক্কল উক্ত অমুককে (আসামীর) যে কিছু অস্থাবর সম্পত্তি দেখাইয়া দেয় তাহা ক্রোক ও নীলাম করিয়া উক্ত এত টাকা ও এই পরওয়ানা জারী করিবার খরচ এত টাকা উসুল কর। আর তোমাকে হুকুম হইতেছে যে উক্ত যে টাকা উসুল করিতে হয় তাহা ইহার মধ্যে না দেওয়া গেলে তুমি উক্ত অমুকের (আসামীর) উক্ত দ্রব্য ক্রোক করিবার পর দশ দিনের কম না হয় ও পনের দিনের অধিক না হয় এমত কোন উপযুক্ত দিনে নীলাম কর। আরো তোমাকে এই আদেশ হইতেছে যে এই পরওয়ানার বলে তুমি যাহা করিবা তাহা লিখিয়া আমাকে নিশ্চয় করিয়া জানাও।

G

ক্রোককরা দ্রব্যের স্বামিকে যে এত্তেলা দিতে হয় তাহা লিখিবার পাঠ।

ক্রোককরা দ্রব্যের অমুক ফরোশ আমীনের দফ্তরখানা।

অমুক। ক্রোককারী।

[দ্রব্যের স্বামির নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান।]

উক্ত অমুকের (ক্রোককারির) বাকী খাজানার জন্যে এত টাকা পাওনা আছে বলিয়া তাহা আদায় করিবার নিমিত্তে তাহার ক্রোককরা নীচের লিখিত দ্রব্যের নীলাম হয় এমত দরখাস্ত করিয়াছে অতএব তোমাকে এই আদেশ হইতেছে যে, হয় তুমি সেই টাকা উক্ত অমুককে দেও, না হয় এই এত্তেলা পাইবার পর পনের দিনের মধ্যে তাহার দাওয়ার উপর আপত্তি করিবার জন্যে কালেক্টর সাহেবের সম্মুখে হাজিরা উপস্থিত কর। তাহা না করিলে ঐ দ্রব্যের নীলাম হইবেক ইতি সাল তারিখ।

ডুরলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 14TH MAY 1859.

THE following Bill was read a first and second time in the Legislative Council on the 14th May 1859, and was referred to Select Committee who are to report thereon within six weeks :—

A Bill to repeal certain Regulations and Acts relating to the Procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter.

[Preamble.]

WHEREAS by Act VIII. of 1859, a Code of Procedure is provided for the Courts of Civil Judicature not established by Royal Charter; and whereas it is enacted by Section 387 of the said Act that the Act shall come into operation in the Presidency of Bengal from the 1st day of July 1859, and in the Presidencies of Madras and Bombay from the 1st day of January 1860, or from such earlier day as the Local Government in those Presidencies respectively shall fix and shall publicly notify in the Gazette of the Presidency three months at least before the date so fixed, and it is also enacted by Section 385 of the said Act that the Act shall not take effect in any part of the territories not subject to the general Regulations of Bengal, Madras and Bombay, until the same shall be extended thereto by the Governor General of India in Council, or by the Local Government to which such territory is subordinate, and notified in the Gazette: and whereas it is expedient to repeal in the manner hereinafter provided certain Regulations and Acts and parts of Regulations and Acts relating to the Procedure of the said Courts; it is enacted as follows :—

[Repeal of Laws.]

I. Except so far as they repeal the whole or any part of any other Regulation or Act, the several Regulations and Acts and parts of Regulations and Acts set forth in the Schedule hereto, are and shall be hereby and in the manner and from the several times hereinafter mentioned repealed to the extent to which they are in the said Schedule expressed to be repealed, that is to say—

So far as they relate to the Presidency of Bengal, from the 1st day of July 1859.

So far as they relate to the Presidencies of Madras and Bombay from the 1st day of January 1860, or from such earlier day as the Local Government in those Presidencies respectively shall fix and shall publicly notify in the Gazette pursuant to the provisions of the said Section 387.

And so far as they relate to any part of the territories not subject to the general Regulations of Bengal, Madras, and Bombay, from the time when the said Act shall be extended thereto by the Governor General of India in Council, or by the Local Government to which such territory is subordinate, and notified in the Gazette.

SCHEDULE OF REGULATIONS AND ACTS REPEALED.

Reference to Reg. or Act.	Title of Regulation or Act.	Extent of Repeal.
Act V. of 1836		The whole Act.
Act III. of 1837		The whole Act.
Act XXV. of 1837		Sections III. and IX.
Act XXXV. of 1837		The whole Act.
Act VII. of 1838		The whole Act.
Act XVII. of 1838		The whole Act.
Act XXII. of 1838		The whole Act.
Act XXVII. of 1838		The whole Act.
Act IX. of 1839		The whole Act.
Act XIX. of 1849 ...	... An Act for amending the Procedure in cases of Appeals made *in forma pauperis*, within the Presidency of Fort William in Bengal.	The whole Act.
Act VII. of 1841 ...	... An Act for a more uniform and an improved process for taking the examination of absent witnesses.	The whole Act.
Act XVII. of 1841 ...	... An Act for amending the proceedings in appeals before the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut in the Presidency of Fort William in Bengal.	Section II. so far as it relates to the Sudder Dewanny Adawlut.

[*Government Gazette, 7th June*, 1859.]

Reference to Reg. or Act.	Title of Regulation or Act.	Extent of Repeal.
Act XXIX. of 1841	An Act for amending such parts of the Bengal and Madras Codes as concern the dismissal of suits and appeals for neglecting to proceed in the same.	The whole Act.
Act II. of 1843	An Act to regulate the sittings of the Courts of Sudder Dewanny Adawlut.	The whole Act.
Act III. of 1843	An Act for amending the rules of Special Appeals.	The whole Act.
Act VI. of 1843	An Act for amending the Law concerning the jurisdiction and procedure of the Courts of Ameens and Moonsiffs.	The whole Act.
Act VII. of 1843	An Act for abolishing the Provincial Courts of Appeal and Circuit in the Presidency of Fort St. George and for establishing new Zillah Courts to perform their functions; for establishing Courts constituted according to Regulations I. and II., and Regulations VII. and VIII. of 1827, in place of the existing Civil and Criminal Zillah Courts, and for extending the Civil jurisdiction of such Courts.	Sections X., XI., XIV., Cl. 1st of Section XVII., Sections XVIII., XIX., and XXV.
Act XII. of 1843	An Act concerning the time at which and the language in which the decisions of the Judges in the Courts of the East India Company are to be written.	The whole Act.
Act IX. of 1844	An Act for authorizing the institution of suits in the Courts of Principal Sudder Ameens and Sudder Ameens.	The whole Act, except Section III.
Act III. of 1845	An Act vesting Courts of Appeal with the discretion to require or dispense with security for costs from the appellant.	The whole Act.
Act VIII. of 1845	An Act for amending Section LXXV., and Chapter XVII. of Regulation IV. 1827 of the Bombay Code.	The whole Act.
Act XV. of 1845	An Act for declaring and enacting the privileges of Native Officers and Soldiers of the Armies of the three Presidencies in respect of Judicial and Revenue Proceedings.	Sections I., II., III., IV., and V.
Act XVI. of 1845	An Act for regulating the re-admission of Appeals after dismissal under Act XXIX. of 1841.	The whole Act.
Act XVII. of 1845	An Act for the better enforcement of the attendance of witnesses in the Courts of the Moonsiffs, within the Presidency of Fort William in Bengal.	The whole Act.
Act IV. of 1846	An Act for amending the Law regarding the sale of land in execution of decrees in the territories subject to the Presidency of Fort William in Bengal.	The whole Act.
Act XVII. of 1847	An Act for remedying a defect in the Law regarding undiscovered defaults in the prosecution of suits.	The whole Act.
Act III. of 1850	An Act for amending the Law concerning the jurisdiction of the Courts of Sudder Ameens and District Moonsiffs in the Presidency of Fort St. George.	The whole Act.
Act IV. of 1850	An Act for the amendment of Procedure in cases of Appeal to the Sudder Court.	The whole Act.
Act VIII. of 1850	An Act to amend the Law for enabling Zillah and City Judges and Principal Sudder Ameens, in certain cases of appeal, to confirm the decision without summoning the respondent.	The whole Act.

Reference to Reg. or Act.	Title of Regulation or Act.	Extent of Repeal.
Act XV. of 1850	An Act to extend the operation of Sections X. and XII. Regulation XXVI. 1814 of the Bengal Code.	The whole Act.
Act XXV. of 1850	An Act for the forfeiture to Government of deposits made on incomplete sales of land under Regulation VIII. 1819 and Act IV. of 1846.	The whole Act so far as it relates to forfeited deposits of sales of land or any interest in land in execution of decrees.
Act XXX. of 1850	An Act to remove doubts on the construction of Act I. of 1846, and Act IV. of 1850.	Sections II., III., and IV.
Act VII. of 1851	An Act to amend the Law of the Bombay Presidency relating to execution of decrees.	The whole Act.
Act XXV. of 1852	An Act for the execution of decrees made in appeal by Her Majesty in Council, or by the Courts of Sudder Dewanny Adawlut and of the Zillah and City Judges in the Presidency of Fort William in Bengal.	The whole Act, except so far as it relates to the execution of decrees made in appeal by Her Majesty in Council.
Act XXVI. of 1852	An Act to amend the mode of Procedure in the Courts of the Sudder Ameens and Moonsiffs in the Presidency of Fort William in Bengal, and to extend the powers of Principal Sudder Ameens in appeals referred to them.	The whole Act.
Act XXXIII. of 1852	An Act to facilitate the enforcement of judgments in places beyond the jurisdiction of the Courts pronouncing the same.	The whole Act, except so far as it relates to the enforcement of judgments by any Court established by Royal Charter, and also except so far as it relates to the enforcement of decrees of Military Courts of Requests.
Act XV. of 1853	An Act for the amendment of Procedure in cases of regular appeal to the Sudder Courts in the Presidency of Fort William in Bengal.	The whole Act.
Act XVI. of 1853	An Act for amending the Law of Special Appeals.	The whole Act.
Act XIX. of 1853	An Act to amend the Law of evidence in the Civil Courts of the East India Company in the Bengal Presidency.	The whole Act so far as it is applicable to any suit or other proceeding instituted under Act VIII. of 1859, except Sections XIX. and XXVI. of Act XIX. of 1853.
Act XXXIII. of 1854	An Act to extend the provisions of Act No. XII. of 1843.	So much of the Act as is applicable to any suit or other proceeding instituted under Act VIII. of 1859.
Act IX. of 1855	An Act for the amendment of Procedure in cases of regular appeal to the Sudder Court in the Presidency of Fort St. George.	The whole Act.
Act X. of 1855	An Act to amend the Law relating to the attendance and examination of witnesses in the Civil Courts of the East India Company in the Presidencies of Fort St. George and Bombay, and to amend the provisions of Section XL., Act XIX. of 1853.	The whole Act, except Sections IX. and X.
Act XXXIV. of 1855	An Act to explain and amend Act No. XXXIII. of 1852.	The whole Act, except so far as it relates to the enforcement of judgment by any Court established by Royal Charter.
Act XII. of 1856	An Act to amend the law respecting the employment of Ameens by the Civil Courts in the Presidency of Fort William.	Sections VI. and VII.

[*Government Gazette, 7th June,* 1859.]

Reference to Reg. or Act.	Title of Regulation or Act.	Extent of Repeal.
	BENGAL.	
Regulation III. 1793 ...	A Regulation for extending and defining the jurisdiction of the Courts of Dewanny Adawlut, or Courts of Judicature for the trial of Civil suits in the first instance, established in the several Zillahs and in the cities of Patna, Dacca, and Moorshedabad.	Sections VII., VIII., IX., X., XI., XII., XIII., XV., XVI., XVIII., XIX., and XX.
„ IV. 1793 ...	A Regulation for receiving, trying, and deciding suits or complaints declared cognizable in the Courts of Dewanny Adawlut established in the several Zillahs, and in the cities of Patna, Dacca, and Moorshedabad.	Sections I., II., III., IV., V., VI., except so much as relates to the administering oaths to parties and witnesses, VII., VIII., X., XI., XII., XIII., XVI., XVIII., XIX., and XXVI.
১৮০৮ সালের ১৩ আইন।	সদর আপীলের যোগ্য সমস্ত দেওয়ানী মোকদ্দমার বিচার প্রথমতঃ মফঃসল আপীল আদালতে হওনার্থে এবং যে সকল মোকদ্দমার আপীল হইয়া থাকে তাহার ডিক্রীজারী করিবার বিষয়ে এক প্রকার ক্ষমতার্পণের কারণ আইন।	সম্পূর্ণ আইন।
১৮১০ সালের ১৩ আইন।	দেওয়ানী আদালতসকলের উপস্থিত মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি শীঘ্র হইবার নিমিত্তে ও উভয় পক্ষের রাজীনামানুসারে দেওয়ানী মোকদ্দমার অধিক রফা অর্থাৎ মিটমাট হওনার্থে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১২ সালের ৪ আইন।	ভিন্নাধিকার দেশসকলের নওয়াব ও রাজাইত্যাদি ও অতিপ্রধান২ লোকদিগের এই সরকারের নির্দ্ধারিত আদালতসকলের কোন আদালতের ফরিয়াদী কি আসামীরূপে আইনস অনুপযুক্ত বোধ হয় তাঁহারদিগের যে সকল দেওয়ানী মোকদ্দমা উপস্থিত হয় সেই সকল মোকদ্দমা আদালতে উপস্থিত করিতে কি তাহার জওয়াব দিবার অর্থে সরকারের কার্য্যভারাক্রান্তদিগকে নিযুক্ত করণের ক্ষমতা শ্রীযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে থাকিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৩ সালের ৬ আইন।	ভূমিসম্পর্কীয় বিবাদ ও মোকদ্দমার বিচারার্থে সালিসেরদিগের অর্পণ অর্থাৎ সোপর্দ্দ করণের ও ভূমির বেদখলের বিষয়ে পূর্ব্বে যে সকল আইন নির্দ্দিষ্ট হইয়াছে তাহা শুধরিবার ও সারিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।

যে আইন।	আইনের নাম।	যত রদ হয়।
১৮১৪ সালের ২ আইন।	সরকারের বিলায়ত নিবাসি যে সকল কার্য্যকারকেরা আপন২ ভারের কর্ম্ম নির্ব্বাহ করণের মধ্যে করা ক্রিয়া ও আচরণের অর্থে সরকারের হুকুমমতে আদালতের তাবে থাকেন তাঁহারদিগের নামে লোকেরা যে সকল নালিশ উপস্থিত করিতে চাহে সেই সকল নালিশ শুনিবার বিষয়ে যে২ ধারা ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছিল তাহা শুধরিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৪ সালের ২৩ আইন।	সদর আমীন ও মুনসেফদিগকে নিযুক্ত করণের বিষয়ি পূর্ব্বের চলিত কএক আইনের কোন২ কথা ফেরফার করিয়া এক আইনেতে সংগ্রহ করিবার এবং ঐ সদর আমীন ও মুনসেফদিগের নিকটে উপস্থিতহওয়া মোকদ্দমার বিচার ও নিষ্পত্তির বিষয়ে তাঁহারদিগের যে ক্ষমতা আছে তাহা শুধিবারও বাড়াইবার এবং জিলা ও শহরের জজ সাহেবদিগের হকুমতের তাবেতে অন্যান্য কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতা তাঁহারদিগেরে দিবার নিমিত্তে আইন।	১৩ ধারার ৩ প্রকরণ ও ১৪ ও ১৭ ও ১৮ ও ২০ ধারার ও ২৫ ধারার ৪ প্রকরণ ও ২৮ ও ৩০ ধারা ও ৩১ ধারার ৩ প্রকরণ ও ৩৩ ও ৩৬ ও ৩৮ ও ৩৯ ও ৪০ ও ৪১ ও ৪৫ ও ৪৬ ধারার যে অংশেতে এই বিধান হইয়াছে যে কোন লোক মুনসেফের নিষ্পত্তিতে সন্তুষ্ট না হইলে আপীল করিতে পারিবেক সেই অংশ ছাড়া ঐ ৪৬ ধারা ও ৪৭ ও ৫০ ধারা ও ৫১ ধারার যে ভাগ এখন চলন আছে তাহা ও ৫৩ ও ৫৪ ও ৬৯ ও ৭১ ও ৭২ ও ৭৩ ও ৭৪ ও ৭৫ ও ৭৬ ও ৭৭ ও ৭৮ ধারা।
১৮১৪ সালের ২৪ আইন।	জিলা ও শহরের আদালতে আসিষ্টাণ্ট জজ সাহেবদিগের ভার মৌকুফ হইবার বিষয় ও ঐ২ আদালতের নক্শা ও হকুমসম্পর্কীয় কোন২ বিষয়ের নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৪ সালের ২৫ আইন।	সদর দেওয়ানী আদালতের ও মফঃসল আপীল আদালতের নক্শা ও হুকুমসম্পর্কীয় কোন২ বিষয় নিবর্ত্ত ও পরিবর্ত্ত করিবার নিমিত্তে এবং ঐ সকল আদালতেতে উপস্থিতহওয়া দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি অতিত্বরায় হইবার অর্থে এবং ঐ সকল আদালতে জজ সাহেবদিগের মধ্যে কি সদর নিজামতের কিম্বা দায়েরসায়েরী আদালতের জজ সাহেবদিগের মধ্যে এক জন জজ সাহেবকে যে২ কর্ম্মকার্য্য ও বিষয় নির্ব্বাহ করিবার ক্ষমতা অর্পণ হইলে তাহার বিবরণ ও নিরূপণ সুন্দররূপে করিবার নিমিত্তে আইন।	১ অবধি ১০ পর্য্যন্ত সদর ধারা।
১৮১৪ সালের ২৬ আইন।	সরাসরী ভিন্ন মোকদ্দমাতে হওয়া নিষ্পত্তির উপর যে সকল খাস আপীল ও সরাসরী আপীল হয় তাহা শুনিবার ও বিচার করিবার বিষয়ে এইক্ষণে যে২ আইন চলন আছে সেই২ আইনের লিখিত কোন২ কথা পরিবর্ত্ত করিবার নিমিত্তে ও সওয়ালজওয়াবের কাগজপত্রের ও হুকুমনামার ও প্রথমতঃ কি আপীলমতে উপস্থিতহওয়া সরাসরীভিন্ন মোকদ্দমা নিষ্পত্তি জারী হওনের প্রকরণের বিষয় এখনকার চলিত আইনেতে যাহা লেখা আছে তাহার কোন২ কথা পরিবর্ত্ত করিয়া নিরূপণ করিবার নিমিত্তে ও ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের লিখিত কোন২ কথা স্পষ্ট করিয়া ও বাড়াইয়া লিখিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৪ সালের ২৭ আইন।	দেওয়ানী আদালতে উপস্থিত মোকদ্দমার সওয়াল ও জওয়াব করিবার নিমিত্তে উকীলদিগকে মোকরর করণের সম্পর্কীয় কএক আইন তাহার কোন২ কথার ফেরফার করিয়া এক আইনেতে সংগ্রহ করিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৪ সালের ২৮ আইন।	কোন২ ব্যক্তিরদিগকে মোত্রহীনমতে নালিশ করিতে পারিবার অনুমতি দেওয়া যাওনের বিষয়ে এখনকার চলিত আইনেতে যে২ হুকুম আছে সেই২ হুকুমের কোন২ কথা ফেরফার করিয়া ও শুধরিয়া এক আইনেতে সংগ্রহ করিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।

যে আইন।	আইনের নাম।	যত রদ হয়।
১৮১৫ সালের ২ আইন।	ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৪ আইনের ১২ ধারার ৭ প্রকরণের হুকুম বিস্তার করণের নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৬ সালের ১৫ আইন।	কলিকাতা রাজধানী সম্পর্কীয় লড়াইয়ের পল্টন সকলের এদেশীয় হুদ্দাদার ও সিপাহী লোক যে সকল মোকদ্দমাতে ফরিয়াদী কিম্বা আসামী থাকে সে সকল মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি অতি শীঘ্র হইবার এবং ঐ সকল হুদ্দাদার ও সিপাহী লোকের হক অর্থাৎ স্বত্ব ও দাওয়া এবং মোকদ্দমা প্রমাণ হওনের সুগম হইতে পারিবার হুকুম নির্দ্দিষ্ট করিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৭১৭ সালের ৩ আইন।	চৌষট্টি টাকার অধিক না হয় এমত নগদ কি বস্তুর মূল্যের দাওয়ায় প্রথমতঃ কি আপীলমতে জিলা কিম্বা শহরের দেওয়ানী আদালতেতে নালিশহওয়া যে সকল মোকদ্দমা ঐ সকল আদালতের জজ সাহেবদিগের কিম্বা রেজিষ্টর সাহেবদিগের হজুরে কি সদর আমীনদিগের নিকটে বিচার ও নিষ্পত্তির কারণ রুবকার হয় তাহার উভয় বিবাদির যে খরচা দিতে হয় তাহার অল্পতা করিবার ও ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ও ঐ সনের ২৩ আইনের লিখিত কোন২ হুকুম শুধরিয়া স্পষ্ট করিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৭ সালের ১৯ আইন।	দেওয়ানী মোকদ্দমার আদালত ও ইনসাফ অর্থাৎ ন্যায় ও বিচারের কর্ম্মনির্ব্বাহের মোতালক চলিত কোন২ আইন শুধরিবার ও পরিবর্ত্ত করিবার এবং খাজানার বাকী টাকা উসুলের নিমিত্তে সরাসরী তজবীজ হইয়া যে২ হুকুম হয় তাহা জারী হওনের নিমিত্তে আইন।	পূর্ব্বে যত রদ হয় নাই।
১৮১৯ সালের ৯ আইন।	খাস আপীলের মোকদ্দমা মঞ্জুর করণের বিষয়ে এক্ষণে যে সকল ধারা চলন আছে তাহা শুধরিবার ও কোন২ প্রকারেতে কলিকাতা শহরনিবাসি লোকদিগের স্থানে তাহারদিগের শিরে আদালতের যে খরচা দেনা হইবেক তাহা আদায়ের অর্থে জামিনী তলব করিবার ও জিলা ও শহরের রেজিষ্টর সাহেবদিগের ও কোর্ট আপীল আদালতের রেজিষ্টর সাহেবদিগের পাওয়া ক্ষমতা বাড়াইবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২১ সালের ২ আইন।	দেওয়ানী মোকদ্দমার তজবীজ করণের বিষয়ে মুনসেফদিগের ও বিশেষ কোন২ প্রকারেতে সদর আমীনদিগের ক্ষমতা বাড়াইবার ও জিলা ও শহরের রেজিষ্টর সাহেবদিগকে এবং সদর আমীনদিগকে ঐ২ জিলা ও শহরের জজ সাহেবেরা তাঁহারদিগের বেশী যে২ কর্ম্ম করিবার ভার দেন তাহা নির্ব্বাহ করণের ক্ষমতা দিবার ও আবশ্যকমতে অধিক মুনসেফদিগের নিযুক্ত করিবার ও সদর আমীনদিগকে সদর মোকামভিন্ন অন্য যে২ মোকামে রেজিষ্টর সাহেবেরা থাকেন তথায় বৈঠক করিবার অনুমতি দিবার ও রেজিষ্টর সাহেবের হুকুমের তাবে সীমাসরহদ্দের মধ্যেতে নালিশ উপস্থিত করিবার বিষয়ে চলিত আইনেতে যে২ হুকুম লেখা যায় তাহা শুধরিবার ও চলিত আইনের লিখিত যে২ হুকুমমতে আদালতের রেজিষ্টর সাহেবেরা তাঁহারদিগকে সোপর্দ্দহওয়া যে সকল মোকদ্দমার নিষ্পত্তি করেন সেই২ মোকদ্দমাতে নালিশের আরজী লেখা ইষ্টাম্প কাগজের রসুম এতাবতা মূল্যের মধ্যে কতক পাইয়া থাকেন সেই সমস্ত হুকুম রদ ও রহিত করিবার ও কোর্ট আপীল আদালতে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার ফয়সলা জারী করণের এবং কোর্ট আপীল আদালতের ফয়সলার উপর সদর দেওয়ানী আদালতে আপীলমতে উপস্থিতহওয় মোকদ্দমার ফয়সলা জারী করণের মোতালক কোন২ হুকুমের ফেরফার করিবার ও কোর্ট আপীল ও দায়েরসায়েরী আদালতের রেজিষ্টরী কর্ম্ম মোকুফ করিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।

যে আইন।	আইনের নাম।	যত রদ হয়।
১৮২৪ সালের ৩ আইন।	রেজিষ্টর সাহেবদিগের ক্ষমতা কোন২ বিষয়ে বাড়াইবার নিমিত্তে শ্রীযুত নওয়াব গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলেতে ক্ষমতা দিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৪ সালের ১১ আইন।	কোন২ কারণ থাকিলে সরেজমীনে যাইয়া অনুসন্ধান করিবার নিমিত্তে আপন২ রেজিষ্টর কিম্বা আসিষ্টাণ্ট সাহেবকে পাঠাইতে জিলা ও শহরের জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদিগকে ক্ষমতাপন্ন করিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৪ সালের ১৩ আইন।	সদর আমীনী কার্য্যের বিষয়ে অতিরিক্ত কোন২ হুকুম নির্দ্দিষ্ট করিবার নিমিত্তে আইন।	সদর আদালতের সঙ্গে যে-পর্য্যন্ত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত সম্পূর্ণ আইন।
১৮২৫ সালের ১ আইন।	আদালতসম্পর্কীয় কার্য্যকারক সাহেবদিগকে কখন২ তাঁহারদিগের করা নিষ্পত্তির মত কার্য্য নির্ব্বাহ হওনের অধ্যক্ষতা করিতে ক্ষমতাপন্ন করিবার এবং ইঙ্গরেজী ১৮১৭ সালের ২০ আইনের কোন২ হুকুমের ধারা পোলীসের কর্ম্মকারিদিগকে যে২ ক্ষমতাপন্ন হইয়াছে সেই২ ক্ষমতা মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানা কি ফৌজদারী আদালতহইতে হওয়া অন্য হুকুম জারী করিবার কারণ যে২ কর্ম্মকারিরা হুকুম পায় তাহারদিগকে দেওয়া যাইবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৫ সালের ২ আইন।	প্রথমতঃ অথচ জাবেতামতে উপস্থিতহওয়া মোকদ্দমাসকলের ও আপীলমতে উপস্থিতহওয়া মোকদ্দমাসকলের পুনর্ব্বিচারের দরখাস্ত গ্রাহ্য হওনের বিষয়ে যে২ হুকুম প্রবল আছে তাহা শুধরিবার এবং প্রবিন্সাল কোর্টে ও সদর দেওয়ানী আদালতে খাস অর্থাৎ বিশেষ আপীল কি দ্বিতীয় আপীলের দরখাস্ত গ্রাহ্য হওনের নিয়ম নির্দ্দিষ্ট করিবার নিমিত্তে আইন।	২ ধারার যে ভাগ দেওয়ানী আদালতের সঙ্গে সম্পর্ক রাখে তাহা।
১৮২৫ সালের ৭ আইন।	ভূমি বিক্রয় করণ দ্বারা কি অন্য কোন প্রকারে আদালতের ডিক্রী কি অন্য কোন নিষ্পত্তির মতাচরণ করা যাওনের বিষয়ে যে২ হুকুম চলন আছে তাহার অর্থ সুস্পষ্ট করিবার ও তাহা শুধরিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ৪ আইন।	বিশেষ প্রয়োজন হইলে দেওয়ানী মোকদ্দমার বিচার নিষ্পত্তির বিষয়ে সদর আমীনদিগের ক্ষমতার আধিক্য করণার্থে আইন।	সম্পূর্ণ আইন।
	ইষ্টাম্প কাগজ বিক্রয়জাত মাসুলের বিষয়ি নির্দ্দিষ্ট আইনসকলের কতক২ শুধরণপূর্ব্বক একত্র করিয়া এক আইনেতে সংগ্রহ করিবার নিমিত্তে আইন।	B চিহ্নিত তফসীলের ৫ প্রকরণ ও ১০ প্রকরণের ২ ও ৩ ও ৪ দফা।
১৮২৯ সালের ১০ আইন।	লিগল আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্বান্সরের পদ রহিত করণার্থে আইন।	৫ ধারা।
১৮২৯ সালের ১৩ আইন।	ডিক্রী জারীক্রমে দেওয়ানী আদালতের জেলখানায় যে সকল খুনীলোক কয়েদ হয় তাহারদিগের খোরাকী টাকা আদায় করণের বিষয়ি এক্ষণকার চলিত আইনের লিখিত দাঁড়া শুধরিবার নিমিত্তে আইন।	সম্পূর্ণ আইন।
১৮৩০ সালের ৬ আইন।	দেওয়ানী মোকদ্দমার বিচারের বিষয়ে মুনসেফ ও সদর আমীনদিগের অধিক ক্ষমতা দিবার এবং জিলা ও শহরে প্রধান সদর আমীনদিগকে নিযুক্ত করিবার এবং জিলা ও শহর ও প্রবিন্সাল কোর্টের কর্ম্ম ও ক্ষমতা ঐ বন্দোবস্তের কারণ শুধরিবার এবং মুনসেফ ও উকীলের পদে লোক বাচনী করিয়া লইবার ক্ষমতা বাড়াইবার নিমিত্তে আইন।	৫ ধারার ১ প্রকরণের বর্জ্জিত কথা ও ২ প্রকরণের বর্জ্জিত কথা ও ৭ ও ৮ ধারা ও ৯ ধারার ২ প্রকরণের যে কথাতে এই হুকুম হইল যে মুনসেফেরদের আদালতে যে মোকদ্দমায় বিচার হয় তাহার ডিক্রীর নকল ইষ্টাম্প কাগজে লিখিবার প্রয়োজন নাই সেই ভাগ ছাড়া ঐ ৪ ধারা ও ১০ ধারা ও ১৬ ধারার ৩ প্রকরণ ও ১৮ ধারার ১ প্রকরণের বর্জ্জিত কথা ও সেই ধারার ৪ প্রকরণ ও ১৯ ও ২১ ও ২২ ও ২৩ ও ২৫ ও ২৮ ও ২৯ ধারা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮২৯। ৭ জুন।]

যে আইন।	আইনের নাম। ৬	যত রদ হয়।
১৮৩১ সালের ৯ আইন।	সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের কর্ম্ম পূর্ব্বাপেক্ষা অতিশীঘ্র ও বিলক্ষণরূপে নির্ব্বাহ পাইবার নিমিত্তে আইন।	২ ৮ ধারা ও ১০ ধারার যে কথা ক্রমে দুই ধারা উত্তর-পশ্চিম দেশের সদর দেওয়ানী আদালতে খাটান যায় তাহা। ২ ও ৬ ও ৭ ও ১০ ও ১২ ও ১৩ ও ১৪ ও ১৫ ও ১৬ ও ১৭ ধারা।
১৮৩২ সালের ৭ আইন।	ইঙ্গরেজী ১৮৩১ সালের ৫ আইনের কোন২ হুকুম মতান্তর করিবার এবং ঐ আইনের বিষয়ি অন্য কতক হুকুম নির্দ্দিষ্ট করিবার নিমিত্তে আইন।	
	মান্দ্রাজ।	
১৮০২ সালের ২ আইন।	ফোর্ট সেণ্ট জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর অধীন ব্রিটনীয়েরদের শাসিত দেশে দেওয়ানী মোকদ্দমা প্রথম স্থলে বিচার করিবার আদালত স্থাপন করিবার ও তাহার এলাকা নির্দ্ধার্য্য করিবার আইন।	৩ ও ৪ ও ৫ ও ৬ ও ৭ ও ৮ ও ৯ ও ১০ ও ১৫ ও ১৬ ও ১৯ ও ২০ ও ২১ ধারা।
১৮০২ সালের ৩ আইন।	মান্দ্রাজ রাজধানীর অধীন দেশের নানা জিলাতে যে সকল আদালত স্থাপন হইয়াছে সেই২ আদালতের বিচার্য্য মোকদ্দমা কি নালিশ গ্রাহ্য ও বিচার ও নিষ্পত্তি করিবার আইন।	২ ও ৩ ও ৪ ও ৫ ও ৬ ধারা ও ৭ ধারাতে শপথ করাইবার সম্পর্কীয় যে কথা আছে সেই কথা ছাড়া ঐ ৭ ধারা ও ৯ ও ১০ ও ১২ ও ১৩ ও ১৪ ও ১৫ ও ১৭ ও ১৮ ও ১৯ ও ২০ ও ২৭ ও ২৮ ও ২৯ ধারা।
১৮০২ সালের ৪ আইন।	নানা জিলার আদালতে যে নিষ্পত্তি হয় তাহার উপর আপীল শুনিবার মফঃসল আপীলের চারি আদালত স্থাপন করিবার ও সেই২ আদালতের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নির্দ্ধার্য্য করিবার ও সেই২ আদালতে যে সকল আপীলের ও অন্যান্য মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারেন তাহা গ্রাহ্য করিবার ও বিচার করিবার বিধি নিরূপণ করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮০২ সালের ৫ আইন।	মফঃসল আপীল আদালতের নিষ্পত্তির উপর আপীল বিচার করিবার জন্যে সদর দেওয়ানী আদালত স্থাপন করিবার আইন।	৪ ও ৫ ও ৬ ও ৭ ও ৮ ও ৯ ও ১০ ও ১১ ও ১২ ও ১৪ ও ১৫ ও ১৬ ও ১৯ ও ২০ ও ২১ ও ২২ ও ৩৩ ও ৩৮ ধারা।
১৮০২ সালের ২১ আইন।	মোকদ্দমা সালিসীতে অর্পণ করিবার বিষয়ি আইন।	সম্পূর্ণ আইন।
১৮০২ সালের ২৬ আইন।	মান্দ্রাজ রাজধানীর অন্তঃপাতি ব্রিটনীয়েরদের শাসিত দেশের মধ্যে যে মালগুজারী জমী আছে তাহার বণ্টন ও নীলাম করিবার বিধির আইন।	দেওয়ানী আদালতের ডিক্রীজারীর বিষয়ে যেপর্য্যন্ত সম্পর্ক রাখে সেইপর্য্যন্ত।
১৮০৬ সালের ৪ আইন।	সদর আদালতে ও ফৌজদারী আদালতে যথার্থ বিচার আরো ত্বরা করিয়া ও সফলরূপে হইবার আইন।	৭ ধারার যে অংশ সদর দেওয়ানী আদালতের সম্পর্কীয় হয় সেই অংশ।
১৮০৯ সালের ৭ আইন।	জিলার আদালতে আসিষ্টাণ্ট জজ সাহেবদিগকে কোন২ সময়ে নিযুক্ত করিবার ও সেই২ আদালতের রেজিষ্টর সাহেবদিগের এলাকা পরিবর্ত্তন ও বিস্তারিত করিবার ও জিলার আদালতের নিষ্পত্তির উপর মফঃসল আপীল আদালতে আপীল করিবার নূতন মিয়াদ নির্দ্দিষ্ট করিবার ও আক্ট দেশের চলিত ১০০৲ টাকাপর্য্যন্তের মোকদ্দমা অর্পিত হইলে তাহার বিচার করিবার জন্যে দেশীয় প্রধান২ আমীনদিগকে নিযুক্ত করিবার ক্ষমতা দেওনের ও আক্ট দেশের চলিত আশী টাকার অনধিক অস্থাবর সম্পত্তির নিমিত্তে মোকদ্দমার বিচার করিবার জন্যে এদেশীয় আমীনদিগকে নিযুক্ত করিবার ও তাঁহারদের ক্ষমতার যে২ বিধি এখন চলন আছে তাহা সংশোধন করিবার আইন।	২২ ও ২৯ ও ৩১ ধারা।
১৮০৯ সালের ১২ আইন।	সদর আদালতে যে২ দেওয়ানী মোকদ্দমার উপর আপীল হইতে পারে তাহা মফঃসল আদালতে প্রথমত উপস্থিত করিতে পারিবার ও কোন২ মোকদ্দমাতে যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রী জারী করিবার ক্ষমতা দেওনের আইন।	সম্পূর্ণ আইন।

[*Government Gazette, 7th June*, 1839.]

যে আইন।	আইনের নাম।	যত রদ হয়।
১৮১১ সালের ২ আইন।	দেওয়ানীআদালতের যে২ বিধিমতে পরওয়ানা জারী করিতে হয় তাহার কোন২ স্থলে অর্থ করিবার ও সংশোধন করিবার ও ১৮০৮ সালের ৫ আইনের ৪ ধারার ৪ প্রকরণের লিখিত বিধির সংশোধন করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮১৬ সালের ৬ আইন।	এদেশীয় আমীনদিগের পদসম্পর্কীয় যে২ বিধি করা গিয়াছে তাহা একই আইনের মধ্যে সংগ্রহ করিবার ও দেওয়ানী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করণ কার্য্যেতে তাঁহারদের যে ক্ষমতা আছে তাহা পরিবর্ত্তন ও বৃদ্ধি করিবার ও জিলার মুনসেফ বলিয়া তাঁহারদিগকে অতিরিক্ত কোন২ কার্য্য করিবার ক্ষমতা দেওনের আইন।	১২ ও ১৩ ও ১৪ ও ১৫ ও ১৬ ও ১৭ ও ১৮ ও ১৯ ও ২০ ও ২১ ও ২২ ও ২৩ ও ২৪ ও ২৫ ও ২৬ ও ২৭ ও ২৮ ও ২৯ ও ৩০ ও ৩৩ ও ৩৪ ও ৩৫ ও ৩৬ ও ৩৭ ও ৩৮ ও ৩৯ ও ৪০ ও ৪২ ও ৪৪ ও ৪৫ ও ৪৬ ও ৪৭ ও ৪৮ ও ৫১ ও ৫২ ধারা ও ৫৩ ধারার ১ প্রকরণের বর্জ্জিত কথা অবধি শেষপর্য্যন্ত ও ৫৪ ও ৫৬ ও ৫৭ ও ৫৮ ও ৬০ ও ৬১ ও ৬২ ধারার ২ প্রকরণ।
১৮১৬ সালের ৮ আইন।	মফঃসল আদালত যে জিলাতে স্থাপন হয় সেই জিলার জজ সাহেবেরা যে সকল মোকদ্দমা অর্পণ করেন তাহার বিচার করিবার জন্যে মফঃসল আদালতের পণ্ডিতদিগকে সদর আমীনের অথবা দেশীয় প্রধান আমীনের পদে নিযুক্ত করিবার ও মফঃসল আদালতের পণ্ডিত ও জিলার আদালতের মৌলবী ও পণ্ডিত ভিন্ন অন্য কোন কাহাকে সদর আমীনী পদে নিযুক্ত না করিবার ও দেওয়ানী মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে সদর আমীনেরদের ক্ষমতা পরিবর্ত্তন ও বৃদ্ধি করিবার আইন।	৮ ও ১০ ও ১৪ ধারা।
১৮১৬ সালের ১৪ আইন।	দেওয়ানী আদালতের উকীলদিগের পদের যে বিধি হইয়াছে তাহা পরিবর্ত্তন ও সংশোধন করিবার আইন।	১৬ ও ১৭ ধারা।
১৮১৬ সালের ১৫ আইন।	প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার ও আপীলের বিচার কার্য্যেতে জিলার ও মফঃসল আদালতের ও সদর আদালতের এলাকা পরিবর্ত্তন করিবার ও জাবেতামতের মোকদ্দমার নিষ্পত্তির উপর যে খাস ও সরাসরী আপীল হয় তাহা গ্রাহ্য ও বিচার করিবার যে২ বিধি এখন চলন আছে তাহার কএক বিধি সংশোধন করিবার ও জাবেতামতের মোকদ্দমাতে ও আপীলেতে মওয়াল জওয়াবের ও পরওয়ানার বিষয়ে ও ডিক্রী জারী করিবার নিয়মের বিষয়ে যে২ বিধি এখন চলন আছে তাহার কোন২ বিধি খাট করিবার ও পরিবর্ত্তন করিবার আইন।	৮ ধারার ২ প্রকরণের যে ভাগে সদর আমীনের উপর জজ সাহেবের নিকটে আপীল হইবার বিধান হয় সেই ভাগ ছাড়া সম্পূর্ণ আইন।
১৮১৭ সালের ৮ আইন।	ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর সৈন্যদলের মধ্যে নিয়মিত পল্টনের হুদ্দাদারেরা ও সিপাহীরা দেওয়ানী যে২ মোকদ্দমার বাদী কি প্রতিবাদী হয় তাহার বিচার আরো সহজ হইবার নিমিত্তে ও তাহারদের স্বত্ব ও দাওয়া ও সম্পর্ক পাইবার ও রক্ষা করিবার জন্যে সুবিধা করণের আইন।	৯ ধারা ছাড়া সম্পূর্ণ আইন।
১৮১৮ সালের ৭ আইন।	দেওয়ানী আদালতে কোন২ লোকেরদিগকে পাপরস্বরূপে নালিশ করিবার অনুমতি দেওনের যে২ বিধি হইয়াছে সেই সকল বিধি সংশোধন ও পরিবর্ত্তন করিয়া একি আইনেতে সংগ্রহ করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮২২ সালের ৩ আইন।	১৮১৮ সালের ৭ আইনের কার্য্য বিস্তারিত করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৩ সালের ১ আইন।	সরকারী কার্য্যকারক সাহেবেরদের নামে আদালতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে কার্য্য নির্ব্বাহ করিবার বিধি নির্দ্দিষ্ট করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৩ সালের ২ আইন।	রেজিষ্টর সাহেবেরদের ও সদর আমীনেরদের ডিক্রীর উপর খাস আপীল করিবার অনুমতি দেওনের ও ১৮১৬ সালের ৮ আইনের ১৪ ধারার বিধান মতান্তর করিবার আইন।	সম্পূর্ণ আইন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৭ জুন।]

যে আইন।	আইনের নাম।	যত রদ হয়।
১৮২৫ সালের ৪ আইন।	১৮১৮ সালের ৭ আইনের লিখিত বিধান সংশোধন ও মতান্তর করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ১ আইন।	ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ রাজধানীর অধীন দেশে সহকারি জিলার আদালত স্থাপন করিবার ও সেই২ আদালতে আসিষ্টাণ্ট জজ সাহেবদিগকে ও সদর আমীনদিগকে নিযুক্ত করিবার আইন।	৯ ধারা।
১৮২৭ সালের ১১ আইন।	খাস আপীলের বিষয়ে ১৮২৭ সালের ১ আইনে ও ৭ আইনে যে কিছু কথাছাড়া হইয়াছিল তাহা ধরিয়া দিবার ও মফঃসল আদালত যে স্থানে আছে সেই স্থানে সহকারি আদালত থাকিলে তাহাতে সদর আমীনদিগকে নিযুক্ত করিবার বিধান করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৮ সালের ৬ আইন।	আপীল করিবার মিয়াদের বিধি সংশোধন করিবার ও জিলার আদালতে যে২ মোকদ্দমা উপস্থিত হইয়া তাহাতে যত টাকা কিম্বা যে মূল্যের সম্পত্তি লইয়া বিবাদ হয় তাহা সেই আদালতের বিচার করিবার অতিরিক্ত হওয়াতে খারিজ হইলে সেই২ মোকদ্দমাতে উকীলেরদের যে রসুম আমানৎ হইয়াছে তাহা লইয়া যাহা করিতে হইবেক ইহার বিধি করিবার আইন।	
১৮২৯ সালের ১ আইন।	আপীলী মোকদ্দমার বিচার করিবার যে বিধি চলন আছে তাহা সংশোধন করিবার ও যথার্থ বিচার নির্ব্বাহের কার্য্যেতে অপক্ষপাতিত্ব হইবার আরো উত্তম বিধান করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৩১ সালের ৮ আইন।	সদর ও ফৌজদারী আদালতে ও মফঃসল আপীল আদালতের দুই কি ততোধিক জন জজ সাহেবেরা যে২ ক্ষমতামতে কার্য্য করেন তাহা কোন২ অংশে সংশোধন করিয়া ঐ২ আদালতে এক জন জজ সাহেবের প্রতি অর্পণ করিবার আইন।	৪ ধারা।
১৮৩২ সালের ১ আইন।	আদালতে যে দরখাস্ত দাখিল করা যায় তাহাতে মিথ্যা কথা থাকিলে তাহার দণ্ড করিবার ও ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি ক্রোক হয় তাহার উপর কৃত্রিম দাওয়া হইলে তাহার দণ্ড করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮৩৪ সালের ২ আইন।	১৮২৮ সালের ২ আইনের ৩ ধারা রদ করিবার ও মোকদ্দমার বিচার কালে জিলার মুনসেফেরা আপনারদের মেহনতানাস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার রসুম গ্রহণ করিতে পারিবেন; এই বিধান অন্য যে কোন আইনেতে হইয়াছে তাহা রদ করিবার আইন।	৫ ধারা।

বোম্বাই।

১৮২৭ সালের ২ আইন।	দেওয়ানী আদালতের এলাকাপ্রভৃতি নিরূপণ করিবার ও সেই২ আদালতের কার্য্যকারকেরদের ও বিচারকর্ত্তাদিগের ক্ষমতা ও কর্ত্তব্য কার্য্য নিরূপণ করিবার আইন।	৫ ধারা অবধি ১৮ ধারা পর্য্যন্ত ও ২১ ও ২২ ও ২৩ ও ৪১ ও ৪২ ও ৪৩ ও ৫১ ধারা।

[*Government Gazette, 7th June*, 1859.]

যে আইন।	আইনের নাম।	যত রদ হয়।
১৮২৭ সালের ৩ আইন।	দেওয়ানী আদালতের সাধারণমতের সরকারী কার্য্য করিবার ও সেই২ আদালতের বৈঠকের ও সেই২ আদালতের সঙ্গে লেখাপড়া করিবার নিয়মের ও তাঁহারদের কবকারী কার্য্য লিখিয়া রাখিবার বিধির ও পরওয়ানাতে মোহর করিবার ও দস্তখৎ করিবার ও সেই পরওয়ানা যে ভাষাতে লিখিতে হইবেক তাহার ও সিরিশ্তায় যে কাগজপত্র থাকে তাহার নকল দিবার বিধানের আইন।	২ ও ৩ ধারা।
১৮২৭ সালের ৪ আইন।	দেওয়ানী মোকদ্দমায় ও আপীলী মোকদ্দমায় আদালতের কার্য্য নির্ব্বাহ করিবার নিয়ম ও সেই২ মোকদ্দমার বিচার করিবার বিধি নির্দ্দিষ্ট করিবার আইন।	১০০ ধারা ছাড়া সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ৬ আইন।	লোকেরদিগকে পাপরস্বরূপে নালিশ করিতে ও মোকদ্দমায় কি আপীলী মোকদ্দমায় সওয়াল জওয়াব করিতে অনুমতি দিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ৭ আইন।	দেওয়ানী মোকদ্দমা পঞ্চায়তের প্রতি অর্পণ করিয়া আপোসে মিটাইয়া দিবার কার্য্য সহজ করিবার আইন।	সম্পূর্ণ আইন।
১৮২৭ সালের ১৮ আইন।	বোম্বাই রাজধানীর অধীন দেশের মধ্যে কোন২ কাগজপত্রের উপর ইষ্টাম্পের মাসুল আদায় করিবার আইন।	সাক্ষিরদিগকে তলব করিবার ও তাহারদের জোবানবন্দী লইবার ও দস্তাবেজ দাখিত করিবার নিমিত্তে দরখাস্ত হইলে ইষ্টাম্পের মাসুল লওয়া যাইতে পারিবেক এই বিধি ১৮ ধারার যে ভাগে আছে সেই ভাগ।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 26th May, 1859.

Moonshee Izzut Hossein, Moonsiff of Mungledye, in Assam, to be Moonsiff of Sheebgunge, Zillah Dinagepore.

LEAVES OF ABSENCE.

The 26th May, 1859.

Baboo Sheebpershad Sing, Moonsiff of Kendraparah, Zillah Cuttack, for one month, on Medical Certificate, in extension of the leave granted to him under the Court's orders of the 3rd instant.

The 28th May, 1859.

Moulvie Ghollam Rubbanee, Moonsiff of Ghattal, Zillah Hooghly, for fifteen days, to enable him to place himself under Medical treatment.

Baboo Gungakanto Mookerjee, Moonsiff of Atteeah, Zillah Mymensing, for ten days, on private affairs.

A. W. RUSSELL, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৬ মে।

আসামের মঙ্গলদায়ের মুনসেফ শ্রীযুত মুনশী ইজ্জৎ হুসেন দিনাজপুরের শিবগঞ্জের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৬ মে।

কটকের কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ সদর আদালতের বর্ত্তমান মাসের ৩ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৮ মে।

জিলা হুগলীর ঘাটালের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বানী চিকিৎসা হইবার জন্যে পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ময়মনসিংহের আটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাকান্ত মুখুয্যা আপন কর্ম্মের নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৭ জুন।]

RECEIVED SALE ADVERTISEMENT.

From the Collectorate of Sylhet, dated the 25th May; the land in question is to be sold on the 22nd June. This will appear next week.

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY, an Insolvent.

On Saturday, the Second day of April last, upon an application of the Assignee in this matter. It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 20,743-11-4 in his hands, pay a dividend at the rate of Co.'s Annas Eight per cent. (which will amount to the sum of Co.'s Rs. 12,000,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 30th May, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ মে সাহেবের বিষয়ে।

আমৈনি সাহেবগত আপ্রিল মাসের ২ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আমৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁর হাতে কোম্পানির যে ২০,৭৪৩৷৷৶৪ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ৷৷০ আনার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১২,০০০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা মর্য্যাদ দেওয়া গেল।

সরকারী আমৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ৩০ মে।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।
রিশীবর আফিশ।
ইজারা।

আশুতোষ দেদিগর — বাদী।
রাজকুমারী দাসীদিগর — প্রতিবাদিনীগণ।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১৩ জুন সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিশীবর শ্রীযুত জেমস ওএলচ সাহেব তাঁহার আফিশে মৃত কৃষ্ণানন্দ বিশ্বাসের ইষ্টেটের বন্ধ জেলা চব্বিশপরগনার শামিল নীচের লিখিত গ্রামহাবের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে রিশীবর আফিশে উপস্থিত হইবেন ইতি।

পরগনে কলিকাতার মহল মদরশার অন্তঃপাতি তরফ হাদিয়ার মৌজে নিজ হাদিয়া ও মৌজে খেয়াদহ নেওয়ার জঙ্গল জমি।

ঐ পরগনার মহল শ্রীবাটীর অন্তঃপাতি মৌজে কুমারপুখরিয়া সেওয়ায় জঙ্গল জমি।

আর২ বৃত্তান্ত রিশীবর আফিশে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌউব রিশীবর আফিশ তারিখ ২৩মে ১৮৫৯ সাল।

নিম্ন লিখিত বাঙ্গলা পুস্তকাদি, ক্রেতাগণ, সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী, কিম্বা শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের আফিসে প্রাপ্ত হইতে পারিবেন।

মালসংক্রান্ত পূর্ব্ব আইন পরিবর্ত্তনপূর্ব্বক সম্প্রতি প্রচারহওয়া ১৮৫৯ সালের ১০ আইন। মূল্য ১৲ টাকা।

১৮৫৪ সালাবধি ১৮৫৭ সালপর্য্যন্তের আইন ও সরক্যুলর অর্ডরইত্যাদি। মূল্য ১৷৷০ টাকা।

এই২ আইন বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় ইং ১৮৫৯ সালের ৮, ১০ ও নূতন অন্যং আইন এবং ১৮৫৮ সালের আইন ও সরক্যুলর অর্ডর সংগৃহীত হইয়া মুদ্রিত হইতেছে তন্মূল্য ৪৲ টাকা।

ইং ১৭৯৩ সালহইতে ১৮৫৯ সনের ৩০ জুনপর্য্যন্ত যে সমস্ত আইন দেওয়ানী ও কালেক্টরীসংক্রান্ত কার্য্য নির্ব্বার্থে প্রচার হইয়াছে তন্মধ্যে নব্য আইন সকল দ্বারা পূর্ব্ব আইন যাহা রদ হইয়াছে তাহা রহিত করিয়া সমুদয় আইন একি পুস্তকে প্রকটিত হইতেছে মূল্য এইক্ষণে নিরূপণ করা গেল না পশ্চাৎ ছাপা হইলে ধার্য্য করা যাইবেক জিলা ফরীদপুরের ফৌজদারীর নাজির শ্রীযুত বাবু রামচরণ দত্তের নিকট পত্র পাঠাইলে পুস্তক পাওয়া যাইবেক।

RAMCHURN DUTT, *Fouzdaree Nazir, Ferreedpore.*

The 1st June, 1859.

[*Government Gazette, 7th June*, 1859.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 14, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১৪ জুন।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 4th May 1859, and is hereby promulgated for general information :—

ACT No. XI. OF 1859.

An Act to improve the law relating to sales of Land for arrears of Revenue in the Lower Provinces under the Bengal Presidency.

[Preamble.]

WHEREAS it is expedient to discontinue the practice of obtaining the previous sanction of the Board of Revenue to sales of estates for arrears of revenue, or other demands of Government, in the Province of Cuttack : and whereas it is just that a person having a lien upon an estate, and paying the money necessary to protect it from sale for arrears of revenue, should be reasonably secured : and whereas it is expedient to afford sharers in estates, who duly pay their shares of the Sudder Jumma of their estates, easy means of protecting their shares from sale by reason of the default of their co-sharers : and whereas it is expedient to afford land-holders, particularly absentees, facilities in guarding against the accidental sale of their estates for arrears of revenue by reason of the neglect or fraud of their agents : and whereas it is expedient to provide for the voluntary registration of dependent talooks existing at the time of settlement : and whereas it is expedient to protect the holders of registered under-tenures created since the settlement, and not resumable by the grantors or their representatives, from loss by the avoidance of their tenures on the occasion of a sale of the superior estate for arrears of public revenue,

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌনসেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ৪ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন। সেই আইন সকল লোকের জানিবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১১ আইন।

বাঙ্গলা রাজধানীর বাঙ্গলাপ্রভৃতি দেশে বাকী মালগুজারীর নিমিত্তে ভূমির নীলাম করিবার আইন পূর্ব্বাপেক্ষা উত্তম করিবার আইন।

[হেতুবাদ।]

কটক প্রদেশে বাকী মালগুজারীর নিমিত্তে কিম্বা সরকারের অন্যং দাওয়ার নিমিত্তে জমীর নীলাম করিবার আগে বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতি লইবার রীতি রহিত করা বিহিত। ও কোন মহালের উপর বন্ধকাদিক্রমে কোন লোকের দাওয়া থাকিলে, বাকী মালগুজারীর নিমিত্তে সে মহালের নীলাম না হইবার কারণে যত টাকার আবশ্যক হয় তত টাকা যদি সেই লোক দাখিল করে তবে তাহাকে উপযুক্তরূপে রক্ষা করা ন্যায্য হয়। আর মহালের যে অংশিরা আপনং হিস্যার সদর জমা উচিতমতে দিয়া থাকে তাঁহারদের অংশ অন্যং অংশিরদের খাজানা বাকী পড়াতে নীলাম না হয় এমতে রক্ষা করিবার সহজ উপায় করা বিহিত। আর জমীদারেরদের, বিশেষতঃ যে জমীদারেরা ভিন্ন স্থানে থাকে, তাহারদের কর্ম্মকারকেরদের কসুর কি প্রতারণাপ্রযুক্ত তাহারদের মহালের বাকী মালগুজারীর নিমিত্তে দৈবাৎ নীলাম না হওয়ার উপায় করা বিহিত। ও বন্দোবস্তের কালাবধি যে মফঃসলী তালুক আছে তাহা তালুকদারের স্বেচ্ছামতে রেজিষ্টরী করিবার বিধানকরা বিহিত। ও যে পেটাও তালুক বন্দোবস্তের সময়ের পরে হইয়া পাট্টাদেওনিয়ারদের কি তাহারদের স্থলাভিষিক্তেরদের দ্বারা ফিরিয়া লওয়া যাইতে পারে না, এমত তালুক যে মহালের অন্তর্গত থাকে, তাহার বাকী মালগুজারী যদি নীলামের দ্বারা আদায় হইতে পারে, তবে নীলাম হইলেও ঐ পেটাও তালুক রেজিষ্টরী হইলে, তাহার পাট্টা স্বেলাফ

when the arrears can be realized by such sale: and to give absolute security to such tenures by special registry, when shown to be held at rents sufficient for the security of the revenue: and it is therefore proper, for the above and other purposes, to improve the law relating to sales of land for arrears of revenue in the Provinces of Bengal, Behar, and Orissa: It is enacted as follows:—

[Laws repealed.]

I. Regulation X. 1818 (*relating to collection of the public revenue from proprietors and farmers of land in the District of Cuttack &c.*) is hereby repealed; and from the date of the passing of this law, Act I. of 1845 (*regarding sales of land for arrears of Revenue*), except in so far as it repeals other laws, and except in regard to sales made or advertised, to arrears and other demands realizable, and to suits commenced and acts done, under authority thereof—shall cease to have effect in the Lower Provinces of Bengal.

[What is an arrear of revenue.]

II. If the whole or a portion of a kist or instalment of any month of the era, according to which the settlement and kistbundee of any mehal have been regulated, be unpaid on the first of the following month of such era, the sum so remaining unpaid shall be considered an arrear of revenue.

[Latest day of payment.]

III. Upon the promulgation of this Act, the Board of Revenue at Calcutta shall determine upon what dates all arrears of revenue and all demands which by the Regulations and Acts in force are directed to be realized in the same manner as arrears of revenue, shall be paid up in each district under their jurisdiction, in default of which payment the estates in arrear in those districts, except as hereinafter provided, shall be sold at public auction to the highest bidder. And the said Board shall give notice of the dates so fixed in the official Gazette, and shall direct corresponding publication to be made as far as regards each district in the language of that district, in the office of the Collector or other officer duly authorized to hold sales under this Act, in the Courts of the Judge, Magistrate, (or Joint Magistrate, as the case may be,) and Moonsiffs, and at every Thannah station of that district; and the dates so fixed shall not be changed except by the said Board by advertisement and notification, in the manner above described, to be issued at least three months before the close of the official year preceding that in which the new date is, or dates are, to take effect.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৪ জুন।]

হওনদ্বারা ঐ পাট্টাদারেরদের ক্ষতি না হয় তাহারদের এমত রক্ষা করা বিহিত। আর সে তালুকের যত খাজানা দেওয়া যাইতেছে তাহা বুঝিয়া ঐ মহালের জমা পরিশোধ করিবার উপযুক্ত ইহা দর্শান গেলে, তাহার বিশেষ রেজিষ্টরী করণদ্বারা সম্পূর্ণরূপে রক্ষা করা বিহিত। ইত্যাদি কারণে বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশে বাকী মালগুজারীর নিমিত্তে ভূমির নীলাম করিবার আইন পূর্ব্বাপেক্ষা উত্তম করা উচিত হওয়াতে এই২ বিধান হইল।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। কটকপ্রভৃতি প্রদেশে সরকারী মালগুজারী জমীদারেরদের ও ইজারদারের স্থানে আদায় করণের ১৮১৮ সালের ১০ আইন ইহাতে রদ হইল। ও এই আইন জারী হইবার তারিখঅবধি মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে ভূমির নীলামের ১৮৪৫ সালের ১ আইন বাঙ্গলাপ্রভৃতি দেশে প্রবল থাকিবেক না। কিন্তু ঐ আইনের যে২ কথাতে অন্য২ আইন রদ হইল সেই২ কথা বহাল থাকিবেক, ও ঐ আইনের ক্ষমতাক্রমে যে কোন নীলাম হইয়াছে ও যে নীলামের ইশ্তিহার হইয়াছে তাহার সম্পর্কে, ও যে২ বাকী মালগুজারী ও অন্য২ দাওয়া আদায় হইতে পারে, ও যে২ মোকদ্দমা আরম্ভ হইল ও যে২ কার্য্য করা গেল, তাহার সম্পর্কে, ঐ আইন রদ হইবেক না ইতি।

[মালগুজারীর বাকী যাহাকে বলে তাহার কথা।]

২ ধারা। যে সন ধরিয়া কোন মহালের বন্দোবস্তের ও কিস্তীবন্দীর নিয়ম হয়, সেই সনের কোন মাসের সমুদয় কিস্তী অথবা তাহার কতক অংশ সেই সনের তৎপর মাসের প্রথম তারিখপর্য্যন্ত যদি না দেওয়া গিয়া থাকে তবে ঐ না দেওয়া টাকা মালগুজারীর বাকী জান হইবেক ইতি।

[মালগুজারী দিবার শেষ দিনের কথা।]

৩ ধারা। এই আইন জারী হইলে, কলিকাতার বোর্ড রেবিনিউর সাহেবেরদের তাবে প্রত্যেক জিলার মধ্যে, সমস্ত বাকী মালগুজারী, ও যে সকল দাওয়া চলিত আইনানুসারে বাকী মালগুজারীর মতে আদায় করিতে হুকুম আছে সেই২ দাওয়ার টাকা, যে২ তারিখে দাখিল করিতে হইবেক, সেই২ তারিখ কলিকাতার বোর্ড রেবিনিউর সাহেবেরা নিরূপণ করিবেন। সেই২ তারিখপর্য্যন্ত ঐ টাকা না দেওয়া গেলে, ঐ২ জিলার মধ্যে যে সকল মহালের মালগুজারী বাকী থাকে তাহা নীলাম হইয়া যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক। কিন্তু এই আইনেতে অন্য যে বিধি করা যাইতেছে তাহা বহাল থাকিবেক। এবং ঐ বোর্ডের সাহেবেরা ঐ নিরূপিত তারিখের সম্বাদ সরকারী গেজেটে প্রকাশ করিবেন, ও এক২ জিলাসম্পর্কীয় সেই প্রকারের সম্বাদ ঐ২ জিলার কালেক্টর সাহেবের, কিম্বা অন্য যে কার্য্যকারক এই আইনমতে নীলাম করিতে উপযুক্তরূপে ক্ষমতাপন্ন হন, তাঁহার কাছারীতে, এবং জজ, ও মাজিষ্ট্রেট, (অথবা বিষয়বিশেষে জইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে,) ও মুনসেফেরদের কাছারীতে, ও প্রত্যেক থানায়, সেই জিলার চলিত ভাষাতে প্রকাশ করিতে হুকুম দিবেন। ও যে২ তারিখ উক্তরূপে নিরূপণ হয় সেই২ তারিখ, উক্ত বোর্ডের সাহেবেরা উক্ত প্রকারে ইশ্তিহার ও এত্তেলা দিয়া যাবৎ পরিবর্ত্তন না করেন, তাবৎ তাহার পরিবর্ত্তন হইবেক না। যখন হয় তখন নূতন তারিখ বা তারিখসকল, যে বৎসরে চলন হইবেক, সরকারী তাহার পূর্ব্ব বৎসরের শেষ হইবার আগে অন্যূন তিন মাস থাকিতে, ঐ ইশ্তিহার ও এত্তেলানামা জারী করিতে হইবেক ইতি।

[In Sylhet, personal property liable to distress and sale.]

IV. Provided that in the district of Sylhet, the Collector may be authorized by the Board of Revenue to proceed in the first instance by the distress and sale of the personal property of defaulters, instead of by the sale of their estates.

[Proviso in the case of certain descriptions of arrear.]

V. Provided always that no estate, and no share or interest in any estate, shall be sold for the recovery of arrears or demands of the descriptions mentioned below, otherwise than after a notification in the language of the district, specifying the nature and amount of the arrear or demand, and the latest date on which payment thereof shall be received, shall have been affixed for a period of not less than fifteen clear days preceding the date fixed for payment, according to Section III. of this Act, in the office of the Collector or other officer duly authorized to hold sales under this Act, in the Court of the Judge within whose jurisdiction the land advertised lies, and in the Moonsiff's Court and Police Thannah of the division in which the estate or share of an estate to which the notification relates, is situated; or if the estate or share of an estate be situated within the jurisdiction of more than one Moonsiff's Court or Police Thannah, in some one or more of such Courts or Thannahs; and also at the cutcherry of the malgoozar or owner of the estate or share of an estate, or at some conspicuous place upon the estate or share of an estate, the same to be certified by the peon or other person employed for the purpose.

First.—Arrears other than those of the current year, or of the year immediately preceding.

Secondly.—Arrears due on account of estates other than that to be sold.

Thirdly.—Arrears of estates under attachment by order of any judicial authority, or managed by the Collector in accordance with such order.

Fourthly.—Arrears due on account of tuccavee, poolbundee, or other demands not being land-revenue, but recoverable by the same process as arrears of land revenue.

[Notifications of sale to be issued, and no tender after latest day of payment to stop the sale.]

VI. The Collector or other officer duly authorized to hold sales under this Act shall, as soon as possible after the latest day of payment fixed in the manner prescribed in Section III. of this Act, issue notifications in the language of the district, to be affixed in his own Office and in the Court of the Judge of the district, specifying the estates or shares of estates which will be sold as aforesaid, and the day on which the sale of the same will commence, which day shall not be less than fifteen or more than thirty clear days

[*Government Gazette*, 14*th June*, 1859.]

[ছিলটে অন্যবর সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারিবার কথা।]

৪ ধারা। পরন্তু ছিলট জিলার মধ্যে, বাকীদারেরদের মহাল নীলাম না করিয়া, প্রথমে তাহারদের অন্যবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিতে, বোর্ড রেবিনিউর সাহেবেরা কালেক্টর সাহেবকে ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[বিশেষ২ প্রকারের বাকীসম্পর্কে বর্জ্জিত বিধি।]

৫ ধারা। কিন্তু নীচের লিখিত প্রকারের বাকী বা দাওয়া আদায় করিবার জন্যে কোন মহাল, ও মহালের কোন অংশ, কি সম্পর্কে এই নিয়মমতে কার্য্য না হইলে, নীলাম হইবেক না। অর্থাৎ এই আইনের ৩ ধারানুসারে টাকা দিবার যে তারিখ নিরূপণ হয়, সেই তারিখের পূর্ব্বে অন্যূন সম্পূর্ণ পনের দিনপর্য্যন্ত, জিলার চলিত ভাষায় এক ইশ্তিহারনামা কালেক্টর সাহেবের কাছারীতে, কিম্বা এই আইনমতে নীলাম করণের উপযুক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের কাছারীতে, ও ইশ্তিহারহওয়া ভূমি যে জজ সাহেবের এলাকার মধ্যে থাকে সেই জজ সাহেবের আদালতে ও যে মহালের কি মহালের যে অংশের ইশ্তিহার হয় তাহা যে চৌকীতে থাকে সেই চৌকীর মুনসেফের কাছারীতে, ও পোলীসের থানায় লটকাইতে হইবেক। কিম্বা যদি সে মহাল কি তাহার অংশ একের অধিক মুনসেফের কি পোলীসের থানার এলাকার মধ্যে থাকে তবে তাহার মধ্যে কোন এক কি অধিক কাছারীতে কি থানায় লটকাইতে হইবেক। আরো ঐ ইশ্তিহারনামা ঐ মহালের কি তাহার অংশের মালগুজারের কি মালিকের কাছারীতে, কিম্বা ঐ মহালের কি তাহার অংশের মধ্যে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লটকান যাইবেক, ও যে পেয়াদা অথবা অন্য যে ব্যক্তি সেই কর্ম্মে নিযুক্ত হয় সেই ব্যক্তি ইশ্তিহার প্রকাশ হইবার কথা জ্ঞাত করিবেক। ঐ বাকী টাকা কি দাওয়া যে প্রকারের ও যত হয়, ও যে শেষ তারিখে ঐ টাকা গ্রাহ্য হইবেক তাহা ঐ ইশ্তিহারনামাতে লিখিতে হইবেক। যে২ প্রকারের বাকীর কি দাওয়ার বাবতে ঐ নিয়ম খাটিবেক তাহা এই২।

প্রথম। চলিত বৎসরের অথবা তাহার অব্যবহিত পূর্ব্ব বৎসরের বাকী ছাড়া অন্য বৎসরের বাকী।

দ্বিতীয়। যে মহালের নীলাম হইবেক তাহাছাড়া অন্য মহালের বাবৎ বাকী।

তৃতীয়। আদালতের কোন কার্য্যকারকের হুকুমক্রমে যে মহাল ক্রোক হইয়াছে তাহার, কিম্বা তদ্রূপ হুকুমমতে কালেক্টর সাহেবের সরবরাহকরা মহালের বাকী।

চতুর্থ। তাগাদী বা পুলবন্দী অথবা ভূমির মালগুজারী না হইয়া, অন্য যে কোন দাওয়া ভূমির বাকী মালগুজারীর ন্যায় আদায় হইতে পারে তাহার বাবৎ বাকী ইতি।

[নীলামের ইশ্তিহার জারী হইবার কথা। ও মালগুজারী দিবার শেষ দিনের পরে টাকা দাখিল করিতে চাহিলেও নীলাম স্থগিত না হইবার কথা।]

৬ ধারা। কালেক্টর সাহেব, অথবা অন্য যে কার্য্যকারক এই আইনানুসারে নীলাম করিতে উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তিনি, এই আইনের ৩ ধারানুসারে টাকা দাখিল করিবার যে শেষ দিবস নিরূপিত হইয়াছে, সেই দিবসের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সেই জিলার চলিত ভাষায় লিখিত ইশ্তিহারনামা প্রকাশ করিবেন, ও আপনার কাছারীতে ও জিলার জজ সাহেবের কাছারীতে লটকাইবেন। যে২ মহাল বা মহালের যে২ অংশ পূর্ব্বোক্তমতে নীলাম হইবেক

from the date of affixing the notification in the Office of the Collector or other officer as aforesaid. And if the Government revenue of any estate or share of an estate to be sold, exceed the sum of five hundred Rupees, a notification of the sale of such estate or share of an estate shall be published in the official Gazette. Except as hereinafter provided, all estates or shares of estates so specified shall, on the day notified for sale, or on the day or days following be put up to public auction by and in the presence of the Collector or other officer as aforesaid, and shall be sold to the highest bidder. And no payment, or tender of payment, made after sunset of the said latest day of payment, shall bar or interfere with the sale, either at the time of sale or after its conclusion.

তাহা, ও যে দিবসে ঐ নীলাম আরম্ভ হইবেক তাহা, ঐ ইশ্তিহারেতে বিশেষ করিয়া লিখিতে হইবেক। ইশ্তিহার যে তারিখে ঐ কালেক্টর সাহেবের অথবা পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারকের কাছারীতে লট্কান যায়, সেই তারিখের পর সম্পূর্ণ পনের দিনের ক্রম না হয় ও ত্রিশ দিনের অধিক না হয়, এমত দিনে ঐ নীলাম আরম্ভ হইবেক। ও যে মহালের কিম্বা মহালের যে অংশের নীলাম হইবেক তাহার সদর মালগুজারী যদি পাঁচ শত টাকার অধিক হয়, তবে সেই মহালের কিম্বা তাহার অংশের নীলাম হইবার ইশ্তিহার সরকারী গেজেটে ছাপাইতে হইবেক। উক্ত প্রকারের নির্দ্দিষ্ট সকল মহাল কি মহালের অংশ নীলামের নিরূপিত দিবসে, অথবা তৎপর দিবস বা দিবসসকলে, কালেক্টর সাহেবের অথবা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের দ্বারা ও তাঁহার সাক্ষাতে নীলামে ধরা যাইবেক, ও যে ব্যক্তি অতি উচ্চ মূল্য ডাকে তাহাকে বিক্রয় করা যাইবেক। কিন্তু এই আইনে অন্য যে বিধান করা যাইতেছে তাহা বহাল থাকিবেক। টাকা দাখিল করিবার উক্ত যে শেষ দিবস নিরূপণ আছে, সেই শেষ দিবসে সূর্য্যাস্তের পরে টাকা দেওয়া গেলে, অথবা দিবার প্রস্তাব হইলেও, তাহাতে নীলামের সময়ে অথবা নীলাম হওনের পরে, ঐ নীলামের কি নিবারণ ব্যাঘাত হইবেক না ইতি।

[Notice to ryots, &c.]

VII. Whenever an estate or share of an estate is notified for sale as provided by Section VI. of this Act, the Collector or other officer as aforesaid shall affix a proclamation in the language of the district in his own Office, and as soon thereafter as may be in the Moonsiff's Courts and Police Thannahs within which the estate or share of an estate, or any part of it, is situated, and also at the cutcherry of the malgoozar or the owner of the estate or share of an estate, or, at some conspicuous place upon the estate or share of an estate forbidding the ryots and under-tenants to pay to the defaulting proprietor any rent which has fallen due after the day fixed for the last day of payment, on pain of not being entitled to credit in their accounts with the purchaser for any sums so paid.

[রাইয়তপ্রভৃতিকে এত্তেলা দিবার কথা।]

৭ ধারা। এই আইনের ৬ ধারামতে যদি কোন মহালের কিম্বা মহালের কোন অংশের নীলামের ইশ্তিহার হয়, তবে কালেক্টর সাহেব অথবা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক আপনার দফ্তরখানায়, ও তৎপরে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র করিয়া, যে মুনসেফের ও পোলীসের যে থানার এলাকার মধ্যে ঐ মহাল কি তাহার অংশ কি তাহার কোন ভাগ থাকে, সেই মুনসেফের কাছারীতে ও সেই থানায়, এবং ঐ মহালের কি তাহার অংশের মালগুজারের কি মালিকের কাছারীতে, অথবা ঐ মহালের কি তাহার অংশের মধ্যে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে, ঐ জিলার চলিত ভাষায় লেখা এক এত্তেলানামা লট্কাইয়া দেওয়াইবেন। ঐ এত্তেলানামাতে, ঐ মহালের রাইয়ত ও পাট্টাদার প্রজাদিগের প্রতি এই হুকুম হইবেক যে, মালগুজারী দেওনের যে শেষ দিবস নিরূপণ হইয়াছে সেই দিবসের পর যত খাজানা দেনা হয় তাহা তাহারা বাকীদারকে না দেয়, যদি দেয় তবে তদ্রূপে যত দেয় তাহা মহালের খরীদারের হিসাবে তাহারদের নামে জমা হয় তাহারদের এই স্বত্ব থাকিবেক না ইতি।

[Claims against Government held by a defaulter not to invalidate a sale.]

VIII. No claim to abatement or remission of revenue unless the same shall have been allowed by the authority of Government, and no private demand or cause of action whatever held or supposed to be held by any defaulter against Government shall bar or render void or voidable a sale under this Act; nor shall the plea that money belonging to the defaulter, and sufficient to pay the arrear of revenue due, was in the Collector's hands, bar or render void or voidable a sale under this Act, unless such money stand in the defaulter's name alone and without dispute, and unless, after application in due time made by the defaulter, or after the written agreement provided for in Section XV. of this Act, the Collector

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৪ জুন।]

[গবর্ণমেণ্টের উপর বাকীদারের দাওয়া থাকিলে তদ্দ্বারা নীলাম অসিদ্ধ না হইবার কথা।]

৮ ধারা। মালগুজারীর কমী বা মাফ হইবার যে কোন দাওয়া থাকে, তাহা যদি সরকারের হুকুমানুসারে মঞ্জুর না হয়, তবে ঐ দাওয়ার দ্বারা, অথবা সরকারের বিপক্ষে বাকীদারের কোন বিশেষ যে দাওয়া কি মোকদ্দমার কারণ থাকে বা তাঁহার বিবেচনাতে থাকে তদ্দ্বারা এই আইনানুসারে নীলাম নিবারণ কি অসিদ্ধ হইবেক না, কিম্বা অসিদ্ধ হইবার যোগ্য হইবেক না। ও বাকী মালগুজারী যাহাতে পরিশোধ হইতে পারে, বাকীদারের এত টাকা কালেক্টর সাহেবের হাতে আছে, এই ওজর করিলেও এই আইনমতের নীলাম নিবারণ কি অসিদ্ধ হইবেক না কি অসিদ্ধ হইবার যোগ্য হইবেক না। কিন্তু যদি ঐ টাকা বিনাবিরোধে কেবল বাকীদারের নামে জমা থাকে, ও বাকীদার উপযুক্ত সময়ের মধ্যে দরখাস্ত করিলে পর,

shall have neglected, or refused on insufficient grounds, to transfer it on payment of the arrear of revenue due.

[Deposits receivable from persons not proprietors.]

IX. The Collector or other Officer as aforesaid shall, at any time before sunset of the latest day of payment determined according to Section III. of this Act, receive as a deposit from any person not being a proprietor of the estate or share of an estate in arrear, the amount of the arrear of revenue due, to be credited in payment of the arrear at sunset as aforesaid, unless before that time the arrear shall have been paid by a defaulting proprietor of the estate. And in case the person so depositing, whose money shall have been credited in the manner aforesaid, shall be a party in a suit pending before a Court of Justice for the possession of the estate or share from which the arrear is due, or any part thereof, it shall be competent to the said Court to order the said party to be put into temporary possession of the said estate or share, or part thereof, subject to the rules in force for taking security in the cases of parties in Civil suits. And if the person so depositing, whose money shall have been credited as aforesaid, shall prove before a competent Civil Court that the deposit was made in order to protect an interest of the said person, which would have been endangered or damaged by the sale, or which he believed in good faith would have been endangered or damaged by the sale, he shall be entitled to recover the amount of the deposit, with or without interest as the Court may determine, from the defaulting proprietor. And if the party so depositing, whose money shall have been credited as aforesaid, shall prove before such a Court that the deposit was necessary in order to protect any lien he had on the estate, or share, or part thereof, the amount so credited shall be added to the amount of the original lien.

[Separation of shares held in common.]

X. When a recorded sharer of a joint estate, held in common tenancy, desires to pay his share of the Government revenue separately, he may submit to the Collector a written application to that effect. The application must contain a specification of the share held in the estate by the applicant. The Collector shall then cause to be published in his own Office in the Courts of the Judge, Magistrate (or Joint Magistrate, as the case may be), and Moonsiffs, and in the Police Thannahs in whose jurisdiction the estate or any part thereof is situated, as well as on some conspicuous part of the estate itself, a copy of the application made to him. If within six weeks from the date of the publication of these notices, no

[*Government Gazette*, 14*th June*, 1859.]

অথবা এই আইনের ১৫ ধারাতে যে লিখিত একরারনামার বিধান হইয়াছে তাহা করা গেলে পর, যদি কালেক্টর সাহেব ঐ বাকী মালগুজারী দেওনমতে ঐ টাকা খারিজদাখিল করিতে ত্রুটি করিয়াছিলেন, অথবা অপ্রচুর কারণেতে অস্বীকার করিয়াছিলেন, তবে তাহাতে নীলাম নিবারণ কি অসিদ্ধ হইতে পারিবেক ইতি।

[মালিকভিন্ন অন্য লোকেরদের স্থানে আমানতের টাকা গ্রাহ্য হইতে পারিবার কথা।]

৯ ধারা। এই আইনের ৩ ধারামতে টাকা দাখিল করণের নিরূপিত শেষ দিবসে সূর্য্যাস্তের পূর্ব্বে কোন সময়ে, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক, ঐ বাকীপড়া মহালের কি মহালের অংশের মালিকভিন্ন অন্য কোন ব্যক্তির স্থানে আমানৎস্বরূপে ঐ মহালের বাকী মালগুজারীর টাকা গ্রাহ্য করিতে পারিবেন। ও যদি সূর্য্যাস্তের পূর্ব্বে ঐ মহালের বাকীদার মালিক ঐ বাকী টাকা শোধ না করে, তবে ঐ আমানতী টাকা সূর্য্যাস্ত হইবার সময়ে ঐ বাকীর পরিশোধে জমা হইবেক। ঐ আমানৎকারি যে ব্যক্তির টাকা পূর্ব্বোক্তমতে জমা করা যায়, সেই ব্যক্তি যদি ঐ বাকীপড়া মহালের কি অংশের কি তাহার কোন ভাগের দখল পাইবার নিমিত্তে আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্দমার এক পক্ষ হয়, তবে ঐ আদালত দেওয়ানী মোকদ্দমার বাদিপ্রতিবাদিরদের স্থানে জামিন লওনের যে বিধি চলন আছে তাহা বহাল রাখিয়া ঐ মহাল কি তাহার অংশ কি তাহার সেই ভাগ কিছু কালের নিমিত্তে উক্ত ব্যক্তির দখলে দেওয়াইবার হুকুম করিতে পারিবেন। আর ঐ আমানৎকারি যে ব্যক্তির টাকা পূর্ব্বোক্তমতে জমা হইয়াছে, সে যদ্যপি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন দেওয়ানী আদালতে এমত প্রমাণ করিতে পারে যে, ঐ মহালেতে তাহার যে সম্পর্ক আছে ঐ মহালের নীলাম হইলে ঐ সম্পর্কের বিঘ্ন বা ক্ষতি হইতে পারে, কিম্বা ঐ নীলাম হইলে বিঘ্ন বা ক্ষতি হয় তাহার প্রকৃতভাবে এমন বিশ্বাস আছে, অতএব ঐ সম্পর্ক রক্ষার রাশিবার নিমিত্তে সে টাকা আমানৎ করিয়াছিল, তবে সেই ব্যক্তি ঐ আমানতী টাকা আদালতের বিবেচনামতে সুদসমেত কিম্বা সুদবিনা, ঐ মহালের বাকীদার মালিকের স্থানে পাইতে পারিবেক। আর ঐ আমানৎকারি যে ব্যক্তির টাকা পূর্ব্বোক্তমতে জমা হইয়াছে, সে যদি এরূপ আদালতে এমত প্রমাণ করে যে, ঐ মহালের কি অংশের কি তাহার কোন ভাগের উপর তাহার বন্ধকাদিক্রমে যে দাওয়া আছে তাহার রক্ষার জন্যে তাহার ঐ টাকা আমানৎকরা আবশ্যক হইল, তবে সেই প্রকারে যত টাকা জমা হইয়াছে তাহা ঐ আসল দাওয়ার টাকার উপর চড়াইয়া দেওয়া যাইবেক ইতি।

[সাধারণরূপে অধিকারিরা অংশ বিভাগ করণের কথা।]

১০ ধারা। সাধারণরূপে ভোগকরা এজমালী মহালের এক জন লিখিত অংশী, গবর্ণমেণ্টের মালগুজারীর যে অংশ আপনার দিতে হয় তাহা যদি স্বতন্ত্র দিতে চাহে, তবে সে ঐ মর্ম্মের লিখিত দরখাস্ত কালেক্টর সাহেবকে দিতে পারিবেক। ঐ মহালেতে দরখাস্তকারির যে অংশ থাকে তাহা সেই দরখাস্তেতে বিশেষ করিয়া লিখিতে হইবেক। পরে কালেক্টর সাহেব আপনার নিকটে করা ঐ দরখাস্তের এক২ কৈতা নকল আপনার কাছারীতে, ও সেই মহাল কি তাহার কোন অংশ যাঁহারদের এলাকার মধ্যে থাকে, এমত জজ সাহেবের, ও মাজিষ্ট্রেট সাহেবের, (অথবা বিষয়বিশেষে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের) ও মুনসেফেরদের কাছারীতে, ও পোলীসের থানায় ও সেই মহালেরই কোন প্রকাশ স্থানে লট্কাইয়া দিবেন। দরখাস্তের ঐ সকল এত্তেলা

objection is made by any other recorded sharer, the Collector shall open a separate account with the applicant, and shall credit separately to his share all payments made by him on account of it. The date on which the Collector records his sanction to the opening of a separate account, shall be held to be that from which the separate liabilities of the share of the applicant commence.

[Separation of shares consisting of specific portions of land.]

XI. When a recorded sharer of a joint estate, whose share consists of a specific portion of the land of the estate, desires to pay his share of the Government revenue separately, he may submit to the Collector a written application to that effect. The application must contain a specification of the land comprised in his share, and of the boundaries and extent thereof, together with a statement of the amount of sudder jumma heretofore paid on account of it. On the receipt of this application, the Collector shall cause it to be published in the manner prescribed for publication of notice in the last preceding Section. In the event of no objection being urged by any recorded co-sharer within six weeks from the time of publication, the Collector shall open a separate account with the applicant, and shall credit separately to his share all payments made by him on account of it. The date on which the Collector records his sanction to the opening of a separate account, shall be held to be that from which the separate liabilities of the share of the applicant commence.

[If objection be made, parties to be referred to the Civil Court.]

XII. If any recorded proprietor of the estate, whether the same be held in common tenancy or otherwise, object that the applicant has no right to the share claimed by him, or that his interest in the estate is less or other than that claimed by him, or if the application be in respect of a specific portion of the land of an estate, that the amount of sudder jumma stated by the applicant to have been heretofore paid on account of such portion of land is not the amount which has been recognized by the other sharers as the jumma thereof, the Collector shall refer the parties to the Civil Court, and shall suspend proceedings until the question at issue is judicially determined.

[Sale of separate shares.]

XIII. Whenever the Collector shall have ordered a separate account or accounts to be kept for one or more shares, if the estate shall become liable to sale for arrears of revenue, the Collector or other officer as aforesaid in the first place shall put up to sale only that share or those shares of the estate from which, according to the separate accounts, an arrear of revenue may be due. In all such cases notice of the intention of excluding the share or shares from which no arrear is due, shall be given in the adver-

প্রকাশ হইবার তারিখঅবধি ছয় সপ্তাহপর্য্যন্ত যদি লিখিত অন্য কোন অংশী কিছু আপত্তি না করে, তবে কালেক্টর সাহেব ঐ দরখাস্তকারির সঙ্গে পৃথক্ একটা হিসাব আরম্ভ করিবেন, ও সেই ব্যক্তি আপন অংশের বাবতে যে সকল টাকা দাখিল করে তাহা তাহার অংশের হিসাবে পৃথক্‌রূপে জমা করিবেন। কালেক্টর সাহেব স্বতন্ত্র হিসাব করিতে আপনার অনুমতি যে তারিখে রিকার্ড করেন, সেই তারিখঅবধি দরখাস্তকারির অংশের স্বতন্ত্র দায় আরম্ভ হয়, এমত জ্ঞান হইবেক ইতি।

[ভূমির বিশেষ খণ্ডের অংশ স্বতন্ত্র করিবার কথা।]

১১ ধারা। এজমালী মহালের লিখিত অংশির যে অংশ থাকে, তাহা যদি জমীদারীর ভূমির বিশেষ খণ্ড হয়, ও সেই অংশী গবর্ণমেণ্টের মালগুজারীর আপন অংশ স্বতন্ত্র দিতে চাহে, তবে সে ঐ মর্ম্মের লিখিত দরখাস্ত কালেক্টর সাহেবকে দিবেক। দরখাস্তকারির অংশের মধ্যে যে জমী আছে তাহা ও তাহার পরিসীমা ও পরিমাণ বিশেষ করিয়া সেই দরখাস্তেতে লিখিতে হইবেক ও সেই কালপর্য্যন্ত ঐ খণ্ডের যত সদর জমা দেওয়া যাইতেছে তাহার কথাও ঐ দরখাস্তে লিখিতে হইবেক। সেই দরখাস্ত পাইলে পর, ১০ ধারাতে এত্তেলা প্রকাশ করিবার যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে, সেই নিয়মমতে কালেক্টর সাহেব ঐ দরখাস্ত প্রকাশ করাইবেন। তাহার প্রকাশ হইবার কালাবধি ছয় সপ্তাহের মধ্যে যদি ঐ মহালের লিখিত অন্য কোন অংশী কিছু আপত্তি না করে, তবে কালেক্টর সাহেব ঐ দরখাস্তকারির সঙ্গে পৃথক্ হিসাব রাখিবেন, ও সেই ব্যক্তি ঐ অংশের বাবতে যে সকল টাকা দাখিল করে তাহা তাহার অংশের হিসাবে পৃথক্‌রূপে জমা করিবেন। কালেক্টর সাহেব স্বতন্ত্র হিসাব করিতে আপনার অনুমতি যে তারিখে রিকার্ড করেন, সেই তারিখঅবধি দরখাস্তকারির অংশের স্বতন্ত্র দায় আরম্ভ হয়, এমত জ্ঞান হইবেক ইতি।

[আপত্তি হইলে উভয় পক্ষকে দেওয়ানী আদালতে পাঠাইবার কথা।]

১২ ধারা। সাধারণরূপে কি প্রকারান্তরে যে মহালের অধিকার হয়, দরখাস্তকারী তাহার যে অংশের দাওয়া করে তাহাতে তাহার কোন স্বত্ব নাই, অথবা মহালেতে যেপর্য্যন্ত কিম্বা যেপ্রকারের সম্পর্কের দাওয়া করে তাহার সেইপর্য্যন্ত কি সেই প্রকারের সম্পর্ক নয়, অথবা ঐ দরখাস্ত মহালের জমীর কোন বিশেষ খণ্ড লইয়া হইলে দরখাস্তকারির, কথামতে যত সদর জমা ঐ জমীখণ্ডের নিমিত্তে দেওয়া যাইতেছে তাহা ঐ মহালের অন্য অংশিরা তাহার জমা বলিয়া কখন স্বীকার করে নাই, কোন লিখিত মালিক যদি এইং আপত্তি করে, তবে কালেক্টর সাহেব উভয় পক্ষকে দেওয়ানী আদালতে পাঠাইবেন, ও সেই বিবাদের কথা যাবৎ দেওয়ানী আদালতে নিষ্পত্তি না হয়, তাবৎ তিনি ঐ রুবকারীর কার্য্য স্থগিত রাখিবেন ইতি।

[স্বতন্ত্র অংশের নীলামের কথা।]

১৩ ধারা। যখন কালেক্টর সাহেব এক কি অধিক অংশের নিমিত্তে পৃথক্ হিসাব রাখিবার আজ্ঞা করেন, তখন মহাল বাকী মালগুজারীর নিমিত্তে নীলাম হইবার যোগ্য হইলে, ঐ পৃথক্ হিসাবঅনুসারে মহালের যে এক কি অধিক অংশের কিছু মালগুজারী বাকী থাকে, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক, কেবল সেইং অংশ প্রথমে নীলাম করিবেন। এমত সকল গতিকে, যে এক কি অধিক অংশের কিছু বাকী পাওনা না থাকে সেইং অংশ ছাড়িয়া দিবার অভিপ্রায়ের সয়াদ এই আইনের ৬ ধারার নি-

tisement of sale prescribed in Section VI. of this Act. The share or shares sold, together with the share or shares excluded from the sale, shall continue to constitute one integral estate, the share or shares sold being charged with the separate portion or the aggregate of the several separate portions of jumma assigned thereto.

[Entire estate may be sold under certain conditions.]

XIV. If in any case of a sale held according to the provisions of the last preceding Section, the highest offer for the share exposed to sale shall not equal the amount of arrear due thereupon to the date of sale, the Collector or other officer as aforesaid shall stop the sale, and shall declare that the entire estate will be put up to sale for arrears of revenue at a future date, unless the other recorded sharer or sharers, or one or more of them, shall within ten days purchase the share in arrear by paying to Government the whole arrear due from such share. If such purchase be completed, the Collector or other officer as aforesaid shall give such certificate and delivery of possession as are provided for in Sections XXVIII. and XXIX of this Act, to the purchaser or purchasers, who shall have the same rights as if the share had been purchased by him or them at the sale. If no such purchase be made within ten days as aforesaid, the entire estate shall be sold, after notification for such period and publication in such manner as is prescribed in Section VI. of this Act.

[Deposit for the protection of an estate from sale.]

XV. If any recorded proprietor or co-partner of an estate shall deposit with the Collector money, or Government securities endorsed and made payable to the order of the Collector, and shall sign an agreement pledging the same to Government by way of security for the jumma of the entire estate, and authorizing the Collector to apply to the payment of any arrear of revenue that may become due from that estate the whole or any portion of the said money or securities that may be necessary for that purpose, then in the case of any arrear of revenue due from the said estate not being paid before sunset of the latest day of payment fixed under Section III. of this Act, the Collector shall apply to the payment of such arrear the said money or securities, or such part thereof or of any interest due on the said securities as may be necessary; and for this purpose the Collector shall first apply any money that may be in his hands and any interest that may be due upon such securities, and may then sell and transfer the securities for any balance that may remain. And so long as any money or securities as aforesaid, sufficient to cover any arrear that may fall due, shall remain and be available as aforesaid, the estate for the protection of which the said deposit was made shall be exempted from sale for arrears of revenue. All

র্দ্দিষ্ট নীলামের ইশ্তিহারে লিখিতে হইবেক। নীলাম-করা ঐ এক কি অধিক অংশ, ও নীলামহইতে ছাড়িয়া দেওয়া এক কি অধিক অংশ লইয়া, মোটে একি মহাল হইয়া থাকিবেক, ও যে এক কি অনেক অংশের নীলাম হয়, তাহার পৃথক্ যে জমা কি যেং জমা ধরা আছে তাহা সেই অংশ কি সেইং অংশহইতে আদায় করা যাইবেক ইতি।

[বিশেষ নিয়মমতে সম্পূর্ণ মহাল নীলাম হইতে পারিবার কথা।]

১৪ ধারা। উক্ত ১৩ ধারার বিধানমতে কোন নীলাম হইলে যে অংশ নীলামে ধরা যায় তাহার নিমিত্তে অত্যুচ্চ যে মূল্যের ডাক হয়, তাহা যদি নীলাম হইবার তারিখপর্য্যন্ত যত বাকী থাকে তাহার সমান না হয়, তবে কালেক্টর সাহেব কি পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব নীলাম স্থগিত করিয়া এই আজ্ঞা করিবেন যে, ঐ অংশের যত বাকী, হয় তাহা সমুদয় যদি লিখিত অন্য অংশী কি অংশিরা, কিম্বা তাহারদের মধ্যে কোন এক কি অধিক জন, দশ দিনের মধ্যে সরকারে দিয়া ঐ বাকীপড়া অংশ খরীদ না করে, তবে অন্য দিবসে সম্পূর্ণ মহাল বাকী মালগুজারীর নিমিত্তে নীলাম হইবেক। যদি সেইপ্রকারের বাকী দিয়া ঐ অংশ খরীদ করা যায়, তবে কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারক এই আইনের ২৮ ও ২৯ ধারাতে যে সার্টিফিকট দিবার ও দখল দেওয়াইবার কথা নির্দ্দিষ্ট থাকে তাহা ঐ খরীদারকে কি খরীদারদিগকে দিবেন ও দখল দেওয়াইবেন, তাহাতে নীলামে ঐ অংশ খরীদ করিলে ঐ খরীদারের কি খরীদারেরদের যে স্বত্ব হইত সেই স্বত্ব থাকিবেক। যদি পূর্ব্বোক্তমতে দশ দিনের মধ্যে ঐরূপ খরীদ না করা যায়, তবে এই আইনের ৬ ধারামতে ইশ্তিহার যত কাল ও যে প্রকারে প্রকাশ করিতে হয় তত কাল ও সেই প্রকারে প্রকাশ হইলে পর সম্পূর্ণ মহাল নীলাম হইবেক ইতি।

[মহালের নীলাম না হয় এই নিমিত্তে টাকা আমানৎ করার কথা।]

১৫ ধারা। যদি মহালের কোন লিখিত মালিক কিম্বা বখরাদার কালেক্টর সাহেবের নিকটে নগদ টাকা আমানৎ রাখে, কিম্বা গবর্ণমেণ্টের নিদর্শনপত্রের পৃষ্ঠে কালেক্টর সাহেবের নাম লিখিয়া তাঁহার হুকুমমতে পত্রের টাকা দেনা করিয়া পত্র আমানৎ করে, ও সম্পূর্ণ মহালের জমার জামিনীস্বরূপ ঐ টাকা কি পত্র গবর্ণমেণ্টে গচ্ছিত করিলাম ও সেই মহালের কিছু মালগুজারী বাকী হইলে কালেক্টর সাহেব ঐ টাকা কি ঐ নিদর্শনপত্রের ঐ টাকা কি তাহার যত আবশ্যক হয় তাহা লইয়া ঐ বাকী শোধ করিবেন, এই মর্ম্মের একরারনামায় দস্তখৎ করে, তবে এই আইনের ৩ ধারামতে মালগুজারী দাখিল করিবার যে শেষ দিন নিরূপণ হয়, সেই দিবসে সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে যদি ঐ মহালের কিছু বাকী মালগুজারী দাখিল না করা যায়, তবে কালেক্টর সাহেব ঐ টাকা কি নিদর্শনপত্র লইয়া, কি তাহার যে অংশ কিম্বা ঐ পত্রের উপর পাওনা কোন সুদের যে অংশ আবশ্যক হয়, তাহা লইয়া ঐ বাকীর পরিশোধে দিবেন। অর্থাৎ কালেক্টর সাহেবের হাতে যে নগদ টাকা থাকে ও সেই নিদর্শনপত্রের উপর যে কিছু সুদ পাওনা হয় তাহাই তিনি ঐ বাকীর শোধে প্রথমে দিবেন, পরে কিছু বাকী থাকিলে তাহার নিমিত্তে ঐ নিদর্শনপত্র বিক্রয় কি হস্তান্তর করিতে পারিবেন। আর সেই কর্ম্মে ব্যয় হইতে পারে ও বাকী পরিশোধের উপযুক্ত পূর্ব্বোক্তমতের কিছু টাকা কি নিদর্শনপত্র যত কাল থাকে, তত কাল যে মহালের রক্ষার নিমিত্তে তাহা আমানৎ করা যায় তাহা বাকী মালগুজারীর নিমিত্তে নীলাম হইবেক না। তদ্রূপে যে

monies and securities so deposited shall be exempt from attachment, otherwise than in execution of a decree of a Civil Court.

[Withdrawal of the deposit.]

XVI. It shall be competent to the person making a deposit under the provision of the last preceding Section, or his representative or assignee, at any time to withdraw the deposit, and to revoke the pledge of the same.

[Estates under Court of Wards or attachment.]

XVII. No estate shall be liable to sale for the recovery of arrears which have accrued during the period of its being under the management of the Court of Wards; and no estate the sole property of a minor or minors, and descended to him or them by the regular course of inheritance duly notified to the Collector for the information of the Court of Wards, but of which the Court of Wards has not assumed the management under Regulation VI. 1822, shall be sold for arrears of revenue accruing subsequently to his or their succession to the same, until the minor or minors, or one of them, shall have attained the full age of eighteen years. And no estate held under attachment by the revenue authorities otherwise than by order of a judicial authority, shall be liable to sale for arrears accruing whilst it was so held under attachment. And no estate held under attachment or managed by a Revenue Officer, in pursuance of an order of a judicial authority, shall be liable to sale for the recovery of arrears of revenue accruing during the period of such attachment, or management until after the end of the year in which such arrears accrued.

[Estates may be specially exempted from sale. Proviso.]

XVIII. It shall be competent to the Collector, or other Officer as aforesaid, at any time before the sale of an estate or share of an estate shall have commenced, to exempt such estate or share from sale; and in like manner it shall be competent to the Commissioner of Revenue at any time before the sale of an estate or share of an estate shall have commenced, to exempt such estate or share from sale, by a special order to the Collector or other officer as aforesaid to that effect in each case; and no such sale shall be legal if held after the receipt of such order of exemption. Provided, however, and it is hereby enacted, that the Collector or other officer as aforesaid or the Commissioner shall duly record in a proceeding the reason for granting such exemption; and provided also that an order for exemption so issued by the Commissioner shall not affect the legality of a sale which may have taken place before the receipt by the Collector or other officer as aforesaid of the order of exemption.

[Sales where to be made.]

XIX. Sales shall ordinarily be made by the Collector or other officer as aforesaid in the land revenue office at the Sudder Station of the District: provided, however, that it shall be competent to the Board of Revenue to prescribe a place for holding sales other than such office, whenever they shall consider it beneficial to the parties concerned.

[Adjournment of sales.]

XX. In case the Collector or other officer as aforesaid shall be unable from sickness, from the occurrence of a holiday, or from any other cause, to commence the sale on the day of sale fixed as aforesaid; or if, having commenced it, he be unable, from any cause, to complete it; he shall be competent to adjourn it to the next day following, not being Sunday or other close holiday, recording his reasons for such adjournment, forwarding a copy of such record to the Commissioner of Revenue, and announcing the adjournment by a written proclamation stuck up in his cutcherry; and so on, from day to day, until he shall be able to commence upon, or to complete the sale; but, with the exception of adjournments so made, recorded, and reported, each sale shall invariably be made on the day of sale fixed in the manner aforesaid.

[To be continued.]

সকল টাকা কি নিদর্শনপত্র আমানৎ করা যায় তাহা কেবল দেওয়ানী আদালতের ডিক্রী জারীমতে ক্রোক হইতে পারিবেক, নতুবা নয় ইতি।

[আমানতের টাকাপ্রভৃতি ফিরিয়া লওনের কথা।]

১৬ ধারা। উক্ত ১৫ ধারার বিধানমতে যে ব্যক্তি আমানৎ রাখে, সেই ব্যক্তি কি তাহার স্থলাভিষিক্ত কি তাহার আসৈনি যখন চাহে তখনই ঐ আমানৎ ফিরিয়া লইতে পারিবেক, ও তাহা জামিনীস্বরূপে রাখিবার একরারনামা বাতিল করিতে পারিবেক ইতি।

[কোর্ট ওয়ার্ডসের অধীন কি ক্রোককরা মহালের কথা।]

১৭ ধারা। কোন মহাল কোর্ট ওয়ার্ডসের সাহেবদিগের তত্ত্বাবধারণে যে সময়ে থাকে সেই সময়ে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্তে ঐ মহাল নীলামের যোগ্য হইবেক না। ও নিয়মিতরূপে উত্তরাধিকারিত্বক্রমে কোন এক কি অধিক নাবালগ যদি কোন মহাল প্রাপ্ত হয়, ও সেই মহাল কেবল তাহার কি তাহার দেরই সম্পত্তি, ও তাহার কি তাহারদের তাহা প্রাপ্ত হইবার সম্বাদ কোর্ট ওয়ার্ডসকে জ্ঞাত করিবার জন্যে কালেক্টর সাহেবকে দেওয়া গিয়াছে, কিন্তু কোর্ট ওয়ার্ডসের সাহেবেরা ১৮২২ সালের ৬ আইনমতে তাহার তত্ত্বাবধারণের কার্য্য গ্রহণ করেন না, এমত স্থলে ঐ নাবালগেরা ঐ সম্পত্তির অধিকার পাইলে পর তাহার যে মালগুজারী বাকী পড়ে তাহার নিমিত্তে ঐ নাবালগ কি নাবালগেরা কি তাহারদের কোন এক জন বয়ঃপ্রাপ্ত অর্থাৎ আঠার বৎসরপ্রাপ্ত না হইলে নীলাম হইবেক না। এবং মালগুজারীর কার্য্যকারকেরা আদালতের হুকুম ভিন্ন অন্য প্রকারে যে কোন মহাল ক্রোক করিয়া রাখেন, তাহা যত কাল ক্রোক থাকে তত কাল বাকী মালগুজারীর নিমিত্তে নীলামের যোগ্য হইবেক না। ও যে মহাল আদালতের হুকুমক্রমে মালগুজারীর কার্য্যকারকের দ্বারা ক্রোক হইয়া কি সরবরাহ হইয়া থাকে, তাহার ক্রোক থাকন কি সরবরাহ করণ সময়ে যে মালগুজারী বাকী পড়ে, তাহা আদায়ের নিমিত্তে, যে বৎসরে ঐ বাকী পড়িল, সেই বৎসরের শেষ না হইলে মহালের নীলাম হইবেক না ইতি।

মহালের নীলামহইতে বিশেষমতে মুক্ত হইবার কথা। বর্জিত বিধি।]

১৮ ধারা। মহালের কি মহালের অংশের নীলাম আরম্ভ হওনের পূর্ব্বে কোন সময়ে, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত মতের অন্য কার্য্যকারক সাহেব ঐ মহাল কি ঐ অংশ নীলামহইতে মুক্ত করিতে পারিবেন। সেই প্রকারেও মহালের কি মহালের অংশের নীলাম আরম্ভ হওনের পূর্ব্বে কোন সময়ে, রাজস্বের কমিস্যনর সাহেব কালেক্টর সাহেবকে কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেবকে প্রত্যেক গতিকে বিশেষ আজ্ঞা দিয়া ঐ মহাল কি তাহার কোন অংশ নীলামহইতে মুক্ত করিতে পারিবেন। ও মুক্ত হইবার সেই হুকুম হইলে পর যদি নীলাম হয় তবে তাহা বেআইনী হইবেক। কিন্তু এই ধারাক্রমে এই বিধান হইল, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব অথবা কমিস্যনর সাহেব এরূপে মুক্ত করণের কারণ উপযুক্তমতে এক রুবকারীতে লিখিবেন। আরো নীলামহইতে মুক্ত করণের যে হুকুম কমিস্যনর সাহেব দেন তাহা কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেবের নিকটে পঁহুছনের পূর্ব্বে যদি নীলাম হইয়া গিয়া থাকে, তবে মুক্তকরণের ঐ হুকুমের দ্বারা ঐ নীলাম বেআইনী হইবেক না ইতি।

[নীলাম যে স্থানে করিতে হইবেক তাহার কথা।]

১৯ ধারা। কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব জিলার সদর মোকামে ভূমির রাজস্বের কাছারীতে সামান্যতঃ নীলাম করিবেন। কিন্তু যখন ভূমিসম্পর্কীয় ব্যক্তিরদের পক্ষে উপকারক বোধ হয়, তখন বোর্ড রেবিনিউর সাহেবেরা ঐ কাছারীভিন্ন অন্য কোন স্থানে নীলাম করণের হুকুম দিতে পারিবেন ইতি।

[নীলাম অন্য দিনপর্য্যন্ত স্থগিত করিবার কথা।]

২০ ধারা। পূর্ব্বোক্তমতে, নীলামের নিরূপিত দিনে যদি কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক পীড়া কি পর্ব্ব, অথবা অন্য কোন কারণপ্রযুক্ত নীলাম আরম্ভ করিতে না পারেন, কিম্বা আরম্ভ করিয়া যদ্যপি কোন কারণপ্রযুক্ত তাহা সমাপ্ত করিতে না পারেন তবে তাহার পর দিবস, রবিবার না হইলে অথবা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন না হইলে, পর দিনপর্য্যন্ত ঐ নীলাম স্থগিত রাখিবেন। ও স্থগিত করণের কারণ রিকার্ড করিয়া, তাহার নকল মালগুজারীর কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন, ও ঐ স্থগিত হওনের সমাচারের ইশ্তিহার লেখাইয়া আপন কাছারীতে লট্কাইয়া সকলকে জানাইবেন। এবং যেপর্য্যন্ত ঐ নীলাম আরম্ভ করিতে অথবা তাহা সমাপ্ত করিতে না পারেন, সেইপর্য্যন্ত দিনদিন ঐ প্রকার কর্ম্ম করিবেন, কিন্তু যদি ঐরূপে নীলাম স্থগিত না হয়, ও তাহা রিকার্ড করিয়া রিপোর্ট না করা যায়, তবে উক্ত মতের নিরূপিত দিবসেই প্রত্যেক নীলাম অবশ্য করিতে হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 31st May, 1859.

Moonshee Bhobun Mohun Dass, to officiate as Moonsiff of Begumgunge, Zillah Tipperah, during the absence on leave of the incumbent.

The 2nd June, 1859.

Syud Noorul Hossein, Moonsiff of Juggurnath Diggy, to be Moonsiff of Cusba, Noornuggur, Moonshee Rumeezoeddeen, Moonsiff of Cusba, Noornuggur, to be Moonsiff of Nassirnuggur, and Moulvy Mahomed Mahmood, Moonsiff of Nassirnuggur, to be Moonsiff of Juggurnath Diggy, all in Zillah Tipperah.

LEAVES OF ABSENCE.

The 31st May, 1859.

Baboo Chundeechurn Banérjee, Moonsiff of Begumgunge, Zillah Tipperah, for six months, on private affairs.

The 1st June, 1859.

Moulvee Mahomed Allum, Moonsiff of Olipore, Zillah Rungpore, for one month, on Medical Certificate, in extension of the leave granted to him under the Court's orders of the 3rd ultimo.

A. W. RUSSELL, *Register*.

[*Government Gazette*, 14*th June*, 1859.] 3 G

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৯ সাল ৩১ মে।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ ছুটী লইয়া যত দিন কর্ম্মে না আইসেন তত দিন শ্রীযুত মুনশী ভুবনমোহন দাস ঐ স্থানের মুনসেফী কর্ম্ম করিবেন।

১৮৫৯ সাল ২ জুন।

জিলা ত্রিপুরার জগন্নাথ দীঘীর মুনসেফ শ্রীযুত সৈয়দ নূরুল হুসেন কসবা নূরনগরের মুনসেফ হইবেন। ও কসবা নূরনগরের মুনসেফ শ্রীযুত মুনশী রমীজুদ্দীন নাসিরনগরের মুনসেফ হইবেন ও নাসির নগরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মাহমুদ জগন্নাথ দীঘীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৩১ মে।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ বাঁড়ুয্যা আপন কর্ম্মের নিমিত্তে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১ জুন।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম সদর আদালতের গত মাসের ৩ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

	সন ১২৬০ সাল মোতা- বেক ইস্তাহী ১৮৫৩ সাল মোতাবেক ইং ১৪ সাল এবং পূর্ব্ব সন- হারের	সন ১২৬১ সাল মোতাবেক ইং ১৮৫৪	সন ১২৬২ সাল মোতাবেক ইং ১৮৫৫	সন ১২৬৩ সাল মোতাবেক ইং ১৮৫৬	সন ১২৬৪ সাল মোতাবেক ইং ১৮৫৭	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৮	মোকুম মেমরেক্ত এক্সন।
ঘাটমাঝি।	০	০	০	০	০	০	০
পাঃ মেমরু কাঁচক।	০	০	০	০	০	০	০
পাঃ মেমরু বাংলাবাজার।	০	০	০	০	০	০	০
পাঃ মেমরু ঢাকাস্থ।	০	০	০	০	০	০	০
ঐ ঐ ঐ

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার.

জিলা শ্রীহট্ট।

১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সর্ব্বসাধারণ জানান যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মাঠাদি ১৮৫১ সালের ১৮ এপ্রিলপর্য্যন্তের বাকি মালগুজারীর নিমিত্তে এবং চলিত আইন ও অাদেশের দ্বারা অন্য যে যে দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৫১ সালের জুন মাসের ১১ দিবস মোতাবিক ১২৬৬ বাঙ্গলার আষাঢ় মাসের ১ দিবস শুক্রবারে ঐ জেলার কালেক্টরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও নিম্নোধাতে নীলাম হইবেক ইতি :

১ নং তাং ইরিনারায়ণ দত্ত ও রামকৃষ্ণ দত্ত রেজিষ্টরীওয়া মালিক চণ্ডীপ্রসাদ দেবশর্ম্মএর সদর জমা ১৯।৩৩
পং ঐ

৫৪ নং তাং ব্রাহ্মণগোঁ দ্দ রেজিষ্টরীওয়া মালিক আঙ্গনি জজ করিনছিট সদর জমা ২০ ।৮৮
পং ঐ

৩৭৪ নং তাং দ্বি. জয়রাম দত্ত রেজিষ্টরীওয়া মালিক রাধাবল্লভ দত্ত সদর জমা ৮/৮
পং লেক্ষা

৩১২ তাং বিনোদরায় রেজিষ্টরীওয়া মালিক কাশিক দাং গএরহ সদর জমা ৩৫ ।৶৭
পং হাইদ্রপুর

১১৪ নং তাং কৃপরাম রেজিষ্টরীওয়া মালিক হরিগএরহ সদর জমা ৭,৶৪
পং ঐ

১৩৩ নং তাং মহেন্দ্র খাঁ রেজিষ্টরীওয়া মালিক পএলারাম সদর জমা ১৩।৩
পং মঙ্গলা ৫

২৭ নং তাং খুবলিরাম রেজিষ্টরীওয়া মালিক চন্দ্রনাথ দত্ত সদর জমা ২৯ ।৶
পং ঐ

৩৬ নং তাং মাং নওরাজ রেজিষ্টরীওয়া মালিক আএনা লিটি সদর জমা ১৯।৶৪
পং ঐ

৬।৯ নং তাং গোনরেজ রেজিষ্টরীওয়া মালিক নিক্ষণএরহ সদর জমা ২০ ।৩
পং ঐ

৬৯২ নং তাং শ্যামসুন্দর রেজিষ্টরীওয়া মালিক জলাশরাম দেব সদর জমা ১৬।৶০
পং হয়গ্রীব

২ নং তাং কাজি গোবিন্দ রায় ও দিং গোবিন্দ রায় রেজিষ্টরীওয়া মালিক নিক্ষণএরহ সদর জমা ২১০।৶৭
পং রাজ্বশিংহ চাপড়ু

৩ নং তাং মাং আনছর রেজিষ্টরীওয়া মালিক বিনেসুরাণগএরহ সদর জমা ৪৩।৬
পং মুং বালিয়া চুঙ্গ

৪ নং তাং আছিউর রহ্মা জমীদার রেজিষ্টরীওয়া মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ৭৪১।৶
পং হয়গ্রীব

১১৮ নং তাং ধনাই রেজিষ্টরীওয়া মালিক ইনাম খাঁ সদর জমা ১০ ।৩
পং হাং নএগড়ী

১১ নং তাং হাদামাধব রায় রেজিষ্টরীওয়া মালিক দেবীপ্রসাদ রায়গএরহ সদর জমা ২৮৷৶
পং আড়ঙ্গপুর

১১০ নং তাং হাতিশান রেজিষ্টরীওয়া মালিক নীলমণি দাসী সদর জমা ১৭/১
পং তরফ

৪৭২ নং তাং অজুনা রেজিষ্টরীওয়া মালিক আশী নওয়াজগএরহ সদর জমা ১৩।০৮

সন ১৮৫১। ১৫ মেই।

W. J. LONGMORE, *Offg. Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদিগের ইশ্‌তিহার।

সুপ্রেম কোর্ট রিশিবর আপীল।

জমীদারী ইজরা।

হাজিনী।

বিন্দ: সুন্দরী দাসী প্রতিবাদী।

এ দি মেক্লিউদিগর

মগলহে জাত করা যাইতেছে যে আগামি১৫ জুলাই শুক্রবার বেলা দুই প্রহর এক ঘটীর সময় সুপ্রেম কোর্টের রিশিবর শ্রীযুক্ত জে মেসওএলচ সাহেব তাঁহার আপীলে নীচের লিখিত জমীদারির এক বৎসরের মেয়াদে ইজারার ডাক লইবেন বাঁহারা ইজারা লওনেচ্ছুক হএন ঐ সময়ে রিশিবর আপীলে উপস্থিত হইবেন।

জেলা যশোহরের মৌজালক মৃত ঈশ্বরচন্দ্র পারচৌধুরীর বন্ধুর কিস্তাংশ পরগনে সাঁতরের অন্তর্গত তিহি দাদপুর ৭৭৷৷ সাড়ে সাতাএ মৌজে যাইচে সরাচর ডিহি পোঁকাইন কহে।

আর: বৃত্তান্ত রিশিবর আপীলে তক্ত করিলে জানিতে পারিবেন ইতি।

রিশিবর আপীল সুপ্রেম কোর্ট ২ জুন। ১৮৫২।

(*Government Gazette, 14th June, 1850.*)

[১৮৫০ সালের ১৪ আইন।

আফিঙ্গের ইস্তিহার।

OPIUM.

ইস্টইণ্ডিয়া কম্পানির যে সব অফিসর ১৪ জুলাই ইস্তক্যুক্তিয়ার পূর্ব্বাপেক্ষে নিম্ন ধার্য্যে বাজারে আফিঙ্গ কিনিতে ইচ্ছা করেন তাঁহারা সর্ব্বসাধারণ জানিবেন যে ১৮৫১ সালের ১৫ মার্চ্চ পর্য্যন্ত নীচের লিখিত মতে আফিঙ্গ কিনিতে পারিবেন।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিঙ্গ	১২১৫
বারাণসের এজেন্সীর উৎপন্ন আফিঙ্গ	৩৪৫
জুমলা মিলন্ড	১২৬০

২ নম্বর। এইক্ষণে যে নীলামে ইস্টইণ্ডিয়া কম্পানির আফিঙ্গ বিক্রয় হইবে তাহার বিবরণ নীচে লিখা যাইতেছে।

কলিকাতা ও এইসব ডেপ্ত গোডাউন হইতে ডাকওআলা ছাড়া দুটি করিয়াই বোটের দরজার সাক্ষাৎ হইলে বিক্রয় হইবে। ডাকওআলা ছাড়া অন্য ব্যক্তিরা ঐ সময়ে বোটের দরজায় উপস্থিত থাকিলে ডাকওআলারা ডাক করিবার সময় তাহাদিগকে বোটের ভিতর লইয়া যাইবে। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে।

৩ নম্বর। ডিপোজিট অর্থাৎ আমানত টাকা ব্যতীত কোন ব্যক্তির ডাক গ্রাহ্য হইবে না। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে।

৪ নম্বর। ডিপোজিট টাকার ১০ দশের ১ এক অংশ ডাকওআলারা নোট লেখাইয়া দিবা মাত্রেতে তাহাদের নিজের ডাক লেখা হইবে। ডাকওআলারা নোট লেখাইয়া দিবা মাত্রেতে তাহাদের নিজের ডাক লেখা হইবে।

৫ নম্বর। ডিপোজিট টাকা ডাকওআলারা যে সময়ে নোট লেখাইয়া দিবেন সেই সময়ে ঐ টাকা ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে।

৬ নম্বর। ডিপোজিট টাকা ডাকওআলারা যে সময়ে নোট লেখাইয়া দিবেন সেই সময়ে ঐ টাকা ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে।

৭ নম্বর। ডিপোজিট টাকা ডাকওআলারা যে সময়ে নোট লেখাইয়া দিবেন সেই সময়ে ঐ টাকা ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে। ডাকওআলারা ডাক করিবার সময় ঐ বোটের ভিতর থাকিবে।

বেহারের	বারাণসের	জুমলা
মিলন্ড	মিলন্ড	মিলন্ড
১১১৫	৩৪৫	১২৬০
১১১৫	৩৪৫	১২৬০
১১১৫	৩৪৫	১২৬০
১১১৫	৩৭১	১২৬০
১১১৫	৩৭১	১২৬০
১১১৫	৩৭১

বিজ্ঞাপন।

নিম্নোক্ত বাঙ্গলা পুস্তকাদি সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী অথবা শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় চৌধুরী মহাশয়ের আফিসে ক্রেতাগণ প্রাপ্ত হইতে পারিবেন।

মালসংক্রান্ত সম্পত্তি প্রচারহওয়া ইং ১৮৫৯ সালের ১০ আইন মূল্য ... ... ১৲ টাকা।
দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় পূর্ব্ব আইন পরিবর্ত্তন পূর্ব্বক প্রচারিতহওয়া ১৮৫৯ সালের ৮। ১০ ও অন্যান্য নূতন আইন এবং ১৮৫৮ সালের আইন ও সরক্যুলর অর্ডর ইত্যাদি মূল্য ... ... ৪৲ টাকা।
১৮৫৪ সালহইতে ১৮৫৭ সালপর্য্যন্তের দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় আইন ও সরক্যুলর অর্ডর ইত্যাদি মূল্য ... ... ১৷৷০ টাকা।

বিজ্ঞাপন।

ইঙ্গরাজী ১৮৫৯ সালের ৯, ১০, ১১, ও ১৪ আইন, সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীমৌলবী আব্বাস আলী খাঁর সহকারে ঐ আদালতের বাঙ্গলা নজীরঅনুবাদক শ্রীকৃষ্ণচন্দ্র হালদারের দ্বারা বঙ্গভাষায় অনুবাদিত হইয়া ও বাঙ্গলা গেজেটের সহিত ঐক্য করাইয়া প্রতিখণ্ড ৩৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে গ্রহণেচ্ছুক মহাশয়গণ উক্ত ব্যক্তি দ্বয়ের মধ্যে এক ব্যক্তির নিকটে মূল্য সহ লিপি প্রেরণ করণে ঐ পুস্তক পাইতে পারিবেন।

শ্রী আব্বাসআলী খাঁ উকীল সদর দেওয়ানী আদালত।

বিজ্ঞাপন।

জ্ঞাপন করা যাইতেছে, সকলের পক্ষে অত্যাবশ্যকীয় ১৮৫৯ সালের ৯। ১০। ১১ ও ১৪ আইন আমি গেজেটের সহিত ঐক্য করিয়া বাঙ্গলা ভাষায় ১ খণ্ডে মুদ্রিত করিয়া মায় ডাক মাসুল প্রতিখণ্ডের মূল্য ২৷৷০ টাকা ধার্য্য করিয়াছি, গ্রহণেচ্ছুক মহাশয়েরা আমার নিকট মূল্য পাঠাইলে পুস্তক পাইবেন। এই সকল আইন উর্দ্দু ভাষাতেও ছাপাইতেছি, অরায় বাহির হইবেক। আর ১৮১৯। ৮ আইন, যাহার বিধানমতে আদালতের সকল কার্য্য আগামি জুলাই মাসাবধি চলিবেক তাহাও বাঙ্গলা ও পারসি ভাষায় আমি মুদ্রিত করিয়াছি, প্রত্যেক ভাষায় প্রতি-খণ্ডের মূল্য ৩৲ টাকা।

অপর মফঃসলের গ্রাহকদিগের প্রত্যেকে পৃথক্ মূল্য প্রেরণে ক্লেশ হয়, এজন্য জানাইতেছি তাঁহারা ২। ৪ জন একত্রে নোট বা হুণ্ডি যোগে টাকা পাঠাইবেন।

শ্রীমহম্মদ ইসমাইল। উকীল সদর দেওয়ানী। মোং কলিকাতা।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে দেওয়ানী মোকদ্দমার কার্য্য অতি সহজরূপে নির্ব্বাহ করণার্থে সংপ্রতি যে ইং ১৮৫৯ সালের অষ্টম আইন জারী হইয়াছে তাহার অতি শুদ্ধ বাঙ্গলা তরজমা মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে ও ঐ আইনের ইণ্ডেক্স অর্থাৎ খোলাসা সমন্ধ দ্বারার নির্ঘণ্টপত্র সহকারে বিক্রয়ার্থে স্বতন্ত্র পুস্তকে মুদ্রাঙ্কিত হইতেছে যাঁহারা ঐ আইন ক্রয় করিবেন তাঁহারা ইণ্ডেক্স বিনা মূল্যে পাইবেন। যাঁহার ঐ আইন অথবা ইণ্ডেক্সের প্রয়োজন হইবেক তিনি সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীযুত বাবু মহেন্দ্রলাল সামের লিকট অথবা কলিকাতা চনঠনিয়া সাকিনের শ্রীযুত বাবু গিরিশচন্দ্র দাসের নিকটে মূল্য পাঠাইলেই প্রাপ্ত হইবেন ইতি।

আইন পুস্তকের মূল্য ... ... ৩৲ তিন টাকা
ইণ্ডেক্স অর্থাৎ খোলাসার মূল্য ... ... ১৲ এক টাকা

ইংরাজী ১৮৫৯ সালের ৮ আইন সদর দেওয়ানী আদালতের নজিরের বঙ্গানুবাদক শ্রীপ্রসন্নচন্দ্র মুখোপাধ্যায়কর্ত্তৃক বঙ্গভাষায় প্রকাশ হইতেছে, তাহার মূল্য ১৷৷০ টাকা অবধারিত হইয়াছে। গ্রহণেচ্ছুক মহাশয়েরা একৌণ্টেণ্ট জেনরলের আফিসে অথবা যোড়াসাঁকো বলরাম দে ইট্রুট ১। ২ নম্বর ভবনে অনুবাদ যন্ত্রালয়ে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৪ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে. সি. মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 21, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল, ২১ জুন।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

ACT No. XI. OF 1859.

An Act to improve the law relating to sales of Land for arrears of Revenue in the Lower Provinces under the Bengal Presidency.

[Continued from page 423.]

[Order of selling.]

XXI. On the day of sale fixed according to Section VI. of this Act, sales shall proceed in regular order; the estate to be sold bearing the lowest number on the towjee or register in use in the Collector's office of the district being put up first, and so on, in regular sequence; and it shall not be lawful for the Collector or other officer as aforesaid to put up any estate out of its regular order by number, except where it may be necessary to do so on default of deposit, as provided in Section XXII. of this Act.

[Deposit on account of purchase money.]

XXII. The party who shall be declared the purchaser of an estate or share of an estate at any such public sale as aforesaid, shall be required to deposit immediately or as soon after the conclusion of the sale of the estate or share as the Collector or other officer as aforesaid may think necessary, either in cash, Bank of Bengal Notes or Post Bills, or Government Securities to be valued at the market rate of the day, duly endorsed, twenty-five per cent. on the amount of his bid; and in default of such deposit, the estate or share shall forthwith be put up again and sold.

[Full payment of purchase money.]

XXIII. The full amount of purchase money

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১১ আইন।

বাঙ্গলা রাজধানীর অধীন বাঙ্গলাপ্রভৃতি দেশে বাকী মালগুজারীর নিমিত্তে ভূমির নীলাম করিবার আইন পূর্ব্বাপেক্ষা উত্তম করিবার আইন।

[৪২৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[নীলাম করিবার নিয়মের কথা।]

২১ ধারা। এই আইনের ৬ ধারানুসারে নিরূপিত নীলামের দিনে মহালের নীলাম নম্বরক্রমে হইবেক, অর্থাৎ জিলার কালেক্টরী কাছারীর বর্ত্তমান তৌজীতে কি রেজিষ্টরে, নীলাম হইবার যে মহালের কম নম্বর থাকে তাহা প্রথমে নীলাম হইবেক ও সেই প্রকারে নম্বরমতে ক্রমশঃ সকলের নীলাম হইবেক ও ঐ নম্বরের ব্যতিক্রম করিয়া কোন মহালের নীলাম করিতে কোন কালেক্টর সাহেবের কি উক্ত প্রকারের কোন কার্য্যকারকের ক্ষমতা থাকিবেক না। কেবল এই আইনের ২২ ধারার বিধানমতে বায়নার টাকা দিবার ত্রুটি হওয়াতে আবশ্যক হইলে করিতে পারিবেন ইতি।

[খরীদী টাকার বাবৎ বায়নার কথা।]

২২ ধারা। মহালের কি মহালের অংশের পূর্ব্বোক্তমতের নীলামে যাহাকে খরীদার বলিয়া প্রকাশ করা যায় সেই ব্যক্তিকে এই হুকুম হইবেক যে, সে যত টাকা ডাকিয়াছে তাহার কি শত টাকার উপর পঁচিশ টাকা তৎক্ষণাৎ, কি ঐ মহালের কি অংশের নীলাম হইবার পর কালেক্টর সাহেব যত শীঘ্র আবশ্যক বোধ করেন তত শীঘ্র করিয়া, বায়নাস্বরূপে আমানৎ করে। সেই বায়না নগদ কি বাঙ্গাল ব্যাঙ্ক নোট কি পোষ্ট বিল কি গবর্ণমেণ্টের নিদর্শনপত্র দ্বারা দাখিল করিতে পারিবেক। ঐরূপ নিদর্শনপত্র দিলে তাহার পিঠে উচিতমতে দস্তখৎ করিতে হইবেক, ও তাহার তৎকালে যে দর বাজারে হয় সেই দরমতে তাহার মূল্য ধরা যাইবেক। ও সেই বায়নার টাকা দিবার কসুর হইলে ঐ মহাল কি অংশ তৎক্ষণাৎ পুনর্ব্বার নীলামে ধরিয়া বিক্রয় হইবেক ইতি।

[খরীদের সমুদয় টাকা দিবার কথা।]

২৩ ধারা। খরীদারের খরীদকরা মহালের কি

shall be made good by the purchaser before sunset of the thirtieth day from that on which the sale of the estate or share of an estate bought by him took place, reckoning that day as one of the thirty; or if the thirtieth day be a Sunday or other close holiday, then on the first office day after the thirtieth: and in default of payment within the prescribed period as aforesaid, the deposit shall be forfeited to Government, the estate or share shall be resold, and the defaulting purchaser shall forfeit all claim to the estate or share, or to any part of the sum for which it may subsequently be sold. And in the event of the proceeds of the sale which may be eventually consummated being less than the price bid by the defaulting bidder aforesaid, the difference shall be leviable from him by any process authorized for realizing an arrear of public revenue, and such difference shall be taken and considered to be a part of the purchase money and shall be dealt with in the manner hereinafter prescribed for the disposal thereof.

[Re-sale.]

XXIV. When default is made in the payment of purchase money a notification of the intended re-sale shall be published for the period and in the manner prescribed in Section VI. of this Act, but such notification shall not be published until the expiration of three clear days after the day on which the default shall have occurred: and if the payment or tender of payment of the arrear on account of which the estate or share was first sold, and of any arrear which may have subsequently become due shall be made by or on behalf of the proprietor of the estate or share before sunset of the third day, the issue of the notification of re-sale shall be stayed. The rules contained in the last preceding Section shall be applicable to every such re-sale. Provided that, if default of payment of purchase money shall occur more than once, the amount to be recovered from the defaulting bidders shall be the difference between the highest bid and the proceeds of the sale eventually consummated, which amount may be levied in manner aforesaid from any of the defaulting bidders to the extent of the amount by which his bid exceeds the amount realized.

[Appeals.]

XXV. It shall be lawful for the Commissioner of Revenue to receive an appeal against any sale made under this Act, if preferred to him on or before the fifteenth day from the date of sale, reckoning as in Section XXIII., or if preferred to the Collector or other Officer as aforesaid for transmission to the Commissioner, on or before the tenth day from the day of sale, and not otherwise; and the Commissioner shall be competent in each case of appeal so preferred, to annul any sale of an estate or share of an estate made under this Act, which shall appear to him not to have been conducted according to the provisions of this Act, awarding at

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৯। ২১ জুন।]

মহালের অংশের নীলাম যে দিনে হয় সেই দিন অবধি ত্রিশ দিনের দিনে সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে তাহার খরীদের সমুদয় টাকা দাখিল করিতে হইবেক। ঐ নীলামের দিন সেই ত্রিশ দিনের মধ্যে ধরিতে হইবেক। যদি ঐ ত্রিংশত্তম দিবস রবিবার বা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন হয়, তবে ত্রিংশত্তম দিবসের পর প্রথম যে দিবসে কাছারী খোলা হয়, সেই দিবসে সমুদয় টাকা দিতে হইবেক। যদি পূর্ব্বোক্তমতের নিরূপিত মিয়াদের মধ্যে টাকা দিবার ত্রুটি হয়, তবে বায়নার টাকা সরকারে জব্দ হইবেক, ও ঐ মহালের কি অংশের পুনর্ব্বার নীলাম হইবেক, ও ঐ মহালের কি অংশের উপর অথবা পরে তাহা যত টাকায় বিক্রয় হয় তাহার কোন অংশের উপর ঐ ত্রুটিকারি খরীদারের কোন দাওয়া থাকিবেক না। ও অবশেষে যে নীলাম সিদ্ধ হয়, তাহাতে পূর্ব্বোক্ত ত্রুটিকারি ডাকনিয়া যে মূল্য ডাকিয়াছিল তাহাহইতে যদি কম মূল্য পাওয়া যায়, তবে যত কম হয় তাহা তাহার স্থানে আদায় হইবেক, অর্থাৎ সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে যে২ নিয়ম নির্দ্দিষ্ট আছে তাহার কোন নিয়মমতে আদায় হইবেক ও যত টাকা কম হয় তাহা ঐ খরীদের টাকার এক অংশ বলিয়া জ্ঞান হইবেক, ও তাহা লইয়া তাহা করিতে হইবেক ইহার যে বিধি এই আইনে নির্দ্দিষ্ট করা যাইতেছে সেই বিধিমতে কার্য্য হইবেক ইতি।

[পুনশ্চ নীলামের কথা।]

২৪ ধারা। যদি খরীদের টাকা দিবার ত্রুটি হয়, তবে এই আইনের ৬ ধারামতে যত কালের ও যেপ্রকারের ইশ্তিহার করিবার বিধি হইয়াছে, তত কালপর্য্যন্ত ও সেই প্রকারে ঐ নীলাম পুনশ্চ হইবার ইশ্তিহার দিতে হইবেক। কিন্তু টাকা দিবার ত্রুটি যে দিনে হয় সেই দিনের পর পূরা তিন দিন গত না হইলে, ঐ ইশ্তিহার প্রকাশ হইবেক না। ও মহাল কি অংশ যে বাকীর বাবতে প্রথমে নীলাম হইয়াছিল তাহা, ও তৎপরে আর যে কিছু বাকী পাওনা হইয়া থাকে তাহা যদি সেই মহালের কি অংশের মালিক কি তাহার পক্ষে কেহ ঐ তৃতীয় দিবসের সূর্য্যাস্ত হইবার পূর্ব্বে দাখিল করে কি দাখিল করিবার প্রস্তাব করে, তবে ঐ পুনশ্চ নীলামের ইশ্তিহার জারীকরা স্থগিত থাকিবেক। ইহার পূর্ব্বের ধারার লিখিত সকল বিধি ঐ পুনশ্চ প্রত্যেক নীলামের উপর খাটিবেক। পরন্তু খরীদের টাকা দিবার ত্রুটি যদি একবারের অধিক হয়, তবে অতিউচ্চ যে মূল্যের ডাক হইয়াছে ও অবশেষে যে মূল্যেতে বিক্রয় হয় এই দুই মূল্যের মধ্যে যত টাকার বিশেষ হয় তত টাকা ঐ বাকীদার ডাকনিয়ারদের স্থানে আদায় হইবেক, অর্থাৎ ত্রুটিকারি যে ডাকনিয়ারা যত টাকা ডাকিয়াছিল তাহার কম যত টাকা নীলামে পাওয়া যায়, তত টাকা তাহারদের কোন কাহার স্থানে পূর্ব্বোক্তমতে আদায় হইতে পারিবেক ইতি।

[আপীলের কথা।]

২৫ ধারা। এই আইনানুসারে যে কোন নীলাম হয় তাহার উপর আপীল, ২৩ ধারার নিয়মানুসারে হিসাব করিয়া নীলামের তারিখঅবধি পঞ্চদশ দিবসে বা তাহার পূর্ব্বে রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে করা গেলে, অথবা কমিস্যনর সাহেবের নিকট পাঠান যাইবার নিমিত্তে কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারকের নিকটে নীলামের দিন অবধি দশম দিবসে বা তাহার পূর্ব্বে করা গেলে, রাজস্বের কমিস্যনর সাহেব ঐ আপীল গ্রাহ্য করিতে পারিবেন, নতুবা নয়। এরূপে আপীল হইলে যদি কমিস্যনর সাহেব বোধ করেন যে, এই আইনানুসারে হওয়া কোন মহালের কি মহালের কোন অংশের নীলাম এই আইনের বিধিমতে নির্ব্বাহ হয় নাই, তবে সেই নীলাম

the same time to the purchaser a payment from the proprietor of any moderate compensation for his loss, if the sale shall have been occasioned by neglect of the proprietor, such compensation not to exceed the interest, at the highest rate of the current Government Securities, on the amount of deposit or balance of purchase money during the period of its being retained in the Collector's office; and the order of the Commissioner shall in such cases be final.

[Annulment of sale in special cases.]

XXVI. It shall be competent to the Commissioner of Revenue, on the ground of hardship or injustice, to suspend the passing of final orders in any case of appeal from a sale, and to represent the case to the Board of Revenue, who, if they see cause, may recommend to the local Government to annul the sale; and the local Government in any such case may annul the sale and cause the estate or share of an estate to be restored to the proprietor on such conditions as may appear equitable and proper.

[Sales when final.]

XXVII. All sales of which the purchase money has been paid up as prescribed in Section XXIII. of this Act, and against which no appeal shall have been preferred, shall be final and conclusive at noon of the thirtieth day from the day of sale, reckoning the said day of sale as the first of the said thirty days. And sales against which an appeal may have been preferred, and dismissed by the Commissioner, shall be final and conclusive from the date of such dismissal, if more than thirty days from the day of sale, or if less, then at noon of the thirtieth day as above provided.

[Certificate of sales.]

XXVIII. Immediately upon a sale becoming final and conclusive, the Collector or other Officer as aforesaid shall give to the purchaser a certificate of title in the form prescribed in Schedule A annexed to this Act. And the said certificate shall be deemed in any Court of Justice sufficient evidence of the title to the estate or share of an estate sold being vested in the person or persons named from the date specified; and the Collector shall also notify such transfer by written proclamation in his own office, and in the Courts of the Moonsiffs and Police Thannahs within whose jurisdictions any part of the estate or share sold shall be situated.

[Delivery of possession.]

XXIX. The Collector or other officer as aforesaid shall order delivery of possession of the estate or share purchased to be made by removing any person who may refuse to vacate the same, and by proclamation to the occupants of the property by beat of drum or in such other mode as may be customary, at some convenient place or places; and by affixing a copy of the certificate at the Mal cutcherry or in some conspicuous place of the estate or share of an estate purchased.

[*Government Gazette*, 21*st June*, 1859.]

অসিদ্ধ করিতে পারিবেন, ও যদি ভূম্যধিকারির ত্রুটিপ্রযুক্ত ঐ নীলাম হইয়া থাকে তবে খরীদারের ক্ষতিপূরণের নিমিত্তে তাহাকে কিঞ্চিৎ টাকা দিতে ভূম্যধিকারিকে সেই সময়ে হুকুম করিতে পারিবেন। কিন্তু বায়নার টাকা কিম্বা খরীদের অবশিষ্ট টাকা কালেক্টর সাহেবের কাছারীতে যত কাল ছিল তত কালপর্য্যন্ত গবর্ণমেণ্টের চলিত নিদর্শনপত্রের অতি উচ্চ যে হিসাবে সুদ চলে সেই হিসাবে, ঐ টাকার সুদ যত হয় তাহার অধিক ঐ ক্ষতিপূরণের নিমিত্তে দেওয়া যাইবেক না। এমত স্থলে কমিস্যনর সাহেবের হুকুম চূড়ান্ত হইবেক।

[বিশেষ স্থলে নীলাম অসিদ্ধ করিবার কথা।]

২৬ ধারা। নীলামের উপর আপীল হইলে রাজস্বের কমিস্যনর সাহেব কঠিন ব্যবহার বা অন্যায় হইয়াছে বলিয়া, তখন চূড়ান্ত হুকুম জারী না করিয়া, সেই কথা বোর্ড রেবিনিউর সাহেবদিগকে জানাইতে পারিবেন, ও তাঁহারা উপযুক্ত কারণ দেখিলে স্যনবিশেষের গবর্ণমেণ্টকে নীলাম অন্যথা করিবার পরামর্শ দিতে পারিবেন। এমত কোন গতিকে স্যনবিশেষের ঐ গবর্ণমেণ্ট নীলাম অসিদ্ধ করিতে পারিবেন ও যে২ নিয়ম যথার্থ ও উচিত বোধ হয় সেই২ নিয়মমতে ঐ মহাল কি তাহার অংশ মালিককে ফিরিয়া দেওয়াইতে পারিবেন ইতি।

[যে সময়ে নীলাম চূড়ান্ত হইবেক তাহার কথা।]

২৭ ধারা। যে সকল নীলামের খরীদের টাকা এই আইনের ২৩ ধারার নির্দ্দিষ্টমতে দেওয়া গিয়াছে ও তাহার উপর আপীল হয় নাই, সেই সকল নীলাম নীলামের দিনঅবধি ত্রিশ দিনের দিনে দুই প্রহরের সময়ে, চূড়ান্ত ও সিদ্ধ হইবেক। ঐ নীলামের দিবস ঐ ত্রিশ দিনের প্রথম দিন ধরিতে হইবেক। ও নীলামের উপর আপীল হইয়া কমিস্যনর সাহেব তাহা ডিসমিস করিলে, যদি নীলামের দিবসের পর ত্রিশ দিবসের অধিক হইলে তাহা ডিসমিস করেন তবে ঐ ডিসমিস হইবার তারিখঅবধি ঐ নীলাম চূড়ান্ত ও সিদ্ধ হইবেক, ও যদি ত্রিশ দিবসের কমে ডিসমিস করেন, তবে পূর্ব্বোক্তমতে ত্রিশ দিনের দিনে দুই প্রহরের সময়ে তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক ইতি।

[নীলামের সর্টিফিকটের কথা।]

২৮ ধারা। কোন নীলাম চূড়ান্ত ও সিদ্ধ হইবামাত্র কালেক্টর সাহেব, অথবা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক এই আইনের A চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে খরীদারকে অধিকারের সর্টিফিকট দিবেন। ও তাঁহার নির্দ্দিষ্ট তারিখঅবধি নীলামহওয়া মহালেতে কি মহালের অংশেতে ঐ সর্টিফিকটের লিখিত ব্যক্তির বা ব্যক্তিরদের অধিকার হইয়াছে, উক্ত সর্টিফিকট সকল আদালতে ইহার প্রচুর প্রমাণ জ্ঞান হইবেক। ও কালেক্টর সাহেব লিখিত ইশ্তিহার দিয়া আপনার কাছারীতে, ও নীলামকরা মহালের কি মহালের অংশের কোন ভাগ যে মুনসেফেরদের ও পোলীসের যে২ থানার এলাকার মধ্যে থাকে তাঁহারদের কাছারীতে ও সেই২ থানায় সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে ঐ খারিজদাখিল হওনের সম্বাদ প্রকাশ করিবেন ইতি।

[দখল দেওয়াইবার কথা।]

২৯ ধারা। কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক ঐ খরীদকরা মহাল কি অংশ দখল দেওয়াইবার হুকুম এইরূপে করিবেন, অর্থাৎ যদি কোন লোক ঐ মহাল কি অংশ ত্যাগ করিতে স্বীকার না করে তবে তাহাকে উঠাইয়া দিয়া, ও উপযুক্ত কোন এক কি অধিক স্থানে ঢেঁড়রা দিয়া কিম্বা রীতিমতে অন্য প্রকারে ঐ সম্পত্তির, বাশেন্দারদিগকে ঘোষণা করাইয়া, ও সর্টিফিকটের এক কেতা নকল খরীদকরা মহালের কি মহালের অংশের মাল কাছারীতে কিম্বা প্রকাশ কোন স্থানে লটকাইয়া দখল দেওয়াইবেন ইতি।

[Liability of purchaser.]

XXX. The party certified as the proprietor of an estate or share of an estate by purchase under this Act, shall be answerable for all instalments of the revenue of Government which may fall due after the latest day of payment aforesaid.

[খরীদারের দায়ের কথা।]

৩০ ধারা। এই আইনমতে খরীদ করিয়া মহালের কি মহালের অংশের মালিক বলিয়া যাহার নামে সর্টিফিকট দেওয়া যায় সেই জন মালগুজারী দাখিল করিবার পূর্ব্বোক্ত শেষ তারিখের পর সরকারের মালগুজারীর যে সকল কিস্তীর টাকা পাওনা হয় তাহার নিমিত্তে দায়ী হইবেক ইতি।

[Application of purchase money.]

XXXI. The Collector shall apply the purchase money first to the liquidation of all arrears due upon the latest day of payment from the estate or share of an estate sold; and secondly to the liquidation of all outstanding demands debited to the estate or share of an estate in the public accounts of the District; holding the residue, if any, in deposit on account of the late recorded proprietor or proprietors of the estate or share of an estate sold or their heirs or representatives to be paid to his or their receipt on demand in the manner following: to wit, in shares proportioned to their recorded interest in the estate or share of an estate sold, if such distinction of shares were recorded, or if not, then as an aggregate sum to the whole body of proprietors upon their joint receipt. And if before payment to the late proprietor or proprietors of any surplus that may remain of the purchase money, the same be claimed by any creditor in satisfaction of a debt, such surplus shall not be payable to such claimant, nor shall it be withheld from the proprietor, except under precept of a Civil Court.

[খরীদের টাকা লইয়া যাহা করিতে হইবেক তাহার কথা।]

৩১ ধারা। কালেক্টর সাহেব ঐ খরীদের টাকা লইয়া, নীলামকরা মহালের কি মহালের অংশের টাকা দাখিল করিবার শেষ তারিখেমত বাকী ছিল তাহা প্রথমে শোধ করিবেন। পরে ঐ মহালের কি মহালের অংশের উপর দাওয়ার যে সকল টাকা বকেয়া বলিয়া জিলার সরকারী হিসাবের খাতায় লেখা আছে তাহা শোধ করিবেন। অবশিষ্ট কিছু থাকিলে, তাহা ঐ নীলামকরা মহালের কি মহালের অংশের লিখিত মালিকের কি মালিকেরদের কি তাহারদের উত্তরাধিকারিরদের কি স্বত্বাভিষিক্তেরদের নিমিত্তে আমানৎ রাখা যাইবেক ও যে কি তাহারা তাহা দাওয়া করিয়া রসীদ দিলে তাহাকে কি তাহারদিগকে এই নিয়মমতে দেওয়া যাইবেক। অর্থাৎ নীলামকরা মহালে কি মহালের অংশেতে যদি তাহারদের অংশ পৃথক্‌রূপে রিকার্ড হইয়াছে তবে সেই রিকার্ডকরা সম্পর্কের হারহারিমতে ভাগ করিয়া তাহারদিগকে দেওয়া যাইবেক, কিম্বা যদি সেইরূপের অংশ না হইয়াছে তবে মালিকেরদের সাধারণ রসীদমতে তাহারদের সকলকে একেবারে মোটে দেওয়া যাইবেক। আরো ঐ খরীদের যে কিছু টাকা অবশিষ্ট থাকে তাহা সাবেক মালিককে কি মালিকদিগকে দেওয়া যাইবার আগে যদি কোন মহাজন কর্জ্জের পরিশোধে দাওয়া করে, তবে দেওয়ানী আদালতের পরওয়ানা না হইলে, ঐ অবশিষ্ট টাকা ঐ দাওয়াদারকে দিতে হইবেক না; কি ঐ মালিকের হাতছাড়া রাখিতে হইবেক না ইতি।

[Notification of annulment of sale.]

XXXII. The annulment by a Commissioner or by Government of a sale made under this Act shall be publicly notified by the Collector or other officer as aforesaid, in the same manner as the becoming final and conclusive of sales is required to be notified by Section XXVIII. of this Act; and the amount of deposit and balance of purchase money shall be forthwith returned to the purchaser with interest thereon at the highest rates of the current public securities; which shall be paid by the Government, unless the proprietor shall have become liable for the same under the provisions of Section XXV. or Section XXVI. of this Act.

[নীলাম অসিদ্ধ হইবার ইশ্‌তিহার।]

৩২ ধারা। যদি কমিস্যনর সাহেব কিম্বা গবর্ণমেণ্ট এই আইনমতের কোন নীলাম অসিদ্ধ করেন, তবে এই আইনের ২৮ ধারামতে কোন নীলাম সিদ্ধ ও চূড়ান্ত হইবার কথার মর্ম্মাদ যে প্রকারে দিবার হুকুম হয়, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক ঐ অসিদ্ধ হওনের মর্ম্মাদ সেই প্রকারে প্রকাশ করিবেন, ও সরকারের চলিত নিদর্শনপত্রের উপর অতিউচ্চ যে হিসাবে সুদ চলে সেই হিসাবে সুদসমেত আমানতের ঐ টাকা ও খরীদের বাকী টাকা খরীদারকে অগৌণে ফিরিয়া দেওয়া যাইবেক। তাহা সরকারহইতে দেওয়া যাইবেক, কিন্তু যদি এই আইনের ২৫ কি. ২৬ ধারামতে ঐ টাকা ঐ মালিকের দিতে হয় তবে সরকারহইতে দেওয়া যাইবেক না ইতি।

[Jurisdiction of Civil Courts in suits to amend sales. Proviso.]

XXXIII. No sale for arrears of revenue or other demands realizable in the same manner as arrears of revenue are realizable, made after the passing of this Act, shall be annulled by a Court of Justice, except upon the ground of its having been made contrary to the provisions of this Act, and then only on proof that the plaintiff has sustained substantial injury by reason of the irregularity complained of: and no such sale shall be annulled upon such ground, unless such ground shall have been declared and specified in an appeal made

[নীলাম শুধরাইবার মোকদ্দমাতে দেওয়ানী আদালতের এলাকা ও বর্জ্জিত কথা।]

৩৩ ধারা। বাকী মালগুজারীর নিমিত্তে, কিম্বা বাকী মালগুজারীর ন্যায় অন্য যে দাওয়ার টাকা আদায় হইতে পারে তাহার নিমিত্তে যে কোন নীলাম এই আইন জারী হইবার পরে করা যায়, তাহা বিচারআদালতে অসিদ্ধ হইবেক না। কিন্তু এই আইনের বিধানের বিপক্ষমতে নীলাম হইয়াছে বলিয়া অসিদ্ধ হইবেক, তাহাতেও যে বেদাঁড়ার নালিশ করা যায় তাহাতে ফরিয়াদীর কোন প্রকৃত ক্ষতি হইয়াছে এমত প্রমাণ না হইলে অসিদ্ধ হইবেক না, আর সেই হেতু যদি এই আইনের ২৫ ধারামতে কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইয়া স্পষ্ট

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২১ জুন।)

to the Commissioner under Section XXV. of this Act: and no suit to annul a sale made under this Act shall be received by any Court of Justice unless it shall be instituted within one year from the date of the sale becoming final and conclusive as provided in Section XXVII. of this Act: and no person shall be entitled to contest the legality of a sale, after having received any portion of the purchase money. Provided, however, that nothing in this Act contained shall be construed to debar any person considering himself wronged by any act or omission connected with a sale under this Act, from his remedy in a personal action for damages against the person by whose act or omission he considers himself to have been wronged.

করিয়া প্রকাশ না করা যায় তবে সেই হেতুতেও সেই প্রকারের কোন নীলাম অসিদ্ধ হইবেক না। আর এই আইনমতের কোন নীলাম অসিদ্ধ করিবার মোকদ্দমা এই আইনের ২৭ ধারামতে নীলাম সিদ্ধান্ত ও চূড়ান্ত হইবার তারিখঅবধি এক বৎসরের মধ্যে যদি উপস্থিত না করা যায় তবে কোন বিচার আদালতে গ্রাহ্য হইবেক না। ও খরীদের টাকার কোন অংশ গ্রহণ করিলে পর, কোন লোক ঐ নীলাম আইনমতে হয় নাই বলিয়া বিবাদ করিতে পারিবেক না। কিন্তু এই আইনমতের কোন নীলামেতে যে কার্য্য করা যায় কি যে কার্য্যের চুক হয় তাহাতে যদি কোন লোক আপনি অন্যায়গ্রস্ত হইয়াছে বোধ করে, তবে যাহার কার্য্যেতে কি ত্রুটিতে আপনাকে অন্যায়গ্রস্ত জান করে তাহার নামে খেসারতের নালিশ করিতে বাধা হয়, এই আইনের কোন কথার এইমত অর্থ করিতে হইবেক না ইতি।

[Effects of annulment by decree of Court of sales under this Act.]

XXXIV. If a sale made under this Act be annulled by a final decree of a Civil Court, application for the execution of such decree shall be made within six months after the date thereof; otherwise the party in whose favor such decree was passed shall lose all benefit therefrom. And no order for restoring such decree-holder to possession shall be passed until any amount of surplus purchase money that may have been paid away by order of a Civil Court be repaid by him, with interest at the highest rate of the current Government Securities. And if such party shall neglect to pay any amount so recoverable, within six months from the date of such final decree, he shall lose all benefit therefrom.

[এই আইনমতের নীলাম আদালতের ডিক্রীক্রমে অসিদ্ধ হইলে তাহার ফলের কথা।]

৩৪ ধারা। এই আইনমতে যে নীলাম করা যায় তাহা যদি দেওয়ানী আদালতের চূড়ান্ত ডিক্রীমতে অসিদ্ধ হয়, তবে ঐ ডিক্রী জারী হইবার দরখাস্ত সেই ডিক্রীর তারিখঅবধি ছয় মাসের মধ্যে করিতে হইবেক। তাহা না করিলে, সেই ডিক্রী যাহার পক্ষে হইয়াছিল তাহার ঐ ডিক্রীহইতে কিছু উপকার হইবেক না। আরও খরীদর অবশিষ্ট কিছু টাকা যদি কোন দেওয়ানী আদালতের হুকুমমতে কোন তাহাকে দেওয়া গিয়া থাকে, তবে গবর্ণমেণ্টের চলিত নিদর্শনপত্রের সুদ অত্যুচ্চ যে হারে দেওয়া যাইতেছে সেই হারে সুদসমেত ঐ টাকা সেই ডিক্রীদার না দিলে, তাহাকে পুনরায় দখল দেওয়াইবার কোন হুকুম জারী হইবেক না। ও তদ্রূপের যে টাকা দিতে হয় তাহা যদি সেই পক্ষ ঐ চূড়ান্ত ডিক্রীর তারিখঅবধি ছয় মাসের মধ্যে না দেয়, তবে সেই ডিক্রীহইতে তাহার কিছু উপকার হইবেক না ইতি।

[If sale annulled, purchase money to be refunded.]

XXXV. In the event of a sale being annulled by a final decree of a Court of Justice, and the former proprietor being restored to possession, the purchase money shall be refunded to the purchaser by Government, together with interest at the highest rate of the current public securities.

[নীলাম অসিদ্ধ হইলে খরীদের টাকা ফিরিয়া দিবার কথা।]

৩৫ ধারা। যদি কোন বিচার আদালতের চূড়ান্ত ডিক্রীমতে কোন নীলাম অসিদ্ধ হয়, ও সাবেক মালিককে পুনরায় দখল দেওয়ান যায়, তবে সরকারের চলিত নিদর্শনপত্রের উপর সুদ যে অতি উচ্চ হারে দেওয়া যাইতেছে সেই হারে সুদসমেত এ খরীদের টাকা গবর্ণমেণ্টহইতে খরীদারকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[No suits on the ground of benamee purchase.]

XXXVI. Any suit brought to oust the certified purchaser as aforesaid, on the ground that the purchase was made on behalf of another person not the certified purchaser, or on behalf partly of himself and partly of another person, though by agreement the name of the certified purchaser was used, shall be dismissed with costs.

[বেনামী খরীদ হইয়াছে বলিয়া কোন মোকদ্দমা না হইবার কথা।]

৩৬ ধারা। যে খরীদারকে সর্টিফিকট দেওয়া গিয়াছে সেই জন ভিন্ন অন্য লোকের নিমিত্তে, জমী খরীদ হইয়াছে কিম্বা এক ভাগ উহার নিজের নিমিত্তে অন্য ভাগ অন্য লোকের নিমিত্তে, হইয়াছে কিন্তু আপোসে করার করিয়া ঐ সর্টিফিকটপ্রাপ্ত খরীদারের নাম দেওয়া গিয়াছে, এই হেতুতে যদি সেই সর্টিফিকটপ্রাপ্ত খরীদারকে বেদখল করিবার কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তবে সেই মোকদ্দমা খরচাসমেত ডিসমিস হইবেক ইতি।

[Rights of a purchaser of a permanently settled estate sold for its own arrears.]

XXXVII. The purchaser of an entire estate in the permanently settled Districts of Bengal, Behar and Orissa, sold under this Act for the recovery of arrears due on account of the same shall acquire the estate free from all encumbrances which may have been imposed upon it after the time of settlement; and shall be entitled to avoid and annul all under-

[ইস্তমরারী বন্দোবস্তের মহাল নিজ বাকীর নিমিত্তে নীলাম হইলে তাহার খরীদারের স্বত্বের কথা।]

৩৭ ধারা। বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যার ইস্তমরারী বন্দোবস্তের কোন জিলার অন্তর্গত সম্পূর্ণ মহাল যদি ঐ মহালের নিজ বাকীর নিমিত্তে এই আইনমতে নীলাম হয়, তবে বন্দোবস্তের কালের পরে তাহার উপর যে সকল দায় বর্ত্তিয়াছে তাহা বিনা খরীদার ঐ মহাল পাইবেক। ও পেটাও সকল পাট্টা অসিদ্ধ ও বাতিল করিতে ও পেটাও পাট্টাদারদিগকে অগৌণে বেদখল করিতে

(*Government Gazette*, 21st *June*, 1859.)

tenures and forthwith to eject all under-tenants, with the following exceptions :—

First. Istemraree or mokurreree tenures which have been held at a fixed rent from the time of the permanent settlement.

IV. If, in respect of any legacy or debt, the person who, but for the law of limitation, would be liable to pay the same, shall have admitted that such debt or legacy or any part thereof is due, by an acknowledgment in writing signed by him, a new period of limitation, according to the nature of the original liability, shall be computed from the date of such admission; provided that, if more than one person be liable, none of them shall become chargeable by reason only of a written acknowledgment signed by another of them.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৮ জুন।]

দিবার সময়াবধি, সম্পত্তি অস্থাবর হইলে ত্রিশ বৎসর ও স্থাবর হইলে বাইট বৎসর। অথবা ঐ মিয়াদের মধ্যে কোন সময়ে যদি ঐ বিষয়ে আমানৎকারির কি বোধ কি বন্ধক দেওনিয়ার স্বত্ব কিয়া তাহার ঐ বিষয় মুক্ত করিবার অধিকার স্বীকার করণভাবের কোন সিপি, ঐ আমানৎগ্রাহি কি বোধ কি বন্ধক লওনিয়া ব্যক্তির কিয়া তাহার অধীনে দাওয়াদার কোন ব্যক্তির দস্তখৎক্রমে লিখিয়া দেওয়া গিয়া থাকে, তবে সেই স্বীকার করণভাবের সিপির তারিখঅবধি ঐ ৩০ কি ৬০ বৎ সরগণিতে হইবেক।

[যে সকল মোকদ্দমার বিশেষ বিধি হয় নাই তাহার ৬ বৎসর মিয়াদ।

১৬। যে সকল মোকদ্দমার মিয়াদের কোন স্পষ্ট বিধান ইহাতে হয় নাই তাহার মিয়াদ, সেই মোকদ্দমার কারণ প্রথম যে সময়ে হয় সেই সময়াবধি ছয় বৎসর ইতি।

[বিশ্বাসঘাতকতাপ্রভৃতির কারণে ট্রষ্টিরদের ও তাঁহারদের স্থলাভিষিক্তেরদের নামে মোকদ্দমার কথা ও বর্জ্জিত কথা।]

২ ধারা। কোন ট্রষ্টির (অর্থাৎ সম্পত্তি যাহার জিম্মায় থাকে তাহার) জীবৎকালে তাহার নামে, ও বিশেষ যে সম্পত্তি জিম্মা করিয়া দেওয়া গিয়াছে, সেই ট্রষ্টির স্থলাভিষিক্তেরদের হস্তগত সেই সম্পত্তির সন্ধান লইবার জন্যে তাহারদের নামে, কাল বিলম্বপ্রযুক্ত কোন মোকদ্দমার বাধা হইবেক না। কিন্তু যদি ট্রষ্টি মরে তবে তাহার মরণকালাবধি গণ্য করিয়া ইহার পূর্ব্বের ধারানুসারে উপযুক্ত মিয়াদের মধ্যে মোকদ্দমা উপস্থিত না করিলে, বিশ্বাসঘাতকতাক্রমে যে ক্ষতি হয় তাহার পরিশোধ ঐ মৃত ট্রষ্টির সাধারণ ইষ্টেটহইতে পাইবার কোন মোকদ্দমা গ্রাহ্য হইতে পারিবেক না। পরন্তু একের অধিক জন ট্রষ্টি থাকিলে, যদি তাহারদের এক জন মরে, তবে ঐ মৃত ট্রষ্টির ইষ্টেটের উপর সম্পত্তির একাংশের কোন দাওয়া করিতে এই ধারার কোন কথাতে অন্য ট্রষ্টির বাধা হইবেক না, কিন্তু সেই অংশ পাইবার অধিকার প্রথম যে সময়ে হয়, সেই সময়াবধি ছয় বৎসরের মধ্যে ঐ দাওয়া প্রবল করিবার মোকদ্দমা করিতে হইবেক ইতি।

[কোন বিশেষ আইনমতে কম মিয়াদের নিয়ম হইলে তাহা প্রবল হইবার কথা।]

৩ ধারা। কোন বিশেষ মোকদ্দমা উপস্থিত করিবার যে মিয়াদ এই আইনেতে বিশেষমতে নিরূপণ হইয়াছে তাহাহইতে কম মিয়াদ যদি এইক্ষণকার চলিত কোন আইনে, কিম্বা পরে যে আইন চলন হইয়া থাকিবেক এমত কোন আইনে নির্দ্ধার্য্য হয়, তবে এই আইন থাকিতেও সেই কম মিয়াদ খাটিবেক ইতি।

[কোন লিপির দ্বারা কবুল হইলে মোকদ্দমা করিবার অধিকার পুনরুত্থাপনের কথা ও বর্জ্জিত কথা।]

৪ ধারা। উইলক্রমে পাওনা কোন টাকাপ্রভৃতির কি কর্জ্জের মোকদ্দমায়, মিয়াদের আইন না থাকিলে ঐ টাকা যাহার স্থানে আদায় হইতে পারিত, এমত লোক যদি আপনার দস্তখৎকরা কোন লিপিতে, ঐ কর্জ্জ কি উইলক্রমে প্রাপ্য ঐ বিষয় কি তাহার কোন অংশ দেনা আছে এই কথা স্বীকার করে, তবে আসল দায়ের ভার বুঝিয়া মোকদ্দমা করিবার নূতন মিয়াদ ঐ স্বীকার করিবার তারিখঅবধি গণ্য হইতে পারিবেক। পরন্তু যদি একের অধিক জন দায়ী হইয়া থাকে, তবে তাহারদের কোন এক জনের দস্তখৎকরা লিপিতে ঐরূপ স্বীকার হইলেও কেবল সেই কারণে তাহারদের অন্য কেহ দায়ী হইবেক না ইতি।

[Computation of period of limitation in suits to recover property purchased from depositaries, pawnees, or mortgagees. Proviso.]

V. In suits for the recovery from the purchaser or any person claiming under him of any property purchased *bonâ fide* and for valuable consideration from a trustee, depositary, pawnee, or mortgagee, the cause of action shall be deemed to have arisen at the date of the purchase: Provided that in the case of purchase from a depositary, pawnee, or mortgagee, no such suit shall be maintained unless brought within the time limited by Clause 15 Section. I

[Computation of period of limitation in suits in Supreme Courts by mortgagee to recover immoveable property mortgaged.]

VI. In suits in the Courts established by Royal Charter by a mortgagee to recover from the mortgagor the possession of the immoveable property mortgaged, the cause of action shall be deemed to have arisen from the latest date at which any portion of principal money or interest was paid on account of such mortgage debt.

[Computation of period of limitation in suits to avoid incumbrances or under-tenures in estates sold for arrears of Government Revenue.]

VII. In suits to avoid incumbrances or under-tenures in an estate sold for arrears of Government Revenue due from such estate, or in a Putnee Talook or other saleable tenure sold for arrears of rent which by virtue of such sale becomes freed from incumbrances and under-tenures the cause of action shall be deemed to have arisen at the time when the sale of the estate, talook, or tenure became final and conclusive.

[Computation of period of limitation in suits between merchants for balances of accounts current.]

VIII. In suits for balances of accounts current between merchants and traders who have had mutual dealings, the cause of action shall be deemed to have arisen at, and the period of limitation shall be computed from the close of the year in the accounts of which there is the last item admitted or proved indicating the continuance of mutual dealings; such year to be reckoned as the same is reckoned in the accounts.

[Computation of period of limitation in case of concealed fraud.]

IX. If any person entitled to a right of action shall by means of fraud have been kept from the knowledge of his having such right or of the title upon which it is founded, or if any document ne-

[*Government Gazette, 28th June*, 1859.]

[সম্পত্তি যাহার নিকটে আমানৎ থাকে কি যাহাকে বোধ কি বন্ধকস্বরূপে দেওয়া যায় তাহার স্থানে কেহ খরীদ করিলে তাহা ফিরিয়া পাইবার মোকদ্দমার মিয়াদ নিরূপণের কথা ও বর্জ্জিতকথা।]

৫ ধারা। কোন ট্রষ্টির স্থানে, কিম্বা কিছু সম্পত্তি যাহার নিকটে আমানৎ করা যায় কি যাহাকে বোধ কি বন্ধকস্বরূপে দেওয়া যায় তাহার স্থানে, কেহ প্রকৃতপ্রস্তাবে ও উপযুক্ত মূল্য দিয়া সেই সম্পত্তি খরীদ করিলে, সেই খরীদারের কিম্বা তাহার অধীনে দাওয়াদার কোন ব্যক্তির স্থানে ঐ সম্পত্তি ফিরিয়া পাইবার মোকদ্দমাতে, সেই খরীদ যে তারিখে হয় সেই তারিখঅবধি মোকদ্দমা করিবার কারণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক। পরন্তু সম্পত্তি যাহার নিকটে আমানৎ করা যায়, কিম্বা যাহাকে বোধ কি বন্ধকস্বরূপে দেওয়া যায় তাহার স্থানে ঐ সম্পত্তি খরীদ করা গেলে, তাহা ফিরিয়া পাইবার মোকদ্দমা ১ ধারার ১৫ প্রকরণের নির্দ্ধারিত মিয়াদের মধ্যে উপস্থিত না করা গেলে গ্রাহ্য হইবেক না ইতি।

[বন্ধক দেওয়া স্থাবর সম্পত্তি পাইবার জন্যে সুপ্রিম কোর্টে বন্ধকলওনিয়ার মোকদ্দমা করিবার মিয়াদ নিরূপণের কথা।]

৬ ধারা। বন্ধক দেওয়া স্থাবর সম্পত্তির দখল বন্ধকদেওনিয়ার স্থানে পাইবার যে মোকদ্দমা ঐ বন্ধকলওনিয়া রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতে করে, তাহাতে ঐ বন্ধকী কর্জ্জের বাবৎ আসল কিছু টাকা কি সুদ শেষ যে তারিখে দেওয়া গিয়াছিল, সেই তারিখঅবধি মোকদ্দমা করিবার কারণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

[সরকারী মালগুজারীর বাকীর নিমিত্তে যে মহাল নীলাম হয়, তাহার উপর দায় কি তাহার পেটাও পাট্টা বাতিল করিবার মোকদ্দমার মিয়াদ নিরূপণের কথা।]

৭ ধারা। কোন মহালের সরকারের মালগুজারীর বাকীর নিমিত্তে ঐ মহাল বিক্রয় হইলে, তাহার উপর দায় কি তাহার পেটাও পাট্টা বাতিল করিবার, কিম্বা পত্তনি তালুক, কিম্বা বিক্রয় হইতে পারে এমত অন্য যে জমী বিক্রয় হইলে তাহার উপর দায় ও তাহার পেটাও পাট্টা বাতিল হয়, সেই জমী বাকী খাজানার নিমিত্তে বিক্রয় হইলে, তাহার উপর দায় কি তাহার পেটাও পাট্টা বাতিল করিবার মোকদ্দমাতে, ঐ মহালের কি তালুকের কি অন্য জমীর নীলাম যে সময়ে সিদ্ধ ও চূড়ান্ত হয় সেই সময়াবধি ঐ মোকদ্দমা করিবার কারণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

[সওদাগরেরদের মধ্যে চলিত হিসাবের বাকীর বাবৎ মোকদ্দমার মিয়াদ নিরূপণের কথা।]

৮ ধারা। যে সওদাগরেরদের ও ব্যবসায়িরদের পরস্পর লেনাদেনা চলে, তাহারদের মধ্যে চলিত হিসাবের বাকী পাইবার মোকদ্দমাতে, তাহারদের পরস্পর লেনাদেনা চলিতেছে এই কথা দর্শাইবার শেষ যে দফা কবুল হয় কি শেষ যে দফার প্রমাণ হয়, তাহা যে হিসাবে থাকে, ঐ হিসাব যে বৎসরের হয় সেই বৎসরের সমাপ্তিঅবধি মোকদ্দমা করিবার কারণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক, ও সেই বৎসরের সমাপ্তিঅবধি মিয়াদ গণ্য করিতে হইবেক। ঐ হিসাবে যে সন লেখা থাকে সেই সনের বৎসর ধরিয়া গণিতে হইবেক ইতি।

[প্রতারণামতে লুকাইবার কার্য্য হইলে মিয়াদ নিরূপণের কথা।]

৯ ধারা। নালিশ করিবার অধিকার যে লোকের থাকে সে যদি কোন কাহার প্রতারণাক্রমে আপনার সেই অধিকার জানিতে পারে নাই, কিম্বা সেই অধিকার যে যত্নক্রমে হয় তাহা জানিতে পারে নাই, কিম্বা সেই

cessary for establishing such right shall have been fraudulently concealed, the time limited for commencing the action against the person guilty of the fraud or accessory thereto, or against any person claiming through him otherwise than in good faith and for a valuable consideration, shall be reckoned from the time when the fraud first became known to the person injuriously affected by it or when he first had the means of producing or compelling the production of the concealed document.

অধিকার সাব্যস্ত করিবার জন্যে যে কোন দলীল আবশ্যক হয়, তাহা যদি প্রতারণাক্রমে গুপ্ত করিয়া রাখা গিয়াছে, তবে ঐ প্রতারণার দোষি ব্যক্তির নামে, কিম্বা সেই কার্য্যের সহকারি ব্যক্তির নামে, কিম্বা প্রকৃতপ্রস্তাবে ও উপযুক্ত মূল্যক্রমে না হইয়া অন্য প্রকারে যে কোন লোক তাহার দ্বারা দাওয়া করে তাহার নামে, মোকদ্দমা আরম্ভ করিবার যে মিয়াদ তাহা, ঐ প্রতারণাতে যাহার হানি হইয়াছে সেই জন ঐ প্রতারণার কথা যে সময়ে প্রথমে অবগত হইয়াছিল সেই সময়াবধি, কিম্বা ঐ লুকাইয়া রাখা দলীল প্রথম যে সময়ে প্রকাশ করিবার কিম্বা প্রকাশ করাইবার উপায় তাহার হইয়াছিল, সেই সময়াবধি গণ্য করিতে হইবেক ইতি।

[Computation of period of limitation in suits where the cause of action is founded on fraud.]

X. In suits in which the cause of action is founded on fraud, the cause of action shall be deemed to have first arisen at the time at which such fraud shall have been first known by the party wronged.

[কোন প্রতারণার কার্য্য মোকদ্দমার কারণের মূল হইলে, মিয়াদ নিরূপণের কথা।]

১০ ধারা। কোন প্রতারণার কার্য্য মোকদ্দমার কারণের মূল হইলে, অন্যায়গ্রস্ত ব্যক্তি ঐ প্রতারণার কথা প্রথম যে সময়ে জানিতে পাইয়াছিল, সেই সময়াবধি মোকদ্দমা করিবার কারণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

[Computation of period of limitation in case of legal disability.]

XI. If at the time when the right to bring an action first accrues the person to whom the right accrues is under a legal disability, the action may be brought by such person or his representative within the same time after the disability shall have ceased as would otherwise have been allowed from the time when the cause of action accrued, unless such time shall exceed the period of three years, in which case the suit shall be commenced within three years from the time when the disability ceased; but if, at the time when the cause of action accrues to any person, he is not under a legal disability, no time shall be allowed on account of any subsequent disability of such person or of the legal disability of any person claiming through him.

[আইনমতে অক্ষম হইলে মিয়াদ নিরূপণের কথা।]

১১ ধারা। কোন মোকদ্দমা করিবার অধিকার প্রথম যে সময়ে হয় সেই সময়ে, ঐ অধিকার যাহার প্রতি বর্ত্তে সেই জন যদি আইনমতে অক্ষম হয়, তবে অক্ষম না হইলে মোকদ্দমার কারণ হইবার সময়াবধি মোকদ্দমা করিবার যত বৎসর মিয়াদ চলিত, ঐ অক্ষমতা রহিত হইবার সময়-অবধি তত বৎসর মিয়াদের মধ্যে ঐ লোক কি তাহার স্থলাভিষিক্ত ব্যক্তি মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। কিন্তু যদি ঐ অক্ষমতা রহিত হইতে তিন বৎসরের অধিক কাল লাগে, তবে ঐ অক্ষমতা রহিত হইবার সময়াবধি তিন বৎসরের মধ্যে ঐ মোকদ্দমা আরম্ভ করিতে হইবেক। পরন্তু মোকদ্দমা করিবার কারণ যে সময়ে কোন লোকের প্রতি বর্ত্তে সেই সময়ে যদি সে আইনমতে অক্ষম না হয়, তবে তাহার পরে তাহার কোন অক্ষমতা হইলেও, কিম্বা তাহার দ্বারা অন্য যে লোক দাওয়া করে সে আইনমতে অক্ষম হইলেও, তৎপ্রযুক্ত কোন মিয়াদ দেওয়া যাইবেক না ইতি।

[What persons to be deemed to be under legal disability under preceding Section.]

XII. The following persons shall be deemed to be under legal disability within the meaning of the last preceding Section—married women in cases to be decided by English law, minors, idiots, and lunatics.

[পূর্ব্বের ধারামতে যাহারা আইনমতে অক্ষম জ্ঞান হইবেক তাহারদের কথা।]

১২ ধারা। ইঙ্গরেজী আইনমতে যে মোকদ্দমার নিষ্পত্তি করিতে হইবেক সেই মোকদ্দমাতে বিবাহিতা স্ত্রী, এবং নাবালগ ও জড় ও ক্ষেপা, ইহারদিগকে ইহার পূর্ব্বের লিখিত ধারার অর্থমতে আইনমতের অক্ষম লোক জানিতে হইবেক ইতি।

[Computation of period of limitation in case of absence of defendant.]

XIII. In computing any period of limitation prescribed by this Act, the time during which the defendant shall have been absent out of the British territories in India shall be excluded from such computation unless service of a summons to appear and answer in the suit can during the absence of such defendant be made in any mode prescribed by law.

[আসামী বিদেশে থাকিলে মিয়াদ নিরূপণের কথা।]

১৩ ধারা। এই আইনমতের নির্দ্ধারিত কোন মিয়াদের হিসাব করিলে, আসামী ভারতবর্ষে ব্রিটনীয়েরদের শাসিত দেশের বাহিরে যত কাল থাকে তত কাল সেই হিসাবে ধরিতে হইবেক না। কিন্তু আসামীর বিদেশে থাকিবার কালে যদি আইনের নির্দ্দিষ্ট কোন নিয়মে তাহার নামে হাজির হইবার ও মোকদ্দমার জওয়াব করিবার সমন জারী হইতে পারে, তবে তাহার বিদেশে থাকিবার কালও ধরিতে হইবেক ইতি।

[Computation of period of limitation in case of suit prosecuted *bond fide*, but in wrong Court.]

XIV. In computing any period of limitation prescribed by this Act, the time during which the claimant, or any person under whom he claims, shall have been engaged in prosecuting a suit upon the same cause of action against the same defendant, or some person whom he represents, *bond fide* and with due diligence, in any Court of Judicature which, from defect of jurisdiction or other cause, shall have been unable to decide upon it, or shall have passed a decision which, on appeal, shall have been annulled for any such cause, including the time during which such appeal, if any, has been pending, shall be excluded from such computation.

[কোন প্রকৃতপ্রস্তাবে উপস্থিত করা গেলে যদি অনুপযুক্ত আদালতে করা যায়, তবে মিয়াদ নিরূপণের কথা।]

১৪ ধারা। কোন দাওয়াদার, কিম্বা যে তাহার অধীনে দাওয়া করে এমত লোক, যদি কোন আদালতে মোকদ্দমার সেই কারণে সেই আসামীর, কিম্বা যে তাহার স্থলাভিষিক্ত হয় তাহার নামে, প্রকৃতপ্রস্তাবে ও উপযুক্ত আয়াসক্রমে মোকদ্দমা চালায়, অথচ সেই মোকদ্দমা ঐ

আদালতের এলাকার মোতালক না থাকাতে কি অন্য কারণে যদি সেই আদালত ঐ মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারেন নাই, কিম্বা নিষ্পত্তি করিলেও আপীল হইয়া যদি সেই কারণে ঐ নিষ্পত্তি বাতিল করা যায়, তবে এই আইনের নিরূপিত কোন মিয়াদের হিসাব করিলে, সেই দাওয়াদার ঐ মোকদ্দমা চালাইবার কার্য্যেতে যত কাল নিযুক্ত ছিল, ও আপীল হইলে সেই আপীলী মোকদ্দমা যত কাল উপস্থিত ছিল, সেই তাবৎ কাল ঐ হিসাবের মধ্যে ধরিতে হইবেক না ইতি।

[Person unlawfully dispossessed of immoveable property may recover possession notwithstanding any title that may be set up. Suit for dispossession to be brought within six months. Suit to establish title not to be affected.]

XV. If any person shall without his consent have been dispossessed of any immoveable property otherwise than by due course of law, such person or any person claiming through him shall in a suit brought to recover possession of such property be entitled to recover possession thereof notwithstanding any other title that may be set up in such suit, provided that the suit be commenced within six months from the time of such dispossession. But nothing in this Section shall bar the person from whom such possession shall have been so recovered or any other person instituting a suit to establish his title to such property and to recover possession thereof within the period limited by this Act.

[স্থাবর সম্পত্তি যাহার দখলে থাকে তাহাকে বেআইনীমতে বেদখল করা গেলে স্বত্বের অন্য অধিকার ব্যক্ত করা গেলেও তাহা পুনরায় দখল পাইবার ও বেদখলের মোকদ্দমা ছয় মাসের মধ্যে করিবার কথা, কিন্তু স্বত্ব সাব্যস্ত করিবার মোকদ্দমার মিয়াদ বহাল থাকিবার কথা।]

১৫ ধারা। কোন স্থাবর সম্পত্তি যাহার দখলে থাকে, তাহার নিজ সম্মতিবিনা যদি তাহাকে আইনের নিয়মিত কার্য্যক্রমে না হইয়া অন্যরূপে বেদখল করা যায়, তবে সেই লোক কিম্বা তাহার দ্বারা দাওয়াদার কোন ব্যক্তি ঐ সম্পত্তির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা করিয়া তাহার দখল পাইতে পারিবেক, ও সেই মোকদ্দমাতে স্বত্বের অন্য কোন অধিকার ব্যক্ত করা গেলেও দখল পাইতে পারিবেক। পরন্তু সেই বেদখল করিবার সময়াবধি ছয় মাসের মধ্যে ঐ মোকদ্দমা আরম্ভ করিতে হইবেক। কিন্তু যাহার স্থানে ঐ সম্পত্তির দখল ফিরিয়া পাওয়া গেল সেই লোকের কিম্বা অন্য কোন লোকের ঐ সম্পত্তির উপর আপনার স্বত্ব সাবুদ করিবার ও সেই সম্পত্তির দখল ফিরিয়া পাইবার মোকদ্দমা এই আইনের নিরূপিত মিয়াদের মধ্যে করিবার বাধা এই ধারার কোন কথাতে হইবেক না ইতি।

[Act not to interfere with equitable jurisdiction of Supreme Courts.]

XVI. Nothing in this Act contained shall be deemed to interfere with any rule or jurisdiction of any Court established by Royal Charter in refusing equitable relief on the ground of acquiescence or otherwise, to any person whose right to bring a suit may not be barred by virtue of this Act.

[সুপ্রিম কোর্টের একুটিপক্ষের এলাকার সঙ্গে এই আইনের সম্পর্ক না থাকিবার কথা।]

১৬ ধারা। এই আইনক্রমে যাহার মোকদ্দমা করিবার অধিকারের বাধা নাই এমত কোন লোকের রাজীহওয়াপ্রযুক্ত বলিয়া কি অন্য কোন কারণে রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালত একুটি পক্ষের উপকার করিতে যদি স্বীকার না করেন, তবে ঐ আদালতের কোন বিধি কি ক্ষমতা এই আইনের কোন কথাতে খর্ব্ব হইল এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[Act not to extend to public property, nor to suits for the recovery of public claims.]

XVII. This Act shall not extend to any public property or right, nor to any suits for the recovery of the public revenue or for any public claim whatever, but such suits shall continue to be governed by the laws or rules of limitation now in force.

[সরকারী সম্পত্তির উপর কিম্বা সরকারী দাওয়া আদায় করিবার মোকদ্দমার উপর আইন না খাটিবার কথা।]

১৭ ধারা। এই আইন সরকারী কোন সম্পত্তির কি স্বত্বের উপর, কিম্বা সরকারী মালগুজারী আদায়ের, কি সরকারী কোন দাওয়ার কোন মোকদ্দমার উপর খাটিবেক না। সেই সকল মোকদ্দমার উপর মিয়াদের যেং আইন কি বিধি এইক্ষণে চলন আছে তাহা খাটিবেক ইতি।

[Act not to apply to suits now pending or to suits instituted within two years. Suits afterwards instituted to be governed by this Act.]

XVIII. All suits that may be now pending or that shall be instituted within the period of two years from the date of the passing of this Act shall be tried and determined as if this Act had not been passed; but all suits to which the provisions of this Act are applicable that shall be instituted after the expiration of the said period shall be governed by

[এইক্ষণে যে মোকদ্দমা উপস্থিত থাকে কি দুই বৎসরের মধ্যে করা যায় তাহার উপর এই আইন না খাটিবার, কিন্তু তাহার পর যাহা উপস্থিত হয় তাহার উপর খাটিবার কথা।]

১৮ ধারা। এইক্ষণে যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে, কিম্বা এই আইন জারী হইবার তারিখঅবধি দুই বৎসরের মধ্যে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহার এই আইন জারী না হইবার মতে বিচার ও নিষ্পত্তি হইবেক। কিন্তু এই আইনের বিধান যাহার উপর খাটিতে পারে এমত যে সকল মোকদ্দমা ঐ দুই বৎসরের পরে উপস্থিত করা যায়, তাহার বিষয়ে কে-

this Act and no other law of limitation, any Statute, Act, or Regulation now in force notwithstanding.

[Proceedings for enforcing judgments, &c. of Supreme Courts to be taken within twelve years. Proviso as to judgments now in force.]

XIX. No proceeding shall be taken to enforce any judgment, decree, or order of any Court established by Royal Charter, but within twelve years next after a present right to enforce the same shall have accrued to some persons capable of releasing the same, unless in the meantime such judgment, decree, or order shall have been duly revived or some part of the principal money secured by such judgment, decree, or order or some interest thereon shall have been paid, or some acknowledgment of the right thereto shall have been given in writing signed by the person by whom the same shall be payable or his agent to the person entitled thereto or his agent; and in any such case no proceeding shall be brought to enforce the said judgment, decree, or order, but within twelve years after such revivor, payment, or acknowledgment or the latest of such revivors, payments, or acknowledgments as the case may be, provided that for three years next after the passing of this Act, every judgment, decree, and order which may be in force at the date of the passing of this Act shall be governed by the law now in force, anything therein contained notwithstanding.

[Time for enforcing execution of judgment, &c. of a Civil Court not established by Royal Charter.]

XX. No process of execution shall issue from any Court not established by Royal Charter to enforce any judgment, decree, or order of such Court, unless some proceeding shall have been taken to enforce such judgment, decree, or order or to keep the same in force within three years next preceding the application for such execution.

[Preceding Section not to apply to judgments, &c. in force at the passing of this Act.]

XXI. Nothing in the preceding Section shall apply to any judgment, decree, or order in force at the time of the passing of this Act, but process of execution may be issued either within the time now limited by law for issuing process of execution thereon or within three years next after the passing of this Act, whichever shall first expire.

[Time for execution of a summary award of Civil Court or Revenue authority.]

XXII. No process of execution shall issue to enforce any summary decision or award of any of the Civil Courts not established by Royal Charter or of any Revenue authority unless some proceeding shall have been taken to enforce such decision or award or to keep the same in force within one year next preceding the application for such execution.

[Preceding Section not to apply to summary awards in force at the passing of this Act.]

XXIII. Nothing in the preceding Section shall apply to any summary decision or award in force at the time of the passing of this Act, but process of execution may be issued either within the time now limited by law for issuing process of execution thereon or within two years next after the passing of this Act whichever shall first expire.

[Operation of Act. Trial of pending suits, &c. in any Non-Regulation Province or place to which the Act is extended.]

XXIV. This Act shall take effect throughout the Presidencies of Bengal, Madras, and Bombay, including the Presidency Towns and the Straits' Settlement; but shall not take effect in any Non-Regulation Province or place until the same shall be extended thereto by public notification by the Governor General in Council or by the local Government to which such Province or place is subordinate. Whenever this Act shall be extended to any Non-Regulation Province or place by the Governor General in Council or by the local Government to which such Province or place is subordinate, all suits which within such Province or place shall be pending at the date of such notification or shall be instituted within the period of two years from the date thereof, shall be tried and determined as if this Act had not been passed; but all suits to which the provisions of this Act are applicable that shall be instituted within such Province or place after the expiration of the said period, shall be governed by this Act and by no other law of limitation, any Statute, Act, or Regulation now in force notwithstanding.

W. Morgan,
Clerk of the Council.

বল এই আইনমতে কার্য্য হইবেক, মিয়াদের অন্য কোন আইনমতে হইবেক না, এইক্ষণকার চলিত কোন বিধান কি আইন কি কানুন থাকিলেও হইবেক না ইতি।

[সুপ্রিম কোর্টের ডিক্রীপ্রভৃতি জারী করিবার উদ্যোগ বারো বৎসরের মধ্যে করিবার কথা। ও এইক্ষণকার বহালথাকা ডিক্রীর বর্জ্জিত কথা।]

১৯ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতের কোন নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম ত্যাগ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তির প্রতি সেই হুকুম প্রবল করিবার স্বত্ব যে সময়ে বর্ত্তে, সেই সময়াবধি বারো বৎসরের মধ্যে না হইলে, ঐ লোক সেই হুকুমপ্রভৃতি প্রবল করিবার কোন কার্য্য করিতে পারিবেক না। কিন্তু যদি ইতিমধ্যে ঐ নিষ্পত্তির কি ডিক্রীর কি হুকুমের নিয়মিতরূপে পুনরুত্থাপন হয়, কিম্বা সেই নিষ্পত্তিতে কি ডিক্রীতে কি হুকুমেতে যে টাকা প্রাপ্য হয় তাহার আসলের কোন অংশ কিম্বা তাহার কিছু সুদ দেওয়া যায়, কিম্বা তদ্বিষয়ের স্বত্ব স্বীকার করিবার কোন লিপিতে ঐ টাকা যাহার দেনা হয়, সেই লোক কি তাহার মোখ্তার যদি দস্তখৎ করিয়া, যাহার পাওনা হয় তাহাকে কি তাহার মোখ্তারকে দেয়, তবে সেই পুনরুত্থাপনের, কিম্বা সেই টাকা দেওনের, কি কর্জ্জ স্বীকার করণের কালাবধি,কিম্বা বিষয়বিশেষে শেষ যেবার পুনরুত্থাপন হয়, কি টাকা দেওয়া যায়, কি কর্জ্জ স্বীকার হয়, তাহার কালাবধি বারো বৎসরের মধ্যে না হইলে, ঐ নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম প্রবল করিবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবেক না। পরন্তু এই আইন জারী হইবার তারিখে যে সকল নিষ্পত্তি ও ডিক্রী ও হুকুম বলবৎ থাকে, তৎসম্পর্কে এই আইন জারী হইবার তারিখঅবধি তিন বৎসরপর্য্যন্ত এইক্ষণকার চলিত আইনমতে কার্য্য হইবেক, তাহার বিপরীত কোন কথা এই আইনে থাকিলেও হইবেক ইতি।

[রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত না হওয়া দেওয়ানী আদালতের ডিক্রীপ্রভৃতি জারী করিবার মিয়াদের কথা।]

২০ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত না হইয়াছে এমত কোন আদালতের নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম জারী করিবার দরখাস্ত হওনের পূর্ব্বের তিন বৎসরঅবধি যদি সেই নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম প্রবল করিবার কিম্বা তাহা বলবৎ রাখিবার কোন কার্য্য না করা যায়, তবে তাহা জারী করিবার পরওয়ানা ঐ আদালতহইতে বাহির হইবেক না ইতি।

[এই আইন জারী হইবার কালে যে নিষ্পত্তিপ্রভৃতি বলবৎ থাকে তাহার উপর ঐ ধারা না খাটিবার কথা।]

২১ ধারা। এই আইন জারী হইবার সময়ে যে কোন নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম বলবৎ থাকে, তাহার উপর ইহার পূর্ব্বের ধারার কোন কথা খাটিবেক না। কিন্তু ঐ ডিক্রীপ্রভৃতি জারী করিবার পরওয়ানা এইক্ষণে আইনমতে যে মিয়াদের মধ্যে বাহির হইতে পারে, হয় সেই মিয়াদের মধ্যে, না হয় এই আইন জারী হইবার কালাবধি তিন বৎসরের মধ্যে, অর্থাৎ ইহার মধ্যে প্রথমে যে মিয়াদ ফুরায়, সেই মিয়াদের মধ্যে ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইতে পারিবেক ইতি।

[দেওয়ানী আদালতের কিম্বা রাজস্বের কার্য্যকারকের সরাসরী ফয়সলা জারী করিবার মিয়াদের কথা।]

২২ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত না হইয়াছে এমত কোন দেওয়ানী আদালতের কিম্বা রাজস্বের কোন কার্য্যকারকের কোন সরাসরী নিষ্পত্তি কি ফয়সলা জারী করিবার দরখাস্ত হইবার পূর্ব্বের এক বৎসরঅবধি তাহা প্রবল করিবার কিম্বা বলবৎ রাখিবার কোন কার্য্য যদি না করা যায়, তবে সেই নিষ্পত্তি কি ফয়সলা জারী করিবার পরওয়ানা জারী হইবেক না ইতি।

[এই আইন জারী হইবার সময়ে যে সরাসরী ফয়সলা বলবৎ থাকে তাহার উপর ঐ ধারা না খাটিবার কথা।]

২৩ ধারা। এই আইন জারী হইবার সময়ে যে কোন সরাসরী নিষ্পত্তি কি ফয়সলা বলবৎ থাকে তাহার উপর ইহার পূর্ব্বের ধারার কোন কথা খাটিবেক না। কিন্তু সেই ডিক্রী জারীর পরওয়ানা এইক্ষণে আইনমতে যে মিয়াদের মধ্যে জারী হইতে পারে, হয় সেই মিয়াদের মধ্যে, না হয় এই আইন জারী হইবার কালাবধি দুই বৎসরের মধ্যে, অর্থাৎ ইহার যে মিয়াদ প্রথমে ফুরায় তাহার মধ্যে পরওয়ানা জারী হইতে পারিবেক ইতি।

[আইনের বলবৎ হইবার কথা, ও আইনবহির্ভূত প্রদেশে কিম্বা অন্য যে স্থানে এই আইন খাটে সেই স্থানে উপস্থিতথাকা মোকদ্দমাপ্রভৃতির বিচারের কথা।]

২৪ ধারা। এই আইন বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই দেশে ও সেই২ দেশের রাজধানীতে ও মোহনার বসতি স্থানে চলিবেক, কিন্তু আইন বহির্ভূত প্রদেশে কি স্থানে চলিবেক না। কেবল হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা ঐ প্রদেশ কি স্থান যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট, ইশ্তিহার প্রকাশ করিয়া চলন করাইলে চলিবেক। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা আইনবহির্ভূত তদ্রূপ কোন প্রদেশ কি স্থান যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট, যখন ঐ প্রদেশে কি স্থানে এই আইন চলন করান, তখন তদ্রূপ প্রদেশে কি স্থানে সেই ইশ্তিহার হইবার তারিখে যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে, কিম্বা সেই তারিখঅবধি দুই বৎসরের মধ্যে যাহা উপস্থিত করা যায়, সেই সকল মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি এই আইন জারী না হইবার মতে হইবেক। কিন্তু এই আইনের বিধান যাহার উপর খাটিতে পারে এমত যে সকল মোকদ্দমা ঐ মিয়াদ অতীত হইলে পর সেই প্রদেশে কি স্থানে উপস্থিত করা যায় তাহার এই আইনমতে কার্য্য হইবেক, মিয়াদের অন্য কোন আইনমতে নয়। কোন আইন কি বিধান কি কানুন ইহার বিরুদ্ধ হইলেও নয় ইতি।

ডবলিউ মর্গান!
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

নয়র।

মালদহনিবাসি শ্রীযুত সৈয়দ শাহ তফজুল আলি ওগয়রহের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেবের পত্রমিদং।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ১৮ জুন।

তোমারদের বেতারিখের একখান দরখাস্ত পাঠ হওয়া গিয়াছে, তাহাতে তোমরা জিলা মালদহের আদালতে সওয়ালজওয়াব করিবার যুগ্যাগ পাও এই নিমিত্তে ঐ জিলার নানা আদালতে বাঙ্গলা ভাষা চলিত না হইয়া উর্দু ভাষা চলন হয় তোমারদের এই প্রার্থনা হইয়াছে।

২। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তোমারদের দরখাস্ত পাঠ করিয়া তাহা উপযুক্তমতে বিবেচনা করিয়াছেন ও শ্রীযুক্ত যাহা কহিয়াছেন ও যাহা বিবেচনা করিয়াছেন তাহা তোমারদিগকে জানাইতে আজ্ঞা পাইয়াছি।

৩। আদালত যেং জিলার মধ্যে সংস্থাপন হয়, সেইং জিলার রাইয়ত ও জমীদার ও ব্যবসায়িপ্রভৃতি অন্য নিবাসিরদের মধ্যে যথার্থ বিচার হয় এই অভিপ্রায়ে স্থাপন হয়। অতএব সেই অভিপ্রায় যাহাতে সিদ্ধ হয় ঐ আদালতের এমত সকল নিয়ম করা গেল ও করা উচিত বটে। ও যে ভাষা আদালতে চলন হইবেক তাহাও সেই অভিপ্রায়ে নির্দ্ধার্য্য হইল। নানা জিলার আদালতের ও লোকেরদের কর্ম্মের জন্যে বিচারপতিরা ও আদালতের আমলাগণ ও উকীলেরা ও মোখ্তারেরা নিযুক্ত হন। কিন্তু বিচারপতিরদের ও আমলারদের ও উকীলেরদের ও মোখ্তারেরদের কর্ম্মের জন্য আদালত স্থাপন হয় না। যে আদালত যে স্থানে থাকে সেই স্থানের লোকেরদের মধ্যে যে ভাষা চলন হয় ঐ আদালতের কার্য্য সেই ভাষাতে করা যায়, ইহা যথার্থ বিচার হইবার নিমিত্তে উচিত। মালদহ জিলায় চলিত ভাষা বাঙ্গলা। অতএব সেই জিলার আদালতের কার্য্য অন্য কোন ভাষাতে হওয়া উচিত নয়।

৪। মালদহ বাঙ্গলা দেশের মধ্যে, ও তাহার চারিদিগে বাঙ্গলা জিলা। রাজমহল ও পুরণিয়া যেমন সীমান্ত জিলা হয় তেমন নয়। মালদহের সর্ব্ব সাধারণ লোক বাঙ্গলা ভাষাভিন্ন অন্য ভাষা বুঝিতে পারে না। মালদহ জিলার লোকেরদের মধ্যে যাহারা বাঙ্গলা ভাষা

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৮ জুন।]

[*Government Gazette 28th June*, 1859.]

না বুঝে এমত প্রায় কেহ নাই ও সেই ভাষা না বুঝিয়া থাকা কাহারো উচিত নয়।

৫। তোমারা আপনাদের সন্তানদিগকে পারস্য ভাষা শিক্ষাইতে চাহ। ইহা শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব তোমারদের প্রশংসার বিষয় জ্ঞান করেন ও ইহাতে তোমারদের ত্রুটি না হয় শ্রীযুক্তের এমত আশা হইতেছে। কিন্তু পনের বৎসরপর্য্যন্ত কেবল পারস্য ভাষা শিক্ষা করাতে কালকাটান নিতান্ত মিথ্যা সময়হরণ হয়। পারস্যভাষা ভিন্নও অন্যান্য বিষয় শিক্ষা করা আবশ্যক। মহম্মদীয় কোন লোক যে দেশে থাকুন তাঁহার সন্তানদিগকে পারস্য ভাষা শিক্ষা করাণ তাঁহার সম্মানের বিষয় বটে কেননা তাঁহার সন্তানেরা সভ্য লোকেরদের উপযুক্তমতে শিক্ষা পায় তাহার ই প্রমাণ হয়। কিন্তু সেই সন্তানেরা যে দেশে জন্মে ও যে দেশে তাহারদের যাবজ্জীবন কাল কাটাইতে হয় সেই দেশের ভাষা উপযুক্তমতে লেখাপড়া করিতে না পারে সভ্য সম্ভ্রান্ত কোন পদের কোন লোকের এমত সন্তান থাকিলে, তাহা পিতার অনাদরের বিষয় হয়। আর বিদ্যাভ্যাসের সেই প্রথম পদের মনোযোগে ত্রুটি হইলে ঐ সন্তানেরদের ক্ষতিকর হয়, ইহা তোমরা অবশ্য বুঝিতে পার, কেননা তাহাতে অনেক২ সদ্ভুমের কর্ম্ম পাইবার তাহারদের বাধা হয়।

৬। বাঙ্গলা দেশের আদালতে উর্দ্দু কি পারস্য ভাষা চলন করা অসাধ্য। কিন্তু তোমরা আপনারদের জিলার চলিত ভাষা শিক্ষা করিতে পার। ও তোমারদের সন্তানেরা মনুষ্যত্বপ্রাপ্ত না হইতে২ সেই ভাষা লেখাপড়া করিতে পারে ইহাতে তোমারদের মনোযোগ হইতে পারে। এই কর্ম্ম করিলে তোমারদের যে পর্য্যন্ত লাভ হইতে পারে, তাহাতে তোমারদের মনোযোগ থাকে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এই পরামর্শ।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা ভাগলপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ভাগলপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহালাত মোতালকে জিলে ভাগলপুর রাজস্ব বাকী আদায়ের নিমিত্তে সন ১৮৫৯ সালের ৫ জুলাই মোতাবেক ২০ আষাঢ় সন ১২৬৬ ফসলী রোজ মঙ্গলবার নিশ্চয় নীলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণী এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ২৭৭ সাহপুর তমৌনী পং কাহলগাঁ লিখিত মালিক মদন ঠাকুর ও ভিখারিলাল ও বজরঙ্গ সহায় সদর জমা ৫২৪।৶৪৸

তারিখ ১৬ জুন সন ১৮৫৯ সাল। J. R. MUSPRATT, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

রিসিবর আপীস।

সুপ্রেম কোর্ট।

আশুতোষ দে দিগর	বাদী
রাজকুমারী দাসীদিগর	প্রতিবাদী।

তরফ হাঁদীয়ারদিগরের ইজারার ডাক অদ্য না লইয়া আগামি ১৫ জুলাই শুক্রবার বেলা দুই প্রহর দুই ঘণ্টার সময় লওয়া যাইবেক ইতি।

রিসিবর আপীস সুপ্রেম কোর্ট ১৩ জুন ১৮৫৯।

সুপ্রেমকোর্ট রিসিবর আপীস।

জমীদারী ইজারা।

বিন্দা সুন্দরী দাসী	বাদিনী।
এ বি মেকিণ্টসদিগর	প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি১৫ জুলাই শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রেম কোর্টের রিসিবর শ্রীযুত জে মেসওএলচ সাহেব তাঁহার আপীসে নীচের লিখিত জমীদারির এক বৎসরের মেয়াদে ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হএন ঐ সময়ে রিসিবর আপীসে উপস্থিত হইবেন।

জেলা যশোহরের মোতালক মৃত ঈশ্বরচন্দ্র পালচৌধুরীর বক্তর কিরতাংশ পরগনে সাঁতরের অন্তর্গত ভিহি দাদপুর ৭৭৷৷০ সাড়ে সাতাত্র মৌজে যাহাকে সচরাচর ডিহি পোঞাইন কহে।

আর২ বৃত্তান্ত রিসিবর আপীসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আপীস সুপ্রেম কোর্ট ৯ জুন। ১৮৫৯।

ইংরাজী ১৮৫৯ সালের ৮ আইন সদর দেওয়ানী আদালতের নজিরের বঙ্গানুবাদক শ্রীপ্রসন্নচন্দ্র মুখোপাধ্যায়কর্ত্তৃক বঙ্গভাষায় প্রকাশ হইতেছে, তাহার মূল্য ১৷৷০ টাকা অবধারিত হইয়াছে। গ্রহণেচ্ছুক মহাশয়েরা একৌণ্টেণ্ট জেনরলের আফিসে অথবা যোড়াসাঁকো বলরাম দে ইস্ট্রিট ১। ২ নম্বর ভবনে অনুবাদ যন্ত্রালয়ে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৮ জুন।]

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে দেওয়ানী মোকদ্দমার কার্য্য অতি সহজরূপে নির্ব্বাহ করণার্থে সংপ্রতি যে ইং ১৮৫৯ সালের অষ্টম আইন জারী হইয়াছে তাহার অতি শুদ্ধ বাঙ্গলা তরজমা মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে ও ঐ আইনের ইণ্ডেক্স অর্থাৎ খোলাসা সমস্ত ধারার নির্ঘণ্টপত্র সহকারে বিক্রয়ার্থে স্বতন্ত্র পুস্তকে মুদ্রাঙ্কিত হইতেছে যাঁহারা ঐ আইন ক্রয় করিবেন তাঁহারা ইণ্ডেক্স বিনা মুল্যে পাইবেন। যাঁহার ঐ আইন অথবা ইণ্ডেক্সের প্রয়োজন হইবেক তিনি সদর দেওয়ানী আদালতের উকীল শ্রীযুত বাবু মহেন্দ্রলাল সোয়ের নিকট অথবা কলিকাতা চনচনিয়া সাকিনের শ্রীযুত বাবু গিরিশচন্দ্র দাসের নিকটে মূল্য পাঠাইলেই প্রাপ্ত হইবেন ইতি।

আইন পুস্তকের মূল্য	...	...	...	...	৩৲ তিন টাকা
ইণ্ডেক্স অর্থাৎ খোলাসার মূল্য	...	...	...	...	১৲ এক টাকা

বিজ্ঞাপন।

গ্রাহকগণের প্রতি নিবেদন এই যে তাঁহারা এই বিজ্ঞাপনটী আদ্যোপান্ত পাঠান্তে ভালমন্দ ও লাভনোকসানের প্রতি দৃষ্টি রাখিয়া আইন গ্রহণ করিবেন।

নীচের লিখিত বাঙ্গলা আইন সকল উৎকৃষ্ট কাগজে ও গবর্ণমেণ্ট গেজেটের অবিকল অনুবাদের সহিত মিলাইয়া চুম্বক সহ যত্নপূর্ব্বক মুদ্রিত হইয়াছে ১৮৫৯ সালের ৮ আইন মূল্য। ১৷৷০

হাল আইনের দ্বারা ইং ১৭৯৩ নং ১৮৫৯ সালের যে সকল আইন রদ ও মতান্তর হইয়াছে তাহার নিষ্কৃতি যাহা আইন ব্যবসায়িদিগের পক্ষে অত্যাবশ্যকীয়) মূল্য ৷৷০

১৮৫৯ সালের ৮ আইন মায় ঐ নিষ্কৃতি ২৲

ঐ সনের ৯। ১০ আইন ১৲

ঐ সনের ১১। ১৪ আইন ৷৷০

উপরোক্ত ৮। ৯। ১০। ১১। ১৪ আইন এক ব্যক্তি লইলে মায় ডাকমাসুল সমুদায়ের মূল্য ৩৷৷০

ইং ১৭৯৩ নং ১৮৫৯ সালের সমুদায় দেওয়ানী আইন শৃঙ্খলামত রদবদল বাদে ছাপা হইতেছে মূল্য মায় ডাকমাসুল ৫৲

উপরোক্ত পুস্তক সকল সদরদালতের উকীল শ্রীযুত মৌলবী মহম্মদ এসমাইল সাহেবের আফিসে বা তাঁহার কলিকাতার তালতলার গার্ডিনর লেনের ১৩ নং ভবনে তত্ত্ব করিলে পাইবেন ইতি।

শ্রীআলী আহম্মদ। সদরদালতের উকীল।

বিজ্ঞাপন।

গেজেটহইতে সংগ্রহপূর্ব্বক প্রস্তুতহওয়া নিম্নোক্ত বাঙ্গলা পুস্তকাদি সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী অথবা শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় চৌধুরী কিম্বা শ্রীযুত বাবু গোপাললাল মিত্র মহাশয়ের আফিসে ক্রেতাগণ প্রাপ্ত হইবেন।

দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় ইং ১৮৫৯ সালের ৫, ৮, ৯ ও ১০ আইন এবং ১৮৫৮ সালের যাবদীয় আইন ও সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর। মূল্য ... ... ৪৲ টাকা।

স্বতন্ত্ররূপে প্রকাশহওয়া মালসংক্রান্ত ১৮৫৯ সালের ১০ আইন। মূল্য ... ... ১৲ টাকা।

ইং ১৮৫৯ সালের ১১ ও ১৪ আইন মুদ্রিত হইতেছে। মূল্য ... ... ৸০ আনা

১৮৫৪ সালহইতে ১৮৫৭ সালপর্য্যন্তের দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় আইন ও সরকুলর অর্ডর ইত্যাদি মূল্য ... ... ১৷৷০ টাকা

[*Government Gazette, 28th June, 1859.*]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট্ গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 5, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৫ জুলাই।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 21ST MAY 1859.

THE following Act, passed by the Legislative Council received the assent of the Right Honorable the Governor General on the 17th May 1859, and is hereby promulgated for general information :—

ACT No. XV. OF 1859.

An Act for granting exclusive privileges to Inventors.

[Preamble.]

WHEREAS Act VI. of 1856, entitled "An Act for granting exclusive privileges to Inventors," was passed by the Legislative Council of India without the sanction of Her Majesty to the passing thereof having been previously obtained and signified in pursuance of the Statute passed in the seventeenth year of the reign of Her Majesty, entitled "An Act to provide for the Government of India :" and whereas Her Majesty's Law Officers having given it as their opinion that the Legislative Council of India was not competent to pass Act VI. of 1856 without previously obtaining the sanction of the Crown, and the Court of Directors of the East India Company having in pursuance of the power vested in them by law disallowed Act VI. of 1856 and having signified to the Governor General of India in Council their disallowance thereof, the said Act was repealed by Act IX. of 1857 ; and whereas it is expedient, for the encouragement of Inventors of new manufactures, that certain exclusive privileges in their inventions should be granted to them in India, and that exclusive privileges obtained under the said Act should be protected : It is enacted as follows (The sanction of Her Majesty to the pass-

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২১ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১৭ মে তারিখে সম্মতি প্রকাশ করেন, এইক্ষণে সেই আইন সকল লোককে জানাইবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১৫ আইন।

যাঁহারা নবকল্পিত কারিগরী প্রকাশ করেন তাঁহারদিগকে বিশেষ ক্ষমতা দিবার আইন।

[হেতুবাদ।]

"ভারতবর্ষের কর্ত্তৃত্বের বিধান করিবার আইন" নামে শ্রীশ্রীমতী মহারাণীর রাজত্বের সতের বৎসরে যে আইন জারী হইয়াছিল সেই আইনমতে শ্রীশ্রীমতী মহারাণীর অনুমতি না পাইয়া ও তাঁহার সেই অনুমতি প্রকাশ না হইলেও ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের সাহেবেরা ইঙ্গরেজী ১৮৫৬ সালের ৬ আইন অর্থাৎ "যাঁহারা নবকল্পিত কারিগরী প্রকাশ করেন তাঁহারদিগকে বিশেষ ক্ষমতা দান করিবার আইন" জারী করিয়াছিলেন। আরো শ্রীশ্রীমতী মহারাণীর অনুমতি না পাইয়া ১৮৫৬ সালের ৬ আইন জারী করিতে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের ক্ষমতা ছিল না, শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষে ব্যবস্থাদায়ক সাহেবেরা আপনারদের এই মত প্রকাশ করিয়াছেন। ও কোম্পানি বাহাদুরের শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের প্রতি আইনমতে যে ক্ষমতা অর্পণ হইয়াছিল সেই ক্ষমতানুসারে তাঁহারা ১৮৫৬ সালের ৬ আইন অগ্রাহ্য করিলেন ও সেই আইন অগ্রাহ্য করিবার কথা তাঁহারা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে জানাইলেন। এই২ কারণে ১৮৫৭ সালের ৯ আইন জারী হইয়া সেই আইন রদ হইয়াছিল। আরো নূতন শিল্প দ্রব্যের কারিগরদিগকে উৎসাহ দিবার জন্যে, তাঁহারদের নূতন কল্পনার কারিগরীসম্পর্কে অন্য কেহ যাহা না পাইতে পারেন এমত ক্ষমতা, তাঁহারদিগকে ভারতবর্ষে প্রদান করা, ও সেই আইনমতে তাঁহারা যে

ing of this Act having been previously obtained and signified in pursuance of the said Statute) :—

[Inventor may petition for leave to file specification. Form &c. of petition.]

I. The inventor of any new manufacture may petition the Governor General of India in Council for leave to file a specification thereof. Every such petition shall be in writing in the form or to the effect mentioned in the Schedule hereunto annexed, and shall be signed by the petitioner, or, in case the petitioner shall be absent from India, by an authorized agent, and shall state the name, addition, and place of residence of the petitioner, and the nature of the invention.

[Order to file specification.]

II. Upon such petition, the Governor General of India in Council may make an order authorizing the petitioner to file a specification of the invention.

[Power to refer petition for enquiry and report.]

III. Before making such order, the Governor General of India in Council may refer the petition to any person or persons for enquiry and report, and such person or persons shall be entitled to a reasonable fee for such enquiry and report to be paid by the petitioner : the amount of such fee, in case of dispute, to be settled by a Judge of one of Her Majesty's Courts of Judicature in a summary manner.

[Petitioner entitled to exclusive privilege for 14 years from the time of filing specification. Extension of term of exclusive privilege.]

IV. If, within the space of six calendar months from the date of such order, the petitioner cause a specification of his invention to be filed in manner hereinafter mentioned, the petitioner, his executors, administrators, or assigns, shall be entitled to the sole and exclusive privilege of making, selling, and using the said invention in India, and of authorizing others so to do, for the term of fourteen years from the time of filing such specification, and for such further term (if any), not exceeding fourteen years from the expiration of the first fourteen years, as the Governor General of India in Council may think fit to direct, upon petition to be presented by such inventor, at any period not more than one year, and not less than six calendar months, before the expiration of the exclusive privilege hereby granted.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৫ জুলাই।]

বিশেষ ক্ষমতা পান তাহা রক্ষা করা বিহিত হয়। এই২ কারণে নীচের লিখিত বিধান হইল ও শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত আইনানুসারে, এই আইন জারী করিতে শ্রীশ্রীমতীর অনুমতি পাওয়া গিয়াছে ও তাহা জ্ঞাত করা গিয়াছে।

[নূতন কম্পনামতের বিশেষ বর্ণনা দাখিল করিবার অনুমতি প্রার্থনা করিবার কথা। ও দরখাস্তের পাটপ্রভৃতির কথা।]

১ ধারা। যে জন নূতন কম্পনামতে কোন কারিগরী প্রকাশ করেন তিনি তাহার বিশেষ বর্ণনা দাখিল করিবার অনুমতি পাইবার জন্যে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুরের নিকটে দরখাস্ত করিতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক দরখাস্ত এই আইনের শেষের লিখিত তফসীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লিখিয়া দেওয়া যাইবেক, ও তাহাতে দরখাস্তকারির স্বাক্ষর থাকিবেক, কিম্বা যদি দরখাস্তকারী ভারতবর্ষের মধ্যে না থাকেন তবে তাঁহার ক্ষমতাপ্রাপ্ত এক জন মোখ্তারের স্বাক্ষর থাকিবেক। ও তাহাতে দরখাস্তকারির নাম ও খ্যাতিপ্রভৃতি ও বাসস্থান ও সেই নূতন কারিগরীর প্রকার নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

[বিশেষ বর্ণনা দাখিল করিবার হুকুমের কথা।]

২ ধারা। এমত দরখাস্ত দেওয়া গেলে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুর দরখাস্তকারিকে ঐ কারিগরীর বিশেষ বর্ণনা দাখিল করিবার অনুমতির হুকুম করিতে পারিবেন ইতি।

[ঐ দরখাস্ত অনুসন্ধানের ও রিপোর্টের নিমিত্তে অর্পণ করিবার ক্ষমতার কথা।]

৩ ধারা। ঐ প্রকার হুকুম করিবার পূর্ব্বে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুর অনুসন্ধান হইবার ও রিপোর্ট করিবার জন্যে ঐ দরখাস্ত কোন ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি অর্পণ করিতে পারিবেন, ও সেই ব্যক্তি কি ব্যক্তিরা সেইরূপ অনুসন্ধান ও রিপোর্ট করিবার জন্যে উপযুক্ত রসুম পাইবার যোগ্য হইবেন। ঐ রসুম দরখাস্তকারির দিতে হইবেক। ঐ রসুমের কথা লইয়া যদি বিবাদ হয়, তবে তাহা শ্রীশ্রীমতী মহারাণীর কোন কোর্টের এক জন জজ সাহেব সরাসরীমতে নিষ্পত্তি করিবেন ইতি।

[বর্ণনা দাখিল করিবার সময়াবধি ১৪ বৎসরপর্য্যন্ত দরখাস্তকারির বিশেষ ক্ষমতার, ও ঐ বিশেষ ক্ষমতার মিয়াদ বৃদ্ধি হইতে পারিবার কথা।]

৪ ধারা। সেই হুকুমের তারিখঅবধি ছয় মাসের মধ্যে দরখাস্তকারী এই আইনেতে যেমন বিধি করা যাইতেছে তেমনি যদি আপনার নূতন কম্পনার কারিগরীর বিশেষ বর্ণনা দাখিল করান, তবে ঐ বর্ণনা দাখিল করিবার সময়াবধি ১৪ বৎসরপর্য্যন্ত, কেবল দরখাস্তকারী কি তাঁহার অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি আসৈনেরাভিন্ন অন্য কোন ব্যক্তি ভারতবর্ষের মধ্যে সেইরূপ কারিগরীর দ্রব্য তৈয়ার করিতে ও বিক্রয় করিতে ও ব্যবহার করিতে এবং অন্যেরদিগকে তদ্রূপ করিবার ক্ষমতা দিতে পারিবেন না। আর এতদ্দ্বারা যে বিশেষ ক্ষমতা দেওয়া যায় তাহার উক্ত মিয়াদ অতীত হইবার পূর্ব্বে, এক বৎসরের অধিক না হয় ও ছয় মাসের কম না হয় এমত কোন সময়ের মধ্যে, যদি উক্ত কারিগর দরখাস্ত করেন, তবে প্রথম চৌদ্দ বৎসর অতীত হইলে পর আর চৌদ্দ বৎসরের অধিক না হয়, এমত যে কোন মিয়াদ হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুর আজ্ঞা করা উচিত বোধ করেন সেই অধিক মিয়াদপর্য্যন্ত, তাঁহার ঐ ক্ষমতা থাকিবেক ইতি।

[Order to file specification may be made subject to conditions.]

V. An order authorizing the filing of a specification, or for extending the term of such exclusive privilege as aforesaid, may be made subject to any such conditions and restrictions as the Governor General of India in Council may think expedient.

[Specification to be in writing and to describe the invention.]

VI. Every specification of an invention filed under this Act shall be in writing, and shall be signed by the petitioner, and shall particularly describe and ascertain the nature of the said invention and in what manner the same is to be performed.

[Petition and specification to be left with Secretary to Government. Petition &c. to be accompanied by declaration. Date of delivery to be endorsed on petition.]

VII. Every petition for leave to file a specification and every specification filed under this Act shall be left with the Secretary to the Government of India in the Home Department, and every petition and specification shall be accompanied by a declaration in writing signed by the petitioner in the forms or to the effect mentioned in the Schedule hereunto annexed, and if the inventor be absent from India, the petition and specification shall also be accompanied by a declaration signed by the agent who shall present or file the same, to the effect that he verily believes that the declaration purporting to be the declaration of the inventor was signed by him, and that the contents thereof are true, which declaration shall be in the form or to the effect mentioned in the said Schedule. The date of the delivery of every such petition and specification shall be endorsed on the same respectively, and shall also be recorded at the Office of the said Secretary.

[False statement in declaration punishable as perjury.]

VIII. If any person, who shall make a declaration under this Act, shall wilfully and corruptly make any false statement therein, he shall be deemed guilty of perjury, and shall be proceeded against, and upon conviction punished accordingly.

[Specification not to be filed before payment of fees.]

IX. No specification shall be filed until the petitioner shall have paid all fees payable under this Act, including the fees (if any) of the person or persons to whom the petition shall have been referred for enquiry and report.

[Copies of specification to be delivered and distributed. To be open to inspection.]

X. At the time of delivering the specification for the purpose of being filed, the petitioner shall cause to be delivered to the said Secretary five copies thereof, of which

One shall be sent to and filed by one of the Secretaries to the Government of Bengal ;

[*Government Gazette, 5th July*, 1859.]

[বিশেষ বর্ণনা দাখিল করিবার কোন২ নিয়ম করা যাইবার কথা।]

৫ ধারা। বিশেষ বর্ণনা দাখিল করিবার অনুমতি দেওনের, কিম্বা পূর্ব্বোক্ত প্রকারে ঐ বিশেষ ক্ষমতার মিয়াদ বৃদ্ধি করণের কোন হুকুম, যে কোন নিয়ম ও নিষেধ হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুর বিহিত বোধ করেন, তদনুসারে করা যাইতে পারিবেক ইতি।

[ঐ বর্ণনা লিখিয়া দাখিল করিবার ও তাহাতে সেই নূতন কারিগরীর ভাব নির্দ্দিষ্ট থাকিবার কথা।]

৬ ধারা। এই আইনানুসারে কারিগরীর যে বর্ণনা দেওয়া যায় তাহা লিখিয়া দিতে হইবেক। ও তাহাতে দরখাস্তকারির স্বাক্ষর থাকিবেক। আর উক্ত কারিগরীর প্রকার ও তাহাতে যেরূপে কার্য্য হয় এই কথা, বিশেষ করিয়া নির্দ্দিষ্ট ও নিশ্চিত করা যাইবেক ইতি।

[দরখাস্ত ও বিশেষ বর্ণনা গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে রাখিবার কথা। ও দরখাস্তপ্রভৃতির সঙ্গে জ্ঞাপনপত্র দিবার কথা। ও দরখাস্ত দিবার তারিখ তাহার পৃষ্ঠে লেখা থাকিবার কথা।]

৭ ধারা। বিশেষ বর্ণনা দাখিল করিবার অনুমতির প্রত্যেক দরখাস্ত, ও এই আইনমতে দাখিলকরা প্রত্যেক বর্ণনাপত্র হুম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে রাখিতে হইবেক। আর প্রত্যেক দরখাস্ত ও বর্ণনাপত্রের সঙ্গে ঐ দরখাস্তকারির স্বাক্ষরকরা এক লিখিত জ্ঞাপনপত্র থাকিবেক। তাহা এই আইনের তফসীলের পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক। আর যদি ঐ কারিগর ভারতবর্ষের মধ্যে না থাকেন, তবে তাঁহার যে মোখ্তার ঐ দরখাস্ত ও বর্ণনাপত্র উপস্থিত কি দাখিল করেন, তাঁহার দস্তখৎকরা অন্য এক জ্ঞাপনপত্র ঐ দরখাস্তের ও বর্ণনাপত্রের সঙ্গে থাকিবেক, তাহা এই আইনের তফসীলের পাঠের কি তাহার মর্ম্মমতে হইবেক। মর্ম্ম এই যে, ঐ কারিগরের জ্ঞাপনপত্র বলিয়া এই জ্ঞাপনপত্রেতে তাঁহারই স্বাক্ষর আছে, ও তাহাতে যে কথা লেখা হইয়াছে তাহা সত্য, আমার এই দৃঢ় বিশ্বাস হয়। সেই প্রকারের প্রত্যেক দরখাস্ত ও বর্ণনাপত্র দিবার তারিখ ঐ দুয়ের পৃষ্ঠে লেখা থাকিবেক, ও উক্ত সেক্রেটারী সাহেবের দফ্তরখানাতেও রিকার্ড করা যাইবেক ইতি।

[জ্ঞাপনপত্রেতে অসত্য কথা থাকিলে তাহার মিথ্যা শপথের তুল্য দণ্ড হইবার কথা।]

৮ ধারা। যে কোন ব্যক্তি এই আইনানুসারে জ্ঞাপনপত্র লেখেন, তিনি যদি জানিয়াশুনিয়া ও দুষ্টভাবে তাহার মধ্যে কিছু অসত্য কথা লেখেন, তবে তাঁহাকে মিথ্যা শপথের দোষী জ্ঞান হইবেক, ও তাঁহার নামে নালিশ হইয়া দোষ সাব্যস্ত হইলে তদনুসারে দণ্ড হইবেক ইতি।

[রসুম না দেওয়া গেলে বর্ণনাপত্র না দিবার কথা।]

৯ ধারা। দরখাস্ত অনুসন্ধান ও রিপোর্ট হইবার জন্যে যে ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি সমর্পিত হয়, তাঁহারদের কিছু রসুম দিতে হইলে তাহা সমেত এই আইনমতে যত রসুম দিতে হয়, তাহা দরখাস্তকারী না দিলে, ঐ বর্ণনাপত্র অর্পণ করা যাইতে পারিবেক না ইতি।

বর্ণনাপত্রের কএক কেতা নকল দিবার ও বিলি করিবার কথা ও তাহা দেখিতে পারিবার কথা।

১০ ধারা। নথীতে রাখিবার জন্যে বর্ণনাপত্র দেওনের সময়ে, দরখাস্তকারী উক্ত সেক্রেটারী সাহেবকে তাহার পাঁচ কেতা নকল দেওয়াইবেন।

এক কেতা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক জন সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান যাইবেক, ও তিনি তাহা নথী করিয়া রাখিবেন।

One shall be sent to and filed by one of the Secretaries to the Government of Fort St. George;

One shall be sent to and filed by one of the Secretaries to the Government of Bombay; and

One shall be sent to and filed by one of the Secretaries to the Government of the North Western Provinces.

A copy of such specification shall be open at all reasonable times at the Office of each of the said Secretaries to public inspection upon payment of a fee of one Rupee.

[Book for the registry of petitions, specifications, &c.]

XI. A book shall be kept in the Office of the said Secretary to the Government of India wherein shall be entered and recorded every such petition and specification and every order made upon such petition or relating to the invention therein mentioned. Every specification shall be numbered according to the order in which it is entered in such book; and a reference shall be made in such book, in the margin of the entry of each specification, to every order relating to the invention, and to every petition, memorandum, or amended specification which shall be filed under the provisions of Section XIV.

[Inspection of registry book. Certified copy of entry to be given.]

XII. Such book, or a copy thereof, shall be open at all convenient times for the inspection of any person upon payment of a fee of one Rupee; and the said Secretary shall cause a copy of any entry therein, certified under his hand, to be given to any person requiring the same, on payment of the expense of copying.

[Certified copy to be *primâ facie* evidence.]

XIII. Every such certified copy shall be *primâ facie* evidence of the document of which it purports to be a copy.

[In what cases petitioner may apply for leave to file amended specification. Effect of amended specification.]

XIV. If, after the filing of the specification, the petitioner shall have reason to believe that through mistake or inadvertence he has erroneously made any mis-statement in his petition or specification, or included therein something which at the date of his petition was not new or whereof he was not the inventor, or that such specification is in any particular defective or insufficient, he may petition the Governor General in Council for leave to file a memorandum pointing out such error, defect, or insufficiency, and disclaiming any part of the alleged invention, or, in case of any defect or insufficiency of the specification, for leave to file an amended specification. The petition shall state

আর এক কেতা মান্দ্রাজের গবর্ণমেণ্টের এক জন সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান যাইবেক, ও তিনি তাহা নথী করিয়া রাখিবেন।

আর এক কেতা বোম্বাইয়ের গবর্ণমেণ্টের এক জন সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান যাইবেক, ও তিনি তাহা নথী করিয়া রাখিবেন।

আর এক কেতা উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের এক জন সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান যাইবেক ও তিনি তাহা নথী করিয়া রাখিবেন।

উক্ত বর্ণনাপত্রের এক২ কেতা নকল উক্ত সেক্রেটারী সাহেবেরদের দপ্তরখানায় সকল লোকের দেখিবার জন্যে উপযুক্ত সময়ে খোলা থাকিবেক। যে কেহ দেখিতে চাহেন তিনি ১৲ টাকা রসুম দিলে তাহা দেখিতে পারিবেন ইতি।

[দরখাস্ত ও বর্ণনাপত্রপ্রভৃতি রেজিষ্টরী করিবার বহীর কথা।]

১১ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টের উক্ত সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় একখান বহী থাকিবেক, ও সেইরূপ প্রত্যেক দরখাস্ত ও বর্ণনাপত্র, আর ঐ দরখাস্তের কিম্বা তাহার লিখিত কারিগরীর বিষয়ে যে২ হুকুম করা যায় তাহা, ঐ বহীতে লেখা ও রিকার্ড করা যাইবেক। এক২ বর্ণনাপত্র যে ক্রমে ঐ বহীতে লেখা যায় সেই ক্রমানুসারে তাহাতে নম্বর দেওয়া যাইবেক। আর ঐ বহীর যে পৃষ্ঠায় বর্ণনাপত্র লেখা থাকে তাহার হাঁশিয়াতে ঐ নূতন কারিগরীর সম্পর্কীয় ও ১৪ ধারার বিধানমতে যে সকল দরখাস্ত কি কৈফিয়ৎ কি সংশোধিত বর্ণনাপত্র দাখিল করা যায় তাহার সম্পর্কীয় প্রত্যেক হুকুমের কথার উল্লেখ থাকিবেক ইতি।

[রেজিষ্টরী বহী দেখিয়া লইবার ও লিখিত কথার দস্তখতী নকল দিবার কথা।]

১২ ধারা। ঐ বহী কি তাহার এক কেতা নকল কোন ব্যক্তি এক টাকা রসুম দিলে দেখিতে পারেন এই নিমিত্তে তাহা উপযুক্ত নকল সময়ে খোলা থাকিবেক। যদি কোন ব্যক্তি ঐ পুস্তকের লিখিত কোন কথার নকল চাহেন, তবে তিনি নকল করিবার খরচ দিলে উক্ত সেক্রেটারী সাহেব আপনার দস্তখৎকরা ঐ কথার নকল তাঁহাকে দেওয়াইবেন ইতি।

[দস্তখতী নকল আদিদৃষ্টে প্রমাণ হইবার কথা।]

১৩ ধারা। উক্ত প্রকারের দস্তখতী প্রত্যেক নকল, যে লিপির নকল বলিয়া কহা যায় সেই লিপির আদিদৃষ্টে প্রমাণ হইবেক ইতি।

[দরখাস্তকারী যে২ স্থলে সংশোধিত বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতি প্রার্থনা করিতে পারেন তাহার কথা ও সংশোধিত বর্ণনাপত্রের ফল।]

১৪ ধারা। দরখাস্তকারী ভুলক্রমে কি অমনোযোগেতে আপন দরখাস্তের কি বর্ণনাপত্রের মধ্যে কিছু অশুদ্ধ কথা লিখিয়াছেন, কিম্বা আপনার দরখাস্ত করিবার তারিখে যাহা নূতন ছিল না কিম্বা তিনি যাহার নবপ্রকাশক ছিলেন না এমত কথা তাহার মধ্যে লিখিয়াছেন, কিম্বা সেই বর্ণনাপত্রের কোন বিশেষ কথার কিছু বাকী আছে, কিম্বা কোন কথা প্রচুর নহে, ইহা যদি সেই দরখাস্তকারী কোন বর্ণনাপত্র দাখিল করিবার পরে বুঝিতে পান, তবে তিনি ঐ ভুল কি দোষ কি অপ্রচুর কথা দেখাইবার ও কথিত নবপ্রকাশিত কারিগরীর কোন অংশ অস্বীকার করিবার এক খোলাসা দাখিল করিবার, কিম্বা বর্ণনাপত্রের কিছু কথা বাকী থাকিলে কি প্রচুর না হইলে সংশোধিত বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতি পাইবার জন্যে হুজুরকৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল

how the error, defect, or insufficiency occurred and that it was not fraudulently intended, and shall be accompanied by a declaration in writing signed by the petitioner and if he be absent from India by his agent stating that the contents of such petition are true to the best of his knowledge and belief. Upon such petition the Governor General in Council may make an order allowing such memorandum or amended specification to be filed. All the provisions of Sections X., XI., XII., and XIII., applicable to specifications, shall be applicable to the petitions, orders, and memoranda or amended specifications referred to in this Section. An amended specification filed under the provisions of this Act shall, except as to suits or proceedings relating to the exclusive privilege which shall be pending at the time of the filing of such amended specification, have the same effect as if it had been the specification first filed, provided that nothing contained in an amended specification shall extend or enlarge any exclusive privilege before acquired.

[No person entitled to exclusive privilege in any of the following cases —

XV. No person shall be entitled to any exclusive privilege under the provisions of this Act—

[If invention of no utility, or]

If the invention is of no utility, or

[If invention not new, or]

If the invention, at the time of presenting the petition for leave to file the specification, was not a new invention within the meaning of this Act, or

[If petitioner is not inventor, or]

If the petitioner is not the inventor thereof, or

[If specification dose not describe the invention.]

If the specification filed or the amended specification (if any) does not particularly describe and ascertain the nature of the invention and in what manner the same is to be performed, or

[If petition or specification contain wilful or fraudulent mis-statement.]

If the original or any subsequent petition relating to the invention, or the original or any amended specification contain a wilful or fraudulent mis-statement.

[Exclusive privilege to cease if Government declare it mischievous &c. to public. Or if Government, upon breach of condition proved, declare that it shall cease.]

XVI. Every exclusive privilege under this Act shall cease if the Governor General of India in Council shall declare that the same, or the mode in which it is exercised, is mischievous to the State, or generally prejudicial to the public; or if a breach of any special condition on which the petitioner shall be authorized to file a specification, or upon which the

বাহাদুরের নিকটে দরখাস্ত করিতে পারিবেন। সেই ভুল কি চুক কি দোষ যে প্রকারে হইয়াছিল ও তাহা প্রতারণাক্রমে হয় নাই, এইং কথা ঐ দরখাস্তে লিখিতে হইবেক। ও সেই দরখাস্তের লিখিত কথা তাঁহার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এই মর্ম্মের এক লিপি ঐ দরখাস্তকারী কিম্বা তিনি ভারতবর্ষের মধ্যে না থাকিলে তাঁহার মোখ্তার দস্তখৎ করিয়া ঐ দরখাস্তের সঙ্গে দাখিল করিবেন।—তদ্রূপ দরখাস্ত হইলে হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হুকুম করিয়া ঐ খোলাসা কি সংশোধিত বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতি করিতে পারিবেন। ১০ ও ১১ ও ১২ ও ১৩ ধারার যে সকল বিধান বর্ণনাপত্রের উপর খাটে তাহা এই ধারার উল্লেখকরা দরখাস্তের ও হুকুমের ও খোলাসার ও সংশোধিত বর্ণনাপত্রের উপর খাটিবেক। এই আইনের বিধানমতে যে সংশোধিত বর্ণনাপত্র দাখিল করা যায় তাহা প্রথম দাখিলকরা বর্ণনাপত্রের তুল্য ফলবৎ হইবেক, কেবল সেই সংশোধিত বর্ণনাপত্র দাখিল করিবার সময়ে বিশেষ ক্ষমতাসম্পর্কীয় যে সকল মোকদ্দমা ও কার্য্য উপস্থিত থাকে তৎসম্পর্কে তাহা প্রথম দাখিলকরা বর্ণনাপত্রের তুল্য ফলবৎ হইবেক না। কিন্তু বিশেষ যে কোন ক্ষমতা পূর্ব্বে পাওয়া গিয়াছে তাহা সংশোধিত বর্ণনাপত্রের লিখিত কোন কথাতে বিস্তারিত কি বৃদ্ধি করা যাইবেক না ইতি।

[নীচের লিখিত কোন গতিকে কোন ব্যক্তির বিশেষ ক্ষমতা না পাইবার কথা।]

১৫ ধারা। নীচের লিখিত কোন গতিকে কোন ব্যক্তি এই আইনের বিধানমতে বিশেষ কোন ক্ষমতা পাইতে পারিবেন না অর্থাৎ।

[যদি ঐ কারিগরী কোন কার্য্যের নয়।]

যদি ঐ কারিগরী কোন কার্য্যের না হয়। অথবা

[যদি কারিগরী নূতন না হয়।]

যদি বর্ণনাপত্র অর্পণ করিবার অনুমতির দরখাস্ত দিবার সময়ে, ঐ কারিগরী এই আইনের অর্থের মতে নূতন কল্পনার না হয়।

[যদি দরখাস্তকারী কারিগর নহেন।]

যদি দরখাস্তকারী ঐ নূতন কল্পনার কারিগরীর কারিগর না হন।

[যদি বর্ণনাপত্রে ঐ কারিগরীর বর্ণনা না থাকে।]

যে বর্ণনাপত্র দেওয়া যায় তাহাতে কিম্বা কোন সংশোধিত বর্ণনাপত্র দাখিল হইলে তাহাতে যদি নবকল্পিত কারিগরীর প্রকার ও তাহাতে যেরূপে কার্য্য হয় তাহার বিশেষ ও নিশ্চিত বর্ণনা না থাকে।

[যদি দরখাস্তে কি বর্ণনাপত্রে জানিয়াশুনিয়া কি প্রতারণাক্রমে কোন অশুদ্ধ কথা লেখা থাকে।]

যদি নবপ্রকাশিত কারিগরীসম্পর্কীয় আসল দরখাস্তে কি তাহার পরে দেওয়া কোন দরখাস্তে কিম্বা আসল বর্ণনাপত্রে কি সংশোধিত কোন বর্ণনাপত্রে জানিয়াশুনিয়া কি প্রতারণাক্রমে কোন অশুদ্ধ কথা লেখা থাকে ইতি।

[যদি গবর্ণমেণ্ট ঐ বিশেষ ক্ষমতা সাধারণ লোকেরদের ক্ষতিকর প্রকাশ করেন, কিম্বা যদি নিয়মের লঙ্ঘণের প্রমাণ হইলে গবর্ণমেণ্ট আজ্ঞা করেন যে তাহা রহিত হয় তবে রহিত হইবার কথা।]

১৬ ধারা। যদি হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর প্রকাশ করেন যে, ঐ বিশেষ ক্ষমতামতে কিম্বা তাহা লইয়া যে প্রকারে কর্ম্ম করা যায় তাহাতে রাজ্যের ক্ষতি হইতে পারে, কিম্বা লোকেরদের সাধারণমতে হানি হইতে পারে, অথবা দরখাস্তকারির যে বিশেষ নিয়মমতে বর্ণনাপত্র অর্পণ করিবার অনুমতি হইয়াছে কিম্বা বিশেষ ক্ষমতার মিয়াদ বৃদ্ধি হইয়াছে,

term of the exclusive privilege shall be extended, shall be proved to the satisfaction of any of Her Majesty's Courts of Judicature, and if the Governor General of India in Council shall thereupon declare that such exclusive privilege shall cease.

এমত কোন নিয়ম লঙ্ঘন হইবার প্রমাণ যদি শ্রীশ্রীমতী মহারাণীর কোন কোর্টের সুবোধমতে করা যায়, আর তাহাতে যদি ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এমত আজ্ঞা করেন যে ঐ বিশেষ ক্ষমতা রহিত হয়, তবে এই আইনমতের ঐ বিশেষ ক্ষমতা রহিত হইবেক ইতি।

[Importer of invention, if not the actual inventor, not to be deemed inventor.]

[যে ব্যক্তি নবকল্পিত কারিগরী বিদেশহইতে আনেন তিনি যদি প্রকৃত কারিগর না হন তবে তাঁহাকে কারিগর বলিয়া জ্ঞান না হইবার কথা।]

XVII. The importer into India of a new invention shall not be deemed an inventor within the meaning of this Act, unless he be the actual inventor.

১৭ ধারা। যে ব্যক্তি নবকল্পিত কারিগরী ভারতবর্ষের মধ্যে আনেন তিনি যদি নিতান্ত তাহার প্রথম কারিগর না হন তবে তাঁহাকে এই আইনের অর্থমতে কারিগর জ্ঞান হইবেক না ইতি।

[Foreign inventor.]

[ভিন্নদেশীয় নূতন দ্রব্যের কারিগরের কথা।]

XVIII. A foreigner, whether resident abroad or not, may petition for leave to file a specification under this Act.

১৮ ধারা। বিদেশীয় ব্যক্তি বিদেশনিবাসী হইলে কি না হইলেও, এই আইনমতে বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত করিতে পারিবেন ইতি।

[An invention not publicly used or known in the United Kingdom or in India before the application for leave to file his specification, to be deemed a new invention within this Act. Knowledge of invention fraudulently acquired. Proviso. Public use by inventor.]

[বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত হইবার পূর্ব্বে যে কারিগরী সংযুক্ত রাজ্যেতে কি ভারতবর্ষে সাধারণমতে ব্যবহার না হইয়াছিল কি জানা ছিল না তাহা এই আইনমতের নবকল্পিত কারিগরী জ্ঞান হইবার কথা। ও তাহা করিবার জ্ঞান চাতুরীতে পাওয়া গেলে যাহা হইবেক তাহার কথা ও বর্জ্জিত বিধি ও প্রথম কারিগরের দ্বারা তাহার প্রকাশমতে ব্যবহারের কথা।]

XIX. An invention shall be deemed a new invention within the meaning of this Act, if it shall not, before the time of applying for leave to file the specification, have been publicly used in India or in any part of the United Kingdom of Great Britain and Ireland, or been made publicly known in any part of India or of the United Kingdom by means of a publication, either printed or written or partly printed and partly written. The public use or knowledge of an invention, prior to the application for leave to file a specification, shall not be deemed a public use or knowledge within the meaning of this Section, if the knowledge shall have been obtained surreptitiously or in fraud of the inventor, or shall have been communicated to the public in fraud of the inventor or in breach of confidence: provided the inventor shall, within six calendar months after the commencement of such public use, apply for leave to file his specification, and shall not previously have acquiesced in such public use; provided also that the use of an invention in public by the inventor thereof, or by his servants or agents, or by any other person by his license in writing, for a period not exceeding one year prior to the date of his petition, shall not be deemed a public use thereof within the meaning of this Act.

১৯ ধারা। যদি বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত হইবার পূর্ব্বে, কোন কারিগরীর ব্যবহার ভারতবর্ষে কিম্বা গ্রেট ব্রিটন ও ঐরলাণ্ড নামে সংযুক্ত রাজ্যেতে সাধারণমতে না হইয়াছিল, কিম্বা যদি তাহা ছাপা করা কি লেখা পুস্তকাদির কি কিছু ছাপাকরা ও কিছু লেখা পুস্তকাদির দ্বারা ভারতবর্ষের কিম্বা ঐ সংযুক্ত রাজ্যের কোন স্থানে প্রকাশরূপে প্রচারিত হয় নাই, তবে তাহা এই আইনের অর্থের মধ্যে নবকল্পিত কারিগরী জ্ঞান হইবেক। যদি ঐ কারিগরীর জ্ঞান চৌর্য্যভাবে কিম্বা কারিগরকে চাতুরী করিয়া পাওয়া যায়, কিম্বা কারিগরকে চাতুরী করিয়া কি বিশ্বাসঘাতকতা করিয়া সাধারণ লোকেরদের নিকটে জ্ঞাত করা যায়, তবে বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত হইবার পূর্ব্বে ঐ নূতন কারিগরীর সাধারণ ব্যবহার কি জ্ঞান এই ধারার অর্থের মধ্যে সাধারণ ব্যবহার কি জ্ঞান বোধ হইবেক না। পরন্তু ইহাতে প্রয়োজন যে, ঐ প্রকৃত কারিগর সেই সাধারণমতের ব্যবহার আরম্ভ হওনের পর ছয় মাসের মধ্যে, আপনার বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত করেন, ও পূর্ব্বে সেই সাধারণমতের ব্যবহারে সম্মত না হন। আর নবকল্পিত দ্রব্যের কারিগর আপনি কি তাঁহার চাকরেরা কি কর্ম্মকারকেরা কিম্বা তাঁহার লিখিত অনুমতিক্রমে অন্য কোন ব্যক্তি তাহার দরখাস্তের তারিখের পূর্ব্বে এক বৎসরাবধি প্রকাশরূপে তাহার ব্যবহার করিলেও তাহা এই আইনের অর্থের মধ্যে তাহার সাধারণ ব্যবহার জ্ঞান হইবেক না ইতি।

[Inventor having obtained English Letters Patent, to petition within 12 months from the passing of this Act or from the date of the Letters Patent. Invention if not publicly known or used in India at the time of applying for such Letters Patent, to be deemed new. What to be stated in such petition. Duration of exclusive privilege.]

[কারিগর ইঙ্গলণ্ডীয় পাটেণ্টপত্র পাইলে এই আইন জারী হইবার পর কিম্বা পাটেণ্টপত্রের তারিখঅবধি বারো মাসের মধ্যে, দরখাস্ত করিবার কথা। ও তৎসময়ে যদি ঐ নবকল্পিত কারিগরী ভারতবর্ষে জানা ছিল না কি তাহার ব্যবহার হইত না, তবে তাহা এই আইনের অর্থের মধ্যে নূতন জ্ঞান হইবার কথা। সেই দরখাস্তে যে কথা লিখিতে হইবেক তাহার ও সেই বিশেষ ক্ষমতা যত দিন থাকিবেক তাহার কথা।]

XX. If an inventor who prior to the time of applying for leave to file a specification of an invention under this Act, shall have obtained Her Majesty's Letters Patent for the exclusive use of such invention in the United Kingdom or any part thereof shall, within twelve calendar months from the passing of this Act, or within twelve calendar months from the date of such Letters Patent, petition the Governor General of India in Council for leave to file a specification of such invention (which petition shall be in writing in the form or to the effect mentioned in the Schedule), the invention shall be deemed a new invention within the meaning of this Act, if it was not publicly known or used in India at or before the date of the petition for such Letters Patent, notwithstanding it may have been publicly known or used in some part of the United Kingdom or in India before the time of his petitioning, under this Act, for leave to file the specification; Provided the petition for leave to file the specification shall state that such Letters Patent have been granted, and shall also state the date thereof and the term during which the same are to continue in force. Provided also that an exclusive privilege, obtained under the provisions of this Act by an inventor who has obtained Her Majesty's Letters Patent for the exclusive use of such invention, shall cease to have effect, if such Letters Patent be revoked or cancelled; and that no such exclusive privilege shall extend beyond the term granted by such Letters Patent unless the same shall be renewed, in which case the exclusive privilege may be renewed under this Act for the extended term or any part thereof.

২০ ধারা। কারিগর এই আইনমতে নবকল্পিত কারিগরীর বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত করণের পূর্ব্বে, যদি সংযুক্ত রাজ্যের অর্থাৎ গ্রেট ব্রিটনে ও ঐরলাণ্ডে কিম্বা তাহার কোন ভাগে একা সেই কারিগরীর ব্যবহারের জন্যে শ্রীশ্রীমতী মহারাণীর পাটেণ্টপত্র পাইয়া থাকেন, ও এই আইন জারী হইবার পরে বারো মাসের মধ্যে, অথবা সেই পাটেণ্টপত্রের তারিখঅবধি বারো মাসের মধ্যে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিকটে ঐ কারিগরীর বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত করেন, তবে এই আইনমতে বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত করিবার পূর্ব্বে যদিও সেই কারিগরী ঐ সংযুক্ত রাজ্যের কিম্বা ভারতবর্ষের কোন২ স্থানে সাধারণমতে জানা ছিল কি তাহার ব্যবহার হইয়াছিল, তথাপি ঐ পাটেণ্টপত্র পাইবার দরখাস্ত করণের তারিখে কি তাহার পূর্ব্বে যদি ভারতবর্ষের মধ্যে তাহা সাধারণমতে জানা ছিল না ও তাহার ব্যবহার না হইয়াছিল, তবে তাহা এই আইনের অর্থের মধ্যে নবকল্পিত কারিগরী জ্ঞান হইবেক। ঐ দরখাস্ত তফসীলের লিখিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক। পরন্তু সেই পাটেণ্টপত্র দেওয়া গিয়াছে-এই কথা ও সেই পত্রের তারিখ ও তাহা যত দিন বহাল থাকিবেক এই২ কথা বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির ঐ দরখাস্তে লিখিতে হইবেক। আর যদি কারিগর এই আইনের বিধানমতে আপন কারিগরীর একলা ব্যবহার করিবার জন্যে শ্রীশ্রীমতী মহারাণীর পাটেণ্টপত্র পাইয়া থাকেন, তবে সেই পাটেণ্টপত্র অন্যথা কি রহিত হইলে তাঁহার সেই বিশেষ ক্ষমতাও রহিত হইবেক। আর সেই পাটেণ্টপত্রে যে মিয়াদ নির্ণয় হইয়াছে ঐ বিশেষ ক্ষমতা তাহার অধিক কাল বলবৎ থাকিবেক না। কিন্তু যদি সেই পাটেণ্টপত্রের পুনরায় অন্য মিয়াদ করিয়া দেওয়া যায় তবে সেই বিশেষ ক্ষমতাও এই আইনমতে সেই অধিক কালের নিমিত্তে কিম্বা তাহার কোন ভাগের নিমিত্তে, নূতন করিয়া দেওয়া যাইতে পারিবেক ইতি।

[Saving of rights of persons who used invention before 7th of July 1855.]

[যাঁহারা ১৮৫৫ সালের ৭ জুলাইয়ের পূর্ব্বে ঐ কারিগরীর ব্যবহার করিয়াছেন তাঁহারদের স্বত্ব রক্ষার কথা।]

XXI. No exclusive privilege obtained under this Act shall entitle the owner of such privilege to exclude any person from using the invention, who, prior to the 7th day of July 1855, used the same in India.

২১ ধারা। যদি কোন ব্যক্তি ১৮৫৫ সালের জুলাই-মাসের ৭ তারিখের পূর্ব্বে ভারতবর্ষে উক্ত কারিগরীর ব্যবহার করিয়াছেন তবে এই আইনমতে যে কোন বিশেষ ক্ষমতা পাওয়া যায় তৎপ্রযুক্ত ঐ ক্ষমতার স্বামী সেই ব্যক্তির ঐ ব্যবহার রহিত করিতে ক্ষমতাপ্রাপ্ত হোন না ইতি।

[Action for infringement.]

[ঐ ক্ষমতার লঙ্ঘনের জন্যে নালিশের কথা।]

XXII. An action may be maintained by an inventor against any person who, during the continuance of any exclusive privilege granted by this Act, shall, without the license of the said Inventor, make, use, sell, or put in practice the said invention, or who shall counterfeit or imitate the same. Provided that no such action shall be maintained in any Court other than the principal Court of original jurisdiction in Civil cases within the local limits of whose jurisdiction the cause of action shall accrue or the defendant shall reside as a fixed inhabitant.

২২ ধারা। সেই প্রকারের কোন বিশেষ ক্ষমতার মিয়াদ চলনকালে, যদি কোন ব্যক্তি প্রকৃত কারিগরের অনুমতি না পাইয়া উক্ত কারিগরী তৈয়ার করেন, কি ব্যবহার করেন, কি বিক্রয় করেন, কি তাহা লইয়া কর্ম্ম চালান, কিম্বা তাহা জাল করেন, কি তাহার অনুরূপ করেন, তবে তাঁহার নামে সেই কারিগর নালিশ করিতে পারিবেন। পরন্তু যে এলাকার মধ্যে মোকদ্দমার হেতু উদয় হইয়াছিল, কিম্বা আসামী চিরকালের নিবাসিস্বরূপ বাস করেন, সেই এলাকার সীমাসরহদ্দের মধ্যে দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার যে প্রধান আদালতের ক্ষমতা থাকে, তদ্ভিন্ন কোন আদালতে সেই প্রকারের কোন নালিশ গ্রাহ্য হইবেক না ইতি।

[Defect in specification or petition, or want of novelty in invention &c., no defence to action for infringement. The actual use of an invention in India or the United Kingdom before date of petition, a defence to such action.]

[লঙ্ঘনের নালিশ হইলে, বর্ণনাপত্রের কি দরখাস্তের মধ্যে চুক হইয়াছে কিম্বা কারিগরী নূতন নহে বলিয়া, জওয়াব না হইবার কথা। দরখাস্ত হইবার পূর্ব্বে ভারতবর্ষে কি সংযুক্ত রাজ্যের মধ্যে ঐ কারিগরীর ব্যবহার হইত এই কথা জওয়াবে গ্রাহ্য হইবার কথা।]

XXIII. No such action shall be defended upon the ground of any defect or insufficiency of the specification of the invention, nor upon the ground that the original or any subsequent petition relating to

২৩ ধারা। সেই প্রকারের কোন নালিশ হইলে, ঐ কারিগরীর বর্ণনাপত্রের কোন কথার ত্রুটি হইয়াছে, কি সেই কথা প্রচুর নহে বলিয়া, কিম্বা ঐ কারিগরী সম্পর্কীয় আসল দরখাস্তে কি তাহার পরে যে কোন

the invention, or the original or any amended specification contains a wilful or fraudulent mis-statement, nor upon the ground that the invention is not useful; nor shall any such action be defended upon the ground that the plaintiff was not the inventor, unless the defendant shall show that he is the actual inventor or has obtained a right from him to use the invention either wholly or in part. Any such action may be defended upon the ground that the invention was not new, if the person making the defence, or some person through whom he claims, shall, before the date of the petition for leave to file the specification, have publicly or actually used in India or in some part of the United Kingdom, the invention, or that part of it of which the infringement shall be proved; but not otherwise.

[Application to Supreme Courts to declare exclusive privilege not to have been acquired on following grounds—]

XXIV. It shall be lawful for any person to apply by motion to any of Her Majesty's Courts of Judicature for a rule to show cause why the Court should not declare that an exclusive privilege in respect of an invention has not been acquired under the provisions of this Act by reason of all or any of the objections following (to be specified in the rule), that is to say—

[Invention of no utility.]

That the said invention is of no utility, or

[Invention not new.]

That the said invention was not, at the time of presenting the petition for leave to file the specification a new invention within the meaning of this Act, or

[Petitioner not the inventor.]

That the petitioner was not the inventor thereof, or

[Invention not described in specification.]

That the specification filed or the amended specification (if any) does not particularly describe and ascertain the nature of the invention or in what manner the same is to be performed, or

[Fraud in petition or specification.]

That the petitioner has knowingly or fraudulently included in the petition or specification or amended specification, as part of his invention, something which was not new or whereof he was not the inventor, or

[Fraudulent mis-statement in petition or specification.]

That the original or any subsequent petition relating to the invention or the original or any amended specification contains a wilful or fraudulent mis-statement, or

[Insufficient description of part of invention in specification.]

That some part of the invention, or the manner in which that part is to be performed as described

দরখাস্ত করা যায় তাহাতে কিম্বা আসল বর্ণনাপত্রে কিম্বা সংশোধিত কোন বর্ণনাপত্রে জানিয়াশুনিয়া কি প্রতারণাক্রমে কোন অশুদ্ধ কথা লেখা হইয়াছে বলিয়া, কিম্বা ঐ কারিগরীতে সাধারণের কর্ম্ম দর্শে না বলিয়া ঐ নালিশের জওয়াব হইবেক না। আরও আসামী প্রকৃত কারিগর কিম্বা প্রকৃত কারিগরহইতে সেই কারিগরী সম্পূর্ণরূপে কি একাংশে ব্যবহার করিবার ক্ষমতা পাইয়াছেন এই কথা যদি সেই আসামী দর্শাইতে না পারেন, তবে ফরিয়াদী প্রকৃত কারিগর নহেন এই কথাও নালিশের জওয়াবে গ্রাহ্য হইবেক না। যে ব্যক্তি জওয়াব করেন তিনি, কিম্বা যাঁহার দ্বারা তিনি দাওয়া করেন এমত অন্য ব্যক্তি, যদি বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত হইবার তারিখের পূর্ব্বে, ভারতবর্ষের মধ্যে অথবা সংযুক্ত রাজ্যের কোন দেশে ঐ কারিগরীর ব্যবহার, কিম্বা তাহার যে অংশের বিষয়ে ক্ষমতা লঙ্ঘনের প্রমাণ হইয়াছে তাহার ব্যবহার প্রকাশরূপে কিম্বা নিতান্ত করিয়া থাকেন, তবে ঐ কারিগরী নূতন নহে নালিশের এই জওয়াব হইতে পারিবেক, নতুবা নহে ইতি।

[বিশেষ ক্ষমতা উপযুক্তমতে পাওয়া যায় নাই, ইহা প্রকাশ করিবার জন্যে নীচের লিখিত হেতুতে সুপ্রিম কোর্টে দরখাস্ত হইবার কথা।]

২৪ ধারা। কোন ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর কোন কোর্টে দরখাস্ত করিয়া এইমত প্রার্থনা করিতে পারিবেন যে, কারিগরীর বিষয়ে বিশেষ ক্ষমতা নীচের লিখিত সকল কি কোন আপত্তিপ্রযুক্ত এই আইনের বিধানানুসারে উপযুক্তমতে পাওয়া যায় নাই, এইরূপ আজ্ঞা প্রকাশ না করণের কারণ দর্শাইতে আদালতের হুকুম হয়। ঐ হুকুমনামার মধ্যে ঐ আপত্তি বিশেষ করিয়া লিখিতে হইবেক। অর্থাৎ।

[কারিগরী কোন কার্য্যের নয়।]

ঐ কারিগরী কোন কার্য্যের নহে। অথবা

[কারিগরী নূতন নহে।]

বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত উপস্থিত করিবার সময়ে উক্ত কারিগরী এই আইনের অর্থের মতে নূতন ছিল না। অথবা

[দরখাস্তকারী কারিগর নহেন।]

ঐ দরখাস্তকারী তাঁহার কারিগর ছিলেন না। অথবা

[বর্ণনাপত্রে ঐ কারিগরীর বর্ণনা শুদ্ধ নাই।]

যে বর্ণনাপত্র দাখিল করা গিয়াছে তাহাতে কি সংশোধিত বর্ণনাপত্র দাখিল হইলে তাহাতে ঐ কারিগরীর প্রকার ও তাহাতে যে প্রকারে কার্য্য হইবেক তাহার বর্ণনা বিশেষমতে ও নিশ্চিতরূপে লেখা যায় নাই। অথবা

[দরখাস্ত কি বর্ণনাপত্রের মধ্যে চাতুরী।]

দরখাস্তকারী যাহা নূতন নহে কিম্বা যাহার প্রথম কারিগর নহেন তাহা আপনার কারিগরীর এক অংশ বলিয়া জানিয়াশুনিয়া কি চাতুরীক্রমে দরখাস্তের কি বর্ণনাপত্রের মধ্যে কিম্বা সংশোধিত বর্ণনাপত্রের মধ্যে লিখিয়াছেন। অথবা

[দরখাস্তে কি বর্ণনাপত্রে প্রতারণাক্রমে অশুদ্ধ কথা।]

ঐ কারিগরীসম্পর্কীয় আসল দরখাস্তে কি তাহার পর যে কোন দরখাস্ত করা যায় তাহাতে, কিম্বা আসল কি সংশোধিত কোন বর্ণনাপত্রে জানিয়াশুনিয়া কি প্রতারণাক্রমে অশুদ্ধ কথা লেখা হইয়াছে। অথবা

[বর্ণনাপত্রের মধ্যে কারিগরীর এক অংশের বর্ণনাপত্রের কথা প্রচুর নহে।]

ঐ কারিগরীর কোন অংশ, কিম্বা সেই অংশেতে যে প্রকারে কার্য্য হইবেক ইহার যে কথা, উক্ত দাখিল

in the specification filed or the amended specification, is not thereby sufficiently described and ascertained, and that such defect or insufficiency was fraudulent and is injurious to the public.

[Like application as to part of an invention.]

XXV. Any person may, in like manner, apply to any of Her Majesty's Courts of Judicature for a rule to show cause why the Court should not declare that an exclusive privilege has not been acquired under the provisions of this Act in respect of any part of the invention to be specified in the rule by reason of all or any of the objections following (to be specified in the rule) that is to say—

That such part of the invention is wholly distinct from the other part thereof and is of no utility, or

That such part of the invention was not, at the date of the petition for leave to file the specification, a new invention within the meaning of this Act, or

That the petitioner was not the inventor of that part of the invention, or

That that part of the invention, and the manner in which it is to be performed, is not sufficiently described and ascertained in the specification filed or the amended specification, and that such defect or insufficiency is injurious to the public.

[Application by Advocate General on breach of special condition.]

XXVI. It shall be lawful for the Advocate General at any of the Presidencies of Fort William in Bengal, Fort St. George, and Bombay, or any other person, by order of the Governor General in Council, to apply to any of the said Courts of Judicature for a rule calling upon the petitioner, his executors, administrators, or assigns, to show cause why the question of the breach of any special condition upon which the leave to file a specification has been granted, or any other question of fact on which the revocation of the exclusive privilege by the Governor General in Council under the power hereinbefore reserved may, in the judgment of the said Governor General in Council, depend, should not be tried in the form of an issue directed by the said Court; and if the rule be made absolute, the Court, unless the breach or other matter of fact be admitted, may thereupon direct such issue to be tried, and certify the result of such trial to the Governor General in Council. The costs of such trial, and also the costs of any proceedings in any of the said Courts of Judicature under the provisions of this Act, shall be in the discretion of the Court.

[Service of proceedings on all persons interested.]

XXVII. Notice of any rule obtained or proceeding taken under either of the last three preceding Sections shall be served on all persons appearing to be proprietors or to have shares or interests

করা কি সংশোধিত বর্ণনাপত্রে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা ঐ কথাতে প্রচুরমতে নির্দ্দিষ্ট ও নিশ্চিত হয় নাই, ও সেই দোষ কি অপ্রচুর কথা চাতুরীক্রমে হইয়াছে ও সাধারণ লোকদের ক্ষতিকর হয় ইতি।

[কারিগরীর এক অংশের বিষয়েও সেইরূপ দরখাস্ত হইবার কথা।]

২৫ ধারা। সেই প্রকারেও কোন ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর কোন বিচারাদালতে এমত হুকুম প্রার্থনা করিতে পারিবেন যে, হুকুমনামাতে যে কারিগরী নির্দ্দিষ্ট থাকে তাহার কোন অংশের উপর নীচের লিখিত সকল কি কোন আপত্তিহেতুক এই আইনমতের বিশেষ ক্ষমতা উপযুক্তরূপে পাওয়া যায় নাই আদালতের ইহা প্রকাশ না করিবার কারণ দর্শান যায়। ঐ আপত্তি হুকুমনামাতে বিশেষ করিয়া লিখিতে হইবেক অর্থাৎ

ঐ কারিগরীর সেই অংশ তাহার অন্য অংশহইতে পৃথক্ ও তাহা কোন কার্য্যের নহে। অথবা

বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতির দরখাস্ত করিবার তারিখে কারিগরীর ঐ অংশ এই আইনের অর্থের মতে নূতন ছিল না। অথবা

দরখাস্তকারী কারিগরীর ঐ অংশের কারিগর ছিলেন না। অথবা

কারিগরীর ঐ অংশ ও তাহাতে যে প্রকারে কার্য্য হইবেক এই২ কথা ঐ দাখিলকরা কি সংশোধিত বর্ণনাপত্রে প্রচুরমতে নির্দ্দিষ্ট ও নিশ্চিত হয় নাই, ও সেই দোষ কি অপ্রচুর কথা সাধারণ লোকেরদের ক্ষতিকর হয় ইতি।

[বিশেষ নিয়মের লঙ্ঘন হইলে আডবোকেট জেনরল সাহেবের দরখাস্ত করিবার কথা।]

২৬ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞা পাইলে, বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম কি ফোর্ট সেণ্ট জর্জ কি বোম্বাই রাজধানীতে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেব, কিম্বা অন্য কোন ব্যক্তি উক্ত কোন কোর্টে এমত প্রার্থনা করিতে পারিবেন যে, বর্ণনাপত্র দাখিল করিবার অনুমতি যে নিয়মানুসারে দেওয়া গিয়াছে এইমত কোন বিশেষ নিয়ম লঙ্ঘন হইবার কথা অথবা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বিবেচনায় বৃত্তান্তঘটিত অন্য যে কথার প্রতি, এই আইনমতে পূর্ব্বের অর্পিত শক্তিক্রমে হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরকর্ত্তৃক ঐ বিশেষ ক্ষমতারহিত হওয়ার কি না হওয়ার নির্ভর থাকে এমত কোন কথার উক্ত আদালতের আজ্ঞাকরা ইস্যুর মতে বিচার না হইবার কারণ দর্শাইতে দরখাস্তকারিকে কি তাঁহার অছিরদিগকে কি আডমিনিষ্ট্রেটরদিগকে কি আইসনদিগকে হুকুম করা যায়। আর যদি ঐ হুকুম স্থির করা যায় তবে ঐ নিয়মের লঙ্ঘন কিম্বা বৃত্তান্তঘটিত অন্য বিষয় স্বীকার না হইলে আদালত ঐ ইস্যুর বিচার হইবার আজ্ঞা করিবেন, ও সেই বিচারের ফল হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরকে জানাইবেন। সেইরূপ বিচারের খরচা আর উক্ত কোন আদালতে এই আইনের বিধানানুসারে কোন মোকদ্দমার খরচা আদালতের বিবেচনামতে নিরূপণ হইবেক ইতি।

[সম্পর্কযুক্ত সকল ব্যক্তির উপর এত্তেলা জারী হইবার কথা।]

২৭ ধারা। ইহার পূর্ব্বের তিন ধারার কোন ধারামতে কোন হুকুম হইলে কি মোকদ্দমার কার্য্য হইলে তাহার এত্তেলা যে সকল ব্যক্তি ঐ বিশেষ ক্ষমতাপ্রাপ্ত লোক হন কি ঐ ক্ষমতার অংশ কি সম্পর্কযুক্ত দৃষ্ট হন তাঁহারদের

[*Government Gazette, 5th July*, 1859.]

in the exclusive privilege under the provisions of Section XXXV. of this Act, and it shall not be necessary to serve such notice on any other persons.

উপর এই আইনের ৩৫ ধারার বিধানমতে জারী হইবেক, আর অন্য কোন ব্যক্তির উপর এরূপ এত্তেলা জারী করিবার আবশ্যক হইবেক না ইতি।

[Supreme Court may direct issue for trial to other Courts. New trial.]

[সুপ্রিম কোর্টের কোন ইসু বিচারার্থে অন্য আদালতে অর্পণ করিবার ও পুনর্ব্বিচারের কথা।

XXVIII. Any of the said Courts of Judicature, if it think fit, may direct an issue for the trial, before the same Court or any other Court of Judicature or any principal Court of original jurisdiction in Civil cases, of any question of fact arising upon an application under Sections XXIV., XXV., or XXVI. of this Act, and such issue shall be tried accordingly in a summary manner, and, if the issue be directed to another Court, the finding shall be certified by the Court before which the same was tried, to the Court directing the issue. If the issue be directed to any Court of Judicature, the Court by which the issue is tried may, before the finding is certified, direct a new trial of such issue according to the usual course and practice of such Court. If the issue be directed to any Court other than a Court of Judicature, the finding shall not be subject to appeal, but the evidence taken upon the trial shall be recorded, and a copy thereof, certified by the Judge, shall be transmitted, together with any remarks he may think fit to make thereon, to the Court by which the issue was directed; and such Court may either act upon the decision of the Court which tried the issue, or direct a new trial if it shall appear necessary.

২৮ ধারা। পূর্ব্বোক্ত কোন কোর্ট উপযুক্ত বোধ করিলে এই আইনের ২৪ কি ২৫ কি ২৬ ধারামতের প্রার্থনাক্রমে বৃত্তান্তঘটিত যে কোন বিষয় উদয় হয় তাহার বিচারার্থে এক ইসু সেই কোর্টের, কিম্বা অন্য কোন কোর্টের, কিম্বা প্রধান যে কোন আদালতে দেওয়ানী মোকদ্দমা প্রথমত উপস্থিত হইতে পারে সেই আদালতের সম্মুখে অর্পণ করিতে পারিবেন। আর তদনুসারে সেই ইসুর সরাসরীমতে বিচার হইবেক। আর যদি সেই ইসু অন্য আদালতে অর্পিত হয়, তবে যে আদালতের সম্মুখে তাহার বিচার হইয়াছে, সেই আদালত তাহার নিষ্পত্তি ঐ ইসু অর্পণকরণিয়া আদালতে জ্ঞাপন করিবেন। যদি সেই ইসু কোন কোর্টে অর্পিত হয়, তবে যে কোর্টে ইসুর বিচার হয় সেই কোর্ট, ঐ নিষ্পত্তি জ্ঞাপন করিবার পূর্ব্বে, ঐ কোর্টের দাঁড়া ও ব্যবহারমতে ঐ ইসুর পুনর্ব্বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই ইসু বিচারআদালতভিন্ন অন্য কোন আদালতে অর্পিত হয়, তবে তাঁহার নিষ্পত্তির উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু বিচারকালে যে প্রমাণ লওয়া যায় তাহা রিকার্ড করা যাইবেক, ও জজ সাহেবের দস্তখৎযুক্ত তাহার এক নকল, ও তদ্বিষয়ে তিনি যে কোন মন্তব্য কথা লিখিতে উচিত বোধ করেন তাহা, ঐ ইসু অর্পণকরণিয়া কোর্টে পাঠান যাইবেক। আর সেই কোর্ট ঐ ইসু বিচারকরণিয়া আদালতের নিষ্পত্তিমতে কার্য্য করিতে পারিবেন, অথবা আবশ্যক বোধ করিলে পুনর্ব্বিচারের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Judgment. Costs.]

[নিষ্পত্তির ও খরচার কথা।]

XXIX. If it shall appear to any of the said Courts of Judicature at the hearing of any application under the provisions of Sections XXIV. or XXV. of this Act that, by reason of any of the objections therein mentioned, the said exclusive privilege in the invention or in any part thereof has not been acquired, the Court shall give judgment accordingly, and shall make such order as to the costs of and consequent upon the application as it may think just; and thereupon the petitioner, his executors, administrators, and assigns shall, so long as the judgment continues in force, cease to be entitled to such exclusive privilege.

২৯ ধারা। এই আইনের ২৪ কি ২৫ ধারার বিধানমতে কোন প্রার্থনা শুনিবার সময়ে, যদি উক্ত কোন কোর্ট বোধ করেন যে তাহার মধ্যের লিখিত কোন আপত্তিপ্রযুক্ত নবকল্পিত কারিগরীর কি তাহার কোন অংশের বিষয়ে উক্ত বিশেষ ক্ষমতা উপযুক্তমতে পাওয়া যায় নাই, তবে ঐ কোর্ট তদনুসারে হুকুম করিবেন। এবং ঐ প্রার্থনার ও তৎপ্রযুক্ত যে কার্য্য হইয়াছে তাহার খরচার যে হুকুম যথার্থ জ্ঞান করেন তাহা করিবেন। তাহা হইলে, ঐ হুকুম যত কাল বলবৎ থাকে তত কাল দরখাস্তকারির ও তাঁহার অছিরদের ও আডমিনিস্ট্রেটরেরদের ও আসৈনেরদের ঐ বিশেষ ক্ষমতার স্বত্ব রহিত থাকিবেক ইতি।

[Amendment of specification by Court. Proviso.]

[বর্ণনাপত্রের সংশোধনের কথা ও রর্জিত কথা।]

XXX. If the Court, at the hearing of any such application as last aforesaid, shall think that the petitioner has, in the description of his invention in the petition or specification or amended specification (if any), included something which at the date of the petition was not new or whereof he was not the inventor, or that the specification is in any particular defective or insufficient, but that the error, defect, or insufficiency was not fraudulently intended, the Court may adjudge the said exclusive privilege to have been acquired and to be valid, save as to the part thereof affected by such error, defect,

৩০ ধারা। পেয়োক্ত প্রকারের কোন প্রার্থনা শুনিবার সময়ে, যদি কোর্ট বোধ করেন যে দরখাস্তকারী দরখাস্তের কি বর্ণনাপত্রের মধ্যে কিম্বা সংশোধিত বর্ণনাপত্র দাখিল হইলে তাহাতে আপনার কারিগরীর বর্ণনায়, দরখাস্ত করিবার তারিখে যাহা নূতন ছিল না, কি যাহার কারিগর তিনি নহেন এমত কোন বিষয় লিখিয়াছেন, অথবা ঐ বর্ণনাপত্র কোন বিষয়ে দোষযুক্ত কি অপ্রচুর আছে, কিন্তু সেই ভুল কি দোষ কি অপ্রচুর কথা চাতুরীর অভিপ্রায়ে লেখা যায় নাই, তবে ঐ কোর্ট এইমত হুকুম করিতে পারিবেন যে, ঐ ভুল কি দোষ কি অপ্রচুর কথার দ্বারা উক্ত বিশেষ ক্ষমতার যে অংশের ক্ষতিবৃদ্ধি হয়, তাহাছাড়া, ঐ বিশেষ ক্ষমতা

or insufficiency, or if the Court shall think that the error, defect, or insufficiency can be amended without injury to the public, they may adjudge the exclusive privilege in the whole invention to be valid, and may, upon such terms as shall appear reasonable, order the specification to be amended in any of the said particulars; and thereupon the petitioner, his executors, administrators, or assigns shall, within the time limited by the said Court for the purpose, file a specification amended according to such order. Provided that no such amended specification shall have the effect of extending or enlarging the exclusive privilege before acquired.

উপযুক্তমতে প্রাপ্ত হওয়া গিয়াছে ও সিদ্ধ আছে। অথবা যদি ঐ কোর্ট বোধ করেন যে সাধারণ লোকেরদের ক্ষতি না হইয়া সেই ভুলের কি দোষের কি অপ্রচুর কথার সংশোধন হইতে পারে, তবে তাঁহারা ঐ নবকল্পিত কারিগরীর সমস্ত অংশে ঐ বিশেষ ক্ষমতা সিদ্ধ আছে এমত হুকুম করিতে পারিবেন ও যে নিয়ম উপযুক্ত বোধ করেন সেই নিয়মানুসারে উক্ত কোন কথার সম্পর্কে ঐ বর্ণনাপত্র সংশোধন করিতে হুকুম করিতে পারিবেন। তাহা করিলে উক্ত কোর্ট ঐ কার্য্যের নিমিত্তে যে মিয়াদ নিরূপণ করেন, তাহার মধ্যে দরখাস্তকারী কি তাঁহার অছিরা কিম্বা আডমিনিস্ট্রেটরেরা কি আসৈনেরা ঐ হুকুমঅনুসারে সংশোধিত বর্ণনাপত্র দাখিল করিবেন। পরন্তু যে বিশেষ ক্ষমতা পূর্ব্বে পাওয়া গিয়াছিল তাহা বর্ণনাপত্র শুধরাণ গেলেও বিস্তারিত কি বৃদ্ধি হইবেক না ইতি।

[Mis-statement in the petition, if not fraudulent, not to defeat the privilege.]

[দরখাস্তের মধ্যে বর্ণনার অশুদ্ধতা যদি চাতুরীতে না হইয়াছে তবে ক্ষমতার ব্যাঘাত না হইবার কথা।]

XXXI. An exclusive privilege shall not be defeated upon the ground that the petition contains a mis-statement, unless such mis-statement was wilful or fraudulent.

৩১ ধারা। দরখাস্তের মধ্যে নবকল্পিত কারিগরীর বর্ণনার কোন অশুদ্ধ কথা যদি জানিয়াশুনিয়া কি প্রতারণাক্রমে না হইয়াছিল তবে তৎপ্রযুক্ত বিশেষ ক্ষমতার ব্যাঘাত হইবেক না ইতি।

[Entry in registry book of judgment &c. declaring privilege not to have been acquired.]

[ক্ষমতা উপযুক্তমতে পাওয়া যায় নাই এইরূপ হুকুমপ্রভৃতি রেজিষ্টরী বহীতে লিখিবার কথা।]

XXXII. Whenever it shall be adjudged by any of the said Courts of Judicature that an exclusive privilege as to the whole or any part of an invention has not been acquired, the said Secretary to the Government of India shall, upon the production of the judgment or order, cause an entry thereof to be made in the said book hereinbefore directed to be kept, and shall cause a reference to such entry to be made in the margin of the entry of the specification contained in such book.

৩২ ধারা। যখন উক্ত কোন কোর্টের এই হুকুম হয় যে, নবকল্পিত কারিগরীর সমুদয়ের কি কোন অংশের বিষয়ে বিশেষ ক্ষমতা উপযুক্তমতে প্রাপ্ত হওয়া যায় নাই, তখন ঐ ডিক্রী কি হুকুম উপস্থিত করা গেলে ভারতবর্ষের গবর্ণমেণ্টের উক্ত সেক্রেটারী সাহেব, পূর্ব্বে যে বহী রাখিবার আজ্ঞা হইয়াছিল, সেই বহীতে তাহা লেখাইবেন, আর বর্ণনাপত্র ঐ বহীর যে পৃষ্ঠায় লেখা গিয়াছে তাহার হাঁশিয়াতে ঐ ডিক্রীর কথার উল্লেখ করাইবেন ইতি।

[In what case actual inventor entitled to assignment of an exclusive privilege fraudulently obtained.]

[যে স্থলে অন্য লোকের চাতুরীক্রমে প্রাপ্ত বিশেষ ক্ষমতা প্রকৃত কারিগর পাইতে পারিবেন তাহার কথা।]

XXXIII. If, upon proceedings instituted within two years from the date of a petition to file a specification, the actual inventor shall prove to the satisfaction of the principal Court having jurisdiction in Civil cases within the local limits of whose jurisdiction the defendant shall reside as a fixed inhabitant, that the petitioner was not the actual inventor, and that at the time of the petition he knew or had good reason to believe that the knowledge of the invention was obtained by himself or by some other person surreptitiously or in fraud of the actual inventor, or by means of a communication made in confidence by the actual inventor to him or to any person through whom he derived such knowledge, the Court may compel the petitioner to assign to the actual inventor any exclusive privilege obtained under this Act and to account for and pay over the profits thereof.

৩৩ ধারা। দরখাস্তকারী প্রকৃত কারিগর নহেন, আর তিনি ঐ নবকল্পিত কারিগরীর জ্ঞান আপনি কি অন্যের দ্বারা চৌর্য্যভাবে পাইয়াছিলেন, কিম্বা প্রকৃত কারিগরকে চাতুরী করিয়া পাইয়াছিলেন, কিম্বা প্রকৃত কারিগর তাঁহাকে, কিম্বা যাঁহার স্থানে তিনি ঐ জ্ঞান পাইয়াছেন তাঁহাকে বিশ্বাস করিয়া যে কথা কহিয়াছিলেন তদ্দ্বারা পাইয়াছেন, ইহা দরখাস্তের সময়ে দরখাস্তকারী জানিলেন কিম্বা তাঁহার জানিবার ভাল কারণ ছিল, এই কথা যদি প্রকৃত কারিগর ঐ বর্ণনাপত্র দাখিল করিবার দরখাস্তের তারিখঅবধি দুই বৎসরের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিয়া প্রধান যে আদালতের দেওয়ানী মোকদ্দমার এলাকা থাকে এমত যে কোন আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে আসামী নিশ্চিত বাসেন্দারূপে বাস করেন সেই আদালতের স্বদোধমতে প্রমাণ করেন, তবে আদালত ঐ দরখাস্তকারির এই আইনমতে প্রাপ্ত কোন বিশেষ ক্ষমতা প্রকৃত কারিগরকে অর্পণ করাইতে পারিবেন ও তদ্দ্বারা যে লভ্য হইয়াছে তাহার হিসাব ও সেই লভ্য তাঁহাকে দেওয়াইবেন ইতি।

[Particulars to be delivered.]

[যে বিশেষ কথা প্রকাশ করিতে হইবেক তাহার কথা।]

XXXIV. In any action for the infringement of such exclusive privilege, the plaintiff shall deliver with his plaint particulars of the breaches complained of in the said action; and the defendant shall deliver a written statement of the particulars of the grounds (if any) upon which he means to con-

৩৪ ধারা। উক্ত প্রকারের বিশেষ ক্ষমতা লঙ্ঘনের কোন নালিশ হইলে, ফরিয়াদী উক্ত মোকদ্দমায় যে লঙ্ঘনের বিষয়ের নালিশ করেন তাহার বিশেষ কথা আপন আরজীর সঙ্গে দাখিল করিবেন। আর ফরিয়াদী ঐ নবকল্পিত কারিগরীর সম্পর্কে বিশেষ ক্ষমতার যোগ্য নহেন এই কথা আসামীর কোন হেতুতে

tend that the plaintiff is not entitled to an exclusive privilege in the invention. In like manner, upon any application to any of the said Courts of Judicature under Sections XXIV., XXV., or XXVI. of this Act, the applicant shall deliver particulars of the objections on which he means to rely. At the trial of any such action or issue, no evidence shall be allowed to be given in support of any alleged infringement or of any objection impeaching the validity of such exclusive privilege which shall not be contained in the particulars delivered as aforesaid. If it be alleged that the invention was publicly known or used prior to the date of the petition for leave to file such specification, the places where and the manner in which the invention was so publicly known or used shall be stated in such particulars. Provided always that it shall be lawful for any Court in which the action or proceeding is pending, or in which the issue is tried, to allow the plaintiff or defendant respectively to amend the particulars delivered as aforesaid upon such terms as shall seem fit.

[Service of proceedings.]

XXXV. A book shall be kept in the Office of the Secretary to the Government of India in the Home Department (such book to be open to inspection without fee) wherein every person filing a specification under this Act, or any person to whom the exclusive privilege may be assigned, shall cause to be stated some place in India where service of any rule or proceedings for the purpose of cancelling or revoking his exclusive privilege may be made, and shall cause a reference to such entry to be made in the margin of the entry of the specification, and may from time to time cause any other place in India to be substituted by a similar entry and reference. All such rules and proceedings as aforesaid shall be deemed sufficiently served if a copy thereof be left at the place entered in such book or (if any other place be substituted for the same by entry in the said book) at the place last substituted, by delivering the same to any person resident at, or in charge of, such place : or, if there be no person resident at, or in charge of such place, or if such place be not within the local limits of the jurisdiction of the Court, by causing such rule or proceeding to be sent by Post by a registeredletter directed to such person at such place ; and if any such person shall neglect to make or cause to be made such entry, then service of such rule or proceeding may be effected by affixing a copy thereof to some conspicuous part of the Court-house or in such other manner as the Court may direct.

[Act VI. of 1856 to have effect in respect of certain specifications filed and acts done.]

XXXVI. Act VI. of 1856 shall be of the same

সাব্যস্ত করিতে চাহিলে, যে২ হেতুতে সাব্যস্ত করিতে মানস করেন তাহার বিশেষ কথা লিখিয়া দাখিল করিবেন। সেই প্রকারেতেও যখন এই আইনের ২৪ কি ২৫ কি ২৬ ধারানুসারে উক্ত কোন কোর্টে কোন প্রার্থনা হয়, তখন প্রার্থনাকারী যে২ আপত্তির উপর নির্ভর করিতে মানস রাখেন সেই২ আপত্তির বিশেষ কথাও দাখিল করিবেন। সেইপ্রকার কোন নালিশের কি ইমুর বিচার হইলে, উক্তমতে দাখিলকরা বিশেষ কথার মধ্যে যাহা না থাকে এমত কোন কথিত লঙ্ঘনের কিম্বা সেইরূপ বিশেষ ক্ষমতার সিদ্ধতানিবারক কোন আপত্তির পোষকতার নিমিত্তে কোন প্রমাণ দিবার অনুমতি হইবেক না। ঐপ্রকার বর্ণনা দাখিল করিবার অনুমতির দরখাস্ত যে তারিখে দেওয়া গিয়াছিল, তাহার পূর্ব্বে ঐ কারিগরী সাধারণমতে জানা ছিল ও তাহার ব্যবহার হইতেছিল, এই কথা যদি লেখা যায়, তবে ঐ কারিগরী যে২ স্থানে তদ্রূপে সাধারণমতে জানা ছিল ও যে২ প্রকারে তাহার ব্যবহার হইত তাহা ঐ বিশেষ কথার মধ্যে লিখিতে হইবেক। পরন্তু সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে, নালিশ কি মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে, কিম্বা ইমুর বিচার যে আদালতে হয়, সেই আদালতের এই ক্ষমতা থাকিবেক যে, আপনি যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে ঐ ফরিয়াদীকে কি আসামীকে আপন২ উক্তমতে দাখিলকরা বিশেষ কথা সংশোধন করিতে অনুমতি দেন ইতি।

[মোকদ্দমার এত্তেলা জারী করিবার কথা।]

৩৫ ধারা। ভূম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দফ্তরখানায় একখান বহী থাকিবেক, আর এই আইনানুসারে যে কেহ বর্ণনাপত্র দাখিল করেন কিম্বা যাঁহাকে ঐ বিশেষ ক্ষমতা প্রদান করা যায় তাঁহার বিশেষ ক্ষমতা বাতিল কি অন্যথা করিবার অভিপ্রায়ে কোন মোকদ্দমা কি হুকুম হইলে তাঁহার এত্তেলা যে স্থানে জারী হইতে পারে ভারতবর্ষের মধ্যে এমত কোন স্থানের নাম, তিনি সেই বহীতে লেখাইবেন। ও বর্ণনাপত্র বহীর যে পৃষ্ঠায় লেখা যায় তাহার হাঁশিয়াতে ঐ বহীর লিখিত কথার উল্লেখ করাইবেন, ও তদ্রূপ কথা কি উল্লিখিত কথা লেখাইয়া সময়ে২ সেই স্থানের নামের পরিবর্ত্তে ভারতবর্ষের অন্য কোন স্থানের নাম লেখাইতে পারিবেন। যে কেহ চাহেন তিনি রসুম না দিয়া ঐ বহী দেখিতে পাইবেন। পূর্ব্বোক্ত প্রকারের মোকদ্দমার ও হুকুমের এত্তেলার নকল যদি ঐ বহীর লিখিত স্থানে, অথবা ঐ স্থানের পরিবর্ত্তে অন্য স্থানের নাম ঐ বহীতে লেখা গেলে শেষ লিখিত ঐ অন্য স্থানে তথাকার নিবাসি কোন ব্যক্তিকে, কি ঐ স্থানের রক্ষক কোন ব্যক্তিকে দেওয়া যায়, তবে তাহা উক্ত প্রকার কোন ব্যক্তির উপর প্রচুরমতে জারী হইয়াছে জান হইবেক। কিম্বা যদি সেই স্থাননিবাসী কি সেই স্থানের রক্ষক কেহ না থাকেন, কিম্বা সেই স্থান আদালতের এলাকার সীমাগরহদ্দের মধ্যে না থাকে তবে ঐ স্থানে ঐ ব্যক্তির নামে শিরনামা লিখিয়া রেজিষ্টরীকরা পত্রদ্বারা ডাকযোগে সেই হুকুমের কি মোকদ্দমার এত্তেলা পাঠাইয়া জারী হইতে পারিবেক। আর যদি উক্ত কোন ব্যক্তি সেইরূপ কথা ঐ বহীতে না লেখেন কি না লেখান, তবে পূর্ব্বোক্ত প্রকারের কোন হুকুমের কি মোকদ্দমার এত্তেলার এক নকল কোর্টের কোন প্রকাশ স্থানে লটকাইলে, কিম্বা কোর্ট অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে, তাহা জারী হইতে পারিবেক ইতি।

[দাখিলকরা কোন২ বর্ণনাপত্রের ও কোন কার্য্যের সম্পর্কে ১৮৫৬ সালের ৬ আইন বলবৎ হইবার কথা।]

৩৬ ধারা। "ভারতবর্ষের কর্ত্তৃত্বের বিধান করিবার আইন" নামে শ্রীশ্রীমতী মহারাণীর রাজত্বের সপ্তদশ বৎসরে যে আইন জারী হইয়াছিল সেই আইনানুসারে, ১৮৫৬ সালের ৬ আইন জারী হইবার অনুমতি শ্রীশ্রীমতী মহারাণীর স্থানে প্রথমে পাওয়া গেলে ও তাহা জ্ঞাতও করা গেলে ও সেই আইন রদ না হইলে ঐ আইনমতের সমস্ত কার্য্য যেমন প্রবল থাকিত, তেমনি সেই আইন রদ হইবার আগে তাহার বিধানমতে যে সকল দরখাস্ত ও বর্ণনাপত্র দাখিল হইয়াছিল তাহার বিষয়ে, ও তৎপ্রযুক্ত কি তৎসম্পর্কে যে সকল কার্য্য হয় তাহার বিষয়ে, ও সেই আইন প্রবল থাকিতে তাহার অনুসারে যে সকল কার্য্য করা গেল তাহার কারণে, ঐ আইন ফলবৎ ও প্রবল থাকিবেক। ও উক্ত আইনমতে বিশেষ যে সকল ক্ষমতা প্রাপ্ত হওয়া গিয়াছে তাহার মিয়াদ ইহাতে বৃদ্ধি করা গেল, ও এই আইন জারী হইবার সময়অবধি চৌদ্দ বৎসরপর্য্যন্ত চলিবেক। আর এই আইন জারী হইবার সময়অবধি যদি দুই বৎসরের মধ্যে ভারতবর্ষে ঐ নূতন কারিগরীমতে দ্রব্য নির্ম্মাণ হয়, তবে প্রকৃত কারিগর না হইয়া যে জন তাহা এই দেশে আনিয়াছেন তিনি উক্ত আইনমতে যে কোন বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তাহা ঐ আইনের ১৬ ধারার বিধানের শক্তিতে রহিত হইবেক না ইতি।

force and effect in respect to every petition and specification filed under the provisions thereof before the Act was repealed, and in regard to all proceedings consequent thereon or in relation thereto, and for the purpose of every thing done under that Act while it continued in force, as if previously to the passing of the said Act the sanction of Her Majesty to the passing thereof had been obtained and signified in pursuance of the Statute passed in the seventeenth year of the reign of Her Majesty, entitled "An Act to provide for the Government of India," and as if the said Act had not been repealed ; and the term of every exclusive privilege obtained under the said Act is hereby extended and shall continue until the expiration of fourteen years from the time of the passing of this Act. No exclusive privilege obtained under the said Act by an importer not being the actual inventor shall cease to have effect by virtue of the provisions of Section XVI. of the said Act if the invention be put in practice in India within the period of two years from the time of the passing of this Act.

[Stamp on petition.]

XXXVII. Every petition for leave to file a specification under the provisions of this Act, or for the extension of the term of an exclusive privilege, shall be written or printed on stamped paper of the value of one hundred Rupees.

[Interpretation.]

XXXVIII. In the construction of this Act, the following words and expressions shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction.

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include females.

[" Invention."]

The word "invention" shall include an improvement.

[" Manufacture."]

The word "manufacture" shall be deemed to include any art, process, or manner of producing, preparing or making an article, and also any article prepared or produced by manufacture.

[" Printed."]

The word "printed" shall include "lithographed."

[" Inventor" and "actual Inventor."]

The words "inventor" and "actual inventor" shall include the executors, administrators, or assigns of an inventor or actual inventor as the case may be.

[" Assigns."]

The word "assigns" shall include grantees of the sole use or benefit in India of an invention, or of

[দরখাস্তের উপর ইষ্টাম্পের কথা।]

৩৭ ধারা। এই আইনের বিধানমতে বর্ণনাপত্র অর্পণ করিবার অনুমতির, অথবা বিশেষ ক্ষমতার মিয়াদ বৃদ্ধির, প্রত্যেক দরখাস্ত ১০০৲ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা কি ছাপা করা যাইবেক ইতি।

[অর্থকরণের ধারা।]

৩৮ ধারা। এই আইনের, অর্থ করিলে নীচের লিখিত শব্দের ও কথার যে২ অর্থ এই ধারাতে করা গিয়াছে তাহার সেই২ অর্থ হইবেক। কিন্তু যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার বিবেচনায় ঐ অর্থ অসঙ্গত হয়, তবে তাহার ঐ অর্থ হইবেক না।

[বচন।]

এক বচনের শব্দেতে বহুবচনের শব্দও বুঝাইবেক ও বহুবচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবেক।

[লিঙ্গ।]

পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীরা গণ্য হইবেক।

[নবকল্পিত কারিগরী।]

"নবকল্পিত কারিগরী" এই শব্দেতে কোন দ্রব্যের পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে নির্ম্মাণ করিবার কল্পও গণ্য হইবেক।

[শিল্প দ্রব্য।]

"শিল্প দ্রব্য" এই শব্দেতে কোন দ্রব্য উৎপন্ন কি প্রস্তুত করিবার কি বানাইবার হিকমৎ কি নিয়ম কি কারিগরী বুঝাইবেক, আর শিল্পকর্ম্মজাত কি প্রস্তুত কোন দ্রব্যও বুঝাইবেক।

[" ছাপাকরা।"]

"ছাপা" এই শব্দেতে "পাতরে ছাপা করাও" বুঝায়।

[কারিগর ও প্রকৃত কারিগর।]

"কারিগর" ও "প্রকৃত কারিগর" এই২ শব্দেতে কারিগরের কি প্রকৃত কারিগরের অছি কি আড়মিনিষ্ট্রেটর কি আসৈনদিগকেও বুঝায়।

[আসৈন।]

"আসৈন" এই শব্দেতে যে লোকেরদিগকে ভারতবর্ষের মধ্যে কোন নবকল্পিত কারিগরীর একলা ব্যবহার

the sole use of an exclusive privilege for a limited time.

["India."]

The word "India" shall mean the territories which are or may become vested in Her Majesty by the Statute 21 and 22 Vict. c. 106, entitled "an Act for the better Government of India."

["Governor General in Council."]

The words "Governor General in Council" shall include the "President in Council."

["Secretary to the Government of India."]

The words "Secretary to the Government of India" shall include any Under Secretary to the said Government.

["Her Majesty's Courts of Judicature." "Courts of Judicature."]

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডাইসন সাহেব (Mr. J. Dyson,) কিঞ্চিৎকালের নিমিত্তে বকশার এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন। ও তিনি শাহাবাদ জিলার মধ্যে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

প্রবেশ্যনরী আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত ভীমসেন সিংহ সরকারী ইমারৎপ্রভৃতির কার্য্যে বহরমপুরের খণ্ডে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২০ আগষ্ট।

প্রবেশ্যনরী আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত ডবলিউ আর মাকয় সাহেব (Mr. W. R. McKoy,) কটকের ইমারৎ ও রাস্তাইত্যাদির খণ্ডে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২১ আগষ্ট।

শ্রীযুত কাপ্তান বর্ড সাহেবের (Capt. Bird,) অনুপস্থানে শ্রীযুত লেপ্টেনেণ্ট জে ডি বালান্স সাহেব (Lieut. J. D. Vallance,) ময়মনসিংহের মেহদ্দি সৈন্যেরদের অধ্যক্ষের কর্ম্ম করিবেন।

১৮৫৯ সাল ২৩ আগষ্ট।

রাজশাহীর ফতওয়াদারক শ্রীযুত মৌলবী আশীরুদ্দীন আহমদ ঐ জিলার মধ্যে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩০ আগষ্ট।]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৯ সাল ১৯ আগষ্ট।

শ্রীযুত বাবু শ্রীমোহন ঘটক জিলা ময়মুনসিংহের মাদারগঞ্জের ও পিঙ্গনার ও সদর মোকামের অতিরিক্ত মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৩ আগষ্ট।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার সদর আদালতের বর্ত্তমান মাসের ২ তারিখের হুকুমমতে যে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন তাহার নয় দিন রদ হইয়াছে।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ১৯ আগষ্ট।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব ১৮৫৩ সালের ১৮ আইনের বিধি শ্রীরামপুরে ও বৈদ্যবাটীতে ও চাতরায় চলন করিয়াছেন।

১৮৫৯ সাল ২৬ আগষ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young,) "কাণ্ডিয়া" নামক জাহাজে বর্ত্তমান মাসের ২৪ তারিখে ভারতবর্ষ হইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বি বর্ষ তামসন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২ গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি জড় হইয়াছিল ও সমুত লোক আগত হইয়াছিল ইতি।

আর ষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

ইশ্তিহার।

যে মোকদ্দমায় মৃত উলিয়ম হারিংটন পো সাহেবের অছি শ্রীযুত রাবর্ট মলয় সাহেব ও আলেকজাণ্ডর ব্রোডি মাকিণ্টশ সাহেব ও হেনরি হারিংটন পো সাহেব ফরিয়াদী ও শ্রীযুত বাবু হরচন্দ্র লাহিড়ি আসামী সেই মোকদ্দমায় ১৮৫৭ সালের ২৭ অক্টোবর তারিখে বাঙ্গলা দেশের হোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টে যে ডিক্রী হইয়াছিল তদনুসারে ও উক্ত সুপ্রিম কোর্টের মাষ্টর শ্রীযুত জান কক্রেন সাহেবের সম্মতিক্রমে নীচের লিখিত সম্পত্তি বর্ত্তমান আগষ্ট মাসের ৩১ তারিখ বুধবারে কলিকাতা রাজধানীতে আদালত ঘরে কক্রেন সাহেবের দফ্তরখানায় নীলাম হইবেক।

১ নম্বর লাট। চর রামকৃষ্ণপুর নামে খ্যাত এক খণ্ড পয়বস্তী ভূমি ৩।৪। চব্বিশপরগনার কালেক্টরের রেজিষ্টরী বহীতে ১২০৬ নম্বরী লাটের ২৭ ও ২৮ নম্বরী ও ২৬ নম্বরের একাংশভুক্ত। ঐ ভূমির পরিমাণ ২৫/১॥ বিঘা দেড় কাঠা সেই জমী রামকৃষ্ণপুরে পরগনা বোরোতে আছে পূর্ব্বে ঐ পরগনা চব্বিশপরগনার অন্তঃপাতী ছিল এইক্ষণে হুগলী জিলার শামিল তাহার চতুঃসীমা এই উত্তর দিগে শ্রীযুত রানিনসন সাহেবের ভূমি, পশ্চিম দিগে শ্রীনাথ মল্লিকের বাগান, পূর্ব্ব দিগে চর রামকৃষ্ণপুরের নিম্ন পয়বস্তী ভূমি, দক্ষিণ দিগে বাঁধ ও রামকৃষ্ণপুরের ঘাটে যাইবার রাস্তা। এই ভূমির নির্দ্ধারিত জমা ১২৬॥৵৮ জমীদার যোগেন্দ্রচন্দ্র রায় ও পূর্ণচন্দ্র রায়কে দেওয়া যায়।

২ নম্বর লাট। পূর্ব্বে জেলা চব্বিশপরগনার এইক্ষণে জিলা হুগলীর শামিল বালিয়া পরগনা ছদা জঙ্গল পাড়ার দেবোত্তর তরফ মিরজাপুর ওগয়রহ শালকিয়াতে সাধারণমতে শালকিয়ার গোলা বাটী মহাল নামে খ্যাত ন্যূনাধিক চল্লিশ বিঘা জমী। তাহার উত্তর দিগে কোম্পানি বাহাদুরের পুরাতন নিমকের গোলা। দক্ষিণ দিগে সরে রাস্তা। পূর্ব্ব দিগে হুগলী নদী। পশ্চিম দিগে সরে রাস্তা। তাহার মৌকসী পাট্টার সালিয়ানা ১৯৪৵১ টাকা জমা বর্দ্ধমানের রাজার নিকটে দেওয়া যায়।

৩ নম্বর লাট। চাতরা গোরাঙ্গবাটীর শামিল ন্যূনাধিক বারো কাঠার এক খণ্ড জমী। আসামী সেই জমী মোকররী পাট্টা রামতারণ চৌধুরীপ্রভৃতি চাতরার নয় আনা অংশের জমীদারের ও দেবোত্তর ভোগিরদের স্থানে পাইয়াছিলেন, তাহার সালিয়ানা জমা ৮॥০ টাকা।

৪ নম্বর লাট। ঐ চাতরার শামিল আস্তাবলবাড়ী বলিয়া ন্যূনাধিক ॥০ কাঠা জমী। তাহাতে দোমহলা ঘর আছে। তাহার সালিয়ানা ৩৵৩ টাকা জমা ঐ রামভারণ চৌধুরীপ্রভৃতির নিকটে দেওয়া যায়।

৫ নম্বর লাট। শ্রীরামপুরের মল্লিকপাড়ার শামিল ন্যূনাধিক ২॥০ দুই বিঘা দশ কাঠা এক খণ্ড জমী তাহার পাট্টা ১০৭৭ নম্বরের পাট্টা বলিয়া শ্রীরামপুরের কালেক্টরী রেজিষ্টরীতে রেজিষ্টর হয়। সালিয়ানা ৭॥৵৮ টাকা জমা সরকারে দেওয়া যায়।

৬ নম্বর লাট। শ্রীরামপুরের শামিল শ্রীরামপুরের কালেক্টরী রেজিষ্টরীতে ১১৬১ নম্বরের পাট্টার ন্যূনাধিক ৸০ কাঠা জমী। তাহার সালিয়ানা ১॥/৬ টাকা জমা জমীদারের নিকটে দেওয়া যায়।

৭ নম্বর লাট। শ্রীরামপুরের শামিল উক্ত রেজিষ্টরে ১৪১১ নম্বরের পাট্টার ন্যূনাধিক দুই কাঠা এক খণ্ড জমী তাহাতে একতালা গুদাম আছে তাহার সালিয়ানা ৸৯ টাকা সরকারে দেওয়া যায়।

৮ নম্বর লাট। হরবারুর ঘাট বলিয়া হুগলী নদীর ধারে চাতরা গ্রামের এক পাকা ঘাট।

৯ নম্বর লাট। এক খণ্ড বাগাৎ ভূমি আন্দাজী ৩০/ বিঘা তাহার মধ্যে ৩ টা পুষ্করিণী ও একটা এক তালা ঘর বা বৈঠকখানা। ঐ বাগাৎ ভূমি এইক্ষণে এক খণ্ডের তুল্য তাহার একাংশ শ্রীরামপুরের শামিল অপর অংশ রাজ্যধরপুরের শামিল অবশিষ্ট অংশ লাখেরাজ।

১০ নম্বর লাট। আন্দাজী ২/৪ দুই বিঘা চারি কাঠা এক খণ্ড ভূমি তাহা চাতরার দশ আনা পনের গণ্ডার অংশিদার মৃত রামরত্ন মল্লিকের স্থানে মৌকসী পাট্টাক্রমে দখল হয় তাহার বার্ষিক জমা ১৬৸/১৭ গণ্ডা।

১১ নম্বর লাট। চাতরায় একখণ্ড ভূমি ॥০ দশ কাঠা তাহা জমীদার রামনারায়ণ মুখুয্যার স্থানে মৌকসী পাট্টাক্রমে আসামীর দখল হয় তাহার বার্ষিক জমা ১।৵৬ টাকা।

[*Government Gazette*, 30th *August*, 1859.]

১২ নম্বর লাট। হুগলী জিলার শহর শ্রীরামপুরে বামণপাড়াতে এক দোতালা ইষ্টকময় বসতবাটী এবং ভূমির যে খণ্ডে ঐ বাটী নির্ম্মিত হইয়াছে তাহার পরিমাণ ২৷৷১ দুই বিঘা বারো কাঠা তিন ছটাক পাঁচ ফুট। এই নীলামের অধিক বেওরা ও নিয়ম সুপ্রিম কোর্টে মাষ্টর সাহেবের দপ্তরখানায় অথবা হেষ্টিংস রাস্তায় ৫ নম্বরী শ্রীযুত উলিয়ম ডালাস সাহেবের বাটীতে জানা যাইবেক।

উলিয়ম ডরেস উকীল। জান কক্রেন। মাষ্টর।
কলিকাতার সুপ্রিম কোর্ট।
মাষ্টর সাহেবের দপ্তরখানা। ১৮৫৯ সাল ৫ আগষ্ট।

বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ৮ অক্টস আইনের ইণ্ডেক্স অর্থাৎ খোলাসা মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মফঃসলের যে সকল ব্যক্তি মূল আইন ক্রয় করিয়াছেন তাঁহারা কেবল ডাকের মাসুল পাঠাইলে ইণ্ডেক্স পাইতে পারিবেন। অন্য ব্যক্তিরা এক টাকা মূল্য পাঠাইলে পাইবেন যে ব্যক্তি এক কালীন ১০৲ টাকা পাঠাইবেন তিনি ১৫ খণ্ড ইণ্ডেক্স পাইবেন। এই ইণ্ডেক্স অথবা মূল আইন সদর দেওয়ানী আদালতের উকিল শ্রীযুত বাবু মহেন্দ্রলাল সোমের নিকট অথবা সহর কলিকাতার ঠন ঠনিয়া নিবাসি শ্রীযুত বাবু গিরীশচন্দ্র দাসের নিকট পত্র লিখিলে ও তত্ত্ব করিলে পাইতে পারিবেন ইতি।

বিজ্ঞাপন।

নীচের লিখিত বাঙ্গলা পুস্তকাদি সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায়চৌধুরী কিম্বা শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায়চৌধুরী অথবা শ্রীযুত বাবু গোপাললাল মিত্র মহাশয়ের আফিসে ক্রেতাগণ আমারদিগের নিকটে প্রাপ্ত হইতে পারিবেন। ডাকযোগে পুস্তক প্রেরণ করিতে হইলে নির্দ্ধারিত মূল্যব্যতীত ডাকমাসুল স্বতন্ত্র দিতে হইবেক।

১৮৫৯ সালের ৫ এবং সামান্য নির্ঘণ্ট এবং বর্ণমালানুযায়ি ইণ্ডেক্সসংযুক্ত ৮ আইন ও ৯, ১০, ১১, ১৩, ১৪ আইন এবং ১৮৫৮ সালের ৩১, ৩৫, ৪০, ৪১ আইন ও অবশিষ্ট আইনের নির্ঘণ্ট এবং ঐ দুই সনের সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর ও ১৮৫৯ সালের অতিপ্রয়োজনীয় গবর্ণমেণ্টের ও বোর্ডের বিজ্ঞাপন ও বোর্ড রেবিনিউর সারক্যুলর অর্ডর। মূল্য ... ... ৪৲

১৮৫৯ সালের ৮ আইনের সামান্য নির্ঘণ্ট ও বর্ণমালানুযায়ি ইণ্ডেক্স। মূল্য ... ॥০

সামান্য নির্ঘণ্ট, ও বর্ণমালানুযায়ি ইণ্ডেক্সসংযুক্ত ১৮৫৯ সালের ৮ আইন ও সরক্যুলর অর্ডর ইত্যাদি। মূল্য ... ... ২৲

১৮৫৯ সালের ১০ আইন। মূল্য ... ... ১৲

১৮৫৯ সালের ১০, ১১, ১৩, ১৪ আইন ও বোর্ডের বিজ্ঞাপন। মূল্য ১৷৷০

১৮৫৯ সালের ১১, ১৩, ১৪ আইন ও ৮ আইনের সামান্য নির্ঘণ্ট ও বর্ণমালানুযায়ি ইণ্ডেক্স। মূল্য ১।০

১৮৫৪ সালহইতে ১৮৫৭ সালপর্য্যন্তের আইন ও সরক্যুলর অর্ডরইত্যাদি। মূল্য ১৷৷০

শ্রীঈশ্বরনারায়ণ সিংহ। শ্রীহরনাথ ঘোষ। শ্রীকেদারনাথ বসু।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোককে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৫৯ সালের ৮ আইন ও ১০ আইন ও ১১ আইন এবং ১৪ আইন ইঙ্গরেজী বাঙ্গলাসহ শ্রীরামপুর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা নীচের লিখিত মূল্য প্রেরণ করিলেই পাইবেন এবং ডাকে পাঠাইতে হইলে তাহার মামুল আলাহিদা দিতে হইবেক ইতি।

১৮৫৯ সালের ৮ আইন মূল্য ... ... ৫৷৷০ টাকা
১৮৫৯ সালের ১০ আইন ঐ ২৷৷০
১৮৫৯ সালের ১১ আইন ঐ ... ... ১৲
১৮৫৯ সালের ১৪ আইন ঐ ৷৷০
এককালীন সমুদয় আইন লইলে তাহার মূল্য ... ... ২৲

বিজ্ঞাপন।

মহামান্য সদর দেওয়ানী আদালতের উকিল শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় কর্ত্তৃক বঙ্গদেশের প্রচলিত দায়ভাগ দায়ক্রম সংগ্রহ বিবাদার্ণব, বিবাদ ভঙ্গার্ণব, বিবদসারার্ণব দত্তকচন্দ্রিকা দত্তক দীধিতি, এবং মিথিলা দেশের প্রচলিত মিতাক্ষরাপ্রভৃতি সংস্কৃত গ্রন্থের সারার্থ অতি সরল বঙ্গভাষায় প্রশ্নোত্তরে রচিত হইয়া ধনবিভাগব্যবস্থা নামক একখানি গ্রন্থ উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইয়াছে এই গ্রন্থের প্রত্যেক উত্তরের নিম্নে প্রমাণস্বরূপে মেকেনেটন হিন্দুলর মত পৃষ্ঠাতে ঐ ব্যবস্থা লিখিত আছে তাহার সংখ্যা লিখিত আছে এবং মহামান্য সদর আদালত এবং প্রবিকৌন্সেল কর্ত্তৃক ১৭৯২ সালহইতে ১৮৫৯ সালের মার্চ্চ মাসপর্য্যন্ত হিন্দু শাস্ত্র সম্বন্ধীয় যে সকল নজির ফয়সলা প্রচারিত হইয়াছে ঐ সমুদয় ফয়সলার চুম্বক স্থানে স্থানে শ্রেণীবদ্ধ পূর্ব্বক লিপিবদ্ধ হইয়াছে পুস্তকের মূল্যের যাক্ষরকারিদিগের প্রতি ৩৷৷০ টাকা যাক্ষরকারি ভিন্ন অন্যান্য ব্যক্তিগণের পক্ষে ৪৲ চারি টাকামাত্র এই গ্রন্থ যাঁহারদিগের ক্রয় করার আবশ্যক আছে তাঁহারা প্রণংসিত উকিল বাবুর নিকটে মূল্যের টাকা সহ পত্রী লিখিলেই পাইতে পারিবেন ইতি সন ১২৬৬ সালের ৯ ভাদ্র।

শ্রী পূর্ণচন্দ্র রায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩০ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1046 ১০৪৬)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 6, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৬ সেপ্টেম্বর।

DRAFTS OF ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 27TH AUGUST 1859.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 27th August 1859, and was referred to a Select Committee who are to report thereon after the 1st of December next:—

A Bill to make perpetual Act XXVIII. of 1857 (relating to the importation, manufacture, and sale of Arms and Ammunition, and for regulating the right to keep or use the same).

[Preamble.]

WHEREAS an Act was passed on the 11th of September 1857, intituled "An Act relating to the importation, manufacture, and sale of Arms and Ammunition, and for regulating the right to keep or use the same," and it was thereby enacted that the said Act should continue in force for two years: and whereas by Act XIX. of 1859 it is enacted that the said Act XXVIII. of 1857 shall continue in force until the end of the year 1859: and whereas it is expedient to make the said Act XXVIII. of 1857 perpetual: It is enacted as follows:—

[Act XXVIII. of 1857 made perpetual.]

I. The said Act XXVIII. of 1857 shall be and the same is hereby made perpetual.

W. MORGAN,
Clerk of the Council.

[*Government Gazette, 6th September*, 1859.]

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২৭ আগষ্ট।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৭ আগষ্ট তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি ডিসেম্বর মাসের ১ তারিখের পর তাঁহারা ঐ মুসাবিদার রিপোর্ট করিবেন।

১৮৫৭ সালের ২৮ আইন, অর্থাৎ অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিষয়ি ও তাহা রাখিবার কি ব্যবহার করিবার বিধান করিবার আইন চিরকাল প্রবল রাখিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিষয়ি ও তাহা রাখিবার কি ব্যবহার করিবার বিধান করিবার আইন, ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের ১১ তারিখে জারী হইয়াছিল, ও সেই আইনের দুই বৎসরপর্য্যন্ত বলবৎ থাকিবার বিধি ঐ আইনে হইয়াছিল। ও ১৮৫৭ সালের সেই ২৮ আইন ১৮৫৯ সালের শেষপর্য্যন্ত বলবৎ থাকে এমত বিধি ১৮৫৯ সালের ১৯ আইনে হইয়াছিল। ও ১৮৫৭ সালের সেই ২৮ আইন চিরকাল প্রবল রাখা বিহিত, এই কারণে এই বিধান হইল।

[১৮৫৭ সালের ২৮ আইন চিরকাল প্রবল রাখিবার কথা।]

১ ধারা। ১৮৫৭ সালের উক্ত ২৮ আইন চিরকাল প্রবল থাকিবেক ও ইহাতে চিরকাল প্রবল করা গেল ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

The following is a Copy of the Act :—
ACT No. XXVIII. of 1857.

PASSED BY THE LEGISLATIVE COUNCIL OF INDIA.

(Received the assent of the Governor General on the 11th September 1857.)

AN ACT *relating to the importation, manufacture, and sale of Arms and Ammunition, and for regulating the right to keep or use the same.*

[Preamble.]

WHEREAS it is expedient to regulate the importation, manufacture, and sale of Arms and Ammunition, and the right to keep or use the same; It is enacted as follows :—

[In places to which this Section is extended, written notice of the possession of Arms shall be given to the Magistrate. What to be specified in the notice.]

I. In any district or place to which the provisions of this Section shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place, every person shall, within such time as shall be mentioned in the order, or, if no time be mentioned therein, within one week from the publication of the order in the District or place, give notice in writing to the Magistrate or other Officer specified by the Executive Government, of any fire-arms, bayonet, sword, spear, spear-head, or other deadly weapon to be specified in such order, which shall be in his possession or shall be on his premises in the possession of any of his retainers or servants; and shall also give immediate notice in writing of all other Arms of the like description which shall at any subsequent time come into his possession or into the possession of any of his retainers or servants as aforesaid. The notice shall specify the number and description of the Arms so possessed, and also in the case of Arms so possessed by retainers or servants, the names of such retainers or servants and in what capacities they are respectively employed.

[Penalty for wilful neglect to give notice.]

II. Whoever wilfully neglects to give such notice as aforesaid shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and all Arms in the possession of such person may be seized and shall be confiscated if the convicting Magistrate shall so adjudge, and in case the Arms of which he shall so neglect to give notice shall exceed what may be considered reasonable for the private use of such person, he shall be liable to imprisonment with or without hard labor for a term not exceeding two years, and shall also be liable to a fine not exceeding five thousand Rupees; and all the Arms and any Ammunition or Military Stores in the possession of such person or on his premises shall be confiscated.

[Register to be prepared, and certificates to be granted on request.]

III. The Magistrate shall cause to be prepared from such notices a register of the names of persons having Arms in their possession, and the number and description of such Arms; and shall also, at the request of any person giving such notice as aforesaid, deliver to him a certificate specifying the date of the notice and the number and description of Arms specified therein.

[Seizure and detention of Arms and Ammunition by the Magistrate.]

IV. If, in the judgment of the Government or of the Magistrate, any such Arms as aforesaid or any Ammunition in the possession of any person cannot be left in such possession without danger to the public peace, it shall be lawful for the Magistrate to cause such Arms or Ammunition to be seized and detained in safe custody for such time as may be deemed necessary.

[In places to which this Section is extended, persons going armed may be disarmed in certain cases. What Officers &c. authorized to disarm. License to travellers to carry Arms.]

V. In any District or place to which the provisions of this Section shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place, if any person goes armed with any such Arms as aforesaid and shall not produce a certificate, from a Magistrate or other Officer authorized by Government to grant licenses to go armed, that he has obtained such a license or that he is exempted by Government from the foregoing provisions, or give reasonable proof of his being otherwise exempted from the said provisions, he shall be liable to be disarmed by any Magistrate, Deputy Magistrate, or Assistant to a Magistrate, or by any European Commissioned Officer in the service of Her Majesty or of the East India Company, or by any member of a Volunteer Corps enrolled by authority of Government whilst on duty, or by any Police Officer, if, in the judgment of such Magistrate or other person as aforesaid, it is dangerous to the public peace to allow such person to go armed. Provided always that if any person shall have a license, from the Magistrate of the District or place at which he resides or may be, to carry on a journey such Arms as the Magistrate may consider reasonable for his private use, and shall obtain from such Magistrate a certificate stating the name and address of the licensee, the route by which he intends to proceed, the time which such journey is expected to occupy, and the Arms which he is permitted to carry, such certificate shall have the same force and effect according to its tenor in every District or

ঐ আইনের নকল এই।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২৮ আইন।

(তাহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের ১১ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন।)

অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিষয়ি, ও তাহা রাখিবার কি ব্যবহার করিবার বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিধান করা, ও সেই অস্ত্রাদি রাখিবার কি ব্যবহার করিবার ক্ষমতার বিধান করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[এই ধারা যে২ স্থানে প্রচলিত হয় সেই২ স্থানে অস্ত্রশস্ত্র কোন কাঁহার নিকটে থাকিলে তাঁহার লেখাহওয়া সম্বাদ মাজিষ্ট্রেট সাহেবকে দিতে হইবেক। ঐ সম্বাদে যাহা জানাইতে হইবেক তাহার কথা।]

১ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমমতে, যে কোন জিলাতে কি স্থানে এই ধারার বিধান প্রচলিত করা যাইবেক, সেই জিলার কি স্থানের কোন লোকের নিকটে, কিম্বা তাঁহার বাড়ীর মধ্যে আপনার বেতনভোগি লোকেরদের কি চাকরেরদের নিকটে যদি কোন আগ্নেয় অস্ত্র কি সঙ্গিন কি তলবার কি বড়শা কি বড়শার অগ্রভাগ, কিম্বা সংহারক অন্য যে কোন অস্ত্র ঐ হুকুমেতে নির্দ্দিষ্ট হয় তাহা যদি থাকে, তবে সেই লোক ঐ হুকুমের নিরূপিত সময়ের মধ্যে সেই কথা লিখিয়া মাজিষ্ট্রেট সাহেবকে, কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টহইতে নির্দ্দিষ্ট অন্য কার্য্যকারককে জানাইবেক। যদি সেই হুকুমে কোন সময় নির্দ্ধার্য্য না থাকে, তবে ঐ জিলাতে কি স্থানে ঐ হুকুম প্রকাশ হওনঅবধি এক সপ্তাহের মধ্যে সেই কথা জানাইবেক। আর যদি তৎপরে কোন সময়ে সেই প্রকারের অন্য কোন অস্ত্রশস্ত্র তাঁহার দখলে আইসে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার বেতনভোগি লোকেরদের কি চাকরেরদের দখলে আইসে, তবে সেই সকল অস্ত্র থাকার কথাও অগৌণে লিখিয়া জানাইবেক। সেইরূপের যে সম্বাদ দেয় তাহাতে যত ও যে২ প্রকারের অস্ত্রশস্ত্র নিকটে থাকে তাহা বিশেষ করিয়া লিখিবেক, ও যদি বেতনভোগি লোকেরদের কি চাকরেরদের নিকটে ঐ অস্ত্রশস্ত্র থাকে, তবে ঐ লোকেরদের কি চাকরেরদের নাম ও যাঁহার যে কর্ম্ম তাহাও জানাইবেক ইতি।

[ঐ সম্বাদ দিবার ইচ্ছাপূর্ব্বক ত্রুটির দণ্ডের কথা।]

২ ধারা। যদি কোন লোক সেই প্রকারের সম্বাদ দিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। আর যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, ঐ লোকের নিকটে যে সকল অস্ত্রশস্ত্র থাকে তাহা ক্রোক ও জব্দ হইতে পারিবেক, আর যে অস্ত্রশস্ত্রের সম্বাদ দিতে ত্রুটি করে, তাহা সেই লোকের নিজ কর্ম্মের নিমিত্তে যত সম্বর বোধ হয় তাহার অধিক হইলে, সেই লোক দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, আর তাহার পাঁচ হাজার টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক, ও সেই লোকের নিকটে কিম্বা তাহার বাড়ীর মধ্যে যে সকল অস্ত্রশস্ত্র ও যে কিছু বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম থাকে তাহা জব্দ হইবেক ইতি

[রেজিষ্টর প্রস্তুত হইবার ও দরখাস্ত হইলে সর্টিফিকট দেওয়া যাইবার কথা।]

৩ ধারা। সেই প্রকারের যে সকল সম্বাদ পাওয়া যায় তাহা লইয়া মাজিষ্ট্রেট সাহেব, যে লোকেরদের নিকটে অস্ত্রশস্ত্র থাকে তাহারদের নামের ও যত ও যে২ প্রকারের অস্ত্রশস্ত্র থাকে তাহার, এক রেজিষ্টর প্রস্তুত করাইবেন। ও সেই প্রকারের সম্বাদ যে লোক দেয় সে প্রার্থনা করিলে, তিনি তাহাকে এক সর্টিফিকটও দিবেন, তাহাতে ঐ সম্বাদ দিবার তারিখ ও যত ও যে২ প্রকারের অস্ত্রশস্ত্র তাহাতে লেখা থাকে তাহাও নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অস্ত্রশস্ত্র ও বারুদআদি ক্রোক করিয়া আটক রাখিবার কথা।]

৪ ধারা। যদি গবর্ণমেণ্টের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে কোন লোকের নিকটে থাকা পূর্ব্বোক্ত প্রকারের কোন অস্ত্রশস্ত্র কি কিছু বারুদআদি তাহার হাতে থাকিতে দিলে, সাধারণ লোকেরদের শান্তির ব্যাঘাত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই অস্ত্রশস্ত্র কি বারুদআদি ক্রোক করাইয়া লইতে পারিবেন, ও যত কাল আবশ্যক বোধ হয় তত কালপর্য্যন্ত তাহা ভালমতে বন্ধ করিয়া রাখিতে পারিবেন ইতি।

[এই ধারার কথা যে২ স্থানে প্রবল হইবেক সেই২ স্থানে যাহারা মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেবের অনুমতি না লইয়া অস্ত্র ধরিয়া বেড়ায় তাহারদের স্থানহইতে কোন২ গতিকে সেই অস্ত্র লইবার কথা। যে কার্য্যকারকপ্রভৃতি অস্ত্র লইতে পারিবেন। যাত্রিরদের অস্ত্র ধরিয়া যাইবার অনুমতি।]

৫ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমমতে যে কোন জিলাতে কি স্থানে এই ধারার বিধান প্রচলিত করা যাইবেক, এমত কোন জিলার কি স্থানের মধ্যে যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারের কোন অস্ত্র লইয়া বেড়ায়, ও অস্ত্র লইয়া বেড়াইবার অনুমতি পাইয়াছে, কিম্বা উক্ত বিধানহইতে গবর্ণমেণ্টের দ্বারা মুক্ত হইয়াছে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা অস্ত্র লইয়া বেড়াইবার অনুমতি দিতে অন্য যে কার্য্যকারক গবর্ণমেণ্ট হইতে ক্ষমতা পান তাঁহার এই মর্ম্মের সর্টিফিকট যদি না দেখায়, কিম্বা উক্ত বিধানহইতে অন্য প্রকারে মুক্ত হইয়াছে ইহার উপযুক্ত প্রমাণ যদি না দেয়, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের, কি ডেপুটী মাজিষ্ট্রেটের, কি মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের ইউরোপীয় সনদপ্রাপ্ত কোন সেনাপতি সাহেবের, কিম্বা গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে বলমুটের কোরের মধ্যে যাঁহারদের নাম লেখা হইয়াছে ঐ পদের কর্ম্ম করণ কালে এমত কোন সাহেবের, কিম্বা পোলীসের কোন কার্য্যকারকের বিবেচনামতে, যদি সেই লোককে অস্ত্র লইয়া বেড়াইতে দিলে সাধারণ লোকেরদের শান্তির ব্যাঘাত হয়, তবে সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তি তাহার অস্ত্র কাড়িয়া লইতে পারিবেন। পরন্তু যদি কোন লোক দেশের অন্য কোন স্থানে যাত্রা করিবার সময়ে তাহার নিজকর্ম্মের নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব যে২ অস্ত্র উপযুক্ত বোধ করেন এমত অস্ত্র লইয়া যাইবার অনুমতিপত্র, যে জিলার কি স্থানের মধ্যে বাস করে কি থাকে সেই জিলার কি স্থানের মাজিষ্ট্রেট সাহেবহইতে পায়, ও আপনার নাম ও বাসস্থান ও যে পথদিয়া যাইতে মনস্থ করে ও সেই যাত্রায় যত কাল লাগিতে পারে, ও যে অস্ত্রশস্ত্র লইবার অনুমতি

place specified therein as if leave to go armed had been granted by the Magistrate of such District or place.

[Exemptions.]

VI. The foregoing provisions shall not apply to—

[Officers, Soldiers, and Sailors.]

1. Officers, Soldiers, and Sailors in the Military or Naval Service of Her Majesty or of the East India Company in respect of Arms and Ammunition kept by them for use in the public service.

[Volunteers.]

2. Members of Volunteer Corps in respect of such Arms and Ammunition.

[Police and Revenue Officers.]

3. Police and Revenue Officers and other persons in respect of Arms and Ammunition furnished by Government for use in the public service or provided by themselves with the sanction of Government for such use.

[Other persons.]

4. Such other persons as the Government may think fit to exempt from such provisions.

[Armament of ships exempt.]

Arms and Ammunition belonging to any ship or vessel, not exceeding the reasonable armament thereof, shall also be exempt from such provisions.

[Penalty for manufacturing or dealing in Arms or Ammunition without license, or contrary to the conditions therein contained.]

VII. If any person shall manufacture, repair, sell, or keep or expose for sale any Arms of the description hereinbefore mentioned, or shall manufacture, or sell, or keep or expose for sale percussion-caps, gunpowder, or other Ammunition, without a license to manufacture or deal in Arms or Ammunition, as the case may be, or contrary to any of the conditions contained in any such license, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees, in addition to double the value of any Arms or Ammunition sold; and all Arms and Ammunition belonging to the offender shall be forfeited if the convicting Magistrate shall so adjudge.

[Licenses by whom to be granted.]

VIII. Licenses to manufacture or deal in percussion-caps shall be granted by the Governor General in Council, or by the Executive Government, or by an Officer specially authorized by the Governor General in Council or by the Executive Government to grant such licenses. Licenses to manufacture or deal in Arms and Ammunition other than percussion-caps may be granted by a Magistrate or

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৬ সেপ্টেম্বর।]

পায়, এই সকল কথার এক সর্টিফিকট যদি সেই মাজিষ্ট্রেট সাহেবহইতে পায়, তবে তাহাতে যে২ জিলা কি স্থান লেখা অছে সেই২ জিলার কি স্থানের মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ঐ অস্ত্র লইয়া বেড়াইবার অনুমতি দিলে যেমন হইত, ঐ সর্টিফিকটের মর্ম্মানুসারে ঐ প্রত্যেক জিলাতে কি স্থানে ঐ সর্টিফিকট তেমনি বলবৎ ও ফলবৎ হইবেক ইতি।

[ঐ বিধি যাহারদের উপর খাটিবেক না।]

৬ ধারা। উপরের লিখিত বিধি এই২ স্থলে খাটিবেক না অর্থাৎ২

[সেনাপতি ও সৈন্য ও নাবিকের উপর।]

১। শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের সৈন্য কি জাহাজসম্পর্কীয় হুদ্দাদার সাহেবেরা ও সৈন্যেরা ও নাবিকেরা সরকারী কার্য্যের নিমিত্তে যে অস্ত্রশস্ত্র কি বারুদআদি রাখেন তদ্বিষয়ে তাঁহারদের উপর

[বলমটেরের উপর।]

২। সেই প্রকারের অস্ত্রশস্ত্র ও বারুদআদির বিষয়ে বলমটের কোরের সাহেবেরদের উপর।

[পোলীসের ও রাজস্বের কার্য্যকারকেরদের উপর।]

৩। পোলীসের ও রাজস্বের কার্য্যকারকদিগকে ও অন্য ব্যক্তিরদিগকে সরকারী কার্য্যের নিমিত্তে যে অস্ত্রশস্ত্র ও বারুদআদি গবর্ণমেণ্টেরইহইতে দেওয়া যায়, কি সেই কর্ম্মের জন্যে তাঁহারা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে যে অস্ত্রশস্ত্র ও বারুদআদি আপনারাই ক্রয়াদি করেন, তদ্বিষয়ে তাঁহারদের উপর।

[অন্য লোকের উপর।]

৪। অন্য যে লোকদিগকে গবর্ণমেণ্ট সেই বিধানহইতে মুক্ত করা উচিত বোধ করেন তাঁহারদের উপর ঐ বিধি খাটিবেক না।

[জাহাজের অস্ত্রাদি ছাড়া।]

কোন জাহাজে যত অস্ত্রশস্ত্র ও বারুদআদি সমুদ্রমতে থাকিতে হয় তাহার অধিক না থাকিলে তদ্বিষয়ে ঐ বিধি খাটিবেক না ইতি।

[অনুমতিপত্র না পাইয়া কিম্বা সেই পত্রে যে নিয়ম আছে তাহা অমান্য করিয়া অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ করিবার কি ক্রয়বিক্রয় করিবার দণ্ড।]

৭ ধারা। যদি কোন লোক অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র না পাইয়া, ইহার পূর্ব্বের লিখিত প্রকারের কোন অস্ত্রশস্ত্র নির্ম্মাণ কি মেরামৎ কি বিক্রয় করে, কিম্বা বিক্রয় হইবার জন্যে রাখে কি দেখায়, কিম্বা গনকাপ অর্থাৎ রঙ্কের টুপি কি বারুদ ছিটা গুলিপ্রভৃতি নির্ম্মাণ কি বিক্রয় করে কি বিক্রয় হইবার জন্যে রাখে কি দেখায়, কিম্বা যদি তদ্রূপ কোন অনুমতিপত্রের লিখিত কোন নিয়ম লঙ্ঘন করিয়া নির্ম্মাণাদি করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, তাহার যত অস্ত্রশস্ত্র কি বারুদআদি যে মূল্যেতে বিক্রয় হইয়াছে তাহার দ্বিগুণ মূল্যের অতিরিক্ত, তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। আর যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে ঐ অপরাধির সকল অস্ত্রশস্ত্র ও বারুদআদি জব্দ হইবেক ইতি।

[অনুমতিপত্র যাঁহারদের দিতে হইবেক।]

৮ ধারা। গনকাপ নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরহইতে কিম্বা কর্ত্তৃক্ত কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবেক, কিম্বা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা কর্ত্তৃক্ত কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারক সাহেবকে সেই প্রকারের অনুমতিপত্র দিতে বিশেষ ক্ষমতা দেন তিনি ঐরূপ অনুমতিপত্র দিতে পারিবেন। অস্ত্রশস্ত্র ও (গনকাপ ছাড়া)

by an Officer authorized by the Governor General in Council or by the Executive Government to grant such licenses.

[Licensed manufacturers or dealers to enter in a book an account of stock-in-trade, names of purchasers, &c. Inspection of book.]

IX. Every person licensed to manufacture or deal in Arms, percussion-caps, or other Ammunition, shall enter, in a book to be kept by him for that purpose, an account of all the stock-in-trade which he may from time to time have in his possession or under his control, and also the name and address of every purchaser of Arms or Ammunition sold by him, together with the nature, description, and quantity of such Arms or Ammunition. Such book shall be open at all times to inspection by the Magistrate or other duly authorized Officer, by whom copies may be taken of all entries therein contained. If any such person shall omit or fail duly to keep such a book or to make therein all such entries as are hereby required, or if any person shall prevent or obstruct the inspection of such book or shall make a false entry therein, he shall be liable for every such offence, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees, in addition to double the value of any Arms or Ammunition sold of which he shall fail to make such entry or respecting which he shall make a false entry; and if the offender be licensed to manufacture or deal in Arms or Ammunition, he shall also forfeit his license if the convicting Magistrate shall so adjudge.

[Magistrate or other Officer may inspect dealers' premises.]

X. The Magistrate or other Officer authorized by Government may at any time enter the premises in which Arms or Ammunition shall be manufactured or kept by any licensed manufacturer of or dealer in Arms or Ammunition, in order to inspect the stock-in-trade of such manufacturer or dealer; and if any such manufacturer or dealer shall intentionally conceal from such Magistrate or other Officer as aforesaid any part of his stock-in-trade, or shall wilfully refuse to point out where the same is kept, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and all the stock-in-trade belonging to such person may be seized and shall be confiscated if the convicting Magistrate shall so adjudge.

[*Government Gazette, 6th September, 1859.*]

বারুদ ছিটাগুলিপ্রভৃতি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র মাজিষ্ট্রেট সাহেব দিতে পারিবেন, কিম্বা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা কর্ত্তৃক্ত কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারক সাহেবকে ঐরূপ অনুমতিপত্র দিতে ক্ষমতা দেন তিনি দিতে পারিবেন ইতি।

[যাহারা অস্ত্রশস্ত্রপ্রভৃতি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র পায় তাহারদের নিকটে যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা ও তাহার খরীদারেরদের নামপ্রভৃতি বহীতে লিখিয়া রাখিবেক। সেই বহী দেখিবার কথা।]

৯ ধারা। অস্ত্রশস্ত্র কি গনকাপ কি বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র যে কেহ পায় সেই জন একখান বহী রাখিবেক, ও অস্ত্রশস্ত্রপ্রভৃতি কারবারের যে সকল দ্রব্য সময়ে২ তাহার দখলে আইসে কি তাহার জিম্মায় থাকে তাহার হিসাব ঐ বহীতে লিখিবেক। ও যে সকল অস্ত্রশস্ত্র কি বারুদপ্রভৃতি বিক্রয় করে তাহার খরীদারেরদের নাম ধামাদি, ও তাহারা যে তারের ও যে প্রকারের ও যত অস্ত্রশস্ত্র কি বারুদআদি খরীদ করে তাহাও সেই বহীতে লিখিবেক। মাজিষ্ট্রেট সাহেব কি উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সর্ব্বদাই সেই বহী অবাধে দেখিতে পারিবেন, ও তাহার লিখিত কোন কথার নকলও করিয়া লইতে পারিবেন। যদি সেই প্রকারের কোন লোক সেই প্রকারের বহী না রাখে, কিম্বা তাহা উপযুক্তমতে রাখিতে ত্রুটি করে, কিম্বা তাহাতে যে২ কথা লিখিবার হুকুম ইহাতে হইয়াছে সেই সকল কথা লিখিতে ত্রুটি করে, অথবা যদি কোন লোক সেই বহী দেখিতে বারণ করে কি বাধা দেয়, কিম্বা সেই বহীতে কোন অসত্য কথা লেখে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, তাহার বিক্রয়করা যে কিছু অস্ত্রশস্ত্র কি বারুদপ্রভৃতির কথা লিখিবার ত্রুটি হইয়াছে, কি যে অস্ত্রশস্ত্রপ্রভৃতির অসত্যকথা লেখা হইয়াছে তাহার দ্বিগুণ মূল্যের অতিরিক্ত, তাহার সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। আর ঐ অপরাধী যদি অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র পাইয়া থাকে, তবে যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, তাহার সেই অনুমতিপত্রও বাতিল হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক, ব্যবসায়িরদের বাটী দেখিতে পারিবেন।]

১০ ধারা। যে কোন লোক অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ করিতে কি ক্রয়বিক্রয় করিতে অনুমতিপত্র পায়, ঐ অস্ত্রশস্ত্র কি বারুদআদি সে যে বাটীর মধ্য নির্ম্মাণ করে কি রাখে, তাহাতে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেব, ঐ নির্ম্মাণকারির কি ব্যবসায়ির যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা দেখিবার জন্যে, কোন সময়ে প্রবেশ করিতে পারিবেন। আর যদি সেই নির্ম্মাণকারী কি ব্যবসায়ী জানিয়াশুনিয়া আপনার কারবারের ঐ অস্ত্রশস্ত্রপ্রভৃতির কোন ভাগ ঐ মাজিষ্ট্রেট সাহেবহইতে কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবহইতে লুকায়, কিম্বা তাহা যে স্থানে রাখা আছে সেই স্থান দেখাইতে ইচ্ছাপূর্ব্বক অস্বীকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। আর যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি আজ্ঞা করিলে, ঐ লোকের কারবারের যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা সকলই ক্রোক ও জব্দ হইতে পারিবেক ইতি।

[Revocation of license to manufacture or deal in Arms or Ammunition.]

XI. Any license granted under the provisions of Section VIII. may be granted subject to such conditions as shall be thought necessary, and may be revoked or suspended by the person or persons authorized to grant such licenses.

[Arms, Ammunition, and Sulphur, &c., not to be imported without license.]

XII. No Arms or Ammunition, and no Sulphur or Saltpetre, shall be imported either by sea or by land into any part of the territories in the possession and under the Government of the East India Company without the license of the Governor General in Council or of the Executive Government.

[Penalty for importation without license.]

XIII. If any person shall import or attempt to import without such license, either by sea or by land into any part of the said territories, any Arms or Ammunition, or any Sulphur or Saltpetre; or shall aid or assist in such importation or in such attempt to import; or shall knowingly conceal or assist in concealing any Arms or Ammunition, or any Sulphur or Saltpetre, imported without such license—he shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for any term not exceeding two years, and also to a penalty not exceeding one thousand Rupees; and the articles so imported shall be confiscated if the convicting Magistrate shall so adjudge.

[Importation of Arms and Ammunition for private use.]

XIV. The provisions of the two last preceding Sections shall not extend to Arms and Ammunition imported in reasonable quantities for private use; but the Collector of Customs may at any time detain any such articles, if he shall think it necessary, until he shall receive the orders of Government. Nothing in this Section shall exempt any person from the obligation of giving any notice required by this Act.

[Government may prohibit transport of Arms, Ammunition, Military Stores, &c.]

XV. The Governor General in Council may by order prohibit the transport of Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, or any particular description of Arms, Ammunition, or Military Stores, from one part of India to another, or the transport thereof in any particular direction to be specified in the order, or prohibit the transport thereof except according to such rules and conditions as may be specified in the order; and the Executive Government of any Presidency or place shall have the like power within the territories under their Government.

[Penalty for prohibited transport.]

XVI. If any person shall transport or cause to be transported, or shall attempt to transport or

[অস্ত্রশস্ত্র ও বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র বাতিল করিবার কথা।]

১১ ধারা। ৮ ধারার বিধানমতে যে কোন অনুমতিপত্র দেওয়া যায়, তাহা যে২ নিয়ম আবশ্যক বোধ হয় সেই২ নিয়মক্রমে দেওয়া যাইতে পারিবেক। ও সেই অনুমতিপত্র দিতে যাঁহার কি যাঁহারদের ক্ষমতা থাকে তিনি কি তাঁহারা তাহা বাতিল কি স্থগিত করিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না হইলে অস্ত্রশস্ত্রের কি বারুদআদি কি গন্ধকপ্রভৃতির আমদানী না হইবার কথা।]

১২ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্নমেণ্টের অনুমতিপত্র না পাওয়া গেলে, কোন অস্ত্রশস্ত্রের কি বারুদআদির কি কিছু গন্ধকের কি শোরার আমদানী সমুদ্রপথে কি স্থলপথে কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের কোন স্থানে হইবেক না ইতি।

[অনুমতিপত্র বিনা আমদানী করিবার দণ্ড।]

১৩ ধারা। যদি কোন লোক সেই প্রকারের অনুমতিপত্র না পাইয়াও সমুদ্রপথে কি স্থলপথে কিছু অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি কিছু গন্ধক কি শোরা উক্ত দেশের কোন স্থানে আমদানী করে কি করিবার উদ্যোগ করে কিম্বা সেইরূপ আমদানী করিবার কার্য্যেতে কি উদ্যোগে সাহায্য কি উপকার করে, কিম্বা সেই প্রকারের অনুমতিপত্র বিনা যে কিছু অস্ত্রশস্ত্রের কি বারুদআদির কি কিছু গন্ধকের কি শোরার আমদানী হইয়াছে তাহা যদি জেনিয়াশুনিয়া লুকায় কি লুকাইবার সাহায্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সেই লোক দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ও তাহার এক হাজার টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। আর যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, সেই প্রকারের আমদানীকরা সকল দ্রব্য জব্দ হইবেক ইতি।

[কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার কথা।]

১৪ ধারা। কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে সম্ভবমতে কতক অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী হইলে তাহার উপর ইহার পূর্ব্বের দুই ধারার বিধান খাটিবেক না। কিন্তু হাসিলের কালেক্টর সাহেব আবশ্যক বোধ করিলে, গবর্নমেণ্টের হুকুম যাবৎ না পান তাবৎ সেই প্রকারের কোন দ্রব্য কোন সময়ে আটক করিয়া রাখিতে পারিবেন। পরন্তু এই আইনমতে যে কোন সম্বাদ দিতেই হইবেক, তাহাহইতে এই ধারার কোন কথাক্রমে কোন লোকের ক্ষমা হইবেক না ইতি।

[গবর্নমেণ্ট অস্ত্রশস্ত্র ও বারুদআদি ও যুদ্ধসরঞ্জামপ্রভৃতি স্থানান্তরে চালান করিবার নিষেধ করিতে পারিবেন।]

১৫ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হুকুম জারী করিয়া, অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা, কিম্বা কোন বিশেষ প্রকারের অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম ভারতবর্ষের এক স্থানহইতে অন্য স্থানে চালান করিতে, অথবা হুকুমেতে কোন বিশেষ দিগ নিরূপণ করিয়া সেই দিগের দেশে তাহা চালান করিতে কিম্বা ঐ হুকুমেতে যেং বিধি ও নিয়ম নির্দ্দিষ্ট থাকে তদ্ভিন্ন অন্য প্রকারে চালান না করিতে নিষেধ করিতে পারিবেন। ও কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্নমেণ্টের অধীন দেশে ঐ গবর্নমেণ্টেরও সেই ক্ষমতা থাকিবেক ইতি।

[নিষেধ হইলেও চালান করিলে যে দণ্ড হইবেক।]

১৬ ধারা। সেই প্রকারের হুকুম কিম্বা সেইরূপ হুকুমের লিখিত বিধি ও নিয়ম না মানিয়া যদি কোন লোক

cause to be transported, or shall aid in transporting, any Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre contrary to such order or to the rules and conditions specified therein, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and the articles transported or attempted to be transported shall be confiscated. If any person shall by concealment or other device transport or cause to be transported, or attempt to transport or cause to be transported, such Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, he shall, in addition to the penalty hereby provided, be liable upon such conviction to imprisonment with or without hard labor for a term not exceeding two years.

[Persons conveying Arms, Ammunition, &c. under suspicious circumstances may be apprehended without warrant. Procedure if apprehended by other than Magistrates, &c.]

XVII. If any person shall be found carrying or conveying Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre in such a manner or under such circumstances as to afford just grounds of suspicion that the same are being carried by such person with intent to use the same or that the same may be used for any unlawful purpose dangerous to the public peace, it shall be lawful for any of the public Officers mentioned in Section V. of this Act, or for any other person, to apprehend without warrant the person so carrying or conveying such Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, and to detain such person in custody in order that he may be dealt with according to law. If any person be apprehended by a person not being a Magistrate, Deputy Magistrate, or Assistant to a Magistrate, or Police Officer, he shall be delivered over as soon as possible to a Police Officer; and all persons apprehended by or delivered to a Police Officer under the provisions of this Act shall be carried before a Magistrate or other Officer competent by law to punish him for the offence or to commit him for trial.

[Government may prohibit sale of Sulphur. Penalty.]

XVIII. Whenever the Governor General in Council or the Executive Government shall consider it necessary so to do, they may by order prohibit the sale of Sulphur; and any person selling Sulphur contrary to such order shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and all Sulphur belonging to such person shall be confiscated if the convicting Magistrate shall so adjudge.

[Seizure and detention of Sulphur by Government.]

XIX. The Governor General in Council or the

কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা চালান করে কি করায় কি চালান করিবার কি করাইবার উদ্যোগ কি সাহায্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। ও যে দ্রব্য চালান করা যায় কি চালান করিবার উদ্যোগ হয় তাহা জব্দ হইবেক। যদি কোন লোক সেই প্রকারের অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা লুকাইয়া, কি অন্য কৌশলে চালান করে কি করায় কি করিবার কি করাইবার উদ্যোগ করে, তবে এই ধারাতে তাহার যে দণ্ডের বিধান হইয়াছে তদতিরিক্ত, তাহার ঐ দোষ সাব্যস্ত হইলে, সে দুই বৎসরের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[যাহাতে সন্দেহ জন্মিতে পারে এমন ভাবে যদি কোন লোক অস্ত্রশস্ত্রপ্রভৃতি লইয়া বেড়ায়, তবে ওয়ারণ্ট বিনা সে গ্রেফ্তার হইতে পারিবেক। মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতিছাড়া অন্য লোক তাহাকে ধরিলে যেরূপে কার্য্য হইবেক।]

১৭ ধারা। কোন লোক যেরূপে কি যে গতিকে অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা লইয়া যাইতেছে কি চালান করিতেছে তাহা বুঝিয়া, সেই লোক সাধারণ লোকেরদের শান্তির বিঘ্নজনক কোন বেআইনী কর্ম্মের নিমিত্তে তাহা ব্যবহার করিবার অভিপ্রায়ে লইয়া যাইতেছে, কিম্বা তাহা সেইরূপে ব্যবহার হইতে পারে, এমত সন্দেহ করিবার যদি উপযুক্ত কারণ থাকে, তবে এই আইনের ৫ ধারাতে যে সরকারী কার্য্যকারকেরা নির্দ্দিষ্ট হইয়াছেন তাঁহারদের কোন কেহ, কিম্বা অন্য কোন লোক ওয়ারণ্ট না পাইয়াও, যে লোক ঐ অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা লইয়া যায় কি চালান করে তাহাকে গ্রেফ্তার করিতে পারিবেন, ও তাহাকে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্তে তাহাকে হেফাজতে রাখিতে পারিবেন। যদি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেট কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট কি পোলীসের কার্য্যকারক ছাড়া অন্য কোন ব্যক্তির দ্বারা সেই প্রকারের কোন লোককে গ্রেফ্তার করা যায়, তবে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সেই লোককে পোলীসের কার্য্যকারকের হাতে অর্পণ করিয়া দিতে হইবেক। আর এই আইনের বিধানমতে যে সকল লোককে পোলীসের কার্য্যকারকের দ্বারা গ্রেফ্তার করা যায় কি সেই কার্য্যকারকের নিকটে অর্পণ করা যায়, সেই লোককে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা যাইবেক, কিম্বা অন্য যে কার্য্যকারক তাহাকে সেই অপরাধের নিমিত্তে দণ্ড করিতে, কিম্বা বিচার হইবার জন্যে সোপর্দ্দ করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন, তাঁহার সম্মুখে আনা যাইবেক ইতি।

[গবর্নমেণ্ট গন্ধক বিক্রয় হওয়ার নিষেধ করিতে পারিবেন। দণ্ড।]

১৮ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্নমেণ্ট যখন আবশ্যক বোধ করেন, তখন হুকুম জারী করিয়া গন্ধক বিক্রয় হওয়ার নিষেধ করিতে পারিবেন, ও যে কেহ সেই হুকুম না মানিয়া গন্ধক বিক্রয় করে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, ও যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি আজ্ঞা করিলে ঐ লোকের সকল গন্ধক জব্দ হইবেক ইতি।

[গন্ধক ক্রোক ও আটক করিবার কথা।]

১৯ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল

Executive Government may also at any time seize all Sulphur in the possession of any person and detain the same for such time as they may deem necessary for the public safety.

[Exception.]

XX. Nothing in the two preceding Sections shall apply to Sulphur kept or sold in reasonable quantities for medicinal purposes.

[Government may exempt persons from the provisions of Sections XVIII. and XIX.]

XXI. The Government may exempt any person from the provisions of Sections XVIII. and XIX. upon such conditions, if any, as such Government may consider necessary.

[Penalty for wilful neglect to give notice of possession of Ammunition, &c. in certain cases.]

XXII. The Government may require all persons having in their possession Ammunition or other Military Stores or Sulphur, in any greater quantities than are considered reasonable for private use, to give notice thereof to the Magistrate or other Officer specified by Government; and any person who wilfully neglects to give such notice shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for a term not exceeding two years, and shall also be liable to a fine not exceeding five thousand Rupees; and all Ammunition, Military Stores, or Sulphur in the possession of such person or upon his premises shall be confiscated.

[Power to enter and search houses.]

XXIII. If any Magistrate have reasonable cause for suspecting that Arms, Ammunition, or Sulphur liable to confiscation are in any house, building, or other place, or that any Arms, Ammunition, or Sulphur are in any house, building, or other place in the possessio of any person in whose possession they cannot be left with safety to the public peace, he may, with such assistance as he shall think necessary, by night or by day and by force if necessary, enter and search any such house or place, or cause the same to be entered and searched. It shall be competent to a Magistrate to delegate to any of his European Assistants the powers conferred on him by this Section.

[General search for Arms, Ammunition, &c., may be ordered in any District.]

XXIV. The Governor General of India in Council, or the Executive Government of any Presidency or place, or the Chief Commissioner of the Punjab and Oude respectively, or the Commissioners of Nagpore and Scinde respectively, or any other persons authorized by Government, may order a general search for Arms, Ammunition, or Sulphur to be made, by any Officers or persons named in such order, in any District or place specified therein. The persons authorized by such order, and all persons acting under their authority,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৩ সেপ্টেম্বর।]

বাহাদুর কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কোন লোকের নিকটে যে সকল গন্ধক থাকে তাহা কোন সময়ে ক্রোকও করিতে পারিবেন, ও সাধারণ লোকেরদের নিরাপদের জন্যে যত দিন আবশ্যক বোধ করেন তত দিন তাহা অটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[বর্জ্জিত কথা।]

২০ ধারা। ঔষধের নিমিত্তে বলিয়া যত গন্ধক সম্বন্ধে নিকটে রাখা যাইতে কি বিক্রয় হইতে পারে তাহার উপর ইহার পূর্ব্বের দুই ধারার কথা খাটিবেক না ইতি।

[গবর্ণমেণ্ট ১৮ ও ১৯ ধারার বিধানের কার্য্যহইতে লোকেরদিগকে ক্ষমা করিতে পারিবেন।]

২১ ধারা। গবর্ণমেণ্ট কোন লোককে ১৮ ও ১৯ ধারার বিধানের কার্য্যহইতে মুক্ত করিতে পারিবেন ও যদি কোন নিয়ম করা আবশ্যক বোধ করেন তবে সেই নিয়ম করিয়া মুক্ত করিবেন ইতি।

[কোন২ স্থলে বারুদআদি নিকটে রাখিবার সম্বাদ দিতে ত্রুটি হইলে তাহার দণ্ড।]

২২ ধারা। গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন যে, নিজ কর্ম্মের জন্যে সম্ভবমতে যত রাখা যাইতে পারে তাহার অধিক বারুদআদি কি অন্য যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কোন লোকের নিকটে থাকিলে সেই লোক তাহা থাকার সম্বাদ মাজিষ্ট্রেট সাহেবকে কি গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট অন্য কার্য্যকারককে দেয়, আর যে কেহ সেইরূপ সম্বাদ দিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ও তাহার পাঁচ হাজার টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। ও সেই ব্যক্তির নিকটে কি তাহার বাড়ীর মধ্যে যে কিছু বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক পাওয়া যায় তাহা জব্দ হইবেক ইতি।

[ঘরে প্রবেশ করিয়া তলাশ করিবার ক্ষমতার কথা।]

২৩ ধারা। জব্দ হইবার যোগ্য অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে আছে, কিম্বা সাধারণ লোকেরদের শান্তির পক্ষে যাহার নিকটে নিরাপদে ছাড়া যাইতে পারে না এমত কোন লোকের নিকটে, কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক আছে, এইরূপ সন্দেহ করিবার উপযুক্ত কারণ যদি কোন মাজিষ্ট্রেট সাহেবের থাকে, তবে তিনি যে সাহায্য আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, রাত্রিতে কি দিনে, ও প্রয়োজন হইলে জোর করিয়া, সেই ঘরে কি স্থানে প্রবেশ করিতে ও তলাশ করিতে পারিবেন, কিম্বা অন্য লোককে প্রবেশ করিয়া তলাশ করিতে হুকুম দিতে পারিবেন। এই ধারা ক্রমে মাজিষ্ট্রেট সাহেবকে যে ক্ষমতা দেওয়া গেল তাহা তিনি আপনার ইউরোপীয় কোন আসিষ্টাণ্ট সাহেবের প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

[কোন জিলাতে অস্ত্রশস্ত্র বারুদপ্রভৃতির জন্যে সাধারণমতে তলাশ হইবার হুকুম হইতে পারিবেক।]

২৪ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা পঞ্জাবের কি অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেব, কিম্বা নাগপুরের কি সিন্ধ দেশের কমিস্যনর সাহেব, কিম্বা গবর্ণমেণ্টহইতে অন্য যে লোকেরা ক্ষমতা পান তাঁহারা হুকুম জারী করিয়া, ঐ হুকুমনামার লিখিত কোন কার্য্যকারকেরদের কি ব্যক্তিরদের দ্বারা, ঐ হুকুমনামার লিখিত কোন জিলাতে কি স্থানে অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক সকলের ঘরে তলাশ করিবার হুকুম করিতে পারিবেন। ইহার পূর্ব্বের ধারাতে প্রবেশ ও তলাশ ও

shall have the like powers of entry, search and seizure as are conferred by the last preceding Section.

[Penalty for not producing or for concealing Arms, Ammunition, &c., when search made.]

XXV. If, on any search being made, any person shall refuse to produce or point out to the persons making the search, or shall conceal or attempt to conceal, any Arms, Ammunition, or Sulphur, such person may be apprehended without warrant, and shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for a term not exceeding two years in addition to any other penalty to which he may be subject under this Act.

[Penalty for making, using, or keeping cannon, &c., without license, in any District to which this Section is extended. Surrender of cannon, &c., by persons not willing to take out license for retaining possession thereof. Exception.]

৫ ধারা। এই আইনমতে যে সকল অনুমতিপত্র দেওয়া যায় তাহাতে এই২ কথা লেখা থাকিবেক। অর্থাৎ অনুমতিপত্র যে তারিখে দেওয়া গেল তাহা, ও যাহাকে দেওয়া গেল তাহার প্রকৃত নাম, ও সেই অনুমতিপত্রের নিমিত্তে যত টাকা দেওয়া গেল তাহা, ও সেই লোক যে স্থানে কি যে২ স্থানে বাণিজ্য চালাইবেক কি চালাইতে মনস্থ করে, কিম্বা আপন ব্যবসায়মতে কর্ম্ম করিবেক কি করিতে মনস্থ করে, সেই২ স্থানের নাম ইতি।

[অনুমতিপত্রের আরম্ভ হইবার ও রহিত হইবার দিনের কথা।]

৬ ধারা। এই আইনমতে যে সকল অনুমতিপত্র দেওয়া যায় তাহা ঐ অনুমতিপত্রের তারিখঅবধি ফলবৎ হইয়া এই আইনেতে তাহার রহিত হইবার যে তারিখ নিরূপণ করা যাইতেছে সেই তারিখপর্য্যন্ত প্রবল থাকিবেক। ও অমুক সালের অমুক মাসের ১ তারিখের পূর্ব্বে যে সকল অনুমতিপত্র দেওয়া যায় তাহা সেই তারিখে রহিত হইবেক। ও সেই দিনে কিম্বা তাহার পর কোন সময়ে তদ্রূপের যে সকল অনুমতিপত্র দেওয়া যায় তাহা সেই অনুমতিপত্র দিবার পর অমুক মাসের ১ তারিখঅবধি রহিত হইবেক ইতি।

[নূতন অনুমতিপত্র লইবার কথা।]

৭ ধারা। সেই প্রকারের কোন অনুমতিপত্র যাহাকে দেওয়া যায়, সেই লোক যদি ঐ পত্রের মিয়াদ ফুরাইলে পর আপনার বাণিজ্য কি ব্যবসায় চালাইয়া থাকিতে চাহে, তবে সে তৎপরের বৎসরে সেই বাণিজ্য কি ব্যবসায় চালাইবার নিমিত্তে নূতন অনুমতিপত্র লইবেক, তাহাও ইহার পূর্ব্বের ধারায় নিরূপিত দিনে রহিত হইবেক। ও সেই লোক যত কাল সেই বাণিজ্য কি ব্যবসায় চালাইতে চাহে তত কালপর্য্যন্ত বৎসরে২ নূতন অনুমতিপত্র লইবেক ও তাহাকে যে অনুমতিপত্র দেওয়া যায় তাহার মিয়াদ ফুরাইবার আগে অতিক্রম একুশ দিন থাকিতে সেই লোক আপনার নূতন অনুমতিপত্র লইবার মনস্থের কথা, ঐ বাণিজ্য কি ব্যবসায় যে জিলাতে কি স্থানে চালাইতে হইবেক সেই জিলার কি স্থানের কালেক্টর সাহেবকে কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেবকে জানাইবেক ইতি।

[অনুমতিপত্রের নিমিত্তে বৎসরে২ যত টাকা দিতে হইবেক তাহার কথা ও সেই টাকা দুই ভাগ করিয়া ছয়২ মাসে দিবার কথা।]

৮ ধারা। এই আইনমতে যে সকল অনুমতিপত্র দেওয়া যায় তাহার নিমিত্তে যাহাকে সেই পত্র দেওয়া যায় তাহার নীচের লিখিত টাকা বৎসরে২ দিতে হইবেক। অর্থাৎ

If the person to whom the license is granted shall be assessed—

Under Class	I.	...	5,000	Rs. Yearly.
,, ,,	II.	...	4,500	,, ,,
,, ,,	III.	...	4,000	,, ,,
,, ,,	IV.	...	3,500	,, ,,
,, ,,	V.	...	3 000	,, ,,
,, ,,	VI.	...	2,500	,, ,,
,, ,,	VII.	...	2,000	,, ,,
,, ,,	VIII.	...	1,500	,, ,,
,, ,,	IX.	...	1,000	,, ,,
,, ,,	X.	...	500	,, ,,
,, ,,	XI.	...	250	,, ,,
,, ,,	XII.	...	100	,, ,,
,, ,,	XIII.	...	50	,, ,,
,, ,,	XIV.	...	25	,, ,,
,, ,,	XV.	...	10	,, ,,
,, ,,	XVI.	...	5	,, ,,
,, ,,	XVII.	...	2	,, ,,

[Payable half-yearly.]

The annual sum made payable under this Section shall, if the license be taken out on or before the day of , be paid by two equal half-yearly instalments. In all other cases such sum shall be paid upon the taking out of the license.

[Collector how to determine the class under which a person shall be assessed. Punchayet.]

IX. The Collector or other Officer authorized as aforesaid shall, subject to the provisions of Section of this Act, determine under what class every person to whom a lincense is granted shall be assessed; and such determination shall be made with reference to and after consideration of the extent of the trade business or profession carried on by every such person, and the amount of the annual net profits or gains accruing therefrom; and in such manner that the sum to be paid for the license shall approximate as nearly as may be to three per cent on such annual profits or gains. The Collector or other Officer as aforesaid may appoint a punchayet to consist of three or more respectable persons of the neighbourhood to aid him in making such assessment.

[Exemption.]

X. Any person who shall satisfy the Collector or other Officer authorized as aforesaid, that the aggregate annual amount of the net profits or gains of the trade business or profession carried on by such person (estimated according to the provisions of the last preceding Section) is less than a sum which so estimated would render him liable to assessment under Class 17 of Section VIII., shall be exempted from taking out a license under this Act.

[Appointment of Chowdries.]

XI. In order to assist in giving effect to the provisions of this Act, it shall be lawful for persons

১ প্রথম শ্রেণীর হইলে বৎসরে ৫,০০০৲ টাকা।
২ দ্বিতীয় ঐ ঐ ঐ ৪,৫০০৲
৩ তৃতীয় ঐ ঐ ঐ ৪,০০০৲
৪ চতুর্থ ঐ ঐ ঐ ৩,৫০০৲
৫ পঞ্চম ঐ ঐ ঐ ৩,০০০৲
৬ ষষ্ঠ ঐ ঐ ঐ ২৫০০৲
৭ সপ্তম ঐ ঐ ঐ ২,০০০৲
৮ অষ্টম ঐ ঐ ঐ ১,৫০০৲
৯ নবম ঐ ঐ ঐ ১,০০০৲
১০ দশম ঐ ঐ ঐ ৫০০৲
১১ একাদশ ঐ ঐ ঐ ২৫০৲
১২ দ্বাদশ ঐ ঐ ঐ ১০০৲
১৩ ত্রয়োদশ ঐ ঐ ঐ ৫০৲
১৪ চতুর্দ্দশ ঐ ঐ ঐ ২৫৲
১৫ পঞ্চদশ ঐ ঐ ঐ ১০৲
১৬ ষোড়শ ঐ ঐ ঐ ৫৲
১৭ সপ্তদশ ঐ ঐ ঐ ২৲

ঐ অনুমতিপত্র যদি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে লওয়া যায়, তবে এই ধারামতে বৎসরের যত টাকা দিতে হয়, তাহা দুই সমান ভাগ করিয়া ছয়২ মাসে দিতে হইবেক। অন্য স্থলে ঐ অনুমতিপত্র লইবার সময়েতে সেই টাকা দিতে হইবেক ইতি।

[যে লোককে যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবেক ইহা কালেক্টর সাহেব যে প্রকারে নির্ণয় করিবেন তাহার কথা। ও পঞ্চায়তের কথা।]

৯ ধারা। যে লোককে অনুমতিপত্র দেওয়া যায় তাহাকে যে শ্রেণীর মধ্যে ধরিতে হইবেক, এই কথা কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব এই আইনের অমুক ধারার বিধানমতে নির্দ্ধার্য্য করিবেন। অর্থাৎ যে জন যত বাণিজ্য কি কর্ম্ম কি ব্যবসায় করে, ও তাহাতে বৎসরে তাহার খরচ বাদে যত লভ্য কি প্রাপ্তি হয়, তাহা বুঝিয়া ও বিবেচনা করিয়া এমন নির্দ্ধার্য্য করিবেন, যে সেই অনুমতিপত্রের নিমিত্তে তাহার সেই বার্ষিক লভ্যের কি প্রাপ্তির উপর সাধ্যমতে কমবেশ শতকরা তিন টাকার হিসাবে টাক্স লাগে। সেই শ্রেণী নির্দ্ধার্য্য করিবার কর্ম্মেতে আপনার সাহায্য করিবার জন্যে কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব ঐ লোকের প্রতিবাসি তিন জন কি তাহার অধিক সম্ভ্রান্ত লোককে লইয়া পঞ্চায়ত করিতে পারিবেন ইতি।

[যাহারদিগকে ইহার মধ্যে ধরা যাইবেক না তাহারদের কথা।]

১০ ধারা। কোন লোক যে বাণিজ্য কি কর্ম্ম কি ব্যবসায় চালায় তাহার খরচপরচাবাদে বৎসরে যত লভ্য কি প্রাপ্তি হয় তাহা ইহার পূর্ব্বের ধারার বিধানমতে হিসাব করিলে অতিঅল্প হয়, ও সেই হিসাবমতে নিরূপণ করিয়া যত টাকা হইলে ৮ ধারার ১৭ শ্রেণীতে ভর্ত্তি হয় তাহার কমও হয়, এই কথা যদি সেই লোক কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেবের খাতিরজমামতে দেখাইতে পারে, তবে এই আইনমতে তাহার অনুমতিপত্র লইবার প্রয়োজন হইবেক না ইতি।

[চৌধুরীদিগকে নিযুক্ত করিবার কথা।]

১১ ধারা। যে২ বাণিজ্য কর্ম্মে পূর্ব্বে চৌধুরীরা নিযুক্ত থাকিত, কি এইক্ষণে থাকে, কিম্বা এই ধারার বিধানমতে পরে নিযুক্ত হইতে পারিবেক, এমত কর্ম্ম যাহারা চালায়, তাহারা এই আইনের বিধান সফল হইবার সাহায্যের নিমিত্তে কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেবের নিরূপিত মিয়াদের মধ্যে ঐ বাণিজ্যের চৌধুরী কর্ম্মেতে উপযুক্ত লোকদিগকে মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেক। তাহারা মনোনীত না করিলে কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব বাণিজ্যের চৌধুরীদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[Schedules.]

XII. In order to enable the Collector or other Officer authorized as aforesaid to determine under what classes persons requiring to be licensed shall be assessed, and what sums shall be paid in respect of licenses granted under this Act, he may cause to be sent to any person supposed to be liable to the payment of the tax hereby imposed, a Schedule to be filled up with such information respecting the trade business or profession carried on by such person, and the amount of the annual profits or gains accruing therefrom, the number and names of persons holding any office or employment under him and their salaries fees and wages, as the Collector or other Officer authorized as aforesaid may judge necessary for the purpose of such assessment. The Schedule shall be filled up in writing and dated, and shall contain a declaration signed by such person that to the best of his belief the Schedule is a true return of the matters therein contained. Such return shall be delivered to the office of the Collector or other Officer as aforesaid by every person to whom it is sent whether or not liable to the payment of such tax; and whoever refuses, neglects, or omits duly to fill up and return such Schedule within twenty-one days from the receipt thereof, shall be liable to a penalty not exceeding five hundred Rupees; or if he be a person liable to be assessed, the Collector or other Officer as aforesaid, may assess him under any of the classes mentioned in Section VIII. of this Act; and no appeal shall lie from such assessment on the ground that such person had been assessed under too high a class with reference to the provisions of Section IX. of this Act; or if such person knowingly gives therein any incorrect or false return, he shall be liable to the penalties provided for perjury.

[Power to summon persons to give necessary information.]

XIII. The Collector or other Officer authorized as aforesaid may summon any person whom he shall think able to give evidence for the purpose of enabling him to determine under which of the classes mentioned in Section VIII. of this Act any person should be assessed and may examine such person as to any such matter. The Collector or other Officer as aforesaid may also require the person summoned to produce any books or documents in his possession or power relating to the trade business or

[তফসীলের কথা।]

১২ ধারা। যে লোকেরদিগকে অনুমতিপত্র দিতে হইবেক তাহারদিগকে যে শ্রেণীতে ভর্ত্তি করিতে হইবেক, ও এই আইনমতের দেওয়া অনুমতিপত্রের সম্পর্কে তাহারদের যত টাকা দিতে হইবেক, ইহা কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব নির্দ্ধার্য্য করিতে পারেন এই নিমিত্তে, যাহাকে এই আইনমতের টাক্স দিবার যোগ্য বোধ করেন, এমত কোন লোকের নিকটে তিনি তফসীল পাঠাইতে পারিবেন, ও সেই লোক যে বাণিজ্য কি কর্ম্ম কি ব্যবসায় করে, ও তাহাতে বৎসরে২ যত লাভ কি প্রাপ্তি হয়, ও সেই লোকের তাবে যাহারা কর্ম্ম পায় কি কর্ম্ম করে, তাহারদের সংখ্যা ও নাম ও বেতন ও রসুম ও মেহনতানাপ্রভৃতি যে সকল কথা কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব ঐ টাক্স ধার্য্য করিবার জন্যে জানিতে আবশ্যক বোধ করেন, তাহা তাহার লিখিয়া ঐ তফসীল ভরিয়া দিতে হইবেক। সেই তফসীল লিখিয়া ভরিয়া দেওয়া গেলে পর, তাহাতে তারিখ দেওয়া যাইবেক, ও তাহাতে এই প্রতিজ্ঞা লেখা থাকিবেক, যে আমার বিশ্বাসমতে এই তফসীলে যে সকল কথা লেখা আছে তাহার যথার্থ রিপোর্ট এই তফসীলে হইয়াছে, ও সেই কথায় ঐ লোক দস্তখৎ করিবেক। সেই তফসীল যাহার নিকটে পাঠান যায় সেই জন ঐ প্রকারের টাক্স দিবার যোগ্য হইলে কি না হইলেও, তাহার সেই তফসীল কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেবের দফ্তরখানায় দাখিল করিতে হইবেক। ও যে কেহ সেই প্রকারের তফসীল পাইলে পর একুশ দিনের মধ্যে তাহা উপযুক্তমতে ভরিয়া ফিরিয়া দিতে স্বীকার না করে, কি কসুর কি ত্রুটি করে, তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। ও যদি সেই লোক টাক্স দিবার যোগ্য লোক হয়, তবে কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব তাহাকে এই আইনের ৮ ধারার লিখিত কোন শ্রেণীর মধ্যে ভর্ত্তি করিতে পারিবেন, ও এই আইনের ৯ ধারার বিধান বুঝিয়া তাহাকে অতিউচ্চ শ্রেণীর মধ্যে ধরা গিয়াছে বলিয়া তাহার উপর কোন আপীল হইতে পারিবেক না। কিম্বা যদি সেই লোক কোন অযথার্থ কি অসত্য রিটর্ণ জানিয়াশুনিয়া লেখে, তবে মিথ্যা শপথের যে দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে তাহার সেই দণ্ড হইতে পারিবেক ইতি।

[আবশ্যক সাক্ষ্য দিবার জন্যে লোকেরদিগকে সমন করিবার কথা।]

১৩ ধারা। এই আইনের ৮ ধারার লিখিত যে শ্রেণীর মধ্যে কোন লোককে ভর্ত্তি করিতে হয় ইহা নির্ণয় করিতে পারিবার জন্যে, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব যাহাকে প্রমাণ দিবার পারক জান করেন এমত কোন লোককে সমন করিয়া সেই বিষয়ে তাহার জোবানবন্দী লইতে পারিবেন। আরো টাক্স দিবার যোগ্য যাহাকে বোধ হয় তাহার, কিম্বা যে টাক্স ধার্য্য হইল তাহার উপর যে কেহ আপীল করে তাহার বাণিজ্যের কি কর্ম্মের কি ব্যবসায়ের বিষয়ে, কিম্বা ঐ বাণিজ্য কি কর্ম্ম কি ব্যবসায়হইতে

profession of any person supposed to be liable to assessment, or of any person who has appealed against such assessment, or to the amount of the annual profits or gains accruing from such trade business or profession. If the person summoned shall refuse to answer any lawful question of the Collector or other Officer as aforesaid, or shall knowingly give an incorrect answer, or shall refuse to produce any such books or documents as aforesaid, he shall be liable to a penalty not exceeding five hundred Rupees; or if he be a person liable to be assessed, the Collector or other Officer as aforesaid may assess him under any of the classes mentioned in Section VIII. of this Act, and no appeal shall lie from such assessment on the ground that such person had been assessed under too high a class with reference to the provisions of Section IX. of this Act.

[List to be prepared and published. Objections.]

XIV. On or before the day of in every year, the Collector or other Officer authorized as aforesaid shall prepare a list of the persons requiring to be licensed under this Act, which list shall state the trade or profession of each of the persons therein named, the class under which he shall be assessed, and the tax payable in respect of his license. When such list has been prepared the Collector or other Officer shall give a Public Notification thereof and of the place or places where the said list may be inspected. Copies of such Notification shall be exhibited conspicuously at the Collector's Cutcherry, and at the Tehsoldaree Cutcherries, and at the Cutwallie or the Thanna in which the parties named in the list severally reside. Any person named in the list shall be at liberty, within fifteen days from the date of such Notification, to state in writing any objection against the assessment to the Collector or Officer, who shall, after hearing the complaint, pass such order thereupon as to him shall seem fit.

[Inspection of list.]

XV. Any person in whose custody such list may be, shall permit all persons liable to assessment and the authorized agents of such persons to inspect the list and to make extracts therefrom without payment of any fee; and whoever wilfully neglects or refuses to permit the same, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred Rupees.

[Appeal to Commissioner.]

XVI. Any person dissatisfied with the order of the Collector or other Officer authorized as aforesaid, shall be at liberty to prefer, within fifteen days from the date of such order, an appeal in writing to the Commissioner of Revenue of the Division, and the decision of the Commissioner upon such appeal shall be final.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ সেপ্টেম্বর।]

বৎসরে২ যত লাভ কি প্রাপ্তি হয় তাহার বিষয়ে, ঐ তলবকরা লোকের নিকটে কি তাহার ক্ষমতার মধ্যে যে কোন বহী কি দলীল থাকে, তাহাও তাহাকে উপস্থিত করিতে কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব আজ্ঞা করিতে পারিবেন। যাহাকে সমন করা যায় সে যদি কালেক্টর সাহেবের কি পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেবের কোন উপযুক্ত জিজ্ঞাসার উত্তর দিতে স্বীকার না করে, কিম্বা জানিয়াশুনিয়া অশুদ্ধ উত্তর দেয়, কিম্বা পূর্ব্বোক্তমতের কোন বহী কি দলীল উপস্থিত করিতে স্বীকার না করে, তবে তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। কিম্বা যদি সে টাক্স দিবার যোগ্য লোক হয়, তবে কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব তাহাকে এই আইনের ৮ ধারার লিখিত কোন শ্রেণীর মধ্যে ধরিবেন, ও এই আইনের ৯ ধারার বিধান বুঝিয়া তাহাকে অতিউচ্চ শ্রেণীর মধ্যে ধরা গিয়াছে বলিয়া যে টাক্স ধার্য্য হইল তাহার উপর তাহার আপীল হইতে পারিবেক না ইতি।

[ফর্দ্দ প্রস্তুত হইয়া প্রকাশ হইবার কথা ও আপত্তির কথা।]

১৪ ধারা। এই আইনমতে যাহারদিগকে অনুমতিপত্র দিতে হইবেক তাহারদের নামের এক ফর্দ্দ কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব প্রতিবৎসরে অমুক মাসের অমুক তারিখে কি তাহার পূর্ব্বে প্রস্তুত করিবেন, তাহাতে ঐ ফর্দ্দের লিখিত প্রত্যেক জনের বাণিজ্য কি ব্যবসার লেখা থাকিবেক, ও যে জন যে শ্রেণীর মধ্যে ধরা গিয়াছে, ও তাহার অনুমতিপত্রের নিমিত্তে তাহার যত টাক্স দিতে হইবেক, এই সকল কথা লেখা থাকিবেক। সেই ফর্দ্দ যখন প্রস্তুত হয় তখন কালেক্টর সাহেব কি ঐ অন্য কার্য্যকারক সাহেব তাহার প্রস্তুত হইবার ইশ্তিহার প্রকাশ করিবেন, ও যে স্থানে কি যে২ স্থানে ঐ ফর্দ্দ দেখা যাইতে পারে তাহারও ইশ্তিহার দিবেন। সেই ইশ্তিহারের এক২ কেতা নকল কালেক্টর সাহেবের কাছারীর ও তহসীলদারী কাছারীর প্রকাশ স্থানে, ও ঐ ফর্দ্দের লিখিত লোকেরা যে২ কোতওয়ালীর কি থানার এলাকায় বাস করে সেই২ কোতওয়ালীতে কি থানায় প্রকাশ হইবেক ঐ ফর্দ্দের লিখিত কোন লোকের যে টাক্স ধার্য্য হয় তাহাতে যদি তাহার আপত্তি থাকে, তবে ঐ ইশ্তিহার প্রকাশ হইবার তারিখঅবধি পনের দিনের মধ্যে সে ঐ আপত্তি লিখিয়া কালেক্টর সাহেবকে কি ঐ কার্য্যকারক সাহেবকে জানাইবেক, ও তিনি সে নালিশশুনিলে পর যে হুকুম উপযুক্ত বোধ করেন তাহা করিবেন ইতি।

[ঐ ফর্দ্দ দুষ্টি করিবার কথা।]

১৫ ধারা। সেই ফর্দ্দ যাহার জিম্মায় থাকে সেই লোক ঐ টাক্স দিবার যোগ্য কোন লোকের ও তাহারদের ক্ষমতাপ্রাপ্ত মোক্তারদিগের স্থানে কিছু রসুম না লইয়া তাহারদিগকে সেই ফর্দ্দ দুষ্টি করিতে ও তাহার কোন কথা নকল করিতে অনুমতি দিবেন। ও যে কেহ ইচ্ছামতে সেই অনুমতি দিতে শৈথিল্য করে কি স্বীকার না করে, তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[কমিস্যনর সাহেবের নিকটে আপীল করিবার কথা।]

১৬ ধারা। কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেব যে হুকুম করেন তাহাতে যদি কোন লোক সন্তুষ্ট না হয়, তবে সে ঐ হুকুমের তারিখঅবধি পনের দিনের মধ্যে এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে লিখিয়া আপীল করিতে পারিবেক, ও সেই আপীলের উপর কমিস্যনর সাহেবের যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[Complaint to be on Stamped paper.]

XVII. Complaints made to Collectors or other Officers authorized as aforesaid, and appeals preferred to Commissioners under the preceding Sections, shall be written upon Stamp paper of the value of eight Annas and one Rupee, respectively.

[Revised list.]

XVIII. The Collector or other Officer authorized as aforesaid shall prepare a revised list containing any corrections in the list prepared under Section XIV. of this Act which he may have made of his own authority, or which may have been introduced by order of the Commissioner. When such revised list has been prepared, Notification shall be given in the manner required by Section XIV. of this Act, and a copy of the revised list shall be sent to the Commissioner of the Division.

[Powers vested in Commissioners may in certain cases be exercised by other Officers.]

XIX. The powers vested by this Act in the Commissioner shall be exercised, in Districts or places where there are no Commissioners of Revenue, by such Officer or Officers as the Executive Government may appoint. Copies of revised lists required to be sent to the Commissioner shall be sent to such Officer or Officers.

[Penalty for not taking out a license.]

XX. After the said day of , if any person shall carry on his trade or exercise his profession without having taken out a license as required by this Act, he shall be liable on conviction before a Magistrate to a penalty not exceeding five times the amount which in the judgment of the Magistrate would have been payable by such person in respect of a license duly taken out as aforesaid.

[Persons who have not taken out a license shall not recover in suits for trade debts &c.]

XXI. No person required by this Act to take out a license shall be allowed to recover in any judicial suit or proceeding any money, debt, or charge claimed by him in respect of the trade business or profession carried on by him after the passing of this Act, unless such person shall prove to the satisfaction of the Judge or Officer presiding at the trial, that at the time when the contract was entered into he had duly obtained a license in conformity with this Act.

[License to be produced on demand.]

XXII. Any person required by this Act to take out a license, who shall without reasonable excuse neglect or refuse to produce and show his license when required so to do by an Officer duly empowered to make such requisition by the Collector or other Officer authorized as aforesaid, shall on conviction

[*Government Gazette*, 13th September, 1859.]

[নালিশ ইষ্টাম্প কাগজে লিখিবার কথা।]

১৭ ধারা। পূর্ব্বলিখিত ধারামতে কালেক্টর সাহেবেরদের কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেবেরদের নিকটে যে নালিশ করা যায়, তাহা আট আনার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক, ও কমিস্যনর সাহেবেরদের নিকটে যে আপীল হয় তাহা ১১ টাকার ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক ইতি।

[সংশোধিত ফর্দ্দের কথা।]

১৮ ধারা। কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেব এই আইনের ১৪ ধারামতে যে ফর্দ্দ প্রস্তুত করেন, তাহাতে কোন কথা আপনার ক্ষমতামতে শুধরাইলে, কিম্বা কমিস্যনর সাহেবের হুকুমমতে শুধরাণ গেলে, তিনি তদ্রূপের সংশোধিত ফর্দ্দ প্রস্তুত করিবেন। সেই সংশোধিত ফর্দ্দ যখন প্রস্তুত হয় তখন তাহার ইশ্তিহার এই আইনের ১৪ ধারার লিখিতমতে প্রকাশ করিতে হইবেক, ও সংশোধিত ফর্দ্দের এক কেতা নকল এলাকার কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইতে হইবেক ইতি।

[কমিস্যনর সাহেবেরদের ক্ষমতা অন্য২ কার্য্যকারক সাহেবেরদের প্রতি অর্পিত হইবার কথা।]

১৯ ধারা। কোন জিলাতে কি স্থানে রাজস্বের কোন কমিস্যনর সাহেব যদি না থাকেন, তবে এই আইনমতে কমিস্যনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পণ হইয়াছে সেই ক্ষমতামতে স্বর্ণমেণ্ট যে কার্য্যকারক সাহেবকে কি সাহেবদিগকে নিযুক্ত করেন তাঁহারা কার্য্য করিতে পারিবেন। তাহা হইলে সংশোধিত ফর্দ্দের যে নকল কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবার আদেশ হইয়াছে, তাহা সেই কার্য্যকারক সাহেবের কি সাহেবেরদের নিকটে পাঠাইতে হইবেক ইতি।

[অনুমতিপত্র না লইবার দণ্ডের কথা।]

২০ ধারা। অমুক সালের অমুক মাসের উক্ত অমুক তারিখের পর যদি কোন লোক এই আইনের আজ্ঞামতের অনুমতিপত্র না লইয়া আপনার বাণিজ্য কি ব্যবসায় চালায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, পূর্ব্বোক্তমতের অনুমতিপত্র উপযুক্তরূপে লইলে মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তাহার যত টাকা দিতে হইত তাহার পাঁচগুণ টাকাপর্য্যন্ত তাহার জরীমানা হইতে পারিবেক ইতি।

[যাহারা অনুমতিপত্র না লয় তাহারদের বাণিজ্য সম্পর্কে পাওনা টাকাপ্রভৃতির মোকদ্দমায় সেই টাকা না পাইবার কথা।]

২১ ধারা। এই আইনমতে যাহার অনুমতিপত্র লইবার আজ্ঞা হইয়াছে সেই লোক এই আইন জারী হইবার পরে যে বাণিজ্য কি ব্যবসায় চালায় তাহার সম্পর্কীয় কোন টাকা কি পাওনা টাকা কি খরচ দাওয়া করিয়া যদি আদালতে মোকদ্দমা করে কি মোকদ্দমাঘটিত কোন কার্য্য করে, তবে ঐ টাকার খৎ করিবার সময়ে তাহার এই আইনঅনুসারে উপযুক্তমতে প্রাপ্ত অনুমতিপত্র থাকার প্রমাণ যদি জজ সাহেবের কিম্বা সেই মোকদ্দমায় যিনি বিচারপতি হন তাঁহার খাতিরজমামতে করিতে না পারে, তবে সে ঐ মোকদ্দমাপ্রভৃতিতে ঐ টাকা পাইতে পারিবেক না ইতি।

[অনুমতিপত্র দেখাইবার হুকুম হইলে তাহা দেখাইবার কথা।]

২২ ধারা। এই আইনমতে যাহাকে অনুমতিপত্র লইবার আজ্ঞা হয়, এমত কোন লোককে যদি কোন আমলা, কালেক্টর সাহেবের স্থানে কিম্বা পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেবের স্থানে উচিতমতে ক্ষমতা পাইয়া, সেই অনুমতিপত্র উপস্থিত করিতে ও দেখাইতে আজ্ঞা করে, ও যদি সেই লোক উপযুক্ত

before a Magistrate be liable to a penalty not exceeding one hundred Rupees.

[Persons holding Office or employment not under Government to be deemed persons carrying on trade: Proviso.]

XXIII. Persons holding any offices or employments of profit, other than offices or employments mentioned in Sections XXIV. and XXV. of this Act, shall be deemed to be, in respect of the salary, fees, wages, perquisites, and profits of such offices or employments, persons carrying on trade or exercising a profession within the meaning of this Act and shall be assessed (with reference to the provisions of Section IX. of this Act) upon an estimate of the annual salary, fees, wages, perquisites, and profits of such offices or employments. Provided that if any person holding any such office or employment shall satisfy the Collector or other Officer authorized as aforesaid, that the salary, fees, wages, perquisites, and profits of his office or employment do not exceed one hundred Rupees per mensem, such person shall not be required to take out a license under this Act.

[Civil Officers and Military Officers in Civil employ.]

XXIV. Every Civil Officer and every Military Officer in Civil employ shall pay at the rate of three per cent. per annum upon the amount of his salary, and the same may be deducted by Government from such salary, provided that if the salary of such Officer do not exceed one hundred Rupees, he shall not be taxed.

[Staff Officers.]

XXV. Every Military Officer on the General, Divisional, Brigade, and Personal Staff shall pay a tax at the rate of three per cent per annum on the amount of his pay and allowances, and the amount may be deducted by the Government from his pay and allowances.

[Adjudication of offences and recovery of penalties.]

XXVI. All offences under this Act made punishable by any penalty may be prosecuted summarily before a Magistrate or any person exercising the powers of a Magistrate. The provisions of Act XIII. of 1856 relating to the adjudication of fines and penalties and the enforcing payment thereof, shall apply to penalties imposed under this Act in the Towns of Calcutta, Madras, and Bombay.

[Act not to apply to persons whose salaries are fixed by Act of Parliament.]

XXVII. The provisions of this Act shall not apply to any person who shall hold any office, employment, or commission under Her Majesty, or under the Government of India, the salary of which office or employment has been fixed by Act of Parliament.

ওজর না থাকিতেও সেই অনুমতিপত্র দেখাইতে স্বীকার না করে কি শৈথিল্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[গবর্ণমেণ্টের তাবে না হইয়া যাহারা কোন পদে কি কর্ম্মে নিযুক্ত থাকে, তাহারদিগকে বাণিজ্যকর বলিয়া জ্ঞান হইবার কথা ও বর্জ্জিত কথা।]

২৩ ধারা। এই আইনের ২৪ ও ২৫ ধারাতে যে২ পদের কি কর্ম্মের কথা লেখা আছে, তাহাছাড়া লভ্যের অন্য কোন পদে কি কর্ম্মে যাহারা থাকে, তাহারা সেই পদের বেতন ও রসুম ও মেহনতানা ও উপরি টাকা ও লাভের সম্পর্কে এই আইনের অর্থমতে বাণিজ্যকারি কি ব্যবসায়ি বলিয়া জ্ঞান হইবেক, ও এই আইনের ৯ ধারার বিধানমতে ঐ পদের কি কর্ম্মের বার্ষিক বেতনের ও রসুমের ও মেহনতানার ও উপরি টাকার ও লাভের হিসাব ধরিয়া তাহার টাক্স ধার্য্য হইবেক। পরন্তু সেই পদ কি কর্ম্মে যে জন নিযুক্ত থাকে সে যদি কালেক্টর সাহেবের কি পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেবের খাতিরজমাতে দেখাইতে পারে যে সেই পদের কি কর্ম্মের বেতন ও রসুম ও মেহনতানা ও উপরি টাকা ও লাভ মাসে এক শত টাকার অধিক নয়, তবে সেই লোকের এই আইনমতে অনুমতিপত্র লইবার প্রয়োজন হইবেক না ইতি।

[দেওয়ানী কার্য্যকারকেরদের ও দেওয়ানী কর্ম্মে নিযুক্ত সৈন্যসম্পর্কীয় কার্য্যকারকেরদের কথা।]

২৪ ধারা। দেওয়ানীর কার্য্যকারক প্রত্যেক জন, ও সেনাপতি যে সাহেবেরা দেওয়ানীর কর্ম্মে নিযুক্ত হন তাঁহারদের প্রত্যেক জন, আপন২ বেতনের উপর বৎসরে শতকরা তিন টাকার হিসাবে দিবেন। তাহা তাঁহারদের বেতনহইতে গবর্ণমেণ্টের দ্বারা বাদ দেওয়া যাইতে পারিবেক। কিন্তু যদি কোন কার্য্যকারকের বেতন এক শত টাকার অধিক না হয়, তবে তাহার টাক্স লাগিবেক না ইতি।

[ইষ্টাফ কর্ম্মে নিযুক্ত সেনাপতি সাহেবেরদের কথা।]

২৫ ধারা। জেনরল ও ডিবিজ্যনল ও ব্রিগেড় ও পরুনাল ইষ্টাফ কর্ম্মে নিযুক্ত প্রত্যেক সেনাপতি সাহেব আপনার বেতনের ও উপরি টাকার উপর বৎসরে শতকরা তিন টাকার হিসাবে টাক্স দিবেন। ও সেই টাকা তাঁহার বেতন ও উপরি টাকাহইতে গবর্ণমেণ্টের দ্বারা বাদ দেওয়া যাইতে পারিবেক ইতি।

[অপরাধের বিচার ও জরীমানার টাকা আদায় করিবার কথা।]

২৬ ধারা। যে সকল অপরাধের দণ্ড এই আইনমতে জরীমানার দ্বারা হইতে পারে, তাহার সরাসরী নালিশ ও বিচার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কোন কার্য্যকারকের সম্মুখে হইতে পারিবেক। জরীমানার ও অর্থদণ্ডের হুকুম করিবার ও তাহার টাকা আদায় করিবার যে সকল বিধান ১৮৫৬ সালের ১৩ আইনেতে হইয়াছে তাহা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের মধ্যে এই আইনমতের হুকুমকরা জরীমানার উপর খাটিবেক ইতি।

[যাঁহারদের বেতন আক্ট পারলিমেণ্টে নির্দ্ধার্য্য হয় তাঁহারদের উপর এই আইন না খাটিবার কথা।]

২৭। শ্রীশ্রীমতী মহারাণীর অধীন কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীন যে কোন পদের কি কর্ম্মের বেতন আক্ট পারলিমেণ্টে নির্দ্ধার্য্য হয়, এমত কোন পদ কি কর্ম্ম কি কমিস্যন যাঁহারা পান তাঁহারদের উপর এই আইনের বিধান খাটিবেক না ইতি।

[Act not to apply to workmen for hire, &c.]

XXVIII. Nothing in this Act shall be deemed to apply to any artificer or workman for hire, or to any laborer, or to any ryot or cultivator of land in respect of the produce of such land.

[Saving of other Laws relating to licenses.]

XXIX. Nothing in this Act shall be construed to alter or affect the provisions of any other Law or Regulation relating to licenses.

[Act not to apply to Straits' Settlement.]

XXX. This Act shall not take effect or have operation within the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.

[Government empowered to make rules.]

XXXI. It shall be lawful for the Governor General of India in Council from time to time to make rules for the guidance of Officers in matters connected with the enforcement of this Act, provided such rules are not inconsistent with any of the provisions herein contained.

W. MORGAN,
Clerk of the Council.

[মজুরী লইয়া যাহারা খাটে এমত লোকপ্রভৃতির উপর এই আইন না খাটিবার কথা।]

২৮ ধারা। মজুরী লইয়া যে কারিগর কি অন্য লোক খাটে এমত লোকের উপর, কিম্বা কোন মজুরের উপর, কিম্বা জমীর উৎপন্নের বিষয়ে কোন রায়তের কি কৃষাণের উপর এই আইনের কোন কথা খাটে এমত জানিতে হইবেক না ইতি।

[অনুমতিপত্র বিষয়ের অন্য২ আইন বহাল থাকিবার কথা।]

২৯ ধারা। এই আইনেতে অনুমতিপত্র বিষয়ের অন্য কোন আইনের বিধানের পরিবর্ত্তন কি ক্ষতিবৃদ্ধি যাহাতে হয়, এই আইনের এমত অর্থ করিতে হইবেক না ইতি।

[এই আইন মোহনার বসতি স্থানে না খাটিবার কথা।]

৩০ ধারা। এই আইন পুলু পিনাঙ্গ কি সিংহপুর কি মলাকার বসতি স্থানে খাটিবেক না ও প্রবল করা যাইবেক না ইতি।

[গবর্ণমেণ্টের বিধি করিবার ক্ষমতার কথা।]

৩১ ধারা। হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুতগবর্নর জেনরল বাহাদুর এই আইন প্রবল করিবার সম্পর্কীয় কার্য্যেতে কার্য্যকারকেরদের কর্ম্ম করিবার বিধি সময়ে২ করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের কোন বিধানেতে অসঙ্গত না হয় ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 1013.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

With reference to Circular from the Board of Revenue, Lower Provinces, No. 22, dated 1st July 1859, conveying under sanction of Government instructions for setting apart from the net Collections of Government Estates, a sum not exceeding 3 per Cent. for the improvement of those Estates, I have the honor to request, that in the event of the percentage in question being authorized by the Commissioner of your Division to be deducted from the Collections of Government Estates in your District, you will credit the deductions to a new head styled "Fund for the Improvement of Government Estates," and debit the Disbursements therefrom to the same head on bills countersigned by the Commissioner. A plus and minus Memorandum in the usual form should be appended to your Treasury Accounts.

(Signed) R. P. HARRISON,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 12th August, 1859.

No. 182.

To the Magistrate of

With the sanction of the Government of Bengal I have the honor to request your attention to the following instructions. :—

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

১০১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর ১৮৫৯ সালের ১ জুলাই তারিখের ২২ নম্বরের সরক্যুলর অর্ডরেতে গবর্ণমেণ্টের অনুমতিক্রমে এই আদেশ হইয়াছিল যে, গবর্ণমেণ্টের খাসমহালহইতে যে সকল টাকা আদায় হয় তাহার খরচ বাদে যত থাকে, তাহাহইতে শতকরা ৩৲ টাকার হিসাবে ঐ মহালের সৌষ্ঠব করিবার জন্যে পৃথক্ রাখা যায়। তদুপলক্ষে তোমাকে এই আদেশ করিতেছি। তোমার জিলার অন্তঃপাতি গবর্ণমেণ্টের খাসমহালহইতে যে টাকা আদায় হয়, তাহাহইতে যদি তোমার এসাকার কমিস্যনর সাহেব উক্ত হিসাবে টাকা বাদ দিয়া রাখিবার অনুমতি দেন, তবে "সরকারের খাসমহালের সৌষ্ঠবের জন্যে টাকা" বলিয়া ঐ বাদ দেওয়া টাকা তোমার খাতায় জমা করিয়া, তাহাহইতে যাহা খরচ হয় তাহাও কমিস্যনর সাহেবের দস্তখৎকরা বিলমতে সেই হিসাবে খরচ লেখ। তোমার খাজানাখানার হিসাবে যেমন করিয়া থাক, তেমনি সেই হিসাবের তলভাগে জমা খরচের খোলাসা লেখ।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
১৮৫৯ সাল ১২ আগষ্ট।

১৮২ নম্বরের সরক্যুলর।

অমুক জিলার শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে তোমাকে এই২ উপদেশেতে মনোযোগ করিতে আদেশ করি।

2. No bills are in future to be submitted for the audit of the Civil Auditor on account of Ferry Fund Works except for such works as have actually been completed, and then only upon the countersignature of the Commissioner of the Division.

3. Advances which may be required for carrying on works, the estimates for which have been passed by the Commissioner, must be taken from time to time from the Collector who will hold such advances at the debit of the Magistrate or Officer obtaining them, until the works are completed, when a bill of expenditure must be prepared and submitted to the Commis-ioner, and, when passed by him, for the audit of the Civil Auditor.

4. Bills for establishments employed by Ferry Fund Committees and for their Office contingencies must be submitted to the Commissioner and with his countersignature for the audit of the Civil Auditor.

5. The practice of obtaining the audit of the Civil Auditor upon a bill for the whole sum allotted by the Government for the year, and then holding the amount in deposit, which has been followed in one or two Districts, is strictly prohibited.

(Signed) R. P. Harrison,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 16th August, 1859.

No. 1014.

Forwarded to the Collectors of Land Revenue, Lower Provinces.

(Signed) R. P. Harrison,
Acctt. to the Govt. of Bengal.

The 19th August, 1859.

No. 1015.

To the Collector of Land Revenue, Lower Provinces.

Under the sanction of the Government of Bengal I have the honor to inform you that you are authorized to advance Officers Commanding Police Battalions or Detachments thereof on occasions of emergency sums to the extent of one month's Pay upon their receipts. Officers obtaining such advances should be required as a general rule, to furnish you with Bills audited by the Civil Auditor before applying for fresh advances. The audited Bills when received should be debited under "Charges General of the General Department," in your Treasury Ac-

২। ফেরি ফণ্ডের যে২ কার্য্য সমাপ্ত হইয়াছে তদ্ভিন্ন অন্য কোন কার্য্যের বিল ইহার পরে আডিট হইবার জন্যে আডিটর সাহেবের নিকটে দাখিল করিতে হইবেক না। তখনও এলাকার কমিস্যনর সাহেবের দস্তখৎ না থাকিলে দাখিল করিতে হইবেক না।

৩। কোন কার্য্য করিবার খরচের ইষ্টিমেট যখন কমিস্যনর সাহেব পাস করিয়াছেন, তখন তাহার নিমিত্তে যে আগাম টাকার প্রয়োজন হয়, তাহা সময়ে২ কালেক্টর সাহেবের স্থানে লইতে হইবেক। ও সেই কার্য্য যত কাল সমাপ্ত না হয় তত কাল তিনি সেই আগাম দেওয়া টাকা মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা অন্য যে কার্য্যকারক সাহেব তাহা লন তাঁহার নামে খরচ লিখিয়া রাখিবেন। পরে সেই কার্য্য সমাপ্ত হইলে খরচের বিল প্রস্তুত করিয়া কমিস্যনর সাহেবকে দেখাইতে হইবেক, ও তিনি তাহা পাস করিলে তাহা আডিট হইবার জন্যে সিবিল আডিটর সাহেবকে দেখাইতে হইবেক।

৪। ফেরি ফণ্ড কমিটির যে আমলারা নিযুক্ত হন তাঁহারদের বেতনের বিল ও ঐ কমিটির দফ্তরখানার বাজে খরচের বিল কমিস্যনর সাহেবকে দেখাইতে হইবেক, ও তিনি তাহাতে দস্তখৎ করিলে তাহা আডিট হইবার জন্যে সিবিল আডিটর সাহেবকে দেখাইতে হইবেক।

৫। গবর্ণমেণ্ট বৎসরের নিমিত্তে যত টাকা দেন সেই সমুদয় টাকার বিল সিবিল আডিটর সাহেবের দ্বারা আডিট করাইয়া তাহা অ.মানৎস্বরূপে রাখিবার যে রীতি দুই এক জিলাতে চলন হইতেছে, তাহার অতিদৃঢ় মতে নিষেধ হইতেছে।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ১৬ আগষ্ট।

১০১৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের কালেক্টর সাহেবেরদের নিকটে পাঠান গেল।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট।

১৮৫৯ সাল ১৯ আগষ্ট।

১০১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে তোমাকে এই কথা জানাইতেছি। পোলিসপল্টনের কি তাহার কোন ভাগের অধ্যক্ষ সেনাপতি সাহেবেরা অতি আবশ্যক স্থলে তোমাকে রসীদ দিলে, তুমি এক মাসের বেতনপর্য্যন্ত আগাম দিতে পারিবা। সেই প্রকারের আগাম টাকা যে সেনাপতিরা পাইয়াছেন তাঁহারা যদি পুনরায় আগাম টাকা চাহেন, তবে তাহা চাহিবার পূর্ব্বে সিবিল আডিটর সাহেবের আডিটকরা বিল তোমাকে দিতে তাঁহারদিগকে আজ্ঞা করিতে হইবেক, এই সাধারণ বিধি। ঐ আডিটকরা বিল পাওয়া গেলে তাঁহার টাকা তোমার খাজানাখানার হিসাবে "জেনরল ডিপার্টমেণ্টের সাধারণ খরচের খাতায়" খরচ লিখিতে হইবেক, ও বিবিধ

count and the corresponding items expunged from the head of Miscellaneous Advances as usual.

(Signed) R. P. Harrison,
Acctt. to the Govt. of Bengal.

Fort William,
Office of Acctt. to the Govt. of Bengal,
The 25th August, 1859.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 3rd September, 1859.

Moulvie Mahomed Monaim, Moonsiff of Dhurmpore, Zillah Jessore, for four months, on Medical Certificate.

A. W. Russell, *Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

১৮২ নম্বর।
নিয়োগ।
১৮৫৯ সাল ৩০ আগষ্ট।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি সি চাপম্যান সাহেব (Mr. G. C. Chapman,) নাটোর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া রাজশাহিতে মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত এ আণ্ডরসন সাহেব (Mr. A. Anderson,) কতেপুরের আফীনের সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

ছুটী।
১৮৫৯ সাল ২৯ আগষ্ট।

নদীয়ার সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু বেণীনাথ বসু অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

রাজশাহির কমিস্যনর শ্রীযুত এফ গোল্ডসবরি সাহেব (Mr. F. Gouldsbury,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন

বঙ্গ দেশের অষ্টম সংখ্যক পোলীস পল্টনের আজুটাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডি ডব্লিউ ডণ্ডাস সাহেব (Lieutenant D. W. Dundas,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে আগামি নবেম্বর মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডেবিস সাহেব (Mr. H. Davies,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।
১৮৫৯ সাল ২৯ আগষ্ট।

ময়মনসিংহের অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় গত মাসের ৩০ তারিখে মহরমের

কার্য্যের নিমিত্তে আগাম দেওয়া টাকার খাতাহইতে সেই২ দফা রীতিমতে উঠাইয়া দিতে হইবেক।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৯ সাল ২৫ আগষ্ট।

John Robinson, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।
১৮৫৯ সাল ৩ সেপ্টেম্বর।

জিলা যশোহরের ধর্ম্মপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মোআইম চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

বন্দের নিমিত্তে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

৫৪৬১ নম্বর।
নিয়োগ।
১৮৫৯ সাল ২ সেপ্টেম্বর।

আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক সারজেণ্ট শ্রীযুত এ সি গালব্রেথ সাহেব (Serjeant A. C. Galbraith,) কলিকাতার খালের কর্ম্মহইতে সরকারী রাস্তাবন্দীপ্রভৃতির কার্য্যে চাগক এলাকায় স্থানান্তরিত হইয়াছেন।

প্রবেশ্যনরি আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক প্রাইবেট শ্রীযুত জে রাইন সাহেব (Private J. Ryan.) সরকারী রাস্তাবন্দীপ্রভৃতির কার্য্যের চাগকের এলাকাহইতে স্থানান্তরিত হইয়া কলিকাতার খালে নিযুক্ত হইয়াছেন

১৮৫৯ সাল ৫ সেপ্টেম্বর।

শ্রীযুত সি জে জাকসন সাহেব (Mr. C. J. Jackson,) সারণের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।
১৮৫৯ সাল ২ সেপ্টেম্বর।

রাজশাহির প্রধান সদর আমীন শ্রীযুত বাবু পঞ্চানন বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ৬ সেপ্টেম্বর।

রাজমহালের আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ব্রৌন উড সাহেব (Mr. Browne Wood,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। উড সাহেবের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত দেবগড়ের আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত জে স্কট সাহেব (Mr. J. Scott,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

রিবর্স তামসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

সরকারী বিজ্ঞাপন।

মাঘমাসের বিজ্ঞাপন মেয়াদ মাঘ ৪ পরিশেষ রোজাবুকি রোজাবুকি রোজ ভাদ্রাপদ ৬১ অগ্রহায়ণ সন ১২৫১ সাল প্রত্যেক এতদ্দেশীয় ও শাব্দিশাখার গোত্রাজাতের

এতদ্দেশীয় নাম	সন ১২৬০ সাল মোতা- বক হিসাবের ১৫। ৫ মাঘ মাস পর্য্যন্ত	সন ১২৬১ সাল মোতাবেক ইং	সন ১২৬২ সাল মোতাবেক ইং	সন ১২৬৩ সাল মোতাবেক ইং	সন ১২৬৪ সাল মোতাবেক ইং	সন ১২৬৫ সাল মোতাবেক ইং
পাঁশা মেসর্স ঘাট রঘুনন্দপুর	০	০	০	০	০	১,১১,৪৯৮৷৷০
কুশ্মসগর।	০	০	০	০	০	৩,০১,৯৮৭৷৷০
রামনগর	০	০	০	০	০	৪,৫৩,৪২১/
উত্তর ভাদ্মাদার	০	০	০	০	০	২,০০,৫৭৯৷৷
পূর্ব্বাঘাট	০	০	০	০	০	১,১০,১৭০৷৷৬
	০	০	০	০	০	১,১১,৫৯৪৷৷৭
তমলুক						
পাঁশা মেসর্স ঘাট নারায়ণপুর	০	০	০	০	০	২৪,৮৬৩ ৷৷৮
	০	০	০	০	০	২৪,৮৬৩ ৷৷৮

[৪৫৫]

এতদ্দেশীয় নাম	সন ১২৬০ সাল মোতাবেক ইং ১৫। ৫ মাঘ মাস পর্য্যন্ত	সন ১২৬১ সাল মোতাবেক ইং	সন ১২৬২ সাল মোতাবেক ইং	সন ১২৬৩ সাল মোতাবেক ইং	সন ১২৬৪ সাল মোতাবেক ইং	সন ১২৬৫ সাল মোতাবেক ইং
তমলুক।						
পাঁশা মেসর্স ঘাট বাবাজীর ঘাট।	০	০	০	০	০	৬৬৮/৫
পাঁশা মেসর্স নারায় ঘাট এলেশী।	০	০	০	০	০	১২।০
ঐ ঐ ঐ আন্নাতিলক।	০	০	০	০	০	৮০/
করতাং ঘাসিয়া।	০	০	০	০	০	১৫৩/
	০	০	০	০	০	৩,৩৯,০৩৯৷৷০
পাঁশা মেসর্স ঘাট।						
ঐ ঐ ঐ বাঁশবেড়।	০	০	০	০	০	১২।০
ঐ ঐ ঐ কেরাল।	০	০	০	০	০	৮০/
ঐ ঐ ঐ ঢিলা।	০	০	০	০	০	১৫৩/
ঐ ঐ ঐ নারায়ণপুর।	০	০	০	০	০	৩,৩৯,০৩৯৷৷০
ঐ ঐ ঐ বাইটী।	০	০	০	০	০	০,০৩৷৷০
ঐ ঐ ঐ বেতা।	০	০	০	০	০	৩,৫৩/০
করতাং মাস্তাল পরিবর্ত্ত।	০	০	০	০	০	৫,৫৩,০২১।০
ঐ ঐ ঢিলা।	০	০	০	০	০	৩৯,৭৬০৷৷০
ঐ ঐ দিন	০	০	০	০	০	২,২২৬/
নিম্নিত্ত তরতাং						
পাঁশা মেসর্স পূর্ব্বী ঘাট।	০	০	০	০	০	৭৮৷৷৫
ঐ রামনগর।	০	০	০	০	০	৭৮৷৷৫
	০	০	০	০	০	১,১১,৫৯৪৷৷০
অন্নাতিলক।						
পাঁশা মেসর্স ঘাট কৈতকুল।	০	০	০	০	০	১,০২,৬৮৭৷৷০
	০	০	০	০	০	১,০২,৬৮৭৷৷০
	০	০	০	০	০	১,১১,৫৯৪৷৷০
তমলুক।						
	০	০	০	০	০	২৪,৮৬৩ ৷৷৮
	০	০	০	০	০	২৪,৮৬৩ ৷৷৮
	০	০	০	০	০	১,১৪,৫৪৯৷৷৭।
তমলুক।						
	০	০	০	০	০	১,১৪,৭৫০ ৷৷৫
	০	০	০	০	০	১,১৪,৭৫০ ৷৷৫

এতদ্দেশীয় নাম	সন ১২৬০ সাল মোতাবেক ইং ১৫। ৫ মাঘ মাস পর্য্যন্ত	সন ১২৬১ সাল মোতাবেক ইং	সন ১২৬২ সাল মোতাবেক ইং	সন ১২৬৩ সাল মোতাবেক ইং	সন ১২৬৪ সাল মোতাবেক ইং	সন ১২৬৫ সাল মোতাবেক ইং
পাঁশা মেসর্স ঘাট কোতলপুর।	০	০	০	০	০	৬৬৮/৫
পাঁশা মেসর্স ঘাট এলেশী।	০	০	০	০	০	১২।০
ঐ ঐ ঐ আন্নাতিলক।	০	০	০	০	০	৮০/
করতাং মাস্তাল।	০	০	০	০	০	১৫৩/
	০	০	০	০	০	৩,৩৯,০৩৯৷৷০
পাঁশা মেসর্স ঘাট।						
ঐ ঐ ঐ বাঁশবেড়।	০	০	০	০	০	১২।০
ঐ ঐ ঐ কেরাল।	০	০	০	০	০	৮০/
ঐ ঐ ঐ ঢিলা।	০	০	০	০	০	১৫৩/
ঐ ঐ ঐ নারায়ণপুর।	০	০	০	০	০	৩,৩৯,০৩৯৷৷০
ঐ ঐ ঐ বাইটী।	০	০	০	০	০	০,০৩৷৷০
ঐ ঐ ঐ বেতা।	০	০	০	০	০	৩,৫৩/০
করতাং মাস্তাল পরিবর্ত্ত।	০	০	০	০	০	৫,৫৩,০২১।০
ঐ ঐ ঢিলা।	০	০	০	০	০	৩৯,৭৬০৷৷০
ঐ ঐ দিন	০	০	০	০	০	২,২২৬/
নিম্নিত্ত তরতাং						
পাঁশা মেসর্স পূর্ব্বী ঘাট।	০	০	০	০	০	৭৮৷৷৫
ঐ রামনগর।	০	০	০	০	০	৭৮৷৷৫
	০	০	০	০	০	১,১১,৫৯৪৷৷০
অন্নাতিলক।						
পাঁশা মেসর্স ঘাট কৈতকুল।	০	০	০	০	০	১,০২,৬৮৭৷৷০
	০	০	০	০	০	১,০২,৬৮৭৷৷০
	০	০	০	০	০	১,১১,৫৯৪৷৷০
তমলুক।						
	০	০	০	০	০	২৪,৮৬৩ ৷৷৮
	০	০	০	০	০	২৪,৮৬৩ ৷৷৮
	০	০	০	০	০	১,১৪,৫৪৯৷৷৭।
তমলুক।						
	০	০	০	০	০	১,১৪,৭৫০ ৷৷৫
	০	০	০	০	০	১,১৪,৭৫০ ৷৷৫

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির, ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২ গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি জড় হইয়াছিল ও সমুহ লোক আগত হইয়াছিল ইতি।

আর ফ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোককে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৫৯ সালের ৮ আইন ও ১০ আইন ও ১১ আইন এবং ১৪ আইন ইঙ্গরেজী বাঙ্গলাসহ শ্রীরামপুর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা নীচের লিখিত মূল্য প্রেরণ করিলেই পাইবেন এবং ডাকে পাঠাইতে হইলে তাহার মাসুল আলাহিদা দিতে হইবেক ইতি।

১৮৫৯ সালের ৮ আইন মূল্য	৫৷৷০ টাকা
১৮৫৯ সালের ১০ আইন ঐ	২৷৷০
১৮৫৯ সালের ১১ আইন ঐ	১৲
১৮৫৯ সালের ১৪ আইন ঐ	৷৷০
এককালীন সমুদয় আইন লইলে তাহার মূল্য	৯৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 20, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২০ সেপ্টেম্বর।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 23.

To the Civil Authorities in the Lower Provinces, and the Deputy Commissioner of Hazareebagh.

In order to prevent as far as possible any diversity of practice in carrying out the provisions of Act VIII. of 1859, the Court are pleased to direct your attention to the following points.

2. As all suits are in future to be instituted in the Court of the lowest grade competent to try them,* it follows that they can rarely, if ever, be instituted in the Courts of the Judges or Additional Judges.

* Section 6.

3. These Courts, however, continue to possess the power of withdrawing suits instituted in the subordinate Courts, and trying them in their own, whenever they may see sufficient cause for doing so. This power affords them opportunities of instructing the lower Courts practically in the procedure of the new code which the Courts expect that they will not neglect.

Section 6.

4. The institution of a second suit in another Court for the same cause of action during the pendency of the first suit is you will observe no longer punishable by dismissal of the second suit, as was the case under Section 12 Regulation III. of 1793; but, under Section 6 of the code, the superior Courts have the power of transferring such second suit to the Court in which the first suit is being tried.

5. The misjoinder of two or more causes of action also no longer subjects the Plaintiff to a nonsuit. Under Section 9 of the code, the Court will, in such cases direct that those causes of action

[*Government Gazette, 20th September,* 1859.]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিসানর সাহেব বরাবরেষু।

১৮৫৯ সালের ৮ আইনমতে নানা আদালতের কার্য্যের কোন বৈলক্ষণ্য সাধ্যমতে নিবারণ হয়, এই নিমিত্তে সদর আদালতের সাহেবেরা তোমাকে এই২ কথায় মনোযোগ করাইতেছেন।

২। ইহার পরে যখন কোন মোকদ্দমা উপস্থিত করিতে হয় তখন ৬ ধারামতে অতিনীচ শ্রেণীর যে আদালত ঐ মোকদ্দমার বিচার করিতে পারেন সেই আদালতে উপস্থিত করিতে হইবেক। অতএব জজ সাহেবের কি অতিরিক্ত জজ সাহেবের আদালতে কোন মোকদ্দমা প্রথমে প্রায় উপস্থিত হইতে পারিবেক না।

৩। কিন্তু অধঃস্থ কোন আদালতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা সেই আদালতহইতে উঠাইয়া লইবার উপযুক্ত কারণ জানিলে, জজ সাহেবেরদের তাহা উঠাইয়া লইয়া আপনারদের আদালতে বিচার করিবার ক্ষমতা এখনও ৬ ধারামতে আছে। এই ক্ষমতা থাকাতে তাঁহারা অধঃস্থ আদালতের বিচারপতিদিগকে নূতন আইনমতে কার্য্য করিবার নিয়মের উপদেশ দিতে সুযোগ পাইবেন, ও তাঁহারা তদ্রূপ উপদেশ দিতে ত্রুটি করিবেন না, সদর আদালতের সাহেবেরদের এই অপেক্ষা।

৪। কোন মোকদ্দমা উপস্থিত থাকিতে, নালিশের সেই হেতুমূলক অন্য মোকদ্দমা যদি অন্য আদালতে উপস্থিত করা যায়, তবে ১৭৯৩ সালের ৩ আইনের ১২ ধারামতে ঐ দ্বিতীয় মোকদ্দমা ডিসমিস হইত। এইক্ষণে সেই নিয়ম চলিবেক না। নূতন আইনের ৬ ধারামতে, প্রথম মোকদ্দমার বিচার যে আদালতে হইতেছে সেই আদালতে ঐ দ্বিতীয় মোকদ্দমা অর্পণ করিতে উপরিস্থ আদালতের ক্ষমতা আছে।

৫। আরো, দুই কি ততোধিক নালিশের হেতু একি মোকদ্দমায় ধরিলেও, ফরিয়াদীকে এখন ননসুট করিতে হইবেক না। নূতন আইনের ৯ ধারামতে আদালত এমন স্থলে হুকুম করিবেন যে, নালিশের যে২

which cannot conveniently be tried together shall be tried as separate suits. It will be necessary to take care in these cases, however, that the original institution fees is sufficient to cover all the different causes of action in the plaint.

6. Upon a plaint being presented, the Judge or other presiding officer should note or cause to be noted on the back the date of presentation, and whether it has been presented by the Plaintiff in person, or by his authorised agent or pleader.

7. He should then examine the plaint carefully, to see that it contains the particulars specified in Section 26 ; that it is not unnecessarily prolix ; and that it is verified in the manner directed in Section 27.

8. The personal attendance of the Plaintiff in Court for the purpose of verification is unnecessary. He may make the verification and sign the plaint where he pleases. He must present it, however, in Court, either in person, or through a duly appointed pleader, unless he is not within the Jurisdiction of the Court, in which case alone he is authorised under Section 16 to appear by a recognised agent. The pleader must sign the plaint but is not required to verify it. In all these cases the Plaintiff, however, is responsible for the statements contained in his plaint.

9. Under Section 28 the Court, in the event of Plaintiff's absence, or for other good cause, may allow the verification to be made by any person they consider competent. Care must be taken, however, that this provision is not abused. Good cause must always be shown for non-verification of the plaint by the Plaintiff himself, and no person should be considered competent to verify who is not *personally* acquainted with the facts of the case.

10. The attention of the Courts is particularly directed to the specimens of plaints contained in Section 26 ; and to the necessity of great firmness at first in order to check the tendency to prolixity which the Mookhtears and others, who have hitherto been in the habit of drawing up plaints, will doubtless evince. When the plaint contains any argument or anything beyond a concise statement of the points enumerated in clauses 1, 2, and 3 of Section 26, it should invariably be returned for amendment, or, in extreme cases, rejected.

11. The presiding officer should next consider whether the plaint is inadmissible on any of the grounds indicated in Sections 8, 9, 30, 31, 32 or 33.

12. If he finds it necessary to reject the plaint, he must record a judicial order to that effect in his own vernacular with his reasons for such order, either on the back of the plaint or on a separate

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫৯। ২০ সেপ্টেম্বর।]

হেতুর বিচার একত্রে অক্লেশে হইতে না পারে, তাহার স্বতন্ত্র মোকদ্দমার মতে বিচার হয়। পরন্তু এমন স্থলে প্রয়োজন যে, মোকদ্দমা প্রথমে উপস্থিত করিবার সময়ে যে রসুম দেওয়া যায়,তাহা নালিশের আরজীর মধ্যে যত হেতু ধরা গিয়াছে সেই সকলের উপযুক্ত রসুম হয়।

৬। নালিশের আরজী যখন দাখিল করা যায়, তখন যে তারিখে দাখিল করা যায়, ও ফরিয়াদী আপনি তাহা দাখিল করিয়াছে কিম্বা তাহার ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা কি উকীলের দ্বারা দাখিল করিয়াছে, এই সকল কথা জজ সাহেব কি অন্য বিচারপতি ঐ আরজীর পৃষ্ঠে লিখিবেন কি লেখাইবেন।

৭। পরে তিনি ঐ নালিশের আরজীতে মনোযোগপূর্ব্বক দৃষ্টি করিয়া, তাহাতে ২৬ ধারার নির্দ্দিষ্ট বেওরা লেখা হইয়াছে, ও তাহা অনাবশ্যকমতে বিস্তারিত নহে, ও ২৭ ধারার আজ্ঞামতে তাহা সত্যহওয়ার কথা লেখা হইয়া দস্তখৎ হইয়াছে, এই সকল দেখিবেন।

৮। সত্যহওয়ার কথায় দস্তখৎ করিবার জন্যে ফরিয়াদীর নিজে আদালতে উপস্থিত হওয়ার আবশ্যক নাই। যেখানে চাহে সেইখানে ঐ সত্যহওয়ার কথা লিখিয়া দিতে ও আরজীতে দস্তখৎ করিতে পারিবেক। কিন্তু নিজে ,কিম্বা উচিতমতের নিযুক্ত উকীলের দ্বারা তাহার সেই আরজী দাখিল করিতে হইবেক। কেবল যদি আপনি আদালতের এলাকার মধ্যে না থাকে, তবে ১৬ ধারামতে তাহার স্বীকৃত মোখ্তারের দ্বারা হাজির হইবার ক্ষমতা আছে। সেই আরজীতে উকীলের দস্তখৎ করিতে হইবেক, কিন্তু সত্যহওয়ার কথা লিখিতে তাহার প্রতি হুকুম নাই। পরন্তু এই সকল স্থলে, আরজীতে যে সকল কথা লেখা আছে তাহার নিমিত্তে ফরিয়াদী দায়ী আছে।

৯। যদি ফরিয়াদী হাজির না থাকে, কিম্বা মাতবর অন্য কারণ থাকে, তবে আদালত যে কোন লোককে উপযুক্ত বোধ করেন তাহার দ্বারা ২৮ ধারামতে ঐ আরজীর কথা সত্য এই কথা লেখাইতে পারিবেন। কিন্তু এই বিধানমতে কোন অনুপযুক্ত কর্ম্ম না হয় এই বিষয়ে সতর্কতার প্রয়োজন আছে। আরজীর কথা সত্য এই কথা ফরিয়াদী নিজে না লিখিলে তাহার না লিখিবার উপযুক্ত কারণ সর্ব্বদা দেখাইতে হইবেক। আর যাহারা নিজে মোকদ্দমার বৃত্তান্ত জানে, তাহারা ভিন্ন অন্য কেহ সেই সত্যহওয়ার কথা লিখিবার যোগ্য জান হইবেক না।

১২। কোন অপরাধিকে দ্বীপান্তরে পাঠান গেলে কি দেশবহিষ্কৃত হইলে; তাহার দ্বীপান্তরে থাকিবার কি দেশের বাহিরে থাকিবার মিয়াদ না ফুরাইলেও, ও তাহার দণ্ডের ক্ষমা না হইলেও, যদি সে ফিরিয়া আইসে, তবে হয় যে জিলাতে কি স্থানে তাহাকে গ্রেফ্তার করা যায়, না হয় যে জিলাতে কি স্থানে তাহার পূর্ব্বে বিচার হইয়াছিল, তাহাতে তাহার বিচার ও দণ্ড হইতে পারিবেক।

[তদন্ত যে এলাকার মধ্যে হইবেক ইহার সন্দেহ হইলে সদর আদালতের তাহা নির্ণয় করিবার কথা।]

১৩। কোন অপরাধের তদন্ত, কি কোন অপরাধির বিচার যে জিলাতে কি এলাকাখণ্ডে করিতে হইবেক, এই কথার যদি কিছু সন্দেহ হয়, তবে কোন্ জিলাতে কি এলাকাখণ্ডে ঐ তদন্ত কি বিচার হইবেক এই কথা, যে সদর আদালতের এলাকার মধ্যে ঐ অপরাধিকে ধরা যায় সেই সদর আদালত নির্ণয় করিতে পারিবেন।

[কোন মোকদ্দমা এক আদালতহইতে উঠাইয়া অন্য আদালতে দাখিল করিতে সদর আদালতের ক্ষমতার কথা।]

১৪। কোন ফৌজদারী মোকদ্দমা কি আপীলী মোকদ্দমা, ফৌজদারী এক আদালতহইতে খারিজ হইয়া অন্য আদালতে দাখিল হইলে যথার্থ বিচারের সাহায্য হয়, কিম্বা বাদিপ্রতিবাদির ও সাক্ষিরদের সাধারণমতে সুবিধা হয়, সদর আদালতের সাহেবেরা ইহা খাতিরজমামতে জানিলে, আপনারদের কর্ত্তৃত্বের অধীন কোন ফৌজদারী আদালতহইতে ঐ মোকদ্দমা খারিজ হইয়া সমান কি অধিক ক্ষমতার অন্য আদালতে দাখিল হয়, এমত হুকুম করিতে পারিবেন।

[ডেপুটী মাজিষ্ট্রেটের আদালতহইতে মোকদ্দমা উঠাইয়া আপনি বিচার করিতে কিম্বা অন্য আদালতে দাখিল করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

১৫। মাজিষ্ট্রেট সাহেব ফৌজদারী কোন মোকদ্দমা আপনার জিলার কোন শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেটের আদালতহইতে উঠাইয়া, আপনি তাহার বিচার করিতে পারিবেন, কিম্বা বিচার হইবার নিমিত্তে সমান কি অধিক ক্ষমতাপন্ন অন্য কোন ডেপুটী মাজিষ্ট্রেটের আদালতে অর্পণ করিতে পারিবেন।

দ্বিতীয় অধ্যায়।

প্রথম স্থলের কর্ত্তব্য কর্ম্মের বিধি।

[ফরিয়াদীর ও সাক্ষিরদের জোবানবন্দী যে সময়ে যে বিধি চলন থাকে তদনুসারে লইবার কথা।]

১৬। ফরিয়াদীরদের ও সাক্ষিরদের জোবানবন্দী লইবার যে আইন যে সময়ে চলন থাকে, তাহার বিধিমতে ফৌজদারী সকল আদালতে ফরিয়াদীরদের ও সাক্ষিরদের জোবানবন্দী লইতে হইবেক।

[যে হানি হয় তাহার পরিশোধে জরীমানার কিছু টাকা দিতে আদালতের ক্ষমতার কথা।]

১৭। যে অপরাধের নিমিত্তে জরীমানা হইতে পারে, তাহার দণ্ড কেবল জরীমানা করিয়া কি অন্য প্রকারে হইতে পারিলে কি হইলেও, এমত অপরাধ সাব্যস্ত হইয়া যদি কোন ফৌজদারী আদালতের দণ্ডাজ্ঞা কি হুকুমমতে জরীমানার হুকুম হয়, তবে সেই আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ জরীমানার টাকা, কিম্বা ঐ অপরাধেতে যে লোকের হানি হইয়াছে তাহার

exceeding the loss appearing to be caused to the person who has suffered by such offence, be paid to or for the benefit of such person according to the discretion of the Court, and in every such case the fine when levied or paid shall be paid and distributed accordingly.

[Imprisonment in default of payment of fine.]

18. In every case punishable with imprisonment as well as fine, in which the offender is sentenced to a fine, whether with or without imprisonment, the Criminal Courts shall be guided by the provisions of Sections 8 and 9 Chapter III. of the Penal Code in awarding the period of imprisonment in default of payment of the fine; provided, however, that in such cases decided by the Magistrate and Subordinate Criminal Courts, the period of imprisonment awarded in default of payment of the fine shall in no case exceed one-fourth of the period of imprisonment which such Magistrate or Subordinate Criminal Court is competent to inflict as punishment for the offence otherwise than as imprisonment in default of payment of the fine.

[Levy of fines.]

19. In every case in which an offender is sentenced to a fine, it shall be competent to the Court which sentences such offender, whether the offence be punishable with fine only or otherwise and whether or not the sentence direct that in default of payment of the fine the offender shall suffer imprisonment, to issue a warrant for the levy of the amount by distress and sale of any goods and chattels of the offender which may be found within the jurisdiction of the Court.

[Subordinate Criminal Courts may be empowered to prepare cases for trial before the Court of Session or Supreme Court.]

20. It shall be competent to the Government to empower any Subordinate Criminal Court to hold the preliminary enquiry into cases triable by the Court of Session, or by any of the Supreme Courts of Judicature, and to commit or hold to bail parties to take their trial before such Courts, and to exercise all the powers necessary for such purposes.

[Only Covenanted servants and European British subjects to be so empowered in certain cases.]

21. No person shall be empowered by Government to hold a preliminary enquiry into cases triable by any of the Supreme Courts of Judicature, or to arrest, hold to bail, or commit any European British subject, unless the person so authorized is a Covenanted servant of Government or a European British subject.

[Foregoing Section not to prevent any Officer having a Magistrate's powers from issuing a warrant against a European British subject.]

22. Nothing in the foregoing Section shall be taken to prevent any Officer exercising the lawful

যত টাকার হানি দৃষ্ট হয়, ঐ জরীমানার তত টাকা, আদালতের বিবেচনামতে তাহাকে দেওয়া যায় কিম্বা তাহার হিতার্থে দেওয়া যায়। ও তদ্রূপ হুকুম হইলে, ঐ জরীমানার টাকা আদায় হইলে কি দেওয়া গেলে, তাহা সেইরূপে দেওয়া যাইবেক কি ভাগ করিয়া দেওয়া যাইবেক।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার কথা।]

১৮। কোন অপরাধের নিমিত্তে কয়েদ ও জরীমানা এই দুই দণ্ড হইতে পারিলে, যদি অপরাধির জরীমানা দিবার, ও কয়েদ হইবার কি না হইবার হুকুম হয়, তবে জরীমানার টাকা না দেওয়া গেলে তাহার যত কাল কয়েদ থাকিতে হইবেক, ইহার হুকুম ফৌজদারী আদালতের বিচারপতিরা দণ্ডবিধির আইনের ৩ অধ্যায়ের ৮ ও ৯ ধারার বিধি মানিয়া করিবেন। কিন্তু যদি সেই মোকদ্দমার নিষ্পত্তি মাজিষ্ট্রেট সাহেবের কি তাঁহার অধীন কোন ফৌজদারী আদালতের দ্বারা হয়, তবে জরীমানার টাকা না দেওয়াতে কয়েদের যে হুকুম হয় এমত স্থলছাড়া, ঐ অপরাধের জন্যে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি অধীন অন্য ফৌজদারী আদালতের যত কাল কয়েদ করিবার ক্ষমতা থাকে, তাহার চারি ভাগের এক ভাগপর্য্যন্ত, ঐ জরীমানার টাকা না দেওয়ার জন্যে কয়েদ হইবার হুকুম করিতে পারিবেন, অধিক নয়।

[জরীমানার টাকা আদায়ের কথা।]

১৯। কোন অপরাধির যখন জরীমানা দিবার হুকুম হয়, তখন সেই অপরাধের কেবল জরীমানা করিয়া কি প্রকারান্তরে দণ্ড হইতে পারিলে, ও জরীমানার টাকা না দেওয়া গেলে অপরাধির কয়েদ হইবার হুকুম দণ্ডাজ্ঞাতে থাকিলে কি না থাকিলেও, যে আদালত ঐ অপরাধির দণ্ডের আজ্ঞা করেন সেই আদালত, ঐ অপরাধির যে কিছু মাল ও দ্রব্য আদালতের এলাকার মধ্যে পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় হইবার পরওয়ানা জারী করিতে পারিবেন।

[সেশন আদালতে কি সুপ্রিম কোর্টে বিচার হইবার জন্যে মোকদ্দমা প্রস্তুত করিয়া রাখিতে অধীন ফৌজদারী আদালতের ক্ষমতার কথা।]

২০। সেশন আদালতে কিম্বা কোন সুপ্রিম কোর্টে যে২ মোকদ্দমার বিচার হইতে পারে তাহার প্রথম স্থলের তদন্ত করিবার, ও সেই২ আদালতে আসামীদের বিচার হইবার জন্যে সোপর্দ্দ করিবার কিম্বা জামিনী লইয়া রাখিবার ক্ষমতা, ও সেই২ কার্য্যের নিমিত্তে যে সকল ক্ষমতার আবশ্যক হয় সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবার অনুমতি, গবর্ণমেণ্ট অধীন কোন ফৌজদারী আদালতে দিতে পারিবেন।

[কোন২ স্থলে কেবল চিহ্নিত কার্য্যকারকদিগকে ও ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকে সেই প্রকারের ক্ষমতা দিবার কথা।]

২১। উক্ত প্রকারের ক্ষমতাপন্ন লোক যদি গবর্ণমেণ্টের চিহ্নিত কার্য্যকারক কিম্বা ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হন, তবে গবর্ণমেণ্ট তাঁহাকে কোন সুপ্রিম কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের তদন্ত করিবার ক্ষমতা, কিম্বা ইউরোপীয় কোন ব্রিটনীয় প্রজাকে গ্রেফ্তার করিবার কি জামিনী লইয়া রাখিবার কিম্বা সোপর্দ্দ করিবার ক্ষমতা দিতে পারিবেন না।

[ইউরোপীয়ব্রিটনীয় প্রজার নামে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের পরওয়ানা জারী করিবার বাধা ঐ ধারার কথাতে না হইবার কথা।]

২২। ইউরোপীয় ব্রিটনীয় কোন প্রজার নামে নালিশ হইলে, মাজিষ্ট্রেটের আইনমতের ক্ষমতাক্রমে

powers of Magistrate from hearing a complaint against a European British subject, and issuing a warrant of arrest or holding to bail any European British subject so charged with a view to the complaint being investigated before a Magistrate authorized as provided in the last foregoing Section.

[Procedure when a European is arrested by an Officer not being a Covenanted servant &c.]

23. When a European or American has been arrested or held to bail under a warrant issued by an Officer not being a Covenanted servant or a European British subject, such Officer shall forthwith forward him to the Magistrate of the District or to some other Officer exercising the powers of a Magistrate who is a Covenanted servant or a European British subject.

CHAPTER III.

OF THE SUMMONS AND WARRANT OF ARREST.

[Proceeding to compel appearance.]

24. Where an offence has been committed, or is supposed to have been committed, the proceeding, in order to compel the party known or suspected to have committed such offence to appear for the purpose of enquiry concerning the same, may be by summons or arrest.

[Complaint.]

25. A summons or a warrant of arrest may be obtained on such complaint as is described in the next succeeding Section.

[To be reduced into writing and signed.]

26. Every complaint made before a Magistrate or other Officer having any of the powers of a Magistrate and who is also authorized to receive cases without reference from a Magistrate, in order to the issuing of a summons or a warrant against a person accused of any offence either directly or on suspicion, if not written, shall be forthwith reduced into writing, and shall be signed by the complainant, and also by the Magistrate or other Officer issuing the summons or warrant.

[Magistrate how to proceed on complaint.]

27. Upon such complaint duly made before a Magistrate or other Officer as aforesaid, he shall, in case it appear to him that there is sufficient ground for proceeding, issue his summons or warrant for causing the person accused to appear before himself or some other Magistrate or Officer or Court having jurisdiction ; and if in the judgment of such Magistrate or other Officer there be no sufficient

কার্য্যকারক কোন লোকের সেই নালিশ শুনিবার নিষেধ যে হইয়াছে, কিম্বা ইহার পূর্ব্বের ধারার বিধিমতে যে মাজিষ্ট্রেট সাহেব ক্ষমতাপন্ন হন তাঁহার সম্মুখে ঐ নালিশের বিচার হইবার অভিপ্রায়ে ইউরোপীয় ব্রিটনীয় যে কোন প্রজার নামে নালিশ হয় তাহাকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিবার, কিম্বা জামিনী লইয়া রাখিবার নিষেধ যে হইয়াছে, ঐ ধারার কোন কথায় এমন অর্থ করিতে হইবেক না।

[কোন কার্য্যকারক চিহ্নিত কার্য্যকারকপ্রভৃতি না হইয়া ইউরোপীয় লোককে গ্রেফ্তার করিলে তাহার কর্ত্তব্য কর্ম্মের কথা।]

২৩। চিহ্নিত কার্য্যকারক কি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইয়া যদি কোন কার্য্যকারক পরওয়ানা জারী করিয়া ইউরোপ কি আমেরিকা দেশের কোন লোককে গ্রেফ্তার করেন কি জামিনী লইয়া রাখেন, তবে সেই কার্য্যকারক তাঁহাকে অগৌণে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, কিম্বা চিহ্নিতকার্য্যকারক কি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইয়া অন্য যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করেন তাঁহার নিকটে পাঠাইবেন।

তৃতীয় অধ্যায়।

সমনের ও গ্রেফ্তারী পরওয়ানার কথা।

[লোককে হাজির করাইবার কার্য্যের কথা।]

২৪। যখন কোন অপরাধ হইয়াছে, কিম্বা হইল এমত বোধ হয়, তখন তাহার তদন্ত লইবার অভিপ্রায়ে অপরাধী বলিয়া যে লোক জানা আছে কি যাহার প্রতি শোবে থাকে, তাহাকে হাজির করাইবার জন্যে সমনপত্র কি গ্রেফ্তারী পরওয়ানা জারী হইবেক।

[নালিশের কথা।]

২৫। ইহার পরের ধারাতে যে নালিশের কথা লেখা আছে সেই প্রকারের নালিশ হইলে, সমনপত্র কি গ্রেফ্তারের পরওয়ানা দেওয়া যাইতে পারিবেক।

[তাহা লিখিয়া ও তাহাতে দস্তখৎ করিয়া দাখিল করিবার কথা।]

২৬। কোন লোক কোন অপরাধ করিয়াছে বলিয়া তাহার নামে সপ্টরূপে অভিযোগ হইলে, কিম্বা তাহার প্রতি শোবে আছে বলিয়া, তাহার নামে সমন কিম্বা গ্রেফ্তারের পরওয়ানা জারী হইবার অভিপ্রায়ে, মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা মাজিষ্ট্রেটের কোন ক্ষমতাপন্ন অথচ মাজিষ্ট্রেট সাহেবহইতে সোপর্দ্দ না হইলে মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের নিকটে নালিশ হইলে, যদি তাহা না লিখিয়া করা যায়, তবে সেই নালিশ তৎক্ষণে লিখিয়া দিতে হইবেক, ও তাহাতে ফরিয়াদীর দস্তখৎ করিতে হইবেক, ও যে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক সমন কি পরওয়ানা জারী করেন তাঁহারও সেই নালিশপত্রে দস্তখৎ করিতে হইবেক।

[নালিশ হইলে মাজিষ্ট্রেট সাহেবের যাহা করিতে হইবেক তাহার কথা।]

২৭। সেই প্রকারের নালিশ মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারকের নিকটে উপযুক্তমতে করা গেলে, তিনি যদি তাহাতে কার্য্য করিবার উপযুক্ত কারণ দেখেন, তবে যাহার নামে নালিশ হইয়াছে তাহাকে আপনার সম্মুখে, কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের কি কার্য্যকারকের কি আদালতের সম্মুখে, হাজির করাইবার জন্যে সমন কি পরওয়ানা জারী করাইবেন। ও সেই মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের বিবেচনামতে যদি উপযুক্ত কারণ না থাকে, তবে অভিযোগ সপ্টরূপে কি

ground, he shall dismiss the complaint whether it be direct or on suspicion only.

[Magistrate may take cognizance of offences without complaint made. Proviso.]

28. Except as is otherwise provided in Chapter X. of this Act, a Magistrate or other Officer as aforesaid may without any complaint take cognizance of any offence which may come to his knowledge and may issue a summons or warrant of arrest against the party known or suspected to have committed such offence in the same manner as if a complaint had been made against such person. This Section shall not apply to the offences described in Chapters XX., XXI., and XXII. of the Penal Code.

[Summons, what it is to contain, and how to be directed.]

29. Every summons issued by a Magistrate or other Officer as aforesaid to a person so accused shall be in writing, under the signature and seal of the Magistrate or other Officer issuing it, and shall be in the form (A) given in the Appendix or to the like effect.

[Summons how to be served.]

30. The summons shall be served on the person accused personally, or in case the person accused shall not be found at his ordinary place of residence it may be left for him with some adult male member of his family residing with him.

[Notwithstanding summons, warrant may issue in certain cases.]

31. A Magistrate or other Officer as aforesaid may, notwithstanding such summons, either before the appearance of the person accused, as required by such summons, or after default made by him so to appear, issue a warrant of arrest against such person in all cases in which he might so have done had no such summons been issued.

[Warrant when grantable for an offence committed beyond local jurisdiction.]

32. A Magistrate or other Officer as aforesaid of one district or division may grant a warrant for the apprehension of a suspected offender within that district or division as the case may be, in respect of an offence of which the law takes cognizance committed in a different district or division, or on the high seas, or in a foreign country.

[Definition of certain terms. "Enquired of." "Determined." "Prosecuted and punished."]

33. In the preceding Sections, and any other Section of this Act, wherever the district or other place or the Court in or before which any offence is to be enquired of and determined, or any offence is to be prosecuted and punished, is described, the term "enquired of" shall be deemed to comprise

[*Government Gazette, 4th October*, 1859.]

কেবল সন্দেহক্রমে হউক, তিনি সেই নালিশ ডিসমিস করিবেন।

[নালিশ না হইলেও অপরাধের বিচার করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা ও বর্জ্জিত কথা।]

২৮। এই আইনের ১০ অধ্যায়েতে যে স্থলের বিধি হইয়াছে সেই স্থলছাড়া, যদি মাজিষ্ট্রেট সাহেব কি পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক নালিশ না হইলে কোন অপরাধের কথা জানিতে পান, তবে তিনি তাহার বিচার করিতে পারিবেন, ও সেই অপরাধ করিয়াছে বলিয়া যাহার বিষয়ে জানা আছে কিম্বা যাহার প্রতি শোবে থাকে, তাহার নামে নালিশ হইবার মতে তাহার নামে সমন কি গ্রেফ্তারের পরওয়ানা জারী করিতে পারিবেন। দণ্ডবিধির আইনের ২০ ও ২১ ও ২২ অধ্যায়ের লিখিত অপরাধের উপর এই ধারার কথা খাটিবেক না।

[সমনপত্রে ও তাহার শিরনামায় যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

২৯। উক্তমতে যাহার নামে অভিযোগ হয় তাহার নামে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক সাহেব যে সমন জারী করেন তাহা লিখিয়া দেওয়া যাইবেক, ও যে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক তাহা জারী করেন তাঁহার দস্তখৎ ও মোহর তাহাতে থাকিবেক, ও তাহা ক্রোড়পত্রের লিখিত A চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক।

[সমন যেরূপে জারী হইবেক তাহার কথা।]

৩০। যাহার নামে নালিশ হইয়াছে, নিজ তাহারই উপর ঐ সমন জারী করিতে হইবেক, কিম্বা সেই লোককে যদি তাহার নিয়ত বাসস্থানে না পাওয়া যায়, তবে তাহাকে দিবার জন্যে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত যে কোন পুরুষ তাহার সঙ্গে বাস করে তাহাকে দেওয়া যাইতে পারিবেক।

[সমন হইলেও কোন২ স্থলে পরওয়ানা জারী হইতে পারিবার কথা।]

৩১। যে২ মোকদ্দমায় সমন জারী না হইলে নালিশহওয়া ব্যক্তির নামে গ্রেফ্তারী পরওয়ানা জারী হইতে পারে, সেই২ মোকদ্দমায় সেই প্রকারের সমন জারী হইলেও, সেই নালিশহওয়া ব্যক্তির ঐ সমনের আজ্ঞামতে হাজির হইবার আগে, কিম্বা তাহার তদ্রূপ হাজির হইবার ত্রুটি হইলে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক তাহার নামে গ্রেফ্তারী পরওয়ানা জারী করিতে পারিবেন।

[এলাকার বাহিরে অপরাধ হইলে পরওয়ানা যে স্থলে দেওয়া যাইতে পারে তাহার কথা।]

৩২। আইনমতের বিচার্য্য কোন অপরাধ যদি ভিন্ন জিলাতে কি এলাকাখণ্ডে করা যায়, কিম্বা মহাসাগরে কি বিদেশে করা যায়, তবে সেই অপরাধ করিবার সন্দেহ যাহার উপর পড়ে, সেই জনকে যে জিলাতে কিম্বা বিষয়বিশেষে যে এলাকাখণ্ডে পাওয়া যায় সেই জিলার কি এলাকাখণ্ডের মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক তাহার গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে পারিবেন।

[তদন্ত ও নিষ্পত্তি ও বিচার ও দণ্ডকরণ, এই২ শব্দের অর্থ করিবার ধারা।]

৩৩। কোন অপরাধের তদন্ত ও নিষ্পত্তি কিম্বা কোন অপরাধের বিচার ও দণ্ড যে জিলাতে কি অন্য স্থানে, কিম্বা যে আদালতে কি যে আদালতের সম্মুখে হইবার কথা আছে, সেই জিলাপ্রভৃতি ইহার পূর্ব্বের যে কোন ধারাতে কিম্বা এই আইনের অন্য যে কোন ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহাতে "তদন্ত" এই শব্দেতে বিচার

every proceeding preliminary to trial; the term "determined," to comprise trial, and every subsequent proceeding, including the punishment of the offender; and the terms "prosecuted and punished," to comprise every proceeding, whether preliminary or subsequent to trial, or upon such trial; unless in any such case there be something in the subject or context repugnant thereto.

[What is a district, and what a division.]

34. The local jurisdiction of the Magistrate of a zillah or district shall for the purposes of this Act be deemed a district; and the local jurisdiction of a Deputy Magistrate, when such Deputy Magistrate is invested with jurisdiction in a particular part of the district, shall be deemed a division.

[To be continued.]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 25.

To the Civil Judges in the Lower Provinces.

In supersession of Paragraph 1, of Circular No. 7, dated the 9th April, 1855, I am directed by the Court to inform you that, with the concurrence of His Honor the Lieutenant-Governor of Bengal, they direct that an uniform rate of 3 annas per diem, for the tulubana of peons engaged in serving Civil process, shall be adopted in all the Civil Courts in the Lower Provinces.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William,
The 26th August, 1859.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 9.

To the Sessions Judges in the Lower Provinces, the Commissioners of Arracan and Tenasserim, and the Deputy Commissioners of Chota-Nagpore and Assam.

The following circular, under date the 5th instant, has been issued by the Western Court, and this Court, concurring in the views explained therein, are pleased to direct its promulgation for your information and guidance.

"The Court having recently had occasion to quash a sentence of five years' imprisonment passed upon a convict, who, while confined under a sentence for robbery, had escaped during the disturbances from prison, deem the occasion a proper one for calling the attention of Sessions Judges in general to the provisions of Section 1, Act V. of 1858.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ অক্টোবর।]

হইবার অগ্রের আদালতের সকল কার্য্য বুঝায়, ও "নিষ্পত্তি" এই শব্দেতে বিচার করিবার ও অপরাধির দণ্ড সমেত তৎপরের প্রত্যেক কার্য্য বুঝায়, ও "বিচার ও দণ্ড" এই শব্দেতে বিচার হইবার পূর্ব্বে কি পরে কি বিচার হইবার সময়ে যত কার্য্য হয় সকলই বুঝায় এমত জ্ঞান হইবেক, কিন্তু যদি তদ্রূপ কোন স্থলে বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথা বুঝিয়া ঐ অর্থ না খাটে তবে তাহা বুঝাইবেক না।

[জিলা ও এলাকাথও কাহাকে বলে তাহার কথা।]

৩৪। এই আইনের কার্য্য পক্ষে, জিলার মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে যে স্থান তাহা জিলা শব্দেতে বুঝায়, ও জিলার কোন বিশেষ অংশেতে যদি ডেপুটী মাজিষ্ট্রেটকে ক্ষমতা দেওয়া যায় তবে ঐ ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে যে স্থান তাহা এলাকাথণ্ড শব্দেতে বুঝায় এমত জ্ঞান হইবেক।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২৫ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

১৮৫৫ সালের ২ আপ্রিল তারিখের ৭ নম্বরের সরক্যুলরপত্রের ১ দফা বাতিল হইল, ও যে পেয়াদারা দেওয়ানী পরওয়ানা জারী করিবার কর্ম্মে নিযুক্ত হয় তাহারদিগকে দিনপ্রতি ৶ আনা তলবানা দিবার একি নিয়ম বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানী সকল আদালতে চলন হয়. সদর আদালতের সাহেবেরা বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সম্মতিক্রমে এই আদেশ করিয়াছেন. এই কথা সদর আদালতের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ২৬ আগষ্ট।

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও আরাকান ও থনাসরিম প্রদেশের শ্রীযুত কমিসানর সাহেব ও ছোট নাগপুরের ও আসামের ডেপুটী কমিসানর সাহেব বরাবরেষু।

উত্তরপশ্চিম দেশের সদর আদালতের সাহেবেরা বর্ত্তমান মাসের ৫ তারিখে এই সরক্যুলর জারী করিয়াছেন। ও তাহাতে যে২ অভিপ্রায় ব্যক্ত হইয়াছে তাহাতে এই সদর আদালতের সাহেবেরা সম্মত হইয়া, তোমার জানিবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে তাহা প্রকাশ করিতে আজ্ঞা করিয়াছেন।

কোন আসামী ডাকাইতী করিবার জন্যে কয়েদ হইয়া সম্প্রতিকার গোলযোগের কালে জেল ভাঙ্গিয়া পলাইয়াছিল, পরে তাহার পাঁচ বৎসর মিয়াদে কয়েদ হইবার যে হুকুম হইয়াছিল তাহা সদর আদালতের সাহেবেরদের সম্প্রতি অন্যথা করিবার প্রয়োজন হইয়াছে। অতএব তাঁহারা সকল সেশন জজ সাহেবকে ১৮৫৮ সালের ৫ আইনের ১ ধারার বিধানেতে মনোযোগ করাইবার এই সময় উপযুক্ত জ্ঞান করেন।

2. "The wording of that Section clearly leaves no option to Judges to pass any other sentence but that of imprisonment for life in transportation upon all convicts undergoing sentence of imprisonment for any of the offences specified in Section 3, who may have escaped from prison during the disturbances, and failed to surrender themselves within the term fixed by the Act; or who may hereafter effect their escape.

3. "The Court are led to believe, however, from this and other cases which have come before them, that the strict enforcement of the extreme penalty is found in some cases to be excessive. They would accordingly point out, that whenever the Sessions Judge may be of opinion that the legal penalty is too severe, the proper course to be followed by him will be to pass upon the prisoner the sentence of transportation required by the law, and to submit at the same time to the Court a recommendation for the mitigation of the punishment, stating the reasons by which the recommendation is justified, and the limit of punishment proposed.

4. "Such recommendations will, if approved by the Court, be submitted for orders of Government. And in such cases the Magistrate should be instructed to prevent the removal of the prisoner beyond the nearest central Jail until orders upon the recommendation have been received."

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William,
The 23rd August, 1859.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 24.

From the Secretary to the Board of Revenue, L. P., to the Commissioner of Revenue for the Division of Dated Fort William, the 5th July 1859.

I am directed by the Board of Revenue to forward for the information and guidance of yourself and your subordinates, a copy of a letter to my address from Government, No. 2040, dated 4th ultimo, and of its enclosure No. 831, dated 5th March last.

2. You will observe that all officers having the power to grant leases of Government land are prohibited from granting them to any Railway Company direct or otherwise; and that all lands required by Railway Companies for whatever purpose must be treated according to the general rules contained in the orders of the Government of India No. 852, of 21st January last, a copy of which and of the form of Register of Railway lands approved by Government, is annexed to this.

[*Government Gazette, 4th October*, 1859.]

২। ঐ আইনের ৩ ধারার লিখিত কোন অপরাধের জন্যে যে আসামীরা কয়েদ থাকিয়া, সম্প্রতিকার গোলযোগের কালে জেল ভাঙ্গিয়া পলাইয়াছিল, ও সেই আইনের নিরূপিত সময়ের মধ্যে আপনারদিগকে ধরা না দিয়াছে, কিম্বা ইহার পরে যাহারা পলায়, তাহারদের যাবজ্জীবন দ্বীপান্তরে কয়েদ থাকিবার হুকুম হইবেক। ঐ ১ ধারার কথাদৃষ্টে জজ সাহেবেরদের বিবেচনাক্রমে অন্য কোন দণ্ডের হুকুম করিবার যো নাই।

৩। পরন্তু উক্ত স্থলের কথা, ও তদ্রূপের অন্য২ যে কথা তাঁহারদের গোচর করা গিয়াছে, তাহা বিবেচনা করিয়া সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে, ঐ দণ্ড আঁটিআঁটিরূপে করা কোন২ স্থলে অতি কঠিন বোধ হয়। অতএব তাঁহারা এই কথা কহেন। আইনমতের ঐ দণ্ড যদি সেশন জজ সাহেব অতি কঠিন জ্ঞান করেন তবে তাঁহার কর্ত্তব্য এই। আইনমতে আসামীর দ্বীপান্তরে প্রেরণের যে আজ্ঞা করিতে হয় তাহাই করুন, কিন্তু তৎ কালে সেই দণ্ডের লাঘব করণেরও পরামর্শ সদর আদালতের নিকটে দিউন, ও যে কারণে সেই পরামর্শ উপযুক্ত হয় তাহা, ও যে পর্য্যন্ত দণ্ড করিবার প্রস্তাব করেন তাহাও জ্ঞাত করুন।

৪। সদর আদালতের সাহেবেরা সেই পরামর্শেতে সম্মত হইলে, তাহার বিষয়ে গবর্ণমেণ্টের হুকুম হইবার জন্যে তাহা গবর্ণমেণ্টকে জানাইবেন। এমন স্থলে মাজিষ্ট্রেট সাহেবকেও এমত উপদেশ দিতে হইবেক যে, সেই পরামর্শের উপলব্ধে যাবৎ২ হুকুম না পাওয়া যায় তাবৎ আসামীকে অতি নিকট সদর জেলখানাহইতে দূরের কোন স্থানে চালান করিবার নিষেধ করেন।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ২৩ আগষ্ট।

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৫ জুলাই।

গবর্ণমেণ্টের গত মাসের ৪ তারিখের ২০৪০ নম্বরের ও তাহার সঙ্গে গত মার্চ মাসের ৫ তারিখের ৮৩১ নম্বরের যে পত্র আমার নামে আসিয়াছিল, তাহার এক কেতা নকল বোর্ড রেবিনিউর সাহেবেরদের আদেশমতে তোমার ও তোমার অধীন কার্য্যকারকেরদের জানিবার জন্যে ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

২। তাহাতে দেখিবা, সরকারী জমীর পাট্টা দিতে যে সকল কার্য্যকারকের ক্ষমতা থাকে, তাঁহারদিগকে নিষেধ হইতেছে যে, কোন রেলরোড কোম্পানিকে তাঁহারা একেবারে কি প্রকারান্তরে পাট্টা না দেন। ও রেলরোড কোম্পানির যে কোন কারণে কিছু জমীর প্রয়োজন হয়, তাহা লইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের গত জানুআরি মাসের ২১ তারিখের ৮৫২ নম্বরের হুকুমের লিখিত সাধারণ বিধিমতে কার্য্য করিতে হইবেক। ঐ হুকুমের এক কেতা নকল, ও রেলরোডের জমীর যে রেজিষ্টরের পাঠে গবর্ণমেণ্ট সম্মত হইয়াছেন তাহার নকল ইহার সঙ্গে পাঠাইতেছি।

3. You will further observe that when works are being carried on by a Railway Company's own Engineer, private bargains may be made for the lease of the lands for terms not exceeding three years. It will be the duty of the officers of Government to bring to notice any case in which a lease has been taken for a longer term than that just mentioned, as, under the contract, as mentioned in paragraph 5 of Major Strachey's letter, it is in the power of the Government to prohibit these leases altogether.

(Signed) E. T. TREVOR,
Secretary.

From E. H. Lushington, Esq., Offg. Junior Secretary to the Government of Bengal, to the Secretary to the Board of Revenue, L. P., No. 2040, dated the 4th June 1859.

I am directed by the Lieutenant-Governor to forward, for the information and guidance of the Board, a copy of the correspondence noted on the margin,* and to request, with reference to paragraphs 3 and 4 of the Consulting Engineer's letter, that the Board will have the goodness to issue instructions prohibiting all officers having the power to grant leases of Government land to grant them to any Railway Company, direct or otherwise, and informing them that all lands required by Railway Companies for whatever purpose, must be treated according to the general Rules contained in the orders of the Government of India in the Public Works Department, No. 852 of 21st January last, of which a copy was sent to the Board with this office letter No. 620, dated 26th February.

2. Adverting to the 5th and following paragraphs of Major Strachey's letter above noted, I am desired to state that the Officiating Consulting Engineer has been informed that when works are being carried on by a Railway Company's own Engineer, the Lieutenant-Governor is not aware of any objection to private bargains being made for the lease of lands on terms not exceeding three years, between the Railway officers and the proprietors, as separate from transactions between the Railway Companies and the officers of Government.

* From Consulting Engineer to Government of India, Railway Department, No. 831, dated 5th March last, and enclosure.
To Commissioner of the Sonthal Pergunnahs No. 981, dated 14th March last.
From Do. „ 199 Ct. dated 12th April
To Officiating Solicitor to Government „ 1622, dated 30th Do.
From Do. „ 66 dated 18th ultimo and enclosure.
To Commissioner of the Sonthal Pergunnahs, dated this day, No. 2039.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ অক্টোবর।]

৩। আরো দেখিবা, যখন রেলরোড কোম্পানির নিজ ইঞ্জিনিয়রের দ্বারা কোন কার্য্য চালান যায়, তখন তিন বৎসরপর্য্যন্ত মিয়াদে জমীর পাট্টা লইবার আপোসে বন্দোবস্ত হইতে পারে। তাহার অধিক মিয়াদে যদি জমীর পাট্টা লওয়া যায়, তবে সেই কথা গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদের জানাইতে হইবেক, যেহেতুক মেজর ষ্ট্রেচি সাহেবের পত্রের ৫ দফার লিখনমতে, করারঅনুসারে সেই পাট্টাদেওয়া একেবারেনিষেধ করিতে গবর্ণমেণ্টের ক্ষমতা আছে।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের ১৮৫৯ সালের ৪ জুন তারিখের ২০৪০ নম্বরের পত্র।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আদেশমতে আমি বোর্ডের সাহেবেরদের জানিবার জন্যে ও তাঁহারদের উপদেশের নিমিত্তে নীচের লিখিত পত্রের * নকল পাঠাইতেছি। ও কনসলটিং ইঞ্জিনিয়র সাহেবের পত্রের ৩ ও ৪ দফার উপলক্ষে এই আদেশ হইতেছে যে, গবর্ণমেণ্টের জমীর পাট্টা দিবার ক্ষমতা যে সকল কার্য্যকারকের থাকে, তাঁহারদিগকে একেবারে কি প্রকারান্তরে কোন রেলরোড কোম্পানিকে পাট্টা দিতে বোর্ডের সাহেবেরা নিষেধ করিয়া এই কথা জ্ঞাত করেন যে, রেলরোড কোম্পানির যে কোন কর্ম্মের নিমিত্তে কিছু জমীর প্রয়োজন থাকে তাহা লইয়া, পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের গত জানুআরি মাসের ২১ তারিখের ৮৫২ নম্বরের হুকুমতে যে সাধারণ বিধি আছে, সেই বিধিমতে কার্য্য করিতে হইবেক। ঐ বিধির এক কেতা নকল এই দফ্তরখানার ফেব্রুআরি মাসের ২৬ তারিখের ৬২০ নম্বরের পত্রের সঙ্গে বোর্ডে পাঠান গিয়াছিল।

২। মেজর ষ্ট্রেচি সাহেবের পূর্ব্বোক্ত পত্রের ৫অবধি সকল দফার উপলক্ষে তোমাকে এই কথা জানাইতে আদেশ পাইয়াছি। যখন রেলরোড কোম্পানির নিজ ইঞ্জিনিয়র সাহেবের দ্বারা কোন কার্য্য নির্ব্বাহ হয়, তখন রেলরোডের কার্য্যকারকেরদের ও জমীদারেরদের মধ্যে তিন বৎসর মিয়াদের পাট্টা করিয়া জমী লইবার আপোসে বন্দোবস্ত হইতে পারে। ইহার কোন আপত্তি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব দেখিতে পান না। ফলতঃ তাহা রেলরোড কোম্পানির ও গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদের আপোসের কর্ম্মের সমান নয়। এই কথা একটিং কনসলটিং ইঞ্জিনিয়র সাহেবকে জ্ঞাত করা গিয়াছে।

* রেলরোড ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়র সাহেবের গত মার্চ মাসের ৫ তারিখের ৮৩১ নম্বরের পত্র ও তাঁহার সঙ্গে প্রেরিত পত্র। ও সান্তাল পরগনার কমিস্যনর সাহেবের নিকটে গত মার্চ মাসের ১৪ তারিখের ৯৮১ নম্বরের পত্র। ও ঐ সাহেবের গত আপ্রিল মাসের ১২ তারিখের ১৯৯ নম্বরের পত্র। ও গবর্ণমেণ্টের একটিং সলিসিটর সাহেবের নিকটে ঐ মাসের ৩০ তারিখের ১৬২২ নম্বরের পত্র। ও ঐ সাহেবের গত মাসের ১৮ তারিখের ৬৬ নম্বরের পত্র ও তাহার সঙ্গে প্রেরিত পত্র। ও সান্তাল পরগনার কমিস্যনর সাহেবের নিকটে অদ্যকার তারিখের ২০৩৯ নম্বরের পত্র।

From Major R. Strachey, Consulting Engineer to the Government of India, Railway Department, to the Secretary to the Government of Bengal,—(No. 831, dated the 5th March 1859.)

Having reference to the orders of the Government of India 852, dated 21st January 1859 relative to the occupation of land by Railway Companies, I have the honor to submit for the consideration of the Hon'ble the Lieutenant-Governor of Bengal a copy of a lease granted by the Deputy Commissioner of the Sonthal Pergunnahs to the East Indian Railway Company of a plot of land for coal mining, received in this office from the Railway Agent.

2. I would in the first place beg to enquire whether the Deputy Commissioner is duly authorised to grant leases of such land, and secondly, if he be, whether the form used is considered valid. It may be observed that the document in question seems to contain no undertaking on the part of the East Indian Railway Company to pay the stipulated rent, and it is probable that Mr. Hickey has no real power to bind the Railway Company by any agreement to pay rent even if he personally has made an undertaking to that effect, which however does not appear on the face of the document.

3. Further, it is to be considered whether under the general instructions of the Government of India the Hon'ble Lieutenant-Governor will deem it expedient to permit separate leases of Government land such as this to be granted to the East Indian Railway Company. In my opinion it will be the more convenient plan if the grant of this land is placed as much as possible on the same footing as that on which grants of land for other purposes are made, and that the rent to be recovered from the Railway Company for these coal pits should be dealt with just as all other rent due on other land leased to them by Government is dealt with. There seems to me nothing in the nature of this transaction that should induce the Government to set aside in this case the general principle laid down in paragraph 9, of the letter of the Secretary to Government Department Public Works, before alluded to: and it will probably be thought time enough to consider the expediency of making any special stipulations more favorable than usual to the Railway Company when the Agent puts in a claim to that effect.

4. Should the Hon'ble Lieutenant-Governor agree with me in the above view of this matter, I would venture to suggest that all officers of Government having the power to grant leases of Government land should be informed that they were not to grant them to any Railway Company and that all land required by Railway Companies for whatever purpose should be dealt with under the same general rules, whether it be land originally in the possession of

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে রেলরোড ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়র শ্রীযুত মেজর ষ্ট্রেচি সাহেবের ১৮৫৯ সালের ৫ মার্চ তারিখের ৮৩১ নম্বরের পত্র।

রেলরোড কোম্পানির জমী দখল করিবার বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫৯ সালের ২১ জানুআরি তারিখের ৮৫২ নম্বরের যে হুকুম হইয়াছিল তাহার উপলক্ষে আমি পাট্টার এক কেতা নকল, অর্থাৎ সান্তাল পরগনার ডেপুটী কমিস্যনর সাহেব কয়লার আকর করিবার এক খণ্ড জমীর যে পাট্টা ইষ্ট ইণ্ডিয়া রেলরোড কোম্পানিকে দিয়াছিলেন তাহার নকল, বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের বিবেচনার নিমিত্তে পাঠাইতেছি। সেই পাট্টা রেলরোডের এজেণ্ট সাহেবের স্থানে এই দফ্তরখানায় পাওয়া গিয়াছিল।

২। ইহাতে আমি প্রথম এই জিজ্ঞাসা করিতে চাহি, সেই প্রকারের জমীর পাট্টা দিতে ডেপুটী কমিস্যনর সাহেবের উপযুক্ত ক্ষমতা আছে কি না। দ্বিতীয়, যদি থাকে তবে তিনি যে নিয়মে তাহা করিয়াছেন তাহা মাতবর জ্ঞান হয় কি না। আরো আমার এই কহিতে হয়, ঐ জমীর নির্দ্ধারিত খাজানা রেলরোড কোম্পানি যে দিবেন এমত কোন করার সেই দলীলে দৃষ্ট হয় না। আর হিকি সাহেব যদি খাজানা দিবার কোন করার করিয়া থাকেন, তথাপি সেই করারমতে তিনি রেলরোড কোম্পানিকে বদ্ধ করিতে পারেন এমত সম্ভাবনা নয়। কিন্তু তিনি তদ্রূপ কোন করার যে করিয়াছেন, ইহাও সেই দলীলে দেখা যায় না।

৩। আরো ভারতবর্ষের গবর্ণমেণ্টের সাধারণ হুকুমঅনুসারে শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব গবর্ণমেণ্টের এই প্রকার জমীর স্বতন্ত্র পাট্টা ইষ্ট ইণ্ডিয়া রেলরোড কোম্পানিকে দিবার অনুমতি দেওয়া বিহিত বোধ করিবেন কি না। এই কথা বিবেচনার যোগ্য। আমার বিচার এই, অন্য২ কর্ম্মের নিমিত্তে হইলে জমী যে নিয়মমতে দেওয়া যাইতেছে এই জমীও সাধ্যমতে সেই নিয়মে দেওয়া গেলে অতি সুবিধা হয়, ও রেলরোড কোম্পানিকে গবর্ণমেণ্টের অন্য যে জমীর পাট্টা দেওয়া গেল তাহার পাওনা খাজানার বিষয়ে যেরূপে কার্য্য হইয়া থাকে, ঐ কয়লার আকরের যে জমা তাঁহারদের স্থানে আদায় করিতে হয় তাহা লইয়াও সেইরূপে কর্ম্ম হইলে সুবিধা হয়। পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের যে পত্রের পূর্ব্বে উল্লেখ হইয়াছে, তাহার ৯ দফাতে সাধারণ যে মূল নিয়ম হইয়াছে, তাহা এই স্থলে গবর্ণমেণ্টের অন্যথা করিতে হয় এমত কোন বিষয় এই ব্যাপারে দেখিতে পাই না। ও রীতিমতে যেরূপ করার হইয়া থাকে তদপেক্ষা রেলরোড কোম্পানির লভ্যজনক কোন বিশেষ করার করা বিহিত হয় কি না, এই কথা এজেণ্ট সাহেব যখন সেই মর্ম্মের দাওয়া করিবেন তখন বিবেচনা করিবার উপযুক্ত সময় হইতে পারে।

৪। শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যদি এই বিষয়ে আমার অভিপ্রায়ে সম্মত হন, তবে আমি এই পরামর্শ দিতে চাহি, গবর্ণমেণ্টের জমীর পাট্টা দিবার গবর্ণমেণ্টের যে সকল কার্য্যকারকের ক্ষমতা থাকে তাঁহারদিগকে জ্ঞাত করা যাউক যে, তাঁহারা কোন রেলরোড কোম্পানিকে পাট্টা না দেন। ও যে কোন কর্ম্মের নিমিত্তে রেলরোড কোম্পানির যে সকল জমীর প্রয়োজন থাকে, সেই জমী যদি অন্য ব্যক্তির দখলে থাকাতে প্রথমে তাহার স্থানে খরীদ করিয়া লই-

third persons from whom it has to be acquired by purchase, or whether it be land in the immediate possession of Government which needs no such intermediate transfer.

5. In connexion with this subject I would also advert to the circumstance that where works are in course of execution by a Railway Company's own Engineers the occupation of land temporarily may often be more conveniently effected by private bargain between the Railway officers and the proprietors of the land than by the intervention of the Government. It is only where the proprietors refuse to give the necessary accommodation to the Railway officers that the action of the Government is really essential. Nor does there appear to me to be any objection to the Railway officers making their own bargains with private persons for the occupation of land required for the execution of the works, provided the leases are only for the period during which the works are likely to be under construction. I would therefore suggest that the Railway Agent should be informed that such bargains might be made for terms not exceeding three years, but that for any longer period the special consent of Government should be obtained. At the same time it is for the Hon'ble Lieutenant Governor's consideration whether for any cause he would wish to restrain the Railway officers altogether from making private bargains for the occupation of land, as under the contract this could no doubt be insisted on if thought proper by Government either for the protection of proprietors of land or for any other reason.

6. It may be as well to add that I think it expedient thus to let the Railway officers make bargains with private individuals and not to let them deal so with officers of Government, because of the advantage to be got from securing the greatest simplicity and uniformity possible in the land transactions between the Railway Companies and the Government. To abstain from introducing a fresh class of such transactions if it can be avoided, seems to me important for the convenience of Government and a matter of no real concern to the Railway Company.

From the Offg. Secretary to the Government of India, to the Offg. Consulting Engineer to the Government of India, Railway Department, No. 852, dated 21st January 1859.

Major Goodwyn's letter No. 2320, dated the 30th September last, having been laid before the Hon'ble the President in Council, I am directed to communicate the following observations and orders relative to the system to be followed in keeping the record of the land made over to Railway Companies and to the terms of its occupation. The present instructions will be held to supersede all former orders that have been issued on these subjects.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৪ অক্টোবর।]

তে হয়, কিম্বা যদি গবর্ণমেণ্টের নিজ দখলে থাকাতে তাহার সেই প্রকারে হস্তান্তর হইবার কোন প্রয়োজন না থাকুক্ তবু সেই জমী লইয়া সাধারণ বিধিমতে কার্য্য করা যায়।

৫। এই কথার সম্পর্কে আমি অন্য এক কথার উল্লেখ করিতে চাহি, অর্থাৎ, রেলরোড কোম্পানির নিজ ইঞ্জিনিয়রেরদের দ্বারা যদি কোন কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে, তবে কিঞ্চিৎ কালের নিমিত্তে যে জমী দখল করিবার প্রয়োজন হয় সেই জমীর বন্দোবস্ত ঐ রেলরোডের কার্য্যকারকেরা গবর্ণমেণ্টের দ্বারা না করিয়া যদি আপোসে ঐ জমীর মালিকেরদের সঙ্গে করেন তবে তাহাতে অনেকবার সুবিধা হয়। কেবল যদি ঐ মালিকেরা সেই কর্ম্মেতে রেলরোডের কার্য্যকারকেরদের আবশ্যকমতে সাহায্য করিতে স্বীকার না করেন, তবে গবর্ণমেণ্টের তাহাতে কার্য্য করা নিতান্ত আবশ্যক হইবেক। আরো রেলরোডের কোন কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে যদি জমীর প্রয়োজন থাকে, তবে সেই কর্ম্ম নির্ব্বাহ করিতে যত কাল লাগিবার সম্ভাবনা কেবল তত কালের মিয়াদের নিমিত্তে যদি পাট্টা করিয়া লওয়া যায়, তবে বিশেষ লোকেরদের সঙ্গে রেলরোডের কার্য্যকারকেরদের আপোসে বন্দোবস্ত করিবার কোন আপত্তি দেখিতে পাই না। অতএব আমার এই পরামর্শ। রেলরোডের এজেণ্ট সাহেবকে জ্ঞাত করা যাউক যে, তিন বৎসর-পর্য্যন্ত কোন মিয়াদের বন্দোবস্ত সেই প্রকারে করা যাইতে পারে। তাহার অধিক কালের নিমিত্তে হইলে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি লইতে হইবেক। ইতিমধ্যে রেলরোডের কার্য্যকারকেরদের জমী দখল করিবার আপোসে বন্দোবস্ত করা কোন কারণে একেবারে নিষিদ্ধ করা উচিত কি না, এই বিষয় শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আপনি বিবেচনা করুন। যেহেতুক করারনামার মধ্যে এই নিয়ম আছে যে, জমীর মালিকেরদের সুরক্ষার জন্যে কি অন্য কোন কারণে যদি গবর্ণমেণ্ট উপযুক্ত জ্ঞান করেন, তবে সেই নিষেধ দূরূপে করিতে পারেন।

৬। আমার আরও এইকথা লেখা উচিত। রেলরোডের কার্য্যকারকেরদের তদ্রূপ কার্য্য গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদের সঙ্গে করিতে না দিয়া, বিশেষ লোকেরদের সঙ্গে বন্দোবস্ত করিতে দেওয়া আমার বিবেচনাতে বিহিত হয়। যেহেতুক রেলরোড কোম্পানির ও গবর্ণমেণ্টের মধ্যে জমী লইবার কার্য্য সাধ্যমতে সহজরূপে ও একিপ্রকারে চলিলে অনেক লভ্য হয়। সেই প্রকারের কার্য্যের নূতন নিয়মআরম্ভ না হইয়া যদি চলিতে পারে, তবে নূতন নিয়ম না করাই আমার বিবেচনাতে গবর্ণমেণ্টের সুবিধার জন্যে গুরুতর হয়, অথচ তাহাতে রেলরোড কোম্পানির তাদৃশ কিছু আইসে যায় না।

রেলরোড ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং কনসলটিং ইঞ্জিনিয়র সাহেবের নিকটে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের ১৮৫৯ সালের ২১ জানুআরি তারিখের ৮৫২ নম্বরের পত্র।

শ্রীযুত মেজর গুডুইন সাহেবের গত সেপ্টেম্বর মাসের ৩০ তারিখের ২৩২০ নম্বরের পত্র হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের সম্মুখে অর্পণ হইয়াছে। তাহাতে রেলরোড কোম্পানির প্রতি যে জমী অর্পণ করা যায় তাহার রিকার্ড যে নিয়মমতে রাখিতে হইবেক ও সেই জমী যে নিয়মমতে দখল করিতে হইবেক তাহার নীচের লিখিত মন্তব্য কথা ও আজ্ঞা তোমাকে জানাইতে আমাকে আদেশ হইয়াছে। এই২ বিষয়ের যে সকল আজ্ঞা পূর্ব্বে করা গিয়াছে তাহা এই বিধিতে বাতিল হইয়াছে জ্ঞান হইবেক।

2. And first I am to observe that the business of the Government of India in reference to the land question is limited to the determination of principles, and that it need not interfere in matters of detail beyond what may be necessary to see that the principles adopted are not neglected, and that all necessary information is from time to time given to the local Governments, under whom the details of this branch of business are carried out.

3. The President in Council believes that there is little that calls for correction or change in the orders that have been heretofore issued, relative to the terms on which land is provided for Railway purposes; but for convenience and greater precision, I am now to recapitulate the main points to which attention is requisite in dealing with this subject.

4. The land required for Railway purposes, may be divided into four classes, A. B. C. and D. First, class A. land which a Railway Company receives free of charge under the contract with the Government for permanent occupation. Second, class B. land also provided free of cost, but only for temporary occupation. Third, class C. the land which the Railway Company has to provide at its own cost. Fourth, class D. land which does not come into the possession of the Railway Company at all.

5. Class A. will comprise the land required for the permanent works of the Railway, including the road, with its bridges, &c., and all stations, work shops, permanent store houses, and the like, necessary for the line when opened. The occupation of this land by a Railway Company will be so far permanent that it will only cease when their contract expires, and the whole lapses to Government. It is all provided free of charge.

6. Class B. will contain land essential for the execution of the permanent works of the Railway, but not required after the completion of the line in part or in whole. It also is provided free of charge, such as land for spoil banks, for extra excavation to make banks, for river diversion, and for the storage of Railway materials held in stock by the Railway Company, pending the construction of the line or their despatch to the works.* The occupation of this class of land will be temporary. On its restoration to the Government the proper time for which will be settled in each case between the Railway officers and the Consulting Engineer, it will be for

* The last sort of land is allowed free under the Right Hon'ble the Secy. of State's letter No. 25 of 30th November 1858.

[*Government Gazette, 4th October*, 1859.]

২। আমার প্রথমে এই কথা লিখিতে হয়, জমীর সম্পর্কে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কেবল মূল নিয়ম নির্দ্ধারণ করা ভিন্ন অন্য কার্য্য নাই। তাহার বেওরাসম্পর্কীয় কোন কার্য্যেতে ঐ গবর্ণমেণ্টের হস্তক্ষেপ করা প্রয়োজন নাই, কেবল যে মূল নিয়ম নির্দ্ধার্য্য হইয়াছে তাহা রক্ষা করিবার কোন ত্রুটি না হয়, ও স্থান বিশেষের যে২ গবর্ণমেণ্টের অধীনে সরকারী কার্য্যের এই ভাগের বেওরা হইতেছে সেই২ গবর্ণমেণ্টে আবশ্যক সকল কথা সময়ে২ জ্ঞাত করা যায়, ইহা দেখিবার নিমিত্তে যেপর্য্যন্ত আবশ্যক হয় সেইপর্য্যন্ত ঐ গবর্ণমেণ্টের হস্তক্ষেপ করিতে হয়।

৩। রেলরোডের কর্ম্মের নিমিত্তে জমী দিবার নিয়মের যে২ আজ্ঞা, পূর্ব্বে জারী হইয়াছিল, তাহার প্রায় অল্পাংশের সংশোধন কি পরিবর্ত্তন করিতে হয়, হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব এমত জ্ঞান করেন। তথাপি এই বিষয় লইয়া কার্য্য করিতে হইলে প্রধান২ যে কথাতে মনোযোগ করা আবশ্যক তাহা সুবিধার জন্যে ও স্পষ্ট বোধের নিমিত্তে আমার এইক্ষণে ব্যক্ত করিতে হয়।

৪। রেলরোডের কর্ম্মের নিমিত্তে যে জমীর প্রয়োজন তাহা ক খ গ ঘ বলিয়া চারি শ্রেণী করা যায়। প্রথম প্রকারের ক। অর্থাৎ গবর্ণমেণ্টের সঙ্গে করারমতে রেলরোড কোম্পানি যে জমী বিনা খরচে চিরকাল দখল করিবার জন্যে পান তাহা। দ্বিতীয় প্রকারের খ। এই জমীও বিনা খরচে দেওয়া যায় কিন্তু তাহার অল্পকাল দখল হইবেক। তৃতীয় প্রকারের গ। অর্থাৎ রেলরোড কোম্পানির নিজ খরচে যে জমী লইতে হয়। চতুর্থ প্রকারের ঘ। অর্থাৎ যে জমী রেলরোড কোম্পানির দখল হয় না।

৫। ক শ্রেণীর জমী। অর্থাৎ রেলরোডের চিরকালীন কর্ম্মের নিমিত্তে যে জমীর প্রয়োজন হয় তাহা। ইহার মধ্যে রাস্তা ও সাঁকো প্রভৃতি ও যে সকল ষ্টেশ্যন ঘর ও কামার প্রভৃতির ঘর ও চিরকালের গুদাম ঘরপ্রভৃতি রাস্তা খোলা হইলে আবশ্যক হয়, তাহাও ধরা গেল। সেই জমী একপ্রকারে চিরকাল রেলরোড কোম্পানির দখলে থাকিবেক অর্থাৎ তাঁহারদের করার যখন ফুরায় তখন তাঁহারদের দখলেআর না থাকিয়া সমুদয় গবর্ণমেণ্টে বর্ত্তিবেক। সেই সকল জমী বিনাখরচে রেলরোড কোম্পানিকে দেওয়া গেল।

৬। খ শ্রেণীর যে জমী তাহা রেলরোড কোম্পানির চিরকালের কর্ম্ম যত কাল নির্ব্বাহ হইতেছে ততকাল আবশ্যক হইবেক। কিন্তু সমুদয় রাস্তা কি তাহার এক অংশ সমাপ্ত হইলে পর তাহার আর প্রয়োজন থাকিবেক না। তাহাও বিনাখরচে দেওয়া যাইতেছে। সেই জমী এই২ কর্ম্মে লাগে। রাস্তার বাঁধ করিবার মাটির ও তাহার মাটি তুলিয়া পগার করিবার ও নদীর পথ ফিরাইবার জন্যে, ও রেলরোড যত কাল সমাপ্ত না হয় তত কাল রেলরোডের যে সকল সরঞ্জাম রেলরোড কোম্পানির মৌজুদ রাখিতে হইবেক তাহার গুদাম করিবার, ও কর্ম্ম যে স্থানে চলিতেছে সেই স্থানে নানা দ্রব্য চালান করিবার নিমিত্তে ঐ জমী।* এই জমী তাঁহারদের দখলে কিঞ্চিৎ কালের নিমিত্তে থাকিবেক। তাহার যে জমী যে সময়ে গবর্ণমেণ্টে ফিরিয়া দিতে হইবেক ইহা রেলরোডের কার্য্যকারকেরা ও কনসলটিং ইঞ্জিনিয়র সাহেব পরামর্শ করিয়া নির্দ্ধার্য্য করিবেন। গবর্ণমেণ্টকে ফিরিয়া দেওয়া গেলে মালগুজারীর কার্য্যকারকেরা গবর্ণ-

* এই শেষ প্রকারের জমী রাজ্যের শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী সাহেবের ১৮৫৮ সালের ৩০ নবেম্বর তারিখের ২৫ নম্বরের পত্রমতে বিনা খরচে দেওয়া যাইতেছে।

the Revenue officers to dispose of it to the best advantage in the interests of the Government.

7. Class C. will contain the land which a Railway Company has to provide at its own cost. This is the land which is required for the provision or preparation of materials, for purposes contingent on the actual execution of the works on the line, or for other miscellaneous objects which the Government recognizes as falling legitimately within the scope of the Railway Company's operations, though not giving the Company a claim to the provision of land free of charge.

As a Railway Company is bound to pay for the construction of all works out of its capital, receiving only from Government without charge the land on which the works stand, the provision of all materials and the conveniences requisite for the execution of all works are to be at the cost of the Railway Company. In this class, therefore will fall all land for brick making,—for quarrying ballast, for roads to works in progress, for houses for persons employed on the works, &c. So also land taken for hotels built in connection with Railway stations, for houses for engine drivers, and the like on the line when opened, and for other similar purposes will come under class C. It is proper to bear in mind that this land will in part be deteriorated by the use to which it is put, and in part will not be so deteriorated. Further, the occupation of some of it will be temporary, and of some of it may permanent. In all cases, however, it will be most convenient to deal with the land in the first instance in the same manner. It will be taken possession of by Government and handed over to the Railway Company for occupation at a fair rental. When the necessity for occupation ceases the land will be given up again to Government by the Railway Company, the proper time for this being determined as under class B. by the Railway officers and Consulting Engineer. On its restoration to Government the Revenue officers will examine the condition of the land. If it has not been deteriorated the Revenue officers will assess the amount of the injury done, and the Railway Company will pay that sum which, like the rent, will be charged against the Railway capital. In both cases the Revenue officers will then further dispose of the land in the best way possible.

8. Class D. will contain that land, which being required in consequence of the works of a Railway still does not come into the occupation of the Railway Company; it will be provided free of charge. It will be exclusively land for roads either new roads leading to Railway Stations or diversions or changes of old roads made necessary by the Railway works.

9. It may here be observed that in the opinion of the Government of India, inconvenience is likely to arise if Railway Companies are permitted to hold land on their own account or otherwise than is above

[গবর্ণমেণ্ট গেজেট: ১৮৫৯। ৪ অক্টোবর।]

মেণ্টের যে প্রকারে অধিক লাভ হয় তাহা বুঝিয়া ঐ জমী বিক্রয়াদি করিবেন।

৭। গ শ্রেণীর জমী অর্থাৎ রেলরোড কোম্পানি আপনার খরচে যে সকল জমী লন তাহা। সরঞ্জাম যোগাইবার কি প্রস্তুত করিবার নিমিত্তে, ও রেলরোডের উপর যে সকল কর্ম্ম নিতান্ত নির্ব্বাহ হয় তাহার যোতালক কার্য্যের নিমিত্তে ও বিবিধ প্রকারের অন্যং কার্য্যের নিমিত্তে এই জমীর আবশ্যক হয়। গবর্ণমেণ্ট বোধ করেন যে তাহা রেলরোড কোম্পানির কার্য্যের মধ্যে আইসে বটে, কিন্তু সেই জমী বিনাখরচে ঐ কোম্পানির প্রাপ্য হইবার দাওয়া হইতে পারে না।

50. Any person authorized by a warrant to arrest a person accused of any offence for which a warrant may issue on complaint, may break open any outer or inner door or window of a dwelling house, whether that of the person accused or of any other person, in order to execute such warrant, if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Breaking open a zenanah or female apartment.]

51. If information be received that a person accused of any offence for which a warrant may issue, has concealed himself in zenanah or female apartment in the actual occupancy of women, the Officer or other person employed to execute the warrant shall take such precautions as may be necessary to prevent the escape of the accused, and if such person shall not deliver himself up, the Police Officer or other person authorized to execute the warrant may break open the zenanah, and execute the process intrusted to him, first giving notice to any woman in the zenanah that she is at liberty to withdraw.

[Party arrested to be brought immediately to the authority mentioned in the warrant.]

52. After arrest made, the Officer or other person executing the warrant shall without unnecessary delay bring the person arrested before the Magistrate or other authority described in the warrant.

[No threat, promise, or caution, as to disclosure by party arrested.]

53. No Officer or other person shall offer to the person arrested any inducement, by threat or promise or otherwise, to make any disclosure. But no Officer or other person shall prevent the person arrested, by any caution or otherwise, from making any disclosure which he may be disposed to make of his own free will.

CHAPTER V.

OF ARREST WITHOUT WARRANT.

[Arrest on view.]

54. A Police Officer or other person who sees any offence committed for which a warrant may issue may, without warrant, arrest the offender.

[On complaint, or finding with stolen goods.]

55. A Police Officer may, without warrant, arrest of his own authority a person against whom a reasonable complaint is made or against whom there

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ অকটোবর।]

[গ্রেফ্তার করিবার উদ্যোগের বাধা করিবার কথা।]

৪৯। গ্রেফ্তারের পরওয়ানা যাহার নামে বাহির হইয়াছে তাহাকে গ্রেফ্তার করিতে উদ্যত হইলে, সে যদি জোর করিয়া বাধা করে, তবে যে আমলা ঐ পরওয়ানা জারী করে সে ঐ লোককে গ্রেফ্তার করিয়া রাখিবার জন্যে যাহা আবশ্যক হয় তাহা করিতে পারিবে।

[বাহিরের দ্বার কি খিড়কী ভাঙ্গিতে পরিবার কথা।]

৫০। যে অপরাধের নালিশ হইলে গ্রেফ্তারের পরওয়ানা হইতে পারে, এমত কোন অপরাধ করিবার নালিশ যাহার নামে হয়, তাহাকে গ্রেফ্তার করিতে যে লোক পরওয়ানাক্রমে ক্ষমতা পায়, সেই লোক আপনার ক্ষমতা ও অভিপ্রায় জানাইলে পর, ও সেই পরওয়ানা জারী করিবার জন্যে ঐ নালিশহওয়া ব্যক্তির কিম্বা অন্য কোন লোকের বসতবাটীতে প্রবেশ করিতে উপযুক্তমতে অনুমতি চাহিলে পর, যদি অন্য কোন প্রকারে প্রবেশ করিতে না পায়, তবে ঐ ঘরের সদর কি মফঃসল কোন দ্বার কি খিড়কী ভাঙ্গিতে পারিবে।

[অন্তঃপুরের দ্বার ভাঙ্গিবার কথা।]

৫১। যে অপরাধের জন্যে গ্রেফ্তারের পরওয়ানা হইতে পারে, এমত কোন অপরাধ করিবার নালিশ যাহার নামে করা যায় সেই লোক কোন অন্দরমহলে কিম্বা স্ত্রীলোকেরা যাহাতে নিতান্ত থাকে এমত কোন অন্তঃপুরে লুকিয়া রহিয়াছে এই সম্বাদ যদি পাওয়া যায়, তবে যে আমলা কিম্বা অন্য যে ব্যক্তি ঐ পরওয়ানা জারী করিতে নিযুক্ত হয়, সেই লোক, ঐ অভিযুক্ত ব্যক্তির না পলাইবার জন্যে আবশ্যক সকল উপায় করিবে। ও সেই ব্যক্তি যদি আপনাকে ধরা না দেয়, তবে পোলীসের ঐ আমলা কিম্বা অন্য যে ব্যক্তি ঐ পরওয়ানা জারী করিবার ক্ষমতা পায়, সে ঐ অন্তঃপুরের স্ত্রীলোকদিগকে চলিয়া যাইবার অনুমতি দিলে পর, অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া তাহার হাতে যে পরওয়ানা দেওয়া যায় তাহা জারী করিবে।

[লোক গ্রেফ্তার হইলে পরওয়ানাতে যে কার্য্যকারকের নাম লেখা থাকে তাঁহার কাছে আনিবার কথা।]

৫২। লোককে গ্রেফ্তার করিলে পর, যে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারক তাহাতে নির্দ্দিষ্ট হন তাঁহার নিকটে ঐ পরওয়ানা জারীকরণিয়া লোক অনাবশ্যক কিছু বিলম্ব না করিয়া তাহাকে আনিবেক।

[গ্রেফ্তারকরা লোককে কোন ভয় দেখাইয়া কি প্রতিজ্ঞা করিয়া কি সতর্ক করাইয়া কিছু কথা প্রকাশ করাইবার কোন উদ্যোগ না করিবার কথা।]

৫৩। কোন আমলা কি অন্য ব্যক্তি ঐ গ্রেফ্তারকরা লোককে কিছু ভয় দেখাইয়া কি প্রতিজ্ঞা করিয়া কি সতর্ক করাইয়া কোন কথা প্রকাশ করিতে প্রবৃত্তি দিবেক না। কিন্তু সেই গ্রেফ্তারকরা লোক যদি আপন ইচ্ছামতে কোন কথা প্রকাশ করিতে চাহে, তবে কোন আমলা কি অন্য লোক তাহাকে সতর্ক করাইয়া কি অন্য কিছু করিয়া নিবারণ করিবে না।

পঞ্চম অধ্যায়।

বিনাপরওয়ানাতে গ্রেফ্তার করিবার বিধি।

[অপরাধ দেখিলে গ্রেফ্তার করিবার কথা।]

৫৪। যে অপরাধ হইলে গ্রেফ্তারী পরওয়ানা জারী হইতে পারে, এমত কোন অপরাধ যদি পোলীসের আমলা কি অন্য ব্যক্তি কোন লোককে করিতে দেখে, তবে বিনাপরওয়ানাতে অপরাধিকে গ্রেফ্তার করিতে পারিবেক।

[নালিশ হইলে কিম্বা রমাল পাওয়া গেলে ঐ কথা।]

৫৫। যে অপরাধ হইলে গ্রেফ্তারী পরওয়ানা জারী হইতে পারে, এমত অপরাধ করিয়াছে বলিয়া যদি কোন লোকের নামে উপযুক্ত নালিশ হয়, কিম্বা যদি

exista reasonable suspicion of his having committed an offence for which a warrant may issue or who may be found with stolen goods in his possession.

[A proclaimed offender: hue and cry.]

56. A Police Officer or other person may, without warrant, arrest a proclaimed offender, or a person against whom a hue and cry has been raised of his having been concerned in an offence.

[A party liable to arrest concealing himself.]

57. If a person liable to arrest without warrant under the foregoing rules, shall enter into and conceal himself in a dwelling house, the person authorized to make the arrest shall take such precautions as may be necessary to prevent the escape of the accused, and send immediate information to the Magistrate or Head Officer of the Police Division, but no house shall be broken into for the purpose of arresting any person without a warrant.

[Breach of the peace.]

58. A Police Officer may, of his own authority, interpose for the suppression or prevention of a breach of the peace committed or attempted to be committed in his view; and in the event of disobedience or resistance may, without warrant, arrest the offender.

[Obstruction of a Police Officer in his duty.]

59. A Police Officer may apprehend any person who obstructs him while in the execution of his duty, and carry him before the Magistrate, or before the Head Officer of the Police Division.

[Party arrested to be taken immediately before the proper authority.]

60. A Police Officer or other person, having arrested a person for an offence, shall take or send him before the Magistrate or the Head Officer of the Police Division without unnecessary delay.

[Arrest for an offence committed in the presence of a Magistrate.]

61. Where any offence is committed in the presence of any Magistrate or other Officer authorized to issue a warrant, he may order any person to arrest the offender, and may thereupon commit him to custody or, at his discretion, where the offence is bailable, may admit him to bail.

CHAPTER VI.

OF ESCAPE AND RE-TAKING.

[Person arresting may re-take on escape and deal with the party arrested as on original taking.]

62. If a person lawfully arrested on any Criminal process shall escape or be rescued, it shall be lawful for the person from whose custody such pri-

[*Government Gazette, 11th October*, 1859.]

তাহার উপর উপযুক্তমতে শোধে থাকে কিম্বা তাহার নিকটে যদি কিছু চোরা জিনিস পাওয়া যায়, তবে পোলীসের আমলা বিনাপরওয়ানাতে আপনার ক্ষমতামতে তাহাকে গ্রেফ্তার করিতে পারিবেক।

[মশহুর অপরাধী ও যাহার বিষয়ে শোরশার হয় তাহার কথা।]

৫৬। মশহুর অপরাধিকে, কিম্বা অপরাধেতে লিপ্ত হইয়াছে বলিয়া যাহার বিষয়ে শোরশার হয়, এমত কোন লোককে পোলীসের আমলা কি অন্য ব্যক্তি বিনা পরওয়ানাতে গ্রেফ্তার করিতে পারিবেক।

গ্রেফ্তার হইবার যোগ্য লোক লুকিয়া থাকিলে তাহার কথা।]

৫৭। পূর্ব্বোক্ত বিধিমতে যে কোন লোক বিনা পরওয়ানাতে গ্রেফ্তার হইবার যোগ্য হয়, সেই লোক যদি কোন বসতবাটীতে ঢুকিয়া লুকিয়া থাকে, তবে সে পলাইতে না পারে ইহার আবশ্যক উপায় করিয়া, তাহাকে গ্রেফ্তার করিবার ক্ষমতাপন্ন লোক মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা পোলীসের থানার প্রধান কর্ম্মকারককে অব্যাজে সম্বাদ দিবে। কিন্তু পরওয়ানা না থাকিলে কোন লোককে গ্রেফ্তার করিবার জন্যে দ্বার ভাঙ্গিয়া প্রবেশ করিতে হইবে না।

[দাঙ্গার কথা।]

৫৮। পোলীসের কোন আমলার সাক্ষাতে যদি কেহ দাঙ্গা করে কি দাঙ্গা করিবার উদ্যোগ করে, তবে সেই আমলা নিজ ক্ষমতামতে তাহা দমন কি নিষেধ করিবার জন্যে হস্তক্ষেপ করিতে পারিবেক। ও অপরাধী যদি কথা না মানে কি বাধা দেয়, তবে বিনা পরওয়ানাতে তাহাকে গ্রেফ্তার করিতে পারিবে।

[পোলীসের আমলা আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে তাহার বাধা করিবার কথা।]

৫৯। পোলীসের আমলা আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে যদি কেহ তাহাকে বাধা দেয়, তবে সে তাহাকে ধরিয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা পোলীসের থানার প্রধান কার্য্যকারকের নিকটে লইয়া যাইতে পারিবে।

[গ্রেফ্তারকরা লোককে অগোণে উপযুক্ত কার্য্যকারকের নিকটে লইয়া যাইবার কথা]

৬০। পোলীসের আমলা কিম্বা অন্য লোক কোন অপরাধের নিমিত্তে কোন লোককে ধরিলে পর, অনাবশ্যক কিছু বিলম্ব না করিয়া তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা পোলীসের থানার প্রধান কর্ম্মকারকের নিকটে লইয়া যাইবেক কি চালান করিবেক।

[মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে অপরাধ হইলে তাহার জন্যে গ্রেফ্তার করিবার কথা]

৬১। কোন মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা অন্য যে কার্য্যকারক পরওয়ানা জারী করিতে পারেন তাঁহার সাক্ষাতে যদি কোন অপরাধ করা যায়, তবে তিনি ঐ অপরাধিকে ধরিতে কোন লোককে হুকুম করিতে পারিবেন, ও তখন তাহাকে হেফাজতে রাখিতে পারিবেন, কিম্বা যদি ঐ অপরাধের নিমিত্তে জামিনী লইয়া তাহাকে ছাড়িয়া দিবার অনুমতি হয়, তবে আপন বিবেচনামতে জামিনী লইতে পারিবেন।

ষষ্ঠ অধ্যায়।

পলাইবার ও পুনরায় ধরিবার কথা।

[লোক পলাইলে যে জন প্রথমে গ্রেফ্তার করে সে পুনরায় আসামীকে গ্রেফ্তার করিয়া প্রথমবারের মত তাহাকে লইয়া করিতে পারিবার কথা।]

৬২। যাহাকে ফৌজদারী কোনপরওয়ানাক্রমে কি আইনমতে গ্রেফ্তার করা গেল সে যদি পলায়, কিম্বা তাহাকে যদি কেহ মুক্ত করাইয়া দেয়, তবে যে ব্যক্তির

soner so escaped or was rescued, to make fresh pursuit, and re-take him in any place, either within or without the jurisdiction, where he was so in custody, and to deal with him as he might have done on an original taking.

[May adopt the same measures as on original taking.]

63. In order to re-take any person, within the meaning of the last preceding Section, the person so making fresh pursuit as is therein described may adopt the same measures as he might have done on the original taking.

CHAPTER VII.

OF SEARCH WARRANT.

[When grantable by a Magistrate.]

64. Whenever a Magistrate or other Officer having jurisdiction in respect of an offence supposed to have been committed, shall consider that the production of any thing will be essential to the conduct of an enquiry into such offence, he may grant his warrant to search for such thing; and it shall be lawful for the Officer charged with the execution of such warrant to search for such thing in any dwelling or place. In such case the Magistrate shall, if he think right, specify in his warrant the dwelling or place, or part thereof, to which only the search shall extend.

[How to be directed.]

65. The Magistrate or other Officer shall direct his warrant to the Head Officer of a Police Station within whose jurisdiction the dwelling or place to be searched is situate, or to any other Police Officer to whom the Magistrate or other Officer may think fit to commit the execution of that duty. A warrant directed to a Head Officer of a Police Station may, in the event of such Officer not being able to proceed in person, be executed by any Officer subordinate to such Head Officer above the rank of a peon or burkundaz.

[How to be executed out of jurisdiction of the Magistrate.]

66. Whenever it may be necessary for a search warrant to be executed out of the jurisdiction of the Magistrate or other Officer issuing the warrant, the Magistrate or other Officer of the jurisdiction within which the warrant is to be executed shall endorse his name on the warrant which shall be sufficient authority for the person charged with the execution of such warrant to execute the same, or the search warrant may be directed to the Magistrate or other Officer within whose jurisdiction the search is to be made, and such Magistrate or other Officer shall thereupon endorse his name on such warrant and enforce its execution in the same manner as if the warrant had been issued by himself.

[গবর্ণমেণ্ট গেজেট : ১৮৫৯ : ১১ অক্টোবর।]

হেফাজৎহইতে ঐ আসামী পলায় কি তাহাকে ধৃত করাইয়া দেওয়া যায়, সেই লোক ঐ আসামীর পশ্চাৎ পুনরায় গিয়া, যে এলাকার মধ্যে হেফাজতে ছিল সে এলাকার কি অন্য কোন এলাকার যে কোন স্থানে হয়, সেই স্থানে তাহাকে পুনরায় ধরিয়া লইতে পারিবেক, ও প্রথমবার তাহাকে ধরিবার মতে তাহাকে লইয়া কার্য্য করিতে পারিবেক।

[প্রথমবার ধরিলে যে উপায়মতে কার্য্য করিতে পারে সেই উপায়মতে কার্য্য করিবার কথা।]

৬৩। ইহার পূর্ব্বের ধারামতে যে জন পুনরায় আসামীর পশ্চাৎ যায়, সে তাহাকে প্রথমবার ধরিবার সময়ে যেং উপায়মতে কার্য্য করিতে পারে, ঐ ধারার অভিপ্রায়মতে ঐ আসামীকে পুনরায় ধরিবার জন্যে সেইং উপায়মতে কার্য্য করিতে পারিবেক।

সপ্তম অধ্যায়।

তলাশী পরওয়ানার কথা।

[মাজিষ্ট্রেট সাহেব যে সময়ে দিতে পারেন তাহার কথা।]

৬৪। কোন মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা যে অপরাধ হইবার শোরে হইয়াছে তদ্বিষয়ে অন্য যে কার্য্যকারকের ক্ষমতা থাকে তিনি যদি বোধ করেন যে ঐ অপরাধের তদন্ত করিবার জন্যে কোন দ্রব্য উপস্থিতকরা আবশ্যক, তবে তিনি সেই দ্রব্য তলাশ করিবার পরওয়ানা দিবেন। ও সেই পরওয়ানা জারী করিবার জন্যে যে আমলার হাতে দেওয়া যায়, সে বাস করিবার কোন ঘরে কিম্বা অন্য কোন স্থানে তলাশ করিতে পারিবেক। এমত স্থলে মাজিষ্ট্রেট সাহেব যদি উচিত বোধ করেন, তবে যে ঘরে কি যে স্থানে, কিম্বা তাহার যে ভাগভিন্ন, অন্য স্থানে খুজিতে হইবেক না তাহা পরওয়ানাতে নির্দ্দিষ্ট করিবেন।

[যাহার নামে লিখিতে হইবেক তাহার কথা।]

৬৫। যে ঘরে কি অন্য স্থানে তলাশ করিতে হইবেক তাহা যে থানার এলাকার শামিল থাকে সেই থানার প্রধান কর্ম্মকারকের নামে, কিম্বা ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবার ভার মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক পোলীসের অন্য যে কার্য্যকারকের প্রতি অর্পণ করিতে চাহেন তাঁহার নামে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক ঐ পরওয়ানা দিবেন। পোলীসের থানার প্রধান কার্য্যকারকের নামে পরওয়ানা লেখা গেলে, যদি সেই কর্ম্মকারক আপনি সেই স্থানে যাইতে না পারেন, তবে ঐ প্রধান কর্ম্মকারকের তাবে পেয়াদার কি বরকন্দাজের উর্দ্ধশ্রেণীর কোন কর্ম্মকারক তাহা জারী করিতে পারিবেক।

[মাজিষ্ট্রেট সাহেবের এলাকার বাহিরে যেরূপে জারী হইবেক তাহার কথা।]

৬৬। যে মাজিষ্ট্রেট কিম্বা অন্য কার্য্যকারক পরওয়ানা দেন তাঁহার এলাকার বাহিরে যদি তলাশী পরওয়ানা জারী করিতে হয়, তবে যাঁহার এলাকার মধ্যে ঐ পরওয়ানা জারী করিতে হইবেক, সেই মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক আপনার নাম ঐ পরওয়ানার পৃষ্ঠে লিখিলে, ঐ পরওয়ানা জারী করিবার ভার যাহার প্রতি হইয়াছে তাহার তাহা জারী করিবার উপযুক্ত ক্ষমতা হইবেক। অথবা যে মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের এলাকার মধ্যে ঐ তলাশ করিতে হইবে, তাঁহার নামে ঐ পরওয়ানা লেখা যাইতে পারিবেক, তাহাতে সেই মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক ঐ পরওয়ানার পৃষ্ঠে আপনার নাম লিখিবেন, ও সেই পরওয়ানা আপনহইতে বাহির হইলে যে প্রকারে জারী করিতেন সেই প্রকারে তাহা জারী করিবেন।

[When a Magistrate may grant a search warrant out of his jurisdiction.]

67. Provided that in any case of emergency a Magistrate or other Officer may grant his warrant for the search of any thing concealed, or supposed to be concealed, in a dwelling or place out of his jurisdiction, and may direct that it be executed without obtaining the endorsement of a Magistrate or other Officer within whose jurisdiction the search is to be made. When a Magistrate or other Officer grants a warrant under this Section, he shall inform the Magistrate or other Officer of the district in which the dwelling or place to be searched is situate.

[Breaking of door.]

68. If the door of the dwelling or place be shut, the person charged with the execution of the warrant may proceed to break open the door, if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Breaking of a zenanah or female apartment.]

69. If the place ordered to be searched is a zenanah or female apartment in the actual occupancy of women, the Officer charged with the execution of the warrant shall give notice to any women in the zenanah that they are at liberty to withdraw, and, after giving such notice, and allowing a reasonable time for the women to withdraw, such Officer may enter the zenanah for the purpose of completing the search, using at the same time every precaution consistent with these provisions for preventing the clandestine removal of property.

[Search to be made in the presence of witnesses. Occupant of the place searched may attend.]

70. The search is to be made in the presence of two or more respectable inhabitants of the place in which the dwelling or place searched may be situate, and such persons shall subscribe their names to the report made to the Magistrate or other Officer; but such persons shall not be required to attend as witnesses unless specially summoned by order of the Magistrate or other Officer. The occupant of the house, or some person in his behalf, shall in every instance be permitted to attend during the search.

[Property &c. to be sent to the Magistrate.]

71. All property claimed as having been stolen, as well as all property suspected to have been stolen which is found on persons accused of robbery or theft or which is seized by Police Officers under suspicious circumstances, as also anything the production of which is essential to the conduct of an enquiry into an offence, shall be forwarded without delay, together with a list to the Magistrate.

[*Government Gazette*, 11*th October*, 1859.]

[মাজিষ্ট্রেট সাহেব আপনার এলাকার বাহিরে তলাশী পরওয়ানা যে অবস্থায় দিতে পারিবেন তাহার কথা।]

৬৭। পরন্তু অতিআবশ্যক স্থল হইলে, কোন বস্তু মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের এলাকার বাহিরের কোন ঘরে কি স্থানে যদি লুকাইয়া রাখা যায় কি লুকাইয়া রাখিবার শোরে হয়, তবে তিনি সেই এলাকায় ঐ দ্রব্য তলাশ করিবার পরওয়ানা দিতে পারিবেন। ও যাঁহার এলাকার মধ্যে ঐ তলাশ করিতে হইবেক সেই মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের নাম ঐ পরওয়ানার পৃষ্ঠে না লেখা গেলেও তাহা জারী হয় এমত হুকুম করিতে পারিবেন। যখন কোন মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক এই ধারামতে পরওয়ানা দেন, তখন যে ঘরে কি স্থানে তলাশ করিতে হইবেক, তাহা যাঁহার জিলার শামিল থাকে সেই মাজিষ্ট্রেট সাহেবকে কি অন্য কার্য্যকারককে আপনার ঐ কর্ম্মের সম্বাদ দিবেন।

[দ্বার ভাঙ্গিবার কথা।]

৬৮। ঐ বসত ঘরের কি স্থানের দ্বার যদি বন্দ থাকে, তবে ঐ পরওয়ানা জারী করিবার জন্যে যাহার হাতে দেওয়া যায়, সেই জন আপনার ক্ষমতার ও অভিপ্রায়ের কথা জানাইয়া প্রবেশ করিবার অনুমতি চাহিলে পর যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পায়, তবে দ্বার ভাঙ্গিয়া খুলিতে পারিবেক।

[অন্তঃপুরের দ্বার ভাঙ্গিবার কথা।]

৬৯। যে স্থানে তলাশ করিবার হুকুম হয় তাহা যদি অন্দর মহল হয়, কিম্বা যাহাতে স্ত্রীলোকেরা নিতান্ত আছে এমত অন্তঃপুর হয়, তবে পরওয়ানা জারী করিবার জন্যে যাহাকে দেওয়া যায় সেই আমলা অন্তঃপুরের স্ত্রীলোকেরদিগকে অন্য স্থানে চলিয়া যাইতে সম্বাদ দিবেক। ও সেই সম্বাদ দিলে পর, ঐ স্ত্রীলোকেরা অন্য স্থানে যাইতে পারে এমত উপযুক্ত কাল থাকিয়া, ঐ আমলা তলাশের কার্য্য সাঙ্গ করিবার জন্যে অন্তঃপুরে প্রবেশ করিতে পারিবে। ইতিমধ্যে ঐ দ্রব্য গোপনে স্থানান্তর না করা যায়, ইহার উপায় করিবে, কিন্তু সেই উপায় এই বিধির সঙ্গত হয়।

[সাক্ষিরদের সাক্ষাতে তলাশ হইবার কথা ও বাশেন্দার হাজির থাকিতে পারিবার কথা।]

৭০। যে বসতঘরে কি স্থানে তলাশ করিতে হয়, তাহা যে স্থানে থাকে সেই স্থানবাসি দুই কি ততোধিক জন সম্ভ্রান্ত লোকের গোচরে ঐ তলাশ করিতে হইবেক, ও মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের নিকটে যে রিপোর্ট করা যায় তাহাতে ঐ লোকেরদের দস্তখৎ করিতে হইবেক। কিন্তু সেই লোকেরদের সাক্ষিস্বরূপে আদালতে হাজির হইতে হইবেক না, কেবল মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের হুকুমক্রমে বিশেষমতে সমন হইলে তাঁহারদের হাজির হইতে হইবেক। তলাশ হইবার সময়ে ঐ ঘরের বাশেন্দার কিম্বা তাহার পক্ষে অন্য লোকের বর্ত্তমান থাকিবার অনুমতি সর্ব্বদাই হইবেক।

[ঐ দ্রব্যাদি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবার কথা।]

৭১। চোরা জিনিস বলিয়া যে সকল দ্রব্যের উপর কোন কাহার দাওয়া থাকে, ও লুট কি চুরী করিবার নালিশ যাহার নামে হয় তাহার বস্ত্রাদিতে চোরা জিনিস যাহা বোধ হয় এমত যে সকল দ্রব্য পাওয়া যায় তাহা, ও বিষয় বুঝিয়া যাহাতে শোরে হইতে পারে এমত যে সকল দ্রব্য পোলীসের কর্ম্মকারকেরা পায় তাহা, ও কোন অপরাধের তদন্ত লইবার কার্য্য চালাইবার জন্যে যে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক তাহা, সর্ব্বদাই ফর্দ্দসমেত অব্যাজে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।

[Search of house &c. suspected to contain forged documents, &c.]

72. If a Magistrate, upon information and after such enquiry as he may think necessary, has reason to believe that any house, room, or other place is used as a place of deposit or sale or as a place for the manufacture of forged documents or counterfeit Government stamps or counterfeit coin, or that any forged documents or counterfeit stamps or false seals or any counterfeit coin or instruments used for counterfeiting coin, are kept or deposited in any house, room, or other place, he may by his warrant authorize any Officer of Police above the rank of a peon or burkundaz to enter, with such assistance as may be found necessary, by night or by day, and by force if necessary, any such house, room, or other place, and to search in manner aforesaid all such parts of the same as shall be specified in the warrant, and to seize and take possession of all documents, stamps, seals, or coins therein found which he may reasonably suspect to be forged, false, or counterfeit, and also of all such instruments as aforesaid.

[জালকরা দলীলপ্রভৃতি কোন ঘরাদিতে থাকিবার শোবে হইলে তাহাতে তলাশ করিবার কথা।]

৭২। কোন ঘরে কি কামরাতে কি অন্য স্থানে জালকরা দলীল কি জালকরা গবর্ণমেণ্টের ইষ্টাম্প কি কৃত্রিম মুদ্রা রাখা গিয়া থাকে কি বিক্রয় হইয়া থাকে কি করা গিয়া থাকে, কিম্বা কোন ঘরে কি কামরাতে কি অন্য স্থানে কোন জালকরা দলীল কি জালকরা ইষ্টাম্প কি কৃত্রিম মোহর কিম্বা কোন কৃত্রিম মুদ্রা কিম্বা মুদ্রা কৃত্রিম করিবার কোন যন্ত্র রাখা গিয়াছে কি গচ্ছিত করা গিয়াছে, কোন মাজিষ্ট্রেট সাহেব যদি এই কথা শুনিতে পান, ও যে তদন্ত লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইবার পরে যদি সেই কথায় বিশ্বাস করিবার কারণ জানেন, তবে তিনি পোলীসের পেয়াদা কি বরকন্দাজের উপর কোন আমলাকে পরওয়ানা দিয়া এই ক্ষমতা দিতে পারিবেন যে, আবশ্যকমতে সাহায্য করিবার লোকাদি লইয়া রাত্রিতে কি দিনে সেইরূপ কোন ঘরে কি কামরাতে কি অন্য স্থানে প্রবেশ করিয়া, ও আবশ্যক হইলে জোর করিয়া প্রবেশ করিয়া, ঐ ঘরাদির যে২ স্থান পরওয়ানাতে নির্দ্দিষ্ট থাকে সেই সকল স্থানে পূর্ব্বোক্তমতে তলাশ করে, ও জালকরা কি কৃত্রিম বলিয়া যাহা উপযুক্তমতে বোধ হইতে পারে এমত যে সকল দলীল কি ইষ্টাম্প কি মোহর কি মুদ্রা তাহাতে পায় তাহা সমুদয়, ও পূর্ব্বোক্তমতের যে সকল যন্ত্র পায় তাহাও জব্দ করিয়া রাখে।

CHAPTER VIII.

Preliminary Enquiry by the Police.

অষ্টম অধ্যায়।

পোলীসের আমলার দ্বারা প্রথম স্থলের তদন্ত লইবার বিধি।

[Offences cognizable by Head Officer of a Police Station.]

73. The Head Officer of a Police Station may take cognizance, without orders from the Magistrate, of any of the undermentioned offences punishable under the Penal Code, namely :

Chapter VII., Offences relating to the Army and Navy.

Chapter VIII., Offences against the public tranquillity, except the offences described in Sections 14 and 15.

Chapter IX., the offences by or relating to public servants described in Sections 10 and 12.

Chapter X., contempts of the lawful authority of public servants so far as regards offences committed in contempt of his own authority.

Chapter XI., the offences against public justice described in Sections 21, 24, 32, 34, 35, and 37.

Chapter XII., offences relating to Coin and Government Stamps, except the offences described in Sections 32, 33, 34, and 35.

Chapter XIII., offences relating to Weights and Measures.

Chapter XIV., the offences affecting the public health, safety, convenience, decency, and morals described in Sections 2, 3, 10, 11, 12, 13, 14, 15, 17, 18, 20, 21, 24, 25, and 26.

Chapter XV., the offences relating to Religion, described in Sections 1, 2, and 3.

[পোলীসের থানার প্রধান কর্ম্মকারকের বিচার্য্য অপরাধের কথা।]

৭৩। দণ্ডবিধির আইনমতে নীচের লিখিত যে২ অপরাধের দণ্ড হইতে পারে তাহার বিচার পোলীসের থানার প্রধান কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবের স্থানে আজ্ঞা না পাইলেও, করিতে পারিবেন। অর্থাৎ

৭ অধ্যায়ে, পল্টনের ও যুদ্ধজাহাজের সম্পর্কীয় সকল অপরাধ।

৮ অধ্যায়ে, সর্ব্ব সাধারণের শান্তি ভঙ্গনের অপরাধ, কিন্তু ১৪ ও ১৫ ধারার নির্দ্দিষ্ট অপরাধ নয়।

৯ অধ্যায়ের ১০ ও ১২ ধারাতে সরকারী কার্য্যকারকেরদের দ্বারা কি তাঁহারদের সম্পর্কীয় যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা।

১০ অধ্যায়ে, সরকারী কার্য্যকারকেরদের আইনমতের ক্ষমতার অবজ্ঞা করণ। অর্থাৎ সেই প্রধান কর্ম্মকারকের নিজ ক্ষমতার অবজ্ঞা করিয়া যে অপরাধ হয় তাহা।

১১ অধ্যায়ের ২১ ও ২৪ ও ৩২ ও ৩৪ ও ৩৬ ও ৩৭ ধারাতে সাধারণ লোকেরদের ন্যায় বিচারের বাধক যে অপরাধ হয় তাহা।

১২ অধ্যায়ে, মুদ্রার ও গবর্ণমেণ্টের ইষ্টাম্পসম্পর্কীয় অপরাধ। কিন্তু ৩২ ও ৩৩ ও ৩৪ ও ৩৫ ধারাতে যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা নয়।

১৩ অধ্যায়ে, ওজন ও মাপ করিবার বাটখারাপ্রভৃতিসম্পর্কীয় অপরাধ।

১৪ অধ্যায়ের ২ ও ৩ ও ১০ ও ১১ ও ১২ ও ১৩ ও ১৪ ও ১৫ ও ১৭ ও ১৮ ও ২০ ও ২১ ও ২৪ ও ২৫ ও ২৬ ধারাতে সর্ব্ব সাধারণের স্বাস্থ্যের ও নিরাপদের ও অঙ্গের ও লজ্জার ও সুনীতির বিরুদ্ধ যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা।

১৫ অধ্যায়ের ১ ও ২ ও ৩ ধারাতে ধর্ম্মসম্পর্কীয় যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ অক্টোবর।]

Chapter XVI., offences affecting the Human Body, except the offences described in Sections 14, 15, 16, 17, 18, 47, 52, 53, 54, 55, 56, 57, 58, 59, 60, 61, 62, and 63.

Chapter XVII., offences against property, except the offences described in Sections 5, 6, 7, 8, 9, 10, 11, 25, 26, 27, 28, 29, 30, 36, 37, 38, 39, 40, 41, 42, 43, 44, 45, 46, 47, 48, 49, 50, 51, and 52.

১৬ অধ্যায়ে, মানুষের গাত্রসম্পর্কীয় যে অপরাধ তাহা, কিন্তু ১৪ ও ১৫ ও ১৬ ও ১৭ ও ১৮ ও ৪৭ ও ৫২ ও ৫৩ ও ৫৪ ও ৫৫ ও ৫৬ ও ৫৭ ও ৫৮ ও ৫৯ ও ৬০ ও ৬১ ও ৬২ ও ৬৩ ধারাতে যে অপরাধসকল নির্দ্দিষ্ট হইয়াছে তাহা নয়।

১৭ অধ্যায়ে সম্পত্তির হানির অপরাধ। কিন্তু ৫ ও ৬ ও ৭ ও ৮ ও ৯ ও ১০ ও ১১ ও ২৫ ও ২৬ ও ২৭ ও ২৮ ও ২৯ ও ৩০ ও ৩৬ ও ৩৭ ও ৩৮ ও ৩৯ ও ৪০ ও ৪১ ও ৪২ ও ৪৩ ও ৪৪ ও ৪৫ ও ৪৬ ও ৪৭ ও ৪৮ ও ৪৯ ও ৫০ ও ৫১ ও ৫২ ধারাতে যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা নয়।

[Police Officers to make enquiry into certain offences only when directed to do so by Magistrate.]

74. Police Officers shall not without express orders from the Magistrate take cognizance of any offences punishable under the Penal Code other than those above described or under any special or local law. But it shall be competent to the Magistrate, upon the report of a Police Officer or otherwise, to direct enquiry to be made by the Officers of Police into any offence punishable under the Penal Code or under any special or local law.

[মাজিষ্ট্রেট সাহেবের স্থানে আজ্ঞা না পাইলে পোলীসের কর্ম্মকারকেরদের কোন২ অপরাধের তদন্ত না লইবার কথা।]

৭৪। দণ্ডবিধির আইনমতে কিম্বা কোন বিশেষ কি স্থানবিশেষের আইনমতে যে২ অপরাধের দণ্ড হইতে পারে, তাহার মধ্যে পূর্ব্বের ধারার লিখিত অপরাধ ভিন্ন পোলীসের কর্ম্মকারকেরা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে স্পষ্ট আজ্ঞা না পাইলে অন্য কোন অপরাধের বিচার করিবেন না। কিন্তু পোলীসের কোন কর্ম্মকারকের রিপোর্টমতে কিম্বা অন্য কোন প্রকারে মাজিষ্ট্রেট সাহেব দণ্ডবিধির আইনমতের কিম্বা বিশেষ কি স্থানবিশেষের কোন আইনমতের দণ্ডনীয় কোন অপরাধের তদন্ত পোলীসের কর্ম্মকারকেরদের দ্বারা হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[Upon complaint preferred, Head Officer to proceed in person or depute a Subordinate Officer to make enquiry.]

75. Upon complaint or information being preferred to a Head Officer of a Police Station of the commission within his jurisdiction of any offence of which such Officer is empowered to take cognizance, he shall proceed in person, or depute one of his Subordinate Officers to proceed to the spot to enquire into the facts and circumstances of the case, and to take such measures as may be necessary for the discovery or apprehension of the offenders.

[নালিশ হইলে প্রধান কর্ম্মকারকের তদন্ত করিবার জন্যে নিজে যাইবার কিম্বা অধীন কোন কর্ম্মকারককে পাঠাইবার কথা।]

৭৫। পোলীসের থানার প্রধান কর্ম্মকারক যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন, এমত কোন অপরাধ তাঁহার এলাকার মধ্যে হইয়াছে এমত নালিশ তাঁহার নিকটে করা গেলে কিম্বা তাহার সম্বাদ পাইলে, ঐ কর্ম্মকারক ঐ মোকদ্দমার বৃত্তান্তের ও ভাবগতিকের তদন্ত লইবার জন্যে ও অপরাধিরদের সন্ধান লইবার কি তাহারদিগকে গ্রেফ্তার করিবার জন্যে যে২ কর্ম্ম আবশ্যক হয় তাহা করিবার জন্যে, আপনি সরেজমীনে যাইবেন কিম্বা আপনার তাবেদার কোন কর্ম্মকারককে পাঠাইবেন।

[Except in cases of a trivial nature where local enquiry not necessary.]

76. Provided that when complaint is made against any person by name and the case is not of a serious nature, it shall not be incumbent on the Head Officer of a Police Station to proceed in person or to depute a Subordinate Officer to make an enquiry on the spot unless such local enquiry shall appear to be necessary.

[কিন্তু ক্ষুদ্র প্রকারের মোকদ্দমায় সরেজমীনে তদারকের আবশ্যক না হইলে এ বিধি না খাটিবার কথা।]

৭৬। কিন্তু যদি কোন লোকের নাম করিয়া নালশ হয়, ও মোকদ্দমা ভারি প্রকারের না হয়, তবে সরেজমীনে তদারক করিবার জন্যে পোলীসের থানার প্রধান কর্ম্মকারকের নিজে যাইবার কিম্বা তাবেদার কোন আমলাকে পাঠাইবার প্রয়োজন হইবে না। কেবল সরেজমীনের সেই প্রকারের তদারক আবশ্যক হইলে যাইবেন কি অন্য আমলাকে পাঠাইবেন।

[Complaint &c. to be in writing.]

77. Every complaint on information preferred to a Head Officer of a Police Station shall be reduced to writing and entered in the Diary kept by such Officer.

[নালিশপ্রভৃতি লিখিয়া করিবার কথা।]

৭৭। পোলীসের থানার প্রধান কর্ম্মকারকের নিকটে যে অপরাধের সম্বাদ মুখে কহিয়া প্রকাশ হয় তাহা লিখিয়া লইতে হইবে, ও ঐ কর্ম্মকারকের যে রোজনামা বহী থাকে তাহাতে লিখিতে হইবে।

[Issue of warrant by Head Officer.]

78. A Head Officer of a Police Station may issue a warrant for the arrest of any person who is accused or against whom there may be reasonable ground of suspicion of having been concerned in the commission of any offence of which such Officer is empowered to take cognizance, and the provisions respecting warrants contained in Chapters IV. and

[প্রধান কর্ম্মকারকের পরওয়ানা জারী করিবার কথা।]

৭৮। পোলীসের থানার প্রধান কর্ম্মকারক যে অপরাধের বিচার করিবার ক্ষমতাপন্ন হন, এমত কোন অপরাধ করিবার নালিশ যাহার নামে হয়, কিম্বা যাহার উপর ঐ অপরাধ করিবার শোবে উপযুক্তমতে হইতে পারে তাহাকে গ্রেফ্তার করিতে ঐ কর্ম্মকারক পরওয়ানা দিতে পারিবেন। ৪ ও ৫ অধ্যায়েতে পরওয়ানার

V. shall be applicable to warrant issued by such Officers.

যে২ বিধি আছে তাহা ঐ কর্ম্মকারকেরদের দেওয়া পরওয়ানার উপর খাটিবে।

[Witnesses to be summoned.]

[সাক্ষিদিগকে সমন করিবার কথা।]

79. The Head Officer of a Police Station may also issue summonses for the attendance of any persons who from the statement of the complainant or otherwise appear to be acquainted with the facts and circumstances of the case.

৭৯। মোকদ্দমার বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনা জ্ঞাত আছে বলিয়া ফরিয়াদীর কথামতে কিম্বা অন্য কোন প্রকারে যাহারদের বিষয়ে এইরূপ বোধ হয়, তাহারদের হাজির হইবার জন্যে পোলীসের থানার প্রধান কর্ম্মকারক সমনও জারী করিতে পারিবেন।

[Issue of Search Warrants by Head Officer.]

[প্রধান কর্ম্মকারকের দ্বারা তলাশী পরওয়ানা জারী হইবার কথা।]

80. The provisions in Chapter VII. respecting search warrants, shall be applicable to search warrants issued by a Head Officer of a Police Station.

৮০। পোলীসের থানার প্রধান কর্ম্মকারক তলাশ করিবার যে পরওয়ানা দেন তাহার উপর ৭ অধ্যায়ের তলাশী পরওয়ানার বিধি খাটিবে।

[Search warrant when grantable by a Head Officer of Police.]

[পোলীসের প্রধান কর্ম্মকারক যে গতিকে তলাশী পরওয়ানা দিতে পারিবেন তাহার কথা।]

81. Whenever a Head Officer of a Police Station shall consider that the production of any thing will be essential to the conduct of an enquiry into any offence which he is authorized to enquire into, he may grant his warrant to search for such thing in any dwelling or place within his division which shall be specified in his warrant; and it shall be lawful for the Officer legally charged with the execution of such warrant to search for such thing in such dwelling or place.

৮১। পোলীসের থানার প্রধান কর্ম্মকারক যে অপরাধের তদন্ত লইতে ক্ষমতাপন্ন হন, এমত কোন অপরাধের তদন্তের কার্য্য চালাইবার জন্যে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক এমত যদি বোধ করেন, তবে আপন এলাকার শামিল কোন বসত ঘরে কিম্বা স্থানে ঐ দ্রব্য তলাশ করিবার জন্যে পরওয়ানা দিতে পারিবেন, কিন্তু সেই ঘর কি স্থান ঐ পরওয়ানাতে নির্দ্দিষ্ট করিতে হইবেক। তাহাতে ঐ পরওয়ানা জারী হইবার জন্যে যে আমলার হাতে আইনমতে দেওয়া যায়, সে ঐ ঘরে কি স্থানে ঐ দ্রব্য তলাশ করিতে পারিবে।

[How to be executed.]

[যে প্রকারে জারী করিতে হইবে তাহার কথা।]

82. The Head Officer shall, if practicable, conduct the search in person; but if unable to proceed in person, shall direct his warrant to any Police Officer of his division above the rank of a peon or burkundaz.

৮২। ঐ প্রধান কর্ম্মকারক আপনি হাজির হইয়া ঐ তলাশ করাইতে পারিলে করিবেন। কিন্তু যদি আপনি যাইতে না পারেন তবে আপন থানার পোলীসের পেয়াদা কি বরকন্দাজের উপর কোন আমলার নামে ঐ পরওয়ানা লিখিয়া দিবেন।

[When a Head Officer may require a Head Officer of another division to issue a search warrant.]

[প্রধান কর্ম্মকারক যদি অন্য থানার প্রধান কর্ম্মকারকের দ্বারা তলাশী পরওয়ানা জারী করাইতে চাহেন তবে তাহার কথা।]

83. A Head Officer of a Police Station may require the Head Officer of another Police Station, whether subject to the same Magistrate as himself or to the Magistrate of any other district, to issue a search warrant in any case in which he may issue such warrant himself.

৮৩। পোলীসের থানার কোন কর্ম্মকারক আপনি যে মোকদ্দমায় তলাশী পরওয়ানা জারী করাইতে পারেন সেই মোকদ্দমায়, আপনি যে মাজিষ্ট্রেট সাহেবের তাবে থাকেন তাঁহার, কিম্বা অন্য কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন অন্য পোলীসের থানার প্রধান কর্ম্মকারককে তলাশী পরওয়ানা জারী করিতে আদেশ করিতে পারিবেন।

[Police may pursue offenders into other jurisdictions.]

[পোলীসের কর্ম্মকারকেরদের অন্য২ এলাকায় অপরাধিরদের পশ্চাতে যাইতে পারিবার কথা।]

84. It shall be lawful for the Head or other Officer of Police to pursue persons accused of the offences described in Section 73 into the jurisdiction of another Head Officer of a Police Station whether subject to the same Magistrate as himself or to the Magistrate of any other district, whether such place be within the same Presidency or under the same local Government or not.

৮৪। ৭৩ ধারাতে যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা করিবার নালিশ যাহার নামে হয়, তাহাকে ধরিবার জন্যে পোলীসের প্রধান কি অন্য কর্ম্মকারক আপনিষে মাজিষ্ট্রেট সাহেবের তাবে থাকেন তাঁহার অধীন কিম্বা অন্য কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন পোলীসের থানার অন্য প্রধান কর্ম্মকারকের এলাকার মধ্যের কোন স্থান একি রাজধানীর কিম্বা স্থানবিশেষের একি গবর্ণমেণ্টের অধীনে হউক কি না হউক, সেই স্থানে তাহার পশ্চাতে যাইতে পারিবেন।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ অক্টোবর।]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 29.

From E. T. Trevor, Esquire, Secretary to the Board of Revenue, L. P. to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 9th August 1859.

With reference to Circular Order, No. 25, dated 29th ultimo, I am directed to inform you that as under the provisions of Article XIII. Schedule A and Article I. Schedule B Regulation X. of 1829, Security Bonds in rent cases must be on stamp paper of 8 annas value, indents for the forms marked D in the Schedule attached to Act X. of 1859, should not be made on the Lithographic Press.

(Signed) E. T. Trevor,

Secretary

No. 30.

MEMORANDUM.

It is requested that the following alterations may be made in Rules 2 and 3 of the General Rules regarding Settlements in the Board's Abkarry Series.

Rule 2. The words "liquors and" to be inserted between the words "intoxicating" and "drugs."

Rule 3. The words "spirit or liquor" to be inserted between the words "new" and "shop."

(Signed E. T. Trevor,

Secretary.

Board of Revenue,
Fort William, the 23rd August 1859.

No. 31.

From E. T. Trevor, Esquire, Secretary to the Board of Revenue, L. P. to all Commissioners of Revenue for the Division of

Dated Fort William, the 2nd September 1859.

Rule 6, Page 216 of the Abkaree Series respecting the safe custody of Abkaree Opium in store appears to the Board to require slight modification, as it may happen that in some districts there is not room for the annual supply "in the Revenue Treasury of the District." After the word District the words "or some other secure place" should be added.

2. In those Districts where a room can be set apart for the store Opium the Collector will always have a lock on the door of that room, the key of which will remain in his own possession, and where such accommodation is not forthcoming the Opium should be stored in some secure place railed in from the ceiling to the floor, and with a door upon which the Collector will have a lock as above directed.

3. You are requested to report on your circuit next cold weather what arrangements have been made in each District for the safe custody of the Abkaree Opium in pursuance of these orders.

(Signed) E. T. Trevor,

Secretary.

[*Government Gazette, 11th October*, 1859.]

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রুবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৯ আগষ্ট।

গত মাসের ২৯ তারিখের ২৫ নম্বরের সরক্যুলর অর্ডরের উপলক্ষে তোমাকে এই কথা জানাইতে আদেশ পাইয়াছি। ১৮২৯ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ১৩ প্রকরণের ও B চিহ্নিত তফসীলের ১ প্রকরণের বিধানমতে, খাজানার মোকদ্দমায় যে জামিনী খৎ দেওয়া যায় তাহা ৮ আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। অতএব ১৮৫৯ সালের ১০ আইনের তফসীলে D চিহ্নের যে পাঠ আছে তাহার জন্যে পাতরীয়া ছাপাখানাতে পত্র পাঠাইতে হইবেক না।

ই টি ট্রুবর। সেক্রেটারী।

৩০ নম্বর।

স্মরণার্থ সরক্যুলর।

বোর্ডের সাহেবেরদের আবকারী বিধিশ্রেণীতে বন্দোবস্ত করিবার যে সাধারণ বিধি আছে তাহার ২ ও ৩ দফাতে এই২ কথার পরিবর্ত্তন করিবার আদেশ হইতেছে।

২ দফাতে। "মাদক" এই শব্দের আগে "শরাব ও" এই শব্দ দিতে হইবেক।

৩ দফাতে। "এমত কোন" এই শব্দের আগে "মদিরার কি উগ্র শরাবের" এই শব্দ দিতে হইবেক।

ই টি ট্রুবর। সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ২৬ আগষ্ট।

৩১ নম্বর।

অমুক২ এলাকার সকল শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রুবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ২ সেপ্টেম্বর।

আবকারীর যে আফীন মৌজুদ থাকে তাহার ভালমতে রক্ষা করিবার বিষয়ে আবকারীর বিধিশ্রেণীর ২২২ পেজের ৬ দফাতে যে বিধি আছে তাহার কিঞ্চিৎ মতান্তর করা, বোর্ড রেবিনিউর সাহেবেরদের বিবেচনাতে উচিত। কেননা কোন২ জিলাতে বৎসরে২ যে আফীন আনা যায় তাহা "জিলার রাজস্বের খাজানাখানাতে" রাখিবার স্থান না থাকে এমত হইতেও পারে। অতএব ঐ "খাজানাখানাতে" শব্দের পরে "কিম্বা অন্য নির্ব্বিঘ্ন স্থানে" এই শব্দ দিতে হইবেক।

২। যে আফীন মৌজুদ রাখিতে হয় তাহা রাখিবার জন্যে যদি কোন জিলাতে আলাহিদা এক ঘর পাইতে পারা যায়, তবে কালেক্টর সাহেব সেই ঘরের দ্বারে সর্ব্বদা তালা দিয়া রাখিবেন ও তাহার চাবী তাঁহারই কাছে থাকিবেক। যদি সেই প্রকারের ঘর না পাওয়া যায়, তবে নির্ব্বিঘ্ন কোন স্থানে রাখিতে হইবেক, ঐ স্থানের ছাতঅবধি মেজ্যাপর্য্যন্ত রেল থাকিবেক, ও তাহার দ্বারে কালেক্টর সাহেবের উক্ত আদেশমতে তালা দেওয়া থাকিবেক।

৩। আগামি শীতকালে যখন দওরায় যাইবা, তখন এই হুকুমমতে আবকারী আফীন নিরাপদে রাখিবার জন্যে এক২ জিলাতে যে সকল বিঘ্ন হইয়াছে তাহার রিপোর্ট করিবা। তোমাকে এই আদেশ হইতেছে।

ই টি ট্রুবর। সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৫৭২৪ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১৯ সেপ্টেম্বর।

শাহাবাদে বন্দোবস্তী কার্য্যকারক শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonell,) ১৮২২ সালের ৭ আইনানুসারে উক্ত জিলাতে কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

ডাকাইতী নিবারণের কমিস্যনর সাহেবের অধীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কোবর্ণ সাহেব (Mr. J. Cockburn,) মুরশিদাবাদে প্রেরিত হইয়াছেন, সেই স্থানে তিনি ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২১ সেপ্টেম্বর।

শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী নাটোরে দলীল-দস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৯ সাল ২২ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ বেল সাহেব (Mr. H. Bell,) মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি ওয়ালটন সাহেব (Mr. T. Walton,) সেরাজগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারাতে আসিষ্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে পাবনা ও বগুড়াতে কার্য্য করিবেন।

শ্রীযুত ডবলিউ কেম্বেল সাহেব (Mr. W. Kemble,) দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব (Mr. N. S. Alexander,) সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier,) কিঞ্চিৎ কালের নিমিত্তে পুরীর দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিচারের রেজিষ্ট্রার হইবেন।

আরাকাণের রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যকারক শ্রীযুত জে এচ ওডনেল সাহেব (Mr. J. H. O'Donel,) মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

তত্ত্বাবধায়ক শ্রীযুত জে রুনি সাহেব (Overseer J. Rooney,) দানাপুর এলাকাইতে উত্তরপশ্চিম দেশে যাইবার বড় রাস্তার প্রথম অংশে নিযুক্ত হইয়াছেন।

তত্ত্বাবধায়ক শ্রীযুত টি ও হণ্ট সাহেব (Overseer T. O. Hunt,) দারজিলিঙ্গহইতে সরকারী রাস্তাবন্দীর দানাপুর এলাকায় নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৯ সাল ২০ সেপ্টেম্বর।

সদর আদালতের জজ শ্রীযুত ই এ সামুএল্‌স সাহেব (Mr. E. A. Samuells,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে আগামি মাসের ২৭ তারিখঅবধি নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব সেণ্ট জানমামক গির্জ্জার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে কোলি সাহেবকে (Reverend J. Coley.) যে তিন মাসের ছুটী দিয়াছিলেন তাহা ১৮৫৬ সালের ৪ নবেম্বর তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে মঞ্জুর হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ অক্টোবর।]

১৮৫৯ সাল ২১ সেপ্টেম্বর।

রাজশাহীর জজ শ্রীযুত এস এস জাকসন সাহেব (Mr. L. S. Jackson,) আপন সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার সদর আমীন শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দের প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে আগামি মাসের ১৫ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

মদেপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কষ্টলি সাহেব (Mr. W. C. Costley,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারানুসারে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২২ সেপ্টেম্বর।

চাটিগাঁয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সারসন সাহেব (Mr. W. Sarson,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে আগামি নবেম্বর মাসের ১ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

নিম্নের লিখিত কার্য্যকারকেরা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন। বিশেষতঃ

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মীর্জ্জা মহম্মদ শাদি।

সারণের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত সেখ আলী আজীম।

ঢাকার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী জাহির উদ্দীন মহম্মদ।

৫৮১৩ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৩ সেপ্টেম্বর।

শ্রীযুত এফ জি মিলেট সাহেব (Mr. F. G. Millett,) মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন। এবং ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারাতে আসিষ্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহার ও ১৮৫৯ সালের ১০ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ভবানীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ রাইলাণ্ড সাহেব (Mr. W. H. Ryland,) পোলীসের কর্ম্ম ত্যাগ করিয়া ১৮৫১ সালের ১০ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

তেঁতুলিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব (Mr. T. A. Donough) পোলীসের কর্ম্ম ত্যাগ করিয়া ১৮৫৯ সালের ১০ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

১৮৫৯ সাল ২৪ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের রেজিষ্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

কেন্দ্রপাড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্য্যোধন দাস মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে নির্দ্দিষ্ট আছে তাহা কটক জিলাতে প্রাপ্ত হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৩ সেপ্টেম্বর।

জামালপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি জে মলটবি সাহেব (Mr. T. J. Maltby,)

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৪ সেপ্টেম্বর।

সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ওরিমেন্ট্রানসর শ্রীযুত এফ এল বোফর্ট সাহেব (Mr. F. L. Beaufort,) আপন সিরিশ্‌তার কর্ম্মের ভার রেবিনিউ বোর্ডের সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের (Mr. E. T. Trevor,) প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত ট্রেবর সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত বোফর্ট সাহেবের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

ময়মুনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) গত মাসের ১৫ তারিখে যে ছুটী পান তাহা রহিত হইয়া নিয়মিত ছুটীর দুই মাস ও ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চারি সপ্তাহের বিশেষ ছুটী পাইয়াছেন।

ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের একটিং ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ ফের সাহেব (Lieutenant W. Phaire,) গত মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

বাণ্ডণ্ডীর নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) আপন কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু জগদীশনাথ রায় আপন সিরিশ্‌তার কর্ম্মের ভার তমলুকের নিমক এজেণ্টের আসিষ্টাণ্ট শ্রীযুত হটন সাহেবের (Mr. Houghton,) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন। উক্ত সাহেব বাবু জগদীশনাথ রায়ের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জলেশ্বরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এল ওয়েন সাহেব (Mr. W. L. Owen,) আপন সিরিশ্‌তার কর্ম্মের ভার অতিরিক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ ডবলিউ জে বায়র সাহেবের (Mr. H. W. J. Bamber,) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত বায়র সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

হুগলীর ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ওয়াজুল্লা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

নিম্নের লিখিত কার্য্যকারকেরা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন বিশেষতঃ

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন।

যশোহরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা।

চাটিগাঁয়ের একটিং সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন।

১৮৫৯ সাল ২৭ সেপ্টেম্বর।

রঙ্গপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি কে পুল সাহেব (Mr. G. K. Poole,) ঐ মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার এতদ্দেশীয় ডাক্তর শ্রীযুত ফাইজ মহম্মদের প্রতি অর্পণ করিয়া ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী অহম্মদ আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারানুসারে পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৮ সেপ্টেম্বর।

কলিকাতার খালের মামুলের কালেক্টর শ্রীযুত জে এফ গেলিফ সাহেব (Mr. J. F. Galiffe,) আপন সিরিশ্‌তার কর্ম্মের ভার শ্রীযুত পেন সাহেবের (Mr. Paine,) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন। গেলিফ সাহেবের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত পেন সাহেব কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৪ সেপ্টেম্বর।

শ্রীযুত পাদরি এম ডি সি ওয়ালটর্স সাহেব (Rev. M. D. C. Walters,) কিঞ্চিৎ কালের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৫৯ সাল ২৮ সেপ্টেম্বর।

ময়মুনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আহম্মদ বর্ত্তমান মাসের ৮ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব যেরূপে ১৮৫৯ সালের ৮ আইন গত জুন মাসের ২৫ তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনমতে দক্ষিণপশ্চিম অঞ্চলের এজেণ্টের অন্যান্য জিলায় জারী করিয়াছিলেন সেইরূপে সিংহভূম জিলায় ধোলভূম মহালে জারী করিয়াছেন।

৫৮৬৩ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৪ সেপ্টেম্বর।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস সি হামটন সাহেব (Mr. S. C. Hampton,) হাজারীবাগে ও মানভূমে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ১ অক্টোবর।

শ্রীযুত টি এ সি ফরমিঙ্গর সাহেব (Reverend T. A. C. Firminger,) চুঁচুড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৭ সেপ্টেম্বর।

সাঙ্গাল পরগনার আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত সি ডবলিউ উইলমট সাহেব (Mr. C. W. Wilmot,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে যে ছুটী পান তাহার অধিক তিন দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণমতে দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ইয়াহ্‌জান হুসেন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দেড় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৮ সেপ্টেম্বর।

ভারতবর্ষের নিমিত্তে রাজ্যের শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী সাহেবের গত মাসের ১১ তারিখের ৮১

[*Government Gazette, 11th October,* 1859.]

DOUBLE COLOUR PAGE

সম্বরের পত্রহইতে গৃহীত এই কথা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

তোমারদিগকে জ্ঞাত করিতেছি যে শ্রীযুত আর এচ রসেল সাহেবকে (Mr. R. H. Russell,) দেওয়ানীর সিরিশ্তায় আপনার কর্ম্মে ফিরিয়া যাইতে দিয়াছি ও শ্রীযুত রাস এল মাঙ্গলস সাহেবকে (Mr. Ross L. Mangles,) অধিক ছয় মাসের ছুটী দিয়াছি।"

১৮৫৯ সাল ১ অক্টোবর।

শ্রীযুত পাদরি সি ই হাডো সাহেব (Reverend C. E. Hadow,) উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তমং গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি ক্রয় হইয়াছিল ও সমূহ লোক আগত হইয়াছিল ইতি।

আর ষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদিগের ইশ্তিহার।

FOR SALE.

The Law library of Baboo Loknath Bose, rendered most useful by his Notes and Memo. Apply to the owner at Baugbazar in Calcutta.

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আগড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ সং	২৷৷০	কাজীর বিচার	৷৷০
নূতনাভিধান ২০০০০ ঐ	১৲	অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর	
অমরার্থ দীধিতি	১৷৷০	মানসিংহ চৌরপঞ্চাশত এক	
হরিভক্তি বিলাস সটীক	১০৲	জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি	১
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ		রোবক ও হকিম মৌলবী	
গৌড়ীয় ভাষায় ১ অবধি		আবদুল মজিদকৃত পারস্য	
২৪ সংখ্যাপর্য্যন্ত	৷৷৹	ভাষার অভিধান	৪০
এবং প্রতিমাসে একং খণ্ড		রিচার্ডসন কৃত ইং পারস্য	
প্রকাশ হইতেছে	৷০	এবং পারস্য ও ইংরিজিস্-	
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত	১।২।৩	নরি ২ বালম	৫০
৪।৫।৬।৭।৮।৯ স্কন্ধ-৪৷৷০		রোম দেশীয় ইতিহাস	৬৲
যোগবাশিষ্ঠ১মাং২৬ সর্গ	৪	গ্রীক দেশীয় ঐ ঐ	৩৲
গীতাবলি	৷০	ইংলণ্ড দেশীয় ঐ ঐ	৩৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা	১ খণ্ড ৪	ভারতবর্ষীয় ঐ ঐ	৩৲
সপ্তকাণ্ড রামায়ণ প্রং	২	শিবসংকীর্ত্তন	১
আরব্যোপাখ্যান, ১ নাং ৫, পঞ্চম খণ্ডে	৫	ইংরাজী শকুন্তলা	১
অপূর্ব্বোপাখ্যান,২১ প্রং	২	প্রবোধচন্দ্র নাটক	১
বত্রিশ সিংহাসন, গদ্য	১	পুরাণের অনুক্রমণিকা	৷০
আচ্যকৃত ইংবাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসমূলিত ৭২০ পৃষ্ঠা		হিতোপদেশ ইং বাং সং	২
এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই	৫	শিশুবোধক ১ ২ ৩	
		শব্দমঞ্জরী	
		নামমালা	
129. If on the attachment of the property the witness shall appear and satisfy the Magistrate that he did not abscond or conceal himself for the purpose of avoiding the service of the warrant, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Magistrate shall direct that the property be released from attachment, and shall make such order in regard to the costs of the attachment as he shall deem fit. If such witness shall not appear, or appearing, shall fail to satisfy the Magistrate that he did not abscond or conceal himself for the purpose of avoiding the service of the warrant and that he had not such notice of the proclamation as aforesaid, it shall be lawful for the Magistrate to order the property attached, or any part thereof, to be sold for the purpose of satisfying all costs incurred in consequence of such attachment, together with the amount of any fine which

অস্বীকার করিবার কোন প্রকৃত ওজর প্রকাশ না হয়, তবে ঐ সমন সেই ব্যক্তিরই উপর জারী হইয়াছে, কিম্বা তাহার নিমিত্তে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের হাতে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ পাইলে পর, মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে সাক্ষ্য দিবার জন্যে সেই ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইবার নিমিত্তে আপনার দস্তখৎ ও মোহর করা পরওয়ানা জারী করাইতে পারিবেন। আর যদি আবশ্যক হয় তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানা দেন তাঁহার এলাকার বাহিরে তাহা জারী হইবার নিমিত্তে অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানার পৃষ্ঠে দস্তখৎ করিতে পারিবেন।

[যে স্থলে প্রথমেই পরওয়ানা বাহির হইবে তাহার কথা।]

১২৭। মাজিষ্ট্রেট সাহেবের গোচরে যে প্রমাণ থাকে তাহা বুঝিয়া তিনি যদি হুদ্বোধমতে জানিতে পান যে ঐ ব্যক্তিকে জোর করিয়া উপস্থিত না করা গেলে তাহার সাক্ষ্য দিবার জন্যে হাজির হইবার সম্ভাবনা নাই, তবে তিনি তদ্রূপ সমন জারী না করিয়া প্রথমেই আপনার পরওয়ানা জারী করাইতে পারিবেন। যদি আবশ্যক হয় তবে তাহার, পৃষ্ঠে পূর্ব্বোক্তমতে অন্য মাজিষ্ট্রেট সাহেব দস্তখৎ করিতে পারিবেন।

[পরওয়ানা জারী হইতে না পারিলে তাহার কথা।]

১২৮। যদি পরওয়ানা জারী হইতে না পারে, ও না হয় এই কারণে সাক্ষী পলাইয়াছে কি লুকিয়া থাকে এই কথা যদি মাজিষ্ট্রেট সাহেব হুদ্বোধমতে জানেন, তবে মাজিষ্ট্রেট সাহেব ঘোষণাপত্র প্রকাশ করিয়া তাহার লিখিত সময়ে ও স্থানে সাক্ষ্য দিবার জন্যে ঐ লোকের হাজির হইবার হুকুম করিতে পারিবেন, ও সেই ঘোষণাপত্র তাহার ঘরের কি বাসস্থানের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়াইবেন। ও সেই লোক যদি ঐ ঘোষণাপত্রের লিখিত সময়ে ও স্থানে হাজির না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা উপযুক্ত জ্ঞান করেন ঐ লোকের তত টাকা মূল্যের স্থাবর কি অস্থাবর সম্পত্তি ক্রোক করিতে হুকুম করিবেন। কিন্তু ক্রোক করিবার খরচা ও ইহার পূর্ব্বের ধারার বিধানমতে ঐ লোকের যে জরীমানা হইতে পারে তাহা লইয়া যত টাকা হয়, তাহার অধিক মূল্যের সম্পত্তি ক্রোক করাইবেন না।

[ক্রোক হইলে পর যদি সাক্ষী হাজির হইয়া মাজিষ্ট্রেট সাহেবকে খাতিরজমা করে, তবে সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার কথা। যদি হাজির না হয় কি মাজিষ্ট্রেট সাহেবকে খাতিরজমা না করে, তবে সম্পত্তির নীলাম হইবার কথা।]

১২৯। সম্পত্তি ক্রোক হইলে পর যদি সাক্ষী উপস্থিত হয়, ও পরওয়ানা জারী না হয় এই নিমিত্তে পলায় নাই কি লুকিয়া থাকে নাই, ও ঘোষণাপত্রের লিখিত সময়ে ও স্থানে হাজির হইতে পারে এমত উপযুক্ত সময়ে ঐ ঘোষণার সম্বাদ পায় নাই, এই২ কথা যদি মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে জানাইতে পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন, ও ক্রোক করিবার খরচার যে হুকুম উচিত জ্ঞান করেন তাহা করিবেন। যদি সেই সাক্ষী হাজির না হয়, কিম্বা হইলেও পরওয়ানা জারী না হইবার অভিপ্রায়ে পলায় নাই কি লুকিয়া থাকে নাই এই কথা ও পূর্ব্বোক্তমতে ঘোষণার সম্বাদ পায় নাই এই কথা যদি মাজিষ্ট্রেট সাহেবের খাতিরজমামতে দেখাইতে না পারে, তবে তাহার সম্পত্তি ক্রোক করাতে যত খরচা লাগিয়াছে তাহার শোধ, ও দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের ৪ ধারার বিধানমতে মাজিষ্ট্রেট সাহেব ঐ সাক্ষির যত জরীমানা দিবার হুকুম করিতে পারেন তাহার শোধ করিবার জন্যে, মাজিষ্ট্রেট সাহেব ঐ

the Magistrate may impose upon such witness under the provisions of Section 4 of Chapter X. of the Penal Code. If the witness shall pay to the Magistrate the costs and fine as aforesaid, the Magistrate shall order the property to be released from attachment.

[Refusing to answer, may be committed to custody.]

130. If any person summoned or brought before a Magistrate shall refuse to answer such questions as shall then be put to him, without offering any just excuse for such refusal, the Magistrate may, by warrant under his hand and seal, commit the person refusing, to custody for any term not exceeding seven days, unless he shall in the meantime consent to be examined and to answer, after which, in the event of his persisting in his refusal, he may be dealt with according to the provisions of Section 108 or Section 114.

Examination of Parties and Evidence.

[Examination of the complainant and witnesses for the prosecution.]

131. When a case is brought before a Magistrate, whether on complaint or on the report of a Police Officer or otherwise, in which a person is charged with an offence which is triable exclusively by the Court of Session, or which in the opinion of the Magistrate is one that ought to be tried by the Court of Session, the Magistrate shall take the evidence of the complainant, and of such persons as are stated to have any knowledge of the facts which form the subject matter of the accusation and the attendant circumstances.

[To be in the presence of the defendant, who may cross-examine.]

132. The complainant and the witnesses for the prosecution shall be examined in the presence of the accused person or of his Agent when his personal attendance is dispensed with and he appears by Agent who shall be permitted to cross-examine them.

[How the evidence is to be recordod.]

133. The evidence of each witness shall be taken down in writing in the language in ordinary use in proceedings before the Court by or in the presence and hearing and under the personal direction and superintendence of the Magistrate, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and when completed shall be read over to the witness in the presence of the person accused if in attendance, and shall, if necessary, be corrected, and shall be signed by the Magistrate. If the evidence be taken down in a different language from that in which it has been given, and the witness does not understand the language in which it is taken down, the witness may require his deposition as taken down in writing to be interpreted to him in the language in which it was given. When the evidence of a witness is given in English the Magis-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ অক্টোবর।]

ক্রোকেরা সম্পত্তি কি তাহার কোন ভাগ নীলাম হইবার হুকুম করিতে পারিবেন। সাক্ষী যদি পূর্ব্বোক্ত মতের খরচা ও জরীমানার টাকা মাজিষ্ট্রেট সাহেবকে দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার হুকুম করিবেন।

[জওয়াব দিতে স্বীকার না করিলে কয়েদ হইবার কথা।]

১৩০। কোন লোককে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সমন হইলে কি উপস্থিত করা গেলে পর, তাহাকে যে সকল কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর না দিবার যথার্থ কারণ না জানাইয়াও যদি উত্তর দিতে স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার দস্তখৎ ও মোহর করা পরওয়ানাক্রমে তাহাকে সাত দিনপর্য্যন্ত কোন কালের নিমিত্তে কয়েদ রাখিতে পারিবেন। ইহার মধ্যে যদি সে জোবানবন্দী দিতে ও জিজ্ঞাসার উত্তর করিতে স্বীকার করে তবে তাহাকে ছাড়িয়া দেওয়া যাইবেক। কিন্তু সেই কালের পরেও যদি উত্তর দিতে জেদ করিয়া স্বীকার না করে তবে তাহাকে লইয়া ১০৮ কি ১১৪ ধারার বিধানমতে কার্য্য হইতে পারিবেক।

উভয় পক্ষের জোবানবন্দী ও প্রমাণ লইবার কথা।

ফরিয়াদীর ও তাহার তরফের সাক্ষিরদের জোবানবন্দী লইবার কথা।]

১৩১। মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যদি কোন কথা নালিশমতে কিম্বা পোলীসের কর্ম্মকারকের রিপোর্টমতে কি অন্য কোন প্রকারে উপস্থিত করা যায়, ও যে অপরাধের বিচার কেবল সেশন আদালতে হইতে পারে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে যাহার বিচার সেশন আদালতে হওয়া উচিত, এমত অপরাধের অভিযোগ যদি কোন লোকের নামে হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর সাক্ষ্য লইবেন, ও অভিযোগের কথার ও তাহার সম্পর্কীয় ঘটনার বৃত্তান্ত জানে বলিয়া যাহারদের নাম দেওয়া যায় তাহারদেরও সাক্ষ্য লইবেন।

[আসামীর সাক্ষাতে লইবার কথা ও আসামীর জের সওয়াল করিবার কথা।]

১৩২। ফরিয়াদীর ও তাহার তরফের সাক্ষিরদের জোবানবন্দী অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে লওয়া যাইবে, কিম্বা যদি তাহার নিজে হাজির হওয়ার ক্ষমা হইয়া সে মোক্তারের দ্বারা হাজির হয় তবে ঐ মোক্তারের সাক্ষাতে লওয়া যাইবে, ও আসামী কি ঐ মোক্তার তাহারদের জের সয়াল করিতে পারিবে।

[সাক্ষ্য যে প্রকারে লিখিতে হইবে তাহার কথা।]

১৩৩। প্রত্যেক জন সাক্ষির সাক্ষ্য আদালতের কার্য্যের চলন ভাষাতে মাজিষ্ট্রেট সাহেব আপনি লিখিয়া লইবেন, কিম্বা তাঁহার সাক্ষাতেও শ্রুতিগোচরে তাঁহার নিজ আজ্ঞা ও তত্ত্বাধীনে লিখিয়া লওয়া যাইবে, ও তাহা সাধারণমতে জিজ্ঞাসা উত্তরের পাঠে লিখিতে হইবেক না কিন্তু বৃত্তান্তের পাঠে। সমাপ্ত হইলে ও অভিযুক্ত ব্যক্তি উপস্থিত থাকিলে তাহার সাক্ষাতে তাহা সাক্ষিরূনিকটে পাঠ করা যাইবে, ও আবশ্যক হইলে তাহা শুধরান যাইতে পারিবে, পরে মাজিষ্ট্রেট সাহেব তাহাতে দস্তখৎ করিবেন। সাক্ষী যে ভাষা কহিয়া জোবানবন্দীদিল তাহাভিন্ন অন্য ভাষাতে যদি তাহা লিখিয়া লওয়া যায়, ও যে ভাষাতে লেখা যায় সেই ভাষা যদি সাক্ষী না বুঝে, তবে তাহার জোবানবন্দী বলিয়া যাহা লেখা হইয়াছে তাহা যে ভাষাতে কহিয়াছিল সেই ভাষাতে তরজমা হইয়া তাহাকে শুনান যায় তাহার এমত আদেশ থাকিতে পারিবে। সাক্ষির জোবানবন্দী যদি ইংরেজী ভাষাতে দেওয়া যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহা

trate may so take it down in his own hand. It shall be in the discretion of the Magistrate to take down or cause to be taken down any particular question and answer, if there shall appear any special reason for so doing, or any person who is a prosecutor or a person accused shall require it. The Magistrate shall record such remarks as he may think material respecting the demeanor of any witness while under examination. In cases in which the evidence is not taken down in writing by the Magistrate himself, he shall be bound, as the examination of each witness proceeds, to make a memorandum of the substance of what such witness deposes, and such memorandum shall be written and signed by the Magistrate with his own hand, and shall form part of the record. If the Magistrate shall be prevented from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so.

[Power of Magistrate at any stage to summon and examine any person.]

134. It shall be in the discretion of the Magistrate at any stage of the proceedings to summon and examine any person whose evidence he may consider essential to the enquiry.

[Examination of defendant.]

135. It shall be in the discretion of the Magistrate to examine the accused person at any stage of the enquiry, and to put such questions to him from time to time as he may consider necessary, until the enquiry before the Magistrate is completed.

[Magistrate how to proceed in case of confession.]

136. If the accused person shall of his own accord propose to confess the commission by him of the offence of which he is accused, the Magistrate shall require him to give an account of the facts and circumstances in detail, and shall examine him thereupon to test the consistency of his relation, in the same manner as if he were a witness.

[No influence to be used to induce disclosures.]

137. No influence, by means of any promise or threat, shall be used to the accused person under examination to induce him to disclose or withhold any matter within his knowledge.

[Examination of the defendant how to be recorded.]

138. The examination of the accused person, including every question put to him and every answer given by him, shall be recorded in full, and shall be shown or read to him, and he shall be at liberty to explain or add to his answers; and when the whole is made conformable to what he declares is the truth, the examination shall be attested by the signature of the Magistrate, who shall certify under his own hand that it was taken in his presence and in his hearing, and contains accurately the whole of the statement made by the accused person.

[*Government Gazette, 18th October, 1859.*]

আপন হাতে লিখিয়া লইতে পারিবেন। যদি কোন বিশেষ জিজ্ঞাসা ও উত্তর লিখিয়া লইবার কোন বিশেষ কারণ থাকে, কিম্বা ফরিয়াদী কোন লোক কিম্বা অভিযুক্ত ব্যক্তি যদি তাহা চাহে, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে সেই জিজ্ঞাসা ও উত্তর লিখিয়া কি লেখাইয়া লইতে পারিবেন। জোবানবন্দী দিবার সময়ে কোন সাক্ষির যেরূপ আচার হয় তাহার কোন কথা যদি মাজিষ্ট্রেট সাহেব গুরুতর জ্ঞান করেন তবে তাহাও লিখিবেন। মাজিষ্ট্রেট সাহেব কোন সাক্ষির প্রমাণ যদি আপন হাতে লিখিয়া না লন, তবে এক২ সাক্ষী জোবানবন্দী দিবার সময়ে যে কথা কহে তাহার মর্ম্ম মাজিষ্ট্রেট সাহেবের লিখিয়া রাখিতে হইবে, ও সেই মর্ম্ম মাজিষ্ট্রেট সাহেব আপন হাতে লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন, ও তাহা নথীর কাগজপত্রের এক কাগজ হইবে। যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ আজ্ঞামতে মর্ম্ম লিখিতে না পারেন তবে যে কারণে পারিলেন না তাহা লিখিবেন।

[কোন সময়ে কোন লোককে তলব করিয়া তাহার জোবানবন্দী লইতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

১৩৪। মোকদ্দমা চলিবার কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেব তদন্ত লইবার জন্যে যে কোন লোকের সাক্ষ্য আবশ্যক বুঝেন তাহাকে আপন বিবেচনামতে সমন করিয়া তাহার জোবানবন্দী লইতে পারিবেন।

[আসামীর জোবানবন্দী লইবার কথা।]

১৩৫। মাজিষ্ট্রেট সাহেব তদন্ত লইবার কোন সময়ে অভিযুক্ত লোকের জোবানবন্দী আপনার বিবেচনামতে লইতে পারিবেন। ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তদন্তের কার্য্য যাবৎ সমাপ্ত না হয় তাবৎ সময়ে২ তিনি যে কথা জিজ্ঞাসা করা আবশ্যক বুঝেন তাহা জিজ্ঞাসা করিতে পারিবেন।

[দোষ কবুল হইলে মাজিষ্ট্রেট সাহেবের যাহা করিতে হইবে তাহার কথা।]

১৩৬। অভিযুক্ত লোকের নামে যে দোষ দেওয়া যায় সে যদি আপন ইচ্ছামতে আপনার সেই দোষ কবুল করিতে চাহে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে বেওরা করিয়া সমস্ত বৃত্তান্তের ও ঘটনার বিবরণ জিজ্ঞাসা করিবেন, ও তাহার সকল কথা নঙ্গত হয় ইহার পরীক্ষা করিবার জন্যে, সাক্ষী হইলে তাহার জোবানবন্দী যেরূপে লইতেন সেইরূপে লইবেন।

[কোন কথা প্রকাশ করাইবার প্রবৃত্তি না দিবার কথা।]

১৩৭। অভিযুক্ত ব্যক্তির জোবানবন্দী লইবার সময়ে তাহার জ্ঞাতসারের মধ্যে কোন কথা প্রকাশ করিবার কি গোপনে রাখিবার নিমিত্তে, তাহাকে কোন প্রতিজ্ঞা করিয়া কি ভয় দেখাইয়া কিছু প্রবৃত্তি দিতে হইবেক না।

[আসামীর জোবানবন্দী যেরূপে লিখিয়া রাখিতে হইবে তাহার কথা।]

১৩৮। অভিযুক্ত ব্যক্তির জোবানবন্দী, ও তাহাকে যে সকল কথা জিজ্ঞাসা করা যায় ও সে যে সকল উত্তর দেয়, তাহা সম্পূর্ণরূপে লিখিতে হইবে ও তাহার নিকটে দেখান যাইবে, কি পাঠ করা যাইবে ও সে যে সকল উত্তর দিয়াছে তাহার অর্থ করিতে কি তাহাতে অধিক কথা দিতে তাহার প্রতি অনুমতি হইবে। ও সে যাহা সত্য বলে তদনুসারে তাহং কথা লেখা গেলে পর, মাজিষ্ট্রেট সাহেব ঐ জোবানবন্দীতে দস্তখৎ করিয়া তাহাতে এই কথা লিখিবেন যে, এই জোবানবন্দী আমার সাক্ষাতে ও কর্ণগোচরে লওয়া গিয়াছে ও অভিযুক্ত ব্যক্তির সমুদয় কথা ইহাতে যথার্থমতে লেখা হইয়াছে।

[Any person attending may be detained for any offence committed by him.]

139. Any person attending, although otherwise than upon an arrest or summons on a charge made, may be detained by the Magistrate for the purpose of examination, for any offence which from the evidence he may appear to have committed, and proceeded against as though he had been summoned on a charge made.

[উপস্থিতথাকা কোন ব্যক্তি কোন অপরাধ করিয়ে তাহাকে আটক করিয়া রাখিবার কথা।]

১৩৯। কোন ব্যক্তি নালিশমতে গ্রেফ্তার না হইয়াও কি সমনমতে উপস্থিত না হইয়াও যদি আপনি উপস্থিত হয়, ও যদি প্রমাণক্রমে দৃষ্ট হয় যে সে কোন অপরাধ করিয়াছে, তবে তাহার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব তাহার জোবানবন্দী লইবার জন্যে তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন. ও নালিশমতে সমন করা গেলে তাহাকে লইয়া যেরূপে কার্য্য হইত সেইরূপে কার্য্য হইবেক।

[Discretionary with the Magistrate to take evidence for the defence.]

140. It shall be at the discretion of the Magistrate to summon and examine any witness that may be offered in behalf of the accused person to answer or disprove the evidence against him.

[মাজিষ্ট্রেট সাহেবের স্বীয় বিবেচনামতে আসামীর তরফের প্রমাণ লইবার কথা।]

১৪০। আসামীর বিরুদ্ধে যে প্রমাণ হইয়াছে তাহার জওয়াব দিবার কি তাহা খণ্ডাইবার জন্যে আসামীর তরফে যে কিছু প্রমাণ দিবার প্রস্তাব হয় তাহা মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে তলব করিয়া তাহার বিচার করিতে পারিবেন।

[Witnesses for the defence.]

141. The provisions of Sections 126, 127, 130, and 133 shall be applicable to witnesses named in support of the defence.

[আসামীর তরফের সাক্ষিরদের কথা।]

১৪১। আসামীর তরফের যে সাক্ষিরদের নাম করা যায় তাহারদের উপর ১২৬ ও ১২৭ ও ১৩০ ও ১৩৩ ধারার বিধান খাটে।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

৫৯৭২ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৭ সেপ্টেম্বর।

শ্রীযুত ডবল্ডিউ টি লিউএলিন সাহেব (Mr. W. T Llewelyn,) যে তারিখে তৃতীয় আসিস্টাণ্ট মাষ্টর আটেণ্ডেণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছিলেন সেই তারিখঅবধি দেশান্তরগামিরদের আসিস্টাণ্ট রক্ষক হইবেন।

১৮৫৯ সাল ২৯ সেপ্টেম্বর।

শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr. A. Sconce,) বিটন ইস্কুলের কমিটির অধ্যক্ষের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৮ সেপ্টেম্বর।

কলিকাতায় নিমক চৌকীর একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এ পিকক সাহেব (Mr. W. A. Peacock,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার কিঞ্চিৎকালের নিমিত্তে বাকইপুর এলাকার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেবের (Mr. F. Crank,) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

নিম্নের লিখিত কার্য্যকারকেরা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে দশহরার বন্দে ছুটী পাইয়াছেন। বিশেষতঃ বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ দাস।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৮ অক্টোবর।]

১৮৫৯ সাল ২৯ সেপ্টেম্বর।

পূরণিয়ার সদর আমীন ও মুনসেফ শ্রীযুত এস ডাকোস্টা সাহেব (Mr. S. DaCosta.)

১৮৫৯ সাল সাল ১ অক্টোবর।

মাডিকেল কালেজে পদার্থ বিদ্যা ও জন্তু নির্ণয় বিদ্যার উপদেশক শ্রীযুত ডাক্তর ডবলিউ ক্রোজিয়র সাহেব (Doctor W. Crozier,) ১৮৫৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি আগামি মাসের ১৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের পঞ্চম পোলীস পল্টনের অধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এম গ্রেহেম সাহেব (Lieutenant J. M. Graham,) ১৮৫৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ৫ অক্টোবর।

বাঙ্গলা দেশের সপ্তম পোলীস পল্টনের দ্বিতীয় অধ্যক্ষ ও একটিং আজুটাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ কাম্বেল সাহেব (Lieutenant W. Campbell,) চিকিৎসকের সর্টিফটক্রমে বারো মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ১১ অক্টোবর।

মদেপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কাষ্টলি সাহেব (Mr. W. C. Costley,) গত মাসের ২১ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

FOR SALE.

The Law library of Baboo Loknath Bose, rendered most useful by his Notes and Memo. Apply to the owner at Baugbazar in Calcutta.

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোককে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৫৯ সালের ৮ আইন ও ১০ আইন ও ১১ আইন ও ১৪ আইন ইঙ্গরেজী বাঙ্গলাসহ শ্রীরামপুর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা নীচের লিখিত মূল্য প্রেরণ করিলেই পাইবেন এবং ডাকে পাঠাইতে হইলে তাহার মাসুল আলাহিদা দিতে হইবেক ইতি।

১৮৫৯ সালের ৮ আইন মূল্য	...	...	...	...	...	৫৷৷০ টাকা
১৮৫৯ সালের ১০ আইন ঐ	...	...	...	...	...	২৷৷০
১৮৫৯ সালের ১১ আইন ঐ	...	...	...	...	...	১৲
১৮৫৯ সালের ১৪ আইন ঐ	...	...	...	...	...	৷৷০
এককালীন সমুদয় আইন লইলে তাহার মূল্য			...		...	৯৲

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২০গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়া দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি জড় হইয়াছিল ও সমূহ লোক আগত হইয়াছিল ইতি।

আরষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা কটক মধ্যম প্রদেশ।

ইস্তাহারনামানরাহাম্বইকাছারি কলেক্ জেলা কটক মধ্যম প্রদেশের এই যে।

যেহেতুক কেন্দা কুজঙ্গের দখলকার রাজা বিদ্যাধর সন্ত নরেন্দ্র বাহাদুরের জনুবি জেলা পুরুষোত্তমক্ষেত্র নাঈমাল সাহীতে থাকা মঠ ও তাহাতে থাকা কাঁচাপাকা ঘর ও ভূমি ও বাগিচা নীচের লিখিত চৌহদ্দীঅনুসারে রাজা মৌসুফের প্রার্থনানুসারে শ্রীযুত মহিমার্ণব কমীসনর সাহেবের সন হাল গত জুলাই মাহার ২১ তারিখ লিখিত নকল কুরকারী হুকুম মোতাবেক মোহন ভগত ওগয়রহ মহাজনদিগের দেনা পরিশোধ কারণ প্রশংহিত রাজার জবাব দিহীতে লাট বন্দীতে আসিয়া পুরী জেলার শ্রীযুত কালেক্টর সাহেবের হজুরে গত আগষ্ট মাহার ২৯ তারিখে নীলাম হইতেছিল মাত্র ৩২০০৲ টাকা হইতে বেশী ডাক না হওয়ায় সে জায়গার প্রতি কম মূল্য হওয়াতে নীলাম মৌকুফ করা গিয়াছিল বর্ত্তমান তাহার সানি নীলামের তারিখ সন ১৮৫৯ সাল অক্টোবর মাহার ২৯ তারিখ মোতাবেক সন ১২৬৭ সাল কার্ত্তিক মাহার ১৫ তারিখ শনিবার দিবস নির্ণয়ে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ উক্ত মঠ ও তাহাতে থাকা কাঁচাপাকা ঘর ও ভূমি ও বাগিচা যে নীচের লিখিত চৌহদ্দী মোতাবেক আছে খরিদ করিবার বাঞ্ছা রাখিতে থাকিবেক উপর উক্ত তারিখে এই কটক জেল র কালেক্টরী কাছারীতে হাজির হইয়া খরিদ করিবেন কিন্তু নীলাম তারিখে নীলাম ডাকের উপর শতকরা ২৫৲ টাকা হিসাবে বায়না দিতে হইবে বাকী মূল্য এক মাহার মধ্যে দাখিল হইবেক মেয়াদ মধ্যে বেবাক মূল্য দাখিল না হইলে বায়না জব্দ হইয়া পুনর্ব্বার নীলাম হইবেক ও বাকী মূল্য দাখিল হওয়ার পর রাজার তরফ মোক্তার ক্ষমতাপ্রাপ্ত কালেক্টর সাহেবের কোবালা লিখে দিবেক ও প্রকাশ যে এ নীলামে রাজার সম্পূর্ণ জবাব দিহি আছে ইহাতে সরকার কিম্বা কালেক্টর সাহেবের বাঞ্ছিত জবাব দিহি নাই এ বিষয় সকল সাধারণ লোকদিগের জ্ঞাতার্থে লেখা গেল ১৫ তারিখ সেপ্টেম্বর সন ১৮৫৯ সাল।

[*Government Gazette*, 18th October, 1859.]



শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA: TUESDAY, OCTOBER 25, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২৫ অক্টোবর।

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Criminal Judicature not established by Royal Charter.

[Continued from page 744.]

CHAPTER XI.

OF PRELIMINARY ENQUIRY BY THE MAGISTRATE IN CASES TRIABLE BY THE COURT OF SESSION.

Conditional Pardon.

[Magistrate may tender a pardon in certain cases.]

142. It shall be lawful for the Magistrate, recording his reasons for the same, to tender a pardon to any one or more of the persons supposed to have been directly or indirectly concerned in or privy to the offence, on condition of his or their making a full, true, and fair disclosure of the whole of the circumstances within his or their knowledge relative to the crime committed, and any other person or persons concerned in the perpetration thereof.

[When Sudder Court or Court of Session may direct the commitment of a person to whom a pardon may have been tendered. Statement of such person may be used in evidence against him.]

143. If it shall appear to a Court of Session at the time of trial or to the Sudder Court as a Court of reference, that any person to whom a pardon may have been offered has not conformed to the conditions under which the pardon was tendered, either by wilfully concealing anything essential, or by giving false evidence or information, it shall be competent to such Court to direct the commitment of such person for trial: and any statement made by such party after the conditional pardon is tendered either before the Magistrate or the Court of Session may be used as evidence against such person.

[*Government Gazette, 25th October*, 1859.]

আইনের মুসাবিদা।

ফৌজদারী যে সকল আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই সকল আদালতের কার্য্য সহজ করিবার আইনের মুসাবিদা।

একাদশ অধ্যায়।

পোলীসের দ্বারা প্রথম স্থলের তদন্ত লইবার বিধি।

(৭৪৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

নিয়মাধীনে ক্ষমা করিবার বিধি।

[কোন২ স্থলে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমা করিতে প্রস্তাব করিবার কথা।]

১৪২। যাহারা স্পষ্টরূপে কি প্রকারান্তরে অপরাধে লিপ্ত ছিল কি তাহার তত্ত্ব অবগত ছিল বোধ হয়, এমত কোন এক কি অধিক লোক ঐ অপরাধের কথা, ও সেই অপরাধের কার্য্যেতে অন্য যে লোক কি লোকেরা লিপ্ত ছিল তাহারদের কথা যেপর্য্যন্ত জ্ঞানে তাহা সমুদয় সম্পূর্ণরূপে ও সত্য ও প্রকৃতরূপে প্রকাশ করিবে এমত প্রতিজ্ঞা করিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই লোককে কি লোকেরদিগকে ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারিবেন। ও তাহা করিবার কারণ রিকার্ড করিবেন।

[যাহাকে ক্ষমা করিবার প্রস্তাব হইয়াছে তাহাকে সোপর্দ্দ করিতে সদর কি সেশন আদালতের হুকুম করিতে পারিবার কথা, ও সেই লোক যে কথা কহিয়াছিল তাহা তাহার বিপক্ষে প্রমাণস্বরূপ হইবার কথা।]

১৪৩। যাহাকে ক্ষমা করিবার প্রস্তাব হইয়াছে এমত কোন লোক আবশ্যক কোন কথা জানিয়াশুনিয়া গোপনে রাখিয়া, কিম্বা অসত্য কোন প্রমাণ কি সম্বাদ দিয়া, যে নিয়মক্রমে ক্ষমা পাইতে পারিত সেই নিয়মমতে কার্য্য করে নাই, ইহা, যদি বিচার হইবার সময়ে সেশন আদালত দেখিতে পান, কিম্বা আপীল আদালতস্বরূপে সদর আদালত যদি তাহা দেখিতে পান, তবে ঐ আদালত সেই লোকের বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও নিয়মাধীনে সেই ক্ষমা করিবার প্রস্তাব হইলে পর ঐ লোক মাজিষ্ট্রেট সাহেবের কি সেশন আদালতের সাক্ষাতে যে কোন কথা কহিয়া থাকিবে, তাহা তাহার বিপরীত প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে।

[When Sudder Court or Court of Session may direct a tender of pardon.]

144. In like manner it shall be competent to a Court of Session, at the time of trial, and also to the Sudder Court as a Court of reference, to instruct the Magistrate to tender a pardon to one or more persons supposed to have been directly or indirectly concerned in or privy to the offence, with the view of obtaining his or their evidence on the trial.

[সদর কি সেশন আদালত যে স্থলে ক্ষমার প্রস্তাবের আজ্ঞা করিতে পারিবেন তাহার কথা।]

১৪৪। তদ্রূপেও বিচার করিবার কালে সেশন আদালত, ও আপীল আদালতস্বরূপে সদর আদালত, মাজিষ্ট্রেট সাহেবকে এমত আজ্ঞা করিতে পারিবেন যে, অপরাধেতে যাহারা স্পষ্টরূপে কি কোন প্রকারে লিপ্ত ছিল কি যাহারদের তাহাতে সম্পর্ক ছিল বোধ হয়, এমত কোন এক কি অধিক লোকের সাক্ষ্য পাইবার জন্যে তাহাকে কি তাহারদিগকে ক্ষমা করিবার প্রস্তাব করেন।

Bail.

হাজিরজামিন।

[Bail not to be taken for certain offences if proof of guilt. When may be taken.]

145. Where any person shall appear or be brought before a Magistrate accused of any of the offences entered as not bailable in the Schedule, such person shall not be admitted to bail, if there appear reasonable grounds for believing that he has been guilty of the crime imputed to him; but if the evidence given in support of the accusation shall, in the opinion of the Magistrate, not be such as to raise a strong presumption of the guilt of the person accused and to require his committal, or such evidence shall be adduced on behalf of the person accused as shall in the opinion of the Magistrate weaken the presumption of his guilt, but there shall appear to the Magistrate in either of such cases to be sufficient ground for judicial enquiry into his guilt, the person accused shall be admitted to bail.

[কোন২ অপরাধের প্রমাণ হইলে হাজিরজামিনী না লইবার কথা ও যে২ স্থলে লওয়া যাইতে পারে তাহার কথা।]

১৪৫। এই আইনের তফসীলে হাজিরজামিনী লওয়া যাইতে পারে না বলিয়া যে সকল অপরাধের কথা লেখা হইয়াছে, তাহার মধ্যে কোন অপরাধের নালিশ যাঁহার নামে হয় এমত কোন ব্যক্তি যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হয় কি তাঁহার নিকটে তাহাকে আনা যায়, তবে এ ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হইয়াছে সেই ব্যক্তি ঐ অপরাধের দোষী আছে বটে ইহা বিশ্বাস করিবার উপযুক্ত কারণ দৃষ্ট হইলে সেই ব্যক্তির হাজিরজামিনী দিবার অনুমতি হইবেক না। কিন্তু ঐ অভিযোগের পোষকতায় যে প্রমাণ দেওয়া যায় তাহা বুঝিয়া যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে ঐ অভিযুক্ত ব্যক্তির দোষের দৃঢ় জ্ঞান না জন্মে ও তাহার সোপর্দ্দ হইবার আবশ্যক না হয়, অথবা অভিযুক্ত ব্যক্তির পক্ষে যে প্রমাণ উপস্থিত করা যায় তাহা বুঝিয়া যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে তাহার দোষি হওয়ার সম্ভাবনা ন্যূন হয়, কিন্তু উভয় স্থলে যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে তাহার দোষের বিচার করিবার প্রচুর কারণ আছে, তবে অভিযুক্ত ব্যক্তির হাজিরজামিনী দিবার অনুমতি হইবেক।

[When bail shall be taken.]

146. Where any person shall appear or be brought before a Magistrate accused of any of the offences entered as bailable in the Schedule, he shall be admitted to bail.

[যে স্থলে হাজিরজামিনী লইতে হইবেক তাহার কথা।]

১৪৬। তফসীলে যাহার হাজিরজামিনী লওয়া যাইতে পারে এমত যে সকল অপরাধ লেখা হইয়াছে, তাহার মধ্যে কোন অপরাধের নালিশ যাহার নামে হয় এমত কোন ব্যক্তি যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হয় কি তাহাকে তাঁহার নিকটে আনা যায়, তবে তাহার হাজিরজামিনী দিবার অনুমতি হইবেক।

[Recognizance of accused and sureties.]

147. Where a Magistrate shall admit to bail any person accused or suspected of any offence, a recognizance in such sum of money as the Magistrate may think sufficient shall be entered into by the person so accused and one or more sureties, conditioned that such person shall attend during the preliminary enquiry, and if required, shall appear when called upon at the Court of Session to answer the charge.

[অভিযুক্ত ব্যক্তির ও জামিনেরদের মুচলকা।]

১৪৭। যাহার নামে কোন অপরাধের নালিশ হয় কি যাহার উপর শোধে হয় এমত কোন ব্যক্তিকে মাজিষ্ট্রেট সাহেব যদি হাজিরজামিন দিতে অনুমতি করেন, তবে প্রথম স্থলের তদারক হইবার কালে ঐ ব্যক্তি হাজির থাকিবেক ও যদি প্রয়োজন হয় তবে সেশন আদালতে ঐ নালিশের জওয়াব দিবার জন্যে তলব হইলে হাজির হইবেক এই করারে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা উচিত বোধ করেন তত টাকার তাইনে ঐ অভিযুক্ত ব্যক্তির মুচলকা লিখিয়া দিতে হইবেক ও তাহার এক কি অধিক জন জামিন দিতে হইবেক।

[Insufficient bail.]

148. If through mistake or fraud insufficient bail has been taken, or if the sureties become afterwards insufficient, the accused may be ordered by the Magistrate to find sufficient sureties, and in default may be committed to prison.

[অপ্রচুর জামিনীর কথা।]

১৪৮। যদি ভুল কি প্রতারণাক্রমে অপ্রচুর জামিনী লওয়া গিয়া থাকে, অথবা যদি পরে জামিনেরা অপ্রচুর হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব অভিযুক্ত ব্যক্তিকে উপযুক্ত জামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন, ও তাহা না দিলে তাহাকে কয়েদ করা যাইতে পারিবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৫ অক্টোবর।]

[Bail may be taken any time before conviction.]

149. If the accused when called upon cannot find sureties, he shall be admitted to bail upon finding the same at any time afterwards before conviction.

[দোষ সাব্যস্ত হইবার আগে কোন সময়ে জামিন লওয়া যাইতে পারিবার কথা।]

১৪৯। অভিযুক্ত ব্যক্তিকে আজ্ঞা হইলে সে যদি জামিন দিতে না পারে, তবে তৎপরে দোষ সাব্যস্ত হইবার আগে কোন কালে জামিন পাইলে তাহাকে হাজিরজামিন দিবার অনুমতি হইবেক।

[Discharge on bail.]

150. After the recognizances shall have been duly entered into, the Magistrate, in case the accused shall have appeared voluntarily, or shall be in the custody of some Officer, shall thereupon discharge him; and in case he shall be in some prsion or other place of confinement, shall issue a warrant of discharge to the jailor or other person having him in his custody, who shall thereupon liberate him.

[জামিনীক্রমে খালাস করণের কথা।]

১৫০। ঐ অভিযুক্ত ব্যক্তি যদি স্বেচ্ছামতে উপস্থিত হইয়া থাকে অথবা যদি কোন আমলার হেফাজতে থাকে তবে মুচলকা উপযুক্তমতে করা গেলে পর মাজিষ্ট্রেট সাহেব তাহাকে তৎক্ষণাৎ খালাস করিবেন। ও যদি সেই ব্যক্তি কোন জেলখানায় কি কয়েদ হইবার অন্য স্থানে থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব জেলখানার দারোগার কিম্বা অন্য যে ব্যক্তির হেফাজতে সে লোক থাকে তাহার নামে ঐ লোককে মুক্ত করিবার পরওয়ানা দিবেন, তাহাতে সেই লোক ঐ অভিযুক্ত ব্যক্তিকে তৎক্ষণাৎ ছাড়িয়া দিবে।

[Discharge of sureties.]

151. The sureties for any person may at any time apply to the Magistrate to be discharged from their engagements, whereupon the Magistrate shall issue his warrant directing that the person be brought before him. On the appearance of the person pursuant to the warrant or on his voluntary surrender, the Magistrate shall direct the recognizances of the sureties to be discharged, and shall call upon the person to find other sureties, and in default may order him to be committed to prison.

[জামিনদিগকে মুক্ত করিবার কথা]

১৫১। কোন লোকের নিমিত্তে যাহারা জামিন হয় তাহারা যখন চাহে তখন সেই করারহইতে মুক্ত হইবার প্রার্থনা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করিতে পারিবে। তাহা করিলে মাজিষ্ট্রেট সাহেব আসামীকে আপনার নিকটে আনাইবার পরওয়ানা দিবেন। সেই পরওয়ানামতে আসামীকে উপস্থিত করা গেলে কিম্বা সে আপনার ইচ্ছামতে আইলে, মাজিষ্ট্রেট সাহেব সেই জামিনদিগকে মুচলকার দায়হইতে মুক্ত হইবার হুকুম করিয়া অন্য জামিনদিগকে দিতে আসামীকে আজ্ঞা করিবেন ও না দিলে তাহার কয়েদ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[Proceedings to compel payment of penalty by accused.]

152. Whenever by reason of default of appearance of the party executing the personal recognizance, the Magistrate shall be of opinion that proceedings should be had to compel payment of the penalty mentioned in the recognizance, he shall proceed to enforce the penalty by the attachment and sale of the property of such party.

[অভিযুক্ত ব্যক্তির স্থানে জামিনের টাকা লইবার কথা।]

১৫২। যে ব্যক্তি আপনি মুচলকা লিখিয়া দিয়াছে তাহার উপস্থিত হইবার ত্রুটি হওয়াতে, যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে, ঐ লোক যত টাকার তাইনে মুচলকা লিখিয়া দিয়াছে সেই টাকা আদায় করিবার কার্য্য করা উচিত, তবে ঐ লোকের সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ জামিনীর টাকা আদায় করিবেন।

[Proceedings to compel payment of penalty by sureties.]

153. Whenever by reason of default of appearance by the party bailed, the Magistrate shall be of opinion that proceedings should be had to compel payment of the penalty mentioned in the recognizance of the surety or sureties, he shall give notice to the surety or sureties to pay the same, or to show cause why it should not be paid; and, if no sufficient cause shall be shown, the Magistrate shall proceed to recover the penalty from such surety or sureties by the attachment and sale of any of his or their property, and if the penalty be not paid and cannot be recovered by such attachment and sale, such surty or sureties shall be liable to confinement, by order of the Magistrate, in the Civil jail, during a period not exceeding six months.

[জামিনেরদের স্থানে জামিনের টাকা আদায় করিবার কথা।]

১৫৩। যাহার স্থানে হাজিরজামিনী লওয়া গিয়াছে তাহার উপস্থিত হইবার ত্রুটি হওয়াপ্রযুক্ত, যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে, জামিনের কি জামিনেরদের মুচলকাতে যত টাকা লেখা গিয়াছে তাহা আদায় করিবার কার্য্য করা উচিত, তবে তিনি সেই জামিনকে কি জামিনদিগকে সেই টাকা দিতে, কিম্বা সেই টাকা না দিবার কারণ জানাইতে এত্তেলা দিবেন। আর যদি উপযুক্ত কারণ দর্শান না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ জামিনের কি জামিনেরদের কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ জামিনের কি জামিনেরদের স্থানে ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। ও যদি সেই টাকা না দেওয়া যায়, ও সেইরূপ ক্রোক ও নীলাম করিয়া তাহা যদি আদায় হইতে না পারে, তবে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে ঐ জামিনকে কি জামিনদিগকে ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত দেওয়ানী জেলখানায় কয়েদ করা যাইতে পারিবেক।

Warrant of Commitment.

কয়েদ করিবার পরওয়ানার বিধি।

[Warrant of commitment how to be directed, &c.]

154. Every warrant for the commitment of a person to custody shall be directed to some jailor,

[কয়েদ করিবার পরওয়ানা যাহার নামে দিতে হইবেক ইত্যাদির কথা।]

১৫৪। কোন লোককে কয়েদ করিবার প্রত্যেক পরওয়ানা কোন জেলদারোগার কি রক্ষকের নামে, কিম্বা

keeper, or other Officer or person having authority to receive and keep prisoners, either by his name or official description, and shall be in the form (C) given in the Appendix or to the like effect.

[With whom to be lodged.]

155. The warrant of commitment shall be lodged with the jailor, if he be in the jail; and if he be not, with his deputy; and if he has no deputy, it may be lodged with any Officer of the jail then being in the jail

---

Adjournment.

[When Magistrate may adjourn the enquiry.]

156. If from the absence of witnesses or from any other reasonable cause, it shall become necessary or advisable to defer the examination, or further examination, of witnesses for any time, it shall be lawful for the Magistrate, by a written order, from time to time to adjourn the enquiry, and to remand the person accused for such time as shall be deemed reasonable, not exceeding fifteen days; provided also that, instead of detaining the accused person in custody during the period for which he shall be so remanded, the Magistrate may discharge him, upon his entering into a recognizance, with or without a surety or sureties, at the discretion of such Magistrate, conditioned for his appearance before the Magistrate at the time and place appointed for the continuance of such examination.

Discharge of the Accused.

[When accused person to be discharged.]

157. When a Magistrate finds that there are not sufficient grounds for putting the accused person on his trial on a formal charge, or for remanding him, he shall discharge him.

Commitment &c., of the Accused for Trial.

[When defendant to be committed for trial.]

158. When evidence has been given before a Magistrate which appears to be sufficient for the conviction of the accused of an offence which is triable exclusively by the Court of Session, or which in the opinion of the Magistrate is one that ought to be tried by the Court of Session, the person accused shall be sent for trial by the Magistrate before the Court of Session.

[Copy of charge to be furnished to accused person. Witnesses for the defence on the trial.]

159. As soon as the charge on which the accused person is to be tried has been prepared, it shall be read to him, and a copy or translation of it shall be furnished to him if he require it. He shall be at liberty, at any time within forty-eight hours after the reading of the charge, to give in,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৫ অক্টোবর।]

আসামীদিগকে গ্রহণ করিয়া রাখিতে যাহার ক্ষমতা থাকে এমত অন্য আমলার কি ব্যক্তির নামে, হয় তাহার নাম লিখিয়া নতুবা তাহার পদের খ্যাতি লিখিয়া, দিতে হইবেক। তাহা ক্রোড়পত্রের C চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক।

[পরওয়ানা যাহাকে দিতে হইবেক তাহার কথা।]

১৫৫। জেলদারোগা যদি জেলখানায় থাকেন তবে ঐ কয়েদ করিবার পরওয়ানা তাঁহাকে দিতে হইবেক, তিনি না থাকিলে তাঁহার নায়েবকে দিতে হইবেক। তাঁহার নায়েব না থাকিলে জেলখানার যে কোন আমলা তৎকালে জেলখানায় থাকে তাহাকে দিতে হইবেক।

তজবীজের কার্য্য মুলতবী রাখিবার বিধি।

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব তজবীজের কার্য্য মুলতবী রাখিতে পারিবেন তাহার কথা।]

১৫৬। যদি সাক্ষিরদের উপস্থিত না থাকাপ্রযুক্ত কিম্বা অন্য কোন উপযুক্ত কারণে, সাক্ষিরদের জোবানবন্দী কি অধিক জোবানবন্দী লওয়া কতক কালের নিমিত্তে স্থগিত করা আবশ্যক কি বিহিত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব হুকুম লিখিয়া, সময়ে২ ঐ তদারকের কার্য্যের অন্য দিন নিরূপণ করিতে পারিবেন। ও পনের দিনের অধিক না হয় যত কাল উপযুক্ত জ্ঞান করেন, তত কালের নিমিত্তে ঐ অভিযুক্ত ব্যক্তিকে ফিরিয়া পাঠাইতে পারিবেন। কিন্তু অভিযুক্ত ব্যক্তিকে যত কালের নিমিত্তে ফিরিয়া পাঠান যায় তত কাল তাহাকে কয়েদ না রাখিয়া, যদি সেই লোক ঐ তদারকের কার্য্য চলিবার নিরূপিত সময়ে ও স্থানে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত হইবার করারে, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে জামিন দিয়া কি না দিয়া মুচলকা লিখিয়া দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন।

আসামীকে মুক্ত করিবার বিধি।

[যে স্থলে আসামীকে মুক্ত করা যায় তাহার কথা।]

১৫৭। যদি মাজিষ্ট্রেট সাহেব দেখিতে পান যে ধারামতের নালিশক্রমে আসামীর বিচার হইবার কিম্বা তাহাকে ফিরিয়া পাঠাইবার উপযুক্ত কারণ না থাকে, তবে তিনি তাহাকে মুক্ত করিবেন।

অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থে সোপর্দ্দপ্রভৃতি করিবার বিধি।

[যে স্থলে আসামীকে বিচারার্থে সোপর্দ্দ করিতে হয় তাহার কথা।]

১৫৮। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যে সাক্ষ্য দেওয়া গেল তাহা বুঝিয়া কেবল সেশন আদালতে যে অপরাধের বিচার হইতে পারে কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে সেশন আদালতে যাহার বিচারহওয়া উচিত অভিযুক্ত ব্যক্তির এমত অপরাধ সাব্যস্ত হইতে পারে এইরূপ যদি দৃষ্ট হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ অভিযুক্ত ব্যক্তির বিচার হইবার নিমিত্তে তাহাকে সেশন আদালতে পাঠাইবেন।

[নালিশপত্রের এক কেতা নকল অভিযুক্ত ব্যক্তিকে দিবার কথা ও বিচারকালে আসামীর তরফের সাক্ষিরদের কথা।]

১৫৯। যে নালিশমতে অভিযুক্ত ব্যক্তির বিচার করিতে হইবেক সেই নালিশপত্র প্রস্তুত হইলে তাহার নিকটে পাঠ করা যাইবে, ও সে যদি চাহে তবে তাহার এককেতা নকল, কিম্বা তাহা তরজমা হইয়া তাহার নকল, তাহাকে দেওয়া যাইবে। সেশন আদালতে তাহার বিচার হইবার সময়ে, প্রমাণ দিবার জন্যে যাহারদের

orally or in writing, a list of witnesses whom he may wish to be summoned to give evidence on his trial before the Court of Session. The Magistrate shall receive the list, and summon the witnesses to appear before the Court before which the accused is to be tried. The provisions of Sections 126 and 127, so far as they relate to the compulsory attendance of witnesses, shall be applicable to witnesses named by the accused in the lists above mentioned.

[Copies of depositions to be furnished to accused.]

160. When the preliminary enquiry is concluded, the accused person shall be entitled to copies of the depositions made at his own expense, if he demands them at a reasonable time before the trial

[Warrant of commitment]

161. When the accused person is committed to take his trial before the Court of Session, the Magistrate shall issue an order to the Government Pleader or other Officer appointed by the Government to conduct trials before the Court of Session, notifying such commitment and stating the offence in the same form as the charge. Nothing in this Section shall preclude the Magistrate (if he shall think fit) from appointing a person other than such Government Pleader or Officer to conduct a trial.

[Recognizances of prosecutors and witnesses.]

162. Prosecutors and witnesses for the prosecution whose attendance may be necessary before the Court of Session shall execute recognizances before the Magistrate to be in attendance when called upon at the Court of Session, to prosecute or to give evidence as the case may be. If any prosecutor or witness shall refuse to attend before the Court of Session or to execute the recognizance above directed, it shall be competent to the Magistrate to detain such prosecutor or witness in custody until he shall execute such recognizance, or until the time when his attendance at the Court of Session is required, when the Magistrate shall forward such prosecutor or witness under custody to the Court of Session.

CHAPTER XII.

ON THE CHARGE.

[What the charge is to contain.]

163. When the Magistrate has determined to send the accused person before the Court of Session for trial, or put him on his trial before himself for any offence punishable under the Penal Code with imprisonment for a period exceeding six months, he shall make a written instrument under his hand and seal, declaring with what offence the accused is charged, and within the cognizance of what Court the offence is, and shall direct the accused to be tried by such Court on such charge. In all cases sent for trial to the Court of Session the Magis-

[*Government Gazette, 25th October*, 1859.]

তলব হইবার বিষয়ে তাহার ইচ্ছা থাকে তাহারদের নাম সে ঐ নালিশপত্র পাঠ হইবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে কোন সময়ে মুখে কহিয়া জানাইতে পারিবে কিম্বা তাহারদের নামের এক ফর্দ্দ লিখিয়া দিতে পারিবে। মাজিষ্ট্রেট সাহেব সেই ফর্দ্দ গ্রহণ করিবেন, ও অভিযুক্ত ব্যক্তির যে আদালতে বিচার হইবে সেই আদালতে ঐ সাক্ষিরদিগকে হাজির হইতে সমন করিবেন। সাক্ষিরদিগকে জোর করিয়া উপস্থিত করিবার যে সকল বিধি ১২৬ ও ১২৭ ধারাতে আছে, তাহা অভিযুক্ত ব্যক্তির নামকরা যে সাক্ষিরদের নাম উপরোক্ত ফর্দ্দতে লেখা থাকে তাহারদের উপর খাটিবে।

[জোবানবন্দীর নকল অভিযুক্ত ব্যক্তিকে দিবার কথা।]

১৬০। প্রথম স্থলের তদারক সমাপ্ত হইলে পর, অভিযুক্ত ব্যক্তি বিচার হইবার আগে উপযুক্ত সময় থাকিতে যদি জোবানবন্দীর নকল চাহে, তবে তাহা পাইতে পারিবে। কিন্তু সেই নকল করিবার খরচ তাহার দিতে হইবেক।

[সোপর্দ্দ করিবার পরওয়ানার কথা।]

১৬১। যখন অভিযুক্ত ব্যক্তিকে সেশন আদালতে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করা যায়, তখন সেশন আদালতে ঐ বিচারের সময়ে মোকদ্দমা চালাইবার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব গবর্ণমেণ্টের উকীলের কিম্বা গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য কার্য্যকারকের নামে হুকুম জারী করিবেন। তাহাতে সেই সোপর্দ্দ করিবার কথার সম্বাদ দিবেন ও অভিযোগপত্রে যেমন লেখা আছে তেমনি অপরাধের কথা লিখিবেন। মাজিষ্ট্রেট সাহেব যদি উচিত বোধ করেন, তবে গবর্ণমেণ্টের সেই উকীল কি কার্য্যকারকভিন্ন অন্য লোককে ঐ মোকদ্দমার তদবীর করিবার জন্যে নিযুক্ত করিতে পারিবেন, ইহার কোন বাধা এই ধারার কোন কথাতে হইবেক না।

[ফরিয়াদীরদের ও সাক্ষিরদের মুচলকার কথা।]

১৬২। সেশন আদালতে মোকদ্দমা চালাইবার নিমিত্তে কিম্বা বিষয়বিশেষে সাক্ষ্য দিবার জন্যে যে ফরিয়াদীরদের ও তাহারদের তরফের যে সাক্ষিরদের হাজির হওয়া আবশ্যক হয় তাহারা সেশন আদালতে তলব হইলে হাজির হইবে এই মর্ম্মের মুচলকা লিখিয়া দিবে। যদি কোন ফরিয়াদী কি সাক্ষী সেশন আদালতে হাজির হইতে কিম্বা উক্ত আজ্ঞামতে মুচলকা লিখিয়া দিতে স্বীকার না করে, তবে সে যত কাল ঐ প্রকারের মুচলকা লিখিয়া না দেয় তত কাল, কিম্বা সেশন আদালতে তাহার যে সময়ে হাজির হইতে হইবেক সেই সময়পর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ ফরিয়াদীকে কি সাক্ষিকে কয়েদ করিয়া রাখিতে পারিবেন, ও সেশন আদালতে উপস্থিত হইবার উপযুক্ত সময়ে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে পেয়াদারদের হেফাজতে ঐ আদালতে পাঠাইবেন।

দ্বাদশ অধ্যায়।

অভিযোগের কথা।

[নালিশপত্রে যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

১৬৩। মাজিষ্ট্রেট সাহেব যদি অভিযুক্ত ব্যক্তিকে সেশন আদালতে বিচার হইবার নিমিত্তে পাঠাইতে স্থির করেন, কিম্বা দণ্ডবিধির আইনমতে যে অপরাধের ছয় মাসের অধিক কাল কয়েদ থাকার দণ্ড হইতে পারে এমত কোন অপরাধ হইলে আপনি যদি তাহার বিচার করিতে স্থির করেন, তবে তিনি ঐ অভিযুক্ত ব্যক্তির নামে যে অপরাধের নালিশ হইয়াছে ও সেই অপরাধ যে আদালতে বিচার্য্য হয় এই মর্ম্মের লিপি করিয়া ও সেই অভিযোগমতে সেই আদালত সেই অভিযুক্ত ব্যক্তির বিচার করেন এমত আজ্ঞা ঐ লিপিতে লিখিয়া তাহাতে দস্তখৎ ও মোহর করিবেন। সেশন আদালতে বিচার

trate shall send a copy of this instrument, with the proceedings, to the public prosecutor, where such Officer has been appointed, otherwise to the Court before which the defendant is to be tried. In the latter case the Magistrate shall also send a copy of the charge to the Government Pleader or other Officer or person appointed to conduct the prosecution.

[How the offence is to be described.]

164. The charge shall describe the imputed offence as nearly as possible in the language of the Penal Code, and shall refer to the Chapter and Section under which such offence is punishable.

[Absence of General Exceptions under the Penal Code to be assumed.]

165. It shall not be necessary to allege in the charge any circumstances for the purpose of showing that the case does not come, nor shall it be necessary to allege that the case does not come, within any of the General Exceptions contained in Chapter IV. of the Penal Code, but every charge shall be understood to assume the absence of all such circumstances.

[Evidence as to General Exceptions.]

166. It shall not be necessary at the trial, on the part of the prosecutor, to prove the absence of such circumstances in the first instance; but the accused person shall be entitled to give evidence of the existence of any such circumstances, and evidence in disproof thereof may be given on the part of the prosecutor.

[Section of the Penal Code containing an exception not a General Exception.]

167. Where the Chapter and Section itself referred to in the charge contains an exception, not being one of such General Exceptions, the charge shall not be understood to assume the absence of circumstances constituting such exception so contained in the Chapter and Section, without a distinct denial of the existence of such circumstances.

[Charge may contain one or more heads.]

168. The charge may contain one or more heads.

Charges containing One Head.

[Heads of charge.]

169. Where a charge contains one head only, the form shall be as follows, or to the same effect:

Forms of Charge.

(a). I A [*name and office of Magistrate, &c.,*] declare that there is hereby made against Z the charge:

[On Section 1 Chapter VI.]

(b). That he, on or about the day of at , waged war against the Government, and

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৫ অক্টোবর।]

হইবার নিমিত্তে মোকদ্দমা পাঠাইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ লিপির এক কেতা নকল ও মিসিলের কাগজপত্র সরকারের তরফে মোকদ্দমা তদবীর করিতে যে জন নিযুক্ত হন তাঁহার কাছে পাঠাইবেন কিন্তু সেই প্রকারের কোন লোক যদি নিযুক্ত না হন, তবে যে আদালতে আসামীর বিচার হইবে সেই আদালতে পাঠাইবেন। ও এই শেষ গতিকে মাজিষ্ট্রেট সাহেব ঐ অভিযোগপত্রের এক কেতা নকল গবর্ণমেণ্টের উকীলের নিকটে কিম্বা অন্য যে কর্ম্মকারক কি যে লোক মোকদ্দমা চালাইতে নিযুক্ত থাকেন তাঁহার নিকটে পাঠাইবেন।

[অপরাধের কথা যেরূপে লিখিতে হইবেক তাহার কথা।]

১৬৪। যে অপরাধের নালিশ হয় তাহা দণ্ডবিধির আইনেতে যেং শব্দ ধরিয়া লেখা হইয়াছে সাধ্যমতে সেইং শব্দ ধরিয়া তাহা অভিযোগপত্রে নির্দ্দিষ্ট হইবেক। ও যে অধ্যায়ের যে ধারাতে ঐ অপরাধের দণ্ড হইতে পারে তাহারও উল্লেখ হইবেক।

[নালিশ দণ্ডবিধির আইনের বর্জ্জিত কথার মধ্যে আইসে না এমত আপনিই জ্ঞান করিবার কথা।]

১৬৫। দণ্ডবিধির আইনের চতুর্থ অধ্যায়ে যে সকল বর্জ্জিত কথা ব্যক্ত হইয়াছে তাহার কোন কথার মধ্যে ঐ মোকদ্দমা আইসে না ইহা দেখাইবার নিমিত্তে নালিশপত্রের মধ্যে কোন গতিকাদি ব্যক্ত করিবার আবশ্যক হইবেক না, কিম্বা ঐরূপ বর্জ্জিত কথার মধ্যে মোকদ্দমা আইসে না ইহা লিখিবারও আবশ্যক হইবেক না। কিন্তু নালিশপত্র হইলেই তদ্রূপ কোন গতিক না থাকা আপনিই জ্ঞান হইবেক।

[সাধারণ বর্জ্জিত কথার প্রমাণের কথা।]

১৬৬। বিচার হইবার সময়ে প্রথম স্থলে সেইরূপ গতিক না থাকার প্রমাণ করা ফরিয়াদীর আবশ্যক হইবেক না, কিন্তু অভিযুক্ত ব্যক্তি তদ্রূপ কোন গতিক থাকার সাক্ষ্য দিতে পারিবেক, ও তাহার বিপরীত প্রমাণ করিবার সাক্ষ্য ফরিয়াদীর তরফে দেওয়া যাইতে পারিবেক।

[দণ্ডবিধির আইনের কোন ধারার মধ্যে বর্জ্জিত কথা থাকিলে তাহা সাধারণ বর্জ্জিত কথা জ্ঞান না হইবার কথা।]

১৬৭। নালিশপত্রের মধ্যে যে অধ্যায়ের ও ধারার উল্লেখ হয় তাহাতে যদি সাধারণ কোন বর্জ্জিত কথাভিন্ন অন্য বিশেষ বর্জ্জিত কথা থাকে, তবে ঐ অধ্যায়ের ও ধারার লিখিত সেইরূপ বর্জ্জিত কথা যে সকল গতিক ক্রমে হয়, তাহা না থাকার স্পষ্ট কথা লেখা না গেলে, তাহা থাকে না এমত জ্ঞান হইবেক না।

[নালিশের এক কি অধিক দফা থাকার কথা।]

১৬৮। নালিশের মধ্যে এক কি ততোধিক দফা থাকিতে পারিবেক।

যে নালিশের কেবল এক দফা থাকে তাহার কথা।

[নালিশের দফার কথা।]

১৬৯। যদি নালিশের কেবল এক দফা থাকে তবে নালিশপত্র এই পাঠে কি এই মর্ম্মমতে লিখিতে হইবেক।

নালিশপত্রের পাঠ।

(ক) আমি অমুক [মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতির নাম ও পদাদি] জানাইতেছি যে, ইহাতে যদুর নামে এই নালিশ হইয়াছে।

[৬ অধ্যায়ের ১ ধারার লিখিত দোষ।]

(খ) সে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে গবর্ণমেণ্টের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ১ ধারামতের দণ্ডনীয় (গ) ও অমুক (আদালতের নাম) আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

(ঘ) ও আমি ইহাতে আদেশ করি যে উক্ত নালিশমতে উক্ত আদালতে যদুর বিচার হয়।

(মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎ ও মোহর।)

যদি মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার বিচার করেন, তবে (গ) এই অক্ষরের পর যে কথা আছে তাহার পরিবর্ত্তে "আমার বিচার্য্য" এই কথা লিখিতে হইবেক ও (ঘ) এই অক্ষরের পর যে কথা আছে তাহার মধ্যে "উক্ত আদালতে" এই কথা ত্যাগ করা যাইতে পারিবেক।

(খ) এই অক্ষরের পর যে কথা আছে তাহার পরিবর্ত্তে ইহার মধ্যে কোন কথা দেওয়া যাইতে পারিবেক অর্থাৎ।

[৬ অধ্যায়ের ৩ ধারামতের অপরাধ।]

(২) ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাঁহাদুরের কৌন্সেলের মেম্বর শ্রীযুত অনরবিল অমুক সাহেব আপনার আইনসিদ্ধ ক্ষমতামতে কার্য্য না করেন ইহার প্রবৃত্তি দিবার নিমিত্তে, সে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে সেই মেম্বর সাহেবের উপর আক্রমণ করিয়াছে ও ইহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৩ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে।

[৮ অধ্যায়ের ৭ ধারার অপরাধ।]

(৩) আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে অমুক স্থানে উপস্থিত থাকাতে অমুক স্থানে দাঙ্গা করণ অপরাধ করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ৮ অধ্যায়ের ৭ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[৯ অধ্যায়ের ১ ধারার অপরাধ।]

(৪) আসামী অমুক সিরিশ্তায় সরকারী কার্য্যকারক হইয়া আপন পদের কোন কর্ম্ম করিতে ক্ষান্ত হয় এই জন্যে আইনমতের প্রাপ্য টাকাভিন্ন অমুক নামের কোন লোকের স্থানে অমুক নামের কোন লোককে দিবার জন্যে পারিতোষিক গ্রহণ করিয়াছে। ইহাতে দণ্ডবিধির আইনের ৯ অধ্যায়ের ১ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৬ অধ্যায়ের ৬ ধারার অপরাধ।]

(৫) আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে দোষঘটিত নরহত্যা করিয়াছে কিন্তু তাহাতে জানকৃত বধের তুল্য অপরাধ হয় না। ইহাতে অমুকের মরণ হইয়াছে ও দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৬ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৬ অধ্যায়ের ৮ ধারার অপরাধ।]

(৬) আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে যখন রাম মাতাল ছিল তখন তাহার আত্মহত্যা করিবার সহায়তা করিয়াছে। ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৮ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

(১৬ অধ্যায়ের ২৭ ধারার অপরাধ।]

(৭) আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে জানিয়াশুনিয়া অমুকের ভারি আঘাত করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ২৭

that he has thereby committed an offence punishable under Section 1 Chapter VI. of the Penal Code, (c) and within the cognizance of the [*style of the Court.*]

(d). And I hereby direct that Z be tried by the said Court on the said charge.

[*Signature and seal of the Magistrate.*]

Where the Magistrate tries the case, there must be substituted for (c) the words "within my cognizance:" and the words "by the said Court" in (d) may be omitted,

To be substituted for (b),

[On Section 3 Chapter VI.]

(2). That he, on or about the day of at , with the intention of inducing the Honorable A. B. a Member of the Council of the Governor General of India to refrain from exercising a lawful power as such Member, assaulted such Member, and that he has thereby committed an offence punishable under Section 3 Chapter VI. of the Penal Code.

[On Section 7 Chapter VIII.]

(3). That he on or about the day of at , committed the offence of rioting by being present at , and that he has thereby committed an offence punishable under Section 7 Chapter VIII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Section 1 Chapter IX.]

(4). That he, being a public servant in the Department, directly accepted from [*state the name*] for another party [*state the name*] a gratification other than legal remuneration, as a motive for his, the said Z's, forbearing to do an official act, and that he has thereby committed an offence punishable under Section 1 Chapter IX. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Section 6 Chapter XVI.]

(5). That he, on or about the day of at , committed culpable homicide not amounting to murder, causing the death of and that he has thereby committed an offence punishable under Section 6 Chapter XVI. of the Penal Code and within the cognizance of the [*style of the Court.*]

[On Section 8 Chapter XVI.]

(6). That he, on or about the day of at , abetted the commission of suicide by A. B. a person in a state of intoxication, and that he has thereby committed an offence punishable under Section 8 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Section 27 Chapter XVI.]

(7). That he, on or about the day of at , voluntarily caused grievous hurt to and that he has thereby committed an offence punishable under Section 27 Chapter XVI. of the Penal

[*Government Gazette, 25th October,* 1859.]

nal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Section 14 Chapter XVII.]

(8). That he, on or about the day of at , committed robbery, and that he has thereby committed an offence punishable under Section 14 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Section 17 Chapter XVII.]

(9). That he, on or about the day of at ; committed dacoity, and that he has thereby committed an offence punishable under Section 17 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Section 80 Chapter XVII.]

(10). That he, on or about the day of at , committed lurking house-trespass by night in the house of , and that he has thereby committed an offence punishable under Section 80 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

And the same form shall be followed, as nearly as may be, in charges with one head only, upon other Sections of the Penal Code.

Charges containing Two or more Heads.

[Charges in cases falling within two or more Sections of the Penal Code.]

170. When it appears to the Magistrate that the facts which can be established in evidence show a case falling within two or more Sections of the Penal Code, the charge shall contain two or more heads, each of which shall be applicable to one of such Sections.

[Two or more offences punishable under the same Section.]

171. When it appears to the Magistrate that the facts which can be established in evidence show the commission of two or more offences punishable under the same Section of the Penal Code, the charge shall contain two or more heads charging such offences respectively.

[Cases of doubt as to the Section which is applicable, or the offence which may be proved.]

172. When it appears to the Magistrate that the facts which can be established in evidence show a case within some one of two or more Sections of the Penal Code, but it is doubtful which of such Sections will be applicable, or show the commission of one of two or more offences punishable under the same Section of the Penal Code, but it is doubtful which of such offences will be proved to have been committed, the charge shall contain two or more heads, framed respectively on each of such Sections or charging respectively each of such offences accordingly.

[Form of charge of more than one head.]

173. When a charge contains more heads than

ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে। সেই অপরাধ অমুক (আদালতের নাম) আদালতের বিচার্য্য।

[১৭ অধ্যায়ের ১৪ ধারার অপরাধ।]

(৮) আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে লুঠ করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ১৭অধ্যায়ের ১৪ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ১৭ ধারার অপরাধ।]

(৯) আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে ডাকাইতী করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ১৭ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ৮০ ধারার অপরাধ।]

(১০) আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে রাত্রিতে লুকিয়া অন্যায়মতে অমুকের গৃহপ্রবেশ করিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৮০ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দণ্ডবিধির আইনের অন্য২ ধারাক্রমে যে২ নালিশের কেবল এক২ দফা থাকে সেই নালিশপত্র যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত এ পাঠে লিখিতে হইবেক।

যে নালিশপত্রে দুই কি তাহার অধিক দফা থাকে, তাহার বিধি।

[যে২ স্থলে দণ্ডবিধির আইনের দুই কি তাহার অধিক ধারাক্রমে নালিশ হয় সেই২ স্থলের নালিশপত্রের কথা।]

১৭০। মাজিষ্ট্রেট সাহেব যদি দেখিতে পান যে, প্রমাণক্রমে যে সকল বৃত্তান্ত সাব্যস্ত হয় তাহাতে দণ্ডবিধির আইনের দুই কি তাহার অধিক ধারামতের যোকদ্দমা হয়, তবে নালিশপত্রে দুই কি তাহার অধিক দফা লিখিতে হইবেক, অর্থাৎ এক২ দফার উপর এক২ ধারা খাটাইয়া লিখিতে হইবেক।

[এক ধারামতের দণ্ডনীয় দুই কি তাহার অধিক অপরাধের কথা।]

১৭১ ধারা। মাজিষ্ট্রেট সাহেব যদি দেখিতে পান যে, প্রমাণক্রমে যে সকল বৃত্তান্ত সাব্যস্ত হয় তাহাতে দণ্ডবিধির আইনের এক ধারামতের দণ্ডনীয় দুই কি তাহার অধিক অপরাধ প্রকাশ হয়, তবে নালিশপত্রে এক২ অপরাধ এক২ দফা করিয়া লিখিতে হইবেক।

[যে প্রকরণ খাটে কি যে অপরাধের প্রমাণ হয় ইহার সন্দেহ হইলে তাহার কথা।]

১৭২। মাজিষ্ট্রেট সাহেব যদি দেখিতে পান যে, প্রমাণক্রমে যে সকল বৃত্তান্ত সাব্যস্ত হয় তাহাতে দণ্ডবিধির আইনের দুই কি তাহার অধিক ধারার কোন এক ধারামতের দণ্ডনীয় অপরাধ প্রকাশ হয়, কিন্তু তাহার মধ্যে কোন্ ধারা ঐ অপরাধের উপর খাটে ইহার সন্দেহ হয়, অথবা দণ্ডবিধির আইনের একি ধারামতের দণ্ডনীয় দুই কি তাহার অধিক অপরাধের কোন এক অপরাধ প্রকাশ হয় কিন্তু তাহার মধ্যে কোন্ অপরাধের প্রমাণ হইবেক ইহার সন্দেহ হয়, তবে অপরাধে দুই কি তাহার অধিক দফা লিখিয়া ঐ ধারাতে এক২ দফা খাটাইয়া লিখিতে হইবেক, অথবা তদনুসারে এক২ প্রত্যেক অপরাধের অভিযোগ লিখিতে হইবেক।

[নালিশের দুই কি ততোধিক দফা হইলে তাহার পাঠের কথা।]

১৭৩। যদি নালিশের দুই কি ততোধিক দফা থাকে

one, the form shall be as follows, or to the same effect:

Forms of charge.

I, A [*name and office of Magistrate, &c.,*] declare that there is hereby made against Z the charge:

[On Sections 13 and 14 Chapter XII.]

First: That he, on or about the day of at , knowing a coin to be counterfeit, delivered the same to another person by name A. B. as genuine, and that he has thereby committed an offence punishable under Section 13 Chapter XII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

Secondly: That he, on or about the day of at , knowing a coin to be counterfeit, attempted to induce another person by name A. B. to receive it as genuine, and that he has thereby committed an offence punishable under Section 13 Chapter XII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

Thirdly.—That he has been in possession of counterfeit coin, having known at the time how he became possessed thereof that such coin was counterfeit, and has thereby committed an offence as punishable under Section 14 Chapter XII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

And I hereby direct that Z be tried by the said Court on the said charge.

[*Signature and seal of the Magistrate, &c.,*]

[On Sections 4 and 6 Chapter XVI.]

First: That he, on or about the day of at , committed murder by causing the death of , and that he has thereby committed an offence punishable under Section 4 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

Secondly: That he, on or about the day of at , by causing the death of , committed culpable homicide, and that he thereby committed an offence punishable under Section 6 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Sections 2 and 4 Chapter XVII.]

First: That he, on or about the day of at , committed theft, and that he has thereby committed an offence punishable under Section 2 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

Secondly: That he, on or about the day of at , committed theft, having made preparation for causing death to a person in order to the committing of such theft, and that he has thereby committed an offence punishable under Section 4 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

Thirdly: That he, on or about the day of at , committed theft, having made preparation for causing restraint to a person in order to the ef-

তবে তাহা নীচের লিখিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক।

নালিশপত্রের পাঠ।

আমি অমুক [মাজিষ্ট্রেটপ্রভৃতির নাম ও পদ] জানাইতেছি যে ইহাতে যদুর নামে এই২ নালিশ হইয়াছে।

[১২ অধ্যায়ের ১৩ ও ১৪ ধারার অপরাধ।]

প্রথম। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে অমুক স্থানে, কোন মুদ্রা কৃত্রিম জানিয়া অকৃত্রিম বলিয়া অমুক নামের লোককে দিয়াছিল, ইহাতে দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ের ১৩ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে অমুক স্থানে কোন মুদ্রা কৃত্রিম জানিয়া তাহা অকৃত্রিম বলিয়া অমুক নামের অন্য লোককে গ্রহণ করিবার প্রবৃত্তি জন্মাইতে উদ্যোগ করিয়াছিল ইহাতে দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ের ১৩ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

তৃতীয়। আসামীর নিকটে কৃত্রিম মুদ্রা ছিল ও যে সময়ে সেই মুদ্রা পাইয়াছিল সেই সময়ে তাহা কৃত্রিম জানিয়াছিল, ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ের ১৪ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

অতএব আদেশ করিতেছি যে উক্ত নালিশমতে উক্ত আদালতে যদুর বিচার হয়।

(মাজিষ্ট্রেটপ্রভৃতির দস্তখৎ ও মোহর।)

[১৬ অধ্যায়ের ৪ ও ৬ ধারার অপরাধ।]

প্রথম। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে অমুকের মৃত্যুর কারণ হইয়া জ্ঞানকৃত বধ করিয়াছিল, ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৪ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে অমুকের মৃত্যুর কারণ হইয়া, দোষপূর্ব্বক নরহত্যা করিয়াছিল, ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৬ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ২ ও ৪ ধারার অপরাধ।]

প্রথম। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে চুরী করিয়াছিল, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে চুরী করিয়াছিল ও চুরী করিবার জন্যে কোন লোকের প্রাণ নষ্ট করিবার উদ্যোগ করিয়াছিল, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৪ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

তৃতীয়। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে চুরী করিয়াছে, ও চুরী করিবার পর পলা-

fecting of his escape after the committing of such theft, and that he has thereby committed an offence punishable under Section 4 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

Fourthly: That he, on or about the day of at , committed theft, having made preparation for causing fear of hurt to a person in order to the retaining of property taken by such theft, and that he has thereby committed an offence punishable under Section 4 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

[On Sections 2 and 28 Chapter XVII.]

First: That he, on or about the day of at , committed theft, and that he has thereby committed an offence punishable under Section 2 Chapter XVII. of the Penal Code and within the cognizance of the [*style of the Court.*]

Secondly: That he, on or about the day of at , committed criminal breach of trust, and that he has thereby committed an offence punishable under Section 28 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court.*]

And the same shall be followed, as nearly as may be, in charges with more heads than one, upon other Sections of the Penal Code.

[Amendment of Charge.]

174. It shall be competent to the Court, at any stage of a trial, to amend or alter the charge.

[When the trial may be immediately proceeded with after amendment.]

175. If the amendment or alteration is such that proceeding immediately with the trial is not likely, in the opinion of the Court, to prejudice the accused person in his defence, it shall be at the discretion of the Court, after making the amendment or alteration, to proceed with the trial as if the amended charge had been the original charge.

[When a new trial may be ordered, or trial suspended.]

176. If the amendment or alteration is such that proceeding immediately with the trial is likely, in the opinion of the Court, to prejudice the accused person in his defence, the Court may either direct a new trial, or suspend the trial for such period as may be necessary to enable him to make his defence to the amended or altered charge; and after hearing his defence, may further adjourn the trial to admit of the appearance of any witnesses whose evidence the Court may consider to be material to the case, or whom the accused person may wish to be summoned in his defence. If after the reading of the amended or altered charge to the accused person no postponement is considered necessary by the Court, the Court may at once proceed with the trial.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৫ অক্টোবর।]

ইতে পারে এই নিমিত্তে কোন লোককেআটক করিয়া রাখিবার উদ্যোগ করিয়াছিল, ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৪ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

চতুর্থ। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে চুরী করিয়াছিল ও সেই চৌর্য্যের দ্বারা যে সম্পত্তি পায় তাহা রাখিতে পারে এই নিমিত্তে কোন লোকের আঘাত হইবার ভয় জন্মাইবার উদ্যোগ করিয়াছিল, ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৪ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ২ ও ২৮ ধারার অপরাধ।]

প্রথম: আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে চুরী করিয়াছিল ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে, অমুক স্থানে অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছিল ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২৮ ধারামতের দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

ও দণ্ডবিধির আইনের অন্যান্য প্রকরণক্রমে যে সকল নালিশের দুই কি ততোধিক দফা থাকে তাহা যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত উক্ত প্রকারে লিখিতে হইবেক।

[নালিশপত্র সংশোধনের কথা।]

১৭৪। বিচার করিবার কোন সময়ে আদালত নালিশ সংশোধন কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

[যে স্থলে সংশোধন হইলে পর বিচারের কার্য্য অব্যাজে চলিতে পারে তাহার কথা।]

১৭৫। যে সংশোধন কি পরিবর্ত্তন হইয়াছে তাহা বুঝিয়া যদি আদালতের বিবেচনাতে মোকদ্দমার কার্য্য অব্যাজে চলিলে অভিযুক্ত ব্যক্তির জওয়াবের কোন ব্যাঘাত হইবার সম্ভাবনা নাই, তবে আদালত সেই নালিশের সংশোধন কি পরিবর্ত্তন করা গেলে পর আপনার বিবেচনামুসারে সেই সংশোধিত নালিশ প্রথম নালিশ হইবার মতে জ্ঞান করিয়া মোকদ্দমার বিচার করিতে থাকিবেন।

[যে স্থলে নূতন বিচারের হুকুম হইতে পারিবেক কিম্বা বিচার স্থগিত হইতে পারিবেক তাহার কথা।]

১৭৬। নালিশের যে সংশোধন কি পরিবর্ত্তন হইয়াছে তাহা বুঝিয়া যদি আদালতের বিবেচনাতে মোকদ্দমার কার্য্য অব্যাজে চলিলে আসামীর জওয়াবের ব্যাঘাত হইবার সম্ভাবনা হয়, তবে আদালত নূতন বিচারের হুকুম করিতে পারিবেন, অথবা আসামী সংশোধিত কি পরিবর্ত্তিত নালিশের জওয়াব করিতে পারে এজন্যে যত কাল আবশ্যক হয় তত কালপর্য্যন্ত বিচার স্থগিত রাখিতে পারিবেন। ও তাঁহার জওয়াব শুনিলে পর, আদালত যে কোন সাক্ষিরদের সাক্ষ্য মোকদ্দমার পক্ষে গুরুতর জ্ঞান করেন, কিম্বা আসামী যে কোন সাক্ষিদিগকে আপনার জওয়াবের পক্ষে তলব করাইতে চাহে, সেই সাক্ষিরা উপস্থিত হইতে পারে এইনিমিত্তে আদালত অন্য দিনপর্য্যন্ত মোকদ্দমার বিচার স্থগিত রাখিতে পারিবেন। সেই সংশোধিত কি পরিবর্ত্তিত নালিশপত্র আসামীর নিকটে পাঠ করা গেলে পর যদি আদালত কিছু বিলম্ব করা আবশ্যক জ্ঞান করেন তবে একেবারে বিচারের কার্য্যে প্রবর্ত্ত হইতে পারিবেন।

[Defendant may recall and cross-examine witnesses for prosecution.]

177. In all cases of amendment or alteration of a charge, the accused person shall be allowed to recall and cross-examine any witness that may have been examined for the prosecution.

CHAPTER XIII.

OF OFFENCES TRIABLE BY THE MAGISTRATE.

When a Warrant on Complaint may issue against the accused person.

[Cases in which Magistrate may issue a warrant. Summons instead of warrant.

178. In all cases where a complaint shall be made before a Magistrate having jurisdiction in the case that any person has committed, or is suspected to have committed, any offence triable by such Magistrate, and which is punishable under the Penal Code with imprisonment for a period exceeding six months, it shall be lawful for such Magistrate to issue his warrant to apprehend such person; provided always that in all cases it shall be lawful for the Magistrate to whom such complaint shall be made, if he shall so think fit, instead of issuing in the first instance his warrant to apprehend the person so complained against, to issue his summons requiring him to appear to answer to such complaint.

[Issue of process.]

179. The provisions of Chapter XI. relating to the issuing of process for causing the attendance of the accused, the summoning and enforcing the attendance of witnesses, the examination of parties and evidence (except the provision relating to evidence in behalf of the accused in Section 140), the taking of bail, the warrant of commitment, the adjournment of a case, and the discharge of the person accused, shall be applicable to cases described in the last preceding Section.

[Charge.]

180. When the evidence of the complainant and of the witnesses for the prosecution and such examination of the accused person as the Magistrate may consider necessary, have been taken, if the Magistrate finds that no offence has been proved against the accused, he shall discharge him. If he finds that an offence is apparently proved against the accused which falls within the definition in a certain Chapter and Section of the Penal Code, or within one or other of the definitions in several Chapters or Sections of the Code, he shall prepare in writing a charge against the accused in the manner prescribed in Chapter XII. of this Act.

[Plea.]

181. The charge shall then be read to the accused person, and unless the case is one which in the opinion of the Magistrate ought to be tried by the Court of Session, he shall be asked whether he be guilty or not guilty of the offence charged.

[Plea of "not guilty."]

182. If the defendant plead "not guilty" to

[*Government Gazette, 25th October, 1859.*]

[ফরিয়াদীর পক্ষের সাক্ষিরদিগকে আসামীর পুনরায় ডাকিয়া জের সওয়াল করিবার কথা।]

১৭৭। নালিশপত্রের সংশোধন কি পরিবর্ত্তন হইলে ফরিয়াদীর পক্ষে যে কোন সাক্ষির জোবানবন্দী লওয়া গিয়াছে তাহাকে আসামী পুনরায় ডাকাইয়া জের সওয়াল করিতে পাইবেক।

ত্রয়োদশ অধ্যায়।

মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য অপরাধ।

যে স্থলে নালিশ হইলেই আসামীর নামে দস্তক জারী হইতে পারিবেক তাহার বিধি।

[মাজিষ্ট্রেট সাহেবের দস্তক জারী করিবার ও দস্তকের পরিবর্ত্তে সমনদিবার কথা।]

১৭৮। মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য যে অপরাধ হইলে দণ্ডবিধির আইনমতে ছয় মাসের অধিক কাল কয়েদ হইতে পারে, এমত কোন অপরাধ কোন ব্যক্তি করিয়াছে, কিম্বা করিবার শোবে কোন ব্যক্তির উপর হইয়াছে, এই প্রকার নালিশ উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইলে, তিনি সেই লোককে গ্রেপ্তার করিবার জন্যে দস্তক জারী করিতে পারিবেন। পরন্তু সেই প্রকারের নালিশ যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা যায়, তিনি যদি উচিত বোধ করেন, তবে যে লোকের নামে নালিশ হইয়াছে তাহাকে গ্রেপ্তার করিবার দস্তক প্রথমে না দিয়া, ঐ নালিশের জওয়াব দিবার জন্যে তাহাকে হাজির হইবার সমন জারী করিতে পারিবেন।

[পরওয়ানা জারী করিবার কথা।]

১৭৯। অভিযুক্ত ব্যক্তিকে হাজির করাইবার পরওয়ানা জারীর ও সাক্ষিদিগকে সমন করিবার ও হাজির করাইবার ও উভয় পক্ষের জোবানবন্দী লইবার ও প্রমাণ তদারক করিবার ও হাজিরজামিন লইবার ও কয়েদ করণের পরওয়ানার, ও মোকদ্দমা মুলতবী রাখিবার ও অভিযুক্ত ব্যক্তিকে মুক্ত করিবার যে২ বিধান ১১ অধ্যায়েতে আছে তাহা ইহার পূর্ব্বের ধারার নির্দ্দিষ্ট মোকদ্দমায় খাটিবেক, কিন্তু ১৪০ ধারাতে অভিযুক্ত ব্যক্তির তরফের প্রমাণসম্পর্কীয় যে বিধান আছে তাহা খাটিবেক না।

[নালিশের কথা।]

১৮০। ফরিয়াদীর ও তাহার পক্ষের সাক্ষিরদের সাক্ষ্য ও মাজিষ্ট্রেট সাহেব আসামীর যে জোবানবন্দী লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা যখন লওয়া গিয়াছে, তখন অভিযুক্ত ব্যক্তির কোন অপরাধের প্রমাণ হয় নাই মাজিষ্ট্রেট সাহেব যদি এই বোধ করেন তবে তিনি আসামীকে ছাড়িয়া দিবেন। কিন্তু আসামীর নামে কোন অপরাধের প্রমাণ হইয়াছে, আর সেই অপরাধ দণ্ডবিধির আইনের অমুক অধ্যায়ের অমুক ধারাতে ব্যক্ত হইয়াছে, কিম্বা ঐ আইনের ভিন্ন ভিন্ন অধ্যায়ের কি ধারার কথার মধ্যে ব্যক্ত হইয়াছে এমত যদি বুঝেন, তবে এই আইনের ১২ অধ্যায়ে যেরূপ নির্দ্দিষ্ট হইয়াছে সেইরূপে তিনি আসামীর অভিযোগপত্র লিখিয়া প্রস্তুত করিবেন।

[জওয়াবের কথা।]

১৮১। পরে ঐ অভিযোগপত্র আসামীর নিকটে পাঠ করা যাইবেক। ও মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে যদি সেই মোকদ্দমার বিচার সেশন আদালতের উপযুক্ত নহে তবে মাজিষ্ট্রেট সাহেব সেই লোককে জিজ্ঞাসা করিবেন যে তুমি ঐ নালিশকরা অপরাধের দোষী কি না।

[দোষ অস্বীকার করণের কথা।]

১৮২। যদি আসামী অভিযোগ শুনিয়া বলে, যে আমি

the charge or refuse to plead, he shall be called upon to enter upon his defence and produce his witnesses if in attendance, and shall be allowed to recall and cross-examine the witnesses for the prosecution.

[Evidence for the defence.]

183. The Magistrate shall summion any witness and examine any evidence, that may be offered in behalf of the accused, to answer or disprove the evidence against him, and may, for this purpose, at his discretion, adjourn the trial to such future time as may be necessary, and so from time to time.

[Witnesses for the defence.]

184. The provisions of Sections 126, 127, 130, and 133 shall be applicable to witnesses named in support of the defence.

[Conviction.]

185. If the accused is convicted, the Magistrate shall pass sentence upon him according to law.

[How the Magistrate is to proceed when, after commencement of trial, he finds the case beyond his jurisdiction.]

186. In any trial before a Magistrate, wherein it may appear, at any stage of the proceedings, that from any cause the case is one which the Magistrate is not competent to try, the Magistrate shall stop further proceedings under this Chapter, and shall proceed in accordance with the rules of Chapter XI, for conducting preliminary investigations in cases triable by the Court of Session.

When a Summons on Complaint shall issue to the Defendant.

[Summons shall issue. When warrant may issue.]

187. In all cases where a complaint shall be made before a Magistrate, having jurisdiction in the case, that any person has committed or is suspected to have committed any offence other than the offences provided for in Section 178, for which he is liable, upon a summary conviction for the same before a Magistrate, to be imprisoned or fined, or otherwise punished, it shall be lawful for such Magistrate to issue his summons directed to such person, stating shortly the matter of such complaint, and requiring him to appear at a certain time and place before such Magistrate, to answer to the said complaint; provided that, if the Magistrate shall be satisfied by evidence before him that the accused is about to abscond, then, instead of issuing such summons, it shall be lawful for him to issue his warrant in the first instance for the arrest of the accused.

[Provisions of Section 123 applicable to warrants issued under this Chapter.]

188. The provisions of Section 123 shall be applicable in respect of warrants issued under the provisions of this Chapter.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ২৫ অক্টোবর।]

[আসামীর পক্ষের সাক্ষ্যের কথা।]

১৮৩। আসামীর বিপক্ষে যে কোন প্রমাণ দেওয়া যায় তাহার উত্তর দিবার কি খণ্ডাইবার জন্যে আসামীর তরফের যে কোন সাক্ষির নাম ও যে কোন প্রমাণ ব্যক্ত হয় মাজিষ্ট্রেট সাহেব সেই সাক্ষিকে সমন করিবেন ও সেই প্রমাণের বিচার করিবেন, ও সেই কারণে তিনি আপনার বিবেচনামতে যত দিন আবশ্যক বুঝেন তত দিনপর্য্যন্ত বিচারের কার্য্য স্থগিত রাখিতে পারিবেন ও সেই প্রকারে সময়ে২ করিতে পারিবেন।

[আসামীর তরফের সাক্ষিগণের কথা।]

১৮৪। আসামীর তরফের যে সাক্ষিরদের নাম লওয়া যায় তাহারদের প্রতি ১২৬ ও ১২৭ ও ১৩০ ও ১৩৩ ধারার বিধান খাটিবেক।

[দোষ সাব্যস্ত করণের কথা।]

১৮৫। যদি আসামীর দোষ সাব্যস্ত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আইনমতে তাহার দণ্ডের আজ্ঞা করিবেন।

[বিচারের কার্য্য আরম্ভ করিলে পর যদি মাজিষ্ট্রেট সাহেব দেখেন যে মোকদ্দমা তাঁহার এলাকার বহির্ভূত, তবে তাঁহার যাহা করিতে হইবেক তাহার কথা।]

১৮৬। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কোন বিচারের কার্য্য চলিবার কোন সময়ে যদি দৃষ্ট হয় যে, কোন কারণে মাজিষ্ট্রেট সাহেবের ঐ মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা নাই, তবে মাজিষ্ট্রেট সাহেব এই অধ্যায়মতের অধিক কার্য্য রহিত করিবেন, ও সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমাতে প্রথম স্থলের তদারক করিবার বিধি ১১ অধ্যায়ে লেখা আছে সেই বিধিমতে কার্য্য করিবেন।

যে স্থলে নালিশ হইলে আসামীর নামে সমন জারী হইবেক তাহার বিধি।

[সমন জারী হইবার কথা ও যে স্থলে পরওয়ানা জারী হইতে পারিবেক তাহার কথা।]

১৮৭। ১৭৮ ধারাতে যে২ অপরাধের বিধান হইয়াছে, তদ্ভিন্ন কোন অপরাধ কোন ব্যক্তি করিয়াছে কি কোন ব্যক্তির উপর করিবার শোবে হইয়াছে এমত নালিশ ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা গেলে, যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে ঐ আসামী কয়েদ হইবার কি জরীমানা দিবার কি অন্য কোন দণ্ডের যোগ্য হয়, তবে সেই মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির নামে সমন লিখিয়া জারী করিতে পারিবেন, তাহাতে ঐ নালিশের মর্ম্ম সংক্ষেপে লেখা থাকিবেক, ও তাহাকে আজ্ঞা হইবেক যে ঐ নালিশের উত্তর দিবার জন্যে সে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে বিশেষ সময়ে ও স্থানে হাজির হয়। পরন্তু মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যে প্রমাণ দেওয়া যায় তাহাতে যদি তিনি জ্ঞাতমতে জানেন যে অভিযুক্ত ব্যক্তি পলাইতে উদ্যত আছে, তবে ঐ সমন জারী না করিয়া অভিযুক্ত ব্যক্তির গ্রেপ্তারী পরওয়ানা প্রথমেই জারী করিতে পারিবেন।

[এই অধ্যায়মতে যে পরওয়ানা জারী হয় তাহার উপর ১২৩ ধারার বিধান খাটিবার কথা।]

১৮৮। এই অধ্যায়ের বিধানমতে যে সকল পরওয়ানা জারী হয় তাহার উপর ১২৩ ধারার কথা খাটিবে।

[When Magistrate may refuse summons.]

189. It shall be competent to the Magistrate, before issuing a summons to the accused party, to examine the complainant as to the specific facts of the case; and if upon such examination it shall appear to the Magistrate that there is no sufficient ground for summoning the accused, he may refuse the summons.

[If summons be not obeyed, warrant.]

190. If the person served with a summons shall not appear before the Magistrate at the time and place mentioned in such summons, and it shall be made to appear to the Magistrate that such summons was so served in what shall be deemed by the Magistrate to be a reasonable time before the time therein appointed for appearing to the same, or if it shall appear to the Magistrate that after due diligence the summons could not be served on the accused person or on any adult male member of his family, the Magistrate may, upon declaration being made before him substantiating the matter of such complaint to his satisfaction, issue his warrant to apprehend the person so summoned, and to bring such person before him to answer to the said complaint.

[Magistrate may dispense with personal attendance of accused.]

191. The Magistrate may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the party complained against, and permit him to appear by an agent duly authorized to act in his behalf. Provided that it shall be at the discretion of the Magistrate, at any stage of the proceedings, to direct the personal attendance of such party.

Summoning &c., of Witnesses.

[Summons to witness to attend and give evidence.]

192. If it shall be made to appear to the Magistrate that any person is likely to give material evidence in behalf of the complainant or the accused person in any such case as is described in Section 187, and will not voluntarily appear for the purpose of being examined as a witness at the time and place appointed for the hearing of such complaint, such Magistrate shall issue his summons to such person under his hand and seal, requiring him to appear at a time and place mentioned in the summons, before the said Magistrate, to testify what he knows concerning the matter of the said complaint.

[Diet money for witnesses.]

193. It shall be lawful for the Magistrate to direct that, before any process is issued for the attendance of witnesses in any such case as is referred to in the last preceding Section, the person preferring the charge shall deposit in the hands of the proper Officer a sufficient sum for the maintenance of the witnesses who may be summoned on his application, during their attendance at the Magistrate's Court, and the Magistrate shall regulate the amount of

[Government Gazette, 25th October, 1859.]

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব সমন দিতে অস্বীকার করিতে পারিবেন তাহার কথা।]

১৮৯। অভিযুক্ত ব্যক্তির নামে সমন দিবার আগে মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার বিশেষ বৃত্তান্তের বিষয়ে ফরিয়াদীর জোবানবন্দী লইতে পারিবেন, ও সেই জোবানবন্দী লইয়া যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে অভিযুক্ত ব্যক্তির নামে সমন দিবার উপযুক্ত কারণ নাই, তবে তিনি সমন দিতে অস্বীকার করিতে পারিবেন।

[সমন না মানিলে পরওয়ানা বাহির হইবার কথা।]

১৯০। যে ব্যক্তির উপর সমন জারী হয় সে যদি ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির না হয়, ও হাজির হইবার যে সময় সেই সমনে নির্দ্দিষ্ট হইয়াছিল তাহার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেব যাহা উপযুক্ত সময় জ্ঞান করেন এমত সময় থাকিতে ঐ সমন জারী হইয়াছিল ইহা যদি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রকাশ করা যায়, কিম্বা উপযুক্তমতের যত্ন হইলেও ঐ সমন ঐ অভিযুক্ত ব্যক্তির উপর কিম্বা তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের উপর জারী হইতে পারিল না ইহা যদি মাজিষ্ট্রেট সাহেব দেখিতে পান, তবে ঐ নালিশের কথা সাব্যস্ত করিবার এজহার তাঁহার হুদ্বোধমতে তাঁহার নিকটে করা গেলে, তিনি সেই সমনকরা ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্যে, ও উক্ত নালিশের জওয়াব দিবার নিমিত্তে আপনার নিকটে আনাইবার জন্যে, পরওয়ানা জারী করিতে পারিবেন।

[অভিযুক্ত ব্যক্তির হাজিরহওয়া ক্ষমা হইবার কথা।]

১৯১। মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত কারণ জানিলে অভিযুক্ত ব্যক্তির নিজে হাজিরহওয়া ক্ষমা করিয়া, তাহার পক্ষে কার্য্য করিতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা তাহার হাজির হইবার অনুমতি দিতে পারিবেন, পরন্তু মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে মোকদ্দমা চলনের কোন সময়ে আসামীকে নিজে হাজির হইবার আজ্ঞা করিতে পারিবেন।

সাক্ষিরদিগকে সমনইত্যাদি করণের বিধি।

[সাক্ষিরদিগকে হাজির হইয়া সাক্ষ্য দিবার সমনের কথা।]

১৯২। ১৮৭ ধারার লিখিত প্রকারের কোন মোকদ্দমার কোন ব্যক্তি আসামীর কি ফরিয়াদীর পক্ষে প্রকৃতর সাক্ষ্য দিতে পারে, কিন্তু সেই নালিশ শুনিবার নিরূপিত সময়ে ও স্থানে সাক্ষিস্বরূপে জোবানবন্দী দিবার জন্যে সে আপন ইচ্ছাগতে হাজির হইবেক না, এই কথা যদি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রকাশ করা যায়, তবে সেই মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির নামে আপনার দস্তখৎ ও মোহরকরা সমন জারী করিবেন, তাহাতে তাহাকে আজ্ঞা হইবেক যে উক্ত নালিশের বিষয়ে যাহা জানে তাহার সাক্ষ্য দিবার জন্যে সমনের লিখিত সময়ে ও স্থানে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হাজির হয়।

[সাক্ষিরদের খোরাকীর কথা।]

১৯৩। ইহার পূর্ব্বের ধারাতে যে কোন মোকদ্দমার উল্লেখ হইয়াছে এমত কোন মোকদ্দমায়, সাক্ষিরদের হাজির করাইবার কোন পরওয়ানা জারী হইবার আগে মাজিষ্ট্রেট সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ নালিশ যে ব্যক্তি উপস্থিত করিয়াছে তাহার প্রার্থনামতে যে সকল সাক্ষিকে সমন করা যায় তাহারা যত কাল মাজিষ্ট্রেট সাহেবের আদালতে হাজির থাকে তত কালপর্য্যন্ত তাহারদের খোরাকের জন্যে ফরিয়াদী উপযুক্ত কত টাকা উপযুক্ত কর্ম্মকারকের হাতে

dict money so required, with reference to the probable period such witnesses may have to be in attendance, and in the event of the prolonged detention of witnesses, shall direct the deposit of any further sum which to the said Magistrate may seem requisite.

[Magistrate may summon necessary evidence.]

194. It shall be at the discretion of the Magistrate, at any stage of the trial, to summon and examine any witnesses whose evidence he may consider essential to the just decision of the case.

[Application of previous rules.]

195. The provisions of Sections 126, 127, and 130 shall be applicable to witnesses summoned according to the provisions of Sections 192 and 194.

Bail.

[Defendant may be admitted to bail or to be at large upon personal recognizance.]

196. If upon the day and at the place appointed, the accused person shall attend voluntarily in obedience to the summons in that behalf served upon him, or shall be brought before the Magistrate by virtue of any warrant, it shall be at the discretion of the Magistrate to admit the accused person to bail, or allow him to be at large upon his personal recognizance. If he cannot give bail, when required to do so, he shall be committed to custody.

[Non-appearance of complainant.]

197. If upon the day appointed for the appearance of the accused or any day subsequent thereto, on which the case may be called on, the complainant does not appear, the Magistrate shall dismiss the complaint; unless for some reason he shall think proper to adjourn the hearing of the same unto some other day, upon such terms as he shall think fit.

[Admission by defendant of truth of complaint.]

198. On the appearance of both parties for the hearing of the case, the substance of the complaint shall be stated to the accused person and he shall be asked if he have any cause to show why he should not be convicted; and if he thereupon admit the truth of such complaint, and show no cause, or no sufficient cause, why he should not be convicted, then the Magistrate may convict him accordingly.

[Proceeding when no such admission is made.]

199. If the accused do not admit the truth of the complaint, then the Magistrate shall proceed to hear the complainant, and such witnesses as he may produce in support of his complaint, and also to hear the accused and such witnesses as he may produce in his defence; and having heard the parties and their witnesses, shall consider the whole matter and determine the same, and shall convict the accused person or dismiss the complaint, as the case may be.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৫ অক্টোবর।]

গচ্ছিত করে, ও সেই সাক্ষিরদের অনুমান যত কাল হাজির হইয়া থাকিতে হইবেক তাহা বুঝিয়া যত থোরাকী সেই প্রকারে দিতে হইবেক তাহা মাজিষ্ট্রেট সাহেব নির্ণয় করিবেন, ও যদি সাক্ষিরদের তাহার অধিক কাল থাকিতে হয়, তবে উক্ত মাজিষ্ট্রেট সাহেব অধিক যত টাকা আবশ্যক জ্ঞান করেন তত টাকা দাখিল করিতে আজ্ঞা করিবেন।

[আবশ্যক সকল প্রমাণ তলব করিবার কথা।

১৯৪। মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার যথার্থ নিষ্পত্তি করিবার জন্যে যে কোন সাক্ষিরদের প্রমাণ আবশ্যক জ্ঞান করেন তাহারদিগকে মোকদ্দমার বিচার করিবার কোন সময়ে আপনার বিবেচনামতে সমন করিতে পারিবেন ও তাহারদের জোবানবন্দী লইতে পারিবেন।

[পূর্ব্বের বিধি খাটিবার কথা।]

১৯৫। ১৯২ ও ১৯৪ ধারার বিধানমতে যে সাক্ষিরদিগকে সমন করা যায় তাহারদের উপর ১২৬ ও ১২৭ ও ১৩০ ধারার বিধান খাটিবেক।

হাজিরজামিনের বিধি।

আসামীর হাজিরজামিন দিয়া কিম্বা মুচলকা লিখিয়া মুক্ত থাকিবার কথা।।

১৯৬। আসামীর উপর যে সমন জারী হয় তাহা মানিয়া যদি আসামী স্বেচ্ছামতে নিরূপিত সময়ে ও স্থানে হাজির হয়, অথবা যদি কোন দস্তকের শক্তিক্রমে আসামীকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে আসামীর স্থানে হাজিরজামিনী লইবার অনুমতি দিবেন অথবা মুচলকা লেখাইয়া লইয়া তাহাকে মুক্ত করিবার অনুমতি দিবেন। যদি হাজিরজামিনী দিবার আজ্ঞা হইলেও আসামী না দিতে পারে, তবে তাহাকে হেফাজতে রাখিতে হইবেক।

[ফরিয়াদী উপস্থিত না হইলে তাহার কথা।]

১৯৭। আসামীর হাজির হইবার নিরূপিত দিনে, কিম্বা তাহার পর যে কোন দিনে মোকদ্দমার তলব হয় সেই দিনে যদি ফরিয়াদী উপস্থিত না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব নালিশ ডিসমিস করিবেন। কিন্তু যদি কোন কারণে উচিত বোধ করেন তবে যে নিয়ম উচিত জ্ঞান করেন সেই নিয়মমতে তিনি নালিশ শুনিবার কার্য্য অন্য দিনপর্য্যন্ত স্থগিত রাখিতে পারিবেন।

[আসামী অভিযোগের কথা সত্য স্বীকার করিলে তাহার কথা।]

১৯৮। মোকদ্দমা শুনা যাইবার জন্যে উভয় পক্ষ হাজির হইলে, নালিশের মর্ম্ম আসামীর নিকটে কহা যাইবেক, ও তাহাকে জিজ্ঞাসা করা যাইবেক যে, তোমাকে দোষি জ্ঞান না হয় এমত কোন কারণ আছে কি না। তাহাতে যদি আসামী ঐ অভিযোগের কথা সত্য স্বীকার করে, ও তাহাকে দোষি জ্ঞান না হয় এমত কোন কারণ কি কোন উপযুক্ত কারণ না দর্শায়, তবে মাজিষ্ট্রেট সাহেব তদনুসারে তাহাকে দোষী স্থির করিবেন।

[যদি সেইরূপ স্বীকার না করে তবে যে প্রকারে কার্য্য করিতে হইবেক তাহার কথা।]

১৯৯। যদি আসামী ঐ অভিযোগের কথা সত্য স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর কথা ও নালিশের পোষকতায় সে যে সকল সাক্ষিকে উপস্থিত করে তাহারদের কথা শুনিবেন, ও আসামীর কথা ও তাহার জওয়াবের পোষকতায় সে যে সকল সাক্ষিকে উপস্থিত করে তাহারদের কথা শুনিবেন, ও উভয় পক্ষের ও তাহারদের সাক্ষিরদের কথা শুনিলে পর তিনি সমুদয় বিষয় বিবেচনা করিয়া নিষ্পত্তি করিবেন ও বিষয়টির শেষে আসামীর দোষ নির্ণয় করিবেন কিম্বা নালিশ ডিসমিস করিবেন।

[How the evidence is to be recorded.]

200. The evidence of each witness shall be taken down in writing in the language in ordinary use in proceedings before the Court by or in the presence and hearing and under the personal direction and superintendence of the Magistrate, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and when completed shall be read over to the witness in the presence of the person accused if in attendance, and shall, if necessary, be corrected and shall be signed by the Magistrate. If the evidence be taken down in a different language from that in which it has been given, and the witness does not understand the language in which it is taken down, the witness may require his deposition as taken down in writing to be interpreted to him in the language in which it was given. When the evidence of a witness is given in English the Magistrate may so take it down in his own hand. It shall be in the discretion of the Magistrate to take down or cause to be taken down, any particular question and answer, if there shall appear any special reason for so doing, or any person who is a prosecutor or a person accused shall require it. The Magistrate shall record such remark as he may think material respecting the demeanour of any witness whilst under examination. In cases in which the evidence is not taken down in writing by the Magistrate himself, he shall be bound, as the examination of each witness proceeds, to make a memorandum of the substance of what such witness deposes, and such memorandum shall be written and signed by the Magistrate with his own hand, and shall form part of the record. If the Magistrate shall be prevented from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so.

[Memorandum of substance of evidence when sufficient.]

201. It shall be competent to the Magistrate in any such case as is described in Section 187, instead of taking down in writing at length the evidence of each witness, to make a memorandum of the substance thereof as the examination of the witness proceeds. The memorandum shall be written and signed by the Magistrate with his own hand and shall form part of the record. If the Magistrate shall be prevented from making a memorandum as above required he shall record the reason of his inability to do so, and shall cause such memorandum to be made in writing from his dictation in open Court, and shall sign the same, and such memorandum shall form part of the record.

[Adjournment.]

202. Before or during the hearing of any complaint, it shall be lawful for the Magistrate to adjourn the hearing of the same to a future day, to be then appointed and stated in the presence and hearing of the party or parties; and if on the day to which such hearing or such further hearing shall be so adjourned, the accused person shall not ap-

[*Government Gazette, 25th October,* 1859.]

[সাক্ষ্য যে প্রকারে লিখিতে হইবেক তাহার কথা।]

২০০। প্রত্যেক সাক্ষির সাক্ষ্য আদালতের কার্য্যের চলন ভাষাতে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা তাঁহার সাক্ষাতে ও কর্ণগোচরে ও তাঁহার নিজ আজ্ঞামতে ও তত্ত্বাধীনে লিখিয়া লওয়া যাইবেক। তাহা সামান্যতঃ জিজ্ঞাসা ও উত্তরের মতে লেখা যাইবেক না কিন্তু বৃত্তান্তভাবে লেখা যাইবেক। সমাপ্ত হইলে পর যদি অভিযুক্ত ব্যক্তি হাজির থাকে তবে তাহার সাক্ষাতে ঐ সাক্ষ্য সাক্ষির নিকটে পাঠ করা যাইবেক ও যদি আবশ্যক হয় তবে তাহা শুধরান যাইবেক, ও মাজিষ্ট্রেট সাহেব তাহাতে দস্তখৎ করিবেন। ঐ সাক্ষ্য যে ভাষা কহিয়া দেওয়া গিয়াছিল তাহাভিন্ন যদি অন্য ভাষাতে লিখিয়া লওয়া যায়, ও যে ভাষাতে লেখা গিয়াছে তাহা যদি সাক্ষী বুঝিতে না পারে, তবে তাহার যে সাক্ষ্য লিখিয়া লওয়া গিয়াছে তাহা যে ভাষা কহিয়া দিল, সেই ভাষায় তরজমা হইয়া তাহার নিকটে পাঠ করা যায় তাহার এমন আদেশ থাকিতে পারিবে। সাক্ষির সাক্ষ্য যদি ইঙ্গরেজী ভাষাতে কহা যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই ভাষাতে আপন হাতে লিখিয়া লইতে পারিবেন। যদি কোন বিশেষ জিজ্ঞাসার ও উত্তরের কথা লিখিবার কোন বিশেষ কারণ দৃষ্ট হয়, অথবা মোকদ্দমাতে ফরিয়াদী কি আসামী যে হয় সে যদি তাহা চাহে, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে সেই জিজ্ঞাসার ও উত্তরের কথা লিখিবেন কিম্বা লেখাইয়া লইবেন। আর জোবানবন্দী দিবার সময়ে কোন সাক্ষির ভাবাচারের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব যে কোন কথা গুরুতর জ্ঞান করেন তাহাও লিখিয়া রাখিতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেব আপনি যদি সাক্ষ্য লিখিয়া না লন, তবে এক২ জন সাক্ষির সাক্ষ্য যেমন লওয়া যাইতেছে তেমনি সেই এক২ জন যাহা কহে তাহার মর্ম্ম তাঁহার অবশ্য লিখিয়া রাখিতে হইবেক। সেই মর্ম্ম মাজিষ্ট্রেট সাহেব আপন হাতে লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন, ও তাহা মোকদ্দমার নথীর এক কাগজ হইবে। মাজিষ্ট্রেট সাহেব যদি উক্ত হুকুমমতের মর্ম্ম লিখিতে না পারেন, তবে যে কারণে পারিলেন না তাহা লিখিবেন।

[সাক্ষ্যের মর্ম্মমাত্র লিখিবার কথা।]

২০১। ১৮৭ ধারার লিখিত প্রকারের কোন মোকদ্দমার এক২ জন সাক্ষির সাক্ষ্য বিস্তারিতরূপে না লিখিয়া, সাক্ষির জোবানবন্দী যে সময়ে লওয়া যাইতেছে সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেব তাহার মর্ম্ম লিখিয়া লইতে পারিবেন। সেই মর্ম্ম মাজিষ্ট্রেট সাহেব আপন হাতে লিখিয়া দস্তখৎ করিবেন ও সেই লিপি মোকদ্দমার নথীর এক কাগজ হইবেক। যদি মাজিষ্ট্রেট সাহেব উক্ত হুকুমমতে ঐ মর্ম্ম লিখিতে না পারেন তবে যে কারণে পারিলেন না তাহা লিখিবেন। ও খোলা কাছারীতে আপনি যে কথা কহিয়া দিবেন তাহা অন্যের দ্বারা লেখাইবেন ও মাজিষ্ট্রেট সাহেব তাহাতে দস্তখৎ করিবেন ও সেই লিপি মোকদ্দমার নথীর এক কাগজ হইবে।

[শুনিবার অন্য সময় নিরূপণ করণের কথা।]

২০২। কোন নালিশ শুনিবার আগে কি শুনিবার কালে মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশ শুনিবার কার্য্য স্থগিত করিয়া তাহার নিমিত্তে অন্য দিন নিরূপণ করিতে পারিবেন। সেই দিন এক পক্ষের কি উভয় পক্ষের সাক্ষাতে ও কর্ণগোচরে নিরূপণ হইবেক ও প্রকাশ করা যাইবেক। ও সেই মোকদ্দমার কথা শুনিবার কি অধিক কথা শুনিবার অন্য যে দিন নিরূপণ হয় সেই দিনে যদি

pear, the Magistrate may issue his warrant for the arrest of such person, and if the complainant shall not appear, the Magistrate may dismiss such complaint.

[Conviction.]

203. If the accused person is convicted, the Magistrate shall pass sentence upon him according to law.

[Magistrate may award costs.]

204. In all cases of summary conviction of offences of the nature described in Section 187, it shall be lawful for the Magistrate making the same, in his discretion, to award that the accused person shall pay to the complainant such costs as to such Magistrate shall seem just and reasonable; and in cases where such Magistrate, instead of convicting as aforesaid, shall dismiss the complaint, it shall be lawful for him, in his discretion, in and by his order of dismissal, to award and order that the complainant shall pay to the accused person such costs as to such Magistrate shall seem just and reasonable; and the sums so allowed for costs shall always be specified in such conviction, or order of dismissal aforesaid, and shall be recoverable by distress and sale of the goods and chattels of the party, and, in default of such distress, by imprisonment, without labor, in the Civil jail for any time not exceeding thirty days unless such costs shall be sooner paid.

(To be continued.)

আসামী হাজির না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ আসামীকে গ্রেপ্তার করিবার জন্যে আপনার পরওয়ানা জারী করিতে পারিবেন। ও যদি ফরিয়াদী হাজির না হয় তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশ ডিসমিস করিতে পারিবেন।

[দোষ সাব্যস্ত করণের কথা।]

২০৩। যদি আসামীর দোষ সাব্যস্ত হয়, তবে মাজিষ্ট্রেটসাহেব আইনানুসারে তাহার দণ্ডের আজ্ঞা করিবেন।

[মাজিষ্ট্রেট সাহেব খরচার হুকুম করিতে পারিবেন।]

২০৪। ১৮৭ ধারার লিখিত প্রকারের দোষ সরাসরী-মতে সাব্যস্ত হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব দোষ নির্ণয় করেন তিনি আপনার বিবেচনামতে যত খরচা ন্যায্য ও উপযুক্ত জ্ঞান করেন, ফরিয়াদীকে আসামী তত খরচা দিবেক এমত আজ্ঞা করিতে পারিবেন। ও যে সকল স্থলে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে দোষ সাব্যস্ত না করিয়া নালিশ ডিসমিস করেন, সেই২ স্থলে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে যত খরচা ন্যায্য ও উপযুক্ত জ্ঞান করেন আসামীকে ফরিয়াদী তত খরচা দেই আপনার ডিসমিস করিবার হুকুমেতে ও তৎক্রমে এমত আজ্ঞা করিবেন। আর খরচার নিমিত্তে তদ্রূপ যত টাকার আজ্ঞা হয় তাহা সর্ব্বদাই সেই দোষ সাব্যস্ত করণপত্রে কিম্বা পূর্ব্বোক্ত ডিসমিস করণের হুকুমেতে বিশেষ করিয়া লেখা যাইবেক, ও যে পক্ষের তাহা দিতে হয় তাহার মাল ও দ্রব্য ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচা আদায় হইতে পারিবেক, ও তদ্রূপ ক্রোক হইতে না পারিলে ঐ পক্ষকে দেওয়ানী জেলখানায় এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত বিনাপরিশ্রমে কয়েদ করা যাইবেক। কিন্তু তৎকালের মধ্যে টাকা দেওয়া গেলে তাহাকে মুক্ত করা যাইবেক।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

৬০৬৭ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ৪ অক্টোবর।

জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ এ কক্রেল সাহেব (Mr. H. A. Cookerell,) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে বর্দ্ধমান ও বাঁকুড়া ও নদীয়া জিলার কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ৫ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ জে আলেন সাহেব (Mr. W. J. Allen,) পরীক্ষক বোর্ডের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) পরীক্ষক বোর্ডের মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ৭ অক্টোবর।

শ্রীযুত এচ ডবলিউ আলেক্জাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander,) কিঞ্চিৎকালের নিমিত্তে হাবড়ার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ১৫ অক্টোবর।

শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) বাঙ্গলাপ্রভৃতি দেশে জেলখানার ইনস্পেকটর জেনরলের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কোবর্ণ সাহেব (Mr. J. Cockburn,) ডাকাইতী নিবারণের কমিসারের সাহেবের আজ্ঞাধীনে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৩০ সেপ্টেম্বর।

ঢাকার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) চিকিৎসকের সর্টিফিকেটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে বারো মাসের ছুটী ও ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে প্রস্তুত হওনার্থে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১ অক্টোবর।

শাহাবাদের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি ২৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল করীম অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন

বর্দ্ধমানের ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উমাচরণ সেট অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে চারি দিনের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পণ্ডিত শ্রীশচন্দ্র বিদ্যারত্ন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মালদহের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ৩ অক্টোবর।

কিউকফিউ মোকামের ও জেলখানার চিকিৎসকের কর্ম্মের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ তামস সাহেব (Mr. A. Thomas,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে ৩ন মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত তামস সাহেবের (Mr. Thomas,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত আক্যাবের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত অমদাচরণ কাষ্ঠগিরি কিউক ফিউ স্থানেতে তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ৪ অক্টোবর।

সদর আদালতের রেজিষ্টর শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr. A. W. Russell) চাটিগাঁয়ে আপন কর্ম্মস্থানে পঁহুছনার্থে যে সময় পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

পুরীর এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ ও এবেল সাহেবের (Mr. W. Wavell,) প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন। শ্রীযুত ওএবেল সাহেব তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডাইমণ্ডহারবরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি জি ডি বেটস সাহেব (Mr. C. G. D. Betts,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার চব্বিশপরগনার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকেটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সালের ৮ আইনের, অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার যে২ আদালত রাজকীয় চার্টর-দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতের কার্য্য সহজ করিবার আইনের ২২ ধারার বিধানমতে যাঁহারা নিজে আদালতে হাজির হইতে গবর্ণমেণ্টের দ্বারা মুক্ত হন, তাঁহারা।

[যাঁহারা উক্তরূপে মুক্ত হন তাঁহারদের ইচ্ছা হইলে বসিতে পারিবার কথা।]

এই ধারামতে জুরিতে বসিবার কার্য্যহইতে মুক্ত হইবার যে অনুমতি হইয়াছে তাহা ঐ২ লোকেরা স্বেচ্ছামতে গ্রহণ করিতে পারিবেন। ও সেই প্রকারের কোন লোক যদি জুরিতে বসিতে চাহেন, তবে এই ধারামতে

construed to disqualify any such person if he shall be willing to serve on Juries.

[List of Jurors.]

247. In the month of in every year the Collector shall prepare and make out in alphabetical order a list of persons residing within fifteen miles from the place where Criminal trials before the Court of Session are held, or within such other distance as the local Government may think fit to direct, who are, in the judgment of the Collector, the best qualified from their education and character to serve as Jurors. The list shall contain the name, place of abode, and quality or business of every such person; and if the person belongs to any of the races or classes specified in Section 239, the list shall mention the race or class to which he belongs.

[Publication of Jury list.]

248. Copies of such list shall be stuck up in the Office of the Collector and in the Court-house of the Magistrate and of the Judge, and in some conspicuous place or places in the town or station where or in the vicinity of which the persons named in the list reside, and every such copy shall have subjoined to it a notice, stating that objections to the list will be heard and determined by the Collector at a time and place to be mentioned in the notice.

[Revision of Jury list.]

249. The Collector shall, at the time and place mentioned in the notice, revise the list, striking out the names of persons not qualified in his judgment to serve as Jurors, and inserting in the list the names of persons omitted therefrom, whom he deems qualified for such service. A copy of the revised list shall be signed by the Collector and transmitted to the Court of Session.

[Court to summon Jurors.]

250. The Court of Session shall, three days at the least before the time fixed for the holding of Sessions, cause as many persons named in the said revised list as seem to the Court to be needed for Jury trials at the said Sessions to be summoned; provided that the Court shall in no case cause a less number than eight persons to be so summoned. The names of the persons to be summoned shall be drawn by lot in open Court, excluding those on the revised list who have served within six months unless when the number cannot be made up without them.

[Form and service of summons.]

251. Every summons to a Juror shall be in writing and shall require his attendance as a Juror at a time and place to be specified in the notice. The summons or a copy thereof shall be served, through the Court's own Officers or the Officers of the Magistrate of the district in which the Juror resides, on the Juror personally if he can be found

at his usual place of abode. If he be absent from his usual place of abode, it may be left for him there with some male member of his family residing with him.

[Power to Court to summon another set of Jurors.]

252. The Court of Session may direct Jurors to be summoned at other periods than the period specified in Section 250 where the business of the Court renders the attendance of one set of Jurors for a whole Session too oppressive.

[Service of summons to serve as Juror, on an Officer of Government.]

253. If any person summoned to serve as a Juror be an Officer of Government, the summons shall be transmitted to such person through the Head Officer of the Office in which he is employed, and the Court may excuse the attendance of such person if it shall appear on the representation of such Head Officer that such person cannot serve as a Juror without inconvenience to the public service.

[Court may excuse attendance of a Juror.]

254. The Court of Session may excuse any Juror from attendance for reasonable cause.

[Minute of names of Jurors attending at each Session.]

255. At each Session the Court shall cause to be made a minute of the names of those who serve as Jurors at such Sessions. The minute shall be kept with the revised list and a reference thereto shall be made in such list in the margin of the entry of those names in the list which are also mentioned in the said minute.

[Jurors to be chosen by lot.]

256. Whenever any Jury trial is to be had, the persons (not being less than four in number) who are to constitute the Jury shall be chosen by lot immediately before the commencement of the trial from those Jurors who attend in obedience to the summons.

[Names of Jurors to be called. Objections.]

257. Before the commencement of the trial (the accused person being present) the names of the Jurors shall be called aloud, and upon the appearance of each Juror the accused person shall be asked if he objects to be tried by such Juror. Any objection made to a Juror shall be decided by the Court. If an objection be allowed, the place of such Juror shall be supplied by any other Juror in attendance in obedience to his summons or by any person mentioned in the said list of Jurors who may be in attendance, provided no objection to such Juror be made and allowed.

অযোগ্য হইয়াছেন এই ধারার কোন কথার এমন অর্থ করিতে হইবেক না।

[জুরির লোকেরদের ফর্দ্দ।]

২৪৭। সেশন আদালতে ফৌজদারী মোকদ্দমার বিচার যে স্থানে হইয়া থাকে সেই স্থান অবধি সাত ক্রোশ দূরপর্য্যন্ত, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট অন্য যে সীমা নিরূপণ করা উচিত বোধ করেন সেই সীমার মধ্যে যাঁহারা বাস করেন এমত যে লোকেরদিগকে বিদ্যানুশীলন ও সচ্চরিত্রপ্রযুক্ত কালেক্টর সাহেব জুরির কর্ম্ম করিবার অতি উপযুক্ত জ্ঞান করেন, তাঁহারদের নামের এক ফর্দ্দ বর্ণমালার অক্ষরের ক্রমে লিখিয়া কালেক্টর সাহেব প্রতিবৎসরের অমুক মাসে প্রস্তুত করিবেন। তাহাতে এক২ জনের নাম ও বাসস্থান ও পদবি ব্যবসায় লেখা থাকিবেক, ও তাঁহারদের কোন লোক যদি ২৩৯ ধারার লিখিত বংশের কি জাতির লোক হন তবে যে বংশের কি জাতির হন তাহাও সেই ফর্দ্দে লিখিতে হইবেক।

[জুরির ফর্দ্দ প্রকাশ করিবার কথা।]

২৪৮। ঐ ফর্দ্দের এক২ কেতা নকল কালেক্টর সাহেবের কাছারীতে ও মাজিষ্ট্রেট সাহেবের ও জজ সাহেবের আদালত ঘরে ও ঐ ফর্দ্দের লিখিত লোকেরা যে নগরে কি মোকামে বাস করেন সেই নগরের কি মোকামের কি তাঁহার নিকট স্থানের কোন এক কি অধিক অতি প্রকাশ স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক। ও সেই প্রত্যেক কেতার নীচে এই মর্ম্মের এত্তেলা লেখা থাকিবেক যে, ঐ ফর্দ্দের লিখিত কোন ব্যক্তির যদি কিছু আপত্তি থাকে তবে ঐ এত্তেলার নিরূপিত সময়ে ও স্থানে কালেক্টর সাহেব ঐ আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন।

[জুরির নামের ফর্দ্দ শুধরাইবার কথা।]

২৪৯। ঐ এত্তেলার নিরূপিত সময়ে ও স্থানে কালেক্টর সাহেব ঐ ফর্দ্দ পুনরায় দেখিয়া, তাঁহার বিবেচনায় যাঁহারা জুরির কর্ম্ম করিবার যোগ্য নহেন তাঁহারদের নাম উঠাইয়া দিবেন, ও সেই কর্ম্ম করিবার উপযুক্ত যে লোকেরদের নাম পূর্ব্বে ঐ ফর্দ্দে লেখেন নাই তাঁহারদের নাম তাহাতে লিখিবেন। ঐ সংশোধিত ফর্দ্দের এক কেতা নকল কালেক্টর সাহেব দস্তখত করিয়া সেশন আদালতে পাঠাইবেন।

[জুরির লোকদিগকে আদালতের সমন করিবার কথা।]

২৫০। সেশন আদালতের বৈঠক করিবার যে দিন নিরূপণ হইল তাহার পূর্ব্বে অতি কম তিন দিন থাকিতে, ঐ বৈঠকে জুরির সহযোগে যে২ মোকদ্দমার বিচার করিতে হইবে, তাহার নিমিত্তে ঐ সংশোধিত ফর্দ্দে লিখিত যত জনের আদালতের বিবেচনামতে প্রয়োজন বোধ হয় তাঁহারদিগকে আদালত সমন করাইবেন। কিন্তু আট জনের কম কখন সমন করাইবেন না। যাঁহারদিগকে সমন করিতে হইবেক তাঁহারদের নাম খোলা কাছারীতে গুলিবাঁট করিয়া নির্ণয় হইবেক, কিন্তু সংশোধিত ফর্দ্দের লিখিত যে ব্যক্তিরা তাহার পূর্ব্বের ছয় মাসের মধ্যে জুরিতে বসিয়াছিলেন তাঁহারদের নাম ধরা যাইবে না। কেবল যদি তাঁহারদের নাম ত্যাগ করিলে অন্য আট জনকে পাওয়া না যায় তবে তাঁহারদিগকে লওয়া যাইতে পারিবেক।

[সমন লিখিবার পাঠ ও তাহা জারী করিবার কথা।]

২৫১। জুরির লোকের নামে যে সমন দেওয়া যায় তাহা হাতে লিখিতে হইবেক, ও তাহাতে তাঁহাকে এই আদেশ হইবেক যে, ঐ সমনের নিরূপিত সময়ে ও স্থানে তিনি জুরির এক লোকস্বরূপে উপস্থিত হন। জুরির ঐ লোক নিয়ত যে স্থানে বাস করিয়া থাকেন সেই স্থানে যদি তাঁহাকে পাওয়া যায় তবে ঐ সমন তাঁহার এক কেতা নকল আদালতের আমলারদের দ্বারা কিম্বা জুরির ঐ লোক যে জিলাতে বাস করেন সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের আমলার দ্বারা তাঁহারই উপর জারী হইবেক। যদি সেই স্থানে তাঁহাকে পাওয়া না যায় তবে ঐ সমন তাঁহাকে দেওয়াইবার নিমিত্তে তাঁহার পরিবারের যে কোন পুরুষ তাঁহার সঙ্গে বাস করেন তাঁহার হাতে দেওয়া যাইবেক।

[জুরির অন্য ব্যক্তিদিগকে সমন করিতে আদালতের ক্ষমতার কথা।]

২৫২। সেশন আদালতের কর্ম্ম বুঝিয়া যত দিন বৈঠক হইবার সম্ভাবনা হয়, তত দিনপর্য্যন্ত জুরির ব্যক্তিরদের বসিতে হইলে যদি অত্যন্ত ক্লেশকর বোধ হয়, তবে সেশন আদালত ২৫০ ধারার নির্দ্দিষ্ট সময় ভিন্ন অন্য২ সময়েতেও জুরির অন্য লোকদিগকে সমন করিবার আজ্ঞা করিতে পারিবেন।

[জুরির কর্ম্ম করিতে গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের নামে সমন জারী করিবার কথা।]

২৫৩। জুরির কর্ম্ম করিতে যদি গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের নামে সমন দেওয়া যায়, তবে তিনি যে আফিসে কর্ম্ম করেন তাহার প্রধান কর্ম্মকারকের দ্বারা ঐ সমন তাঁহার নিকটে পাঠান যাইবে। ও সেই ব্যক্তি জুরিতে বসিলে সরকারী কর্ম্মের ব্যাঘাত হইতে পারে, ঐ প্রধান কর্ম্মকারকের লিখনমতে যদি ইহা দৃষ্ট হয়, তবে আদালত ঐ লোকের হাজির হওয়া ক্ষমা করিতে পারিবেন।

[জুরির কোন ব্যক্তির হাজির হওয়া আদালতের ক্ষমা করিবার কথা।]

২৫৪। কোন উপযুক্ত কারণ থাকিলে সেশন আদালত জুরির কোন লোকের হাজির হওয়া ক্ষমা করিতে পারিবেন।

[সেশন আদালতের বৈঠকে যাঁহারা জুরি হইয়া বসেন তাঁহারদের নামের লিপি রাখিবার কথা।]

২৫৫। সেশন আদালতের এক২ বৈঠকে যাঁহারা জুরি হইয়া বসেন তাঁহারদের নাম ঐ আদালত লিখিয়া রাখিবেন। ও যে কাগজে নাম লেখেন তাহা ঐ সংশোধিত ফর্দ্দের সঙ্গে রাখিতে হইবে ও সেই ফর্দ্দের লিখিত যে২ নাম ঐ কাগজে লেখা থাকে সেই ফর্দ্দের সেই২ নামের পার্শ্বে ঐ কাগজের লিখিত কথার উল্লেখ হইবে।

[গুলিবাঁট করিয়া জুরির লোকদিগকে মনোনীত করিবার কথা।]

২৫৬। যখন জুরির সহযোগে কোন মোকদ্দমার বিচার করিতে হয় তখন সেই বিচারের কার্য্য আরম্ভ হইবার আগে যে সকল লোক সমনমতে জুরিতে বসিবার নিমিত্তে উপস্থিত হন তাঁহারদের হইতে গুলিবাঁট করিয়া অতিক্রম চারি জনকে পসন্দ করা যাইবেক। ঐ চারি জন জুরী হইয়া বসিবেন।

[জুরির লোকেরদের নাম ডাকিবার কথা ও আপত্তির কথা।]

২৫৭। বিচারের কার্য্য আরম্ভ করিবার আগে অভিযুক্ত ব্যক্তি উপস্থিত থাকিতে জুরির সকল লোকের নাম উচ্চস্বরে ডাকা যাইবে, ও জুরির এক২ জন হাজির দিলে, অভিযুক্ত ব্যক্তিকে জিজ্ঞাসা হইবেক যে, ইহাঁর সহযোগে তোমার বিচার হয় ইহাতে তোমার কিছু আপত্তি আছে কি না। যদি কোন লোকের কিছু আপত্তি ধরা যায়, তবে আদালত সেই আপত্তির বিচার করিবেন। যদি সেই আপত্তি গ্রাহ্য হয়, তবে ঐ লোকের পরিবর্ত্তে অন্য যে কোন লোক সমনমতে হাজির হন, কিম্বা জুরির লোকেরদের উক্ত ফর্দ্দেতে লিখিত যে কোন লোক হাজির থাকেন, তাঁহার বিষয়ে যদি কোন আপত্তি না থাকে কিম্বা থাকিলেও যদি গ্রাহ্য না হয় তবে তিনি নিযুক্ত হইবেন।

[Objection to Juror by whom to be made.]

258. Either the Government Pleader (or other person appointed by the Government to conduct trials before the Court of Session), or the accused person, may object to any of the persons chosen to be of the Jury, stating the ground of his objection.

[Grounds of objection.]

259. The following shall be deemed to be sufficient grounds of objection:—

(1.) Any ground of disqualification within Section 245.

(2.) Relationship to the person alleged to be injured or attempted to be injured by the offence charged, or to the person on whose complaint the prosecution was instituted, or to the defendant.

(3.) Standing in the relation of husband, master or servant, landlord or tenant, being in the employment on wages of one of the parties, or plaintiff or defendant against him in any civil suit, or having complained against him, or being accused by him in any Criminal prosecution.

[Further ground of objection by the accused person.]

(4.) If the accused person can prove to the satisfaction of the Court any circumstance that shows either prejudice against him or favor to his accuser, such circumstance shall be a sufficient ground of objection to the Juror.

[Foreman of Jury.]

260. The Jury shall appoint one of their number to be foreman; whose duty it shall be to preside in their debates, to deliver the verdict, or ask any information from the Court that may be required by the Jury. If a majority do not agree in the appointment of a foreman, he shall be named by the Court.

[One Jury may try in succession several offenders.]

261. The same Jury may, if not objected to, try as many accused persons successively as to the Court shall seem expedient.

[View by Jury.]

262 Whenever in the opinion of the Court it may be deemed proper and convenient that the Jury should have a view of the place in which the offence is said to have been committed or of any other place in which any other transaction material to the enquiry on the trial took place, an order shall be made to that effect, and the Jury shall be conducted in a body under the care of an Officer of the Court to the place which shall be shown to them by a person appointed by the Court, and it shall be the duty of the Officer to suffer no other

[জুরির লোকের বিষয়ে যাঁহারা আপত্তি করিতে পারিবেন তাঁহারদের কথা।]

২৫৮। জুরিতে বসিবার জন্যে যাঁহারা মনোনীত হন তাঁহারদের কোন কাহার বিষয়ে গবর্ণমেণ্টের উকীল আপত্তি করিতে পারিবেন, কিম্বা সেশন আদালতে মোকদ্দমা চালাইবার নিমিত্তে গবর্ণমেণ্টের তরফে অন্য যে লোক নিযুক্ত হন তিনি আপত্তি করিতে পারিবেন, কিম্বা যাহার নামে নালিশ হইয়াছে সে আপত্তি করিতে পারিবে। ও করিলে আপনার আপত্তির কারণও জানাইবে।

আপত্তি করিবার কারণের কথা।]

২৫৯। আপত্তির এই২ কারণ উপযুক্ত জ্ঞান হইবেক।

(১) অযোগ্যতার যে২ কারণ ২৪৫ ধারাতে লেখা হইয়াছে তাহা।

(২।) যে অপরাধের নালিশ হইয়াছে তদ্দ্বারা যে লোকের হানি হয় কি যে লোকের হানি করিবার উদ্যোগ হইল ব্যক্ত হয়, জুরির লোক যদি তাহার কোন জ্ঞাতি কুটুম্ব হন কিম্বা যাহার নালিশমতে মোকদ্দমা উপস্থিত হইয়াছে তাহার, কিম্বা আসামীর জ্ঞাতি কুটুম্ব হন। তবে সেই কারণ

(৩।) জুরির লোক যদি মোকদ্দমার কোন পক্ষের কোন লোকের স্বামী কি মুনিব কি চাকর কি জমীদার কি প্রজা হন, কিম্বা বেতনজীবি কর্ম্মকারক হন, কিম্বা কোন দেওয়ানী মোকদ্দমার অভিযুক্ত ব্যক্তির বিপক্ষ আসামী কি ফরিয়াদী হন, কিম্বা তাহার নামে নালিশ করিয়া থাকেন, কিম্বা অভিযুক্ত ব্যক্তি যদি তাঁহার নামে কোন ফৌজদারী মোকদ্দমায় নালিশ করিয়া থাকে তবে সেই কারণ।

[অভিযুক্ত ব্যক্তির অন্য আপত্তির কারণের কথা।]

(৪।) অভিযুক্ত ব্যক্তির প্রতি বিপক্ষ ভাব কিম্বা নালিশকরণিয়ার প্রতি সপক্ষভাব যাহাতে প্রকাশ হয় এমত কোন বৃত্তান্তের প্রমাণ যদি ঐ অভিযুক্ত ব্যক্তি আদালতের হুদ্বোধমতে করিতে পারে তবে ঐ বৃত্তান্ত জুরির কোন লোকের বিষয়ে আপত্তি করিবার উপযুক্ত কারণ হইবেক।

[জুরির প্রধান লোকের কথা।]

২৬০। জুরির লোকেরা আপনারদের এক জনকে ফোরমান অর্থাৎ সরদার বলিয়া নিযুক্ত করিবেন। তাঁহার কর্ম্ম এই২, তাঁহারদের তর্কবিতর্ক করিবার কালে তিনি প্রধান হইয়া বসিবেন, তাঁহারদের যে রায় হয় তাহা তিনি প্রকাশ করিবেন, ও জুরির লোকেরা যদি কিছু কথা জানিতে চাহেন তবে তিনি আদালতে সেই কথা জিজ্ঞাসা করিবেন। সরদার করিয়া যাঁহাকে নিযুক্ত করিতে হইবে এই বিষয়ে যদি অধিকাংশ লোকের ঐক্য না হয় তবে আদালত তাঁহাকে নিযুক্ত করিবেন।

[জুরিতে যাঁহারা বসেন তাঁহারদের দ্বারা ক্রমশঃ অনেক অপরাধির বিচার হইবার কথা।]

২৬১। জুরির সেই লোকেরদের বিষয়ে যদি কোন আপত্তি না হয়, তবে অভিযুক্ত ব্যক্তিরদের যত জন আদালত উপযুক্ত বোধ করেন তত জনের বিচার তাঁহারদের সহযোগে ক্রমশঃ হইতে পারিবেক।

[জুরির সরেজমীনে যাইবার কথা।]

২৬২। অপরাধ যে স্থানে করা গিয়াছে, কিম্বা বিচার কালে যে কথার তদন্ত হয় তাহার সম্পর্কীয় গুরুতর অন্য কোন ব্যাপার যে স্থানে হইয়াছে, সেই স্থান জুরির লোকেরদের দৃষ্টিকরা উচিত ও বিহিত আদালতের যদি এইরূপ বিবেচনা হয়, তবে সেই মর্ম্মের হুকুম করা যাইবেক, ও জুরির সকল লোকদিগকে এক কালে আদালতের কোন আমলার হেফাজতে সেই স্থানে লইয়া যাওয়া যাইবেক ও আদালতের নিযুক্ত কোন লোক তাঁহারদিগকে স্থান দেখাইয়া দিবে, ও যে আমলার জিম্মায় তাঁহারা যান সেই আমলা কোন কাহাকে ঐ জুরির কোন লোককে কিছু কথা

person to speak to the Jury, and they shall, when the view is finished, be immediately conducted into Court.

[Mode of summoning Jury when the accused person belongs to one of the specified races or class.]

263. Whenever any Jury trial is to be had in which the accused person or one of the persons accused is entitled to a Jury constituted under the provisions of Section 239, the Court of Session shall, three days at the least before the day fixed for holding such trial, cause not less than four of the persons named in the revised list of Jurors of the race or class to which the accused belongs to be summoned; the Court shall also at the same time cause as many other persons named in the revised list as seem to the Court to be needed for such trial to be summoned. The names shall be drawn by lot, excluding those who have served within six months unless when the number cannot be made up without them.

[Penalty for non-attendance of Juror.]

264. Any person summoned to attend as a Juror who shall without lawful excuse fail to attend, shall be liable by order of the Court of Session to a fine not exceeding fifty Rupees, to be levied by attachment and sale of his property.

CHAPTER XIX.

TRIALS BEFORE THE COURTS OF SESSION.

[Cognizance of offences by the Court of Session in original jurisdiction.]

265. Except in the cases referred to in Section 114, a Court of Session, as a Court of original Criminal jurisdiction, shall not take cognizance of any offence but upon a charge preferred by a Magistrate or other Officer specially empowered by this Act or any other law to make commitments to such Court.

[Every trial before Court of Session to be conducted by Government Pleader, &c.]

266. In every trial before a Court of Session the prosecution shall be conducted by the Government Pleader or some other Officer specially empowered in that behalf, and the complainant, if there be a complainant, shall be examined as a witness in the case.

[Postponement of trial.]

267. A Court of Session may direct the postponement of a trial, when it is satisfied that such postponement is proper and essential to the ends of justice.

[Commencement of trial.]

268. When the Court is ready to commence the trial, the accused person shall be brought before it, and the charge shall be read and explained to him,

[*Government Gazette, 1st November, 1859.*]

কহিতে দিবে না, ও স্থান দেখা হইলে পর তাঁহারদিগকে তৎক্ষণাৎ আদালতে ফিরিয়া আনা যাইবে।

[অভিযুক্ত ব্যক্তি নির্দ্দিষ্ট বংশের কি জাতির লোক হইলে সমন করিবার বিধি।]

২৬৩। জুরির সহযোগে যে মোকদ্দমার বিচার করিতে হইবে, এমত কোন মোকদ্দমাতে অভিযুক্ত ব্যক্তি কিম্বা অভিযুক্ত ব্যক্তিরদের মধ্যে এক জন যদি ২৩৯ ধারার বিধানমতের নিযুক্ত জুরির সাহায্য পাইবার স্বত্ব রাখে তবে অভিযুক্ত ব্যক্তি যে বংশের কি জাতির লোক হয় জুরির সংশোধিত ফর্দ্দেতে সেই বংশের কি জাতির লোক বলিয়া যাঁহারদের নাম লেখা আছে তাঁহারদের অন্যূন চারি জনকে সেশন আদালত সেই বিচার করিবার নিরূপিত দিনের পূর্ব্বে অতি কম তিন দিন থাকিতে সমন করাইবেন। ও সেই বিচারের কার্য্যের নিমিত্তে আদালতের বিবেচনামতে সেই সংশোধিত ফর্দ্দের লিখিত অন্য যত লোকের আবশ্যক হয় তাঁহারদিগকেও সমন করাইবেন। যাঁহারদিগকে সমন করিতে হইবে তাঁহারদের নাম গুলিবাঁট করিয়া লওয়া যাইবে। কিন্তু যাঁহারা তৎপূর্ব্বের ছয় মাসের মধ্যে জুরিতে বসিয়াছিলেন তাঁহারদের নাম ধরা যাইবে না। কেবল যদি তাঁহারদের নাম ত্যাগ করিলে অন্য আট জনকে পাওয়া না যায় তবে তাঁহারদিগকেও লওয়া যাইতে পারিবে।

[জুরির লোকেরা হাজির না হইলে তাঁহারদের দণ্ডের কথা।]

২৬৪। জুরির লোক বলিয়া যাঁহারদিগকে সমন করা যায় এমত কোন লোক যদি উপযুক্ত ওজর না থাকিতেও হাজির না হন, তবে সেশন আদালত হুকুম করিলে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক। সেই জরীমানার টাকা তাঁহার সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক।

ঊনবিংশ অধ্যায়।

সেশন আদালতের বিচার।

[সেশন আদালতে অপরাধের বিচার প্রথমে না হইবার কথা।]

২৬৫। ১১৪ ধারাতে যে২ মোকদ্দমার উল্লেখ হইয়াছে তদ্ভিন্ন, মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা এই আইনেতে কি অন্য কোন আইনেতে অন্য যে কার্য্যকারক সেশন আদালতে সোপর্দ্দ করিবার বিশেষ ক্ষমতা পান তিনি নালিশ না করিলে সেশন আদালত, প্রথমত উপস্থিত হওয়া ফৌজদারী মোকদ্দমা বিচার করিবার আদালতস্বরূপে, কোন অপরাধের নালিশ গ্রাহ্য করিবেন না।

[সেশন আদালতে যে মোকদ্দমার বিচার হয় তাহা গবর্ণমেণ্টের উকীলপ্রভৃতির দ্বারা চালাইবার কথা।]

২৬৬। সেশন আদালতে যে মোকদ্দমার বিচার হয় তাহা গবর্ণমেণ্টের উকীল চালাইবেন কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কার্য্যকারক চালাইবেন, ও ফরিয়াদী যদি থাকে, তবে মোকদ্দমার সাক্ষিমতে ঐ ফরিয়াদীর জোবানবন্দী লওয়া যাইবেক।

[বিচারের কার্য্য মুলতবী রাখিবার কথা।]

২৬৭। যদি সেশন আদালত হুদ্বোধমতে জানেন যে যথার্থ বিচার হইবার নিমিত্তে কোন মোকদ্দমার বিচার করিবার কার্য্য অন্য দিনপর্য্যন্ত মুলতবী রাখা উচিত ও আবশ্যক, তবে তিনি তদ্রূপ মুলতবী রাখিবার হুকুম করিতে পারিবেন।

[বিচারের আরম্ভের কথা।]

২৬৮। যখন আদালত বিচারের কার্য্য আরম্ভ করিতে প্রস্তুত হন, তখন অভিযুক্ত ব্যক্তিকে সম্মুখে আনা যাইবেক, ও নালিশ তাহার নিকটে পাঠ করা যাইবে

and he shall be asked whether he be guilty or not guilty of the offence charged. If the accused plead guilty, the plea shall be recorded and the accused convicted thereon.

ও তাহাকে বুঝাইয়া দেওয়া যাইবেক। ও তাহাকে জিজ্ঞাসা করা যাইবেক যে, এই অপরাধের দোষী আছ কি না। যদি অভিযুক্ত ব্যক্তি আপনাকে দোষী স্বীকার করে, তবে সেই কথা লেখা যাইবেক ও তদনুসারে তাহার দোষ সাব্যস্ত হইবেক।

[Refusal to plead, or plead of "not guilty."]

269. If the accused person refuse to plead, or plead "not guilty," the Court shall proceed to try the case, taking all the evidence that is forthcoming in due course.

[আসামীর উত্তর দিতে অস্বীকার করিবার কিম্বা আপনাকে নির্দ্দোষী কহিবার কথা।]

২৬৯। যদি আসামী উত্তর দিতে স্বীকার না করে, কিম্বা আপনাকে নির্দ্দোষী বলে, তবে আদালত একাদিক্রমে যে সকল প্রমাণ উপস্থিত করা যায় তাহা লইয়া মোকদ্দমার বিচার করিবেন।

[Examination of witnesses.]

270. The evidence of the witness shall be taken in the manner prescribed in Section 133 for taking of evidence before the Magistrate.

[সাক্ষিরদের জোবানবন্দী লইবার কথা।]

২৭০। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাক্ষ্য লইবার যে বিধি ১৩৩ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে, সেই বিধিমতে সাক্ষির সাক্ষ্য লওয়া যাইবে।

[Witness refusing to answer may be committed to custody.]

271. If any witness shall refuse to answer such material questions as shall be put to him, without offering any just excuse for such refusal, the Court may commit such witness to custody for such reasonable time as it may deem proper, unless he shall in the meantime consent to be examined and to answer, after which, in the event of his persisting in his refusal, he may be dealt with according to the provisions of Section 108 or Section 114.

[সাক্ষী উত্তর দিতে স্বীকার না করিলে তাহার কয়েদ হইবার কথা।]

২৭১। গুরুতর যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর দিতে যদি কোন সাক্ষী স্বীকার না করে, ও সেইরূপ অস্বীকার করিবার কোন যথার্থ কারণ না জানায়, তবে আদালত যত কাল উচিত বোধ করেন এমত উপযুক্ত কালের নিমিত্তে তাহাকে কয়েদ রাখিতে পারিবেন। কিন্তু ইতিমধ্যে যদি জোবানবন্দী দিতে ও জিজ্ঞাসার উত্তর করিতে স্বীকার করে, তবে তাহাকে মুক্ত করিবেন। পরন্তু তৎপরেও যদি অস্বীকার করিতে থাকে, তবে তাহাকে লইয়া ১০৮ কি ১১৪ ধারার বিধানমতে কার্য্য হইতে পারিবেক।

[Examination of accused before the Magistrate to be evidence at the trial. Proof of such examination.]

272. The examination of the accused person before the Magistrate shall be given in evidence at the trial. The attestation of the Magistrate shall be sufficient proof of such examination, and such attestation shall be admitted without proof of the signature to it unless the Court shall see reason to doubt its genuineness.

[মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আসামীর জোবানবন্দী বিচারের কালে প্রমাণস্বরূপ হইবার কথা ও সেই জোবানবন্দীর প্রমাণের কথা।]

২৭২। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আসামী যে জোবানবন্দী দেয় তাহা বিচারের কালে প্রমাণস্বরূপে দাখিল হইবেক। তাহাতে মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎ থাকিলে সেই দস্তখৎ ঐ জোবানবন্দী লইবার প্রচুর প্রমাণ হইবে, ও সেই দস্তখতের প্রমাণ না লইয়া তাহা তাঁহারই দস্তখৎ বলিয়া গ্রাহ্য হইবেক, কিন্তু সেই দস্তখৎ প্রকৃত নহে আদালত যদি এইরূপ সন্দেহ করিবার কারণ জানেন তবে তাহার প্রমাণ তলব করিবেন।

[Court may summon necessary evidence.]

273. It shall be in the discretion of the Court, at any stage of a trial, to summon and examine any witnesses whose evidence it may consider essential to the just decision of the case.

[আদালতের আবশ্যক সাক্ষ্য তলব করিবার কথা।]

২৭৩। আদালত মোকদ্দমার যথার্থ বিচারের নিমিত্তে যে কোন সাক্ষিরদের সাক্ষ্য লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহারদিগকে আপনার বিবেচনামতে বিচার করিবার কোন সময়ে সমন করিয়া তাহারদের জোবানবন্দী লইতে পারিবেন।

[Evidence of Medical witnesses.]

274. The Court shall receive in evidence the examination of a Civil Surgeon or other Medical witness taken and duly attested by the Magistrate, provided that nothing in this Section shall prevent the Court from summoning the witness if it shall see sufficient cause for doing so.

[চিকিৎসকেরদের সাক্ষ্যের কথা।]

২৭৪। মাজিষ্ট্রেট সাহেব কোন ডাক্তর সাহেবের কিম্বা অন্য চিকিৎসকের জোবানবন্দী লইয়া তাহাতে উপযুক্তমতে দস্তখৎ করিলে, আদালত সেই জোবানবন্দী সাক্ষ্যস্বরূপে গ্রাহ্য করিতে পারিবেন। কিন্তু আদালত যদি এ সাক্ষিকে সমন করিবার উপযুক্ত কারণ জানেন, তবে এই ধারার কোন কথাতে তাঁহাকে সমন করিবার বাধা হইবেক না।

[Examination of witness taken and attested by Magistrate when admissible.]

275. The examination of a witness taken and attested by the Magistrate shall be admitted in evidence if the witness be dead or the Court be satisfied that for any sufficient cause his attendance cannot be procured.

[মাজিষ্ট্রেট সাহেব কোন সাক্ষির জোবানবন্দী লইয়া তাহাতে দস্তখৎ করিলে তাহা যে স্থলে গ্রাহ্য হয় তাহার কথা।]

২৭৫। মাজিষ্ট্রেট সাহেব কোন সাক্ষির জোবানবন্দী লইয়া তাহাতে দস্তখৎ করিলে পর যদি সেই সাক্ষী মরে কিম্বা উপযুক্ত কোন কারণে সে হাজির হইতে পারে না ইহা যদি আদালত সদ্বোধমতে জানেন, তবে সেই জোবানবন্দী সাক্ষ্যস্বরূপে গ্রাহ্য হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১ নবেম্বর।]

[Report of Chemical Examiner admissible in evidence.]

276. Any document purporting to be a report from the Chemical Examiner to Government upon any matter or thing duly submitted to him for examination or analysis and official report in the course of any Criminal trial or in any preliminary enquiry relating thereto, shall be received in evidence at such trial if it bears the official signature of the said Examiner, and no proof of such signature or that the person signing holds such office shall be requisite unless the Court shall see reason to doubt the genuineness of the document.

[কিমিয়াঘটিত দ্রব্য পরীক্ষকের রিপোর্ট প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা।]

২৭৬। কিমিয়াঘটিত দ্রব্য পরীক্ষা করিবার কর্ম্মে যিনি গবর্ণমেণ্টহইতে নিযুক্ত হন, তাঁহার নিকটে ফৌজদারী কোন মোকদ্দমার বিচার কালে কিম্বা তৎসম্পর্কীয় প্রথম স্থলের কোন তদন্ত লইবার কালে যদি কোন পদার্থ বস্তু কি দ্রব্য, পরখ হইবার, ও তাহার মর্ম্ম জ্ঞাত হইয়া রিপোর্ট করিবার জন্যে অর্পণ করা যায়, তবে আপনার সেই বিষয়ের রিপোর্ট বলিয়া যে কোন কাগজ, হয় তাহাতে ঐ পরীক্ষকের পদসম্পর্কীয় দস্তখৎ থাকিলে তাহা সেই বিচারের কার্য্যেতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে। ও সেই দস্তখতের কোন প্রমাণ, কিম্বা যে জন দস্তখৎ করিলেন তিনি সেই পদস্থ আছেন, ইহার প্রমাণ লওয়া আবশ্যক হইবেক না। কেবল সেই রিপোর্ট প্রকৃত নহে, আদালত, যদি এমত সন্দেহ করিবার কারণ বুঝেন তবে তাহার প্রমাণ তলব করিবেন।

[Defence. Examination of accused person by the Court.]

277. When the case for the prosecution has been brought to a close, the accused person shall be called upon to enter upon his defence, and to produce his evidence. The Court may put such questions to the accused as it may think proper. But it shall be explained to the accused person that he is at liberty to decline to answer any question so put to him.

[আসামীর জওয়াবের কথা ও আদালতের দ্বারা অভিযুক্ত ব্যক্তির জোবানবন্দী লইবার কথা।]

২৭৭। ফরিয়াদীর পক্ষের সকল কথা শুনা গেলে পর, অভিযুক্ত লোককে নির্দ্দোষিতার প্রমাণ দিতে ও আপন সাক্ষ্য উপস্থিত করিতে আজ্ঞা হইবেক। আদালত, অভিযুক্ত ব্যক্তিকে যে কথা জিজ্ঞাসা করা উচিত বুঝেন সেই কথা জিজ্ঞাসা করিতে পারিবেন। কিন্তু তদ্রূপে যে কোন কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর যদি দিতে না চাহে তবে নাই দিবে, এই কথা ঐ অভিযুক্ত ব্যক্তিকে বুঝাইয়া দিতে হইবেক।

[Witness for the defence.]

278. The accused person shall be allowed to call any witness not previously named by him, but he shall not be entitled to have any other witnesses summoned than those named in the list delivered to the Magistrate or other Officer by whom he was committed or held to bail for trial, except as provided in Section 176.

[আসামীর তরফের সাক্ষির কথা।]

২৭৮। অভিযুক্ত ব্যক্তি যাহারদিগের নাম পূর্ব্বে ব্যক্ত করে নাই এমত কোন সাক্ষিরদিগকেও ডাকাইতে অনুমতি পাইবেক। কিন্তু যে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক তাহাকে বিচারার্থে সোপর্দ্দ করিয়াছিলেন বা তাঁহার স্থানে জামিন লইয়াছিলেন তাঁহাকে সাক্ষিরদের যে ফর্দ্দ দেওয়া গিয়াছিল তাহার লিখিত সাক্ষিভিন্ন অন্য কোন লোককে সমন করাইতে পারিবেক না, কেবল ১৭৬ ধারামতে পারিবেক।

[Adjournment.]

279. The Court may, in its discretion, adjourn the trial to such future time as may be necessary, and so from time to time.

[বিচার করিবার অন্য সময় নিরূপণ করিবার কথা।]

২৭৯। আদালত যেমন আবশ্যক বুঝেন তেমনি মোকদ্দমা মুলতবী রাখিয়া বিচারের অন্য সময় নিরূপণ করিতে পারিবেন, সেই প্রকারে সময়ে২ করিতে পারিবেন।

[Jury to attend at adjourned sitting.]

280. In the event of the adjournment of a trial by Jury, the Jury shall be required to attend at the adjourned sitting, and at every subsequent sitting until the conclusion of the trial, and any Juror who shall without lawful excuse fail so to attend, shall be liable by order of the Court of Session to a fine not exceeding one hundred Rupees to be levied by attachment and sale of his property.

[সময়ান্তরের বৈঠকে জুরির হাজির থাকিবার কথা।]

২৮০। জুরির সহযোগে যে বিচার হয় তাহা মুলতবী রাখিয়া তাহার অন্য সময় নিরূপণ হইলে সেই সময়ান্তরের বৈঠকে, ও বিচারের কার্য্য যাবৎ সমাপ্ত না হয় তাবৎ তৎপরের প্রত্যেক বৈঠকে জুরির হাজির হইতে হইবেক। ও জুরির কোন লোক যদি উপযুক্ত ওজর না থাকিতেও সেই প্রকারে হাজির না হন, তবে সেশন আদালতের হুকুমমতে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। সেই জরীমানার টাকা তাঁহার সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবে।

[Of verdict of Jury.]

281. In cases tried by Jury, the Judge shall sum up the evidence on both sides, and the Jury shall then deliver their finding upon the charge.

[জুরির রায়ের কথা।]

২৮১। যে২ মোকদ্দমার বিচার জুরির সহযোগে হয়, তাহাতে জজ সাহেব উভয় পক্ষের দত্ত প্রমাণের সারাংশ জুরিকে জানাইবেন, ও জুরি সেই অপরাধের বিষয়ে আপনারদের রায় ব্যক্ত করিবেন।

[Conviction.]

282. If the defendant is convicted, and the case is one which the Court of Session is competent

[দোষ সাব্যস্ত করিবার কথা।]

২৮২। যদি আসামীর দোষ সাব্যস্ত হয়, ও মোকদ্দমা বুঝিয়া যদি সেশন আদালতের জজ সাহেব তাহার

[*Government Gazette, 1st November, 1859.*]

to dispose of finally, it shall proceed to pass sentence upon the defendant according to law.

[Sentence. Confirmation of sentence of death by Sudder Court.]

283. If the case is one in which, if the defendant be convicted, he is liable to sentence of death, the Court of Session shall pass sentence; and if sentence of death be passed, it shall not be executed without the confirmation of the Sudder Court. In any case submitted to the Sudder Court for confirmation of the sentence, the Court may either confirm the sentence or pass any other sentence warranted by law, or may reverse the conviction and order a new trial.

[Transmission of monthly calendar of trials by Court of Session.]

284. The Courts of Session shall transmit to the Sudder Court such periodical statements or calendars of all trials held by them as the Sudder Court shall prescribe, exhibiting the offence charged, the offence of which the accused is convicted, and the sentence passed upon him.

CHAPTER XX.

SUDDER COURT.

As a Court of Reference.

[Constitution of Court for hearing case referred for confirmation of sentence.]

285. A case referred by a Court of Session for confirmation of a sentence of the Court of Session shall be heard by a Court constituted by two or more Judges of the said Sudder Court. The confirmation of the sentence or any new sentence or order passed shall be signed by not less than two of such Judges.

[Difference of opinion between Sudder Court and Court of Session as to offence proved.]

286. Provided that, if the Sudder Court is of opinion that the facts charged or those of which the accused is found guilty against an accused person do not answer to the legal definition of an offence, it shall annul the conviction and may order a new trial upon an amended charge.

[Competence of Sudder Court to direct further enquiry, &c.]

287. In any case referred to the Sudder Court, it shall be competent to the Court, if it think further enquiry or additional evidence upon any point bearing upon the guilt or innocence of the accused to be necessary, to direct such enquiry to be made, or such additional evidence to be taken.

[To be continued.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১ নবেম্বর।]

চূড়ান্তরূপে নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন, তবে তিনি আইনঅনুসারে আসামীর দণ্ডের আজ্ঞা করিতে প্রবর্ত্ত হইবেন।

[দণ্ডাজ্ঞার কথা ও সদর আদালতের দ্বারা প্রাণদণ্ডের আজ্ঞা মঞ্জুর করিবার কথা।]

২৮৩। মোকদ্দমা বুঝিয়া যদি আসামীর দোষ সাব্যস্ত হইলে তাহার প্রাণদণ্ডের আজ্ঞা হইতে পারে, তবে সেশন আদালত দণ্ডের আজ্ঞা করিবেন। ও যদি প্রাণদণ্ডের আজ্ঞা হয়, তবে সদর আদালতহইতে মঞ্জুর না হইলে প্রাণদণ্ড হইবেক না। দণ্ডের আজ্ঞা মঞ্জুর করিবার নিমিত্তে কোন মোকদ্দমা সদর আদালতে পাঠান গেলে, ঐ আদালত ঐ দণ্ডের আজ্ঞা মঞ্জুর করিতে পারিবেন, কিম্বা আইনমতে অন্য যে কোন আজ্ঞা হইতে পারে তাহার হুকুম করিতে পারিবেন। কিম্বা দোষ সাব্যস্ত করা বাতিল করিয়া নূতন বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[সেশন আদালতের বিচারকরা মোকদ্দমার কালেণ্ডর মাসে২ পাঠাইবার কথা।]

২৮৪। সেশন আদালতের সাহেবেরা যে সকল মোকদ্দমার বিচার করেন তাহার এক কৈফিয়ৎ কি কালেণ্ডর সদর আদালতের সাহেবেরা যে নক্‌শা নির্দ্দিষ্ট করিবেন সেই নক্‌শামতে, নিরূপিত সময়ে২ সদর আদালতে পাঠাইবেন। তাহাতে যে অপরাধের নালিশ হইয়াছে ও অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ সাব্যস্ত হইয়াছে ও তাহার যে দণ্ডের আজ্ঞা হইয়াছে তাহা সকল ঐ কৈফিয়তে লিখিতে হইবে।

বিংশ অধ্যায়।

যাঁহাকে জিজ্ঞাসা করা যায় এমত আদালতস্বরূপে সদর আদালত।

[দণ্ডাজ্ঞা মঞ্জুর করিবার জন্যে মোকদ্দমা অর্পণ হইলে, তাহা শুনিবার আদালতের কথা।]

২৮৫। সেশন আদালতের দণ্ডাজ্ঞা মঞ্জুর করিবার জন্যে ঐ আদালতহইতে যে মোকদ্দমা অর্পণ করা যায় তাহা উক্ত সদর আদালতের দুই কি ততোধিক জন জজ সাহেবকে লইয়া যে আদালত হয় সেই আদালতে শুনা যাইবেক। ঐ দণ্ডাজ্ঞা মঞ্জুর হইলে কিম্বা কোন নূতন দণ্ডের আজ্ঞা কি হুকুম হইলে, সেই হুকুমেতে অন্তি কম দুই জন জজ সাহেব দস্তখৎ করিবেন।

[যে অপরাধের প্রমাণ হইল তদ্বিষয়ে সদর আদালতের ও সেশন আদালতের মতের অনৈক্য হইবার কথা।]

২৮৬। কিন্তু যে২ কর্ম্মের নালিশ হইয়াছে কিম্বা অভিযুক্ত ব্যক্তি যে অপরাধের দোষী নির্ণয় হইয়াছে, তাহা যদি আইনমতে ঐ অপরাধের অর্থের সঙ্গে না মিলে তবে ঐ আদালত ঐ দোষ সাব্যস্তকরণ বাতিল করিবেন ও সংশোধিত নালিশমতে নূতন বিচার হইবার হুকুম করিতে পারিবেন।

[অধিক তজবীজপ্রভৃতি করিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।]

২৮৭। যে কোন মোকদ্দমা সদর আদালতে অর্পণ করা যায় তাহাতে যদি সদর আদালত আসামীর দোষের কি নির্দ্দোষিতার সম্পর্কীয় কোন বিষয়ে অধিক তদন্ত লওয়া কি অধিক প্রমাণ লওয়া আবশ্যক জ্ঞান করেন, তবে সেইরূপ তদন্ত লইবার ও অধিক প্রমাণ লইবার আজ্ঞা করিতে পারিবেন।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৬২৩৩ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১৭ অক্টোবর।

থাকইপুরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব (Mr. F. Crank,) কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ২০ অক্টোবর।

শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত রাজশাহীর জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ মলোনি সাহেব (Mr. W. Molony,) যশোহরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত উক্ত জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি এল টি হারিস সাহেব (Mr. G. L. T. Harris,) কিঞ্চিৎ কালের নিমিত্তে পাবনার মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই ডি লাকুড সাহেব (Mr. E. D. Lockwood,) বেহারের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ১৭ অক্টোবর।

আক্যাবে আরাকান দেশের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান জি ফেথফুল সাহেব (Captain G. Faithfull,) ১৮৫৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

পুরীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বি কেণ্ডল সাহেব (Mr. B. Kendall,) ঐ মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার এতদ্দেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া ১৮৫৭ সালের অক্টোবর মাসের ২৯ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে বর্ত্তমান মাসের ২৮ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী মফিজ উদ্দীন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৮ অক্টোবর।

কটকের এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২০ অক্টোবর।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার কিঞ্চিৎ কালের নিমিত্তে এক্টিং মাজিষ্ট্রেট শ্রীযুত জি এম বার্লো সাহেবের (Mr. G. N. Barlow,) প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের কালেক্টর শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe.) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 1st November, 1859.*] 5 C

ছিলটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে বি সাডওএল সাহেব (Mr. J. B. Shadwell,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে আগামি মাসের ২৭ তারিখঅবধি কিয়া তৎপরে সাত দিনের ছুটী পাইয়াছেন।

মঙ্গলদারিতে আসাম দেশের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ ব্রুস সাহেব (Mr. C. A. Bruce,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে আট দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের সব-ডেপুটী আফীনের এজেণ্ট শ্রীযুত ডবলিউ এচ আর্কোহার্ট সাহেব (Mr. W. H. Urquhart,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কিয়া অন্য হুকুম না হওনপর্য্যন্ত মুঙ্গেরের আফীনের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত কসরেট সাহেব (Mr. Cosserat,) ত্রিহুতের সব-ডেপুটী আফীনের এজেণ্টের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ১৮ অক্টোবর।

ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ ডি ডবলিউ জর্জ্জ সাহেব (Mr. W. De W. George.) বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব গত ফেব্রুআরি মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদবশিষ্ট কাল উক্ত তারিখঅবধি রহিত হইয়া ছ।

৬৩০৪ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১৭ অক্টোবর।

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) রঙ্গপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্দ্দাহ করিবেন।

১৮৫৯ সাল ২১ অক্টোবর।

শ্রীযুত জে ডি গর্ডন সাহেব (Mr. J. D. Gordon,) দিনাজপুরের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেবের (Mr. F. A. E. Dalrymple,) অনুপস্থান কিয়া অন্য হুকুম না হওনপর্য্যন্ত উক্ত জিলার কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

প্রবেস্যনরী আসিষ্টাণ্ট তক্তাবধারক শ্রীযুত ডবলিউ বি ওহারা সাহেব (Probationary Assistant Overseer Private W. B. O'Hara,) সরকারী কার্য্যে দানাপুর এলাকাহইতে রাণগড় এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৫৯ সাল ২২ অক্টোবর।

শ্রীযুত পাদরি ডবলিউ সি ব্রমহেড সাহেব (Reverend W. C. Bromehead.) দানাপুরের ধর্ম্মোপদেশক হইবেন এবং পাটনার ধর্ম্মোপদেশকের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বাবু দ্বারকানাথ চাটুয্যা কিঞ্চিৎ কালের নিমিত্তে পূরণিয়ার চিকিৎসকের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

১৮৫৯ সাল ২৬ অক্টোবর।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington.) রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত টি ব্রুস লেন সাহেব (Mr. T. Bruce Lane,) রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। এবং শ্রীযুত জে জে গ্রে সাহেবের (Mr. J. J. Grey,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত হাবড়ার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২২ অক্টোবর।

প্রসীডেন্সী কালেজে ব্যবস্থা বিদ্যার আসিস্টাণ্ট উপদেশক শ্রীযুত সি বুলনইস সাহেব (Mr. C. Boulnois,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পুরণিয়ার সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এফ জে অরল সাহেব (Mr. F. J. Earle,) ১৮৫৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৫ অক্টোবর।

বাঁকুড়ার সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ মর্গ্যন সাহেব (Mr. A. Morgan,) আপন মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার এতদ্দেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া ১৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২ গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসারি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি আ হইয়াছিল ও সমুহ লোক আগত হইয়াছিল ইতি।

আর ফ্রুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY and another, Insolvents.

NOTICE is hereby given, that Saturday, the 29th day of October instant, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of March 1859, until the 28th day of September 1859, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 24th October 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ মে সাহেবের ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্য বর্ত্তমান অক্টোবর মাসের ২৯ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৯ সালের মার্চ মাসের ১ তারিখ অবধি ১৮৫৯ সালের সেপ্টেম্বর মাসের ২৮ তারিখপর্য্যন্ত আসিনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন ঐ এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন ক প্রতিবন্ধকতা করিতে তাঁহারা তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেম। সরকারী আসিনি।

সরকারী আসিনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা। ১৮৫৯ সাল ২৪ অক্টোবর।

In the matter of the ASIATIC MARINE INSURANCE OFFICE, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday the 29th day of October instant, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the First day of August 1858 until the 22d day of September 1859, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 24th October 1859.

যোত্রহীন আশিএটিক মারিন ইন্সুরান্স আফিসের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্য বর্ত্তমান অক্টোবর মাসের ২৯ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৬৮ সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি ১৮৫৯ সালের সেপ্টেম্বর মাসের ২২ তারিখপর্য্যন্ত আসিনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন ঐ এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১ নবেম্বর।]

তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেম। সরকারী আসিনি।

সরকারী আসিনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা। ১৮৫৯। ২৪ অক্টোবর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২॥০ | নৃতনাভিধান ২০০০০ ঐ১৲ | অমরার্থ দীধিতি ১॥০ | হরিভক্তি বিলাস সটীক১০৲ | সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ২৪ সংখ্যাপর্য্যন্ত ৬৲ এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০ | শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১ । ২ । ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ স্কন্ধ ৪৸০ | যোগবাশিষ্ঠ১নাং২৬ সর্গ ৪ | গীতাবলি ।০ | অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪ | সপ্তকাণ্ড রামায়ণ প্রং ২ | আরব্যোপাখ্যান, ১ নাং ৫, পঞ্চম খণ্ডে ... ... ৫ | অপূর্ব্বোপাখ্যান,২১ প্রং২ | বত্রিশ সিংহাসন, গদ্য ১ | আদ্যকৃত ইংবাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসমূলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই ৫ | শিবসংকীর্ত্তন ১ | ইংরাজী শকুন্তলা ১ | প্রবোধচন্দ্র নাটক ১ | পুরাণের অনুক্রমণিকা ।০ | হিতোপদেশ ইং বাং সং ২ | কাজীর বিচার ॥০ | অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশতএক জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১ | রোবক ও হকিম মৌলবী | আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০ | রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম ৫০ | রোম দেশীয় ইতিহাস ৬৲ | গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲ | ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲ | ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲ | পঞ্চাবেতিহাস ১৲ | প্রাচীন ঐ ২৲ | ন্যায়দর্শন ২॥০ | পূরাবৃত্ত বিবরণ ১৲ | প্রিয়ম্বদ ১৲ | কেরি বাংইংডিক্সনরি ৫০৲ | জেকবের লা, ডিক্সনরি ১০৲ | পূর্ণচন্দ্রোদয় ৮৲ | রাজা রামমোহন রায়ের জীবনচরিত্র ।০ | চিকিৎসাসার ১।০ | কোলব্রুকের অমরকোষ৮৲ | ঐ ব্যবস্থা ... ২৪৲ | ঐ হিন্দুলা ... ২৪৲ | ঐ মেকনাটন ২০৲ | গবর্ণমেণ্ট আইন ইং১৭৯৩ নাং ১৮৩৩, ৯বালম ১০০৲ | শব্দসাধন মুক্তাবলী ২৲ | চমৎকার হিরাজাদ ... ১৲ | আলালের ঘরের দুলাল৸০ | মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲ | নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে.

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোককে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৫৯ সালের ৮ আইন ও ১০ আইন ও ১১ আইন এবং ১৪ আইন ইঙ্গরেজী বাঙ্গলাসহ শ্রীরামপুর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা নীচের লিখিত মূল্য প্রেরণ করিলেই পাইবেন এবং ডাকে পাঠাইতে হইলে তাহার মামুল আলাহিদা দিতে হইবেক ইতি।

১৮৫৯ সালের ৮ আইন মূল্য	...	...	...	...	...	৫॥০ টাকা।
১৮৫৯ সালের ১০আইন ঐ	...	...	...	...	...	২॥০
১৮৫৯ সালের ১১ আইন ঐ	...	...	...	...	...	১৲
১৮৫৯ সালের ১৪ আইন ঐ	...	...	...	...	...	॥০
এককালীন সমুদয় আইন লইলে তাহার মূল্য			...		...	৯৲

[*Government Gazette, 1st November, 1859.*]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মার্ষমান সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 8, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ৮ নবেম্বর।

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Criminal Judicature not established by Royal Charter.

[Continued from page 782.]

CHAPTER XXI.

FINDING, JUDGMENT, AND SENTENCE.

[Form of verdict in Jury trials.]

283. In any trial by Jury, when the Jury are unanimous in thinking the accused guilty of the offence specified in the charge, or of the offence specified in any head of the charge when there are more heads than one, the verdict shall be that the accused is guilty of such offence. When the Jury are not unanimous, but a majority concur in thinking the accused guilty, the verdict shall be that the accused is found guilty of the offence specified in the charge, or in such a head of the charge as above provided, by a majority of the Jurors (stating the number.) When a majority of the Jurors do not concur in thinking the accused guilty, the verdict shall be that the accused is not guilty. When the Jury, or a majority of the Jurors, concur in thinking the accused guilty of an offence, but are doubtful under which of two heads of the charge the offence falls, the verdict shall be that the accused is guilty either of the offence charged in such a head, or of the offence charged in such another head of the charge. When the Jury are equally divided in opinion the verdict shall state specially the division of opinion.

[What the judgment is to specify.]

289. When the trial in any Criminal Court is

আইনের মুসাবিদা।

ফৌজদারী যে সকল আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই সকল আদালতের কার্য্য সঙ্ক করিবার আইনের মুসাবিদা।

(৭৮২ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

একবিংশ অধ্যায়।

বিচার ও নিষ্পত্তি ও দণ্ডের আজ্ঞার বিধি।

[জুরির সহযোগে মোকদ্দমার বিচার হইলে তাঁহারদের রায় জানাইবার কথা।]

২৮৮। জুরির সহযোগে মোকদ্দমার বিচার হইলে নালিশপত্রে যে অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহাতে, কিম্বা যদি নালিশপত্রে দুই কি ততোধিক দফা থাকে তবে তাহার কোন দফার নির্দ্দিষ্ট অপরাধে আসামী দোষী আছে জুরির সকল ব্যক্তির যদি এইমত হয়, তবে আসামী দোষী আছে এমত রায় প্রকাশ হইবেক। যদি জুরির সকল লোকের এক মত না হয়, কিন্তু অধিক অংশের লোক আসামীকে দোষী জ্ঞান করেন তবে এই রায় প্রকাশ হইবেক যে, জুরির অধিকাংশ ব্যক্তি (অর্থাৎ এত জন) আসামীকে নালিশপত্রের নির্দ্দিষ্ট অপরাধের কিম্বা পূর্ব্ব লিখিতমতে নালিশপত্রের অমুক দফার লিখিত অপরাধের দোষী জ্ঞান করেন। যদি জুরির অধিক অংশের লোক আসামীকে দোষী জ্ঞান না করেন, তবে এই রায় প্রকাশ হইবেক যে আসামী দোষী নহে। যখন জুরির সকল লোক কিম্বা তাঁহারদের অধিক অংশের লোক একমত হইয়া জ্ঞান করেন যে আসামী অপরাধী বটে, কিন্তু নালিশপত্রের যে দুই দফাতে অপরাধ লেখা থাকে তাহার কোন দফাক্রমে আসামী দোষী হয় এই বিষয়ের সন্দেহ আছে, তবে এই রায় প্রকাশ হইবেক যে আসামী নালিশপত্রের অমুক দফার লিখিত অপরাধের, কিম্বা অন্য অমুক দফার লিখিত অপরাধের দোষী আছে। জুরির লোকেরদের যত জনের এক মত হয় তত জনের যদি ভিন্ন মত হয়, তবে রায়েতে মতের ভিন্নতার কথা বিশেষমতে ব্যক্ত হইবেক।

[নিষ্পত্তিপত্রে যাহা নির্দ্দিষ্ট থাকিবেক তাহার কথা।]

২৮৯। কোন ফৌজদারী আদালতে বিচারের কার্য্য

concluded, the Court, in passing judgment, if the accused be convicted, shall distinctly specify the offence of which, and the Section and Chapter of the Penal Code under which he is convicted, or if it be doubtful under which of two Sections the offence falls, shall distinctly express the same, and pass judgment in the alternative, according to Section 18 of Chapter III.

[Form of finding and sentence.]

290. The finding and sentence shall be recorded in the following form, or to the same effect :—

In trials by Jury :—

When the Jury are unanimous :

The Jury find that Z is guilty of the offence specified in the charge, namely, that Z has waged war against the Government, and has thereby committed an offence punishable under Section 1 Chapter VI. of the Penal Code; and the Court directs that the said Z [*sentence*]

2*nd*. The Jury find that Z is not guilty of the offence specified in the charge, namely that Z has waged war against the Government, and has thereby committed an offence punishable under Section 1 Chapter VI. of the Penal Code; and the Court directs that the said Z be discharged.

When the Jury are not unanimous, but a majority of the Jurors concur in thinking the defendant guilty :—

3*rd*. A majority of the Jurors (stating the number) find that Z is guilty of the offence specified in the charge, namely that Z has, with the intention of inducing the Honorable A. B., a Member of the Council of the Governor General of India, to refrain from exercising a lawful power as such Member, assaulted such Member, and that he has thereby committed an offence punishable under Section 3 Chapter VI. of the Penal Code. The Court concurs in such finding, and directs that the said Z be [*sentence*]

4*th*. A majority of the Jurors (stating the number) find that Z is guilty of the offence specified in the charge, namely that Z has, with the intention of inducing the Honorable A. B., a Member of the Council of the Governor General of India, to refrain from exercising a lawful power as such Member, assaulted such Member, and that he has thereby committed an offence punishable under Section 3 Chapter VI. of the Penal Code. The Court does not concur in such finding, and directs that the said Z be discharged.

5*th*. When the Jury are not unanimous, but a majority of the Jurors concur in thinking the defendant not guilty, the form No. 2 shall be followed.

When the Jury or a majority of the Jurors concur in thinking the defendant guilty of an offence, but are doubtful under which of two heads of a charge the offence falls :—

6*th*. The Jury or the majority of the Jurors (stating the number) as the case may be, find that

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫২। ৮ নবেম্বর।]

সমাপ্ত হইলে পর, যদি অভিযুক্ত লোকের দোষ সাব্যস্ত হয়, তবে আদালত নিষ্পত্তি লিখিবার কালে তাহার যে অপরাধ ও দণ্ডবিধির আইনের যে অধ্যায়ের যে ধারাক্রমে ঐ অপরাধ সাব্যস্ত হইয়াছে তাহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিবেন। অথবা দুই ধারার কোন্ ধারার কথার মধ্যে ঐ অপরাধ আইসে এই বিষয়ে যদি সন্দেহ থাকে, তবে সেই সন্দেহ স্পষ্টরূপে লিখিবেন, ও ঐ আইনের ৩ অধ্যায়ের ১৮ ধারানুসারে ঐ সন্দেহস্থলের নিষ্পত্তি প্রকাশ করিবেন।

[বিচার ও দণ্ডাজ্ঞা লিখিবার নিয়ম।]

২৯০। বিচার ও দণ্ডের আজ্ঞা নীচের লিখিতমতে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক।

জুরির সহযোগে বিচার হইলে।

যদি জুরির সকল লোকের এক মত হয়, তবে

প্রথম। জুরির এই বিচার যে, যদু নালিশপত্রে লিখিত অপরাধের দোষী। অর্থাৎ যদু গবর্ণমেণ্টের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছে তাহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ১ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত আজ্ঞা করেন যে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা)

দ্বিতীয়। জুরির এই বিচার যে, যদু নালিশপত্রে লিখিত অপরাধের দোষী নহে, অর্থাৎ গবর্ণমেণ্টের বিরুদ্ধে যুদ্ধ করে নাই ও দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ১ ধারাক্রমে দণ্ডনীয় অপরাধ করে নাই। ও আদালত উক্ত যদুকে ছাড়িয়া দিতে আজ্ঞা করেন।

যদি জুরির সকল লোকের এক মত না হয় কিন্তু তাহারদের অধিক লোক আসামীকে দোষী জ্ঞান করেন, তবে

তৃতীয়। জুরির অধিকাংশ লোকের (অর্থাৎ এতজনের) এই বিচার যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী আছে, অর্থাৎ ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলের মেম্বর শ্রীযুত অমুকবিল অমুক সাহেবকে আপন আইনসিদ্ধ ক্ষমতাক্রমে কোন কার্য্য করিতে ক্ষান্ত করাইবার জন্যে ঐ যদু ঐ মেম্বর সাহেবের উপর আক্রমণ করিয়াছে, ও ইহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৩ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে। আদালত সেই বিচারে সম্মত হন; ও আদালত হুকুম করেন যে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা)

চতুর্থ। জুরির অধিকাংশ লোকের (অর্থাৎ এত জনের) এই বিচার যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধে দোষী আছে, অর্থাৎ যদু ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলের এক জন মেম্বর শ্রীযুত অমরবিল অমুক সাহেবকে আপন আইনসিদ্ধ ক্ষমতাক্রমে কোন কার্য্য করিতে ক্ষান্ত করাইবার জন্যে সেই মেম্বর সাহেবের উপর আক্রমণ করিয়াছে ও দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৩ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে। আদালত সেই বিচারেতে সম্মত নহেন ও উক্ত যদুকে মুক্ত করিবার আজ্ঞা করেন।

পঞ্চম। যদি জুরির সকল ব্যক্তির এক মত না হয় কিন্তু তাঁহারদের অধিকাংশ লোক আসামীকে নির্দ্দোষ জ্ঞান করেন, তবে দ্বিতীয় নম্বরের পাঠে রায় লিখিতে হইবেক।

যদি জুরির সমস্ত লোক কিম্বা তাঁহারদের অধিকাংশ লোক আসামীকে দোষী জ্ঞান করেন, কিন্তু নালিশের দুই দফার মধ্যে কোন্ দফার লিখিত অপরাধ হইয়াছে এই বিষয়ের সন্দেহ থাকে, তবে

ষষ্ঠ। জুরির সমস্ত ব্যক্তি কিম্বা তাঁহারদের অধিকাংশ লোকের (অর্থাৎ এত জনের) এই রায় হয় যে, যদু

Z is guilty either of the offence specified in the first head of the charge, or of the offence specified in the second head of the charge; namely that Z has either committed theft, and has thereby committed an offence punishable under Section 2 Chapter XVII. of the Penal Code or that he has committed Criminal breach of trust, and has thereby committed an offence punishable under Section 28 of the same Chapter of the Penal Code. The Court directs [*or, the Court concurs in such finding, and directs*] that under the provisions of the above mentioned Sections, and the Section 18 Chapter III. of the Penal Code, the said Z be [*sentence.*]

When the Jury are equally divided in opinion the finding of the Jury shall state specially the division of opinion and the finding and sentence of the Court shall then be recorded in the following form or to the same effect :

The Court concurs with the Jurors who have found that Z is guilty of the offence specified in the charge, namely that he has committed &c. &c. and the Court directs that the said Z be [*sentence*]; or, (*as the case may be*)—

The Court concurs with the Jurors who have found that Z is not guilty of the offence specified in the charge, namely that Z has committed &c. &c.; and the Court directs that the said Z be discharged.

In trials upon a formal charge, without Jury :—

4*th*. The Court finds that Z is guilty of the offence specified in the charge, namely that Z has committed theft, and has thereby committed an offence punishable under Section 2 Chapter XVII. of the Penal Code; and the Court directs that the said Z be [*sentence*]

8*th*. The Court finds that Z is not guilty of the offence specified in the charge, namely that Z has committed theft, and has thereby committed an offence punishable under Section 2 Chapter XVII. of the Penal Code; and the Court directs that the said Z be discharged.

In trials in which no formal charge has been prepared :—

9*th*. The Court finds that Z has used Criminal force, and has thereby committed an offence punishable under Section 56 Chapter XVI. of the Penal Code, and directs that the said Z be [*sentence*]

10*th*. The Court finds that the complaint of assault is not proved, acquits Z, and directs that he be discharged.

[Conviction of several offences.]

291. When a person shall be convicted of several offences at the same time, punishable under the same or different Sections of the Penal Code, it shall be lawful for the Court to sentence him to the several penalties prescribed by the Code in respect of the several offences of which he shall have been so convicted, provided that the punishment to

[*Government Gazette, 8th November, 1852.*]

নালিশপত্রের প্রথম দফার অথবা দ্বিতীয় দফার নিদ্দিষ্ট অপরাধের দোষী হইয়াছে। অর্থাৎ হয় যদু চুরী করিয়াছে ও দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে, নতুবা যদু অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিয়াছে, ও তাহাতে দণ্ডবিধির আইনের সেই অধ্যায়ের ২৮ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে। আদালত হুকুম করেন (অথবা আদালত সেই বিচারে সম্মত হইয়া হুকুম করেন, যে) পূর্ব্বোক্ত ধারার বিধানমতে ও দণ্ডবিধির আইনের ৩ অধ্যায়ের ১৮ ধারার বিধানমতে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা)।

জুরির যত জনের এক মত, তত জনের যদি ভিন্ন মত হয়, তবে সমানভাবে মতের অনৈক্য থাকার কথা জুরির রায়েতে স্পষ্টরূপে ব্যক্ত হইবেক। ও আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা নীচের লিখিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক।

যদু নালিশপত্রের নির্দ্দিষ্ট অপরাধের দোষী অর্থাৎ সে অমুক অপরাধ করিয়াছে, জুরির যে লোকেরদের এই মত হইয়াছে তাঁহারদের সেই মতে আদালতও সম্মত হইয়া আজ্ঞা করিতেছেন যে যদুর এই (কিম্বা এই) (দণ্ডাজ্ঞা।)

যদু নালিশপত্রের নির্দ্দিষ্ট অপরাধের দোষী নহে, অর্থাৎ সে অমুক অপরাধ করে নাই, জুরির যে লোকেরদের এই মত হইয়াছে তাঁহারদের সেই মতে আদালতও সম্মত হইয়া আজ্ঞা করিতেছেন যে ঐ যদুকে ছাড়িয়া দেওয়া যায়।

জুরির সহকারিতাবিনা ধারামতের নালিশক্রমে বিচার হইলে,

সপ্তম। আদালতের এই নিষ্পত্তি হয় যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী আছে, অর্থাৎ যদু চুরী করিয়াছে ও তাহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত হুকুম করেন যে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা।)

অষ্টম। আদালতের এই নিষ্পত্তি হয় যে যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী নহে, অর্থাৎ চৌর্য্য করে নাই, ও দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ ধারামতের অপরাধ করে নাই ও আদালত উক্ত যদুকে ছাড়িয়া দিতে হুকুম করেন।

যে স্থলে ধারামতের নালিশপত্র প্রস্তুত হয় নাই এমত স্থলের বিচার হইলে,

নবম। আদালতের এই নিষ্পত্তি যে, যদু অপরাধিভাবে বল প্রকাশ করিয়াছে, ও তাহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৫৬ ধারামতের দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত হুকুম করেন যে ঐ যদুর (দণ্ডাজ্ঞা।)

দশম। আদালতের এই বিচার যে, আক্রমণ করিবার নালিশের প্রমাণ হয় নাই, অতএব আদালত যদুকে নির্দ্দোষ করিয়া মুক্ত করিবার হুকুম করেন।

[অনেক অপরাধ সাব্যস্ত করণের কথা।]

২৯১। যদি কোন লোকের একি সময়ে অনেক অপরাধ সাব্যস্ত হয়, ও সেই সকল অপরাধের দণ্ড দণ্ডবিধির আইনের একি কি ভিন্ন২ ধারামতে হইতে পারে, তবে তাহার যে২ অপরাধ সাব্যস্ত হইয়াছে সেই২ অপরাধের যে২ দণ্ড দণ্ডবিধির আইনে নির্দ্দিষ্ট হইয়াছে আদালত সেই২ দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ ব্যক্তির এক২ অপরাধের যে২ দণ্ডের

which such person is sentenced for each offence is within the ordinary penal jurisdiction of the Court, such penalties, when consisting of imprisonment, to commence the one after the expiration of the other; and it shall not be necessary for the Court, only by reason of the aggregate punishment for the several offences being in excess of the punishment which the Court is competent to inflict on conviction of a single offence, to send the offender for trial before a higher Court.

[Judgment on offender already imprisoned under sentence for another crime.]

292. When sentence shall be passed on a person already under sentence of imprisonment for another offence, it shall be lawful for the Court to award imprisonment on the subsequent conviction, to commence at the expiration of the imprisonment to which such offender shall have been previously sentenced; and if empowered to pass sentence of transportation or banishment, the Court may award such sentence on the subsequent conviction to commence immediately, or at the expiration of the imprisonment to which such person shall have been previously sentenced.

[Party tried upon formal charge not liable to renewed prosecution.]

293. A party who has once been tried upon a formal charge, shall not be liable to be tried again for the same offence. Provided that any person may be tried for the offence of culpable homicide and punished for that offence notwithstanding he may have been tried and punished for the act which caused the death, if at the time of his conviction for the act death shall not have resulted or shall not have been known by the Court to have resulted.

[Execution of sentence of Court in cases referred to the Sudder Court for confirmation of sentence.]

294. In cases referred by the Court of Session for the confirmation of a sentence by the Sudder Court, the proper Officer of the Court shall, within three days after the order of confirmation or other order of the Sudder Court or sooner if practicable, transmit a copy of the order under the seal of the Sudder Court, and attested with his official signature, to the Court of Session, which, if the sentence be confirmed, shall immediately issue a warrant to the Magistrate or other Officer in charge of the jail in which the prisoner is confined, to cause the sentence or order to be carried into execution; or in the case of any other order, shall cause such order to be carried into effect.

[Court of Session to direct warrant to District Magistrate.]

295. In cases tried by the Court of Session the Court shall forward a copy of its sentence, together with a warrant for the execution of the same, directed to the Magistrate of the district in which the trial was held or other Officer as aforesaid.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৮ নবেম্বর।]

অজ্ঞা হয় তাহা আদালতের দণ্ড করিবার সাধারণ ক্ষমতার মধ্যে পড়ে। আর সেই দণ্ড যদি কয়েদ হইবার দণ্ড হয়, তবে এক অপরাধের নিমিত্তে কয়েদ হইবার মিয়াদ গত হইলে পর অন্য অপরাধের নিমিত্তে কয়েদ হইবার মিয়াদ আরম্ভ হইবেক। ও একি অপরাধ ন্যস্ত হইলে আদালত যত দণ্ড করিবার ক্ষমতাপন্ন হন সেই সকল অপরাধের সংযুক্ত দণ্ড তাঁহার সেই ক্ষমতার অতিরিক্ত হয় কেবল এই কারণে উপরিস্থ আদালতে বিচার হইবার নিমিত্তে অপরাধিকে পাঠান ঐ আদালতের আবশ্যক হইবেক না।

[কোন অপরাধের জন্যে যে জন কয়েদ আছে সে অন্য দোষের অপরাধী হইলে তাহার দণ্ডের কথা।]

২৯২। কোন লোক কোন অপরাধের নিমিত্তে কয়েদ থাকিতে, যদি তাহার অন্য অপরাধের জন্যে দণ্ডের আজ্ঞা হয়, তবে প্রথম দণ্ডের আজ্ঞামতে ঐ লোকের কয়েদ হইবার মিয়াদ ফুরাইলে পর দ্বিতীয় যে দোষ সাব্যস্ত হইয়াছে তাহার জন্যে কয়েদের আরম্ভ হয়, আদালত এমত হুকুম করিতে পারিবেন। আর যদি ঐ আদালত দ্বীপান্তর প্রেরণ কি দেশ বহিষ্কৃত করণ দণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, তবে ঐ আদালত এমত আজ্ঞা করিতে পারিবেন যে দ্বিতীয় দোষ সাব্যস্ত হওনমতে ঐ দণ্ড একেবারে আরম্ভ হয় কিম্বা পূর্ব্বের দণ্ডাজ্ঞামতে তাহার কয়েদ হইবার মিয়াদ গত হইলে পর ঐ দণ্ড আরম্ভ হয়।

[ধারামতের নালিশক্রমে যাহার বিচার হইয়াছে, তাহার নামে পুনশ্চ নালিশ না হইবার কথা।]

২৯৩। ধারামতের নালিশক্রমে যে ব্যক্তির একবার বিচার হইয়াছে তাহার পুনশ্চ সেই অপরাধের বিচার হইতে পারিবেক না। কিন্তু কোন কাহার মরণ যে অপরাধে হয়, সেই অপরাধ সাব্যস্ত করিবার কালে যদি তাহার মরণ না হইয়াছিল, কিম্বা হইলেও যদি আদালত তাহা জানিতে পান নাই, তবে ঐ দোষের নিমিত্তে অপরাধির বিচার ও দণ্ড হইলে পরও তাহার দোষপূর্ব্বক বধ অপরাধের নিমিত্তে বিচার হইতে পারিবেক ও সেই অপরাধের দণ্ডও হইতে পারিবেক।

[সেশন জজ সাহেব যে মোকদ্দমা অর্পণ করেন তাহাতে সদরআদালতের আজ্ঞামতে কার্য্য করিবার কথা।]

২৯৪। সেশন আদালতের দণ্ডাজ্ঞা মঞ্জুর করিবার নিমিত্তে যে সকল মোকদ্দমা সদর আদালতে অর্পণ করা যায়, সেই সকল মোকদ্দমায় সদর আদালত হুকুম মঞ্জুর করিলে কি অন্য হুকুম করিলে পর তিন দিনের মধ্যে কিম্বা সাধ্যমতে তাহার আগে ঐ আদালতের উপযুক্ত কর্ম্মকারক সদর আদালতের মোহর ও আপন পদোপলক্ষের দস্তখৎ করিয়া ঐ হুকুমের এক কেতা নকল সেশন আদালতে পাঠাইবেন, ও তাহাতে যদি সেশন আদালতের হুকুম মঞ্জুর হয়, তবে সেশন আদালতের জজ সাহেব ঐ দণ্ডাজ্ঞা কি হুকুমমতে কার্য্য করিবার পরওয়ানা মাজিষ্ট্রেট সাহেবের নামে, কিম্বা আসামী যে জেলখানায় কয়েদ হইয়াছে তাহা যে কার্য্যকারকের জিম্মায় থাকে তাঁহার নামে, অবাজে দিবেন, কিম্বা সদর আদালত যদি অন্য হুকুম করেন তবে সেই হুকুমমতে কার্য্য করাইবেন।

[জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে সেশন আদালতের পরওয়ানা দিবার কথা।]

২৯৫। সেশন আদালতে যে মোকদ্দমার বিচার হয় তাহাতে ঐ আদালত যে দণ্ডের আজ্ঞা করিবেন তাহার এক কেতা নকল ও সেই দণ্ডাজ্ঞামতে কার্য্য করিবার এক পরওয়ানা, যে জিলাতে মোকদ্দমার বিচার হয় সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে কিম্বা পূর্ব্বোক্ত মতের অন্য কার্য্যকারকের নামে পাঠাইবেন।

[Execution of sentence under two foregoing Sections.]

296. Upon the receipt of a warrant under either of the two last preceding Sections, the Magistrate or other Officer as aforesaid shall cause the sentence to be executed, and shall return the warrant, when the sentence has been fully executed, to the Court from whence it issued, with an endorsement under his official seal and signature, certifying the manner in which the sentence has been executed.

[Warrant of commitment in cases of imprisonment.]

297. In every case of imprisonment under the sentence of any Court other than a Subordinate Criminal Court, the Magistrate or other Officer as aforesaid shall issue his warrant to the jailor, stating the offence of which the defendant has been convicted, and the period during which he is to be imprisoned and the nature of the imprisonment. In every case of imprisonment under the sentence of a Subordinate Criminal Court, the Court passing the sentence shall issue its warrant to the same effect.

CHAPTER XXII.

SUDDER COURT AS A COURT OF REVISION.

[Sudder Court empowered to call for and examine records of Court of Session.]

298. It shall be lawful for the Sudder Court to call for and examine the records of any Court of Session for the purpose of satisfying itself as to the legality or propriety of any sentence or order passed, and as to the regularity of the proceedings of such Court. If the Sudder Court shall be of opinion that the sentence or order is contrary to law, the Court shall reverse the same and pass such judgment and sentence as to the Court shall seem right, or, if it deem necessary, may order a new trial. If it appear to the Sudder Court that the sentence passed is too severe, the Sudder Court may pass any mitigated sentence warranted by law.

[Revision in cases of illegal sentence.]

299. The Sudder Court, in any case tried by the Court of Session, in which, upon a review of the abstract statements or calendars of prisoners punished without reference, it shall appear to it that the sentence passed is one which cannot lawfully be passed on a person convicted of the offence as stated in the abstract statement or calendar, shall annul the sentence, and shall certify to the Court of Session the sentence which may lawfully be passed for such offence; and thereupon the Court of Session shall pass a new sentence according to law, and shall amend the record in accordance therewith.

[Revision of trials.]

300. The Sudder Court, in any case tried be-

[*Government Gazette, 8th November, 1859.*]

[পূর্ব্বের দুই ধারাক্রমে দণ্ডাজ্ঞামতে কার্য্য হইবার কথা।]

২৯৬। ইহার পূর্ব্বের দুই ধারার কোন ধারাক্রমে পরওয়ানা পাইলে পর, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত মতের অন্য কার্য্যকারক ঐ দণ্ডের আজ্ঞামতে কার্য্য করাইবেন। ও সেই দণ্ডাজ্ঞামতে কার্য্য সম্পূর্ণরূপে করা গেলে পর, যেরূপে করা গিয়াছে তাহার সর্টিফিকট ঐ পরওয়ানার পৃষ্ঠে লিখিয়া, তাহাতে আপন পদোপলক্ষের মোহর ও দস্তখৎ করিয়া, যে আদালতহইতে পরওয়ানা বাহির হইয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠাইবেন।

[কয়েদ করিবার আজ্ঞা হইলে পরওয়ানার কথা।]

২৯৭। অধঃস্থ ফৌজদারী আদালত ভিন্ন অন্য কোন আদালতের দণ্ডাজ্ঞামতে যখন আসামীকে কয়েদ করিতে হয়, তখন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক জেলদারোগার নামে পরওয়ানা দিবেন। আসামীর যে অপরাধ সাব্যস্ত হইয়াছে ও তাহাকে যত কালপর্য্যন্ত ও যে প্রকারে কয়েদ করিতে হইবেক এই সকল কথা ঐ পরওয়ানাতে লিখিবেন। ও যখন অধঃস্থ ফৌজদারী আদালতের দণ্ডাজ্ঞামতে কয়েদ করিতে হয়, তখন যে আদালত ঐ দণ্ডের আজ্ঞা করেন সেই আদালত সেই মর্ম্মমতে আপন পরওয়ানা দিবেন।

দ্বাবিংশ অধ্যায়।

পুনর্ব্বিচারের আদালতস্বরূপ সদর আদালতের কথা।

[সেশন আদালতের কাগজপত্র সদর আদালতের তলব করিয়া দুষ্টি করিবার ক্ষমতার কথা।]

২৯৮। সেশন আদালত যে দণ্ডাজ্ঞা কি হুকুম করেন তাহা আইনমতে কি উপযুক্তমতে হইয়াছে, ও মোকদ্দমাসম্পর্কে সেই আদালতের কার্য্য নিয়মমতে হইয়াছে এই কথা খাতিরজমামতে জানিবার জন্যে সদর আদালত কোন সেশন আদালতের কাগজপত্র তলব করিয়া দুষ্টি করিতে পারিবেন। তাহাতে দণ্ডাজ্ঞা কি হুকুম আইনবিরুদ্ধ হইয়াছে সদর আদালত যদি ইহা বোধ করেন, তবে সেই আদালত ঐ হুকুম অন্যথা করিয়া আপনার বিবেচনামতে যাহা যথার্থ হয় এমত নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা করিবেন, কিম্বা আবশ্যক বোধ করিলে নূতন বিচার হইবার আজ্ঞা করিবেন। যে দণ্ডাজ্ঞা হইয়াছে তাহা যদি সদর আদালতের বিবেচনামতে অতি শক্ত হয়, তবে সদর আদালত আইনঅনুযায়ি কোন লঘু দণ্ডের হুকুম করিতে পারিবেন।

[বেআইনীমতে দণ্ডাজ্ঞা হইলে তাহা শুধরাইবার কথা।]

২৯৯। সেশন আদালতে যে মোকদ্দমার বিচার হয় এমত কোন মোকদ্দমাতে, কৈফিয়তের খোলাসা কিম্বা অর্পণ না হইয়া যে আসামীদিগের দণ্ড হয় তাহারদের কালেক্টরের দেখিয়া, যদি সদর আদালত বোধ করেন যে, যে দণ্ডের আজ্ঞা হইয়াছে, ঐ কৈফিয়তের খোলাসার কি কালেক্টরের লিখিত অপরাধ যে লোকের সাব্যস্ত হয় তাহার সেই দণ্ড আইনমতে হইতে পারে না, তবে সদর আদালত ঐ দণ্ডাজ্ঞা বাতিল করিবেন, ও সেই অপরাধের নিমিত্তে আইনমতে যে দণ্ডের আজ্ঞা হইতে পারে তাহা সেশন আদালতকে জানাইবেন। তাহাতে সেশন আদালত আইনমতে নূতন দণ্ডের আজ্ঞা করিবেন ও তদনুসারে রিকার্ড পরিবর্ত্তন করিবেন।

[বিচারকরা মোকদ্দমার বিচারের কার্য্য শুধরাইবার কথা।]

৩০০। সেশন আদালতে যে মোকদ্দমার বিচার হয়

fore a Court of Session in which, upon a review of the abstract statements or calendars of prisoners punished without reference, it shall appear to it that there has been error in the decision of the Court of Session on a point of law, or that a point of law should be considered by the Sudder Court, may call for the record, together with a report of the Judge's direction to the Jury, if the case have been tried by a Jury, and upon reviewing the depositions of the witnesses, the direction of the Judge, and the conviction, may determine any point of law arising out of the case, and thereupon pass such judgment and sentence as to the Sudder Court shall seem right.

[General power of revision by the Sudder Court.]

301. The Sudder Court may, on the report of a Court of Session or of a Magistrate or whenever it thinks fit, call for the record of any Criminal trial in any Criminal Court within its jurisdiction, in which it shall appear to it that there has been error in the decision on a point of law, or that a point of law should be considered by the Sudder Court, and determine any point of law arising out of the case, and thereupon pass such judgment and sentence as to the Sudder Court shall seem right.

[Proceedings of a case revised by Sudder Court to be certified to Court in which conviction was had. Proviso.]

302. In all cases in which a case shall be revised by the Sudder Court under the last two preceding Sections, the Sudder Court shall certify its proceedings to the Court in which the conviction was had, and such Court shall thereupon make such orders as are conformable to the decision of the Sudder Court, and if necessary amend the record in accordance therewith. Provided that in any such case tried before a Court of Session, it shall not be competent to the Sudder Court, except as hereinbefore provided, to reverse the judgment of the Court, or the verdict of the Jury on the facts of the case.

CHAPTER XXIII.

APPEALS.

[No appeal in cases of acquittal.]

303. There shall be no appeal from a judgment of acquittal passed by any Criminal Court.

[Proceeding in appeals from judgments of Courts subordinate to Courts of Session. Appeal from judgment of Court of Session.]

304. Any person convicted by a judgment of any Criminal Court subordinate to a Court of Session, from which an appeal lies to a higher Court under any law for the time being in force, may present a petition of appeal to the Court of Appellate Jurisdiction, which may call for the proceedings of [illegible]

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৯ ৮ নবেম্বর।

এমত কোন মোকদ্দমাতে কৈফিয়তের খোলাসা কিম্বা অর্পণ না হইয়া যে আসামীদিগের দণ্ড হয় তাহার কালেগুর দেখিয়া যদি সদর আদালত বোধ করেন যে, সেশন আদালতের নিষ্পত্তিতে আইনঘটিত কোন বিষয়ে ভ্রম হইয়াছে, কিম্বা আইনঘটিত কোন বিষয় সদর আদালতের বিবেচনাকরা উচিত, তবে সদর আদালত মোকদ্দমার কাগজপত্র, ও জুরির সহযোগে ঐ মোকদ্দমার বিচার হইলে সেশন জজ সাহেব সেই জুরিকে যে আদেশ করিয়াছিলেন তাহার রিপোর্ট তলব করিতে পারিবেন। ও সাক্ষিরদের জোবানবন্দী ও জজ সাহেবের আদেশ ও যে দোষ সাব্যস্ত হয় তাহা দৃষ্টি করিয়া, মোকদ্দমাহইতে আইনঘটিত যে কোন বিষয় উদয় হয় তাহা নির্ণয় করিতে ও তদনুসারে সদর আদালত যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা যথার্থ বোধ করেন তাহা করিতে পারিবেন।

[সদর আদালতের পুনর্বিচার করিবার সাধারণ ক্ষমতার কথা।]

৩০১। সদর আদালত সেশন আদালতের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের রিপোর্টমতে কিম্বা যখন উচিত বোধ করেন তখন আইনঘটিত কোন বিষয়ে নিষ্পত্তির ভ্রম হইয়াছে, কিম্বা আইনঘটিত কোন বিষয় সদর আদালতের বিবেচনা করা উচিত ইহা যদি দেখিতে পান, তবে আপন অধীন কোন ফৌজদারী আদালতের কোন ফৌজদারী মোকদ্দমার সমুদয় কাগজপত্র তলব করিতে পারিবেন ও মোকদ্দমাহইতে আইনঘটিত যে কোন কথা উদয় হয় তাহার নিষ্পত্তি করিবেন ও সদর আদালতের বিবেচনাতে যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা করা উচিত হয় তাহা করিবেন।

[সদর আদালতের সংশোধনকরা মোকদ্দমার কার্য্য যে আদালতে দোষ সাব্যস্ত হয় সেই আদালতকে জ্ঞাত করিবার কথা ও বর্জ্জিত কথা।]

৩০২। ইহার পূর্ব্বের দুই ধারামতে যখন সদর আদালত কোন মোকদ্দমার পুনর্বিচার করেন, তখন যে আদালতে দোষ সাব্যস্ত হইয়াছে সেই আদালতকে সদর আদালত আপনার কার্য্যের বিবরণ জ্ঞাত করিবেন। তাহাতে সেই সেশন আদালত সদর আদালতের নিষ্পত্তিমতের হুকুম করিবেন, ও যদি আবশ্যক হয়, তবে তদনুসারে রোয়দাদ সংশোধন করিবেন। কিন্তু সেশন আদালতে তদ্রূপ যে কোন মোকদ্দমার বিচার হয় তাহাতে পূর্ব্বোক্ত বিধিমতে না হইলে সদর আদালত ঐ আদালতের নিষ্পত্তি কিম্বা মোকদ্দমার বৃত্তান্তঘটিত কোন বিষয়ে জুরির রায় অন্যথা করিতে পারিবেন না।

ত্রয়োবিংশ অধ্যায়।

আপীলের বিধি।

[যে মোকদ্দমায় আসামীকে নির্দ্দোষ করা যায় তাহার উপর আপীল না হইবার কথা।]

৩০৩। কোন ফৌজদারী আদালত কোন ব্যক্তিকে নির্দ্দোষি বলিয়া যে নিষ্পত্তি করেন তাহার উপর আপীল হইবেক না।

[সেশন আদালতের অধীন আদালতের নিষ্পত্তির উপর আপীলী মোকদ্দমার কার্য্য ও সেশন আদালতের নিষ্পত্তির উপর আপীলের কথা।]

৩০৪। সেশন আদালতের অধীন ফৌজদারী যে আদালতের নিষ্পত্তির উপর তৎকালের চলিত কোন আইনমতে উপরিস্থ আদালতে আপীল হয়, সেই ফৌজদারী আদালতের নিষ্পত্তিমতে যে কোন ব্যক্তির দোষ সাব্যস্ত হয় সেই ব্যক্তি আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাপন্ন [illegible] তে সেই আদালত অধঃস্থ আদালতের কাগজপত্র তলব করিতে পারিবেন ও সেই আদালতের বিচার ও দণ্ডাজ্ঞা বহাল রাখিতে কি সংশোধন কি অন্যথা করিতে পারিবেন। কিন্তু যে দণ্ডের আজ্ঞা হইল তাহা বৃদ্ধি করিতে পারিবেন না। কিন্তু সেশন আদালতের যে কোন নিষ্পত্তিতে আইনঘটিত কোন কথা উদয় হয় সেই নিষ্পত্তির উপর সদর আদালতে আপীল হইতে পারিবেক।

[কোন লোক কয়েদ থাকিলে তাহার আপীল করিবার কথা।]

৩০৫। যে জন আপীল করে সে যদি জেলখানায় কয়েদ থাকে, তবে আপন আপীলের দরখাস্ত মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা অন্য যে কার্য্যকারকের জিম্মায় জেলখানা থাকে তাঁহাকে দিতে পারিবে, তাহাতে তিনি ঐ দরখাস্ত আপীলের উপযুক্ত কার্য্যকারক সাহেবের নিকটে পাঠাইবেন।

[আপীল আদালতহইতে অধিক তদন্তপ্রভৃতি করিবার আজ্ঞার কথা।]

৩০৬। আপীল যে কোন মোকদ্দমায় হইতে পারে, সেই মোকদ্দমায় যদি আপীল আদালত বোধ করেন যে অভিযুক্ত ব্যক্তির দোষের কি নির্দ্দোষিতার সম্পর্কীয় কোন কথার অধিক তদন্ত করা কি অধিক প্রমাণ লওয়া আবশ্যক, তবে সেই আদালত ঐ তদন্ত করিবার ও অধিক প্রমাণ লইবার আজ্ঞা করিতে পারিবেন। ঐ অধিক তদন্ত করাতে ও অধিক প্রমাণ লওয়াতে যাহা জানা যায়, তাহা আপীল আদালতকে জ্ঞাত করা যাইবেক। তাহাতে আপীল আদালত যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা উপযুক্ত বোধ করেন সেই নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা করিবেন।

[অনুপযুক্ত আদালতে দোষ সাব্যস্ত হইলে আপীল আদালতে যেরূপে কার্য্য করিতে হইবেক তাহার কথা।]

৩০৭। যে অপরাধ কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা অধঃস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তার বিচার্য্য নহে, কোন লোকের এমত অপরাধ যদি সেই মাজিষ্ট্রেট সাহেব কি বিচারকর্ত্তা সাব্যস্ত করেন, তবে আপীলী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন আদালত অধঃস্থ আদালতের ঐ দোষ সাব্যস্তকরণ ও ঐ দণ্ডাজ্ঞা বাতিল করিতে পারিবেন, ও উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে ঐ মোকদ্দমার বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[মোকদ্দমার বিচারছাড়া অন্য কার্য্যেতে যে হুকুম হয় তাহার উপর আপীলের কথা।]

৩০৮। যে সময়ে যে আইন চলন থাকে তাহাতে যদি ইহার অন্যরূপ বিধি না হয় তবে ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্যছাড়া আদালতের অন্য কার্য্যেতে ডেপুটী মাজিষ্ট্রেট যে সকল হুকুম করেন তাহার উপর মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। কিন্তু যে ডেপুটী মাজিষ্ট্রেট অমুক ধারামতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পান তাঁহার হুকুমের উপর নয়। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ঐ ক্ষমতাপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট সেইপ্রকারের যে সকল হুকুম করেন তাহার উপর আপীল সেশন আদালতে হইতে পারিবে সেই প্রকারের আপীল হইলে আপীলী মোকদ্দমা গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন আদালত যে হুকুম ন্যায্য ও উচিত জ্ঞান করেন তাহাই করিতে পারিবেন। ও সেই প্রকারের কার্য্যেতে সেশন আদালতের করা কোন হুকুমেতে আইনঘটিত যে কোন কথা উদয় হয় তাহার উপর আপীল সদর আদালতে হইতে পারিবেক।

[আপীল উপস্থিত করিবার মিয়াদের কথা ও দরখাস্তের সঙ্গে হুকুমের নকল দিবার কথা।]

৩০৯। দণ্ডাজ্ঞা যে দিনে হয় সেই দিন ছাড়া তাহার পর দিনঅবধি ত্রিশ দিনের মধ্যে আপীলের দর-

the lower Court, and confirm or alter or reverse the finding and sentence of such Court, but not so as to enhance the punishment awarded. Provided that an appeal shall lie from a judgment of the Court of Session to the Sudder Court upon any point of law that may arise upon that judgment.

[Appeal by party in jail.]

305. If the party appealing be in jail, he shall be at liberty to present his petition of appeal to the Magistrate or other Officer in charge of the jail, who shall thereupon forward the petition to the proper appellate authority.

[Court of Appeal may direct further enquiry, &c.]

306. In any case in which an appeal is allowed, it shall be competent to the Appellate Court, if it think further enquiry or additional evidence upon any point bearing upon the guilt or innocence of the accused to be necessary, to direct such enquiry to be made, and additional evidence to be taken. The result of the further enquiry and the additional evidence shall be certified to the Appellate Court, and the Appellate Court shall thereupon proceed to pass such judgment and sentence as to such Court shall seem right.

[Court of Appeal, how to proceed in case of conviction by a Court not having jurisdiction.]

307. When a Magistrate or a Subordinate Criminal Court shall have convicted a person of an offence not triable by such Magistrate or Court, it shall be competent to the Court of Appellate Jurisdiction to annul the conviction and sentence of the lower Court, and to direct the trial of the case by a Court of competent jurisdiction.

[Appeals from orders in proceedings other than trials.]

308. Unless otherwise provided by any law for the time being in force, an appeal shall lie to the Magistrate from all orders in judicial proceedings other than Criminal trials, passed by a Deputy Magistrate (other than a Deputy Magistrate vested under Section with the full powers of a Magistrate). An appeal shall lie to the Court of Session from all such orders passed by a Magistrate or a Deputy Magistrate vested with such powers. It shall be competent to the Courts of Appellate Jurisdiction to pass upon such appeals such orders as they shall deem just and proper. An appeal shall also lie to the Sudder Court upon any point of law that may arise from any order made by the Court of Session in such proceedings.

[Period for presenting petition of appeal. Copy of judgment to accompany petition.]

309. Petitions of appeal must be presented within thirty days immediately following and ex-

[*Government Gazette, 8th November*, 1859.]

clusive of the day on which sentence was passed. Every petition of appeal shall be accompanied by a copy of the judgment or order appealed against, and it shall be competent to the Appellate Court to reject the appeal if on perusal of the petition and the judgment or order there appears to be no sufficient ground for questioning the correctness of the decision.

[Finality of orders in appeal.]

370. Except as provided in Section 302 sentences and orders passed by the Appellate Court upon appeals preferred to such Court shall be final.

[In what language sentence to be written.]

311. Every sentence or final order of a Court or Magistrate, together with the reasons for making or passing the same, shall be written in the Vernacular language of the presiding Officer, and shall be dated and signed by such Officer at the time of his making or passing the same, and the original shall be filed with the record or proceedings and a translation thereof where the original is recorded in a different language to that in ordinary use in proceedings before such Officer, shall be incorporated in the record of the sentence or order.

[When it may be written in English.]

312. If the Vernacular language of the presiding Officer be not English, and the Officer be sufficiently conversant with the English language to be able to write the sentence or final order in a clear and intelligible manner in that language, and prefer to write the same in that language, the sentence or final order may be written in English.

[Powers of Court of Session and Magistrate to regulate the proceedings of Subordinate Courts.]

313. It shall be at all times lawful for a Court of Session and for a Magistrate or other Officer exercising the powers of a Magistrate, to call for and examine the records of any Court immediately subordinate to their respective Courts, for the purpose of satisfying themselves as to the legality of any sentence or order passed, and as to the regularity of the proceedings of such Subordinate Courts. If the Court of Session shall be of opinion that the sentence or order is contrary to law, the Court or Magistrate shall refer the proceedings for the orders of the Sudder Court. It shall not be lawful for any other Court than the Sudder Court to alter any sentence or order of any Subordinate Court except upon appeal by parties concerned duly made according to the foregoing provisions.

[When Court of Session may order commitment of party discharged by Magistrate.]

314. In the case of offences not triable by the Magistrate, the Court of Session may order the commitment to the Court of Session of any accused person who may have been discharged by the Magistrate. In the case of such offences the Court of Session may order an enquiry into any complaint which the Magistrate may have dismissed without enquiry.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৮ নবেম্বর।]

খাস্ত দাখিল করিতে হইবেক। যে নিষ্পত্তির কি হুকুমের উপর আপীল হয় তাহার এক কেতা নকল আপীলের দরখাস্তের সঙ্গে সর্দ্দাই দিতে হইবেক। ও সেই দরখাস্ত ও নিষ্পত্তি কি হুকুম পড়িয়া যদি আপীল আদালত সেই নিষ্পত্তির শুদ্ধতার বিষয়ে সন্দেহ করিবার কারণ না দেখেন তবে সেই আপীল অগ্রাহ্য করিতে পারিবেন।

[আপীল হইয়া যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবার কথা।]

৩১০। ৩০২ ধারাতে যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলছাড়া, আপীল আদালতে আপীল হইয়া যে সকল দণ্ডাজ্ঞা ও হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক।

[দণ্ডাজ্ঞা যে ভাষাতে লিখিতে হইবেক তাহার কথা।]

৩১১। আদালতের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের দণ্ডাজ্ঞা কি শেষ হুকুম ও তাহা করিবার কারণ আদালতের বিচারপতির স্বদেশীয় ভাষাতে লিখিতে হইবেক। ও সেই বিচারপতি যে সময়ে সেই হুকুম করেন সেই সময়ে তাহাতে তারিখ লিখিয়া দস্তখৎ করিবেন ও তাহার আসল লিপি মোকদ্দমার কি রোয়দাদের নথীর শামিল রাখিতে হইবে ও বিচারপতির সম্মুখে রোয়দাদের কার্য্য যে ভাষাতে চলন আছে তদ্ভিন্ন যদি অন্য ভাষাতে ঐ আসল লিপি লেখা থাকে তবে তাহার তরজমা দণ্ডাজ্ঞার কি হুকুমের ঐ লিপিতে লিখিতে হইবেক।

[যে স্থলে ইঙ্গরেজী ভাষাতে লেখা যাইতে পারিবে তাহার কথা।]

৩১২। বিচারপতির স্বদেশীয় ভাষা যদি ইঙ্গরেজী ভাষা না হয়, কিন্তু বিচারপতি ঐ ভাষা উপযুক্তমতে জানিয়া যদি দণ্ডাজ্ঞা কি শেষ হুকুম সেই ভাষাতে সপষ্ট ও বোধগম্যরূপে লিখিতে পারেন, ও সেই ভাষাতে যদি লিখিতে চাহেন, তবে ঐ দণ্ডাজ্ঞা কি শেষ হুকুম ইঙ্গরেজী ভাষাতে লিখিতে পারিবেন।

[অধঃস্থ আদালতের কার্য্যের বিধান করিতে সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৩১৩। সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকের সর্ব্বদাই এই ক্ষমতা থাকিবেক যে, আপনং অধীন আদালতের কোন দণ্ডাজ্ঞা কি হুকুম আইনমতে হইয়াছে ও কার্য্য ধারামতে করা যাইতেছে ইহা জ্ঞাতার্থমতে জানিবার জন্যে, তদ্রূপ অধীন কোন আদালতের কাগজপত্র তলব করিয়া দৃষ্টি করেন। ঐ দণ্ডাজ্ঞা কি হুকুম আইনের বিপক্ষে হইয়াছে সেশন আদালতের যদি এইরূপ বিবেচনা হয়, তবে ঐ আদালত কি মাজিষ্ট্রেট সাহেব সদর আদালতের হুকুম হইবার জন্যে ঐ রোয়দাদের কাগজপত্র সদর আদালতে পাঠাইবেন। পরন্তু কোন মোকদ্দমাতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাহারা পূর্ব্বোক্ত বিধানমতে উপযুক্তরূপে আপীল না করিলে সদর আদালত বিনা অন্য কোন আদালত অধঃস্থ কোন আদালতের কোন দণ্ডাজ্ঞা কি হুকুম পরিবর্ত্তন করিতে পারিবেন না।

[মাজিষ্ট্রেট সাহেব যাহাকে মুক্ত করিলেন তাহাকে সোপর্দ্দ করিবার হুকুম সেশন আদালত যে স্থানে করিতে পারেন তাহার কথা।]

৩১৪। যে অপরাধ মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য নহে এমত অপরাধের নালিশ যাহার নামে হইয়াছে এমন লোককে মাজিষ্ট্রেট সাহেব যদিও মুক্ত করেন তথাপি সেশন আদালত তাহাকে সেশন আদালতে সোপর্দ্দ করিতে হুকুম করিতে পারিবেন। তদ্রূপ অপরাধ হইলে মাজিষ্ট্রেট সাহেব যদি নালিশের তদন্ত না করিয়া নালিশ ডিসমিস করেন তবে সেশন আদালত সেই তদন্ত লইবার হুকুম করিতে পারিবেন।

[Power of Court of Session to direct bail.]

315. The Court of Session may direct that any defendant shall be admitted to bail before a Magistrate or Subordinate Criminal Court, or that the bail required by a Magistrate or Subordinate Criminal Court be reduced; and may also direct that a party not in custody be admitted to bail on his surrendering to a warrant.

[No trial &c. to be set aside for irregularity of procedure.]

316. No trial held in any Criminal Court shall be set aside, and no judgment passed by any Criminal Court shall be reversed by a Court of Appeal or a Court of revision for any irregularity in the proceedings of the trial, unless such irregularity have occasioned a failure of justice.

[Saving of Jurisdiction and procedure of Heads of Villages, Village Police Officers, &c. Of Officers exercising jurisdiction over petty offences in Military Cantonments.]

317. Nothing in this Act shall be held to alter or affect the jurisdiction or procedure of the Heads of Villages or of the District or Village Police Officers in the Presidency of Madras; or the jurisdiction of District or Village Police Officers in Criminal cases which they have power to try under the provisions of the Bombay Code, or their procedure in such cases; or the jurisdiction or procedure of a single Officer duly authorized and appointed under the Laws in force in the Presidencies of Fort St. George and Bombay respectively, for the trial of petty offences in Military Bazars at Cantonments and Stations occupied by the Troops of those Presidencies respectively.

[Act not to take effect in places not subject to the general Regulations until extended thereto.]

318. This Act shall not take effect in any part of the Territories not subject to the general Regulations of Bengal, Madras, and Bombay until the same shall be extended thereto by the Governor General of India in Council or by the local Government to which such territory is subordinate and notified in the Gazette.

[Interpretation.]

319. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say,)

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include females.]

[হাজিরজামিন লইবার আজ্ঞা করিতে সেশন আদালতের ক্ষমতার কথা।]

৩১৫। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা অধঃস্থ ফৌজদারী আদালতের সম্মুখে কোন আসামীর স্থানে হাজিরজামিন লওয়া যায়, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব কি অধঃস্থ ফৌজদারী আদালত যত টাকার জামিন দিবার আজ্ঞা করিয়াছেন তাহা কম করা যায় এমত আজ্ঞা, এবং যে লোক কয়েদ না থাকে এমত লোক পরওয়ানাক্রমে আপনাকে ধরা দিলে তাহার হাজিরজামিন দিবার অনুমতি হয়, এমত আজ্ঞা, সেশন আদালত করিতে পারিবেন।

[কার্য্য করিবার নিয়মের ব্যতিক্রমপ্রযুক্ত কোন বিচারের কার্য্যপ্রভৃতি অন্যথা না হইবার কথা।]

৩১৬। মোকদ্দমার কার্য্য করিবার কোন ব্যতিক্রম হইয়া যদি তাহাতে যথার্থ বিচারের ত্রুটি না হয় তবে সেই ব্যতিক্রমপ্রযুক্ত কোন ফৌজদারী আদালতের কোন বিচারের কার্য্য বাতিল হইবেক না ও তৎপ্রযুক্ত ফৌজদারী কোন আদালতের নিষ্পত্তি আপীল আদালতে কি পুনর্ব্বিচারের আদালতে অন্যথা হইবে না।

গ্রামের মণ্ডলের ও গ্রামের পোলীসের কর্ম্মকারকপ্রভৃতির ও পল্টনের ছাউনি স্থানে ক্ষুদ্র২ অপরাধের বিচার করিবার ক্ষমতাপন্ন সেনাপতিরদের ক্ষমতা রক্ষা করিবার কথা।]

৩১৭। মান্দ্রাজ দেশে গ্রামের মণ্ডলের কিম্বা মফঃসলের কি গ্রামের পোলীসের কর্ম্মকারকেরদের যে ক্ষমতা আছে কিম্বা তাঁহারদের কার্য্য করিবার যে নিয়ম হয়, অথবা বোম্বাই দেশের চলিত আইনমতে মফঃসলের কি গ্রামের পোলীসের কর্ম্মকারকেরদের যে২ ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা আছে তাহাতে তাঁহারদের যে এলাকা থাকে কিম্বা সেই২ মোকদ্দমায় তাঁহারদের কার্য্য করিবার যে নিয়ম হয়, অথবা মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর সৈন্যেরা যে ছাউনি স্থানে মোকামে থাকে তাহার পল্টনীয় বাজারে যে ক্ষুদ্র২ অপরাধ হয় তাহার বিচার করিতে ঐ২ রাজধানীর চলিত আইনমতে উপযুক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত ও নিযুক্ত একং জন সেনাপতির যে ক্ষমতা থাকে, কিম্বা কার্য্য করিবার যে নিয়ম হয়, তাহা এই আইনের কোন কথাতে পরিবর্ত্তন কি খর্ব্ব হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

[সাধারণ আইনের অনধীন স্থানে প্রচলিত না করা গেলে এই আইন না চলিবার কথা।]

৩১৮। দেশের যে কোন স্থান বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই দেশের সাধারণ আইনের অধীন না থাকে, সেই২ স্থানে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর, কিম্বা ঐ২ স্থান দেশবিশেষের যে গবর্ণমেণ্টের অধীন থাকে সেই গবর্ণমেণ্ট, যাবৎ এই আইন প্রচলিত না করেন ও তাহার সম্বাদ গেজেটে প্রকাশ না করেন তাবৎ এই আইন সেই২ স্থানে চলিবে না।

[অর্থ করিবার ধারা।]

৩১৯। এই আইনের নীচের লিখিত যে কথার ও যে শব্দের যে অর্থ এই ধারাতে করা গেল, তাহার সেই অর্থ বুঝাইবে। কিন্তু বিষয় বুঝিয়া কিম্বা পূর্ব্বাপর কথা বুঝিয়া যদি সেই অর্থ অসঙ্গত হয় তবে বুঝাইবে না। অর্থাৎ

[বচনের কথা।]

এক বচনের শব্দেতে বহু বচনের অর্থ বুঝাইবেক ও বহু বচনের শব্দেতে এক বচনের অর্থ বুঝাইবেক।

[লিঙ্গের কথা।]

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীলিঙ্গকেও বুঝাইবেক।

[*Government Gazette, 8th November*, 1859.] 5 E

["Sudder Court."]

In any part of the British territories in India to which this Act may be extended under the provisions of Section 318, the expression "Sudder Court" shall be deemed to include the highest Criminal Court of Appeal or revision in such part of the said territories.

[সদর আদালতের কথা।]

ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের যে কোন স্থানে ৩১৮ ধারার বিধানমতে এই আইন প্রচলিত হয়, সেই২ স্থানে সদর "আদালত" এই শব্দেতে সেই২ স্থানে আপীল করিবার কি মোকদ্দমার পুনর্ব্বিচার করিবার অতিউচ্চ যে ফৌজদারী আদালত থাকে সেই আদালতকে বুঝাইবে।

APPENDIX OF FORMS.

পাঠের ক্রোড়পত্র।

A.

FORM OF SUMMONS (*Section* 29.)

To A. B. of

Whereas your attendance is necessary to answer to a charge of (*state shortly the offence charged*) : You are hereby required to appear in person before the [*Magistrate*] of on the day of Herein fail not.

(*Signature and Seal.*)

Dated the day of

A.

সমনের পাঠ। (২৯ ধারামতে)

শ্রীঅমুক প্রতি আগে।

অমুক অপরাধের (এই স্থলে অপরাধ সংক্ষেপরূপে লিখিতে হইবে) নালিশ হইয়াছে তাহাতে জওয়াব করিতে তোমার হাজিরহওয়া আবশ্যক হইল। অতএব তোমাকে হুকুম হইতেছে যে তুমি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানের (মাজিষ্ট্রেট সাহেব) সম্মুখে আপনি হাজির হও। ইহাতে ত্রুটি না হয়।

দস্তখৎ ও মোহর।

সাল তাং।

B.

FORM OF WARRANT (*Section* 35.)

To (*name and designation of the person or persons who are to execute the warrant.*)

Whereas of stands charged with the offence of (*state the offence*) : You are hereby directed to apprehend the said and to produce him before me. Herein fail not.

(*Signature and Seal.*)

B.

গ্রেফ্তারী পরওয়ানার পাঠ। (৩৫ ধারামতে।)

শ্রীঅমুক (অর্থাৎ ঐ পরওয়ানা জারী করিবার নিমিত্তে যাহাকে কি যাহারদিগকে দেওয়া যায় তাহার কি কি তাহারদের নাম ও খ্যাতি লিখিতে হইবেক) প্রতি আগে।

অমুক স্থাননিবাসি অমুকের নামে এই অপরাধের (অপরাধ লিখিতে হইবেক) নালিশ হইয়াছে। অতএব তোমাকে হুকুম হইতেছে যে তুমি উক্ত অমুককে গ্রেফ্তার করিয়া আমার নিকটে আন। ইহাতে ত্রুটি না হয়।

(দস্তখৎ ও মোহর)

C.

FORM OF WARRANT OF COMMITMENT (*Section* 154.)

To Jailor of

Whereas of is charged with (*state the offence in respect of which the prisoner is charged ; and the authority of the Committing Officer*) : You are hereby required to receive the said into your custody in the said jail of and him there safely to keep until he shall be thence delivered by due course of law.

Dated the day of

C.

কয়েদ করিবার পরওয়ানার পাঠ। (১৫৪ ধারামতে।)

অমুক স্থানের জেল দারোগা প্রতি আগে।

অমুক স্থাননিবাসি অমুকের নামে এই অপরাধের নালিশ হইয়াছে (আসামীর নামে যে নালিশ হয় তাহা, ও সোপর্দ্দকরণিয়া কার্য্যকারকের যে ক্ষমতা তাহা লিখিতে হইবেক।) অতএব তোমাকে হুকুম হইতেছে যে, তুমি উক্ত অমুককে অমুক স্থানের জেলখানায় আপনার জিম্মায় লও, ও আইনের চলিত ধারামতে যত কাল তাহাকে জেলখানাহইতে মুক্ত করিয়া না দেওয়া যায় তত কাল তাহাকে সেই স্থানে হেফাজতে রাখ।

সাল তাং।

D.

FORM OF BOND TO KEEP THE PEACE (*Section* 215.)

Whereas I inhabitant of have been called upon to enter into a bond to keep the peace for the term of , I hereby bind myself not to commit a breach of the peace or do any act that may probably occasion a breach of the peace during the said term ; and in case of my making default therein, I bind myself to forfeit to Government the sum of Rupees

Dated

D.

দাঙ্গা না করিবার মুচলকার পাঠ। (২১৫ ধারামতে।)

অমুক স্থানিনিবাসি অমুক আমি, আমাকে হুকুম হইয়াছে যে এত কালপর্য্যন্ত দাঙ্গা না করিবার মুচলকা লিখিয়া দি। অতএব আমি ইহাতে প্রতিজ্ঞা করি যে, উক্ত এত কালপর্য্যন্ত আমি দাঙ্গা করিব না ও যাহাতে দাঙ্গা হইতে পারে এমত কোন কর্ম্মও করিব না। ইহাতে যদি আমার ত্রুটি হয় তবে আমি এত টাকা জরীমানা সরকারে দিব এই করারে মুচলকা লিখিয়া দিলাম।

তাং।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৮ নবেম্বর।]

FORM OF SECURITY TO BE SUBJOINED TO THE BOND OF THE PRINCIPAL.

I hereby declare myself surety for the above said that he shall not commit a breach of the peace or do any act that may probably occasion a breach of the peace during the said term ; and in case of his making default therein, I hereby bind myself to forfeit to Government the sum of Rupees

Dated

E.

FORM OF RECOGNIZANCE TO PROSECUTE OR GIVE EVIDENCE (*Sections* 102 *and* 162.)

I of do hereby bind myself to appear at in the Court of at o'clock on the day of next, and then and there to prosecute, (*or, as the case may be,* "*to prosecute and give evidence*" *or* "*to give evidence*") in the matter of a charge of against one A. B. ; and in case of my making default herein, I bind myself to forfeit to Government the sum of Rupees.

Dated

W. MORGAN,
Clerk of the Council.

আসামীর মুচলকার নীচে যে জামিনীপত্র লিখিতে হইবেক তাহার পাঠ।

পূর্ব্বোক্ত অমুক উক্ত কালপর্য্যন্ত দাঙ্গা না করে ও দাঙ্গা যাহাতে হইতে পারে এমত কোন কর্ম্ম না করে ইহাতে আমি উক্ত অমুকের জামিন হইলাম এই কথা প্রকাশ করিতেছি। ইহাতে যদি উক্ত অমুকের ত্রুটি হয় তবে আমি এত টাকা জরীমানা সরকারে দিব এই করারে জামিনীপত্র লিখিয়া দিলাম।

তাং।

E.

নালিশ করিবার কিম্বা প্রমাণ দিবার মুচলকার পাঠ। (১০২ ও ১৬২ ধারামতে।)

অমুক স্থাননিবাসি আমি ইহাতে প্রতিজ্ঞা করিলাম যে আগামি অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বেলা এত ঘণ্টার সময়ে অমুক স্থানে অমুকের আদালতে হাজির হইব, ও অমুকের নামে অমুক অপরাধের যে নালিশ হইয়াছে তাহার মোকদ্দমা চালাইব (কিম্বা বিষয়বিশেষে "মোকদ্দমা চালাইব ও প্রমাণ দিব" কিম্বা "প্রমাণ দিব") ও ইহাতে যদি আমার ত্রুটি হয় তবে আমি এত টাকা জরীমানা সরকারে দিব এই করারে মুচলকা লিখিয়া দিলাম।

তাং।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

No. 32.

From the Hon'ble A. Eden, Offg. Junior Secretary to the Board of Revenue, to the Commissioner of Revenue, for the Division of

Fort William, the 9th September 1859.

It having come to the knowledge of the Board that a practice exists in some districts of putting up to auction licenses to vend Opium, and of knocking them down to the Vendor who agrees to take the largest amount of the drug in the year, I am directed to inform you that such a practice wherever it exists must be immediately put a stop to.

2. Under the 9th stipulation of the Opium license (Form 16) the Vendor agrees that in the event of the Opium purchased by him falling short of the quantity which he has specified as the probable extent of his monthly sales, he will, if required, explain the same to the satisfaction of the Collector. This I am to observe was not intended to be understood as making it in any way obligatory upon the Vendor to take the whole quantity of his estimated consumption of Opium. The sole object of this stipulation is to enable the Collector to enquire into the cause of any very marked deviation from such estimate, such as may lead him to suppose that any large importation of unlicensed drug has taken place in his district, and to prevent the license being used by the Vendor as the means of dealing in unlicensed Opium.

3. I am at the same time directed to call your

৩২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে বোর্ড রেবিনিউর এক্টিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত অনরবিল এ ইডেন সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৯ সেপ্টেম্বর।

আফীন বিক্রয় করিবার পাট্টা নীলামে ধরিয়া যে বিক্রেতা বৎসরের মধ্যে অতিঅধিক আফীন লইবার করার করে তাহাকে দেওয়া যায়, এই রীতি কোন২ জিলাতে চলন আছে বোর্ডের সাহেবেরা ইহার সম্বাদ পাওয়াতে তাঁহারদের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে ঐ রীতি যে কোন স্থানে চলে সেই স্থানে একেবারে রহিত করিতে হইবেক।

২। আফীনের (১৬ নম্বরের পাঠের) পাট্টার নিয়মের ৯ দফাতে বিক্রেতা এই করার করে যে, আমার লিখনমতে অনুমান যত আফীন মাসে২ বিক্রয় হইবে তাহার কম আফীন যদি কোন সময়ে ক্রয় করি তবে, আমাকে হুকুম হইলে আমি তাহার কারণ কালেক্টর সাহেবের খাতিরজমামতে জানাইব। ইহাতে বিক্রেতার অনুমানমতে যত আফীন খরচ হইবে তত আফীন তাহার অবশ্য লইতে হইবেক ঐ দফার এমত অর্থ বুঝিতে হইবেক না এই কথা আদেশমতে তোমাকে জানাইতেছি। ঐ দফার এইমাত্র অভিপ্রায়। ঐ অনুমানমতে যত আফীন খরচ হইবে তাহার অতি কম লওয়া গেলে যদি কালেক্টর সাহেব বোধ করেন যে আপন জিলার মধ্যে বেআইনীমতের অনেক আফীনের আমদানী হইতেছে, তবে তাহার কারণের তদন্ত লইতে পারেন, ও বিক্রেতা সেই পাট্টা লইয়া বেআইনীমতের আফীন বিক্রয় করিতে না পারে ইহার উপায় করেন।

৩। আরো তোমাকে আদেশ হইতেছে যে, আবকা-

particular attention to Rule 2 under the heading Opium of the Abkaree Series, in which it is directed that each shop must have a separate license, and with reference to this rule to remark that a license for one shop is under no circumstances to be considered as authorizing a Vendor to sell Opium in small branch or subordinate shops or in neighbouring Haats and Markets. If a Vendor finds it profitable to sell Opium in any particular Haat or Market he must invariably take a separate license for this purpose from the Collector.

4. I am desired to forward the accompanying rules which will be No. 7, 8, 9 under the head of Opium in the Series. You are requested to insert them accordingly.

(Signed) A. EDEN,
Offg. Junior Secretary.

RULE.

7. Opium Licenses are on no account to be put up to auction or to be granted to the Vendor who agrees to take the greatest annual amount of Opium.

8. The drug is to be sold at the fixed price to all respectable persons willing to take out a license for retailing it, and such persons are at liberty to dispose as they please of the Opium so obtained without any further payment to Government, or without finding any security, subject only to the restriction as to quantity imposed by Section XXXV. Act XXI. 1856.

9. Stipulations are in no instance to be demanded from Vendors to take a given quantity of Opium within the year, it rests with them to determine what amount of their estimated consumption they will take or leave.

No. 33.

CIRCULAR MEMO.

Dated Fort William, the 16th September, 1859.

The following Rule XXXIII. should be substituted in the Collectors' Records Series for the Rule circulated on the 19th January 1858.

(Signed) A. EDEN,
Junior Secretary.

XXXIII. Collectors may correspond direct with the Board upon all matters connected with their Record Funds, including of course applications for authority to incur charges on account of their records. They are also authorized to incur petty contingent charges against the Fund for repairs of old furniture, and for the purchase of new furniture and of other articles required for the preservation and safe custody of *old* records alone, up to a limit of Rs. 20, submitting monthly bills of such charges for the Board's countersignature, with a certificate that they were incurred for *old* records. But no charges

should be incurred for extra Establishments without the Board's sanction previously obtained.

Collectors may further, without the Board's previous sanction, make disbursements up to a limit of Rs. 100 on account of Boards required for packing up old records at the following maximum rates :—

Size of boards.				Maximum price.			
16 × 10	Inches	...	...	0	4	0	per pair.
14 × 8	do.	...	...	0	3	0	do.
16 × 5	do.	...	...	0	2	0	do.
7 × 4½	do.	...	...	0	1	6	do.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 24th October, 1859

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম ১৮৫৯ সাল ৩০ সেপ্টেম্বর।

গত ডিসেম্বর মাসের ১৫ তারিখের ৩৪ নম্বরের সরক্যুলর অর্ডরের অতিরিক্ত গবর্ণমেণ্টের বর্ত্তমান মাসের ১৭ তারিখের ৩৩২৭ নম্বরের হুকুমের এক কেতা নকল ইহার সঙ্গে পাঠাইয়া আদেশ করি যে ঐ হুকুমেতে যে উপদেশের উল্লেখ হইয়াছে তদনুসারে কালেক্টর সাহেবেরদের দফ্তরখানার সম্পর্কে কিপর্য্যন্ত কার্য্য হইয়াছে ইহার রিপোর্ট সাধ্যমতে অরা করিয়া পাঠাও।

২। আরো ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুমের ১১ দফার আজ্ঞামতে বোর্ডের দফ্তরখানায় রাখিবার জন্যে যে সকল নক্শা প্রস্তুত হইয়াছে তাহার নকলও পাঠাও, ও কোন্২ নক্শা এখনও প্রস্তুত হয় নাই, ও তাহা প্রস্তুত করিবার বিলম্বের কারণ কি, তাহাও লিখিয়া জানাইবা।

এ ইডেন। সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত রিবর্স তামসন সাহেবের ১৮৫৯ সালের ১৭ সেপ্টেম্বর তারিখের ৩৩২৭ নম্বরের পত্র।

বাঙ্গলা দেশের মধ্যে গবর্ণমেণ্টের যে সকল জমী আছে তাহার সীমার উপযুক্ত চিহ্ন রাখিবার ও সীমার নক্শাপ্রভৃতির কাগজপত্র করিয়া রাখিবার বিষয়ে এই দফ্তরখানার গত নবেম্বর মাসের ২৯ তারিখের ৩৬৭৩ নম্বরের পত্রেত ও তাহার সঙ্গে প্রেরিত পত্রে যে হুকুম হইয়াছিল তাহাতে তোমাকে আজ্ঞামতে মনে করাইয়া এই আদেশ করিতেছি, পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্যবিবরণহইতে গৃহীত ১০ ও ১১ দফাতে † কালেক্টর সাহেবেরদের ও বোর্ডের দফ্তর-

† ১৮৫৮ সালের ২৮ অক্টোবর তারিখের ৫৩৪২ নম্বরের পত্র।

ings of the Government of India in the Public Works Department, relative to the plans to be lodged in the Collectors' and the Board's offices have been carried out.

(True Copy,)
(Signed) A. Eden,
Secretary.

খানায় নক্‌শা রাখিবার যে উপদেশ ছিল তদনুসারে কিপর্য্যন্ত কার্য্য হইয়াছে ইহার রিপোর্ট শ্রীযুত লেপ্টে. নেণ্ট গবর্নর্ সাহেবের জ্ঞাপনার্থে বোর্ডের সাহেবেরা করুন।

এ ইডেন। সেক্রেটারী।

No. 35.

CIRCULAR MEMO.

To the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 1st November 1859.

It is requested that the last item in the list of prices of boards for packing Records in the revised Rule XXXIII. of the Collector's Records Series, circulated with Memo. No. 33, dated the 16th September last, be altered from Re. 1-6-0 to 0-1-6.

By Order of the Board of Bevenue, Fort William.

(Signed) E. T. Trevor,
Secretary.

No. 36.

From E. T. Trevor, Esquire, Secretary to the Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 8th November 1859.

With reference to the enquiry instituted in my letter No. 10, dated 7th May last, I am directed by the Board of Revenue to forward a copy of a letter addressed to the Government No. 344, dated 2nd August, and of the reply thereto No. 341, dated 12th September last.

2nd.—You will observe that the Lieutenant-Governor is of opinion that Government has the right of fisheries in all navigable rivers which are public property, unless that right has been granted or leased to some private party.

3rd.—In farming out these fisheries as directed in the second paragraph of the Government orders, the Board think that, as a general rule, preference should be given to the Zemindars through whose estates the rivers may flow. The leases should not be at first for a term of more than five years.

4th.—The particular attention of yourself and of your subordinates is directed to the remarks of the Lieutenant-Governor to the effect that the arrangements now ordered to be made, do not affect any questions as to the right of "jhulkur" in any other waters than public navigable rivers.

5th.—A note should be given in the Quarterly Business Returns, in which will be shewn the number of claims to fisheries in public waters preferred, and the result thereof, that is, how many were decided in favor of, and how many against the claimants. The number of blocks settled should also be given with the jumma.

6th.—Instructions will be communicated from the Accountant's Department relative to the manner in which the demands and collections from the fisheries

৩৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি টুবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৮ নবেম্বর।

আমার গত মে মাসের ৭ তারিখের ১০ নম্বরের পত্রেতে যে কথার তদারক করিবার আজ্ঞা হইয়াছিল তাহার উত্তরে গত সেপ্টেম্বর মাসের ১২ তারিখের ৩৪১ নম্বরের যে পত্র লেখা গেল এই দুই পত্রের নকল বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে পাঠাইতেছি।

২। তাহাতে দেখিবা, যে সকল নদী নৌকা চলিবার উপযুক্ত হয় তাহা সরকারের সম্পত্তি ও তাহার জলকরের স্বত্ব যদি বিশেষ লোককে দেওয়া যায় নাই কি পাট্টা করিয়া দেওয়া যায় নাই তবে তাহাতে গবর্ণমেণ্টের স্বত্ব আছে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের এই মত।

৩। গবর্ণমেণ্টের হুকুমের দ্বিতীয় দফামতে ঐ জলকরের ইজারা দিতে গেলে, বোর্ডের সাহেবেরা বোধ করেন যে, এই সাধারণ বিধি মানিতে হইবেক অর্থাৎ ঐ সকল নদী যে জমীদারেরদের মহালের ধারে চলে সেই জমীদারেরা ঐ ইজারা নিজে চাহিলে তাঁহারদিগকে প্রথমে দিতে হয়। প্রথমে পাঁচ বৎসরের অধিক মিয়াদের ইজারা দেওয়া উচিত নয়।

৪। এইক্ষণে যে নিয়ম করিবার আজ্ঞা হইতেছে, তাহাতে নৌকার গমনাগমন করিবার সাধারণ নদীছাড়া অন্য কোন স্থানের জলকরের স্বত্তের কোন সম্পর্ক নাই। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের এই মর্ম্মের কথাতে তোমাকে ও তোমার অধীন কার্য্যকারকদিগকে মনোযোগ করিতে হইবেক।

৫। সাধারণ নদীতে জলকরের স্বত্তের যত দাওয়া হয় তাহা ও সেই দাওয়ার ফল অর্থাৎ দাওয়াদারের সপক্ষে কত ও তাহারদের বিপক্ষে কত দাওয়ার নিষ্পত্তি হইয়াছে তাহা "কার্য্যের তিন২ মাসের রিটর্ণে" নোট লিখিয়া জানাইতে হইবেক। আরো যত ভাগের বন্দোবস্ত হইয়াছে তাহা জমাসমেত লিখিতে হইবেক।

৬। জলকর ও তাহা উসুল করিবার খরচ, ও গবর্ণমেণ্টের হুকুমের ৪ দফাতে যে খরচ করিবার অনুমতি হইয়াছে তাহা করা আবশ্যক হইলে সেই খরচ, হিসা-

are to be exhibited in the Accounts, and also (should such be necessary) relative to the expenditure sanctioned in the 4th paragraph of the Government orders.

7th.—In your Annual Reports, you will make special mention of the results of the present orders.

(Signed) E. T. Trevor,
Secretary.

From E. T. Trevor, Esquire, Secretary to the Board of Revenue, to the Secretary to the Government of Bengal, dated 2nd August 1859, *No.* 344.

In reply to your letter of the 28th April last No. 1028, enquiring if there is any obstacle or objection to the levying of a tax on the fisheries of navigable rivers, such as the Hooghly and Ganges, I am directed by the Board of Revenue to submit an Abstract of the Returns made to their call for information from the Local Officers together with the following observations :—

2nd.—It appears from the returns that in some particular instances rights of fishery have been given in portions of the large navigable rivers of the country, but these are exceptions, and the general rule is the non-existence of any declared or acknowledged rights on the part of the Zemindars to levy a cess from the jhulkur of such rivers. Indeed, the general recognition of such a right would, the Board observe, have given the landholders such opportunities of encroachment on the channels and beds of navigable rivers, as would have interfered greatly with the common interests of the community.

3rd.—The Zemindars and others have, in some way or other, usurped the rents of many of the fisheries in the large navigable rivers which run by the borders of, or through their estates, but the Board do not consider that they can shew any good title, and they see no reason why the State should not avail itself of these resources. Doubtless the Zemindars will plead prescriptive rights which, in many instances, they will try to support by documentary evidence; but very few of the large navigable rivers are likely to have come within the pale of the decennial settlement. This, however, is a point which can be ascertained only by regular investigation under Regulation II. of 1819. Though the plea of prescription, even if made good, may confer the right of engaging for the revenue from jhulkur Mehals, it cannot give the Zemindars the right to hold them rent free, as they have hitherto generally done.

4th.—In the Sunderbuns, the Board have reason to know there are very valuable fisheries from which the Calcutta market is supplied. *There* the rivers, together with the forests, are declared by law to

বের খাতায় যে প্রকারে লিখিতে হইবেক তাহার উপদেশপত্র আক্কৌণ্টেণ্ট সাহেবের ডিপার্টমেণ্টহইতে পাওয়া যাইবেক।

৭। এই হুকুমের যে ফল হয় তাহা তোমার বার্ষিক রিপোর্টে বিশেষমতে লিখিতে হইবেক।

ই টি টুবর। সেক্রেটারী।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি টুবর সাহেবের ১৮৫৯ স'লের ২ আগষ্টের ৩৪৪ নম্বরের পত্র।

ভাগীরথী গঙ্গাপ্রভৃতি যে২ নদীতে নৌকা চলে সেই২ নদীতে মাছ ধরিবার স্থানবিশেষে টাক্স অর্থাৎ কর বসাইবার কোন বাধা কি আপত্তি আছে কি না এই কথা, তোমার গত আপ্রিল মাসের ২৮ তারিখের ১০২৮ নম্বরের পত্রে জিজ্ঞাসা করিয়াছিলা। তাহাতে বোর্ড রেবিনিউর সাহেবেরা স্থানবিশেষের কার্য্যকারক সাহেবেরদের স্থানে তদ্বিষয়ের সম্বাদ চাহিলেন। তাহার উত্তরে তাঁহারা যে সকল পত্র পাইয়াছেন তাহার মর্ম্ম ও তৎসম্পর্কীয় নীচের লিখিত কথা বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে তোমার নিকটে পাঠাইতেছি।

২। ঐ সকল পত্রদ্বারা দৃষ্ট হইতেছে যে, বিশেষ কোন২ স্থলে নৌকা চলিবার উপযুক্ত এই দেশের বড়২ নদীর স্থানে২ জলকরের স্বত্ব দেওয়া গিয়াছে বটে কিন্তু তাহা কদাচিৎ। সাধারণমতে সেই২ নদীর মাছ ধরিবার স্থানের কোন কর আদায় করিতে জমীদারেরদের কোন স্বত্ব প্রকাশ হয় নাই, স্বীকারও হয় নাই। ফলতঃ বোর্ডের সাহেবেরা কহেন, সেই প্রকারের স্বত্ব যদি সাধারণমতে স্বীকার হইত তবে নৌকা চলিবার উপযুক্ত ঐ২ নদীর সোতে ও গাঙ্গাতে জমীদারেরদের স্থান যোড়া করিবার সুযোগ হওয়াতে সর্ব্ব সাধারণ লোকেরদের লভ্যজনক বিষয়ের অত্যন্ত ব্যাঘাত হইতে পারিত।

৩। নৌকা চলিবার উপযুক্ত যে২ বড় নদী কোন জমীদারেরদের ও অন্য লোকেরদের মহালের ধারে চলে কি তাঁহারদের জমী ভাঙ্গিয়া যায় তাহার মাছ ধরিবার অনেক স্থানে তাঁহারা কোন না কোন প্রকারে জলকর উসুল করিয়া থাকেন, কিন্তু বোর্ডের সাহেবেরা বোধ করেন যে তাঁহারা ইহার কোন মাতবর স্বত্ব দেখাইতে পারেন না, ও সেই কর গবর্ণমেণ্ট গ্রহণ না করেন এমত কোন কারণ তাঁহারা দেখিতে পান না। জমীদারেরা অবশ্য বলিবেন যে বহুকালাবধি ভোগ করাতে আমারদের স্বত্ব আছে, ও অনেক স্থলে তাঁহারা দলীলের দ্বারা আপনারদের সেই স্বত্ব সাবুদ করিতে চেষ্টা করিবেন। কিন্তু নৌকা চলিবার উপযুক্ত বড়২ অনেক নদী দশসনী বন্দোবস্তের মধ্যে পড়িয়াছে এমত সম্ভব নয়। কিন্তু ১৮১৯ সালের ২ আইনমতে জাবেতামতের তদারক না হইলে, সেই কথা নিশ্চয়মতে জানা যাইতে পারিবেক না। বহুকালঅবধি ভোগ করিবার স্বত্ব যে স্থলে সাবুদ হইতে পারে সেই স্থলে জলকর মহালের জমার বন্দোবস্ত করিবার ক্ষমতা বহাল থাকিতে পারিবে বটে কিন্তু জমীদারেরা যেমন নিষ্করূপে ঐ জলকর ভোগ করিয়া আসিতেছেন তেমনি ভোগ করিবার স্বত্ব তাঁহারদের জন্মিতে পারে না।

৪। বোর্ডের সাহেবেরা জানিতে পাইয়াছেন যে সুন্দরবনের কোন২ জলকরহইতে অনেক লভ্য হয় সেই জলকরহইতে কলিকাতার হাটে বাজারে মাছের আমদানী হয়। সেই স্থানের সকল নদী ও বন গবর্ণমেণ্টের

belong to Government. The grantees have no rights of fishery beyond the limits of their grants. The fisheries on the Mutlah, Bidiadharee, Katalea, and other rivers, as far even as the Roymungul, are, the Board believe, very productive. Further eastward, the jhulkur on the Juboona, Kobaduck, Pussur, Balissur, and Hoorungutta is of some value, and to the South-East of Moodoolee in Burra Basdea and off Chur Chaplee, there used to be, and probably still are, very extensive fisheries where the dried fish used by the lascars, and also as an article of commerce, was prepared, and measures might be at once taken to lease out these fisheries in convenient blocks to the South of Hodge's boundary.

5th.—The Board's remarks refer exclusively to navigable rivers to which only the letter under acknowledgment relates. They think that, as a general rule, the fishery rights in beels and jheels are vested in the Zemindars, except in regard to very extensive low lands not situated within single estates, but surrounded by several estates, such as the beels in Backergunge, Pubna, and Rajshahye, the Government title to which can only be established by suit under Regulation II. of 1859.

6th.—The best plan, in the opinion of the Board, is to divide the fisheries in navigable rivers into convenient sections or blocks, and to invite farming tenders for them. By this means the probable value of the fisheries may be ascertained, and the objections made by those who have usurped the rents would have to be enquired into by the Local Officers.

From the Officiating Secretary to the Government of Bengal, to the Secretary to the Board of Revenue, L. P., dated on Board the Lieutenant-Governor's Yacht "Rhotas" off Khoolnah, the 12th September 1859, No. 311.

I am directed to acknowledge the receipt of your letter No. 344 of the 2nd ultimo, with its enclosure, and to state in reply that the Lieutenant-Governor has no doubt that the Government has the right of fisheries in all navigable rivers, which are public property, unless that right has been granted or leased to some private party.

2nd.—The Lieutenant-Governor approves therefore of the plan suggested by the Board for raising a revenue by renting the fisheries of all the navigable rivers in this Presidency, and the Board are accordingly requested to carry out the measure by

খান আছে ইহা আইনেতে প্রকাশ হইয়াছে। যাঁহার দিগকে গ্রাণ্ট অর্থাৎ জমী দেওয়া গিয়াছে তাঁহারদের জমীর সীমার বাহিরে জলকরের কোন স্বত্ব নাই। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে, মৎলা ও বিদ্যাধারী ও কাটালিয়া প্রভৃতি রায় মঙ্গলপর্য্যন্ত যত নদ নদী আছে তাহার জলকরহইতে অনেক লভ্য হয়। তাহার পূর্ব্বদিগে মনুনা ও রূপর্দ্দক ও পশর ও বলেশ্বর ও ছরন্গতা নদীর জলকরহইতে কিছু লভ্য হয়। ও মুদুলীর দক্ষিণপূর্ব্ব কোণে বড় বাসদেবে ও চর চাপলীর নিকট অতিবিস্তারিত জলকর ছিল এখনও থাকিতে পারে। জাহাজী মজারা যে শুকটী মাছ খাইয়া থাকে তাহা সেখানে প্রস্তুত হইত, তাহার অনেকও বাণিজ্য দ্রব্যের ন্যায় আমদানী হইত। হজ সাহেবের সীমার দক্ষিণ দিগে উপযুক্ত ভাগং করিয়া সেই সকল জলকরের ইজারা দিবার কার্য্য আগেণে আরম্ভ হইতে পারে।

৫। পূর্ব্বোক্ত যে পত্রের উত্তর দেওয়া যাইতেছে সেই পত্রেতে কেবল নৌকা চলিবার উপযুক্ত নদীর কথা লেখা আছে, তাহাতে বোর্ডের সাহেবেরদের উক্ত সকল কথা কেবল ঐ প্রকার নদী লক্ষ করিয়া লেখা গিয়াছে, তাঁহারা বোধ করেন যে নানা স্থানের বিলেতে ও ঝীলেতে যে জলকর আছে তাহাতে সাধারণমতে জমীদারেরদের স্বত্ব আছে। কিন্তু বাকরগঞ্জ ও পাবনা ও রাজসাহী জিলাতে যেং বিল আছে তাহার মত, অতিবিস্তারিত যে সকল নীচভূমি কোন বিশেষ জমীদারীর মধ্যে নয়, অনেক জমীদারীতে ঘেরা আছে, সেই প্রকারের বিলেতে গবর্ণমেণ্টের স্বত্ব কেবল ১৮১৯ সালের ২ আইনমতে মোকদ্দমা করিয়া সাবুদ হইতে পারিবেক।

৬। নৌকা চলিবার উপযুক্ত নদীতে যে সকল জলকর আছে তাহা উপযুক্ত পরিমাণের খণ্ডং কি ভাগং করিয়া তাহার ইজারা যে যত দিয়া লইতে চাহে ইহার পত্র লিখিয়া জানাইবার আজ্ঞা করা বোর্ডের সাহেবেরদের বিবেচনাতে নর্দ্ধাপেক্ষা উত্তম উপায়। তাহা করিলে যে জলকরহইতে যত লভ্য হইবার সম্ভাবনা ইহা নিশ্চয়মতে জানা যাইতে পারিবে ও যাঁহারা সেই জলকর পূর্ব্বাবধি লইয়া আসিতেছেন তাঁহারদের আপত্তির বিচার স্থানবিশেষের কার্য্যকারকেরদের করিতে হইবেক।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেব খুলনাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের "রোটাস" নামক জাহাজে ১৮৫৯ সালের ১২ সেপ্টেম্বর তারিখের ৩৪১ নম্বরের যে পত্র লেখেন তাহা এই।

তোমার গত মাসের ২ তারিখের ৩৪৪ নম্বরের পত্র ও তাহার সঙ্গে প্রেরিত লিপি পাওয়া গিয়াছে এই কথা তোমাকে জানাইতে ও তাহার এই উত্তর লিখিতে আমাকে আদেশ হইয়াছে। নৌকা চলিবার উপযুক্ত সকল নদী সরকারের সম্পত্তি ও তাহার জলকরের স্বত্ব গবর্ণমেণ্টের আছে কেবল সেই স্বত্ব যদি কোন বিশেষ ব্যক্তিকে দেওয়া গিয়াছে কি পাট্টা করিয়া দেওয়া গিয়াছে তবে গবর্ণমেণ্টের স্বত্ব নাই এই কথার কিছু সন্দেহ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মনে নাই।

২। অতএব এই রাজধানীর অধীন দেশের মধ্যে নৌকা চলিবার উপযুক্ত যে সকল নদী আছে তাহার জলকরের ইজারা দিয়া কিছু রাজস্ব উৎপন্ন করিবার যে নিয়ম বোর্ডের সাহেবেরা প্রসঙ্গ করিয়াছেন তাহাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সম্মতি আছে। ইহাতে বোর্ডের সাহেবদিগকে আদেশ হইতেছে যে তাঁহারা ঐ সকল জলকর উপযুক্ত খণ্ডং কি ভাগং

dividing the fisheries into convenient sections or blocks, and inviting farming tenders for them.

3rd.—The Board will, however, be careful to see that the arrangements to be made do not affect any questions as to the right of "jhulkur" in any other waters. If any private person claims a right of fishery in such public waters as are described, his claim will be considered. If he can support it in the opinion of the Revenue Authorities, it will be properly respected, otherwise the Courts will be open to him; but the right of the State to the produce of its own waters, unless where that right has been granted to private persons, (which it does not appear any where to have been) seems incontestable.

4th.—The receipts from the fisheries should be treated as available for the improvement of the communications of the country, like the Nuddea River tolls, the Ferry farms, and the other receipts from the rivers of the country.

(True Copy.)
(Signed) E. T. TREVOR,
Secretary.

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

৬৮৩১ নম্বর।
নিয়োগ।
১৮৫৯ সাল ২৩ নবেম্বর।

ডাকাইতী নিবারণার্থ কমিসানর সাহেবের অধীন ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মুনশী দবিরউদ্দীন বর্দ্ধমান ও পাবনা ও নদীয়া জিলায় মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা-প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।
১৮৫৯ সাল ২৩ নবেম্বর।

সদর আদালতের জজ শ্রীযুত জে এচ পাটন সাহেব (Mr. J. H. Patton,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৫ নবেম্বর।

ত্রিপুরার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ মানিয়াক সাহেব (Mr. A. Magniac,) ৪ মাসের ৩১ তারিখে যে তিন মাসের ছুটী পাইয়াছিলেন তাহার পরিবর্ত্তে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে প্রস্তুত হওনার্থ চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন এবং ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এফ জে আরল সাহেব (Mr. F. J. Earle.) গত মাসের ২২ তারিখে যে ছুটী পান তাহার পরিবর্ত্তে গত জানুআরি মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে প্রস্তুত হওনার্থ চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

আসামের কমিসানর সাহেবের সব-আসিস্টাণ্ট শ্রীযুত হরলিউ এচ ব্রৌনলো সাহেব (Mr. W. H. Brownlow,) বর্দ্ধমান মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

জগৎেশ্বরের নিয়ক চৌকীর সুপরিটেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এস ওয়েন সাহেব (Mr. W. L. Owen,) গত সেপ্টেম্বর মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।
১৮৫৯ সাল ২১ নবেম্বর।

নদীয়ার করিমপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এম লিটল সাহেব (Mr. M. Little,) রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২৯ নবেম্বর।

সরকারী মোকদ্দমাসম্পর্কীয় সুপরিটেণ্ডেণ্ট ও রিমেম্ব্রানসর শ্রীযুত এফ এল বোফর্ট সাহেব (Mr. F. L. Beaufort.) বর্ত্তমান মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব গত সেপ্টেম্বর মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৯৮৮ নম্বর।
বিজ্ঞাপন।
১৮৫৯ সাল ১২ নবেম্বর।

পরীক্ষক বোর্ডের রিপোর্টক্রমে বর্দ্ধমান ও নদীয়া ও ও পাটনা ও ঢাকা ও চাটিগাঁ এবং কটক-এলাকার নিযুক্ত নীচের লিখিত আসিস্টাণ্ট সাহেবেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা গবর্ণমেণ্টের ১৮৫১ সালের নবেম্বর মাসের ১৯ তারিখের বিজ্ঞাপনমতে যে পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাতে উত্তীর্ণ হইয়াছেন।

বিশেষতঃ প্রথম শ্রেণীর পরীক্ষাতে শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant.)
শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley.)
শ্রীযুত বি টি টেলর সাহেব (Mr. V. T. Taylor.)

[Government Gazette, 6th December, 1859.]

শ্রীযুত ডি জে মাকনিল সাহেব (Mr. D. J. McNeile.)
শ্রীযুত এফ এম হালিডে সাহেব (Mr. F. M. Halliday.)
শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেব (Mr. W. Cornell.)
দ্বিতীয় শ্রেণীর পরীক্ষাতে শ্রীযুত ই ডি লকউড সাহেব (Mr. E. D. Lockwood.)
শ্রীযুত ডবলিউ এল হিলি সাহেব (Mr. W. L. Heeley.)
শ্রীযুত সি বি গারেট সাহেব (Mr. C. B. Garrett.)
শ্রীযুত এচ বেবরিজ সাহেব (Mr. H. Beveridge.)
শ্রীযুত জে ডবলিউ গারস্টিন সাহেব (Mr. J. W. Garstin.)
শ্রীযুত জে কুক সাহেব (Mr. J. Cooke.)
শ্রীযুত এফ জে প্লাট্স সাহেব (Mr. F. J. Platts.)
শ্রীযুত এস সি হামটন সাহেব (Mr. S. C. Hampton.)
শ্রীযুত বাবু যদুনাথ বসু।
শ্রীযুত বাবু রামকুমার বসু।
শ্রীযুত বাবু দ্বারকানাথ দে।
শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ।
শ্রীযুত মৌলবী ওয়ারিস আলী।
শ্রীযুত ই ষ্টুআর্ট সাহেব (Mr. E. Stewart.)
শ্রীযুত বাবু সাতকড়ি রায়।

নিয়োগ।

১৮৫৯ সাল ১২ নবেম্বর।

শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley,) চব্বিশপরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নিম্নের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে ও ১৮৫৯ সালের ১০ আইনে ডেপুটী কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতা আপন২ নামের পার্শ্বে লিখিত জিলায় প্রাপ্ত হইয়াছেন।

পাটনাতে শ্রীযুত ই ডি লকউড সাহেব (Mr. E. D. Lockwood.)
কটকে শ্রীযুত ডবলিউ এল হিলি সাহেব (Mr. W. L. Heeley.)
মেদিনীপুরে শ্রীযুত সি বি গারেট সাহেব (Mr. C. B. Garrett.)
ময়মনসিংহে শ্রীযুত এচ বেবরিজ সাহেব (Mr. H. Beveridge.)

নিম্নের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলায় প্রাপ্ত হইয়াছেন বিশেষত:

সারণে শ্রীযুত জে কুক সাহেব (Mr. J. Cooke.)
বীরভূমে শ্রীযুত এফ জে প্লাটস সাহেব (Mr. F. J. Platts.)
হাজারীবাগ ও মানভূমে শ্রীযুত এস সি হামটন সাহেব (Mr. S. C. Hampton.)
ফরিদপুরে শ্রীযুত বাবু যদুনাথ বসু।
ঢাকাতে শ্রীযুত বাবু রামকুমার বসু।
নদীয়াতে শ্রীযুত বাবু দ্বারকানাথ দে।
বারাসতে শ্রীযুত বাবু প্রতাপনারায়ণ সিংহ।
চম্পারণে শ্রীযুত মৌলবী ওয়ারিস আলী।
ত্রিহুতে শ্রীযুত ই ষ্টুআর্ট সাহেব (Mr. E. Stewart.)

৬৯১৮ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১১ নবেম্বর।

শ্রীযুত টি ওয়াল্টন সাহেব (Mr. T. Walton,) কিঞ্চিৎ কালের নিমিত্তে ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ২৬ নবেম্বর।

রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের দক্ষিণ এলাকাভুক্ত সরবেয়র শ্রীযুত কাপ্তান জে এল সরউইল সাহেব (Captain J. L. Sherwill,) ১৮৩৩ সালের ৯ আইনানুসারে দিনাজপুর ও রঙ্গপুর এবং মালদহে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মিত্র কিঞ্চিৎ কালের নিমিত্তে মেডিকাল কালেজের ঔষধালয়ে স্ত্রীলোকেরদের চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত পণ্ডিত গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন কিঞ্চিৎ কালের নিমিত্তে বাঁকুড়া জিলায় দলীলদস্তাবেজের রেজিষ্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই এম রাইলি সাহেব (Mr. E. M. Reily,) চব্বিশপরগনায় প্রেরিত হইয়া, ঐ জিলায় মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আবদুল মজীদ জাহানাবাদের এলাকা খণ্ডের ভারপ্রাপ্ত হইয়া হুগলী ও বর্দ্ধমান জিলায় মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২১ নবেম্বর।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ জে লঙমোর সাহেব (Mr. W. J. Longmore,) ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে রাজধানীর চিকিৎসকের কমিটিতে উপস্থিত হওনার্থ ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৩ নবেম্বর।

চাটিগাঁয়ের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে গত দশহরার বন্দের নিমিত্তে ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৪ নবেম্বর।

ডাইমণ্ডহারবরের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্রীনাথ মুখুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৬ নবেম্বর।

রঙ্গপুরের জজ শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett.) ছুটীর নূতন সংশোধিত বিধির ১১ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এক্স জে আলেকজাণ্ডর সাহেব (Mr. F. J. Alexander,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র বিদ্যারত্ন ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে তেইশ দিনের ছুটী পাইয়াছেন।

তমলুক এলাকাভুক্ত আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫৯। ৬ ডিসেম্বর।]

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

পাটনা ও বেহারের অতিরিক্ত জজ শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) গত জুলাই মাসের ২৫ তারিখে যে ছুটী পান তাহার পরিবর্ত্তে ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারানুসারে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২ গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়িমহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি জড় হইয়াছিল ও সমূহ লোক আগত হইয়াছিল ইতি।

আর ষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN HUTCHISON FERGUSSON, an Insolvent.

On Saturday, the 29th day of October, upon an application of the Assignee in this Matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs.4509-7-7 in his hands pay a Dividend at the rate of Co.'s Rs. 12-8 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 4,187-8,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 26th November, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন জান হচিসন ফারগসন সাহেবের বিষয়ে।

আইসনি সাহেব অক্টোবর মাসের ২৯ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আইসনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৪,৫০৯ ।৶৭ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ১২ ॥০ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪,১৮৭ ॥০ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আইসনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ২৬ নবেম্বর।

The like notice in the matter of JOHN DEFFELL, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 7,151-5, a Dividend at 9 per Cent. (amounting to Co.'s Rs. 6,615) be paid.

যোত্রহীন জান ডিফেল সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ৭,১৫১ ।৵০ টাকাহইতে শতকরা ৯৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬,৬১৫৲ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of EDWARD DANIEL LATAPIE, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 175-6-9, a Dividend in full be paid.

যোত্রহীন এডুার্ড ডেনিএল লাটাপি সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ১৭৫ ।৶৯ টাকাহইতে সম্পূর্ণ ডিবিডেণ্ড দেওয়া যায়।

The like notice in the matter of CHARLES WILLIAM SALIZ, an Insolvent, wherein it was ordered that out of the sum of Rs. 1,368-4-9, a Dividend in full be paid.

যোত্রহীন চারলস উলিয়ম শালিজ সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ১,৩৬৮ ।৯ টাকাহইতে সম্পূর্ণ ডিবিডেণ্ড দেওয়া যায়

The like notice in the matter of CHARLES LAVARACK BROWN, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 471-11-3, a Dividend at 7 per Cent. (amounting to Rs. 302-11-6) be paid.

যোত্রহীন চার্লস লেবারক ব্রৌন সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ৪৭১ ॥৶৩ টাকাহইতে শতকরা ৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩০২ ॥৶৬ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of THOMAS MUIR, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 991-4-9, a Dividend at Rs. 7-4 per Cent. (amounting to Rs. 855-8) be paid.

যোত্রহীন তামস মুর সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ৯৯১ ।৯ টাকাহইতে শতকরা ৭ ।০ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৮৫৫ ॥০ টাকা দেওয়া যায়।

[*Government Gazette, 6th December*, 1859.]

The like notice in the matter of BROJOMOHUN PAUL, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 1,014-11, a Dividend at 60 per Cent. (amounting to Rs. 864) be paid.

যোত্রহীন ব্রজমোহন পালের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ১,০১৪৷৷৵০ টাকাহইতে শতকরা ৬০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৮৬৪৲ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of ROOPCHUND DUTT, an Insolvent, wherein it was ordered that out of the sum of Rs. 2,900-12, a Dividend at 15 per Cent. (amounting to 2,635-3-3) be paid.

যোত্রহীন রূপচাঁদ দত্তের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ২,৯০৯৷০ টাকাহইতে শতকরা ১৫৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২,৬৩৪৷৶৩ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of GOOROOCHURN SEIN, an Insolvent, wherein it was ordered that out of the sum of Rs. 55,000, a Dividend at 10 per Cent. (amounting to Rs. 51,661-10-3) be paid.

যোত্রহীন গুরুচরণ সেনের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোং ৫৫,০০০৲ টাকাহইতে শতকরা ১০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫১,৬৬১৷৷৶৩ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদিগের বিজ্ঞাপন।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র বন্দ্যে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি	৩৮০০০	শং	২৷৷০		
মুতনাভিধান	২০০০০	ঐ	১৲		
অমরার্থ দীধিতি			১৷৷০		
হরিভক্তি বিলাস সটীক			১০৲		
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ২৪ সংখ্যাপর্য্যন্ত			৬৲		
এবং প্রতিমাসে একং খণ্ড প্রকাশ হইতেছে			।০		
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত			১ । ২ ।৩		
৪।৫ ।৬ ।৭ ।৮ ।৯ স্কন্ধ			৪৷৵০		
যোগবাশিষ্ঠ১মাং২৬ সর্গ			৪		
গীতাবলি			।০		
অষ্টাদশ পর্ব্ব মহাভারত,	প্রায় সহস্র	পৃষ্ঠা	১ খণ্ড	৪	
সপ্তকাণ্ড রামায়ণ	প্রং		২		
আরব্যোপাখ্যান,	১ নাং		৫, পঞ্চম খণ্ডে	... ...	৫
অপূর্ব্বোপাখ্যান,	২১ প্রং		২		
বত্রিশ সিংহাসন,	গদ্য		১		
আদ্যকৃত ইং বাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থসমূলিত			৭২০ পৃষ্ঠা		
এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই			৫		
শিবসংকীর্ত্তন			১		
ইংরাজী শকুন্তলা			১		
প্রবোধচন্দ্র নাটক			১		
পুরাণের অনুক্রমণিকা			।০		
হিতোপদেশ ইং বাং	সং		২		
কাজীর বিচার			৷৷০		
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর			১		
মানসিংহ চৌরপঞ্চাশতএক জেলদ			১০ খণ্ড	প্রতিমূর্ত্তি	১
রোবক ও হকিম মৌলবী			১		
আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান			৪০		
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি			২ বালম		৫০
রোম দেশীয় ইতিহাস			৬৲		
গ্রীক দেশীয়	ঐ	ঐ	৩৲		
ইংলণ্ড দেশীয়	ঐ	ঐ	৩৲		
ভারতবর্ষীয়	ঐ	ঐ	৩৲		
পঞ্চোবেতিহাস			১৲		
প্রাচীন	ঐ		২৲		
মাজিষ্ট্রেটীয় উপদেশ			৬৲		
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে,					
প্রিয়ম্বদ			১৲		
কেরি বাং ইং ডিক্সনরি			৫০৲		
জেকবের লা, ডিক্সনরি			১০৲		
পূর্ণচন্দ্রোদয়			৮৲		
রাজা রামমোহন রায়ের জীবনচরিত্র			।০		
চিকিৎসাসার			১৷৷০		
কোলব্রুকের অমরকোষ			৮৲		
ঐ ব্যবস্থা			... ২৪৲		
ঐ হিন্দুলা			... ২৪৲		
ঐ মেকনাটন			২০৲		
গবর্ণমেণ্ট আইন ইং			১৭৯৩		
নাং ১৮৩৩, ২বালম			১০০৲		
শব্দসাধন মুক্তাবলী			২৲		
চমৎকার হিরাজাদ			... ১৲		
আলালের ঘরের দুলাল			৸০		
মাজিষ্ট্রেটীয় উপদেশ			৬৲		
ন্যায়দর্শন			২৷৷০		
পুরাবৃত্ত বিবরণ			১৲		

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ৬ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জেসি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 13, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ১৩ ডিসেম্বর।

REPORTS OF SUMMARY CASES DETERMINED BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 24th November, 1859.

The copy of judgment and decree will ordinarily be given as one document for which one stamp will as now suffice. But as judgment and decree form the record two documents, parties may, if they wish, have them separate, and when so given separate stamp of the necessary value for each be supplied.

Deegumber Mitter, *Petitioner.*

This is a petition of summary appeal, against the order of Mr. E. Lautour, Judge of the 24-Pergunnahs, dated 8th November 1859.

The petitioner, under Section 198, Act 8 of 1859, applied to the Judge for copies of his decree and the judgment recorded by him on 31st October 1858 in case No. 55 of 1858, in which Coomaree Dassea was appellant, and the petitioner was respondent, and he filed a stamp paper of the value of one Rupee for copy of the decree and requested that copy of the judgment might be furnished to him on plain paper, the Judge however refused to grant this request and desired the petitioner to take a copy of the judgment also on stamped paper of 8 annas value.

By the Court Mr. H. T. Raikes. "This application only refers to the question whether the parties are required to furnish separate pieces of stamp paper for the judgment and the decree. The new code appears to contemplate that the judgment and the decree will be drawn up as separate proceedings, and that each will be signed by the presiding officer.

"Under the present stamp law one piece of stamp paper of sufficient value is only required from

সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তিকরা সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫৯ সাল ২৪ নবেম্বর।

নিষ্পত্তির ও ডিক্রীর নকল সাধারণমতে একি দলীল-স্বরূপ দেওয়া যাইবেক। তাহার নিমিত্তে এইক্ষণকার-মতে একি ইষ্টাম্প কাগজ হইলে হইবেক। কিন্তু রিকার্ডেতে নিষ্পত্তি ও ডিক্রী দুই দলীল হয়, অতএব বাদী কি প্রতিবাদী চাহিলে তাহা স্বতন্ত্র লইতে পারিবেক। যদি সেই প্রকারে স্বতন্ত্র লয়, তবে আবশ্যক মূল্যের ভিন্ন২ ইষ্টাম্প কাগজ দাখিল করিতে হইবেক।

দিগম্বর মিত্র। দরখাস্তকারী।

জিলা চব্বিশপরগনার জজ শ্রীযুত ই লাটুর সাহেব ১৮৫৯ সালের ৮ নবেম্বর তারিখে যে হুকুম করেন তাহার উপর সরাসরী আপীলের এই দরখাস্ত।

১৮৫৮ সালের ৫৫ নম্বরের যে মোকদ্দমায় কুমারী দাসী আপেলাণ্ট ও দরখাস্তকারী রেসপাণ্ডেণ্ট ছিল সেই মোকদ্দমায় জজ সাহেব ১৮৫৮ সালের ৩১ অক্টোবর তারিখে যে ডিক্রী করেন ও যে নিষ্পত্তি রিকার্ড করেন তাহার নকল পাইবার জন্যে দরখাস্তকারী ১৮৫৯ সালের ৮ আইনের ১৯৮ ধারামতে প্রার্থনা করিয়া ডিক্রীর নকলের জন্যে এক টাকা মূল্যের ইষ্টাম্প কাগজ দাখিল করিল ও নিষ্পত্তির নকল তাহাকে সাদা কাগজে দেওয়া যায়, এমত প্রার্থনা করিল। কিন্তু জজ সাহেব ঐ প্রার্থনা অগ্রাহ্য করিয়া দরখাস্তকারিকে নিষ্পত্তির নকলও আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লইতে আজ্ঞা করিলেন।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত এচ টি রেকস সাহেব এই নির্দ্ধারণ করিলেন। নিষ্পত্তির ও ডিক্রীর নকলের নিমিত্তে বাদির কি প্রতিবাদির স্বতন্ত্র দুই কেতা ইষ্টাম্প কাগজ দাখিল করিতে হইবেক কি না, উক্ত দরখাস্তের মধ্যে কেবল এই কথার উল্লেখ হইতেছে। নিষ্পত্তি ও ডিক্রী স্বতন্ত্র কাগজস্বরূপ লেখা যাইবেক ও তাঁহার এক২ কাগজ বিচারপতির দস্তখৎ করিতে হইবেক, নূতন আইনের এই অভিপ্রায় বোধ হয়।

ইষ্টাম্পের চলিত আইনমতে, ডিক্রীর নকলের নিমিত্তে উপযুক্ত মূল্যের কেবল এক ফর্দ্দ ইষ্টাম্প কাগজ

each party for a copy of the decree, which has hitherto continued both to the judgment and the decreetal order.

"This practice of granting copies will I consider, be continued and, ordinarily, parties will receive a copy of the two proceedings as one document and the usual stamp will suffice for its preparation. But if parties wish to procure them separately, two stamps of the requisite value must be filed.

"The order of the Judge, which requires an eight annas stamp for the judgment and one Rupee for decree in *all* cases, is hereby reversed and he will, in future, conform to the above order of the Court."

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 28.

To the Civil and Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

In pursuance of the orders of Government dated 22d Ultimo, I am directed by the Court to request that you will intimate to the several officers subordinate to you that both privilege leave and leave in the vacations in the same year, cannot be granted.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 8th November, 1859.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 11.

To the Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court to request that you will favor them with any suggestions or observations which you may wish to offer on the provisions of the Bill for "simplifying the Procedure of the Courts of Criminal Judicature not established by Royal Charter," published in the *Government Gazette* of the 14th September last.

(Signed) H. B. LAWFORD.
Offg. Register.

Fort William, the 1st November, 1859.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 24th November, 1859.

Baboo Gopee Mohun Bose, to officiate as Moonsiff of Borobaree, Zillah Rungpore, during the absence on leave of the incumbent.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ ডিসেম্বর।]

বাদির কি প্রতিবাদির দিতে হইবেক। আর পূর্ব্বোক্ত সেই এক ফর্দ্দেতে নিষ্পত্তি ও ডিক্রী উভয় লেখা যাইতেছে।

আমি বোধ করি যে নকল দিবার এই নিয়ম বরাবর থাকিবেক ও সাধারণমতে বাদী কি প্রতিবাদী এ নিষ্পত্তির ও ডিক্রীর নকল একি দলীলস্বরূপ পাইবেক; তাহার নিমিত্তে রীতিমতের ইষ্টাম্প কাগজ হইতে হইবেক। কিন্তু যদি বাদী কি প্রতিবাদী এ দুই বিষয় স্বতন্ত্র লইতে চাহে তবে আবশ্যক মূল্যের দুই ইষ্টাম্প কাগজ তাহারদের দিতে হইবেক।

সকল মোকদ্দমার নিষ্পত্তির নিমিত্তে আট আনার ডিক্রীর নিমিত্তে এক টাকার ইষ্টাম্প দিতে হইবেক, এ সাহেবের এই হুকুম বাতিল করা গেল। ইহার পর তিনি সদর আদালতের উক্ত হুকুমমতে কার্য্য করিবেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলার অর্ডর।

১৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের দেওয়ানীর ও ফৌজদারীর শ্রীযুত সকল কার্য্যকারকদিগের বরাবরেষু।

গবর্ণমেণ্টের গত মাসের ২২ তারিখের হুকুমমতে সারে আমি সদর আদালতের আজ্ঞামতে তোমাকে এই আদেশ করিতেছি। অনুগ্রহের ছুটী ও পরবের বন্দোবস্তে ছুটী এই দুই একি বৎসরে পাওয়া যাইতে পারিবে না, এই কথা আপন অধীন সকল কার্য্যকারকদিগকে জানাও।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম -
১৮৫৯ সাল ৮ নবেম্বর।

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারকদিগের সাহেব বরাবরেষু।

ফৌজদারী যে সকল আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমা চালাইবার কার্য্য আরো সহজ করিবার আইনের যে মুসাবিদা গত সেপ্টেম্বর মাসের ১৪ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তদ্বিষয়ে তুমি যদি কোন প্রসঙ্গ করিতে কিম্বা কথা জানাইতে চাহ তবে তাহা লিখিয়া সদর আদালতে জানাইবা, এই আদেশ সদর আদালতের আজ্ঞাবেরেদের আজ্ঞামতে করিতেছি।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১ নবেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৪ নবেম্বর।

জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ ছুটী লইয়া যে দিন কর্ম্মে ফিরিয়া না আইসেন তত দিন শ্রীযুত বাবু গোপীমোহন বসু ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

The 25th November, 1859.

Luchmunpersad, Moonsiff of Chittra, Zillah Chota Nagpore, for a fortnight, from the 28th ultimo, under Medical Certificate.

H. B. LAWFORD, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৬৯৭৮ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত বাবু যদুনাথ বসু B. A. ফরিদপুরে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইলেন।

১৮৫৯ সাল ১ ডিসেম্বর।

কলিকাতার ডেপুটী কালেক্টর ও আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট ও চব্বিশপরগনার আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি বি হামটন সাহেব (Mr. G. B. Hampton,) ১৮৫৬ সালের ২১ আইনানুসারে হুগলীতেও আবকারী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫৯ সাল ২ ডিসেম্বর।

বড়পেটার এক্টিং সদর আমীন শ্রীযুত বাবু গর্গরাম বড়ুয়া প্রধান সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ৫ ডিসেম্বর।

শ্রীযুত সি টি বক্‌লাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) বর্দ্ধমানের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৩০ নবেম্বর।

ত্রিহুতের জজ শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ সি স্পেন্সর সাহেব (Mr. W. C. Spencer,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত এচ জে রেনলডস সাহেবের প্রতি (Mr. H. J. Reynolds,) অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত রেনলডস সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত ঐ পদের চলিত কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

কলিকাতার হাসিসের ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr. F. J. Cockburn,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। (Mr. P. Bonnaud,) শ্রীযুত কোবর্ণ সাহেবের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত পি বনড সাহেব তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ১ ডিসেম্বর।

কলিকাতার নিমক চৌকীর একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এ পিকক সাহেব (Mr. W. A. Peacock,) গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ৫ ডিসেম্বর।

সিবিলসর্পকরি শ্রীযুত এ মাইনাক সাহেব (Mr. A. Magniac,) গত মাসের ২৯ তারিখে লার্লি পীলড নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

চাটিগাঁয়ের অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ গত মাসের ২৬ তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব গত জুন মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

৭০২০ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত এ অর্কহার্ট সাহেব (Mr. A. Urquhart,) ও শ্রীযুত এস গিবন সাহেব (and Mr. S. Gibbon,) চাম্পারণে প্রস্তাবার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইলেন।

১৮৫৯ সাল ২ ডিসেম্বর।

কটকের কালেক্টর স্বীয় কর্ম্মোপলক্ষে ফাল্‌স পইণ্ট নামক বন্দরের সমুদ্রপথে আমদানী রপ্তানী দ্রব্যের মাসুলের কালেক্টর হইবেন।

পুরীর কালেক্টর স্বীয় কর্ম্মোপলক্ষে পুরীতে ও দেবী নদীতে ও মিতা কাণ্ডয়াতে ও ফতেপুরে ও মাণ্ডিতে আসদানী রপ্তানী দ্রব্যের মাসুলের কালেক্টর হইবেন।

১৮৫৯ সাল ৩ ডিসেম্বর।

শ্রীযুত টি ই বি ব্রেন সাহেব এম ডি (Mr. T. E. B. Brown, M. D.) অক্টোবর মাসের ৪ তারিখঅবধি মেডিকাল কালেজের হাসপীটাল ঘরে চিকিৎসক হইবেন।

১৮৫৯ সাল ৭ ডিসেম্বর।

শ্রীযুত পি এ হম্‌ফ্রি সাহেব (Mr. P. A. Humphrey,) বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Tayler,) মেদিনীপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব (Mr. H. T. Prinsep,) রাণীগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া বাঁকুড়াতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ডি জে মাকনিল সাহেব (Mr. D. J. McNeile,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) বেহারের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত এচ সি ওএক সাহেব (Mr. H. C. Wake,) পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley,) পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কলেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ জি এল লেন সাহেব (Mr. W. G. L.

[*Government Gazette*, 13th *December*, 1859.]

Lane,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ সি মাঙ্গলস সাহেব (Mr. A. C. Mangles,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে ও ১৮৫৯ সালের ১০ আইনে ডেপুটী কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে ঐ জিলায় কার্য্য করিবেন।

শ্রীযুত ডি জে মাকনিল সাহেব (Mr. D. J. McNeile,) বাঁকুড়ার দলীলদস্তা বেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এফ লিঞ্চ সাহেব (Mr. J. F. Lynch,) ত্রিহুতে প্রেরিত হইয়া মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ১ ডিসেম্বর।

বেহারের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আবদুল কাদির অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে গত অক্টোবর মাসের ২৮ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ৩ ডিসেম্বর।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব (Mr. C. Mackay,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই জি মান সাহেব (Mr. E. G. Man,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ও এস ষ্টাক সাহেব (Mr. O. S. Stack,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ব্রিশেল সাহেব (Mr. H. Michel,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পুরুলিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় চৌধুরী গত সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ১৮৫৭ সালের ৩১ জুলাই তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

রেলওয়ের কমিস্যনর সাহেবের অধীন ডেপুটী কলেক্টর শ্রীযুত বাবু সূর্য্যকুমার মুখোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ৫ ডিসেম্বর।

মেডিকাল কালেজে কায়িক বিদ্যা ও জন্তু বিদ্যার উপদেশক শ্রীযুত ডাক্তর ডবলিউ ক্রোজিয়র সাহেব (Dr. W. Crozsir,) গত অক্টোবর মাসের ১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ১৮২৮ সালের ২৮ আপ্রিল তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে গত মাসের ১৪ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

পাটনার সব-ডেপুটী আফীনের এজেণ্ট শ্রীযুত আর কিং সাহেব (Mr. R. King.) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ৮ ডিসেম্বর।

তমলুকের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উদয়চাঁদ দত্ত বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মে ফিরিয়া যান। অতএব গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২ গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি ক্রয় হইয়াছিল ও সমূহ লোক আগত হইয়াছিল ইতি।

আর ষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

Stolen in a Railway Carriage near the Serampere Station on the night of the 3rd December 1859, a Gold Hunting Watch by McCabe, No. 18843. 100 Rs. reward will be given by the owner for the recovery of the same, and a further reward for any information which may lead to the conviction of the offenders.

Apply at the Magistrate's Office, Hooghly.

১৮৫৯ সালের ৩ ডিসেম্বর তারিখের রাত্রিতে শ্রীরামপুর ষ্টেশনের নিকট রেলরোডের এক গাড়িতে মাকেব সাহেবের নির্ম্মিত ১৮৮৪৩ নম্বরের এক হণ্টিং সোণার ঘড়ী চুরী করা গিয়াছিল। তাহা যে কেহ ফিরাইয়া আনিবে তাহাকে ১০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে। ও সেই ঘড়ী যাহারা চুরী করিয়াছে তাহারদের দোষ সাবুদ যাহাতে হয় এমত সন্ধান যে কেহ জানাইতে পারে তাহাকে আর কিছু পুরস্কার দেওয়া যাইবে।

হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরখানায় জানাইতে হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ ডিসেম্বর।]

বিজ্ঞাপন।

মানকাচারী বিলাত সেটুর মেমক মার্ক ৪ পরসেণ্ট মোতাবিক ফাবং লাগাল ১৩ নবেম্বর সন ১৮৫৯ সাল প্রযোগ এজেন্সীর ও শান্তিপুর মোকামে মজুদ মেমকের।

এজেন্সির নাম।	সন ১২৬৩ সাল মোতাবেক ইং ১৮৫৬। ৫৭ সাল	সন ১২৬৪ সাল মোতাবেক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৯। ৬০ সাল	মোট মজুদ মেমকের পরিমাণ
৬ জেলী।					
বাঙ্গা মেমক ভাটী বাদুড়িয়া।	০	৫,১২৫/৩৭	০	৫,৮৩৮/৭ ৪	
ঐ ঐ কৃষ্ণনগর।	০	১,১২১/৩৪	০	১,৯৫৮৪৪।০ ৪	
ঐ ঐ রামনগর।	০	১৫,৫৪৪/৮	০	২,৪০,২৪৫/১২	
ঐ ঐ কালীতলহাট।	০	১,১৭৫/৩	০	২,০৪,৫৭৪/১৫	
ঐ ঐ পুরীয়াটী।	০	২,৮৭৩/৩	০	১,০২,৬৫৫/৬	
		২৫,৮৭৩/৩			
	০	১৭,৩৫০/১৫	২৫,৮৭৩/৩	৬,৬৭,৪৪৭/১৫	
এজেন্সি।	০	০	০	০	
	০	১৭,৩৫০/১৫	২৫,৮৭৩/৩	১৩,৬২২/১॥	
ওয়েষ্ট।	০	০	০	০	
	০	১৭,৩৫০/১৫	২৫,৮৭৩/৩	১৩,৬২২/১॥	

SALT.

[Government Gazette, 13th December, 1859.]

MISCELLANEOUS ADVERTISEMENT. — সাধারণ বিজ্ঞাপনের ইংরাজিকার।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোকদে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৫২ সালের ৮ আইন ও ১০ আইন এবং ১৪ আইন ইংরেজী বাঙ্গলাসহ শ্রীরামপুর ডাঙ্গালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রন্থণেচ্ছুক মহাশয়েরা নীচের লিখিত মূল্য প্রেরণ করিলেই পাইবেন এবং ডাকে পাঠাইতে হইলে তাহার মাশুল আলাহিদা দিতে হইবেক ইতি।

১৮৫২ সালের ৮ আইন মূল্য ... ... ৫।৷০ টাকা।
১৮৫২ সালের ১০ আইন ঐ ... ... ২।৷০
১৮৫২ সালের ১১ আইন ঐ ... ... ১৲
১৮৫২ সালের ১৪ আইন ঐ ৷৷০
এক্সলালীন মজুদ আইন লইলে তাহার মূল্য ... ... ২৲

[*Government Gazette*, 13th December, 1859.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে খ্রীযুত কে. সি. সরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

প্রতিভূতির।

পাইক। মেসর্স রাসবাহারী ঘোষ।
ঐ সদর ঘাট এজেন্সী।
ঐ অন্যান্যের।
করগ্রহ মাশুলাদ।

দাখিলা।

পাইক। মেসর্স গুডরু।
ঐ হাটেশ্বর।
ঐ কোন্নগর।
ঐ চিতলা।
ঐ ১৪ পরগনা কোর্ট।
ঐ ঐ মাহিয়ারপুর।
ঐ ঐ বাহুড়ী।
ঐ ঐ কোমা।
করগ্রহ মাশুলাদ পরিমাণ।
ঐ ঐ নিম্ন।
নির্ম্মাণ করগ্রহ।
পাইক। মেসর্স পুরী দাতা।
ঐ রামনগর।

ডাকমাশুল।

পাইক। মেসর্স ঘাট হেমন্তর।

ডাকমাশুল।

পাইক। মেসর্স ঘাট হেমন্তর।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 20, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৭১৩০ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ৩ ডিসেম্বর।

তত্ত্বাবধারক শ্রীযুত পান্নালাল জহরী কিঞ্চিৎ কালের নিমিত্ত রাজধানীহইতে গোল ও পূর্ব্ব খালে প্রেরিত হইয়াছেন।

১৮৫৯ সাল ৫ ডিসেম্বর।

ভবানীগঞ্জের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ রাইলেণ্ড সাহেব (Mr. W. Ryland,) রঙ্গপুর ও বগুড়া এবং দিনাজপুর এই সকল জিলায় মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ৭ ডিসেম্বর।

শ্রীযুত ই ডবলিউ মলনি সাহেব (Mr. E. W. Molony,) যশোহর্দ্দে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটার। হইবেন।

শাহাবাদের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মৌলাবক্স উক্ত জিলায় বন্দোবস্তকারক শ্রীযুত ডবলিউ এফ মেকডনাল সাহেবের (Mr. W. F. MacDonell,) আসিস্টাণ্ট হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

সয়লপুরের চিকিৎসা কার্য্যকারক এবং সব-আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত এন জাকসন সাহেব (Mr. N. Jackson,) গত মাসের ১২ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

৭২১৪ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত সি জে জাকসন সাহেব (Mr. C. J. Jackson,) সারণের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইলেন।

১৮৫৯ সাল ১০ ডিসেম্বর।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা উচ্চ পদপ্রাপ্ত হইয়াছেন। বিশেষতঃ

প্রথম শ্রেণীতে।

শ্রীযুত বাবু শিবচন্দ্র দে	রেলওয়ে ডিপার্টমেণ্ট
শ্রীযুত সি জে মুলর সাহেব (Mr. C. J. Muller,)	পাটনা।
শ্রীযুত এ জি উইলসন সাহেব (Mr. A. G. Wilson,)	বরহি।
শ্রীযুত ডবলিউ আর পগসন সাহেব (Mr. W. R. Pogson,)	বাকরগঞ্জ।

দ্বিতীয় শ্রেণীতে।

শ্রীযুত বাবু তারকনাথ ঘোষ	জরিপী কার্য্যের ডিপার্টমেণ্ট।
শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গুলি ...	বীরভূম।
শ্রীযুত বাবু রামগোপাল রায়	বলুয়া।
শ্রীযুত সি পি কাস্পর্স সাহেব (Mr. C. P. Caspersz,)	ত্রিহুত।

তৃতীয় শ্রেণীতে।

শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ তমলুক।

শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ সেন মুরশিদাবাদ।

শ্রীযুত মৌলবী আবদুল লতিফ চব্বিশপরগনা।

চতুর্থ শ্রেণীতে।

শ্রীযুত বাবু মথুরানাথ বাঁড়ুয্যা রাজশাহী।

শ্রীযুত মৌলবী আসাম আহমদ জরিপী কার্য্যের ডিপার্টমেণ্ট।

শ্রীযুত বাবু দ্বারকানাথ বাঁড়ুয্যা বগুড়া।

শ্রীযুত ডবলিউ সার্সন সাহেব (Mr. W. Sarson,) চাটিগাঁ।

শ্রীযুত মৌলবী মৌলাবক্স শাহাবাদ।

শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ কাঁটোয়া।

শ্রীযুত ডবলিউ সি গ্রাণ্ট সাহেব (Mr. W. C. Grant,) হুগলী।

শ্রীযুত ডবলিউ ডেবি সাহেব (Mr. W. Davey,) জরিপী কার্য্যের ডিপার্টমেণ্ট।

শ্রীযুত বাবু কালিদাস পালিত গোবিন্দপুর।

পঞ্চম শ্রেণীতে।

শ্রীযুত মৌলবী আবদুল মজিদ জাহানাবাদ।

শ্রীযুত ইয়াদজাদ হুসেন নদীয়া।

শ্রীযুত এ ডি বি গমেজ সাহেব (Mr. A. D. B. Gomes,) সুন্দরবন।

শ্রীযুত বাবু দুর্য্যোধন দাস কেন্দ্রপাড়া।

শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব (Mr. H. H. Metcalfe,) জরিপী কার্য্যের ডিপার্টমেণ্ট।

শ্রীযুত এফ জে আর ওয়াকর সাহেব (Mr. F. J. R. Walker,) সেরাজগঞ্জ।

শ্রীযুত জে ডিক্রুস সাহেব (Mr. J. D'Cruz.) শ্রীরামপুর।

শ্রীযুত এ সি রাইট সাহেব (Mr. A. C. Wright,) মুনশীগঞ্জ।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ ওএবেল সাহেব (Mr. W. Wavell,) ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারায় যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা প্রাপ্ত হইয়াছেন।

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২০ ডিসেম্বর।

শ্রীযুত মৌলবী বিলায়ত হুসেন বেহারের ফতওয়াদায়কের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৭ ডিসেম্বর।

মেদিনীপুরের এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliott,) ১৮৫৬ সালের নবেম্বর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ছুটী লইয়া ইউরোপে গমন নিমিত্তে প্রস্তুত হওনার্থ তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আলী আহামদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী মফুজউদ্দীন গত মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ৯ ডিসেম্বর।

এতদ্দেশীয় ডাক্তর শ্রীযুত বাবু কানাই লাল মিত্রের নাম সরকারী চিকিৎসা কার্য্যকারকেরদের তালিকাহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে।

১৮৫৯ সাল ১৫ ডিসেম্বর।

আসামের ডেপুটী কমিস্যনর শ্রীযুত কাপ্তান ডবলিউ আগনিউ সাহেব (Captain W. Agnew,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব ৫ ত মাসের ১২ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ও এস ষ্টাক সাহেব (Mr. O. S. Stack,) বর্ত্তমান মাসের ৩ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২ গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি জড় হইয়াছিল ও সমূহ লোক আগত হইয়াছিল ইতি।

আর ষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

Stolen in a Railway Carriage near the Serampore Station on the night of the 3rd December 1859 a Gold Hunting Watch by McCabe. No. 18843. 100 Rs. reward will be given by the owner for the recovery of the same, and a further reward for any information which may lead to the conviction of the offenders.

Apply at the Magistrate's Office, Hooghly.

১৮৫৯ সালের ৩ ডিসেম্বর তারিখের রাত্রিতে শ্রীরামপুর ষ্টেশনের নিকট রেলরোডের এক গাড়িতে মাকেব সাহেবের নির্ম্মিত ১৮৪৩ নম্বরের এক হণ্টিং সোণার ঘড়ী চুরী করা গিয়াছিল। তাহা যে কেহ ফিরাইয়া আনিবে তাহাকে ১০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবে। ও সেই ঘড়ী যাহারা চুরী করিয়াছে তাহারদের দোষ সাবুদ যাহাতে হয় এমত সম্বাদ যে কেহ জানাইতেপারে তাহাকে আর কিছু পুরস্কার দেওয়া যাইবে।

হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের দপ্তরখানায় জানাইতে হইবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণ লোককে জ্ঞাত করা যাইতেছে যে ১৮৫৯ সালের ৮ আইন ও ১০ আইন ও ১১ আইন এবং ১৪ আইন ইঙ্গরেজী বাঙ্গলাসহ শ্রীরামপুর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা নীচের লিখিত মূল্য প্রেরণ করিলেই পাইবেন এবং ডাকে পাঠাইতে হইলে তাহার মাসুল আলাহিদা দিতে হইবেক ইতি।

১৮৫৯ সালের ৮ আইন মূল্য	৫॥০ টাকা।
১৮৫৯ সালের ১০ আইন ঐ	২॥০
১৮৫৯ সালের ১১ আইন ঐ	১৲
১৮৫৯ সালের ১৪ আইন ঐ	॥০
এককালীন সমুদয় আইন লইলে তাহার মূল্য ...	৯৲

[*Government Gazette, 20th December*, 1859.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 27, 1859.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৯ সাল ২৭ ডিসেম্বর।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 17TH DECEMBER 1859.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 17th December 1859, and was referred to a Select Committee who are to report thereon after the 21st of February next :—

A Bill to amend and extend Act XXII. of 1836 *(relating to the levy of a Toll on Boats, Rafts, and Floats passing through the Circular and Eastern Canals.)*

[Preamble.]

WHEREAS it has been found necessary to open for traffic a new Canal leading from the late Toll House at Dhappa to Ooltadanga, and it is expedient that a Toll should be levied on Boats, Rafts, and Floats passing through the said Canal; It is enacted as follows :—

[New line of Canal made subject to Section II. Act XXII. of 1836.]

I. The following line of navigation, from the date of the passing of this Act, shall be subject to the provisions of Section II. Act XXII. of 1836, in like manner as is enacted with respect to the two lines of navigation therein described, (that is to say)—

The line of Canal running North from the late Toll House at Dhappa to Ooltadanga where it joins the Circular Canal.

[Act to be construed as part of Act XXII. of 1836.]

II. This Act shall be construed as part of the said Act XXII. of 1836.

W. MORGAN,
Clerk of the Council.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে।

ইঙ্গরেজী ১৮৫৯ সাল ১৭ ডিসেম্বর।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ১৭ ডিসেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল আগামি ফেব্রুআরি মাসের ২১ তারিখের পরে তাঁহারদের ঐ মুসাবিদার রিপোর্ট করিতে হইবেক।

কলিকাতার পূর্ব্ব দিক্স্থ খাল দিয়া যে সকল নৌকা ও কাঠের ও বাঁশের মাড় যায় তাহার উপর মাসুল আদায় করিবার আইন, অর্থাৎ ১৮৩৬ সালের ২২ আইন শুধরাইবার ও বিস্তারিত করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ধাপাতে মাসুল আদায়ের সাবেক চৌকীহইতে উল্টাডাঙ্গাপর্য্যন্ত নূতন এক খাল বাণিজ্যব্যবসায়ের নিমিত্তে করা আবশ্যক হইয়াছে, ও সেই খাল দিয়া যে সকল নৌকা ও কাঠের ও বাঁশের মাড় যায় তাহার উপর মাসুল আদায় করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[নূতন খালের উপর ১৮৩৬ সালের ২২ আইনের ২ ধারার বিধান খাটিবার কথা।]

১ ধারা। ১৮৩৬ সালের ২২ আইনের ২ ধারাতে যে দুইটী খালের কথা লেখা আছে তাহার উপর ঐ ধারার বিধান যেমন খাটে তেমনি এই আইন জারী হইবার কালঅবধি সেই বিধান নীচের লিখিত খালের উপরও খাটিবে, অর্থাৎ

ধাপাতে মাসুল আদায়ের সাবেক চৌকীঅবধি উত্তর দিগে উল্টাডাঙ্গার যে স্থান কলিকাতার বাহিরের রাস্তার খালের সঙ্গে মিলে সেইপর্য্যন্ত যে খাল হইয়াছে তাহা ইতি।

[এই আইন ১৮৩৬ সালের ২২ আইনের এক ভাগ বলিয়া পাঠ করিবার কথা।]

২ ধারা। এই আইন ১৮৩৬ সালের উক্ত ২২ আইনের এক অংশ বলিয়া জ্ঞান হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 10.

To the Criminal Authorities in the Lower and Extra-Regulation Provinces.

The Court promulgate for your information and guidance copy of an opinion of the Advocate General, as to whether European British subjects can be compelled to give evidence in the Local Courts and punished for refusing to do so.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 19th October, 1859.

(Copy.)

QUESTION I.—1. I am of opinion that any Court of Justice in the Punjaub and its dependencies, which has power to commit to prison persons subject to its general jurisdiction, has also power to punish by fine or by commitment to prison European British subjects who are required by it to give evidence and who, without lawful excuse, refuse to do so.

2. I entertain this opinion, whether Act XXX. of 1841, relating to obstructions to justice, applies to the case of a refusal to give testimony, or not.

If it does apply, it is perfectly clear that the circumstance, that the person guilty of the obstruction to justice is a European British subject, does not exempt him from punishment by fine not exceeding 200 Rupees, and in default of payment by imprisonment for a period not exceeding one month. Indeed, the whole of Section 1, of the Act is framed upon the assumption that a person subject to the jurisdiction of the Supreme Court is liable to summary punishment under the Act.

3. If the Act does not apply to such a case, I am still of opinion, upon general principles, that a Court in the Punjaub or other Provinces of British India similarly situated, has the power of visiting with fine and imprisonment the contempt of its authority manifested by an obstinate refusal to give evidence, whatever may be the country and the status of the witness, provided the Court be one having the power of committing to custody persons subject to its jurisdiction. Such a power is, according to the principles of English law, inherent to every Court of Record, whether the person guilty of the contempt be subject to its general jurisdiction or not; and to constitute a Court of record, it is only necessary that the Court should be one having power to award imprisonment. These principles do not rest upon any technical Rule peculiar to English law, but upon the necessity of arming all Courts of sufficient importance to have the power of imprisonment entrusted to them, with adequate powers to protect themselves against contempt and

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৭ ডিসেম্বর।]

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

স্থানবিশেষের আদালতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের সাক্ষ্য বলপূর্ব্বক লওয়া যাইতে পারিবেক কিনা ও তাঁহারা সাক্ষ্য দিতে স্বীকার না করিলে তাঁহারদের দণ্ড হইতে পারিবেক কি না এই বিষয়ে শ্রীযুত আডবোকেট জেনরল সাহেব যে মত প্রকাশ করিয়াছেন তাহার নকল তোমার জানিবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে সদর আদালতের সাহেবেরা প্রকাশ করিতেছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১৯ অক্টোবর।

(নকল।)

প্রথম প্রশ্ন।—১। পঞ্জাবের ও তাহার মোতালক স্থানের কোন আদালত আপনার সাধারণ এলাকার মধ্যের লোকদিগকে যদি কয়েদ করিতে ক্ষমতাপন্ন হন, তবে সেই আদালতের এই ক্ষমতাও আছে যে, ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকে সাক্ষ্য দিতে তলব করিলে, যদি তাঁহারা উপযুক্ত ওজর না থাকিতেও স্বীকার না করেন, তবে তাঁহারদিগের জরীমানা করিতে কিম্বা কয়েদ করিতেও পারেন। আমার এই বিবেচনা।

২। যথার্থ বিচারের বাধাজনক কার্য্যের বিষয়ে ১৮৪১ সালের যে ৩০ আইন হইয়াছে তাহা সাক্ষ্য দিতে স্বীকার না করার বিষয়ে যদি খাটে কি না খাটে তবু আমার ঐ মত।

যদি খাটে, তবে যে জন যথার্থ বিচারের বাধা করে সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হওয়াতে, তাঁহার ২০০ টাকাপর্য্যন্ত জরীমানা হইবার আটক নাই, ও সেই জরীমানার টাকা না দিলে তাঁহার এক মাসপর্য্যন্ত কয়েদ হইবার আটক নাই, ইহা নিতান্ত স্পষ্ট দেখা যাইতেছে। ফলতঃ ঐ আইনানুসারে সুপ্রিম কোর্টের এলাকার অধীন ব্যক্তিরদের সরাসরীমতে জরীমানা হইতে পারে এই ভাব লক্ষ করিয়া ঐ আইনের ১ ধারার সমুদয় কথা লেখা হইয়াছে।

৩। ঐ আইন যদি এমন স্থলে না খাটে, তথাপি সাধারণ নিয়মানুসারে আমার ঐ মত হয়, অর্থাৎ সাক্ষী যে কোন দেশের কি যে শ্রেণীর লোক হউন, যদি আদালতহইতে আজ্ঞা পাইয়া সাক্ষ্য দিতে জেদ করিয়া স্বীকার না করাতে আদালতের ক্ষমতা তুচ্ছ করেন তবে পঞ্জাবের আদালত হউক কিম্বা ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে তদ্রূপ অবস্থার অন্য কোন প্রদেশের আদালত হউক, সেই আদালত ঐ ব্যক্তির জরীমানা কি কয়েদ করিতে পারিবেন, কেবল ইহাতে প্রয়োজন যে আপন এলাকার অধীন ব্যক্তিরদিগকে কয়েদ করিবার ক্ষমতাপন্ন আদালত হন। ইঙ্গলণ্ডীয় আইনের মূল নিয়মানুসারে রিকার্ডের আদালত হইলেই সেই ক্ষমতা থাকে, ও যে জন অবজ্ঞার দোষী হন তিনি সেই আদালতের সাধারণ এলাকার অধীন ব্যক্তি হউন কি না হউন ঐ আদালতের সেই ক্ষমতা থাকে। রিকার্ডের আদালত হইবার জন্যে এইমাত্র প্রয়োজন যে ঐ আদালতের কয়েদ করিবার ক্ষমতা থাকে। কেবল ইঙ্গলণ্ডীয় আইনসম্পর্কীয় কোন বিশেষ বিধি খাটানপ্রযুক্ত এই মূল নিয়ম যে তাহা নয়, ফলতঃ গুরুতর বলিয়া যে সকল অপরাধ হয় তাহার প্রতি কয়েদ করিবার ক্ষমতা দেওয়া যায় যে সকল আদালতের অবজ্ঞা না হয় ও কার্য্যের বাধা না হয় ইহার উপযুক্ত ক্ষমতা প্রদান করা আবশ্যক হয়

obstruction of their proceedings; and there seems to be no valid reason, why they should not apply to the Courts of this country, where no Regulation or Act prescribes a different course, as to the Queen's Courts at home.

4. These considerations would probably have led me to a different conclusion as to the power even of the Courts of the Bengal Presidency and its dependencies from that arrived at by my predecessor in the opinion set out in the Circular Order of 1st February, 1854, and which, I need scarcely say, is entitled to great weight: but although in that case I should have hesitated much in advising that any Court should act upon my view in preference to his, I am clearly of opinion that there is no legal principle upon which a European British subject, refusing to give evidence in a Court in the Punjaub or its dependencies, or in any province not annexed to any of the Presidencies, can be exempted from the summary process of fine and imprisonment for his contempt of Court, to which all other witnesses are subject.

QUESTION. II.—5. Whether the Act of 1841 does or does not apply to a mere refusal to give evidence, unaccompanied by any words or conduct disrespectful or contemptuous in themselves, is an extremely doubtful question. I incline however to think that, although in addition to the words "using menacing gestures or expressions," the words "or otherwise obstructing justice" are used, these latter words only apply to obstructions of the same nature as those specified, i. e. rather to obstructions of a physical or active kind to the Court proceeding with its business generally, than to the obstruction to the due course of justice in a particular case by reason of the witness not giving evidence. Had the case rested on the words of the Act alone, I should have thought that the Act might fairly be held to apply to a deliberated and unauthorized refusal by witness in Court to give evidence, when called on by the Court itself to do so. For the words used in this and the following Section might be satisfied, by supposing them to apply to all obstructions of justice committed in the face of the Court and thereby interrupting the due course of its regular business, as distinguished by a contempt committed out of Court, such as a refusal to attend upon a summons, or the use of disrespectful words towards the Court beyond its precincts.

6. But on looking at the state of the Law which the Act intended to remedy, I think it clear that in the Regulations "Obstruction to justice and contempt of Court," had been treated as offences quite distinct from the refusal of a witness to give evidence. Thus, Regulation IV. of 1793, Section 6, and Regulation L. of 1803, Section 2, Clause 2, which prescribe the punishment for refusal to give evidence, are left unrepealed by the Act of 1853 while Regulation XXIII. of 1814, Section 42, and Re-

[*Government Gazette*, 27*th December*, 1859.] 5 P 2

প্রযুক্ত ঐ মূল নিয়ম হইয়াছে। আর যদি কোন আইনেতে কি আক্টেতে রূপান্তর বিধি না থাকে, তবে সেই নিয়ম ইঙ্গলণ্ডে মহারাণীর আদালতে যেমন খাটে তেমনি এই দেশের সকল আদালতেও না খাটে ইহার কোন মাতব্বর কারণ দৃষ্ট হয় না।

৪। আমারপূর্ব্বে যিনি আডবোকেট জেনরল ছিলেন তিনি বাঙ্গলা রাজধানীর ও তাহার মোতালক স্থানের আদালতের ক্ষমতার বিষয়ে ১৮৪৪ সালের ১ ফেব্রুআরি তারিখের সরক্যুলর অর্ডরে আপনার যে মত প্রকাশ করিয়াছিলেন তাহা নিতান্ত গুরুতর বটে. ইহা আমার লেখা অতিরিক্ত, তথাপি আমার পূর্ব্ব লিখিত অভিপ্রায়অনুসারে বুঝি তাঁহার মতে আমার সম্পূর্ণ সম্মতি হইত না। এমন স্থলে তাঁহার মত অগ্রাহ্য করিয়া আমারই মতানুসারে কোন আদালতের কর্ম্ম করা উচিত এমন পরামর্শ দিতে যদিও আমার অনিচ্ছা হইত বটে, তথাপি পঞ্জাবের কিম্বা তাহার মোতালক স্থানের, কিম্বা কোন রাজধানীর মোতালক নয় এমত কোন প্রদেশের কোন আদালতে, অন্য সাক্ষিরা প্রমাণ দিতে স্বীকার না করিলে যদি আদালতের অবজ্ঞা দোষযুক্ত তাহারদের জরীমানা কি কয়েদ সরাসরী হুকুমমতে হইতে পারে, তবে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হওয়াতে সেই দোষ করিলে সেই দণ্ডহইতে মুক্ত হইবে কোন আইনমতের এমত নিয়ম নাই, এই আমার নিতান্ত জ্ঞান হয়।

দ্বিতীয় প্রশ্ন।—৫। অনাদর কি অবজ্ঞাসূচক কোন কথা না কহিয়া কিম্বা কোন কর্ম্ম না করিয়া মাত্র সাক্ষ্য দিতে স্বীকার না করিলে ১৮৪১ সালের আইনের কথা খাটে কি না ইহার অত্যন্ত সন্দেহ হইতে পারে বটে। ঐ আইনেতে "ভয় দর্শাওনের অঙ্গভঙ্গীর কিম্বা কথার দ্বারা" এই শব্দ ছাড়া "অথবা অন্য প্রকারে যথার্থ বিচারের বাধা জন্মায়" এই কথা যদিও লেখা আছে, তথাপি বোধ করি এই শেষ কথা কেবল পূর্ব্ব নির্দ্দিষ্ট প্রকারের বাধার উপর খাটে, অর্থাৎ সাক্ষির সাক্ষ্য না দেওয়াতে মোকদ্দমাবিশেষে উপযুক্ত ধারামতে যথার্থ বিচার হইবার বাধার উপর ঐ কথা তাদৃশ না খাটিয়া, বরং আদালতের সাধারণ কর্ম্ম চলিতেছে এমন সময়ে হাত পা চালাওনের দ্বারা কি কোন কর্ম্মদ্বারা যে বাধা হয় তাহার উপর খাটে। এই বিষয় যদি কেবল ঐ আইনের কথামতে নির্ণয় করিতে হইত, তবে আদালত আপনি কোন সাক্ষিকে সাক্ষ্য দিতে আজ্ঞা করিলে সেই সাক্ষী পূর্ব্বে কল্পনা করিয়া সাক্ষ্য দিতে স্বীকার না করিবার ক্ষমতা না থাকিলেও, স্বীকার করে না এমন স্থলে ঐ আইন ন্যায্যমতে খাটে, আমার এই বিবেচনা হইত। কেননা সমন হইলে আদালতে উপস্থিত হইতে স্বীকার না করা কিম্বা আদালতের বাহিরে থাকিয়া আদালতের অনাদরসূচক কথা উচ্চারণ করাপ্রভৃতি আদালতের বাহিরে এমত অবজ্ঞা দোষ ভিন্ন, আদালতের ভিতরে যথার্থ বিচারের যে সকল বাধা হইয়া তাহার নিয়মিত কার্য্যের উপযুক্ত ক্রমের ভঙ্গ হয় এমত সকল কার্য্যের উপর খাটে জান করিলে, ঐ আইনের ১ ও ২ ধারার কথার উপযুক্ত অর্থ করা হয়।

৬। কিন্তু আইনের যে অপ্রচুরতার প্রতিকার করিবার আশাতে ঐ আক্ট জারী হইয়াছিল তাহা বিবেচনা করিলে বোধ হয়, সকল আইনেতে "যথার্থ বিচারের বাধা ও আদালতের অবজ্ঞা" দোষ, সাক্ষির প্রমাণ দিতে স্বীকার না করার দোষহইতে ভিন্ন বলিয়া উল্লেখ হইয়াছে। ফলতঃ ১৭৯৩ সালের ৪ আইনের ৬ ধারাতে ও ১৮০৩ সালের ৫০ আইনের ২ ধারার ২ প্রকরণে সাক্ষ্য দিতে স্বীকার না করার দণ্ড নিরূপণ হইয়াছে কিন্তু তাহা ১৮৫৩ সালের আইনেতে রদ হয় নাই। ১৮১৪ সালের পূর্ব্বের কোন বিধিমতে আদালতের

gulation XII. of 1825, Section 6, which relate to contempts of Court and obstruction of a different kind, and which themselves had been substituted for earlier provisions empowering the Magistrate to visit such contempts or obstruction with stripes or imprisonment, are expressly repealed by the Act of 1841. The recital, too, that sufficient provision is not made for repressing obstruction to justice, appears to point to such obstructions as were dealt with in the Regulation repealed as insufficient, or not dealt with in any Regulation, rather than to a totally different kind of obstruction for which an adequate means of repression were provided by Regulations which the Act left untouched.

7. If therefore the power of the Court to fine and commit European British subjects rested upon the Act alone, I should have thought that no such legal power existed. But as I have a strong opinion that the power exists in non-Regulation provinces, independently of the Act, I do not hesitate to advise that in any case, in which a European British subject wilfully refused to give evidence before a Court in the Punjaub or in any unannexed non-Regulation province having general power to imprison, the Court should proceed to fine him in a sum not exceeding Co.'s Rs. 200, the sum provided by the Act, and in default of payment to order him to be imprisoned for a period not exceeding one month. The limits of punishment prescribed by the Act should not in any case be exceeded. If the Act applies, it would be illegal to go beyond them, and even if it does not apply, it affords a criterion of the extent of fine and imprisonment which the Legislature thought reasonable. In cases where the party recusant is a rich man to whom the fine of Rs. 200 will not be an adequate punishment, and it is thought worth while to proceed against him in the Supreme Court, it will be better to prefer a charge before a justice of the peace for refusing to give evidence, and such justice can hold him to bail to take his trial in the Supreme Court.

QUESTION III.—8. Under Act of 1853, an European British subject, who refuses to give his evidence in a Civil Court, is I think liable to the penalties prescribed by Section 24 to the same extent as any other witness. But that Law only applies to Civil Courts of the Presidency of Fort William at Bengal, and having been passed subsequently to the annexation of the Punjaub, cannot be considered as in force in that province or its dependencies. The main features in which its provisions differ on this head from those of Act XXX. of 1841 are, that the power to fine is extended to Rupees 500 realizable from the witnesses' property, but such fine is not commutable to imprisonment: and the power to imprison is given until the wit-

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৯। ২৭ ডিসেম্বর।]

অবজ্ঞা কিম্বা ভিন্ন প্রকারে যথার্থ বিচারের বাধা হইলে মাজিষ্ট্রেট সাহেবের বেত মারিবার কিম্বা কয়েদ করিবার ক্ষমতা ছিল। তাহার পরিবর্ত্তে ঐ প্রকারের অবজ্ঞা কি বাধার বিষয়ে ১৮১৪ সালের ২৩ আইনের ৪২ ধারা ও ১৮২৫ সালের ১২ আইনের ৬ ধারা জারী হইয়াছিল, কিন্তু সেই দুই ধারা ১৮৪১ সালের আক্টেতে সপষ্টরূপে রদ হইয়াছে। ও সেই আক্টের হেতুবাদে লেখা আছে যে, যথার্থ বিচারের বাধা করা নিবারণ করিবার প্রচুর বিধান হয় নাই। ইহাতে বোধ হয় অপ্রচুর বলিয়া যে আইন রদ হইয়াছে সেই আইনেতে যে বাধার কথার উল্লেখ হইয়াছে, কিম্বা যে বাধার উল্লেখ কোন আইনেতে হয় নাই, সেই প্রকারের বাধা ঐ ১৮৪১ সালের আক্টেতে লক্ষ হইয়াছে, ও সেই আক্টেতে অন্য যে২ আইন রদ হয় নাই সেই২ আইনেতে ভিন্ন প্রকারের যে বাধা নিবারণ করিবার উপযুক্ত উপায় হইয়াছিল সেই প্রকারের বাধা তাহাতে লক্ষ হয় নাই।

৭। ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের জরীমানা ও কয়েদ করিতে আদালতের ঐ ক্ষমতা যদি কেবল ১৮৪১ সালের আক্টমতে হইতে পারিত, তবে আইনমতে সেই প্রকারের কোন ক্ষমতা নাই আমার এইরূপ বিবেচনা হইত। কিন্তু সেই আইনছাড়া ঐ ক্ষমতা আইনবহির্ভূত প্রদেশে আছে আমার এই দৃঢ় মত আছে এই কারণে আমি অবাধিতরূপে এই পরামর্শ দিতেছি। পঞ্জাব দেশের কোন আদালতের, কিম্বা আইনবহির্ভূত যে কোন প্রদেশ কোন বিশেষ রাজধানীর মোতালক করা যায় নাই তাহার যে কোন আদালতের কয়েদ করিবার সাধারণ ক্ষমতা থাকে এমত আদালতে যদি কোন ইউরোপীয় ব্রিটনীয় প্রজা জানিয়াশুনিয়া সাক্ষ্য দিতে স্বীকার না করেন, তবে সেই আদালত ঐ আইনের নিরূপিতমতে ২০০৲ টাকাপর্য্যন্ত তাঁহার জরীমানা করেন, ও তিনি সেই জরীমানার টাকা না দিলে তাঁহার এক মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম করেন। ঐ আইনেতে দণ্ডের যে সীমা নিরূপণ হইয়াছে তাহার অধিক কোন স্থলে না করেন। ফলতঃ ঐ আইন যদি এমত স্থলে খাটে, তবে অধিক দণ্ড করা বেআইনী হয়। ও যদি না খাটে, তবু ব্যবস্থাপক সাহেবেরা যত টাকা জরীমানা ও যত কালের কয়েদ উপযুক্ত জ্ঞান করিলেন তাহা সেই আইনে বুঝা যায়। যে জন সাক্ষ্য দিতে অস্বীকার করেন তিনি ধনাঢ্য লোক হওয়াতে যদি ২০০৲ টাকা জরীমানা অত্যল্প দণ্ড জ্ঞান হয়, ও তাঁহার নামে যদি সুপ্রিম কোর্টে নালিশ করা উচিত জ্ঞান হয়, তবে সাক্ষ্য দিতে স্বীকার না করিবার দোষে কোন জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে তাঁহার নামে নালিশ হইতে পারিবেক, ও সেই জুষ্টিস তাঁহার বিচার হইবার নিমিত্তে সুপ্রিম কোর্টে তাঁহার হাজির হইবার জামিন লইতে পারিবেন।

তৃতীয় প্রশ্ন।—৮। ১৮৫৩ সালের আইনমতে যদি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা দেওয়ানী আদালতে সাক্ষ্য দিতে স্বীকার না করেন, তবে অন্য কোন সাক্ষির যেমন দণ্ড হইতে পারে তেমনি বোধ করি ঐ ব্রিটনীয় প্রজারও ঐ আইনের ২৪ ধারার নিদ্দিষ্ট দণ্ড হইতে পারে। কিন্তু সেই আইন কেবল বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেওয়ানী আদালতে খাটে ও পঞ্জাব দেশ ইঙ্গলণ্ডীয়েরদের অধিকার করণের পরে জারী হইয়াছিল, অতএব সেই প্রদেশে কি তাহার মোতালক স্থানে চলন আছে এমত জ্ঞান হইতে পারিবেক না। উল্লিখিত বিষয়ে ঐ আইনের বিধানমতে ও ১৮৪১ সালের ৩০ আইনের বিধানেতে প্রধান এই২ বিশেষ হয়, অর্থাৎ ঐ আইনেতে ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা করিবার ক্ষমতা আছে, সেই টাকা সাক্ষিরদের সম্পত্তি বিক্রয় করিয়া আদায় হইতে পারে কিন্তু জরীমানার

ness shall consent to give his evidence, instead of for a time certain, i. e. one month, on non-payment of the fine. The English Law does not, in the absence of express legislative Authority, recognize this power of indefinite imprisonment, but requires that a time certain should be specified in the commitment in such cases. It will not be safe, under these circumstances, to adopt the course prescribed by the Act of 1853, against European British subjects refusing to give evidence in civil Courts in the Punjaub. But in all Courts, both Civil and Criminal, it will be safer to adopt the measure of punishment prescribed by Act XXX. of 1841, as the extreme limit in such cases. It will be open to the Court that commits a witness, in default of payment of the fine imposed, to order his release before the expiration of the month or of any shorter period of imprisonment to which it may have sentenced him, on his consenting to give his evidence.

9. I observe that this is the course which has actually been adopted in regard to witnesses generally by the Forms of Civil Procedure for the Punjaub, proposed by the Judicial Commissioner, See Section 1, Clause 12, and Section 2, Clause 4, wherein the refusal is properly treated on the footing of a contempt: I consider that the rule thus prescribed is a perfectly proper one, and that it did not require the express authority of the Legislature to warrant it. If, therefore, it has been adopted in the Punjaub with respect to any one class of witnesses, it shall also be applied, I think, to all classes of witnesses alike, including European British subjects, until the new Law of Civil Procedure Act VIII. of 1859, which contains a clause providing for the refusal of a witness to give evidence, Section 169, is extended to the Punjaub by the Governor-General in Council.

QUESTION IV.—10. The right of a Justice of the Peace to fine or imprison a witness who refuses to answer has been doubted, but on the whole I think the better opinion is, that a Justice, while acting judicially and not merely ministerially, has the power. He should however be very guarded in his exercise of it, and should not in any case, I think, impose a fine or a period of imprisonment beyond the limits prescribed for the inferior Criminal Courts established by the E. I. Company.

QUESTION V.— 11. I do not think that any exemption can be claimed from any of the above penalties, by reason of the European British subject being a soldier, either in Her Majesty's service generally, or Her Majesty's Indian Force, except perhaps in the single case of a fine imposed by a Justice of the Peace as afterwards mentioned; but soldiers are

[*Government Gazette, 27th December*, 1859.]

পরিবর্ত্তে কয়েদ হইতে পারে না। আরও ১৮৪১ সালের আইনমতে জরীমানার টাকা না দেওয়া গেলে এক মাস নিরূপিত মিয়াদপর্য্যন্ত কয়েদ হইতে পারে. ও ১৮৫৩ সালের আইনমতে সেই সাক্ষী যত কাল সাক্ষ্য দিতে স্বীকার না করে তত কাল তাহাকে কয়েদ করিবার ক্ষমতা দেওয়া গেল। ব্যবস্থাপক সাহেবেরদের করা বিশেষ আইন না থাকিলে, অনিরূপিত কালপর্য্যন্ত কয়েদ করিবার ঐ ক্ষমতা ইঙ্গলণ্ডীয় আইনেতে গ্রাহ্য হয় না, তদ্রূপ স্থলে কয়েদ করিবার পরওয়ানাতে নিশ্চিত কোন সময় নিরূপণ করা আবশ্যক। এইপ্রযুক্ত ইউরোপীয় ব্রিটনীয় প্রজারা পঞ্জাবের দেওয়ানী আদালতে সাক্ষ্য দিতে স্বীকার না করিলে, তাঁহারদিগকে লইয়া ১৮৫৩ সালের আইনের নির্দ্দিষ্ট নিয়মমতে কার্য্য করা নিরাপদে হয় না। কিন্তু ১৮৪১ সালের ৩০ আইনে যত দণ্ড নিরূপণ হইয়াছে দেওয়ানী ও ফৌজদারী সকল আদালতে সেই সীমার দণ্ড ধার্য্য করা ভাল হয় কোন স্থলে তাহার অধিক নয়। যে জরীমানার হুকুম হইল তাহা না দেওয়া গেলে যদি আদালত সাক্ষিকে কয়েদ করেন, তবে সাক্ষ্য দিতে স্বীকার করিলে সেই এক মাস কিম্বা তাহার কম যত কাল আদালত তাহার কয়েদ হইবার হুকুম করিয়া থাকিবেন তাহা না ফুরাইলেও, আদালত তাহার মুক্ত হইবার হুকুম করিতে পারিবেন।

৯। পঞ্জাবে দেওয়ানী মোকদ্দমার কার্য্য চালাইবার যে নিয়ম জুডিসিয়ল কমিস্যনর সাহেব প্রস্তাব করেন তাহাতে সর্ব্ব সাধারণ সাক্ষিরদের বিষয়ে উক্ত কথামতে কার্য্য হইয়াছে বটে ইহা দেখিতে পা ই। ঐ নিয়মের ১ ধারার ১২ প্রকরণে ও ২ ধারার ৪ প্রকরণে সাক্ষ্য দিতে স্বীকার না করা অবজ্ঞার তুল্য জ্ঞান হইয়াছে, ইহা উপযুক্ত বটে। উক্ত প্রকারে যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তাহা আমি নিতান্ত উপযুক্ত বিধি জ্ঞান করি, ও তাহা দৃঢ় করিবার জন্যে ব্যবস্থাপক সাহেবেরদের সপষ্ট আইনের প্রয়োজন ছিল না। দেওয়ানী আদালতের কার্য্য করিবার নূতন আইন অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইনমতে সাক্ষী সাক্ষ্য দিতে স্বীকার না করিলে তাহার বিধি ১৬৯ ধারাতে আছে. ও সেই আইন হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যাবৎ পঞ্জাবে না চালান, তাবৎ পূর্ব্ব লিখিত নিয়ম যদি পঞ্জাবে সাক্ষিরদের কোন এক শ্রেণীর উপর চলন হইয়াছে তবে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকেও লইয়া সকল প্রকারের সাক্ষির উপর চলন করিতে হয়।

চতুর্থ প্রশ্ন।—১০। যে সাক্ষী জওয়াব দিতে স্বীকার না করে তাহার জরীমানা কি কয়েদ করিতে জুষ্টিস অফ দি পীস সাহেবের ক্ষমতা আছে কি না এই কথার কিছু সন্দেহ হইয়াছে। কিন্তু সেই জুষ্টিস সাহেব যখন কেবল কার্য্যকারকস্বরূপে কর্ম্ম করিতেছেন তখন তাঁহার সেই ক্ষমতা নাই, যখন বিচারকর্ত্তাস্বরূপে কর্ম্ম করিতেছেন তখন তাঁহার সেই ক্ষমতা আছে এই মত আমার বিবেচনাতে উত্তম। কিন্তু সেই ক্ষমতাযতে তাঁহার অত্যন্ত সতর্ক হইয়া কর্ম্ম করা উচিত. ও আমি বোধ করি কোম্পানি বাহাদুরের স্থাপিত অধস্থ ফৌজদারী আদালত যত টাকার জরীমানা কি যত কাল কয়েদ করিতে পারেন তাহার অধিক তাঁহার করা উচিত নয়।

পঞ্চম প্রশ্ন। ১১। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা সাধারণমতে শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনের সৈন্য আছেন বলিয়া পূর্ব্বোক্ত কোন দণ্ডহইতে মুক্ত থাকার কোন দাওয়া করিতে পারেন. আমার এই বিবেচনা হয় না। কেবল জুষ্টিস অফ দি পীস যে জরীমানার হুকুম করিতে পারেন তাহাতে মুক্ত হইলে হইতে পারে। তাহার

exempt from imprisonment by the Civil Courts for all debts not exceeding 300 Rupees, and for other matters enumerated in the 52nd Section of the Annual Mutiny Act, and in the 58th Section of the Indian Mutiny Act. But from the grounds of exemption "any charge" of felony or misdemeanour or any crime or offence, other than the misdemeanour of refusing to comply with an order of justices for the payment of money, are excepted. Now I think the refusing to give evidence is a misdemeanour or offence within the meaning of this clause, and that therefore a soldier cannot plead his exemption from liability to imprisonment under this provision where the Court sentence him for such refusal. I doubt whether even in the case of an order made by a Justice of the Peace to pay a fine, or in default to be imprisoned for the offence, a soldier would be absolutely entitled to the exemption; but as the Justice of the Peace has power to commit to prison for contempt, without imposing the alternative penalty of a fine, I think a Justice of the Peace should, if the case be a flagrant one of wilful refusal to give material evidence, commit the witness, when a European British soldier, without imposing any fine.

12. I think the power above described may be exercised by a Magistrate or Justice of the Peace acting under the provisions of Act XVIII. of 1853, for regulating the sale of liquor in Military Cantonments.

(Signed) W. RITCHIE.
16*th June*, 1859.

(True Copy,)
R. STUART,
Assistant Register.

PROCLAMATION.

JUDICIAL.

Fort William, the 22nd December, 1859.

WHEREAS an application was made to the Government for putting in force Act XXVI. of 1850 into the Station of Darjeeling, and whereas it has been reported by the Superintendent of Darjeeling that all the inhabitants of the said Station, who appeared before him, under the Notice published under date the 28th September last, have unanimously declared themselves in favour of the adoption of the said Act therein, it is hereby ordered and declared that the application aforesaid appears to the Lieutenant-Governor of Bengal to be wholly according to the wishes of the inhabitants of the said Station, and that Act XXVI. of 1850 shall be henceforth in force in the said Station of Darjeeling, for all or any of the purposes set forth in Section II. of the said Act.

E. H. LUSHINGTON.
Offg. Secy. to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৭ ডিসেম্বর।]

কথা পরে লিখিতেছি। কিন্তু ৩০০৲ টাকাপর্য্যন্ত কর্জ্জের নিমিত্তে, ও রাজবিদ্রোহিতা বিষয়ের বার্ষিক আইনের ৫২ ধারাতে ও রাজবিদ্রোহিতা বিষয়ের ভারতবর্ষীয় আইনের ৫৮ ধারাতে অন্য যে২ কথার উল্লেখ হইয়াছে তাহার নিমিত্তে, দেওয়ানী আদালত সৈন্যেরদিগকে কয়েদ করিতে পারেন না। কিন্তু কিছু টাকা দিতে কোন জুষ্টিস সাহেবের যে হুকুম হয় তাহা মানিতে স্বীকার না করার দোষ ভিন্ন, ফেলোনির কি মিসডিমীনরের কিম্বা কোন অপরাধের কি দোষের "যে কোন নালিশ হয়" তাহা ঐ মুক্ত থাকার হেতুর মধ্যে ধরা যায় না। আমি বোধ করি যে, এই প্রকরণেতে মিসডিমীনর কি অপরাধ বলিয়া যাহা লেখা হইয়াছে তাহার মধ্যে সাক্ষ্য দিতে স্বীকার না করার দোষ বুঝা যায়। অতএব সেইরূপ স্বীকার না করার দোষপ্রযুক্ত যদি আদালত কোন সৈন্যের কয়েদ থাকার হুকুম করেন তবে এই বিধানমতে তিনি সেই দায়হইতে মুক্ত থাকার কোন দাওয়া করিতে পারিবেন না। আরও জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ অপরাধের জন্যে কোন সৈন্যের জরীমানা করিলে কিম্বা জরীমানার টাকা না দিলে তাঁহার কয়েদ হইবার হুকুম করিলে, তিনি ঐ মুক্ত থাকার দাওয়া অবশ্য করিতে পারেন এই বিষয়েও আমার সন্দেহ আছে। কিন্তু জুষ্টিস অফ দি পীস সাহেব অবজ্ঞার নিমিত্তে জরীমানা করিতে না পারিলেও কয়েদ করিতে পারেন, ইহাতে বোধ করি যে, সাক্ষী যদি জ্ঞানিয়াশুনিয়া গুরুতর সাক্ষ্য দিতে জেদ করিয়া স্বীকার না করেন তবে ইউরোপীয় ব্রিটনীয় সৈন্য হইলে জুষ্টিস অফ দিপীস সাহেবের কর্ত্তব্য যে তাঁহার জরীমানা না করিয়া কয়েদ করেন।

১২। ১৮৫৩ সালের ১৮ আইনমতে অর্থাৎ সৈন্যেরদের ছাউনি স্থানে শরাব বিক্রয় করিবার বিধানের আইনমতে যে মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেব কর্ম্ম করেন, তিনিও আমার বিবেচনাতে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

ডবলিউ রিচি।
১৮৫৯ সাল ১৬ জুন।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

জুডিসিয়ল ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ২২ ডিসেম্বর।

১৮৫০ সালের ২৬ আইন দারজিলিঙ্গ মোকামে চলন হয় এই মর্ম্মের দরখাস্ত গবর্ণমেণ্টে হইয়াছিল। তাহাতে গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখে সেই কথার ইশ্তিহার প্রকাশ হইয়াছিল। সেই ইশ্তিহারমতে ঐ মোকামনিবাসি যত লোক দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে উপস্থিত হইলেন তাঁহারা সকলই সেই আইন চলন হইবার আপনারদের সম্মতি প্রকাশ করিয়াছেন ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই রিপোর্ট করিয়াছেন। অতএব এই হুকুম ও আজ্ঞা হইতেছে। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে, পূর্ব্বোক্ত দরখাস্ত ঐ মোকামনিবাসি লোকেরদের সম্পূর্ণ ইচ্ছামতে হইয়াছে। অতএব ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারাতে যে সকল কি যে কোন অভিপ্রায় প্রকাশ হইল তাহার মধ্যে কোন অভিপ্রায় সফল করিবার জন্যে ঐ আইন অদ্যাবধি ঐ মোকামে চলন হয়।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 9th December, 1859.

Moulvy Mahomed Alum, Moonsiff of Nulchitty, Zillah Backergunge, for two weeks, on Medical Certificate.

The 10th December, 1859.

Baboo Chunder Kissore Roy, Moonsiff of Nubheegunge, Zillah Sylhet, for one month, under Medical Certificate.

The unexpired portion of the leave of absence for six months, granted on the 30th September last to Baboo Rajkissen Dutt, while Moonsiff of Chintamun, Zillah Dinagepore, is hereby cancelled.

The 16th December, 1859.

Moulvy Abdool Munsoor, Moonsiff of Teghra, Zillah Bhaugulpore, for 2½ months, on urgent private affairs.

Baboo Juddoonauth Mookerjee, Moonsiff of Satkhera, Zillah 24-Pergunnahs, for six weeks, on Medical Certificate.

The 17th December, 1859.

The unexpired portion of the leave of absence granted on the 18th idem, to Baboo Cosseenath Dass, Moonsiff of Hingajeeah, Zillah Sylhet, as hereby cancelled.

H. B. LAWRORD, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

৭২৫৮ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

আসিষ্টাণ্ট সুপর বাইজর শ্রীযুত জি মিল্ন সাহেব (Assistant Supervisor G. Mylne,) বারাকপুর এলাকাহইতে ফোর্ট উলিয়ম কিল্লাতে প্রেরিত হইয়াছেন।

সুপর বাইজর শ্রীযুত আর এচ পাটর্সন সাহেব (Supervisor R. H. Patterson,) ফোর্ট উলিয়ম কিল্লাহইতে বারাকপুর এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৫৯ সাল ১৩ ডিসেম্বর।

রেবেনিউবোর্ডের কমিসানর সাহেবের অধীন ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সূর্য্যকুমার মুখোপাধ্যায় পাটনাতে প্রেরিত হইয়া উক্ত জিলার ডেপুটী মাজিষ্ট্রেট হইয়া ১৮২১ সালের ৩ আইনের ১ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ১৫ ডিসেম্বর।

শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেব (Mr. F. A. B. Glover.) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ময়মনসিংহের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এম হোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ মমপ্রাট সাহেব (Mr. H. Mumpratt.)

[*Government Gazette, 27th December*, 1859.]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৯ সাল ৯ ডিসেম্বর।

জিলা বাকরগঞ্জের নলছিটীর মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১০ ডিসেম্বর।

জিলা ছিলটের নবীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকিশোর রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু রাজকৃষ্ণ দত্ত জিলা দিনাজপুরের চিন্তামনের মুনসেফ যে সময়ে ছিলেন সেই সময়ে তাঁহাকে গত সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে যে ছয় মাসের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৫৯ সাল ১৬ ডিসেম্বর।

জিলা ভাগলপুরের টেগরার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল মনসুর আপনার অত্যাবশ্যক কর্ম্মের নিমিত্তে আড়াই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার সাতখীরার মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৭ ডিসেম্বর।

জিলা ছিলটের হিঙ্গাজিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কাশীনাথ দাসকে বর্ত্তমান মাসের ১৮ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ইহাতে রদ হইল।

এচ বি লাষ্টোর্ড। এক্টিং রেজিষ্টর।

মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander,) মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) মধইপুরা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ভাগলপুর ও পুরনিয়া জিলায় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত এফ জে আলেকজাণ্ডর সাহেব (Mr. F. J. Alexander,) চম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত জে ডি মাক্লিন সাহেব (Mr. J. D. Maclean,) হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ই এচ উইনফিল্ড সাহেব (Mr. E. H. Whinfield,) হেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ টি প্লাটস সাহেব (Mr. F. T. Platts,) করিমপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারায় মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে নদীয়া ও মুরশিদাবাদ জিলায় কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ১৭ ডিসেম্বর।

শ্রীযুত জে ডবলিউ আর এমসবরি সাহেব (Mr. J. W. R. Amesbury,) হুগলীর সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জনের কার্য্য নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ১৫ ডিসেম্বর।

বিদেশ গমনশীল মজুরেরদের এজেণ্ট শ্রীযুত টি কের্ড সাহেব (Mr. T. Caird,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে ঐ কর্ম্মের ভার শ্রীযুত সি ইল্স সাহেবের (Mr. C Eales,) স্থানে গ্রহণ করেন।

৭৩১৩ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ১৫ ডিসেম্বর।

তক্তাবধারক সার্জণ্ট শ্রীযুত ডবলিউ জাকসন সাহেব (Overseer Serjeant W. Jackson.) ও প্রবেস্যনরি আসিষ্টাণ্ট তক্তাবধারক প্রাইবেট শ্রীযুত জি গিবিন সাহেব (Private J. Giblin,) বারাকপুর এলাকাহইতে গঙ্গার ও চারজিঙ্গের রাস্তায় প্রেরিত হইয়াছেন।

তক্তাবধারক সার্জণ্ট শ্রীযুত আর লঙ্গ সাহেব (Serjeant R. Long,) পাটনা এলাকাহইতে দানাপুর এলাকায় প্রেরিত হইয়াছেন।

আসাম ও কাশিয়া ও জয়ন্তীয়া পর্ব্বতের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের কর্ম্মের ভারপ্রাপ্ত শ্রীযুত জে বি সাণ্ডওয়েল সাহেব (Mr. J. B. Shadwell,) আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু দ্বারকানাথ বাঁড়ুয্যা বগুড়াতে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

মধইপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কাষ্টলি সাহেব (Mr. W. C. Costley,) সেহারে প্রেরিত হইয়াছেন ঐ স্থানে তিনি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের বিজ্ঞাপনক্রমে আগামি ফেব্রুআরি মাসের ১৫ তারিখঅবধি চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৭ ডিসেম্বর।

ডাইমন হারবরের সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্রীনাথ মুখুয্যা গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সার্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৯ ডিসেম্বর।

প্রসীডেন্সী কালেজে ব্যবস্থাবিদ্যার আসিষ্টাণ্ট উপদেশক শ্রীযুত সি বুলনইস সাহেব (Mr. C. Boulnois,) গত অক্টোবর মাসের ২৬ তারিখে অনুগ্রহের যে ছুটী পান তাহা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারার ১ প্রকরণানুসারে ছুটীর নিমিত্তে পরিবর্ত্তন হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মফঃসল দেশের কোন২ মোকামে পর্য্যটন করিতে উদ্যত হইয়াছেন অতএব যে কার্য্যকারকেরা একেবারে গবর্ণমেণ্টে পত্র পাঠাইয়া থাকেন তাঁহারদের পত্র পাঠাইবার নীচের লিখিত সাধারণ উপদেশ প্রকাশ করা যাইতেছে।

যে সকল পত্রের উপলক্ষে পূর্ব্ব লিখিতপত্র দৃষ্টি করা আবশ্যক হয়, ও যে পত্রের মর্ম্ম বুঝিয়া অগ্রেতে হুকুম করা আবশ্যক নয়, ও রাজধানীর নানা দফ্তরখানাহইতে যে সকল পত্র পাঠান যায় সেই সকল পত্র রীতিমতে কলিকাতায় সেক্রেটারী সাহেবের দফ্তরখানায় পাঠাইতে হইবে। মফঃসল দেশের কার্য্যকারকেরদের যে সকল পত্রের উপর অগ্রেতে হুকুম করা প্রয়োজন ও যে সকল পত্র আপনিই পূরা হওয়াতে সেই বিষয়ের অন্য২ কাগজপত্র তলব করার প্রয়োজন না থাকে সেই সকল পত্র লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সঙ্গে যে সেক্রেটারী সাহেব থাকেন তাঁহার নামে পাঠাইতে হইবেক।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নের লিখিত মোকামহইতে নিম্নের লিখিত তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ তারিখে প্রস্থান করিবেন।

কলিকাতাহইতে	... ...	৩ জানুআরি।
বরহি	... ...	১০ ঐ
হাজারীবাগ	... ...	১৩ ঐ
ছোট নাগপুর	... ...	২২ ঐ
পুনরায় বরহিহইতে	...	৩০ ঐ
ডেহেরি	... ...	৭ ফেব্রুআরি
আরা	... ...	১৪ ঐ
পাটনা	... ...	২২ ঐ

পাটনার পরে অন্য২ স্থানহইতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রস্থানের তারিখ পশ্চাৎ প্রকাশ হইবেক।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

No. 3146.

FORT WILLIAM.

The 21st December 1859.

NOTIFICATION.

It is hereby notified that, on and after the 21st December 1859, the rate of Duty to be charged on Salt imported by Sea into any part of the Presidency of Fort William in Bengal shall be Three Rupees upon every Maund of 3,200 Tolas.

On and after the same date, the whole of the Salt in Store at the several public Depôts, will be available at the following wholesale prices, subject in other respects to the Rules and Conditions now in force; the price in each instance being equal to the fixed Duty above-mentioned added to the cost of production:—

গেবর্নমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৭ ডিসেম্বর।

						Rupees.
Hidgelee Boiled Salt at the Agency Depôts at				...	...	349 per 100 Mds.
Tumlook	Ditto at	Ditto Depôt at	...	...	...	350 „ „
24-Perghs.	Ditto at	Sulkea (of the old Agency) at		...	...	395 „ „
Ditto	Ditto at	Ditto (of the recent Agency) at		...	...	386 „ „
Chittagong	Ditto at	Sudder Ghaut at	...	...	...	362 „ „
Arracan	Ditto at	Chittagong at	...	...	...	381 „ „
Cuttack	Ditto at	Sulkea at	...	...	...	375 „ „
Balasore	Ditto at	Ditto at	...	...	...	361 „ „
Khoordah and Chilka at		Ditto at	...	...	...	373 „ „
Madras Bay Salt	at	Ditto at	...	...	...	363 „ „
Chilka Ditto	at	Ditto at	...	...	...	348 „ „

By Order of the Lieutenant Governor of Bengal,

E. H. LUSHINGTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

৩১৪৬ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

বিজ্ঞাপন।

ইহাতে এই মর্ম্মাদ দেওয়া যাইতেছে। ১৮৫৯ সালের ২১ ডিসেম্বর তারিখঅবধি বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন কোন স্থানে সমুদ্রপথে যে কিছু লবণের আমদানী হয় তাহার উপর ৩২০০ তোলার এক এক মোনের উপর তিন টাকার হিসাবে মাসুল আদায় হইবেক।

সরকারের সকল গোলাতে যত নিমক গোলাজাত হইয়া রহিয়াছে তাহা সেই তারিখঅবধি মোটে বিক্রয়ের নীচের লিখিত দরে বিক্রয় হইবেক। অন্য বিষয়ে এইক্ষণে যে সকল বিধান ও নিয়ম আছে তাহা বহাল থাকিবে। নিমক পোক্ষ্যানের খরচের উপর পূর্ব্বোক্ত হিসাবের মাসুল চড়াইয়া দিলে যত হয় তাহার সমান ঐ দর।

জিজলীর পাঙ্গা নিমক এজেণ্টীর গোলাতে			...	...	১০০/ মোনপ্রতি	৩৪২৲ টাকা।
তমলুকের	ঐ	ঐ	ঐ	গোলাতে	... ...	ঐ ৩৫০৲
চব্বিশপরগনার	ঐ	ঐ	শালিখার পুরাতন এজেণ্টীতে		...	ঐ ৩৯৫৲
ঐ	ঐ	ঐ	নূতন এজেণ্টীতে		... ...	ঐ ৩৮৬৲
চাটিগাঁয়ের	ঐ		সদর ঘাটের	ঐ	...	ঐ ৩৬২৲
আরাকাণের	ঐ		চাটিগাঁয়ের ...	ঐ	...	ঐ ৩৮১৲
কটকের	ঐ		শালিখার	ঐ	...	ঐ ৩৭৫৲
বালেশ্বরের	ঐ		ঐ	ঐ	...	ঐ ৩৬১৲
খুর্দ্দার ও চিলকার	ঐ		ঐ	ঐ	...	ঐ ৩৭৩৲
মান্দ্রাজের মোহনার	ঐ		ঐ	ঐ	...	ঐ ৩৬৩৲
চিলকার	ঐ		ঐ	... ...		ঐ ৩৪৮৲

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমমতে।

ই এচলশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নং ১৩৭৭।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে হিজলি এজেন্সীর অন্তর্গত কৃষ্ণনগরের ঘাটে হাশীয়ার লিখিত ২০৭০০০ † মোন নেমক বিক্রয়ার্থে মৌজুদ আছে উক্ত নেমক আগামি মাসের ১ তারিখঅবধি উক্ত স্থানে অর্থাৎ উক্ত ঘাটে ওজন দেওয়া যাইবেক।

২। রবিবার এবং পর্ব্বাহ ব্যতিরেকে বর্ত্তমান মাসের ২৯ তারিখ বেলা দুই প্রহর ১ ঘণ্টাপর্য্যন্ত প্রতিদিন বেলা ১০ ঘণ্টাঅবধি দিবা দুই প্রহর ১ ঘণ্টার মধ্যে ১০০/ মোনের কম এবং ৫০০/ মোনের অধিক না হয় এমত পরিমাণে উক্ত নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত এই দপ্তরখানায় লওয়া যাইবেক।

৩। প্রত্যেক টেণ্ডরের দরখাস্ত দুই টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক এবং যে পরিমাণ নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত দাখিল হইবেক সেই নেমকের কিম্মাতের তুল্য পরিমাণে আমানৎ পেশগীর টাকা উক্ত প্রত্যেক টেণ্ডরের দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক। নোট এবং বেঙ্ক পোষ্ট বিল আমানতের বদলে বেলা ১০ ঘণ্টাঅবধি দিবা দুই প্রহর ১ ঘণ্টাপর্য্যন্ত এই বোর্ডের দপ্তরখানায় লওয়া যাইবেক। কেবল নগদ টাকা জেনরল ট্রেজরিতে দাখিল করিয়া তাহার সরতেজরের সাহেবের রসিদ উক্ত টেণ্ডরের দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক।

৪। এক ব্যক্তি যত ইচ্ছা তত টেণ্ডরের দরখাস্ত দাখিল করিতে পারিবেন কিন্তু উক্ত সমুদয় দরখাস্ত এক সঙ্গে দাখিল করিতে হইবেক।

৫। বর্ত্তমান মাসের ৩০ তারিখে উক্ত দাখিলহওয়া সমুদয় টেণ্ডরের দরখাস্তের একটী তালিকা করা যাইবেক তাহাতে যত নেমকের জন্য টেণ্ডরের দরখাস্ত দাখিল হইবেক তাহার জুমলা হিসাব যদ্যপি মৌজুদ নেমকের

Government Gazette, 27th December 1859.

অধিক হয় তবে প্রত্যেক টেণ্ডরের দরখাস্তের লিখিত নেমকের উপর হারহারি হিসাবে বাদ দিয়া বাকী ডিপাজিটের টাকা ফেরত দেওয়া যাইবেক।

* সন ১২৬৪ সাল ৩০০০
সন ১২৬৫ সাল ২০৪০০০

২০৭০০০

বিসোজিত হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৯ সাল তারিখ ২১ ডিসেম্বর।

ই টি টুরব সেক্রেটারী।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৫৯ ইংরেজির ৩০। ৩১ ডিসেম্বর ও ৬০ ইংরেজির জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৬বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জিলা কাছাড়ে বাৎসরিক মেলা ঐ জিলার সীলচার মোকামে হইবেক গত মেলার মত উত্তম২ গো মহিষ ইত্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘর সকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড় দৌড় ও বাজি ইত্যাদি তামাসা হইবেক।

আর জ্ঞানান আবশ্যক যে গত মেলাতে অনেক ঘোড়া ও গাড়ি মহিষের পাল ও নানাবিধ দ্রব্যাদি ক্রয় হইয়াছিল ও সমূহ লোক আগত হইয়াছিল ইতি।

আর ফ্টুয়ার্ট। সুপরিন্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CAMPBELL LIMOND, an Insolvent.

On Saturday, the 3d day of December Instant, upon an application of the Assignee in this Matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 6,306-5-4 in his hands pay a Dividend at the rate of Co.'s Rs. 11 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 5,586-4-10,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 23d December, 1859.

যোত্রহীনের উপকারার্থ আদালত।

যোত্রহীন কামবেল লিমণ্ড সাহেবের বিষয়ে।

আইসনি সাহেব ডিসেম্বর মাসের ৩ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আইসনি সাহেবের খাতিরজমাতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৬,৩০৬ ৷৵ ৪ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকাপ্রতি ১১৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫,৫৮৬ ।১০ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আইসনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

The like notice in the matter of JOHN BABINGTON an Insolvent, wherein it was ordered that out of the sum of Rs. 1,747-6, a Dividend at the rate of 13 per Cent. (amounting to Rs. 1,479-0-10,) be paid.

যোত্রহীন জান বাবিংটন সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে এই হুকুম হইল যে কোম্পানির যে ১,৭৪৭ ।৶ টাকা আছে তাহাহইতে শত টাকার প্রতি ১৩৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৪৭৯৲১০ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of EDWIN DELANAGEREDE, an Insolvent, wherein it was ordered that out of the sum of Rs. 1,362-11-3, a Dividend at the rate of 7 per Cent. (amounting to Rs. 1,137-4-6,) be paid.

যোত্রহীন এডউইন ডিলানুজিরিড সাহেবের বিষয়ে সেই সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোম্পানির যে ১,৩৬২ ॥৶৩ টাকা আছে তাহা হইতে শতকরা ৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,১৩৭ ।৬ টাকা দেওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ২৭ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

জিনিসের নাম		চট্টগ্রাম	ত্রিপুরা	ভুলুয়া	নদীয়া	বারাসৎ	যশহর
		মঃ সেঃ ছঃ	মঃ সেঃ ছঃ	মঃ সেঃ ছঃ	মঃ সেঃ ছঃ	মঃ সেঃ ছঃ	মঃ সেঃ ছঃ
আটা	ফি টাকায়	/২॥	/৬ ।৶	/৪	।১॥	।০॥৶	।০
জব	ঐ	০	।০॥৶	০	॥৭	।৮	॥৬
ভুগী শাদা	ঐ	১/৫	০	৸২	৸৭॥	৸২	৸২
ঐ মিশাল	ঐ	১॥০	০	০	১ ।৩	১/২॥	১॥২॥
তুলা	ঐ	/১॥	/১॥৶	/৫	/১॥৶	/২	/১ ।৶
অরহর ডাইল	ঐ	।০	।০॥৶	।১	।৬	।৬	।৩
রুট							
খেসারি							
মাষ							
মুগ							
		০	৶৷	২॥	৭৷	৩॥	০॥	৸৷	৵৩॥
		৪/	৬/	॥৵/	॥৩/	০	৸৩/	০	০
		২/	৩/	৵২/	৸২/	৬/	৩/	৵৩/	/৸২/
		॥৩/	০	০	০৷	৷	॥৩/	৵০৷	৩/
		০৷	০	০	৬/	০	।৪/	০	০
		০৷	০	৩/	৸৩/	৩৷	॥৩/	০	০
		/	৸/	৩/	০	॥৩/	০৷	৩/	/৸৩/	০
		০	০	০	৵৷	০	০	০	০	০
		০	০	০	৶৷	০	০	০	০	৵৬৷৬॥
		০	০	০	০	০	০	০	।৬॥	৵৷৩॥
		০	০	০	০	০	০	০	০	০
ধান		০	০	০	০	০॥	০	/৩॥	০
গোল আ		৩৷	॥০৷	৸/	২৷	০	॥৯॥	৵৬৮/	৩৷৩৷৩
		০	৵৷	৷১	৷	৷৷	/	৷৷	

SCHEDULE B.

No. of Suit.

In the Court of

Plaintiff.

at

Defendant.

(Name, description, and address.)

Whereas [*here enter the name, description, and address of the Plaintiff*] has instituted a suit in this Court against you [*here state the particulars of the claim as in the Register.*] : you are hereby summoned to appear in this Court in person on the day of at in the forenoon [*if not specially required to appear in person, state*—" in person or by pleader of the Court duly instructed and able to answer all material questions relating to the suit, or who shall be accompanied by some other person able to answer all such questions"] to answer the above-named plaintiff. [*If the summons be for the final disposal of the suit, this further direction shall be added here ;* " and as the day fixed for your appearance is appointed for the final disposal of the suit, you must be prepared to produce all your witnesses on that day"] ; and you are hereby required to take notice that, in default of your appearance on the day before mentioned, the suit will be heard and determined in your absence ; and you will bring with you (or send by your agent) [*here mention any document the production of which may be required by the plaintiff*] which the plaintiff desires to inspect, and any document on which you intend to rely in support of your defence.

SCHEDULE C. to the foregoing scheme of Procedure.

Court at

Register of Appeals from Decrees in the year 18

| Date of Memorandum. | | |

তি ছিল তাহার নাম।

| | | |

zance of any suit brought on a cause of action which shall have been heard and determined by a Court of competent jurisdiction in a former suit between the same parties or between parties under whom they claim.

[Revision of judgments of the Civil Courts.]

to answer all material questions relating to the suit, or by a pleader who shall be accompanied by some other person able to answer all such questions. The Court shall determine at the time of issuing the summons whether it shall be for the settlement of issues only or for the final disposal of the suit, and the summons shall contain a direction accordingly.

[Personal appearance of defendant or plaintiff. If resident within 50 miles. Or within the local jurisdiction of the Court.]

42. If the Court see reason to require the personal attendance of the defendant, the summons shall order the defendant to appear personally in Court on the day therein specified. If the Court see reason to require the personal attendance of the plaintiff on that day, it may make an order for such attendance. Provided that no plaintiff or defendant shall be ordered to attend in person, who at the time is *bonâ fide* residing at a distance of more than fifty miles from the place where the Court is held, unless he be resident within the limits of the jurisdiction of the Court.

[Summons shall order defendant to produce documents.]

43. The summons to appear shall order the defendant to produce any written document in his possession or power, of which the plaintiff demands inspection, or upon which the defendant intends to rely in support of his defence.

[Form of summons.]

44. The summons shall be in the Form contained in the Schedule (B) hereunto annexed or to the like effect.

[The day for appearance of defendant how to be fixed.]

45. The day for the appearance of the defendant shall be fixed by the Court with reference to the place of residence of the defendant, and the time necessary for the service of the summons; and the day shall be so fixed as to allow the defendant a sufficient time to enable him to appear and answer in person or by a pleader on such day.

[Court may order personal appearance of a Director or Secretary in suits against a Corporation or Company.]

46. In suits against a Corporation or a Company authorized to sue and be sued in the name of an Officer or Trustees, the Court may, if it think proper, require the personal attendance of any Director, Secretary, or other principal Officer of the Corporation or Company who may be able to answer all material questions relating to the suit.

কীয় গুরুতর সকল সওয়ালের উত্তর দিতে পারে এমত উকীলের দ্বারা, কিম্বা সেই সকল সওয়ালের উত্তর করিতে পারে এমত অন্য কোন লোক উকীলের সঙ্গে দিয়া সেই উকীলের দ্বারা হাজির হইয়া দাওয়ার জওয়াব করে। ঐ সমন কেবল ইস্যু নিণয় করিবার নিমিত্তে হয়, কি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হইবার নিমিত্তে হয়, এই কথা আদালত সমন দিবার সময়ে নির্দ্ধার্য্য করিবেন, ও তদনুসারে সমনে আদেশ থাকিবেক।

[আসামী কি ফরিয়াদী ৫০ মাইলের মধ্যে কিম্বা আদালতের এলাকার সীমার মধ্যে কোন স্থানে থাকিলে তাহার স্বয়ং হাজির হইবার কথা।]

৪২। আসামী নিজে হাজির হয় এমত হুকুম করিবার কারণ যদি আদালত জানেন, তবে সমনে এই হুকুম থাকিবেক যে, আসামী ঐ সমনের নিরূপিত দিনে আপনি আদালতে হাজির হয়। ও সেই দিনে ফরিয়াদীও আপনি হাজির হয় এমত হুকুম করিবার কারণ আদালত জানিলে, তাহাকেও হাজির হইতে হুকুম করিতে পারিবেন। পরন্তু আদালতের বৈঠক যে স্থানে হয় তাহাহইতে পঁচিশ ক্রোশের অধিক দূর কোন স্থানে আসামী কি ফরিয়াদী সেই সময়ে প্রকৃতপ্রস্তাবে বাস করিলে, তাহার নিজে হাজির হইবার হুকুম হইবেক না, কিন্তু আদালতের এলাকার সীমার মধ্যে বাস করিলে হইতে পারিবেক।

[আসামীকে দলীল উপস্থিত করাইবার হুকুম সমনে থাকিবার কথা।]

৪৩। আসামীর কাছে কিম্বা তাহার ক্ষমতার মধ্যে থাকা যে কোন লিখিত দলীল সৃষ্টি হইবার প্রার্থনা ফরিয়াদী করে, কিম্বা যে দলীলের দ্বারা আসামী আপনার জওয়াব সাবুদ করিতে মনস্থ করে, তাহাও উপস্থিত করিবার হুকুম আসামীর হাজির হইবার ঐ সমনে থাকিবেক।

[সমন লিখিবার পাঠের কথা।]

৪৪। এই আইনে সংলগ্ন B চিহ্নের যে তফসীল আছে তদনুসারে কিম্বা তাহার মর্ম্মমতে সমন লিখিতে হইবেক।

[আসামীর হাজির হইবার দিন নিরূপণ যে প্রকারে করিতে হইবেক তাহার কথা।]

৪৫। আসামী যে স্থানে বাস করে ও সমন জারী করিবার যত কাল লাগিবেক তাহা বিবেচনা করিয়া আদালত আসামীর হাজির হইবার দিন নির্দ্ধার্য্য করিবেন। ও আপনি কিম্বা উকীলের দ্বারা আসামীর জওয়াব করিতে হাজির হইবার উপযুক্ত সময় থাকে, ইহা বুঝিয়া দিন নির্দ্ধার্য্য হইবেক।

[চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির নামে নালিশ হইলে তাহার ডৈরেক্টরের কি সেক্রেটারীর হাজির হইবার হুকুম করিবার কথা।]

৪৬। যদি চার্টরপ্রাপ্ত কোন সমাজের কি কোম্পানির নামে নালিশ হয়, ও সেই সমাজের কিম্বা কোম্পানির কোন কার্য্যকারকের কি ট্রষ্টিরদের নাম ধরিয়া ঐ সমাজ কি কোম্পানি নালিশ করিতে পারেন, কিম্বা তাঁহারদের নামে নালিশ হইতে পারে, তবে আদালত উচিত বোধ করিলে ঐ সমাজের কি কোম্পানির কোন ডৈরেক্টরের কি সেক্রেটারীর কিম্বা প্রধান অন্য যে কার্য্যকারক মোকদ্দমাসংক্রান্ত গুরুতর সকল সওয়ালের উত্তর দিতে পারিবেন তাঁহার নিজে হাজির হইবার হুকুম করিতে পারিবেন।

SERVICE OF SUMMONS ON THE DEFENDANT.

[Summons shall be served by Officer of Court.]

47. The summons shall be delivered to the Nazir or other proper Officer of the Court to be served by himself or one of his subordinates, and such Officer shall be responsible for its due service.

[How service shall be made. When there are several defendants.]

48. Service of the summons shall be made by delivering or tendering a copy thereof under the signature of the Judge and seal of the Court; and when there are more defendants than one, service of the summons shall be made on each defendant.

[Service to be on defendant in person, when practicable. Service on agent sufficient.]

49. Whenever it may be practicable the service shall be on the defendant in person, unless he have an agent empowered to accept the service, in which case service on such agent shall be sufficient.

[Who may be an agent to receive service.]

50. Besides the recognized agents described in Section 17, any person residing within the jurisdiction of the Court may be appointed an agent to receive the service of summonses and other processes.

[Appointment of such agent to be in writing and to be filed in Court.]

51. The appointment of such agent shall be in writing, and the original appointment, or a copy thereof if the appointment be a general one, shall be filed in the Court.

[Agent of Government.]

52. The Government pleader in each Court shall be accounted the agent of the Government for the purpose of receiving services of summonses and other judicial processes against the Government, issuing out of the Court in which he may be the pleader of Government.

[If defendant cannot be found, and has no agent, service may be made on a male member of his family.]

53. When the defendant cannot be found, and has no agent empowered to accept the service of the summons, it may be made on

আসামীর উপর সমন জারী করিবার বিধি।

[আদালতের আমলার দ্বারা সমন জারী হইবার কথা।]

৪৭। সমনপত্র আদালতের নাজিরকে কি উপযুক্ত অন্য আমলাকে দেওয়া যাইবেক, ও তিনি আপনি কি আপনার অধীন কোন আমলার দ্বারা তাহা জারী করাইবেন ও তাহার উপযুক্তমতে জারী হইবার দায় ঐ নাজিরপ্রভৃতির প্রতি থাকিবেক।

[সমন যেরূপে জারী হইবেক তাহার কথা, ও আসামী অনেক জন থাকিলে সমন জারীর কথা।]

৪৮। বিচারকর্ত্তার দস্তখৎ ও আদালতের মোহরযুক্ত সমনপত্রের এক কেতা নকল আসামীকে দিলে কি তাহাকে দেখাইয়া তাহা লইতে বলিলে সমন জারী হইবেক। যদি আসামী এক জনের অধিক থাকে, তবে এক২ জন আসামীর উপর সমন জারী করিতে হইবেক।

[নিজ আসামীর উপর সমন জারী হইতে পারিলে হইবেক। কিন্তু মোক্তারের উপর জারী হইলে সিদ্ধ হইবার কথা।]

৪৯। নিজ আসামীর উপর সমন জারী করিতে পারিলে করিতে হইবেক। কিন্তু তাহার সেই সমন গ্রহণ করিবার ক্ষমতাপন্ন মোক্তার থাকিলে, সেই মোক্তারের উপর সমন জারী হইলে সিদ্ধ হইবেক।

[সমন গ্রহণ করিবার মোক্তার যাহারা হইতে পারে তাহারদের কথা।]

৫০। ১৭ ধারাতে যে ক্ষমতাপন্ন মোক্তারেরদের কথা আছে তাহারা ভিন্ন, আদালতের এলাকার মধ্যে যে কোন লোক বাস করে, সে সমনপত্র ও অন্য২ পরওয়ানা গ্রহণ করিবার মোক্তারী পদে নিযুক্ত হইতে পারিবেক।

[সেই প্রকারের মোক্তারকে লিখিত পত্রদ্বারা নিযুক্ত করিবার ও সেই লিপি আদালতে দাখিল করিবার কথা।]

৫১। সেই প্রকারের মোক্তারকে লিখিত পত্রদ্বারা নিযুক্ত করিতে হইবেক। ও তাহাকে নিযুক্ত করিবার আসল লিপি, কিম্বা আম মোক্তারনামা হইলে তাহার এক কেতা নকল, আদালতে দাখিল করিতে হইবেক।

[গবর্ণমেণ্টের মোক্তার।]

৫২। প্রত্যেক আদালতে গবর্ণমেণ্টের যে উকীল থাকেন, তিনি সেই আদালতহইতে গবর্ণমেণ্টের নামে বাহিরহওয়া সমন ও আদালতের অন্য সকল পরওয়ানা গ্রহণ করিবার নিমিত্তে গবর্ণমেণ্টের মোক্তারস্বরূপ জ্ঞান হইবেন।

[যদি আসামীর সন্ধান না পাওয়া যায় ও তাহার মোক্তার না থাকে তবে তাহার পরিবারের কোন পুরুষের উপর সমন জারী হইবার কথা।]

৫৩। যদি আসামীর সন্ধান না পাওয়া যায়, ও সমন গ্রহণ করিবার ক্ষমতাপ্রাপ্ত তাহার মোক্তার না থাকে, তবে সেই সমন তাহার পরিবারের মধ্যে

any adult male member of his family residing with him.

[In all cases the person served is to be required to endorse the summons. But service is sufficient without.]

54. In all cases where the summons is served on the defendant personally or any agent or other person on his behalf, the serving Officer shall require the signature of the person on whom the service may be made, to an acknowledgment of service, to be endorsed on the original summons or on a copy thereof under the seal of the Court. If such person refuse to sign the acknowledgment, the service of the summons shall nevertheless be held sufficient, if it be otherwise proved to the satisfaction of the Court.

[If the summons cannot be served, a copy shall be fixed to the door of the dwelling house. If defendant do not dwell in the place mentioned, the summons shall be returned with an endorsement of non-service. Proviso.]

55. When the defendant cannot be found, and there is no agent empowered to accept the service, nor and other person on whom the service can be made, the serving Officer shall fix the copy of the summons on the outer door of the house in which the defendant is dwelling; and if he is not dwelling in the place mentioned in the summons, the serving Officer shall return the summons to the Court from whence it issued with an endorsement thereon that he has been unable to serve it. Provided that, if the serving Officer is informed that the defendant is to be found or has his dwelling in a place within the jurisdiction of the Court other than that indicated in the summons, the Officer may proceed to that place to serve the summons.

[If served, time and manner of service to be endorsed on summons.]

56. The serving Officer shall, in all cases in which the summons has been served, endorse on the original summons or on a copy thereof under the seal of the Court, the time when and the manner in which it was served.

[When summons is returned unserved, Court to order substituted service, if satisfied that the defendant is avoiding service.]

57. When a summons is returned to the Court without having been served, if the plaintiff shall satisfy the Court that there is reasonable ground for believing that the defendant is keeping out of the way of its Officer for the purpose of avoiding the service of the summons, the Court shall order the summons to be served by fixing up a copy thereof upon some conspicuous place in the Court-house,

বয়ঃপ্রাপ্ত যে কোন পুরুষ তাহার সঙ্গে বাস করে তাহার উপর জারী হইতে পারিবেক।

[যাহার উপর সমন জারী হইল সমনপত্রের পৃষ্ঠে তাহার দস্তখৎ করিবার কথা। কিন্তু দস্তখৎ না হইলেও সমন জারী হইলে সিদ্ধ হইবেক।]

৫৪। সমন নিজ আসামীর উপর জারী হইলে কি তাহার তরফে কোন মোক্তারের কি অন্য লোকের উপর জারী হইলে পর, ঐ সমন জারী হইয়াছে আসল সমনপত্রের কিম্বা আদালতের মোহরযুক্ত তাহার এক কেতা নকলের পৃষ্ঠে লেখা এই কথায় ঐ সমন জারীকরণিয়া সেই আমলা, যাহার উপর জারী করিয়াছে তাহাকে, দস্তখৎ করিতে আজ্ঞা করিবেক। সেই লোক যদি দস্তখৎ করিতে স্বীকার না করে তবু তাহা জারী হইয়াছে ইহার প্রমাণ অন্য কোন প্রকারে আদালতের সদ্বোধমতে করা গেলে তাহাই সিদ্ধ জ্ঞান হইবেক।

[সমন জারী হইতে না পারিলে তাহার নকল বসতবাটীর দ্বারে লাগাইবার কথা ও আসামী উল্লিখিত স্থানে বাস না করিলে জারী না হওয়ার কথা পৃষ্ঠে লিখিয়া ফিরিয়া দিবার কথা ও বর্জিত বিধি।]

৫৫। যদি আসামীর সন্ধান পাওয়া না যায়, ও সমন গ্রহণ করিবার ক্ষমতাপন্ন কোন মোক্তারও না থাকে, ও যাহার উপর সমন জারী হইতে পারে এমত অন্য লোকও না থাকে, তবে আসামী যে বাটীতে বাস করে তাহার বাহিরের দ্বারে ঐ সমন জারীকরণিয়া আমলা ঐ সমনের নকল লট্‌কাইবেক। ও আসামী সমনের লিখিত স্থানে যদি বাস না করে, তবে সমন জারীকরণিয়া আমলা তাহা জারী করিতে পারিল না এই কথা পৃষ্ঠে লিখিয়া, ঐ সমন যে আদালতহইতে বাহির হইয়াছিল সেই আদালতে ফিরিয়া দিবেক। কিন্তু সমনের লিখিত স্থানভিন্ন ঐ আদালতের এলাকার শামিল অন্য কোন স্থানে আসামীকে পাওয়া যায় কি তাহার নিবাস আছে, ঐ সমন জারীকরণিয়া আমলা এমত সম্বাদ পাইলে, সমন জারী করিবার জন্যে সেই স্থানে যাইতে পারিবেক।

[সমন জারী হইলে, যে সময়ে ও যে প্রকারে জারী হয় তাহা পৃষ্ঠে লিখিবার কথা।]

৫৬। যদি সমন জারী হয়, তবে যে সময়ে ও যে প্রকারে জারী হইয়াছে তাহা সমন জারীকরণিয়া আমলা আসল সমনের কিম্বা আদালতের মোহরযুক্ত তাহার নকলের পৃষ্ঠে লিখিবেক।

[সমন জারী না হইয়া ফিরিয়া আনা গেলে, ও আসামী ঐ সমনহইতে পরিত্রাণ পাইবার চেষ্টা পাইতেছে ইহা সদ্বোধমতে জানিলে তাহা অন্য প্রকারে জারী করিবার কথা।]

৫৭। সমন যদি জারী না হইয়া আদালতে ফিরিয়া আনা যায়, ও সমন জারী না হয় এই অভিপ্রায়ে আসামী আদালতের আমলাহইতে সৎগোপনে থাকে এমত বিশ্বাস করিবার উপযুক্ত কারণ আছে, ইহা যদি ফরিয়াদী আদালতের সদ্বোধমতে দেখাইতে পারে, তবে আদালত ঘরের কোন প্রকাশ স্থানে, ও আসামী যে স্থানে শেষে বাস করিয়াছে তাহা জানা গেলে তাহার সেই শেষ বাসগৃহের দ্বারে ঐ সমনপত্রের এক কেতা নকল লট্‌কাইয়া

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮২৯। ১১ মে।]

and also upon the door of the house in which the defendant shall have last resided, if it be known where he last resided; or that the summons shall be served in such other manner as the Court shall think proper. And the service which shall be substituted by order of the Court, shall be as effectual to all intents and purposes as if it had been effected in the manner above specified.

[When service is substituted, the time for appearance to be fixed.]

58. Whenever service shall be substituted by order of the Court by virtue of the power contained in the last preceding Section, the Court shall fix such time for the appearance of the defendant as the case may require.

[How the summons is to be served when the defendant is resident within the jurisdiction of another Court and has no agent to accept service.]

59. If the defendant be resident within the jurisdiction of any Court other than that in which the suit is instituted, and have no agent empowered to accept the service, the Court in which the suit is instituted shall transmit the summons, either by an Officer of the Court or by post, to any Court having jurisdiction at the place where the defendant resides, by which it can be most conveniently served, and shall fix such time for the appearance of the defendant as the case may require; and the Court to which the summons is transmitted, shall, upon receipt of the summons, deliver the same to the Nazir or other proper Officer of such Court, to be served in the manner above directed; and upon the return of the summons by the serving Officer, it shall be retransmitted to the Court from whence it originally issued.

[How the summons is to be served when the defendant resides out of the British territories in India and has no agent to accept service. Time for appearance. In case of non-appearance of defendant, Court may direct suit to proceed subject to conditions.]

60. If the defendant be resident out of the British territories in India, and have no agent empowered to accept the service, the summons shall be addressed to the defendant at the place where he may reside, and forwarded to him by post: in such case the time for the appearance of the defendant shall be regulated by the time which may be required for communication by post between the place at which the Court is held and the place where the defendant resides; and if, on the day fixed for the hearing of the suit or on any day to which the hearing may be adjourned, the defendant shall not appear when the suit is called on for hearing, and it shall not be proved that the summons was served on the defendant in sufficient time to enable him to appear and answer on the day so fixed, the Court may dismiss the suit, or may proceed to hear and determine the same exparte, as may seem just.

তাহা জারী হয়, আদালত এমত হুকুম করিতে পারিবেন। কিম্বা আদালত অন্য যে প্রকারে উচিত বোধ করেন সমন সেই প্রকারে জারী হয়, এমত আজ্ঞা করিবেন। ও আদালতের হুকুমক্রমে অন্য যে প্রকারে সমন জারী হয়, তাহা পূর্ব্বের লিখিত প্রকারে জারী হইবার মতে সর্ব্বতোভাবে সফল হইবেক।

[সমন অন্য প্রকারে জারী হইবার আজ্ঞা হইলে হাজির হইবার সময় নিরূপণের কথা।]

৫৮। ইহার পূর্ব্বের ধারার লিখিত শক্তিক্রমে যদি আদালতের হুকুমমতে সমন অন্য প্রকারে জারী হয়, তবে বিষয় বুঝিয়া আসামীর হাজির হইবার যে সময় নিরূপণ করিতে হয় আদালত এমত সময় নিরূপণ করিবেন।

[আসামী অন্য আদালতের এলাকায় বাস করিলে ও সমন গ্রহণ করিবার তাহার মোক্তার না থাকিলে সমন যে প্রকারে জারী হইবেক তাহার কথা।]

৫৯। মোকদ্দমা যে আদালতে করা যায় তাহার এলাকাভিন্ন যদি আসামী অন্য কোন আদালতের এলাকার মধ্যে বাস করে, ও সমন গ্রহণ করিতে পারে তাহার এমত মোক্তার যদি না থাকে, তবে যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায় সেই আদালত আপনার কোন আমলার দ্বারা কিম্বা ডাকযোগে, অর্থাৎ যে উপায়ে অতি সুবিধামতে সমন জারী হয় সেই উপায়ে, আসামী যে স্থানে বাস করে সেই স্থান যে আদালতের এলাকার মধ্যে থাকে সেই আদালতে ঐ সমন পাঠাইবেন। ও বিষয় বুঝিয়া আসামীর হাজির হইবার যে সময় নিরূপণ করিতে হয় এমত সময় নিরূপণ করিবেন। যে আদালতে ঐ সমন পাঠান যায় ঐ আদালত সেই সমন পাইলে উপরের বিধানমতে জারী হইবার জন্যে ঐ আদালতের নাজিরকে কি উপযুক্ত অন্য আমলাকে দিবেন। ও সমন জারীকরণিয়া আমলা তাহা ফিরিয়া আনিলে, যে আদালতহইতে প্রথমে বাহির হইল সেই আদালতে ফিরিয়া পাঠান যাইবেক।

[আসামী ভারতবর্ষে ব্রিটনীয়েরদের শাসিত দেশের বাহিরে বাস করিলে ও সমন গ্রহণ করিবার তাহার মোক্তার না থাকিলে, সমন জারী হইবার ও হাজির হইবার সময়ের কথা, ও হাজির না হইলে কোন নিয়মাধীনে মোকদ্দমা চলিবার হুকুম করিতে আদালতের ক্ষমতার কথা।]

৬০। আসামী ভারতবর্ষে ব্রিটনীয়েরদের শাসিত দেশের বাহিরে যদি বাস করে, ও তাহার সমন গ্রহণ করিবার ক্ষমতাপন্ন কোন মোক্তার না থাকে, তবে আসামী যে স্থানে থাকে সেই স্থানের নাম ও আসামীর নাম সমনের শিরনামায় লিখিয়া তাহা ডাকযোগে তাহার নিকটে পাঠান যাইবেক। তাহা হইলে আদালতঘর যে স্থানে আছে সেই স্থানহইতে ডাকযোগে আসামীর বাসস্থানে পত্র পঁহুছিবার যত দিন লাগে, তাহা বুঝিয়া আসামীর হাজির হইবার সময় নিরূপণ করিতে হইবেক। ও মোকদ্দমা শুনিবার যে দিন নিরূপণ হয় সেই দিনে, কিম্বা তখন মুলতবী রাখিয়া অন্য যে দিনে মোকদ্দমা শুনা যায় সেই দিনে, যদি আসামী আপনি কি উকীলের দ্বারা

[*Government Gazette*, 13*th May*, 1859.]

fendant shall not appear in person or by pleader, the plaintiff may apply to the Court, and it shall be lawful for the Court to direct that the plaintiff shall be at liberty to proceed with his suit in such manner and subject to such conditions as to the Court may seem meet.

[In suits for immoveable property, service may in certain cases be made on agent in charge of such property.]

61. When the suit is for land or other immoveable property, and the summons for any reason cannot be served on the defendant in person, and the defendant has no agent empowered to accept the service, the summons may be served on any agent of the defendant in charge of such land or other immoveable property.

[How service may be made on Government Servants. Service on Officers and Soldiers.]

62. When the defendant is in the service of the Government, the Court may transmit a copy of the summons to the head Officer of the Office in which the defendant is employed, for the purpose of being served on him, if it shall appear to the Court that the summons may be most conveniently so served. If the defendant be an Officer or Soldier, the Court shall transmit a copy of the summons to the Commanding Officer of the Corps to which the defendant belongs, for the purpose of being served on him. The Officer to whom the summons is transmitted, after causing the summons to be served on the person to whom it is addressed if practicable, shall return it to the Court with the written acknowledgment of such person endorsed thereon. If from any cause the summons cannot be served upon the person to whom it is addressed, it shall be returned to the Court by which it was transmitted with information of the cause which has prevented the service. In such case the Court shall adopt such other means of serving the summons as it may deem proper.

[Service on a Corporation or Company.]

63. When the suit is against a Corporation or a Company authorized to sue and be sued in the name of an Officer or Trustees, the summons may be served by leaving the same at the registered Office (if any) of the Company, or sending it through the Post Office by a letter addressed to such Office, or by giving it to any Director, Secretary, or other principal Officer of the Corporation or Company.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

হাজির না হয়, তবে ফরিয়াদী আদালতে দরখাস্ত করিলে, আদালত যেপ্রকারে ও যে নিয়ম উচিত বোধ করেন সেই প্রকারে ও সেই নিয়মে ফরিয়াদী মোকদ্দমা চালাইতে পারে এমত হুকুম করিতে পারিবেন।

[স্থাবর সম্পত্তির নিমিত্তে মোকদ্দমা হইলে সেই সম্পত্তি যে কার্য্যকারকের জিম্মায় থাকে তাহার উপর কোন২ স্থলে সমন জারী হইবার কথা।]

৬১। মোকদ্দমা যদি জমীর কি স্থাবর অন্য সম্পত্তির বাবৎ হয়, ও কোন কারণে সেই সমন নিজ আসামীর উপর জারী হইতে না পারে, ও আসামীর সমনপত্র গ্রহণ করিবার ক্ষমতাপন্ন কোন মোক্তার না থাকে, তবে সেই জমী কি স্থাবর অন্য সম্পত্তি আসামীর যে কার্য্যকারকের জিম্মায় থাকে তাহার উপর সমন জারী হইতে পারিবেক।

[সরকারের চাকরেরদের ও সেনাপতিরদের ও সৈন্যেরদের উপর সমন জারী করিবার বিধি।]

৬২। আসামী যদি সরকারী কর্ম্মে থাকে, তবে যে দফুরখানায় কর্ম্ম করে তাহার প্রধান কার্য্যকারকের নিকটে সেই সমনের এক কেতা নকল পাঠাইলে অতি সুবিধামতে জারী হইতে পারিবেক আদালত এমত বিবেচনা করিলে, ঐ সমন তাহার উপর জারী হইবার জন্যে, সেই কার্য্যকারকের নিকটে পাঠাইবেন। আসামী যদি সেনাপতি কি সৈন্য হন, তবে যে পল্টনে থাকেন সেই পল্টনের অধ্যক্ষ সাহেবের নিকটে আদালত ঐ সমনের এক কেতা নকল আসামীর উপর জারী হইবার জন্যে পাঠাইবেন। ঐ সমন সৈন্যাধ্যক্ষ যে সাহেবের কি যে কার্য্যকারকের নিকটে পাঠান যায় তিনি যদি পারেন, তবে যাঁহার নামে সমন দেওয়া গেল তাঁহার উপর জারী করাইবেন, ও সমন জারী হইয়াছে ঐ সমনপত্রের পৃষ্ঠের এই কথায় আসামীর দস্তখৎ করাইয়া সেই সমনপত্র আদালতে ফিরিয়া পাঠাইবেন। সমন যাঁহার নামে দেওয়া গিয়াছে তাঁহার উপর যদি কোন কারণে জারী হইতে না পারে, তবে যে কারণে হইতে পারে নাই তাহা লিখিয়া সমনপত্র যে আদালতহইতে পাঠান গিয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠান যাইবেক। তাহা হইলে আদালত সমন জারী করিবার অন্য যে উপায় উচিত বোধ করেন সেই উপায়মতে জারী করিবেন।

[চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির উপর জারী হইবার কথা।]

৬৩। কোন চার্টরপ্রাপ্ত সমাজের কি কোম্পানির নামে মোকদ্দমা হইলে, ও সেই সমাজ কি কোম্পানি নালিশ করিলে কি তাঁহারদের নামে নালিশ হইলে যদি তাহার কোন কার্য্যকারকের কি ট্রষ্টিরদের নাম ধরিয়া নালিশ করিবার কি নালিশ হইবার অনুমতি হয়, তবে ঐ কোম্পানির রেজিষ্টরীকরা দফুরখানা থাকিলে সেই দফুরখানায় সমন পাঠাইলে, কিম্বা পত্রের শিরনামায় সেই দফুরখানার ঠিকানা লিখিয়া পত্রদ্বারা ডাকযোগে পাঠাইলে, কিম্বা চার্টরপ্রাপ্ত ঐ সমাজের কি কোম্পানির কোন ডৈরেক্টর কি সেক্রেটারী কি প্রধান অন্য কার্য্যকারককে দিলে, ঐ সমন জারী হইতে পারিবেক।

[In what case a letter may be substituted for a summons.]

64. Nothing contained in the preceding rules shall be construed to prevent the Court from substituting for the summons, a letter or other appropriate communication under the signature of the Judge and seal of the Court, when the person whose appearance is required is of a rank which entitles him to such mark of consideration. The letter or other communication shall contain all the particulars required to be stated in the summons, and shall be treated in all respects as a summons.

[Service how to be made in such case.]

65. When a letter or other communication is substituted for a summons under the authority of the last preceding Section, it may be transmitted through the Post Office, or by a special messenger selected by the Court, or in any other manner which the Court may deem sufficient; unless the party shall have an agent empowered to accept service of judicial process, in which case delivery to such agent shall be deemed sufficient service.

[Proof of due service and delivery of summons, letter, &c. transmitted through the post.]

66. Whenever it is provided that any summons, letter, or other communication, may be transmitted to the person to whom it is addressed through the Post Office, proof that the same was correctly addressed to such person, at his place of residence, and that it was duly posted and registered according to Section XXXVIII. of Act XVII. of 1854 (*for the management of the Post Office, for the regulation of the duties of Postage, and for the punishment of offences against the Post Office*), shall be sufficient proof of the due service and delivery of the summons, letter, or other communication, in the absence of evidence to the contrary.

OF SUITS AGAINST GOVERNMENT AND PUBLIC OFFICERS.

[In suits against Government, summons to be served on Government Pleader. Appearance and answer.]

67. If the suit be against the Government, the summons shall be served on the Government Pleader. The Court, in fixing the day for the Government to answer to the plaint, shall allow a reasonable time for the necessary communication with the Government through the proper channels, and for the issue of instructions to the Government Pleader to appear and answer on behalf of the Government, and may extend the time at its discretion on the

[*Government Gazette*, 13*th May*, 1859.]

[সমনের পরিবর্ত্তে পত্র পাঠাইবার কথা।]

৬৪। যাঁহার হাজির হইবার প্রয়োজন হয়, তিনি যে শ্রেণীর লোক হন তাহা বুঝিয়া যদি বিশেষ সম্মানের যোগ্য হন, তবে সমন না পাঠাইয়া বিচারকর্ত্তার দস্তখৎ ও আদালতের মোহরযুক্ত পত্র কি উপযুক্ত অন্য লিপি তাঁহার নামে পাঠান যাইতে পারিবেক, ও ইহার পূর্ব্বের কোন বিধির কোন কথাতে ইহার বাধা হয় এমত অর্থ করিতে হইবেক না। সমনে যে সকল বিশেষ কথা লিখিবার আজ্ঞা হইল, তাহা সেই পত্রেতে কি অন্য লিপিতে লেখা থাকিবেক ও সেই পত্রাদি লইয়া সর্ব্বপ্রকারে সমনের ন্যায় কার্য্য হইবেক।

[এমন স্থলে পত্র জারী করিবার কথা।]

৬৫। ইহার পূর্ব্বের ধারার বলে যদি সমনের পরিবর্ত্তে পত্র কি অন্য লিপি পাঠাইতে হয়, তবে তাহা ডাকযোগে, কিম্বা আদালতের মনোনীত বিশেষ কোন দূতের দ্বারা, কিম্বা আদালত অন্য যে প্রকারে উপযুক্ত জ্ঞান করেন সেই প্রকারে, পাঠান যাইতে পারিবেক। কিন্তু আদালতের পরওয়ানা গ্রহণ করিতে পারেন আসামীর এমত মোক্তার থাকিলে, ঐ মোক্তারকে ঐ পত্রাদি দেওয়া গেলে তাহা উপযুক্তমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক।

[ডাকযোগে প্রেরিত সমন ও পত্রাদির উচিতমতে জারী হইবার ও পঁহুছিবার প্রমাণের কথা।]

৬৬। কোন সমন কি পত্র কি অন্য লিপি যাঁহার নামে দেওয়া যায় তাঁহার নিকটে ডাকযোগে পাঠাইবার বিধি যে স্থলে খাটে, এমত স্থলে ঐ সমনের কি পত্রের কি অন্য লিপির উপযুক্তমতে জারী না হইবার ও না পঁহুছিবার প্রমাণ যদি না থাকে, তবে সেই লোকের বাসস্থান উপযুক্তরূপে শিরনামায় লেখা গিয়াছিল ও তাহা "ডাকঘরের কর্ম্মনির্ব্বাহের এবং ডাকমাসুলের নিয়ম করণের এবং ডাকঘরের বিপরীত দোষের দণ্ড করণের বিষয়ে আইন" নামে ১৮৫৪ সালের ১৭ আইনের ৩৮ ধারামতে উচিতরূপে ডাকে দেওয়া গিয়াছিল ও রেজিষ্টরী করা গিয়াছিল ইহার প্রমাণ যদি হয়, তবে ঐ সমন কি পত্রাদির উপযুক্তমতে জারী হইবার ও পঁহুছিবার প্রচুর প্রমাণ হইবেক।

গবর্ণমেণ্টের নামে ও সরকারী কার্য্যকারকেরদের নামে যে মোকদ্দমা হয় তাহার বিধি।

[গবর্ণমেণ্টের নামে মোকদ্দমা হইলে গবর্ণমেণ্টের উকীলের উপর সমন জারী করিবার, ও তাঁহার হাজির হইবার ও জওয়াব করিবার কথা।]

৬৭। মোকদ্দমা যদি গবর্ণমেণ্টের নামে হয় তবে গবর্ণমেণ্টের উকীলের উপর সমন জারী করিতে হইবেক। ও গবর্ণমেণ্টের তরফে ঐ নালিশের আরজীর জওয়াব করিবার দিন নিরূপণ করণ সময়ে, উপযুক্ত কার্য্যকারক সাহেবেরদের দ্বারা গবর্ণমেণ্টের সঙ্গে আবশ্যকমতে লেখাপড়া হইতে পারে, ও গবর্ণমেণ্টের তরফে হাজির হইয়া জওয়াব করিবার উপদেশ গবর্ণমেণ্টের উকীলকে দেওয়া যাইতে পারে, আদালত ইহার উপযুক্ত অবকাশ দিয়া দিন নিরূপণ করিবেন, ও গবর্ণমেণ্টের উকীল প্রা-

application of the Government Pleader. The Court may also, if it think proper, direct the attendance of a person who may be able to answer all material questions relating to the suit.

[In suits against Government Officers for alleged official acts, summons to be served on them.]

68. If the suit be against an Officer of the Government for an act which the plaintiff alleges to have been done by such Officer in his official capacity, the summons shall be served upon such Officer in the manner hereinbefore provided.

[Court may grant extension of time to enable Officer to make a reference to Government.]

69. If the Officer on receiving the summons shall consider it proper to make a reference to Government before answering to the plaint, he may move the Court to grant such extension of the time fixed in the summons as may be necessary to enable him to make such reference and to receive orders thereon through the proper channels; and the Court upon such motion may extend the time for so long as shall appear to it to be requisite.

[If Government undertake defence, Government Pleader to appear and move that a note of his appearance be entered in the Register.]

70. If the Government shall undertake the defence of the suit, the Government Pleader shall be furnished with authority to appear and answer to the plaint; and, upon motion made by him, the Court shall order a note to that effect to be entered in the Register.

[If no such motion be made, case to proceed as in a suit between private parties. But defendant not liable to arrest before judgment.]

71. If such motion shall not be made by the Government Pleader on or before the day fixed in the notice for the defendant to appear and answer to the plaint, the case shall proceed as in a suit between private parties except that the defendant shall not be liable to arrest before judgment.

[Defendant may in certain cases be exempted from personal appearance.]

72. If in any such suit the Court shall require the personal appearance of the defendant, and the defendant shall satisfy the Court that he cannot absent himself from his duty without injury to the public service, the Court shall exempt him from such appearance, but

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।

থনা করিলে আদালত আপনার বিবেচনামতে ঐ মিয়াদ বৃদ্ধি করিতে পারিবেন। আরো আদালত যদি উচিত বোধ করেন তবে মোকদ্দমাসংক্রান্ত গুরুতর সকল সওয়ালের উত্তর দিতে পারে এমত কোন লোকের হাজির হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[সরকারী পদে যে কর্ম্ম হইয়াছে এমত কোন কর্ম্মের জন্যে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদের নামে নালিশ হইলে তাঁহারদের উপর সমন জারী হইবার কথা।]

৬৮। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের কোন কর্ম্মের নিমিত্তে ফরিয়াদী যদি তাঁহার নামে নালিশ করে, অথচ সেই কর্ম্ম তিনি আপন পদোপলক্ষে করিয়াছেন ইহা যদি বলে, তবে সমন ইহার পূর্ব্বে লিখিত বিধানমতে সেই কার্য্যকারকের উপর জারী হইবেক।

[সেই কার্য্যকারক গবর্ণমেণ্টে প্রস্তাব করিতে পারেন আদালতের এমত অবকাশ দিবার কথা।]

৬৯। সেই কার্য্যকারক সমন পাইলে পর যদি নালিশের আরজীর জওয়াব দিবার পূর্ব্বে গবর্ণমেণ্টে কোন কথা প্রস্তাব করা উচিত বোধ করেন, তবে উপযুক্ত কার্য্যকারকেরদের দ্বারা সেই প্রস্তাব করিবার ও তদ্বিষয়ের হুকুম পাইবার যত সময় আবশ্যক হয় তাহা বুঝিয়া আদালত সমনের নিরূপিত মিয়াদ বৃদ্ধি করেন, তিনি এমত প্রার্থনা আদালতে করিতে পারিবেন। ও সেই প্রকারের প্রার্থনা হইলে আদালত যত দিন আবশ্যক জ্ঞান করেন তত দিন পর্য্যন্ত মিয়াদ বৃদ্ধি করিতে পারিবেন।

[যদি গবর্ণমেণ্ট জওয়াব দিতে মনস্থ করেন তবে গবর্ণমেণ্টের উকীলের হাজির হইয়া তাঁহার হাজির হওয়ার কথা রেজিষ্টরে লেখা যায় এমত প্রার্থনা করিবার কথা।]

৭০। যদি গবর্ণমেণ্ট সেই নালিশের জওয়াব দিতে স্থির করেন, তবে গবর্ণমেণ্টের উকীলকে হাজির হইয়া সেই নালিশের আরজীর জওয়াব দিবার ক্ষমতা দেওয়া যাইবেক। ও তিনি প্রার্থনা করিলে আদালত সেই মর্ম্মের মন্তব্য কথা রেজিষ্টরী বহীতে লিখিতে হুকুম করিবেন।

[যদি সেইরূপ প্রার্থনা না হয়, তবে সাধারণ দুই পক্ষের মধ্যে মোকদ্দমা যেমন চলে তেমনি চলিবার, কিন্তু নিষ্পত্তি হইবার পূর্ব্বে আসামীকে কয়েদ করিয়া না রাখিবার কথা।]

৭১। আসামীর হাজির হইয়া নালিশের আরজীর জওয়াব দিবার যে দিন এত্তেলাতে নিরূপিত হইল, সেই দিনে কি তাহার পূর্ব্বে যদি গবর্ণমেণ্টের উকীল সেই প্রকারের প্রার্থনা না করেন তবে সেই মোকদ্দমা সাধারণ দুই পক্ষের মধ্যে চলিবার মতে চলিবেক। কেবল এই বিশেষ যে, নিষ্পত্তি হইবার আগে আসামীকে কয়েদ করিয়া রাখা যাইতে পারিবেক না।

[কোন২ স্থলে আসামীর নিজে হাজির না হইবার কথা।]

৭২। সেই প্রকারের কোন মোকদ্দমাতে যদি আদালত আসামীর স্বয়ং হাজির হইবার আজ্ঞা করেন, ও আপন কর্ম্ম ছাড়িয়া গেলে সরকারী কর্ম্মের অবশ্য ক্ষতি হইবেক ইহা যদি আসামী আদালতের হৃদ্বোধমতে দেখাইতে পারেন, তবে আদালত তাঁহার হাজির হওয়া ক্ষমা করিতে পারিবেন, কিন্তু অনুপস্থিত সাক্ষির জোবানবন্দী

he shall be liable to be examined in any way in which an absent witness may be examined.

How Persons not before the Court may be made Parties to a Suit.

[Court may adjourn hearing and direct that parties appearing to be interested in a suit shall be made parties to the suit.]

73. If it appear to the Court, at any hearing of a suit, that all the persons who may be entitled to, or who claim some share or interest in the subject matter of the suit, and who may be likely to be affected by the result, have not been made parties to the suit, the Court may adjourn the hearing of the suit to a future day to be fixed by the Court, and direct that such persons shall be made either plaintiffs or defendants in the suit as the case may be. In such case the Court shall issue a notice to such persons in the manner provided in this Act for the service of a summons on a defendant.

Of Arrest before Judgment.

[In suits for moveable property, when defendant is about to leave the jurisdiction, &c., plaintiff may apply that security be taken.]

74. If in any suit, not being a suit for land or other immoveable property, the defendant, with intent to avoid or delay the plaintiff, or to obstruct or delay the execution of any decree that may be passed against him, is about to leave the jurisdiction of the Court, or has disposed of or removed from the jurisdiction of the Court his property or any part thereof, the plaintiff may, either at the institution of the suit, or at any time thereafter until final judgment, make an application to the Court that security be taken for the appearance of the defendant to answer any judgment that may be passed against him in the suit.

[Court may issue warrant to bring up defendant to show cause why he should not give bail.]

75. If the Court, after examining the applicant and making such further investigation as it may consider necessary, shall be of opinion that there is probable cause for believing that the defendant is about to leave its jurisdiction with the intent of avoiding or delaying the plaintiff, or that he has disposed of or removed from the jurisdiction of the Court

যে২ প্রকারে লওয়া যাইতে পারে সেই আসামীর জোবানবন্দী সেই প্রকারেও লওয়া যাইতে পারিবেক।

যাহারদের নাম আদালতে দেওয়া যায় নাই এমত লোকদিগকে মোকদ্দমার এক পক্ষের মধ্যে গ্রহণ করিবার বিধি।

[মোকদ্দমা মুলতবী রাখিয়া মোকদ্দমাতে যাহারদের সম্পর্ক দৃষ্ট হয় তাহারদিগকে মোকদ্দমার এক পক্ষের মধ্যে গ্রহণ করিতে আদালতের আজ্ঞা করিবার কথা।]

৭৩। মোকদ্দমা যে বিষয় লইয়া হয় তাহার কোন অংশে কি সম্পর্কে যাহারদের স্বত্ব কি দাওয়া থাকে, কিম্বা মোকদ্দমার শেষ ফলে যাহারদের ক্ষতিবৃদ্ধি হইবার সম্ভাবনা, এমত সকল লোককে মোকদ্দমার দুই পক্ষের মধ্যে ধরা গেল না, কোন মোকদ্দমা শুনিবার সময়ে যদি আদালতের এমত দৃষ্ট হয়, তবে আদালত মোকদ্দমা মুলতবী রাখিয়া মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন, ও সেই সকল লোককে বিষয় বুঝিয়া ফরিয়াদী কি আসামী করা যায় এমত হুকুম করিতে পারিবেন। এমত স্থলে আসামীর উপর সমন জারী করিবার যে বিধি এই আইনেতে আছে সেই বিধিমতে আদালত সেই লোকেরদের উপর এত্তেলা জারী করাইবেন।

মোকদ্দমার নিষ্পত্তির পূর্ব্বে আসামীকে আটক করিয়া রাখিবার বিধি।

[অস্থাবর সম্পত্তির মোকদ্দমায় আসামী এলাকা ছাড়িয়া যাইতে উদ্যত হইলে, তাহার হাজির-জামিন লইবার জন্যে ফরিয়াদীর দরখাস্তের কথা।]

৭৪। জমীর কি স্থাবর অন্য সম্পত্তির মোকদ্দমা না হইয়া অন্য কোন মোকদ্দমাতে, ফরিয়াদীহইতে নিষ্কৃতি পাইবার কি তাহার বিলম্ব করিবার জন্যে, কিম্বা আসামীর বিপক্ষে ডিক্রী হইলে তাহা জারী করিবার বাধা কি বিলম্ব হয় এই অভিপ্রায়ে, যদি আসামী আদালতের এলাকাহইতে চলিয়া যাইতে উদ্যত হয়, কিম্বা আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিয়া কি আদালতের এলাকাহইতে স্থানান্তর করিয়া থাকে, তবে মোকদ্দমা উপস্থিত করিবার সময়ে, কিম্বা তাহার পরে নিষ্পত্তি হইবার আগে কোন সময়ে, ফরিয়াদী আদালতে এই দরখাস্ত করিতে পারিবেক যে, মোকদ্দমাতে আসামীর বিপক্ষে ডিক্রী হইলে আসামী তাহার মতে কর্ম্ম করে এই নিমিত্তে তাহার হাজির হইবার জামিন লওয়া যায়।

[আসামীর জামিন দিবার কারণ নাই ইহা দর্শাইবার জন্যে আদালত তাহাকে আনাইবার পরওয়ানা জারী করিতে পারিবেন।]

৭৫। আদালত সেই দরখাস্তকারিকে জিজ্ঞাসাবাদ করিলে পর, ও অধিক যে তদারক আবশ্যক বোধ করেন তাহা করিলে পর, যদি এমত বুঝিতে পান যে, আসামী ফরিয়াদীহইতে নিষ্কৃতি পাইবার জন্যে কি তাহার বিলম্ব করিবার জন্যে, আদালতের এলাকাহইতে স্থানান্তরে যাইতে উদ্যত আছে, কিম্বা কোন ডিক্রী জারীর বাধা কি বিলম্ব হয় এই জন্যে আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর

his property or any part thereof with the intent to obstruct or delay the execution of any decree, it shall be lawful for the Court to issue a warrant to the proper Officer, enjoining him to bring the defendant before the Court, that he may show cause why he should not give good and sufficient bail for his appearance.

[If defendant fail to show cause, Court may order him to give bail. Appeal.]

76. If the defendant fail to show such cause, the Court shall order him to give bail for his appearance at any time when called upon while the suit is pending, and until execution or satisfaction of any decree that may be passed against him in the suit; and the surety or sureties shall undertake, in default of such appearance, to pay any sum of money that may be adjudged against the defendant in the suit, with costs. Any order made by the Court, under the provisions of this Section, shall be open to appeal by the defendant.

[Deposit in lieu of bail.]

77. Should a defendant offer, in lieu of bail for his appearance, to deposit a sum of money or other valuable property sufficient to answer the claim against him, with the costs of the suit, the Court may accept such deposit.

[Defendant to be committed to custody if he cannot give security.]

78. In the event of the defendant neither furnishing security nor offering a sufficient deposit, he may be committed to custody until the decision of the suit, or if judgment be given against the defendant until the execution of the decree, if the Court shall so order.

[Compensation to defendant arrested on insufficient grounds. Proviso as to amount.]

79. If it shall appear to the Court that the arrest of the defendant was applied for on insufficient grounds, or if the suit of the plaintiff is dismissed or judgment is given against him by default or otherwise and it shall appear to the Court that there was no probable ground for instituting the suit, the Court may (on the application of the defendant) award against the plaintiff in its decree such amount, not exceeding the sum of one thousand Rupees, as it may deem a reasonable compensation to the defendant for any injury or loss which he may have sustained by reason of such arrest. Provided that the Court shall not award a larger amount of compensation under this Section than it is competent to such Court to decree in an action for damages. An

করিয়াছে, কিম্বা আদালতের এলাকাহইতে স্থানান্তর করিয়াছে, ইহা যদি বিশ্বাস করিবার কারণ আছে তবে আসামীর উত্তম ও উপযুক্ত হাজিরজামিন দেওয়া কর্ত্তব্য নয় এমত কারণ দর্শাইবার জন্যে তাহাকে আদালতের সম্মুখে আনাইতে আজ্ঞা করিয়া আদালত উপযুক্ত আমলাকে পরওয়ানা দিবেন।

[আসামী কারণ দর্শাইতে না পারিলে তাহার জামিন দিবার হুকুমের কথা ও আপীলের কথা।]

৭৬। যদি আসামী সেইরূপ কারণ দেখাইতে না পারে, তবে মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে, ও মোকদ্দমাতে তাহার বিপক্ষে কোন ডিক্রী হইলে সেই ডিক্রী যত কাল জারী না হয় কি শোধ না হয় তত কাল তাহাকে কোন সময়ে তলব করা গেলে সে হাজির হয়, এই নিমিত্তে আদালত তাহাকে জামিন দিতে আজ্ঞা করিবেন। ও তাহার জামিন কি জামিনেরা এই করার করিবেক যে, আসামী যদি হাজির না হয় তবে মোকদ্দমার নিষ্পত্তিমতে তাহার যত টাকা দিবার হুকুম হয় সেই টাকা ও মোকদ্দমার খরচা আমরা দিব। এই ধারার বিধানমতে আদালত যে কোন হুকুম করেন তাহার উপর আসামী আপীল করিতে পারিবেক।

[জামিনের পরিবর্ত্তে টাকা আমানৎ।]

৭৭। যদি আসামী হাজিরজামিনী না দিয়া তাহার উপর যে দাওয়া আছে মোকদ্দমার খরচাসমেত সেই দাওয়া যত টাকা হয় তত টাকা কি তত মূল্যের সম্পত্তি আমানৎ করিতে চাহে, তবে আদালত সেই আমানৎ গ্রাহ্য করিতে পারিবেন।

[আসামী জামিনী না দিলে তাহাকে হাজতে রাখিবার কথা।]

৭৮। যদি আসামী জামিনী না দেয় ও উপযুক্ত টাকা আমানৎ করিতে প্রস্তাব না করে, তবে মোকদ্দমার নিষ্পত্তি যত কাল না হয় কিম্বা আসামীর বিপক্ষে ডিক্রী হইলে তাহা যত কাল জারী না হয়, তত কাল আদালত হুকুম করিলে তাহাকে হাজতে রাখা যাইতে পারিবেক।

[আসামীকে অনুপযুক্ত কারণে আটক করিয়া রাখা গেলে তাহার ক্ষতিপূরণের কথা ও ক্ষতিপূরণের টাকা নির্দ্ধার্য্য করিবার কথা ও বর্জ্জিত বিধি।]

৭৯। উপযুক্ত কারণ না থাকিতেও আসামীকে আটক করিয়া রাখিবার দরখাস্ত হইয়াছে, আদালত যদি ইহা দেখিতে পান, কিম্বা যদি ত্রুটিপ্রযুক্ত কি অন্য কারণে ফরিয়াদীর নালিশ ডিসমিস হয়, কি তাহার বিপক্ষে ডিক্রী হয়, ও মোকদ্দমা করিবার কোন সম্ভাবিত কারণ ছিল না আদালতের যদি এমত বোধ হয়, তবে আসামী দরখাস্ত করিলে তাহার সেইরূপে আটক থাকাপ্রযুক্ত যে কিছু ক্ষতি কি হানি হইয়া থাকিবেক তাহার পরিশোধে, আদালত হাজার টাকাপর্য্যন্ত যত উচিত বোধ করেন ফরিয়াদীর তত টাকা দিবার হুকুম ডিক্রীতে লিখিবেন। কিন্তু খেনারতের নালিশে ঐ আদালত যত টাকার ডিক্রী করিতে পারেন, তাহার অধিক টাকার হুকুম এই ধারামতে ক্ষতির পরিশোধে করিবেন না। এই ধারামতে ক্ষতিপূরণের হুকুম

award of compensation under this Section shall bar any suit for damages in respect of such arrest.

[When the defendant is about to leave India, the application to be made to the Court.]

80. If in any suit the defendant is about to leave the British territories in India with intent to remain absent so long that the plaintiff will or may thereby be obstructed or delayed in the execution of any decree that may be passed against the defendant; the plaintiff may make an application to the Court to the effect and in the manner aforesaid, and the procedure thereupon shall be in all respects the same as hereinbefore provided.

Of Attachment before Judgment.

[In what cases plaintiff may apply before judgment for security from defendant to fulfil decree, and in default for an attachment of defendant's property.]

81. If the defendant, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him, is about to dispose of his property or any part thereof, or to remove any such property from the jurisdiction of the Court where the suit is pending, the plaintiff may apply to the Court, either at the time of the institution of the suit or at any time thereafter until final judgment, to call upon the defendant to furnish sufficient security to fulfil any decree that may be passed against him in the suit, and, on his failing to give such security, to direct that any property, moveable or immoveable, belonging to the defendant, shall be attached until the further order of the Court.

[Application how to be made.]

82. The application shall contain a specification of the property required to be attached, and the estimated value of each article or item thereof; and the plaintiff shall, at the time of making the application, declare that the defendant is about to dispose of or remove his property with such intent as aforesaid.

[Form of warrant to be issued.]

83. If the Court, after examining the applicant and making such further investigation as it may consider necessary, shall be satisfied that the defendant is about to dispose of or remove his property, with intent to obstruct or delay the execution of the decree, it shall be lawful for the Court to issue a warrant to the proper Officer, commanding him to call upon the defendant, within a time to be fixed by the Court, either to furnish security in such sum as may be specified in the order to produce and place at the disposal of the Court when requir-

হইলে, সেইরূপে আটক থাকাপ্রযুক্ত খেসারতের মোকদ্দমা হইতে পারিবেক না।

[যদি আসামী দেশ ছাড়িয়া যাইতে উদ্যত হয় তবে আদালতে দরখাস্ত হইবার কথা।]

৮০। কোন মোকদ্দমার আসামী যদি ভারতবর্ষে ব্রিটনীয়েরদের শাসিত দেশ ছাড়িয়া যাইতে উদ্যত হয়, ও তাহার বিরুদ্ধে কোন ডিক্রী হইলে ফরিয়াদীর সেই ডিক্রী জারী করিবার বাধা কি বিলম্ব হইবেক কি হইতে পারিবেক, তাহার যদি এত কাল বিদেশে থাকিবার মানস হয়, তবে ফরিয়াদী পূর্ব্বোক্ত মর্ম্মের ও পূর্ব্বোক্ত প্রকারের দরখাস্ত আদালতে করিবেক, ও তাহা হইলে ইহার পূর্ব্বের বিধিমতে সর্ব্ব প্রকারে কার্য্য হইবেক।

নিষ্পত্তির পূর্ব্বে সম্পত্তি ক্রোক করিবার বিধি।

[ডিক্রীর পূর্ব্বে আসামীর স্থানে ডিক্রীমতে কার্য্য করিবার জামিনী লইবার ও তাহা না দিলে তাহার সম্পত্তি ক্রোক করিবার কথা।]

৮১। আসামীর বিরুদ্ধে যে ডিক্রী হইতে পারে সেই ডিক্রী জারীর বাধা কি বিলম্ব হয় এই মানসে যদি আসামী আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিতে, কিম্বা যে আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে সেই আদালতের এলাকাহইতে তদ্রূপ কিছু সম্পত্তি স্থানান্তর করিতে উদ্যত হয় তবে ফরিয়াদী মোকদ্দমা উপস্থিত করিবার কালে কিম্বা তৎপরে নিষ্পত্তি হইবার আগে কোন সময়ে ঐ আদালতে এই দরখাস্ত করিতে পারিবেক যে, মোকদ্দমায় আসামীর বিপক্ষে ডিক্রী হইলে সে ঐ ডিক্রীমতে কর্ম্ম করিবার উপযুক্ত জামিনী দেয়, ও না দিলে, আদালতের যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ তাহার স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি ক্রোক হইয়া থাকে আদালতের এমত হুকুম হয়।

[দরখাস্ত যে প্রকারে করিতে হইবেক।]

৮২। যে সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হয় তাহা ও একং দ্রব্যের কি দফার অনুমান যত মূল্য হয় তাহা ঐ দরখাস্তে স্পষ্ট করিয়া লিখিতে হইবেক। ও আসামী পূর্ব্বোক্ত অভিপ্রায়ে আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছে, ঐ দরখাস্ত করিবার সময়ে ফরিয়াদীর এমত এজহার করিতে হইবেক।

[যে পরওয়ানা জারী হইবেক তাহার পাঠ।]

৮৩। ডিক্রী জারী হইবার বাধা কি বিলম্ব করিবার নিমিত্তে আসামী আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছে, এই কথা দরখাস্তকারিকে জিজ্ঞাসাবাদ করিলে ও অধিক যে তদারক করা আবশ্যক বোধ করেন তাহা করিলে পর যদি আদালত হৃদ্বোধমতে জানেন, তবে আদালত উপযুক্ত আমলাকে আসামীর উপর এই হুকুম জারী করিবার পরওয়ানা দিবেন যে, আসামী উক্ত সম্পত্তি কিম্বা তাহার মূল্য, কিম্বা ডিক্রীমতে কার্য্য হইবার জন্যে তাহার যত প্রচুর হয় তত ঐ আদালতের হুকুম হইলে উপস্থিত করিবেক ও তাহা লইয়া আদালত যেমন হুকুম

ed the said property or the value of the same or such portion thereof as may be sufficient to fulfil the decree, or to appear and show cause why he should not furnish security. The Court may also in the warrant direct the attachment until further order of the whole or any portion of the property specified in the application.

[If cause be not shown or security be not furnished, property may be attached. Withdrawal of attachment.]

84. If the defendant fail to show such cause or to furnish the required security within the time fixed by the Court, the Court may direct that the property specified in the application, if not already attached, or such portion thereof as shall be sufficient to fulfil the decree, shall be attached until further order. If the defendant show such cause or furnish the required security, and the property specified in the application or any portion of it shall have been attached, the Court shall order the attachment to be withdrawn.

[How the attachment is to be made. Appeal.]

85. The attachment shall be made according to the nature of the property to be attached, in the manner hereinafter prescribed for the attachment of property in execution of a decree for money. Any order for the attachment of property under the preceding Section shall be open to appeal by the defendant.

[Claims to property attached before judgment, how to be investigated.]

86. In the event of any claim being preferred to the property attached before judgment, such claim shall be investigated in the manner hereinafter prescribed for the investigation of claims to property attached in execution of a decree for money.

[Attachment may be removed when security is furnished.]

87. In all cases of attachment before judgment, the Court which passed the order for the attachment shall at any time remove the same, on the defendant furnishing security as above required, together with security for the costs of the attachment.

[Compensation for attachment applied for on insufficient grounds, &c. Proviso.]

88. If it shall appear to the Court that the attachment was applied for on insufficient grounds, or if the suit of the plaintiff is dismissed or judgment is given against him by default or otherwise and it shall appear to the Court that there was no probable ground for

করেন তেমনি করিবার জন্যে অর্পণ করিবেক এই করারে. ঐ হুকুমনামাতে যত টাকা নির্দ্দিষ্ট হইয়াছে তত টাকা জামিনীস্বরূপে আদালতের নিরূপিত সময়ে দাখিল করে, কিম্বা হাজির হইয়া সেই জামিনী দিবার প্রয়োজন না থাকার কারণ জানায়। আরো আদালত ঐ পরওয়ানাতে এই হুকুম করিতে পারিবেন যে, ঐ সমুদয় সম্পত্তি কিম্বা তাহার যত ঐ দরখাস্তে নির্দ্দিষ্ট হইয়াছে তত সম্পত্তি অন্যরূপ হুকুম যাবৎ না হয় তাবৎ ক্রোক করিয়া রাখা যায়।

[কারণ না জানান গেলে কি জামিন না দেওয়া গেলে সম্পত্তি ক্রোক হইবার ও ক্রোক উঠাইয়া দিবার কথা।]

৮৪। যদি আসামী সেইরূপ কারণ না জানাইতে পারে, কি যে জামিনী দিবার আজ্ঞা হইয়াছে তাহা আদালতের নিরূপিত সময়ের মধ্যে না দেয়, তবে দরখাস্তে যে সম্পত্তি নির্দ্দিষ্ট হইয়াছে তাহা আগে ক্রোক না হইলে, আদালত তাহা, কিম্বা ডিক্রীমতে কার্য্য হইবার জন্যে যত সম্পত্তি প্রচুর হয় তাহা অন্যরূপ হুকুম যত কাল না হয় তত কাল ক্রোক করিয়া রাখা যায়, এমত হুকুম করিতে পারিবেন। যদি আসামী তদ্রূপ কারণ জানায় কিম্বা হুকুমমতে জামিনী দেয়, ও দরখাস্তের লেখা সম্পত্তি কি তাহার কোন অংশ যদি আগে ক্রোক হইয়া থাকে তবে আদালত সেই ক্রোক উঠাইয়া দিতে হুকুম করিবেন।

[সম্পত্তির ক্রোক যে প্রকারে হইবেক তাহার কথা ও আপীলের কথা।]

৮৫। যে সম্পত্তি ক্রোক করিতে হইবেক তাহার প্রকার বুঝিয়া, টাকার ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক করিবার যে বিধি ইহার পরে নির্দ্দিষ্ট হইতেছে, সেই বিধিমতে ক্রোক করিতে হইবেক। ইহার পূর্ব্বের ধারামতে সম্পত্তি ক্রোক করিবার যে কোন হুকুম হয় তাহার উপর আসামী আপীল করিতে পারিবেক।

[নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক হয় তাহার উপর দাওয়া হইলে তাহার বিচারের কথা।]

৮৬। নিষ্পত্তি হওয়ার পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর যদি কেহ দাওয়া করে, তবে টাকার ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি ক্রোক হয় তাহার উপর কোন দাওয়ার বিচার করিবার যে বিধি ইহার পরে নির্দ্দিষ্ট হইতেছে সেই বিধিমতে ঐ দাওয়ার বিচার হইবেক।

[জামিনী দেওয়া গেলে ক্রোক উঠাইয়া দিবার কথা।]

৮৭। নিষ্পত্তি হইবার পূর্ব্বে যদি সম্পত্তি ক্রোক করা যায়, তবে আসামী পূর্ব্বোক্তমতের জামিনী, ও ক্রোক করিবার খরচের জামিনী দিলে যে আদালতহইতে ক্রোক করিবার হুকুম হইয়াছিল সেই আদালত কোন সময়ে ঐ ক্রোক উঠাইয়া দিবেন।

[অনুপযুক্ত কারণপ্রভৃতিতে ক্রোক হইবার দরখাস্ত হইলে ক্ষতিপূরণের কথা ও বর্জ্জিত বিধি।]

৮৮। যে কারণে ক্রোক হইবার দরখাস্ত হইয়াছিল তাহা যদি আদালতের বিবেচনাতে মাতবর না হয়, কিম্বা যদি ফরিয়াদীর নালিশ ডিসমিস হয়, কিম্বা ত্রুটিপ্রযুক্ত কি অন্য কারণে তাহার বিপক্ষে হুকুম হয়, ও আদালতের বিবেচনাতে যদি মোকদ্দমা করিবার কোন সম্ভাবিত কারণ ছিল

instituting the suit, the Court may (on the application of the defendant) award against the plaintiff in its decree such amount, not exceeding the sum of one thousand Rupees, as it may deem a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the attachment of his property. Provided that the Court shall not award a larger amount of compensation under this Section than it is competent to such Court to decree in an action for damages. An award of compensation under this Section shall bar any suit for damages in respect of such attachment.

[Attachment not to affect the rights of persons not parties to the suit, or bar the execution of decrees.]

89. Attachments before judgment shall not affect the rights of persons not parties to the suit, nor bar any person holding a decree against the defendant from applying for the sale of the property under attachment in execution of such decree.

১২১। কর্জ্জের বাবৎ মোকদ্দমা হইলে ফরিয়াদী আসামীর স্থানে যত দাওয়া করে, তাহা কাটিবার জন্যে যদি আসামী ফরিয়াদীর স্থানে আপনার পাওনা কিছু টাকা দাওয়া করিতে চাহে, তবে আসামী আপনার সেই দাওয়ার বেওরা ঐ বর্ণনাপত্রে লিখিয়া দাখিল করিবেক, তাহাতে আদালত সেই কথা তদন্ত করিবেন। কিন্তু আসামী যত টাকার দাওয়া করে তাহা যদি সেই আদালতের বিচার করিবার ক্ষমতার অধিক হয়, তবে যত অধিক হয় আসামী তত টাকা ত্যাগ করিতে পারিবেক। না করিলে আপনার ঐ পাওনা টাকার দাওয়া করিয়া ফরিয়াদীর দাওয়া কাটিতে পারিবেক না।

[No written statement to be received after first hearing unless called for by the Court. Court may at any time call for a written statement.]

122. No written statement shall be received after the first hearing of the suit, unless called for by the Court. But it shall be competent to the Court, at any time before final judgment, to call for a written statement, or an additional written statement from any of the parties. When such statements are called for by the Court, they shall be received on plain paper.

[মোকদ্দমা প্রথমে শুনিবার পরে আদালতহইতে তলব না হইলে ঐ বর্ণনাপত্র গ্রাহ্য না হইবার কথা ও আদালতের কোন সময়ে ঐ বর্ণনাপত্র তলব করিবার কথা।]

১২২। মোকদ্দমা প্রথমে শুনা যাইবার পরে, আদালতহইতে তলব না হইলে কোন বর্ণনাপত্র গ্রাহ্য হইবেক না। কিন্তু শেষ নিষ্পত্তি হইবার পূর্ব্বে কোন সময়ে আদালত কোন বর্ণনাপত্র কিম্বা পূর্ব্বের দাখিলকরা বর্ণনাছাড়া অন্য বর্ণনা কোন পক্ষের স্থানে তলব করিতে পারিবেন। আদালত সেই প্রকারের বর্ণনা তলব করিলে তাহা ইষ্টাম্প না হওয়া কাগজে গ্রাহ্য হইবেক।

[How written statements are to be framed. Written statements to be subscribed and verified.]

123. Written statements shall be as brief as the nature of the case will admit, and shall not be argumentative, nor by way of answer one to the other; but each statement shall be confined, as much as possible, to a simple narrative of the facts which the party by whom or on whose behalf the written statement is made believes to be material to the case, and which he believes he will be able to prove if called upon by the Court. Written statements shall be subscribed and verified in the manner hereinbefore provided for subscribing and verifying plaints, and no written statement shall be received unless it be so subscribed and verified.

[বর্ণনাপত্র যে পাঠে লিখিতে হইবেক তাহার কথা ও তাহাতে দস্তখৎ করিবার ও তাহা সত্য হওয়ার কথা লিখিবার কথা।]

১২৩। বিষয় বুঝিয়া যত সংক্ষেপে হয় তত সংক্ষেপ করিয়া বর্ণনাপত্র লিখিতে হইবেক, তাহা তর্কবিতর্কের মতে কিম্বা বিপক্ষের জওয়াব দিবার মতে লিখিতে হইবেক না। কিন্তু যে পক্ষ ঐ বর্ণনা লেখে কিম্বা যাহার নিমিত্তে ঐ বর্ণনা লেখা যায় সেই পক্ষ মোকদ্দমা বুঝিয়া যে সকল কথা প্রয়োজন বোধ করে, ও আদালতহইতে তলব হইলে যে সকল কথার প্রমাণ করিতে পারিবেক বোধ করে, কেবল সেই২ কথার সামান্য বর্ণনাভিন্ন সাধ্যমতে আর কিছু লিখিবেক না। আরজীতে দস্তখৎ করিবার ও তাহার কথা সত্য ইহা লিখিবার যে বিধি এই আইনেতে হইয়াছে, সেই বিধিমতে ঐ বর্ণনাপত্রেতেও দস্তখৎ করিতে হইবেক ও তাহার কথা সত্য ইহা লিখিতে হইবেক, ও সেই প্রকারে দস্তখৎ না হইলে ও তাহার লিখিত কথা সত্য ইহা না লেখা গেলে কোন বর্ণনাপত্র গ্রাহ্য হইবেক না।

[Court may reject a written statement which is argumentative, prolix, or irrelevant.]

124. If it shall appear to the Court that any written statement presented by or on behalf of a party, whether the same have been spontaneously tendered or have been called for by the Court, is argumentative or unnecessarily prolix, or that it contains matter irre-

[কোন বর্ণনাতে তর্কবিতর্কের কথা কি বহুল কথা কি অসম্পর্কীয় কথা থাকিলে আদালতের তাহা অগ্রাহ্য করিবার কথা।]

১২৪। কোন পক্ষ আপন ইচ্ছামতে কিম্বা আদালতহইতে তলব হইয়া যে বর্ণনাপত্র দাখিল করে, কিম্বা তাহার তরফে যে বর্ণনাপত্র দাখিল করা যায়, তাহাতে তর্কবিতর্কের কথা কিম্বা অনাবশ্যকমতে বহু কথা আছে, কিম্বা মোকদ্দমার সম্পর্কীয় নহে এমত কথা তাহাতে আছে, আদালতের যদি

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

levant to the suit, the Court may reject the same, and return it to the party with the order of rejection endorsed thereon; and it shall not be competent to a party whose written statement has been rejected for any of these causes to present another written statement, unless it shall be expressly called for or allowed by the Court.

OF THE EXAMINATION OF THE PARTIES.

[Oral examination of party &c. Oath. Substance of the examination to be written.]

125. At the first hearing of the suit, and if necessary at any subsequent hearing, any party who appears in person or is present in Court, or the pleader of any party who appears by a pleader, or if the pleader be accompanied by another person able to answer all material questions relating to the suit, then such other person, may be examined orally by the Court. Such examination shall (unless the pleader be the person examined) be upon oath or affirmation or otherwise according to the provisions of the law for the time being in force in relation to the examination of witnesses. The substance of the examination shall be reduced to writing and form part of the record.

[Consequence of refusal of a party to answer.]

126. If any party who appears in person or is present in Court shall without lawful excuse refuse to answer any material question relating to the suit which the Court may think proper to put to such party, the Court may pass judgment against him, or make such other order in relation to the suit as it may deem proper in the circumstances of the case.

[Consequence of refusal or inability of pleader to answer.]

127. If the pleader of any party who shall appear by a pleader shall refuse or be unable to answer any material question relating to the suit which the Court is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer, if interrogated in person, the Court may postpone the hearing of the suit to a future day and direct that such party shall attend in person on such day; and if the party so directed to attend shall without lawful excuse fail to appear in person on the day to be so appointed, the Court may pass judgment against him, or make such

[*Government Gazette, 13th May*, 1859.]

এমত বোধ হয়, তবে আদালত সেই বর্ণনাপত্র অগ্রাহ্য করিতে পারিবেন, ও তাহার পিঠে অগ্রাহ্য করিবার হুকুম লিখিয়া তাহা সেই পক্ষকে ফিরিয়া দিতে পারিবেন। ও উক্ত কোন কারণে যে পক্ষের বর্ণনাপত্র অগ্রাহ্য হইয়াছে, সে অন্য বর্ণনাপত্র দাখিল করিতে পারিবেক না। কেবল যদি আদালত তলব করেন কি অনুমতি দেন, তবে দাখিল করিতে পারিবেক।

OF THE EXAMINATION OF THE PARTIES.

উভয় পক্ষের জোবানবন্দী লইবার বিধি।

[কোন পক্ষপ্রভৃতির বাচনিক জোবানবন্দীর, ও শপথের কথা ও জোবানবন্দীর মর্ম্ম লিখিবার কথা।]

১২৫। মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে, ও আবশ্যক হইলে তাহার পর যে কোন সময়ে মোকদ্দমা শুনা যায় সেই সময়ে, যে কোন পক্ষ স্বয়ং হাজির হয় কি আদালতে উপস্থিত থাকে তাহার, কিম্বা কোন পক্ষ উকীলের দ্বারা হাজির হইলে সেই উকীলের, কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় গুরুতর সকল জিজ্ঞাসার উত্তর যে করিতে পারে এমত অন্য লোক যদি উকীলের সঙ্গে থাকে তবে সেই লোকের বাচনিক জোবানবন্দী আদালত লইতে পারিবেন। জোবানবন্দী সেই শপথ কি প্রতিজ্ঞাক্রমে, কিম্বা সাক্ষিরদের জোবানবন্দী লওনের যে আইন যে সময়ে চলন থাকে সেই আইনের বিধানমতে লওয়া যাইবেক, কিন্তু উকীলের জোবানবন্দী লওয়া গেলে শপথ কি প্রতিজ্ঞাক্রমে লওয়া যাইবেক না। ঐ জোবানবন্দীর মর্ম্ম লিখিয়া লওয়া যাইবেক, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের শামিল করা যাইবেক।

[কোন পক্ষ জওয়াব দিতে স্বীকার না করিলে তাহার ফল।]

১২৬। কোন পক্ষ স্বয়ং হাজির হইলে কিম্বা আদালতে উপস্থিত থাকিলে, ও আদালত তাহাকে মোকদ্দমাসম্পর্কীয় কোন গুরুতর কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করিলে, যদি সে কোন উপযুক্ত ওজর না থাকিতেও উত্তর দিতে স্বীকার না করে, তবে আদালত তাহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, অথবা বিষয়ের ভাবগতিক বুঝিয়া মোকদ্দমাসংক্রান্ত অন্য যে হুকুম উচিত জ্ঞান করেন তাহা করিবেন।

[উকীল উত্তর দিতে স্বীকার না করিলে কি না পারিলে তাহার ফল।]

১২৭। যদি কোন পক্ষ উকীলের দ্বারা উপস্থিত হয়, ও যদি সেই উকীল মোকদ্দমাসম্পর্কীয় কোন গুরুতর জিজ্ঞাসার উত্তর দিতে স্বীকার না করে কি না পারে, ও আদালত যদি বোধ করেন যে, উকীল যে ব্যক্তির নিমিত্তে উপস্থিত আছে তাহাকেই ঐ কথা জিজ্ঞাসা করা গেলে তাহার ঐ কথার উত্তর দেওয়া উচিত হইত ও সে দিতে পারিত, তবে আদালত ঐ মোকদ্দমা শুনিবার অন্য এক দিন নিরূপণ করিতে পারিবেন, ও সেই পক্ষ নিজে সেই দিনে হাজির হয় এমত আজ্ঞা করিতে পারিবেন। সেই প্রকারের আজ্ঞা যে পক্ষকে দেওয়া যায় সে যদি উপযুক্ত ওজর না থাকিতেও সেই প্রকারের নিরূপিত দিবসে নিজে উপস্থিত না হয়, তবে আদালত তাহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, অথবা

other order in relation to the suit as it may deem proper in the circumstances of the case.

OF THE PRODUCTION OF DOCUMENTS.

[Documentary evidence to be produced at first hearing.]

128. The parties or their pleaders shall bring with them, and have in readiness at the first hearing of the suit to be produced when called upon by the Court, all their documentary evidence of every description which may not already have been filed in Court, and all documents, writings, or other things which may have been specified in any notice which may have been served on them respectively within a reasonable time before the hearing of the suit; and no documentary evidence of any kind, which the parties or any of them may desire to produce, shall be received by the Court at any subsequent stage of the proceedings, unless good cause be shown to its satisfaction for the non-production thereof at the first hearing.

[Exhibits to be received and inspected by the Court. Rejection of exhibits.]

129. All exhibits produced by the parties shall be received and inspected by the Court; but it shall be competent to the Court, after inspection, to reject any exhibit which it may consider irrelevant or otherwise inadmissible, recording the grounds of such rejection.

[Documents insufficiently stamped may be received on payment of deficient duty and penalty. Proviso.]

130. If the exhibit be a deed, instrument, or writing, chargeable with stamp duty under any Regulation or Act for the time being in force, and it shall appear to the Court that the deed, instrument, or writing, although written on stamp paper, does not bear a sufficient stamp, the Court shall nevertheless receive the same in evidence, saving all just exceptions on other grounds, if the party producing it or requiring its production shall pay into Court the deficiency of the stamp duty and a penalty equal to ten times the amount of the deficiency. Provided that, if it shall appear to the Court that there are reasonable grounds for believing that the deed, instrument, or writing was not properly stamped with the intention of evading the stamp laws, the Court may reject the same.

[Account of monies so received to be kept. Monthly return to be made to Collector.]

131. An entry of the fact of such payment and of the amount thereof shall be made in a

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১১ মে।]

বিষয়ের ভাবগতিক বুঝিয়া মোকদ্দমাসংক্রান্ত অন্য যে হুকুম উচিত জ্ঞান করেন তাহা করিবেন।

দলীল উপস্থিত করিবার বিধি।

[মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে দলীল উপস্থিত করিবার কথা।]

১২৮। উভয় পক্ষের যে কোন প্রকারের দলীল পূর্ব্বে আদালতে দাখিল হয় নাই তাহা, ও মোকদ্দমা শুনিবার পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে যে কোন এত্তেলা তাহারদের উপর জারী হইয়া থাকে তাহাতে যে সকল দলীল কি খৎ কি অন্য দ্রব্য নির্দ্দিষ্ট থাকে তাহা সকলই, ঐ উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা সঙ্গে করিয়া আনিবেক, ও মোকদ্দমা প্রথমবার শুনিবার সময়ে আদালত আজ্ঞা করিলেই উপস্থিত করিবার জন্যে প্রস্তুত রাখিবেক। তৎপরে মোকদ্দমা চলিবার কোন সময়ে উভয় পক্ষ কি তাহারদের কেহ কোন প্রকারের যে কোন দলীল প্রমাণস্বরূপে উপস্থিত করিতে চাহে তাহা আদালতে গ্রাহ্য হইবেক না। কিন্তু যদি প্রথমবার শুনিবার সময়ে ঐ দলীল উপস্থিত না করিবার উপযুক্ত কারণ আদালতের হুদ্বোধমতে প্রকাশ করা যায় তবে পরে গ্রাহ্য হইতে পারিবেক।

[দস্তাবেজ আদালতের গ্রাহ্য করিয়া দৃষ্টি করিবার, কি অগ্রাহ্য করিবার কথা।]

১২৯। উভয় পক্ষ যে সকল দস্তাবেজ উপস্থিত করে, তাহা আদালত গ্রাহ্য করিবেন ও তাহাতে দৃষ্টি করিবেন। কিন্তু দৃষ্টি করিলে পর আদালতের এই ক্ষমতা থাকিবেক যে, তাহার মধ্যে যে কোন দস্তাবেজ মোকদ্দমার অসম্পর্কীয় কি অন্য প্রকারে গ্রাহ্য হইবার অনুপযুক্ত বোধ করেন, তাহা অগ্রাহ্য করেন ও অগ্রাহ্য করিবার কারণ লিখিয়া রিকার্ড করেন।

[দলীলে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প না থাকিলেও বাকী মূল্য ও জরীমানা দিলে পর তাহা গ্রাহ্য হইবার কথা ও বর্জ্জিত বিধি।]

১৩০। যে সময়ে যে আইন কি আক্ট চলন থাকে তদনুসারে যাহার উপর ইষ্টাম্পের মামুল লাগে, ঐ দস্তাবেজ যদি সেই প্রকারের দলীল কি খৎ কি লিপি হয় ও তাহা ইষ্টাম্প কাগজে লেখা হইলেও উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যায় নাই ইহা যদি আদালত দেখিতে পান, তবে যে পক্ষ তাহা আদালতে আনে সে, কিম্বা যে পক্ষের আদেশমতে তাহা আনা যায় সে, ঐ ইষ্টাম্পের বাকী মামুল দিলে, ও সেই বাকীর দশগুণ টাকা জরীমানা দিলে, ও সেই দলীলের অন্য কোন কারণে ন্যায্যমতে কিছু আপত্তি না থাকিলে, আদালত তাহা প্রমাণে গ্রাহ্য করিবেন কিন্তু ইষ্টাম্পের আইন প্রতারণা করিয়া এড়াইবার অভিপ্রায়ে ঐ দলীলে কি খতে কি লিপিতে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প দেওয়া যায় নাই, আদালতের বিবেচনাতে যদি এমত বিশ্বাস করিবার উপযুক্ত কারণ থাকে, তবে আদালত তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

[উক্ত প্রকারে যে টাকা পাওয়া যায় তাহার হিসাব রাখিবার ও তাহার রিটর্ণ মাসেং কালেক্টর সাহেবকে দিবার কথা।]

১৩১। সেই টাকা দেওয়া গিয়াছে এই কথা, ও যত টাকা দেওয়া গেল তাহা আদালতের রাখা এক

book to be kept in the Court, and shall also be endorsed on the back of such deed, instrument, or writing under the signature of the Judge of the Court. The Court shall at the end of every month make a return to the Collector of Revenue of the District of the monies (if any) which it has so received by way of duty or penalty, distinguishing between such monies, and stating the number and title of the suit, and the name of the party from whom such monies were received, and the date (if any) and description of the document, for the purpose of identifying the same; and the Court shall pay over the said monies to the Collector of Revenue, or to such person as he may appoint to receive the same; and the Collector of Revenue or other proper authority shall, upon production of the deed, instrument, or writing, with the endorsement hereinbefore mentioned, cause such additional stamp as may be necessary to be affixed to such deed, instrument, or writing in respect of the sums so paid as aforesaid.

[Admitted exhibits to be marked and filed. Proviso.]

132. When an exhibit is received by the Court and admitted in evidence, it shall be endorsed with the number and title of the suit, the name of the party producing it, and the date on which it was produced, and shall be filed as part of the record. Provided that, if the exhibit be an entry in any shop book or other book, the party on whose behalf such book is produced shall furnish a copy of the entry, which copy shall be endorsed as aforesaid, and shall be filed as part of the record, and the book shall be returned to the party producing it.

[No stamp duty in respect of the production or filing of exhibits.]

133. No stamp duty shall be leviable in respect of the production or filing of any exhibit, anything contained in any Regulation or Act notwithstanding.

[Rejected exhibits to be marked and returned. Unless detained by the Court.]

134. When an exhibit is rejected by the Court, it shall be endorsed in the manner specified in Section 132 with the addition of the word "rejected," and the endorsement shall be subscribed by the Judge. The exhibit shall then be returned to the party who produced it, unless the Court shall think proper, for special reasons (as on suspicion of forgery), to detain it.

[*Government Gazette*, 13*th May*. 1859.]

বহীতে লিখিয়া রাখিতে হইবেক, ও সেই কথা সেই দলীলের কি খতের কি লিপির পিঠে লিখিতে হইবেক, ও তাহাতে আদালতের বিচারকর্ত্তা দস্তখৎ করিবেন। আদালত সেই প্রকারে মামুল বলিয়া কি জরীমানা বলিয়া যে সকল টাকা পান তাহার এক রিটর্ণ মাসের শেষে জিলার রাজস্বের কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। ও মামুল বলিয়া যত টাকা ও জরীমানা বলিয়া যত টাকা পাইয়াছেন তাহা বিশেষ করিয়া লিখিবেন, ও মোকদ্দমার নম্বর ও খ্যাতি, ও যাহার স্থানে সেই টাকা পাওয়া গিয়াছে তাহার নাম, ও তারিখ থাকিলে সেই তারিখ, ও সেই দলীলপ্রভৃতি চিনিবার জন্যে তাহার বর্ণনাও সেই রিটর্ণে লিখিবেন। ও সেই টাকা আদালত রাজস্বের কালেক্টর সাহেবকে দিবেন, কিম্বা তিনি সেই টাকা লইবার জন্যে যাহাকে নিযুক্ত করেন তাহার হাতে দিবেন। ও পূর্ব্বোক্তমতে পিঠে দস্তখৎ। সেই দলীল কি খৎ কি লিপি রাজস্বের কালেক্টর সাহেবের কি উপযুক্ত অন্য কার্য্যকারকের নিকটে আনা গেলে, তিনি পূর্ব্বোক্তমতের দেওয়া টাকা বুঝিয়া সেই দলীলে কি খতে কি লিপিতে অধিক যত ইষ্টাম্প ছাপান আবশ্যক হয় তাহা ছাপাইবেন।

[যে দস্তাবেজ গ্রাহ্য হয় তাহাতে চিহ্ন দিয়া নথীতে রাখিবার কথা ও বর্জ্জিত বিধি।]

১৩২। যখন কোন দস্তাবেজ আদালতে গ্রহণ করা যায় ও প্রমাণস্বরূপে গ্রাহ্য হয়, তখন তাহার পৃষ্ঠে মোকদ্দমার নম্বর ও খ্যাতি ও যে ব্যক্তি তাহা উপস্থিত করে তাহার নাম ও যে তারিখে তাহা উপস্থিত করা যায় তাহা লেখা যাইবেক, ও তাহা নথীর এক কাগজ বলিয়া নথীর শামিল করা যাইবেক। পরন্তু ঐ দস্তাবেজ যদি দোকানের খাতার কি অন্য বহীর লেখা কথা হয়, তবে যাহার পক্ষে সেই খাতা আনা যায় তাহার সেই লেখা কথার এক কেতা নকল দাখিল করিতে হইবেক। সেই নকলের পিঠে পূর্ব্বোক্তমতে লেখা যাইবেক, ও তাহা নথীর এক কাগজ বলিয়া নথীর শামিল করা যাইবেক ও ঐ বহী যে জন আনিয়াছিল তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক।

[দস্তাবেজ উপস্থিত করিবার কি দাখিল করিবার জন্যে ইষ্টাম্পের মামুল না লাগিবার কথা।]

১৩৩। কোন দস্তাবেজ উপস্থিত করিবার কি দাখিল করিবার জন্যে কোন ইষ্টাম্পের মামুল লাগিবেক না। ইহার বিরুদ্ধ কোন কথা কোন আইনে কি আক্টে থাকিলেও লাগিবেক না।

[যে দস্তাবেজ অগ্রাহ্য হয় তাহা আদালত না রাখিলে তাহাতে চিহ্ন দিয়া ফিরিয়া দিবার কথা।]

১৩৪। যখন কোন দস্তাবেজ আদালতে অগ্রাহ্য হয়, তখন তাহার পৃষ্ঠে ১৩২ ধারার নির্দ্দিষ্টমতে লেখা যাইবেক, ও তদ্ভিন্ন "অগ্রাহ্য হইল" এই কথাও লেখা যাইবেক, ও পৃষ্ঠের সেই কথাতে বিচারকর্ত্তা দস্তখৎ করিবেন। তৎপরে যে জন ঐ দস্তাবেজ উপস্থিত করিয়াছিল তাহাকে তাহা ফিরিয়া দেওয়া যাইবেক, কিন্তু আদালত (জাল হওয়ার সন্দেহপ্রভৃতি) বিশেষ কারণে তাহা রাখা উপযুক্ত বোধ করিলে রাখিতে পারিবেন।

[After the time for appeal has elapsed, exhibit admitted in evidence may be returned.]

135. When the time for preferring an appeal from the decision passed in the suit has elapsed, or if an appeal has been preferred from such decision, then after the appeal has been finally disposed of, any person, whether a party to the suit or not, who may be desirous of receiving back any exhibit produced by him in the suit, shall be entitled, on application to the Court in which such exhibit may be, to receive back the same unless the further use of such exhibit has been superseded by the terms of the decree, or the Court has directed it to be detained for purposes of public justice.

[Exhibit may be returned before the time limited for special reasons. Certified copy to be kept.]

136. Any exhibit may be returned before the time mentioned in the last preceding Section, if the Court in which the document may be shall think proper, for special reasons, to order its return. But in every case a copy, properly certified, and made at the expense of the applicant, shall be substituted for the original in the record of the suit.

[Receipt to be given for returned exhibit.]

137. Whenever an exhibit once received by a Court of Justice and admitted in evidence is returned, a receipt shall be given by the party receiving it in a receipt-book kept for the purpose.

[Court may send for papers from its own records or from other public Offices or Courts. Except State papers.]

138. Any Civil Court may of its own accord, or upon the application of any of the parties to a suit, send for, either from its own record or from any other public Office or Court, the record of any other suit or case, or any other official papers (not being documents relating to affairs of State the production of which would be contrary to good policy) and inspect the same, when the inspection of such record or papers shall appear likely to elucidate the facts of the suit before the Court, and to promote the ends of justice.

Of the Settlement of Issues.

[Framing of issues.]

139. At the first hearing of the suit the

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

[আপীল করিবার মিয়াদ অতীত হইলে পর, প্রমাণে যে সকল দস্তাবেজ উপস্থিত করা গিয়াছিল তাহা ফিরিয়া দিবার কথা।]

১৩৫। মোকদ্দমাতে যে নিষ্পত্তি হইয়াছে তাহার উপর আপীল করিবার মিয়াদ অতীত হইলে পর, কিম্বা যদি সেই নিষ্পত্তির উপর আপীল হইয়া থাকে তবে সেই আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হইলে পর, মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক যে কোন লোক মোকদ্দমাতে দস্তাবেজ উপস্থিত করিয়াছিল সে তাহা ফিরিয়া পাইতে চাহিলে, যে আদালতে ঐ দস্তাবেজ থাকে সেই আদালতে দরখাস্ত করিয়া তাহা তাহার ফিরিয়া লইবার স্বত্ব থাকিবেক। কিন্তু যদি ডিক্রীর লিখিত কথার দ্বারা সেই দস্তাবেজ অকর্ম্মণ্য হয় কিম্বা যদি আদালত যথার্থ বিচার কার্য্যের উপলক্ষে তাহা রাখিবার হুকুম করিয়া থাকেন, তবে ফিরিয়া দেওয়া যাইবেক না।

[নিরূপিত সময়ের পূর্ব্বে বিশেষ কারণে দস্তাবেজ ফিরিয়া দিবার ও তাহার দস্তখতী নকল রাখিবার কথা।]

১৩৬। দলীল যে আদালতে আছে সেই আদালত যদি বিশেষ কারণে তাহা ফিরিয়া দিবার হুকুম করা উপযুক্ত বোধ করেন, তবে ইহার পূর্ব্বের শেষ লিখিত ধারার নিরূপিত সময়ের-ভাগে তাহা ফিরিয়া দেওয়া যাইতে পারিবেক। কিন্তু আসল দলীলের পরিবর্ত্তে, তাহার উপযুক্তমতে দস্তখৎ-করা এক কেতা নকল সর্ব্বদাই মোকদ্দমার নথীতে দিতে হইবেক। সেই নকল ঐ দলীল লইয়া যাইবার প্রার্থনা যে করে তাহার খরচে করা যাইবেক।

[দস্তাবেজ ফিরিয়া দেওয়া গেলে তাহার রসীদ লইবার কথা।]

১৩৭। দস্তাবেজের রসীদ বহী আদালতে রাখিতে হইবেক, ও কোন দস্তাবেজ একবার আদালতে গ্রহণ হইয়া ও প্রমাণে গ্রাহ্য হইয়া যখন ফিরিয়া দেওয়া যায়, তখন যে জন তাহা লইয়া যায় সে তাহা পাইয়াছে বলিয়া ঐ বহীতে রসীদ লিখিয়া দিবেক।

[আদালতের নিজ কিম্বা সরকারী অন্য দফ্তরখানাহইতে কি অন্য আদালতহইতে রাজ্যসম্পর্কীয় কাগজপত্র ছাড়া কাগজপত্র তলব করিবার কথা।]

১৩৮। দেওয়ানী কোন আদালত যদি বোধ করেন যে অন্য কোন মোকদ্দমার কাগজপত্র দৃষ্টি করিলে, তাঁহার সম্মুখে যে মোকদ্দমা উপস্থিত আছে তাহার বৃত্তান্ত আরো স্পষ্ট করা যায় ও যথার্থ বিচারের ফলোৎপাদন হয়, তবে সেই আদালত আপনার ইচ্ছামতে, কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে, আপনার নিরিশ্তাহইতে কিম্বা সরকারী অন্য কোন দফ্তরখানাহইতে কি অন্য আদালতহইতে অন্য কোন মোকদ্দমার কি বিষয়ের কাগজপত্র তলব করিতে পারিবেন। কিন্তু রাজ্যসম্পর্কীয় যে কাগজপত্র দর্শান রাজ্যনিয়মের বিরুদ্ধ হয় তাহা তলব করিতে পারিবেন না।

ইসু নির্ণয়ের বিধি।

[ইসু লিখিবার কথা।]

১৩৯। উভয় পক্ষের মধ্যে আইনঘটিত কি

Court shall enquire and ascertain upon what questions of law or fact the parties are at issue, and shall thereupon proceed to frame and record the issues of law and fact on which the right decision of the case may depend. The Court may frame the issues from the allegations of fact which it collects from the oral examination of the parties or their pleaders, notwithstanding any difference between such allegations of fact and the allegations of fact contained in the written statements, if any, tendered by the parties or their pleaders.

[Court may examine witnesses or documents before framing the issues.]

140. If the Court shall be of opinion that the issues cannot be correctly framed without the examination of some person other than the persons already before the Court or without the reading of some document not produced by any of such persons, it may adjourn the framing of the issues to a future day, to be fixed by the Court, and may compel the attendance of such person, or the production of the document by the person in whose hands it may be, by summons or other suitable process.

[Amendment of issues. Additional issues.]

141. At any time before the decision of the case, the Court may amend the issues or frame additional issues on such terms as to it shall seem fit, and all such amendments as may be necessary for the purpose of determining the real question or controversy between the parties shall be so made.

Of Issues by Agreement of Parties.

[Questions of fact or law may by agreement be stated by the parties in the form of an issue.]

142. When the parties to a suit are agreed as to the question or questions of fact or of law to be decided between them, they may state the same in the form of an issue, and enter into an agreement in writing, which shall not be subject to any stamp duty, that upon the finding of the Court in the affirmative or the negative of such issue, a sum of money specified in the agreement, or to be ascertained by the Court upon a question inserted in the issue for that purpose, shall be paid by one of the parties to the other of them, or that upon such finding some property specified in the agreement, and in dispute in the suit, shall be delivered by one of the parties to the other of them, or that upon such finding one or more of the parties shall do or perform some particular legal act, or shall refrain from

[*Government Gazette*, 13*th May*, 1859.]

বৃত্তান্তঘটিত যে বিশেষ কথা ধরিয়া বিবাদ হয়, তাহা আদালত মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে তদন্ত করিয়া নিশ্চয় করিবেন। ও তদনুসারে আইন ও বৃত্তান্ত ঘটিত যে বিশেষ কথার বিচার হইলে যথার্থ নিষ্পত্তি হয়, তাহা লিখিয়া রিকার্ড করিবেন। উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা যদি বর্ণনাপত্র দাখিল করে, ও উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দীহইতে যে বৃত্তান্ত অবগত হওয়া যায় তাহার সঙ্গে যদিঐ বর্ণনাপত্রের বৃত্তান্ত না মিলে, তবু আদালত সেই জোবানবন্দীহইতে যে বৃত্তান্ত বুঝেন তাহা ধরিয়া ঐ ইসু নির্ণয় করিতে পারিবেন।

[ইসু নির্ণয় করিবার আগে সাক্ষিরদের জোবানবন্দী লইবার কি দলীল দৃষ্টি করিবার কথা।]

১৪০। আদালতে যাহারা হাজির থাকে তাহারদের ছাড়া অন্য কোন লোকের জোবানবন্দী না লইলে, কিম্বা তদ্রূপ কোন লোকেরা যাহা দাখিল করে নাই এমত কোন দলীল না পড়িলে ইসু ঠিকরূপে নির্ণয় হইতে পারে না, আদালতের যদি এমত বিবেচনা হয়, তবে তৎকালে কার্য্য মুলতবী রাখিয়া ইসু নির্ণয় করিবার অন্য দিন নির্দ্ধার্য্য করিবেন, ও সমন কিম্বা উপযুক্ত অন্য পরওয়ানা জারী করিয়া ঐ লোককে হাজির করাইবেন, কিম্বা দলীল যাহার হাতে থাকে তাহার দ্বারা সেই দলীল আনাইবেন।

[ইসু সংশোধন করিবার ও অধিক ইসু নির্ণয় করিবার কথা।]

১৪১। মোকদ্দমার নিষ্পত্তি হইবার পূর্ব্বে কোন সময়ে, আদালত যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মমতে ইসু শুধরাইতে পারিবেন, কিম্বা অধিক ইসু নির্ণয় করিতে পারিবেন। ও উভয় পক্ষের মধ্যে প্রকৃত যে কথা কি বিবাদ থাকে তাহা নির্দ্ধার্য্য করিবার জন্যে ইসুর যে সংশোধন করা আবশ্যক হয় তাহাও করিতে হইবেক।

উভয় পক্ষের সম্মতিক্রমে ইসুর কথা।

[উভয় পক্ষের সম্মতিপূর্ব্বক বৃত্তান্ত কি আইনঘটিত কোন কথা ইসুমতে ব্যক্ত হইবার কথা।]

১৪২। মোকদ্দমার উভয় পক্ষের মধ্যে বৃত্তান্ত কি আইনঘটিত এক কি অনেক যে কথার নিষ্পত্তি করিতে হইবেক, তদ্বিষয়ে যদি উভয় পক্ষের অনৈক্য না থাকে তবে তাহারা সেই কথা ইসুর মতে ব্যক্ত করিতে পারিবেক, ও এই মর্ম্মের একরারনামাও লিখিয়া দিতে পারিবেক যে, আদালত ঐ ইসুর বিচার করিয়া যাহা মঞ্জুর করেন কি নামঞ্জুর করেন তদনুসারে, একরারনামাতে যত টাকা ধরা গিয়াছে তত, কিম্বা টাকা নির্দ্ধার্য্য করিবার যে কথা ইসুর মধ্যে লিখিয়া দেওয়া গেল সেই কথাক্রমে আদালত যত টাকা নির্দ্ধার্য্য করেন তত টাকা আমারদের এক পক্ষ অন্য পক্ষকে দিবেক, কিম্বা মোকদ্দমার যে সম্পত্তি লইয়া বিবাদ হয় সেই একরারনামার লিখিত এমত কোন সম্পত্তি সেই বিচারানুসারে আমারদের এক পক্ষ অন্য পক্ষকে দিবেক, কিম্বা বিবাদের বিষয়ের সঙ্গে যে২ কার্য্যের সম্পর্ক থাকে একরারনামার লিখিত আইনসম্পর্কীয় এমত কোন বিশেষ কার্য্য সেই বিচারানুসারে উভয় পক্ষের মধ্যে এক কি অধিক লোক করিবেক কি

doing or performing some particular act, specified in the agreement, and having reference to the matter in dispute.

[Court, if satisfied that the agreement was executed *bonâ fide*, may decree accordingly.]

143. If the Court shall be satisfied, after an examination of the parties or their pleaders, and taking such evidence as it may deem proper, that the agreement was duly executed by the parties, and that the parties have a *bonâ fide* interest in the decision of such question, and that the same is fit to be tried and decided, it may proceed to record and try the same, and deliver its finding or opinion thereon in the same manner as if the issue had been framed by the Court, and may, upon the finding or decision on such issue, give judgment for the sum so agreed on or so ascertained as aforesaid, or otherwise according to the terms of the agreement; and upon the judgment which shall be so given, decree shall follow and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit.

When the Suit may be disposed of at the First Hearing.

[If the parties are not at issue on any question of law or fact.]

144. If at the first hearing of a suit it shall appear that the parties are not at issue on any question of law or fact, the Court may at once give judgment.

[If the parties are at issue on questions of law or fact. Court if satisfied may determine the issues and give judgment. Proviso where summons is for final disposal.]

145. When the parties are at issue on some question of law or fact, and issues have been framed by the Court as hereinbefore provided, if the Court shall be satisfied that no further argument or evidence than such as the parties or their pleaders can at once supply is required upon any such of the issues of law or fact as may be sufficient for the decision of the suit, the Court, after hearing such argument and evidence, may proceed to determine such issue or issues, and if the finding thereon is sufficient for the decision, may pronounce judgment accordingly, whether the summons shall have been issued for the settlement of issues only or for the final disposal of the suit; otherwise the Court shall postpone the further hearing of the suit, and shall fix a day for the produc-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

সাধন করিবেক, কিম্বা কোন বিশেষ কার্য্য করণে কি সাধনে ক্ষান্ত হইবেক। ঐ একরারনামায় কোন ইষ্টাম্পের মাসুল লাগিবেক না।

[বিচারকর্ত্তা যদি হৃদ্বোধমতে জানেন যে একরারনামা সরলভাবে করা গিয়াছে তবে তিনি তদনুসারে ডিক্রী করিতে পারিবেন।]

১৪৩। উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী লইয়া, ও যে প্রমাণ উচিত জ্ঞান করেন তাহা গ্রহণ করিয়া, যদি আদালত হৃদ্বোধমতে জানেন যে, ঐ একরারনামা উভয় পক্ষ উপযুক্তমতে লিখিয়া দিয়াছে, ও যে কথা ধরা গিয়াছে তাহার নিষ্পত্তিতে উভয় পক্ষের সরলভাবে লাভসম্পর্ক আছে, ও তাহা বিচার কি নিষ্পত্তি করিবার উপযুক্ত কথা বটে, তবে আদালত তাহা রিকার্ড করিয়া তাহার বিচার করিতে পারিবেন, ও আদালত আপনি সেই ইসু নির্ণয় করিলে যে প্রকারে করিতেন সেই প্রকারে সেই ইসুর উপরে আপনার বিচার কি মত জানাইবেন, ও সেই ইসুর যে প্রকারে বিচার কি নিষ্পত্তি করেন তদনুসারে উভয় পক্ষের সেই প্রকারের নির্দ্ধারিত কিম্বা আদালতের পূর্ব্বোক্তমতের নির্ণীত টাকা দিবার হুকুম, কিম্বা একরারনামার নিয়মানুসারে অন্য হুকুম করিবেন। ও সেই প্রকারেতে যে নিষ্পত্তি হয়, তদনুসারে ডিক্রী হইবেক, ও উভয় পক্ষের বিবাদের মোকদ্দমায় ডিক্রী হইলে যে প্রকারে হইত সেই প্রকারে ঐ ডিক্রী জারী হইবেক।

মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে নিষ্পত্তি হইবার বিধি।

[আইন কি বৃত্তান্তঘটিত কোন কথা লইয়া বিবাদ না হইলে তাহার কথা।]

১৪৪। উভয় পক্ষের মধ্যে আইন কি বৃত্তান্তঘটিত কোন কথা লইয়া বিবাদ হয় না, ইহা মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে যদি দৃষ্ট হয়, তবে আদালত একেবারে নিষ্পত্তি করিতে পারিবেন।

[আইন কি বৃত্তান্তঘটিত কথা লইয়া বিবাদ হইলে তাহার কথা। ও উপযুক্ত বোধ করিলে আদালতের ইসু নির্ণয় করিয়া হুকুম করিতে পারিবার কথা কিন্তু চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন হইলে তাহার বর্জ্জিত কথা।]

১৪৫। উভয় পক্ষের মধ্যে আইন কি বৃত্তান্তঘটিত কোন কথা লইয়া যদি বিবাদ হয়, ও ইহার পূর্ব্বের লিখিত বিধানমতে যদি আদালত ইসু নির্ণয় করিয়া থাকেন, ও আইন কি বৃত্তান্তঘটিত যে কোন ইসু মোকদ্দমার নিষ্পত্তির নিমিত্তে প্রচুর হয়, তদ্বিষয়ে উভয় পক্ষের লোকেরা কি তাহারদের উকীলেরা তৎকালে যে তর্কবিতর্ক করিতে পারে কি যে প্রমাণ দিতে পারে তাহার অধিকের প্রয়োজন নাই ইহা যদি আদালত হৃদ্বোধমতে জানেন, তবে সেই তর্কবিতর্ক ও প্রমাণ শুনিবার পরে আদালত সেই এক কি অধিক ইসু নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন, ও তাহার উপর যাহা নির্দ্ধার্য্য হয় তাহা যদি নিষ্পত্তির নিমিত্তে প্রচুর হয় তবে সমন কেবল ইসু নির্ণয়ের নিমিত্তে জারী হইলে কি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে জারী হইলেও আদালত তদনুসারে নিষ্পত্তি করিবেন। নতুবা মোকদ্দমা পুনরায় শুনিবার নিমিত্তে মুলতবী রাখি-

tion of such further evidence or for such further argument as the case may require. Provided that if the summons shall have been issued for the final disposal of the suit and either party shall fail without sufficient cause to produce the evidence on which he relies, the Court may at once give judgment.

Of Adjournments.

[Court may grant time, or adjourn to a future day. Proviso.]

146. The Court may, if sufficient cause be shown, at any stage of the suit, grant time to the parties, or to either of them, and may from time to time adjourn the hearing of the suit; and in all such cases the Court shall fix a day for the further hearing of the suit. Provided that in all such cases the party applying for time shall pay the costs occasioned by such adjournment, unless the Court shall otherwise direct.

[How Court is to proceed if the parties fail to appear on the day fixed.]

147. If, on any day to which the hearing of the suit may be adjourned, the parties or either of them shall not appear in person or by pleader, the Court may proceed to dispose of the suit in the manner specified in Section 110, Section 111, or Section 114 as the case may be, or may make such other order as may appear to be just and proper in the circumstances of the case.

[Court to proceed if either party fail to produce proofs or witnesses.]

148. If either party to a suit to whom time may have been granted shall fail to produce his proofs, or to cause the attendance of his witnesses, or to perform any other act for which time may have been allowed, the Court shall proceed to a decision of the suit on the record, notwithstanding such default.

Of summoning Witnesses.

[Application for summons.]

149. The parties or their pleaders may, at any time after the issue of the summons to the defendant, if the summons be for the final disposal of the suit, or after the issues have been recorded if the summons to the defendant be for the settlement of issues only, obtain, on application to the Court, summonses to witnesses or other persons to attend either to give evidence or to produce documents, and in any such summons the names of any number of persons may be inserted.

[*Government Gazette*, 13*th May*, 1859.]

বেন, ও মোকদ্দমা বুঝিয়া অধিক যে প্রমাণ কি অধিক যে তর্কবিতর্ক প্রয়োজন হয় তাহা উপস্থিত করিবার জন্যে অন্য দিন নিরূপণ করিবেন। পরন্তু যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন জারী হইয়া থাকে, ও মোকদ্দমার কোন পক্ষ যে প্রমাণের উপর নির্ভর করে তাহা যদি উপস্থিত না করে, তবে আদালত একেবারে নিষ্পত্তি করিতে পারিবেন।

মুলতবী রাখিবার বিধি।

[অবকাশ দিতে পারিবার কি অন্য দিনপর্য্যন্ত মোকদ্দমা মুলতবী রাখিবার কথা ও বর্জ্জিত বিধি।]

১৪৬। উভয় পক্ষকে কি কোন এক পক্ষকে অবকাশ দিবার উপযুক্ত কারণ প্রকাশ হইলে, আদালত মোকদ্দমা চলিবার কোন সময়ে তদ্রূপ অবকাশ দিতে পারিবেন ও মোকদ্দমা শুনিবার কার্য্য সময়েং মুলতবী রাখিতে পারিবেন। তাহা করিলে আদালত মোকদ্দমা শুনিবার অন্য দিনও নিরূপণ করিবেন। পরন্তু এমত সকল স্থলে মোকদ্দমা মুলতবী থাকাতে যে খরচ হয় তাহা যে পক্ষ অবকাশ প্রার্থনা করে সেই পক্ষ দিবেক। কিন্তু আদালত অন্যরূপ আজ্ঞা করিলে দিবেক না।

[যদি উভয় পক্ষ নিরূপিত দিনে হাজির না হয় তবে আদালতের যেরূপে কর্ম্ম করিতে হইবেক তাহার কথা।]

১৪৭। মোকদ্দমা মুলতবী রাখিয়া তাহা শুনিবার অন্য যে দিন নিরূপণ হয় সেই দিনে, যদি উভয় পক্ষ কি কোন পক্ষ নিজে কি উকীলের দ্বারা হাজির না হয়, তবে আদালত ঐ মোকদ্দমা লইয়া ১১০ ধারার কিম্বা বিষয়বিশেষে ১১১ কি ১১৪ ধারার নির্দ্দিষ্টমতে কার্য্য করিবেন, অথবা ভাবগতিক বুঝিয়া অন্য যে হুকুম ন্যায্য ও উচিত বোধ হয় সেই হুকুম করিতে পারিবেন।

[কোন পক্ষ প্রমাণ কি সাক্ষি উপস্থিত না করিলেও মোকদ্দমার নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত চলিবার কথা।]

১৪৮। মোকদ্দমার কোন পক্ষকে অবকাশ দেওয়া গেলে, যদি সে প্রমাণ উপস্থিত না করে কি সাক্ষিদিগকে হাজির না করায়, কিম্বা অন্য যে কর্ম্ম করিবার নিমিত্তে অবকাশ দেওয়া গিয়াছিল সেই কর্ম্ম না করে, তবে তাহার সেইরূপ ত্রুটি হইলেও আদালত নথীর কাগজপত্র দেখিয়া সেই মোকদ্দমার বিচার করিয়া নিষ্পত্তি করিবেন।

সাক্ষিদিগকে তলব করিবার বিধি।

[সমনের নিমিত্তে দরখাস্তের কথা।]

১৪৯। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন হয় তবে আসামীর নামে সমন জারী হইলে পর কোন সময়ে, কিম্বা আসামীর নামে যে সমন জারী হয় তাহা যদি কেবল ইসু নির্ণয়ের নিমিত্তে হয় তবে ইসু রিকার্ড হইলে পর কোন সময়ে, উভয় পক্ষ কিম্বা তাহারদের উকীলেরা আদালতে দরখাস্ত করিয়া, সাক্ষ্য দিবার কি দলীল আনিবার জন্যে সাক্ষিরদের কিম্বা অন্য ব্যক্তিরদের নামে হাজির হইবার সমন পাইতে পারিবেক। তদ্রূপ কোন সমনে যত লোকের নাম লেখাইতে চাহে তত লেখাইতে পারিবেক।

[No stamp duty on application for summons.]

150. No stamp duty shall be leviable in respect of any application for the summons of a witness or other person to attend either to give evidence or to produce a document, anything contained in any Regulation or Act notwithstanding.

[সমনের নিমিত্তে দরখাস্তের উপর ইষ্টাম্পের মাসুল না লাগিবার কথা।]

১৫০। সাক্ষ্য দিবার কিম্বা দলীল আনাইবার জন্যে কোন সাক্ষির কি অন্য ব্যক্তির নামে হাজির হইবার সমন জারী করিবার যে দরখাস্ত হয় তাহার নিমিত্তে ইষ্টাম্পের মাসুল লাগিবেক না। ইহার বিরুদ্ধ কোন কথা কোন আইনে কি আকটে থাকিলেও লাগিবেক না।

[Expenses of witnesses to be paid before issue of summons. Scale of expenses. Tender of expenses to witness. If sum be not sufficient. Expenses if witness is detained.]

151. The person applying for a summons shall pay into Court such a sum of money as shall appear to the Court to be reasonable, to defray the travelling and other expenses of each witness, or other person mentioned in the summons, in passing to and from the Court in which he may be required to attend, and for one day's attendance. If the Court be a subordinate Court, regard shall be had, in fixing the scale of such expensesto the rules (if any) established by the Court to which such Court shall be immediately subordinate. The sum so paid into Court shall be tendered to the witness or other person at the time of serving the summons, if it can be served personally. If it shall appear to the Court that the sum paid into Court on account of the travelling and other expenses of the witness or other person in passing to and from the Court is not sufficient to cover such expenses, the Court may direct such further sum to be paid to the witness or other person as may appear to be necessary on that account, and, in case of default in payment, may order such sum to be levied by attachment and sale of the goods of the person ordered to pay the same, or may discharge the witness without requiring him to give evidence. If it shall be necessary to detain the witness or other person summoned for a longer period than one day, the Court may from time to time order the party at whose instance he was summoned to pay into Court such sum as may be sufficient to defray the expenses of his detention for such further period, and, in default of such deposit being made, may order the witness to be discharged without requiring him to give evidence.

[সমন জারী করিবার পূর্ব্বে সাক্ষিরদের খরচ দিবার কথা। খরচ যে হিসাবে ধরিতে হইবেক তাহার ও সাক্ষিকে সেই খরচ লইতে বলিবার কথা, ও খরচ না কুলাইলে তাহার কথা ও সাক্ষিরদিগকে কিছু দিন রাখা গেলে তাহার কথা।]

১৫১। এক২ জন সাক্ষির কি সমনের লিখিত অন্য ব্যক্তির যে আদালতে উপস্থিত হইবার আজ্ঞা হয়, সে আদালতে যাইবার ও তথাহইতে ফিরিয়া যাইবার ও তথায় এক দিন থাকিবার জন্যে যত পথখরচ ও অন্যান্য খরচ আদালত উচিত বোধ করেন তত খরচ সমন জারী করিবার দরখাস্তকারি ব্যক্তির ঐ আদালতে দিতে হইবেক। ঐ আদালত যদি অন্য আদালতের অধীন থাকে, তবে যাঁহার নিজ অধীন থাকে সেই আদালত যদি খরচের কোন বিধি করিয়া থাকেন, তবে সেই বিধি মানিয়া ঐ খরচের হার ধরিতে হইবেক। সমন যাহার নামে হয় নিজ সেই ব্যক্তির উপরে জারী হইতে পারিলে, যে টাকা সেইরূপে আদালতে দেওয়া গেল তাহাও সমন জারী হইবার সময়ে সেই সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে লইতে বলা যাইবেক। সাক্ষির কি অন্য ব্যক্তির আদালতে যাইবার ও ফিরিয়া যাইবার পথখরচ ও অন্যান্য খরচের নিমিত্তে বলিয়া যত টাকা আদালতে দেওয়া যায় তাহাতে সেই খরচ কুলায় না, ইহা যদি আদালত বোধ করেন, তবে তাহার নিমিত্তে অধিক যত টাকা আবশ্যক বোধ হয় তাহা ঐ সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে দিতে আদালত হুকুম করিতে পারিবেন। ও সেই টাকা যদি না দেওয়া যায় তবে সেই টাকা দিতে যাহার প্রতি হুকুম হইয়াছিল তাহার মাল ক্রোক ও নীলাম করিয়া আদায় করিবার হুকুম করিতে পারিবেন, অথবা সাক্ষিকে সাক্ষ্য দিবার হুকুম না করিয়া বিদায় করিতে পারিবেন। যে সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে সমন করা গেল তাহাকে যদি এক দিনের অধিক রাখিবার প্রয়োজন হয়, তবে তাহার সেই অধিক কালের খরচ যত টাকাতে কুলায়, তত টাকা আদালত যাহার প্রার্থনামতে তাহাকে সমন করা গেল তাহাকে আদালতে আমানৎ করিতে সময়ে২ আজ্ঞা করিতে পারিবেন, ও সেই টাকা আমানৎ না করিলে ঐ সাক্ষিকে সাক্ষ্য দিবার হুকুম না করিয়া বিদায় করিতে হুকুম করিতে পারিবেন।

[Time, place, and purpose of attendance to be specified in summons.]

152. Every summons for the attendance of a witness or other person shall specify the time and place at which he is required to attend, and also whether his attendance is required for the purpose of giving evidence or to produce a document, or for both purposes; and any particular document, which the witness or other person may be called on to produce shall be described in the summons with convenient certainty.

[হাজির হইবার সময় ও স্থান ও অভিপ্রায় সমনে লিখিবার কথা।]

১৫২। সাক্ষির কিম্বা অন্য ব্যক্তির হাজির হইবার সমনে তাহার যে সময়ে ও স্থানে হাজির হইতে হইবেক তাহা, ও সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে, কি দুই কারণে, অর্থাৎ যে অভিপ্রায়ে তাহার হাজির হইবার আদেশ হয় তাহা, বিশেষ করিয়া লিখিতে হইবেক। ও সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে বিশেষ কোন দলীল উপস্থিত করিবার জন্যে তলব হইলে, সমনে তাহারও সুবিধামতে স্পষ্ট করিয়া বর্ণনা করিতে হইবেক।

[Summons to produce a document.]

153. Any person whether a party to a suit or not may be summoned to produce a document, without being summoned to give evidence; and any person, summoned merely to produce a document, shall be deemed to have complied with the summons, if he cause such document to be produced instead of attending personally to produce the same.

[দলীল উপস্থিত করিবার সমনের কথা।]

১৫৩। কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক তাহার নামে সাক্ষ্য দিবার সমন না হইয়াও দলীল উপস্থিত করিবার সমন হইতে পারিবেক। ও যে ব্যক্তির নামে কেবল দলীল উপস্থিত করিবার সমন করা যায়, সে যদি ঐ দলীল উপস্থিত করিবার জন্যে আপনি হাজির না হইয়াও সেই দলীল উপস্থিত করায়, তবে সে সমনমতে কার্য্য করিয়াছে জ্ঞান হইবেক।

Service of Summons on a Witness.

[How and when the summons shall be served.]

154. Every summons to a witness or other person shall be served by exhibiting the original, and delivering or tendering a copy; and the service shall in all cases be made a sufficient time before the time specified in the summons for the attendance of the witness or other person, to allow him a reasonable time for preparation, and for travelling to the place at which his attendance is required.

[সাক্ষির নামে সমন জারী করিবার বিধি। [সমন যখনও যে প্রকারে জারী করিতে হইবেক তাহার কথা।]

১৫৪। সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে আসল সমন দেখাইলে ও তাহার নকল দিলে কি লইতে বলিলে সমন জারী হইবেক। আর সমনে ঐ সাক্ষির কি অন্য ব্যক্তির হাজির হইবার যে সময় লেখা আছে তাহার পূর্ব্বে, ঐ লোকের প্রস্তুত হইবার ও যে স্থানে হাজির হইতে হইবেক সেই স্থানে যাইবার তাহার উপযুক্ত অবকাশ হয় এমত উপযুক্ত সময় থাকিতে, সমন জারী করিতে হইবেক।

[Service to be on the witness, or a male member of his family.]

155. Whenever it may be practicable, the service of the summons shall be upon the person thereby required to attend; but when he cannot be found, the service may be made on any adult male member of his family residing with him.

[সাক্ষির উপর কিম্বা তাহার পরিবারের কোন পুরুষের উপর জারী হইবার কথা।]

১৫৫। যাহার হাজির হইবার হুকুম হয় তাহারই উপর সমন জারী করা যাইতে পারিলে করা যাইবেক কিন্তু যদি তাহাকে না পাওয়া যায়, তবে তাহার পরিবারের প্রাপ্তব্যবহার যে কোন পুরুষ তাহার সঙ্গে বাস করে তাহার উপর জারী হইতে পারিবেক।

[When the summons cannot be served, it is to be returned to the Court.]

156. When the person required to attend cannot be found, and there is no adult male member of his family on whom the summons can be served, the serving Officer shall return the summons to the Court from whence it issued, with an endorsement thereon that he has been unable to serve it.

[যদি সমন জারী হইতে না পারে তবে আদালতে ফিরিয়া দিবার কথা।]

১৫৬। যাহার হাজির হইবার হুকুম হয় তাহার সন্ধান যদি না পাওয়া যায়, ও যাহার উপর সমন জারী হইতে পারে তাহার পরিবারের প্রাপ্তব্যবহার এমত কোন পুরুষ না থাকে, তবে জারীকরণিয়া আমলা তাহা জারী করিতে পারিল না এই কথা সমনের পিঠে লিখিয়া, যে আদালতহইতে বাহির হইল সেই আদালতে ফিরিয়া দিবেক।

[Time and manner of service to be endorsed on the summons.]

157. The serving Officer shall, in all cases in which the summons has been served, endorse on the original summons the time when, and the manner in which it was served.

[সমন জারী হইবার সময় ও প্রকার তাহার পিঠে লিখিবার কথা।]

১৫৭। যদি সমন জারী হইয়াছে, তবে যে সময়ে ও যে প্রকারে জারী হইয়াছে তাহা সমন জারীকরণিয়া আমলা আসল সমনের পিঠে সর্ব্বদাই লিখিবেক।

[How a summons on a witness who resides in another jurisdiction is to be served.]

158. If the person required to attend be resident within the jurisdiction of any other Court than that in which the suit is pending, the summons shall be transmitted by the Court

[সাক্ষী অন্য এলাকায় বাস করিলে তাহার উপর সমন জারী হইবার কথা।]

১৫৮। যাহার হাজির হইবার হুকুম হয় সেই জন, মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে তাহাছাড়া যদি অন্য কোন আদালতের এলাকায় বাস করে, তবে মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে

in which the suit is pending, to any Court having jurisdiction at the place where the witness resides by which it can be most conveniently served; and the Court to which the summons is sent shall, upon receipt thereof, deliver the same to the Nazir or other proper Officer of such Court, to be served in the manner above directed; and upon the return of the summons by the serving Officer, it shall be transmitted to the Court from whence it originally issued.

[When a witness absconds, his property may be attached.]

159. If the summons for the attendance of any person either to give evidence or to produce a document, cannot be served in either of the ways hereinbefore specified, the Court, on being certified thereof by the return of the serving Officer, and upon proof that the evidence of such witness or the production of the document is material, and that the witness or other person absconds or keeps out of the way for the purpose of avoiding the service of the summons, may cause a proclamation requiring the attendance of such person to give evidence, or produce the document, at a time and place to be named therein, to be affixed in some conspicuous place upon his house or place of abode; and if such person shall not attend at the time and place named in such proclamation, the Court may, at the instance of the party on whose application the summons was issued, make an order for the attachment of the moveable and immoveable property of such person, to such amount as the Court shall deem reasonable, not being in excess of the amount of the costs of attachment and of any fine to which the person may be liable under the provisions of the following Section.

[How the Court is to proceed with the witness on his appearance.]

160. If, on the attachment of the property, such witness or other person shall appear and satisfy the Court that he did not abscond or keep out of the way to avoid service of the summons, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Court shall direct that the property be released from attachment, and shall make such order in regard to the costs of the attachment as it shall deem fit. If such witness or other person shall not appear, or appearing shall fail to satisfy the Court that he did not abscond or keep out of the way to avoid service of the summons, and that he had not such a notice of the proclamation as aforesaid, it shall be lawful for the Court to order

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

সেই আদালত, ঐ সাক্ষির বাসস্থান যেং আদালতের এলাকায় থাকে এমত যে কোন আদালতহইতে ঐ সমন অতিঅল্পেশে জারী হইতে পারে সেই আদালতে পাঠাইবেন, ও যে আদালতে পাঠান যায় সেই আদালত তাহা পাইলেই উপরের লিখিত আজ্ঞামতে জারী হইবার জন্যে আপনার নাজিরকে কি উপযুক্ত অন্য আমলাকে দিবেন। ও জারীকরণিয়া আমলা ঐ সমন ফিরিয়া দিলে তাহা যে আদালতহইতে প্রথমে বাহির হইয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠান যাইবেক।

[সাক্ষী পলায়ন করিলে তাহার সম্পত্তি ক্রোক হইবার কথা।]

১৫৯। প্রমাণ দিবার কি দলীল উপস্থিত করিবার জন্যে হাজির হইবার সমন যাহার নামে বাহির হয় তাহার উপর যদি ইহার পূর্ব্বের লিখিত কোন প্রকারে জারী হইতে না পারে, তবে আদালত জারীকরণিয়া আমলার রিটর্ণের দ্বারা তাহা নিশ্চিতরূপে জানিলে, ও সেই সাক্ষির সাক্ষ্য কিম্বা সেই দলীল উপস্থিত করা গুরুতর বিষয় ও সমন জারী না হয় এই কারণে ঐ সাক্ষী কি অন্য ব্যক্তি পলায় কি লুকাইয়া থাকে এই কথার প্রমাণ হইলে, আদালত তাহার ঘরের কি বাসস্থানের কোন প্রকাশ স্থানে ইশ্তিহার লট্কাইয়া দেওয়াইবেন। সেই ইশ্তিহারনামাতে ঐ লোককে আজ্ঞা হইবেক যে ঐ ইশ্তিহারনামার লিখিত সময়ে ও স্থানে সাক্ষ্য দিবার কি দলীল উপস্থিত করিবার জন্যে হাজির হয়। ও যদি ঐ ইশ্তিহারনামার লিখিত সময়ে ও স্থানে হাজির না হয়, তবে যে পক্ষ ঐ সমন বাহির হইবার দরখাস্ত করিয়াছিল সে প্রার্থনা করিলে, আদালত যত টাকা উপযুক্ত জ্ঞান করেন ঐ লোকের তত টাকাপর্য্যন্তের স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার হুকুম করিতে পারিবেন। কিন্তু ঐ ক্রোক করিবার যত খরচ হয় ও ইহার পরের ধারার বিধানমতে ঐ লোকের যত জরীমানা হইতে পারে তাহা লইয়া যত টাকা হয়, তাহার অধিক টাকার সম্পত্তি ক্রোক হইবেক না।

[সাক্ষী হাজির হইলে আদালতের যাহা করিতে হইবেক তাহার কথা।]

১৬০। সম্পত্তি ক্রোক হইলে যদি সেই সাক্ষী কি অন্য লোক হাজির হইয়া, সমন জারী না হইবার কারণে পলায় নাই কি লুকাইয়া থাকে নাই কিন্তু ইশ্তিহারের লিখিত সময়ে ও স্থানে হাজির হইবার জন্যে উপযুক্ত অবকাশমতে সেই ইশ্তিহারের সম্বাদ পায় নাই, এই কথা আদালতের ক্ষোধমতে জানায়, তবে আদালত ঐ ক্রোকহইতে সম্পত্তি খালাস করিবার হুকুম করিবেন, ও ক্রোক করিবার খরচের বিষয়ে যেমন উচিত বোধ করেন তেমনি হুকুম করিবেন। যদি সেই সাক্ষী কি অন্য লোক হাজির না হয়, কিম্বা যদি হাজির হইয়া, সমন জারী না হইবার কারণে পলায় নাই কি লুকাইয়া থাকে নাই ও পূর্ব্বোক্তরূপে অবকাশমতে ইশ্তিহারের সম্বাদ পায় নাই, এইং কথা আদালতের খাতিরজমামতে জানাইতে না পারে, তবে ঐ ক্রোক করার যত খরচ হয় তাহা শোধ করিবার জন্যে, ও কোন সাক্ষী

the property attached, or any part thereof, to be sold for the purpose of satisfying all costs incurred in consequence of such attachment, together with the amount of any fine which the Court may impose upon such witness or other person under the provisions of any law for the time being in force for the punishment of a witness who may abscond or keep out of the way in order to avoid the service of a summons. If the witness or other person shall pay into Court the costs and fine as aforesaid, the Court shall order the property to be released from attachment.

Of the Examination of Parties as Witnesses.

[A party to a suit appearing in person may be examined either in his own behalf or on behalf of any other party.

161. When a party to a suit appears in person at any hearing of the suit, he may be examined as a witness, either in his own behalf or on behalf of any other party to the suit, in the same way as if he were not a party thereto.

[Special application to be made for the examination of a party as a witness.]

162. If any party to a suit shall require to enforce the attendance of any other party thereto as a witness, he shall, by himself or his pleader, make a special application to the Court for an order requiring the attendance of the party, and shall show to the satisfaction of the Court sufficient grounds in support of such application, otherwise a summons shall not be issued.

[The Court may first issue a notice to show cause.]

২৩৯। মাল কি জিনিস কি অন্য অস্থাবর দ্রব্য আসামীর নিকটে না থাকিলে, ঐ লেখাহওয়া হুকুম আদালত ঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক, ও সেই দ্রব্য যাহার কাছে থাকে তাহাকে ঐ হুকুমের এক কেতা নকল দিতে হইবেক, কিম্বা রেজিষ্টর করিয়া ডাকযোগে তাহার নিকটে পাঠাইতে হইবেক। জমী কি ঘরবাড়ী কি অন্য স্থাবর বিষয় হইলে, ঐ লেখাহওয়া হুকুম সেই জমীর কি ঘরবাড়ীর কি অন্য সম্পত্তির কোন স্থানে কি তাহার কাছে উচ্চশব্দে পাঠ করিতে হইবেক, ও আদালতঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দিতে হইবেক। ও সেই সম্পত্তি যদি জমী হয় কিম্বা জমীতে কোন সম্পর্ক হয়, তবে জমী যে জিলাতে থাকে সেই জিলার কালেক্টরী কাছারীতেও ঐ লেখাহওয়া হুকুম লট্‌কাইয়া দিতে হইবেক। যদি পাওনা টাকা হয়, তবে ঐ লেখাহওয়া হুকুম আদালতঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দিতে হইবেক, ও সেই লেখাহওয়া হুকুমের একং কেতা নকল একং জন খাতককে দিতে হইবেক, কিম্বা রেজিষ্টর করিয়া ডাকযোগে তাহারদের কাছে পাঠাইতে হইবেক। ও কোন রেলরোডের কি ব্যাঙ্কের কি অন্য সাধারণ কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের মূল ধনের কি জাইণ্ট ষ্টকের শ্যার লইয়া সম্পত্তি হইলে, ঐ লেখাহওয়া হুকুম সেইপ্রকারে আদালতঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দিতে হইবেক, ও সেই হুকুমের এক কেতা নকলঐ কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের কর্ত্তা সাহেবকে কি সেক্রেটারীকে কি উপযুক্ত অন্য কার্য্যকারককে দিতে হইবেক, কিম্বা রেজিষ্টর হইয়া ডাকযোগে তাঁহার কাছে পাঠাইতে হইবেক।

[Any private alienation of property after attachment to be null and void.]

240. After any attachment shall have been made by actual seizure, or by written order as aforesaid, and in the case of an attachment by written order after it shall have been duly intimated and made known in manner aforesaid, any private alienation of the property attached, whether by sale, gift, or otherwise, and any payment of the debt or debts or dividends or shares to the defendant during the continuance of the attachment, shall be null and void.

[ক্রোক হইলে পর সম্পত্তি আপোসে হস্তান্তর করা গেলে তাহা বাতিল হইবার কথা।]

২৪০। কিছু সম্পত্তি নিতান্ত হস্তগত করিয়া, কিম্বা পূর্ব্বোক্তমতের লেখাহওয়া হুকুমক্রমে, ক্রোক হইলে পর, ও লেখাহওয়া হুকুমক্রমে ক্রোক হইলে সেই হুকুম পূর্ব্বোক্তমতে উপযুক্তরূপে প্রকাশ হইলে ও জ্ঞাত করা গেলে পর, ঐ ক্রোককরা সম্পত্তি বিক্রয় কি দান করিয়া কি প্রকারান্তরে আপোসে হস্তান্তর করা গেলে সেই হস্তান্তর বন্ধন বাতিল ও অসিদ্ধ হইবেক। ও ক্রোক যাবৎ থাকে তাবৎ কর্জ্জা টাকা কিম্বা শ্যার কিম্বা ডিবিডেণ্ডের টাকা আসামীকে দেওয়া গেলে তাহা বাতিল ও অসিদ্ধ হইবেক।

[Payment by a debtor who has been prohibited from making payment to his creditor.]

241. In every case in which a debtor shall be prohibited from making payment of his debt to the creditor, he may pay the amount into Court and such payment shall have the same effect as payment to the party entitled to receive the debt.

[মহাজনকে টাকা দিতে খাতককে নিষেধ হইলে সেই টাকা শোধ করিবার কথা।]

২৪১। খাতকের দেনা টাকা মহাজনকে দিতে নিষেধ হইলে ঐ খাতক সেই টাকা আদালতে দাখিল করিতে পারিবেক। তাহা করিলে ঐ টাকা পাওনিয়া মহাজনকে দিবার তুল্য হইবেক।

[The Court may direct money or bank-notes to be paid to the plaintiff; or other attached property to be sold, and proceeds to be paid to him.]

242. In all cases of attachment under the preceding Sections, it shall be competent to the Court, at any time during the attachment, to direct that any part of the property so attached as shall consist of money or bank-notes, or a sufficient part thereof, shall be paid over to the party applying for execution of the decree; or that any part of the property so attached as may not consist of money or bank-notes, so far as may be necessary for the satisfaction of the decree, shall be sold, and that the money which may be realized by such sale, or a sufficient part thereof, shall be paid to such party.

[টাকা কি ব্যাঙ্ক নোট ফরিয়াদীকে দিতে কিম্বা ক্রোককরা অন্য সম্পত্তি বিক্রয় হইয়া তাহার টাকা তাহাকে দিতে আদালতের হুকুমের কথা।]

২৪২। ইহার পূর্ব্বের কোন ধারামতে যখন ক্রোক করা যায়, তখন আদালত ঐ ক্রোক থাকিবার কোন সময়ে, সেই প্রকারের ক্রোককরা দ্রব্যের মধ্যে যে টাকা কি ব্যাঙ্ক নোট থাকে তাহা কি তাহার উপযুক্ত ভাগ, ডিক্রী জারী হইবার দরখাস্ত যে জন করিয়াছিল তাহাকে দিবার হুকুম করিতে পারিবেন। কিম্বা সেই প্রকারের ক্রোককরা দ্রব্যের মধ্যে টাকা কি ব্যাঙ্ক নোট না হইয়া যত দ্রব্য সেই ডিক্রীর টাকা শোধ করিবার জন্যে আবশ্যক হয়, তত দ্রব্য নীলাম হইবার ও সেই নীলামে যত টাকা আদায় হয় তাহা কি তাহার উপযুক্ত ভাগ সেই লোককে দিবার হুকুম করিতে পারিবেন।

[Where the property attached consists of debts or immoveable property, a manager may be appointed. Court may postpone sale of land if satisfied that amount of judgment may be raised by mortgage, &c. Manager to render accounts.]

243. When the property attached shall consist of debts due to the party who may be answerable for the amount of the decree, or of any lands, houses, or other immoveable property, it shall be competent to the Court to appoint a manager of the said property, with power to sue for the debts, and to collect the rents or other receipts and profits of the land or other immoveable property, and to execute such deeds or instruments in writing as may be necessary for the purpose, and to pay and apply such rents, profits, or receipts towards the

[যদি ঐ সম্পত্তি পাওনা টাকা কি স্থাবর বিষয় হয়, তবে সরবরাহকারকে নিযুক্ত করিবার কথা। বন্ধকপ্রভৃতি দিলে ডিক্রীর টাকা আদায় হইতে পারিবেক আদালতের এমত সুবোধ হইলে, জমীর নীলাম স্থগিত হইবার কথা, ও সরবরাহকারের হিসাব দিবার কথা।]

২৪৩। যে পক্ষ ডিক্রীর টাকা দিবার দায়ী হয় তাহার পাওনা টাকা কিম্বা কোন জমী কি ঘর কি অন্য স্থাবর বিষয় লইয়া যদি ঐ ক্রোককরা সম্পত্তি হয়, তবে ঐ বিষয়ের এক জন সরবরাহকারকে নিযুক্ত করিতে আদালতের ক্ষমতা থাকিবেক। সেই সরবরাহকারের এইং ক্ষমতা থাকিবেক, তিনি ঐ পাওনা টাকার বাবৎ নালিশ করিতে পারিবেন, ও ভূমির কিম্বা অন্য স্থাবর সম্পত্তির খাজানা কি অন্য পাওনা টাকা ও উপস্বত্ব, আদায় করিতে পারিবেন, ও সেই কার্য্যের নিমিত্তে যে সকল দলীলের কি লিপির আবশ্যক হয় তাহাও করিয়া দস্তখৎ করিতে পারিবেন, ও সেই প্রকারে যে সকল

খাজানা কি উপস্বত্ব কি টাকা পান তাহা সেই ডিক্রীর টাকার ও খরচার শোধে দিতে পারিবেন। কিম্বা ক্রোককরা সম্পত্তি যদি ভূমি হয়, তবে ঐ ভূমি বন্ধক দিলে, কিম্বা তাহার পাট্টা করিয়া দেওয়া গেলে, কিম্বা ঐ জমীর এক ভাগ কিম্বা ডিক্রীমতের খাতকের অন্য কোন সম্পত্তি আপোসে বিক্রয় করিলে ঐ ডিক্রীর টাকা উৎপন্ন হইতে পারিবেক এমত বুঝিবার কারণ আছে, এই কথা যদি ঐ খাতক আদালতের খাতিরজমামতে দেখাইতে পারে, তবে ঐ ডিক্রীর খাতকের স্থানে দরখাস্ত পাইলে, আদালত ঐ ডিক্রীর খাতকের ঐ টাকা আদায় করিবার জন্যে যত কাল উপযুক্ত বোধ করেন তত কালপর্য্যন্ত ঐ নীলাম স্থগিত করিতে পারিবেন। আর যে কোন স্থলে এই ধারামতে সরবরাহকারকে নিযুক্ত করা যায়, সেই স্থলে ঐ সরবরাহকার, আদালত যেমন হুকুম করেন সেইপ্রকারে, সময়েং আপনার জমা ও খরচকরা টাকার উপযুক্ত হিসাব দিতে বদ্ধ হইবেন।

payment of the amount of the decree and costs; or when the property attached shall consist of land, if the judgment debtor can satisfy the Court that there is reasonable ground to believe that the amount of the judgment may be raised by the mortgage of the land, or by letting it on lease, or by disposing by private sale of a portion of the land or of any other property belonging to the judgment debtor, it shall be competent to the Court, on the application of the judgment debtor, to postpone the sale for such period as it may think proper to enable the judgment debtor to raise the amount. In any case in which a manager shall be appointed under this Section, such manager shall be bound to render due and proper accounts of his receipts and disbursements from time to time as the Court may direct.

[When Court may authorize Collectors to stay public sale of land. On security being given.]

244. When in any District, where land paying revenue to Government is ordinarily sold by the Collector, as provided in Section 248, the property attached shall consist of any such land, or of a share in any such land, if the Collector shall represent to the Court that the public sale of the land or share is objectionable, and that satisfaction of the decree may be made within a reasonable period by a temporary alienation of the land or share, the Court may authorize the Collector, on security for the amount of the decree or for the value of such land or share being given, to make provision for such satisfaction in the manner recommended by the Collector, instead of proceeding to a public sale of the land or share.

[জামিন দেওয়া গেলে কালেক্টর সাহেবদিগকে জমীর নীলাম স্থগিত করিতে আদালতের ক্ষমতা দিবার কথা।]

২৪৪। যে জিলার মধ্যে সরকারের খেরাজী জমী ২৪৮ ধারামতে কালেক্টর সাহেবের দ্বারা নীলাম হইয়া থাকে, এমত কোন জিলাতে যদি ক্রোককরা সম্পত্তি সেই প্রকারের জমী হয়, কিম্বা সেই প্রকারের জমীর কোন অংশ হয়, ও সেই জমী কিম্বা তাহার সেই অংশ নীলাম করা উচিত নয়, ও সেই জমী কি অংশ কিঞ্চিৎ কাল হস্তান্তর করা গেলে উপযুক্ত কালের মধ্যে ডিক্রীর টাকা শোধ হইতে পারিবেক, এইং কথা যদি কালেক্টর সাহেব আদালতকে জ্ঞাত করেন, তবে আদালত কালেক্টর সাহেবকে এই ক্ষমতা দিতে পারিবেন যে, ঐ ডিক্রীর টাকার, কিম্বা ঐ জমীর কি সেই অংশের মূল্যের জামিন দেওয়া গেলে তিনি ঐ জমী কি অংশ নীলাম না করিয়া, যেমন প্রস্তাব করিয়াছেন তেমনি ঐ ডিক্রীর টাকা শোধ হইবার নিয়ম করেন।

[Order for withdrawal of attachment after satisfaction of the decree.]

245. If the amount decreed with costs and all charges and expenses which may be incurred by the attachment be paid into Court, or if satisfaction of the decree be otherwise made, an order shall be issued for the withdrawal of the attachment; and if the defendant shall desire it and shall deposit in Court a sum sufficient to cover the expense, the order shall be proclaimed or intimated in the same manner as hereinbefore prescribed for the proclamation or intimation of the attachment; and such steps shall be taken as may be necessary for staying further proceedings in execution of the decree.

[ডিক্রীর টাকা শোধ হইলে পর ক্রোক উঠাইয়া দিবার হুকুমের কথা।]

২৪৫। ডিক্রীতে যত টাকার হুকুম হয় তাহা খরচা সমেত, ও ক্রোক করিবার যত খরচখরচা হয় তাহা সমুদয় আদালতে দাখিল করা গেলে, কিম্বা অন্য প্রকারে ডিক্রীর টাকা শোধ করা গেলে সেই ক্রোক উঠাইয়া দিবার হুকুম জারী হইবেক। ও সেই ক্রোক হইবার ঘোষণা কি নম্বাদ দিবার বিধি যে প্রকারে পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে, সেই প্রকারে ঐ ক্রোক উঠাইয়া দিবার হুকুম প্রচার হয় কি জ্ঞাত করা যায়, আসামী যদি এমত ইচ্ছা করে, ও তাহা করিবার উপযুক্ত খরচ আদালতে আমানৎ করে, তবে সেই হুকুম সেই বিধিমতে প্রচার হইবেক কি জ্ঞাত করা যাইবেক। ও ডিক্রী জারী করিবার অধিক কার্য্য রহিত করিবার যে উপায় আবশ্যক হয় তাহা করা যাইবেক।

OF CLAIMS TO ATTACHED PROPERTY.

[How claims and objections to sale of attached property are to be investigated.]

246. In the event of any claim being preferred to, or objection offered against the sale of lands or any other immoveable or moveable property which may have been attached in execution of a decree or under any order for attachment passed before judgment, as not liable to be sold in execution of a decree against the defendant, the Court shall, subject to the proviso contained in the next succeeding Section, proceed to investigate the same with the like powers as if the claimant had been originally made a defendant to the suit, and also with such powers as regards the summoning of the original defendant as are contained in Section 220. And if it shall appear to the satisfaction of the Court that the land or other immoveable or moveable property was not in the possession of the party against whom execution is sought, or of some other person in trust for him, or in the occupancy of ryots or cultivators or other persons paying rent to him at the time when the property was attached, or that, being in the possession of the party himself at such time, it was so in his possession not on his own account or as his own property, but on account of or in trust for some other person, the Court shall pass an order for releasing the said property from attachment. But if it shall appear to the satisfaction of the Court that the land or other immoveable or moveable property was in possession of the party against whom execution is sought, as his own property, and not on account of any other person, or was in the possession of some other person in trust for him, or in the occupancy of ryots or cultivators or other persons paying rent to him at the time when the property was attached, the Court shall disallow the claim. The order which may be passed by the Court under this Section shall not be subject to appeal, but the party against whom the order may be given shall be at liberty to bring a suit to establish his right at any time within one year from the date of the order.

[Claims and objections should be preferred at the earliest opportunity.]

247. The claim or objection shall be made at the earliest opportunity to the Court which shall have ordered the attachment; and if the property to which the claim or objection applies, shall have been advertized for sale, the sale may (if it appears necessary) be postponed for the purpose of making the investigation mentioned in the last preceding Section. Pro-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

ক্রোককরা সম্পত্তির উপর দাওয়ার বিধি।

[ক্রোককরা সম্পত্তির উপর দাওয়া হইলে ও নীলামের আপত্তি হইলে তাহা তদারক করিবার কথা।]

২৪৬। ডিক্রী জারীক্রমে, কিম্বা নিষ্পত্তি হইবার পূর্ব্বে ক্রোক করিবার কোন হুকুম হইলে যে কিছু জমী কি অন্য কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তি ক্রোক হইয়া থাকে, তাহার উপর যদি কোন দাওয়া করা যায়, কিম্বা আসামীর বিপক্ষের ডিক্রী জারীক্রমে নীলাম হইবার যোগ্য নহে বলিয়া, যদি সেই সম্পত্তির নীলাম হইবার কোন আপত্তি করা যায়, তবে আদালত ইহার পর ধারার বর্জ্জিত বিধি মানিয়া, সেই আপত্তির তজবীজ করিবেন, অর্থাৎ ঐ দাওয়াদার প্রথমে মোকদ্দমার আসামী হইলে যে ক্ষমতাক্রমে করিতে পারিতেন, সেই ক্ষমতাক্রমে ঐ বিষয়ের তজবীজ করিবেন, ও প্রথম আসামীকে সমন করিবার যে ক্ষমতা ২২০ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন। আর যদি আদালতের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে, ঐ ভূমি কি অন্য স্থাবর কি অস্থাবর সম্পত্তি যে সময়ে ক্রোক হইয়াছিল সেই সময়ে যাহার বিপক্ষে ডিক্রীজারী হইবার প্রার্থনা হয় তাহার দখলে, কিম্বা তাহার নিমিত্তে জিম্মাস্বরূপে অন্য কোন লোকের দখলে ছিল না, কিম্বা তাহার নিকটে খাজানাদায়ি রাইয়তেরদের কি চাষিরদের কি অন্য ব্যক্তিরদের দখলে ছিল না, কিম্বা সেই সময়ে ঐ পক্ষের দখলে থাকিলেও তাহার নিজের নিমিত্তে কি তাহার নিজ সম্পত্তি বলিয়া তাহার দখলে ছিল না, কিম্বা অন্য কোন ব্যক্তির নিমিত্তে কিম্বা অন্য ব্যক্তির জন্যে জিম্মাস্বরূপে তাহার দখলে ছিল, তবে আদালত ঐ সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার হুকুম করিবেন। পরন্তু যদি আদালতের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে, ঐ ভূমি কি অন্য স্থাবর কি অস্থাবর সম্পত্তি ক্রোক হইবার সময়ে, যাহার বিপক্ষে ডিক্রীজারী হইবার প্রার্থনা হয় তাহারি নিজ সম্পত্তি বলিয়া তাহার দখলে ছিল অন্য কোন ব্যক্তির নিমিত্তে নহে, কিম্বা তাহার নিমিত্তে জিম্মাস্বরূপে অন্য কোন ব্যক্তির দখলে ছিল, কিম্বা তাহার নিকটে খাজানাদায়ি রাইয়তেরদের কি চাষিরদের কি অন্য ব্যক্তিরদের দখলে ছিল, তবে আদালত ঐ দাওয়া অগ্রাহ্য করিবেন। এই ধারাক্রমে আদালত যে হুকুম করেন তাহার উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু যাহার বিপক্ষে ঐ হুকুম হইয়া থাকে সেই ব্যক্তি ঐ হুকুমের তারিখের পর এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ব সাবুদ করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক।

[দাওয়া ও আপত্তি প্রথম অবকাশেই উপস্থিত করিবার কথা।]

২৪৭। ঐ দাওয়া কি আপত্তি যে আদালতহইতে ক্রোক হইবার হুকুম হয় সেই আদালতে প্রথম অবকাশেই করিতে হইবেক। ও যে সম্পত্তি লইয়া ঐ দাওয়া কি আপত্তি হয় তাহার নীলাম হইবার ইশ্‌তিহার যদি হইয়া থাকে, তবে আবশ্যক বোধ হইলে ইহার পূর্ব্বোক্ত ধারার লিখিত তজবীজ করিবার জন্যে ঐ নীলাম স্থগিত হইতে পারিবেক। পরন্তু যদি দৃষ্ট হয় যে, যথার্থ বিচারের বাধা করিবার অভিপ্রায়ে ঐ দাওয়া উপস্থিত করিতে কি আপত্তি করিতে ইচ্ছাপূর্ব্বক ও অনাবশ্যকমতে বিলম্ব হইয়াছিল, তবে সেই প্রকারের কোন তজবীজ হইবেক না, ও সেই তজবীজ না হইবার যে হুকুম হয় তাহার উপর আপীল হইতে পারিবেক না। ও দাওয়াদার জাবেতামতের মোকদ্দমা করিয়া আপনার দাওয়া সাব্যস্ত করিতে পারিবেক।

vided that no such investigation shall be made if it appear that the making of the claim or objection was designedly and unnecessarily delayed, with a view to obstruct the ends of justice. The order disallowing the investigation shall not be subject to appeal, and the claimant shall be left to prosecute his claim by a regular suit.

OF SALES IN EXECUTION OF DECREES.

[Sales to be by public auction. Exception as to negotiable securities and shares in public Companies. Sale by Collector of lands paying revenue to Government.]

248. Sales in execution of decrees shall be conducted by an Officer of the Court or by any other person whom the Court may appoint, and shall in all cases be made by public auction in manner hereinafter mentioned. Provided that if the property to be sold shall consist of negotiable securities or of shares in any Railway, Banking, or other public Company or Corporation, it shall be competent to the Court, instead of directing the sale to be made by public auction, to authorize the sale of such securities or shares through a broker at the market-rate of the day. If the property to be sold shall be land paying revenue to Government and the Government shall so direct, the sale shall be conducted by the Collector on the requisition of the Court.

[Notification of sales by public auction. Time of sale.]

249. In all cases of intended sale by public auction, whether of moveable or immoveable property, in execution of a decree, a proclamation of the intended sale, specifying the time and place of sale, the property to be sold, the revenue assessed upon the estate when the property to be sold is an estate or a part of an estate paying revenue to Government, and the amount for the recovery of which the sale is ordered, together with any other particulars that the Court may think necessary, shall be made in the current language of the District. The proclamation shall also declare that the sale extends only to the right, title, and interest of the defendant in the property specified therein. Such proclamation shall be made on the spot where the property is attached by beat of drum or in such other mode as may be customary; and a written notification to the same effect shall be affixed in the Court-house of the Judge who shall have ordered the sale, and in some conspicuous spot in the town or village in which the attachment may have taken place. When the property ordered to be sold

[*Government Gazette*, 13*th May*, 1859.]

ডিক্রী জারীক্রমে নীলামের বিধি।

[নীলামে বিক্রয় হইবার কথা, ও যে নিদর্শনপত্রের ক্রয়বিক্রয় হইতে পারে তাহার ও সাধারণ কোম্পানির শ্যারের বর্জ্জিত কথা, ও সরকারের খেরাজী জমীর নীলাম কালেক্টর সাহেবের করিবার কথা।]

২৪৮। ডিক্রী জারীক্রমে সম্পত্তির যে বিক্রয় হয় তাহা আদালতের কোন আমলার দ্বারা কিম্বা অন্য যে কোন লোককে আদালত নিযুক্ত করেন তাহার দ্বারা, হইবেক, ও তাহা ইহার পরের লিখিতমতে সর্ব্বদাই নীলাম করিয়া হইবেক। পরন্তু যে নিদর্শনপত্রের ক্রয়বিক্রয় হইতে পারে তাহা, কিম্বা কোন রেলরোডের কি ব্যাঙ্কের কি সাধারণ অন্য কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের কোন শ্যার যদি নেইরূপে বিক্রয় করিতে হয়, তবে আদালত তাহা নীলাম করিবার অনুমতি না দিয়া ঐ নিদর্শনপত্র কি শ্যার দালালের দ্বারা তৎকালীন বাজারের দরে বিক্রয় হয় এমত হুকুম করিতে পারিবেন। যে সম্পত্তি বিক্রয় করিতে হয় তাহা যদি সরকারের খেরাজী জমী হয়, ও গবর্ণমেণ্ট যদি আজ্ঞা করেন, তবে আদালতের আদেশমতে কালেক্টর সাহেবের দ্বারা ঐ নীলাম হইবেক।

[নীলামের ইশ্‌তিহারের ও সময়ের কথা।]

২৪৯। ডিক্রী জারীক্রমে স্থাবর কি অস্থাবর সম্পত্তি নীলামে বিক্রয় করিতে হইলে, সেই প্রস্তাবিত নীলামের কথা, অর্থাৎ যে সময়ে ও যে স্থানে ও যে সম্পত্তি নীলাম হইবেক, ও সেই সম্পত্তি সরকারের খেরাজী মহাল কি তদ্রূপ মহালের এক অংশ হইলে তাহার যে জমা ধার্য্য আছে, ও যত টাকা আদায়ের জন্যে নীলামের হুকুম হয়, ও অন্য যে বয়ান আদালত আবশ্যক বোধ করেন, এই সকল কথা জিলার চলন ভাষাতে ঘোষণা করিতে হইবেক। ঐ ঘোষণাপত্রেতে যে সম্পত্তি নির্দ্দিষ্ট হইয়াছে তাহাতে আসামীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক থাকে কেবল তাহাই নীলাম হইবেক এই কথাও প্রকাশ করিতে হইবেক। সম্পত্তি যে স্থানে ক্রোক করা যায় সেই স্থানে ঢেঁড়রা দিয়া কিম্বা অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ঐ ঘোষণা করিতে হইবেক। ও সেই মর্ম্মের এক ইশ্‌তিহারনামা ঐ নীলাম করিবার হুকুম যে বিচারকর্ত্তা করিয়াছিলেন তাঁহার আদালতঘরে ও যে নগরে কি গ্রামে ক্রোক হইয়াছে তাহার কোন প্রকাশ স্থানে লটকাইয়া দিতে হইবেক। যে সম্পত্তি নীলাম করিবার হুকুম হইয়াছে তাহা যদি জমী হয়, কি জমীতে কোন স্বত্ব কি সম্পর্ক হয়, তবে জমী যে জিলাতে থাকে সেই জিলার কালেক্টরী কাছারীতেও ঐ ইশ্‌তিহারনামা লটকাইতে হইবেক, ও

may consist of land or of any right or interest in land, the written notification shall also be affixed in the Office of the Collector of the District in which such land is situate and in the Court-house of the principal Civil Court of the District where the Court which ordered the sale is subordinate to such Court. The sale shall not take place until after the expiration of at least thirty days in the case of immoveable property, and of at least fifteen days in the case of moveable property, calculated from the date on which the notification shall have been affixed in the Court-house of the Judge ordering the sale.

The process for attachment and sale may in certain cases be issued simultaneously.]

250. The usual process for attachment and sale when the property to be attached consists of goods, chattels, or other personal estate other than debts, may be issued either successively or simultaneously as the Court directing the sale may in each instance think proper.

[Mode of payment on sale of moveable property.]

251. In all cases of sale of moveable property, the price of every lot shall be paid for at the time of sale or as soon after as the Officer holding the sale shall direct, and in default of such payment the property shall forthwith be again put up and sold. On payment of the purchase money, the Officer holding the sale shall grant a receipt for the same, and the sale shall become absolute.

[Irregularity not to vitiate sale of moveable property, but any person injured may recover damages by suit.]

252. No irregularity in the sale of moveable property under an execution, shall vitiate the sale; but any person who may sustain any injury by reason of such irregularity may recover damages by a suit in Court.

[Deposit by purchaser in case of sale of immoveable property.]

253. In all cases of sale of immoveable property, the party who is declared to be the purchaser shall be required to deposit immediately twenty-five per centum on the amount of his bid, and in default of such deposit the property shall forthwith be again put up and sold.

[When full amount of purchase money to be made good. Procedure on default. Defaulting purchaser answerable for loss by re-sale.]

254. The full amount of purchase money shall be made good by the purchaser before

নীলাম হইবার হুকুম যে আদালতহইতে হইয়াছিল তাহা যদি জিলার প্রধান দেওয়ানী আদালতের অধীন হয়, তবে সেই প্রধান দেওয়ানী আদালতঘরেও ঐ ইশ্তিহারনামা লটকাইতে হইবেক। যে বিচারকর্ত্তা নীলামের হুকুম করেন তাঁহার আদালতঘরে ঐ ইশ্তিহারনামা যে তারিখে লটকান যায়, সেই তারিখঅবধি গণিয়া অতিকম ত্রিশ দিন গত না হইলে স্থাবর সম্পত্তি নীলাম হইবেক না, ও পনের দিন গত না হইলে অস্থাবর সম্পত্তি নীলাম হইবেক না।

[কোন২ স্থলে ক্রোক ও নীলাম করিবার পরওয়ানা একি সময়ে জারী হইবার কথা।]

২৫০। যখন মাল কি জিনিসপত্র, কিম্বা পাওনা টাকাছাড়া অস্থাবর অন্য বিষয় ক্রোক করিতে হয়, তখন আদালতের যে স্থলে যেমন উচিত বোধ হয় তেমনি ক্রোক করিবার ও নীলাম করিবার রীতিমতের পরওয়ানা একি সময়ে কিম্বা একের পর অন্য পরওয়ানা জারী হইতে পারিবেক।

[অস্থাবর সম্পত্তি নীলাম হইলে টাকা দিবার নিয়মের কথা।]

২৫১। অস্থাবর সম্পত্তির নীলাম হইলে, প্রত্যেক লাটের মূল্য নীলাম হইবার সময়ে দিতে হইবেক, কিম্বা তাহার পর নীলামকরণিয়া কার্য্যকারক যখন দিতে হুকুম করে তখনই দিতে হইবেক। ঐ টাকা না দেওয়া গেলে ঐ দ্রব্য অবিলম্বে পুনরায় নীলাম হইবেক। খরীদের টাকা দেওয়া গেলে নীলামকরণিয়া কার্য্যকারক ঐ টাকার রসীদ দিবেক ও নীলাম সিদ্ধ হইবেক।

[বেদাঁড়ার কার্য্যেতে অস্থাবর সম্পত্তির নীলাম অসিদ্ধ না হইবার কথা, কিন্তু যাহার ক্ষতি হয় তাহার নালিশ করিয়া খেসারৎ পাইতে পারিবার কথা।]

২৫২। ডিক্রী জারীক্রমে অস্থাবর সম্পত্তির যে নীলাম হয় তাহাতে বেদাঁড়ার কোন কার্য্য হইলেও নীলাম অসিদ্ধ হইবেক না। কিন্তু সেই বেদাঁড়ার কার্য্যেতে যদি কোন লোকের কিছু ক্ষতি হইয়া থাকে, তবে সে আদালতে নালিশ করিয়া খেসারৎ পাইতে পারিবেক।

[স্থাবর সম্পত্তির নীলামে খরীদারের বায়না আমানৎ করিবার কথা।]

২৫৩। স্থাবর সম্পত্তির নীলাম হইলে যাহাকে খরীদার বলিয়া প্রকাশ করা যায় সে যত টাকা ডাকিয়াছে তাহার উপর তাহার শতকরা পঁচিশ টাকার হিসাবে তৎক্ষণাৎ আমানৎ করিতে হইবেক। ও সেই টাকা আমানৎ না করিলে ঐ সম্পত্তি অবিলম্বে পুনরায় নীলাম হইবেক।

[খরীদের সমুদয় টাকা যে সময়ে দিতে হইবেক তাহার কথা, ও না দিলে যাহা করিতে হইবেক তাহার কথা, ও পুনরায় নীলাম হইয়া কিছু ক্ষতি হইলে ঐ বাকীদার খরীদারের শিরে পড়িবার কথা।]

২৫৪। সম্পত্তি যে দিনে নীলাম হয় সেই দিনঅবধি পনের দিনের দিনে সূর্য্য অস্ত হইবার

sunset of the fifteenth day from that on which the sale of the property took place, or if the fifteenth day be a Sunday or other close holiday, then on the first office day after the fifteenth day; and in default of payment within such period, the deposit, after defraying the expenses of the sale, shall be forfeited to Government, and the property shall be resold and the defaulting purchaser shall forfeit all claim to the property or to any part of the sum for which it may subsequently be sold. If the proceeds of the sale which is eventually consummated be less than the price bid by such defaulting purchaser, the difference shall be leviable from him under the rules for enforcing the payment of money in satisfaction of a decree of Court.

[Notification on re-sale of immoveable property.]

255. Every re-sale of immoveable property in default of payment of the purchase money shall be made after the issue of a fresh notification in the manner and for the period prescribed for original sales.

[Confirmation of sale.]

256. No sale of immoveable property shall become absolute until the sale has been confirmed by the Court. At any time within thirty days from the date of the sale, application may be made to the Court to set aside the sale on the ground of any material irregularity in publishing or conducting the sale, but no sale shall be set aside on the ground of such irregularity unless the applicant shall prove to the satisfaction of the Court that he has sustained substantial injury by reason of such irregularity.

[The sale, if not objected to for irregularity, or if the objection is disallowed, shall become absolute. When the order to set aside a sale shall be open to appeal.]

257. If no such application as is mentioned in the last preceding Section be made, or if such application be made and the objection be disallowed, the Court shall pass an order confirming the sale; and in like manner if such application be made, and if the objection be allowed, the Court shall pass an order setting aside the sale for irregularity. If the objection be allowed, the order made to set aside the sale shall be final; if the objection be disallowed, the order confirming the sale shall be open to appeal; and such order, unless appealed from, and if appealed from, then the order passed on the appeal, shall be final; and the party against whom the same has been given shall be precluded

পূর্ব্বে, খরীদের সমুদয় টাকা খরীদারের দিতে হইবেক। সেই পনের দিনের দিন যদি রবিবার হয়, কিম্বা কোন পরবের নিমিত্তে বন্দের দিন হয়, তবে সেই পঞ্চদশ দিনের পর প্রথম যে দিনে কাছারী হয় সেই দিনে দিতে হইবেক। ও সেই মিয়াদের মধ্যে না দেওয়া গেলে ঐ আমানতের টাকাহইতে নীলামের খরচ শোধ হইয়া বাকী টাকা সরকারে জব্দ হইবেক। ও সেই সম্পত্তির পুনরায় নীলাম হইবেক, ও সেই সম্পত্তির উপর কিম্বা পরে তাহা যত টাকাতে নীলাম হয় তাহার কোন ভাগের উপর, ঐ বাকীদার খরীদারের কোন দাওয়া হইতে পারিবেক না। অবশেষে নীলাম সমাপ্ত হইয়া ঐ সম্পত্তি যে মূল্যেতে বিক্রয় হয় তাহা, ঐ বাকীদার খরীদার যত টাকা ডাকিয়াছিল তাহার কম হইলে, যত টাকা কম হয় তত টাকা ঐ বাকীদারের স্থানে, আদালতের ডিক্রীজারীক্রমে টাকা আদায় করিবার যে বিধি আছে সেই বিধিমতে, আদায় হইবেক।

[স্থাবর সম্পত্তির পুনশ্চ নীলামের ইশ্তিহারের কথা।]

২৫৫। খরীদের টাকা না দেওয়াতে স্থাবর সম্পত্তির পুনশ্চ যে নীলাম হয় তাহা, প্রথম নীলামের যে প্রকারের ও যে মিয়াদের ইশ্তিহার করিবার বিধি আছে, সেই প্রকারের ও সেই মিয়াদের নূতন ইশ্তিহার জারী হইলে পর, হইবেক।

[নীলাম মঞ্জুর করিবার কথা।]

২৫৬। স্থাবর সম্পত্তির নীলাম যাবৎ আদালতহইতে মঞ্জুর না হয়, তাবৎ সিদ্ধ হইবেক না। ঐ নীলামের সম্বাদ দেওনেতে কিম্বা নীলামের কার্য্যেতে গুরুতর কোন বেদাঁড়ার কার্য্য হইয়াছে বলিয়া, ঐ নীলামের তারিখের পর ত্রিশ দিনের মধ্যে সেই নীলাম অসিদ্ধ করিবার দরখাস্ত আদালতে হইতে পারিবেক। কিন্তু সেই বেদাঁড়ার কার্য্যদ্বারা দরখাস্তকারির প্রকৃত ক্ষতি হইয়াছে এই কথার প্রমাণ আদালতের সন্তোষমতে না করিলে সেই বেদাঁড়ার কার্য্যপ্রযুক্ত নীলাম অসিদ্ধ হইবেক না।

[বেদাঁড়ার কার্য্যহেতুক কোন আপত্তি না হইলে কিম্বা সেই আপত্তি অগ্রাহ্য হইলে নীলাম সিদ্ধ হইবার কথা ও নীলাম অসিদ্ধ করিবার হুকুমের উপর আপীলের কথা।]

২৫৭। ইহার পূর্ব্বের ধারাতে যে দরখাস্তের কথা আছে সেইরূপ কোন দরখাস্ত যদি না করা যায়, কিম্বা করা গেলেও যদি আপত্তি অগ্রাহ্য হয়, তবে আদালত ঐ নীলাম মঞ্জুর করিবার হুকুম করিবেন। তদ্রূপে যদি সেই প্রকারের দরখাস্ত করা যায় ও আপত্তি গ্রাহ্য হয়, তবে আদালত বেদাঁড়ার কার্য্যপ্রযুক্ত ঐ নীলাম অসিদ্ধ করিবার হুকুম করিবেন। আপত্তি যদি গ্রাহ্য হয় তবে নীলাম অসিদ্ধ করিবার হুকুম চূড়ান্ত হইবেক; যদি আপত্তি অগ্রাহ্য হয় তবে নীলাম মঞ্জুর করিবার হুকুমের উপর আপীল হইতে পারিবেক। সেই হুকুমের উপর আপীল না হইলে সেই হুকুম চূড়ান্ত হইবেক, আপীল হইলে ঐ আপীলে যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক। ও যাহার বিপক্ষে

from bringing a suit for establishing his claim.

[If the sale be set aside, price to be returned to purchaser.]

258. Whenever a sale of immoveable property is set aside, the purchaser shall be entitled to receive back his purchase money with or without interest, in such manner as it may appear proper to the Court to direct in each instance.

[Certificate to be granted to the purchasers of land.]

259. After a sale of immoveable property shall have become absolute in manner aforesaid, the Court shall grant a certificate to the person who may have been declared the purchaser at such sale, to the effect that he has purchased the right, title, and interest of the defendant in the property sold, and such certificate shall be taken and deemed to be a valid transfer of such right, title, and interest.

[Certificate to state the name of actual purchaser.]

260. The certificate shall state the name of the person who at the time of sale is declared to be the actual purchaser, and any suit brought against the certified purchaser on the ground that the purchase was made on behalf of another person not the certified purchaser, though by agreement the name of the certified purchaser was used, shall be dismissed with costs.

[Delivery of moveable property in the possession of defendant.]

261. Where the property sold shall consist of goods, chattels, or other moveable property in the possession of the defendant, or to the immediate possession of which the defendant is entitled, and of which actual seizure has been made, the property shall be delivered to the purchaser.

[Delivery of moveable property to which defendant is entitled subject to lien.]

262. Where the property sold shall consist of goods, chattels, or other moveable property to which the defendant is entitled subject to a lien or right of any person to the immediate possession thereof, the delivery to the purchaser shall as far as practicable be made by giving notice to the person in possession prohibiting him from delivering possession of the property to any person except the purchaser thereof.

[Delivery of immoveable property in the occupancy of defendants, &c.]

263. If the property sold shall consist of

সেই হুকুম হয়, সেই লোক আপনার দাওয়া সাব্যস্ত করিবার মোকদ্দমা করিতে পারিবেক না।

[যদি নীলাম অসিদ্ধ হয় তবে খরীদারকে টাকা ফিরিয়া দিবার কথা।]

২৫৮। স্থাবর সম্পত্তির নীলাম যদি অসিদ্ধ হয় তবে খরীদার সুদসমেত কি সুদছাড়া, অর্থাৎ আদালত যে স্থলে যে প্রকারের হুকুম করা উচিত বোধ করেন সেই প্রকারে, আপনার টাকা ফিরিয়া পাইতে পারিবেক।

[জমীর খরীদারদিগকে সর্টিফিকট দিবার কথা।]

২৫৯। স্থাবর সম্পত্তির নীলাম পূর্ব্বোক্ত প্রকারে সিদ্ধ হইলে পর, সেই নীলামে যাহাকে খরীদার বলিয়া প্রকাশ করা গেল তাহাকে আদালত এই মর্ম্মের সর্টিফিকট দিবেন, অর্থাৎ সেই নীলামকরা সম্পত্তিতে আসামীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক ছিল তাহা খরীদার খরীদ করিয়াছে। ও সেই সর্টিফিকট ঐ স্বত্বের ও অধিকারের ও সম্পর্কের মাতবর হস্তান্তরকরণ পত্রস্বরূপ জ্ঞান হইবেক।

[সর্টিফিকটে প্রকৃত খরীদারের নাম লিখিবার কথা।]

২৬০। নীলামের সময়ে যাহাকে প্রকৃত খরীদার বলিয়া প্রকাশ করা যায় তাহারই নাম সেই সর্টিফিকটে লিখিতে হইবেক। ও যে খরীদারের নাম সর্টিফিকটে লেখা আছে সেই লোকছাড়া অন্য ব্যক্তির নিমিত্তে ঐ জমী খরীদ হইয়াছিল ও সর্টিফিকটে যাহার নাম লেখা গেল তাহার সঙ্গে পূর্ব্বে কোন বন্দোবস্ত করিয়া তাহার নাম লেখা হইয়াছে বলিয়া, যদি সর্টিফিকটে লেখা খরীদারের নামে কোন মোকদ্দমা করা যায়, তবে তাহা খরচসমেত ডিসমিস হইবেক।

[আসামীর নিকটে যে অস্থাবর দ্রব্য থাকে তাহা দিবার কথা।]

২৬১। ঐ নীলামকরা সম্পত্তি যদি আসামীর নিকটে থাকা, কিম্বা যাহা আপনার নিকটে রাখিতে আসামীর স্বত্ব থাকে এমত, মাল কি জিনিসপত্র কি অন্য অস্থাবর দ্রব্য হয়, ও তাহা যদি নিতান্ত হস্তগত করিয়া লওয়া গিয়াছিল, তবে সেই সম্পত্তি খরীদারকে দিতে হইবেক।

[বন্ধকাদি দাওয়ার বশতঃ যে অস্থাবর দ্রব্যেতে আসামীর স্বত্ব থাকে তাহা দিবার কথা।]

২৬২। ঐ নীলামকরা সম্পত্তি মাল কি জিনিস কি অন্য অস্থাবর দ্রব্য হইয়া, তাহাতে অন্য ব্যক্তির বন্ধকাদিক্রমে যে দাওয়া আছে কিম্বা নিজ হস্তে রাখিবার যে অধিকার আছে তাহার বশে যদি আসামীর তাহাতে স্বত্ব থাকে, তবে যাহার নিকটে ঐ দ্রব্য থাকে তাহাকে ঐ খরীদার ছাড়া অন্য কোন লোককে ঐ দ্রব্য না দিবার এত্তেলা দিয়া ঐ দ্রব্য খরীদারকে নাথ্যমতে দেওয়া যাইবেক।

[আসামীপ্রভৃতির দখলে থাকা স্থাবর সম্পত্তি দেওয়াইবার কথা।]

২৬৩। যে সম্পত্তির নীলাম হয় তাহা যদি ঘর,

a house, land, or other immoveable property, in the occupancy of a defendant or some person on his behalf or of some person claiming under a title created by the defendant subsequently to the attachment of such property, the Court shall order delivery thereof to be made by putting the party to whom the house, land, or other immoveable property may have been sold, or any person whom he may appoint to receive delivery on his behalf, in possession thereof, and, if need be, by removing any person who may refuse to vacate the same.

[Delivery of immoveable property in the occupancy of ryots, &c.]

264. If the property sold shall consist of land or other immoveable property in the occupancy of ryots or other persons entitled to occupy the same, the Court shall order delivery thereof to be made by affixing a copy of the certificate of sale in some conspicuous place on the land or other immoveable property, and proclaiming to the occupants of the property by beat of drum, or in such other mode as may be customary, at some convenient place or places, that the right, title, and interest of the defendant has been transferred to the purchaser.

[Delivery of debts not being negotiable instruments, and of shares in public Companies.]

265. Where the property sold shall consist of debts not being negotiable instruments or of shares in any Railway, Banking, or other public Company or Corporation, the delivery thereof shall be by a written order of the Court prohibiting the creditor from receiving the debts and the debtor from making payment thereof to any person or persons except the purchaser, or prohibiting the person in whose name the shares may be standing, from making any transfer of the shares to any person except the purchaser, or receiving payment of any dividends thereon, and the Manager, Secretary, or other proper Officer of the Company or Corporation from permitting any such transfer or making any such payment to any person except the purchaser.

[Delivery of negotiable securities of which actual seizure has been made.]

266. Where the property sold shall consist of negotiable securities of which actual seizure has been made, the same shall be delivered to the purchaser thereof.

[Transfer of securities and shares.]

267. If the endorsement or conveyance of the party in whose name any negotiable security or any share in a public Company or

কি জমী কি স্থাবর অন্য সম্পত্তি হইয়া আসামীর দখলে কিম্বা তাহার পক্ষে অন্য লোকের দখলে, কিম্বা সেই সম্পত্তি ক্রোক হইলে পর আসামীর করা কোন স্বত্বক্রমে দাওয়াদার অন্য ব্যক্তির দখলে থাকে, তবে আদালত ঐ ঘর কি জমী কি অন্য স্থাবর সম্পত্তি যাহার নিকটে বিক্রয় হইয়াছে তাহাকে, কিম্বা সেই লোক আপনার নিমিত্তে ঐ সম্পত্তি গ্রহণ করিতে অন্য যাহাকে নিযুক্ত করে তাহাকে দখল দেওয়াইয়া, ও কোন ব্যক্তি তাহা ছাড়িয়া দিতে স্বীকার না করিলে তাহাকে আবশ্যক হইলে উঠাইয়া দিয়া, ঐ সম্পত্তি খরীদারকে দিতে হুকুম করিবেন।

[রাইয়তপ্রভৃতিরদের দখলে থাকা স্থাবর সম্পত্তি দেওয়াইবার কথা।]

২৬৪। যে সম্পত্তির নীলাম হয় তাহা যদি জমী কি অন্য স্থাবর সম্পত্তি হইয়া রাইয়তেরদের দখলে, কিম্বা তাহা দখল করিবার স্বত্ববান অন্য লোকেরদের দখলে থাকে, তবে আদালত বিক্রয়ের সর্টিফিকটের এক কেতা নকল ঐ জমীর কি অন্য স্থাবর সম্পত্তির কোন প্রকাশ স্থানে লটকাইয়া, ও আসামীর স্বত্ব ও অধিকার ও সম্পর্ক খরীদারকে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে এই কথা উপযুক্ত কোন এক কি অধিক স্থানে ঢেঁড়রা দিয়া কিম্বা অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে ঐ সম্পত্তির রাইয়তপ্রভৃতির নিকটে ঘোষণা করিয়া, তাহা খরীদারের দখলে দিবার হুকুম করিবেন।

[যাহার ক্রয়বিক্রয় হইতে পারে এমত নিদর্শনপত্র না হইয়া, কোন পাওনা টাকা ও সাধারণ কোম্পানির শ্যার দিবার কথা।]

২৬৫। যাহার ক্রয়বিক্রয় হইতে পারে এমত নিদর্শনপত্রভিন্ন কোন পাওনা টাকা কিম্বা কোন রেলরোডের কি ব্যাঙ্কের কি অন্য সাধারণ কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের শ্যার যদি সেইরূপে বিক্রয় হয়, তবে আদালত, মহাজনকে সেই পাওনা টাকা না লইবার ও খাতককে সেই খরীদারছাড়া অন্য ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে ঐ টাকা না দিবার, কিম্বা ঐ শ্যার যাহার নামে থাকে তাহাকে খরীদারছাড়া অন্য কোন লোকের হাতে ঐ শ্যার না দিবার কিম্বা তাহার উপর কোন ডিবিডেণ্ড না লইবার, ও সেই কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের কর্ত্তা সাহেবকে কি সেক্রেটারীকে কিম্বা উপযুক্ত অন্য কর্ম্মকারীকে খরীদারছাড়া অন্য কোন ব্যক্তির হাতে সেইরূপ হস্তান্তর করণের কিম্বা সেইরূপ কোন টাকা দেওনের অনুমতি না দিবার হুকুম লিখিয়া দিয়া, সেই কর্জ্জ কি শ্যার খরীদারকে দেওয়াইবেন।

[ক্রয়বিক্রয় হইতে পারে এমত যে নিদর্শনপত্র নিতান্ত হস্তগত করা গিয়াছে তাহা দিবার কথা।]

২৬৬। ক্রয়বিক্রয় হইতে পারে এমত যে নিদর্শনপত্র নিতান্ত লওয়া গিয়াছে, তাহা যদি বিক্রয় হয় তবে তাহা খরীদারকে দিতে হইবেক।

[নিদর্শনপত্র ও শ্যার হস্তান্তর করিবার কথা।]

২৬৭। যাহার ক্রয়বিক্রয় হইতে পারে এমত নিদর্শনপত্র কিম্বা সাধারণ কোম্পানির কি চার্টরপ্রাপ্ত সমাজের কোন শ্যার খরীদারকে দিবার

Corporation is standing, shall be required to transfer the same, the Judge may endorse the security or the certificate of the share or may execute such other document as may be necessary for transferring the same. The endorsement or execution shall be in the following form or to the like effect—"A. B. by C. D. Judge of the Court of (*or as the case may be*); in a suit by E. F. *versus* A. B." Until the transfer of such security or share, the Judge may, by order, appoint some person to receive any interest or dividend due thereon, and to sign receipts for the same; and any endorsement made or document executed or receipts signed as aforesaid shall be as valid and effectual for all purposes, as if the same had been made or executed or signed by the party himself.

[Resisting or obstructing purchasers in obtaining possession of property.]

268. If the purchaser of any immoveable property sold in execution of a decree shall be resisted or obstructed in obtaining possession of the property, the provisions contained in Sections 226, 227, and 228 relating to resistance or obstruction to a party in whose favor a suit has been decreed in obtaining possession of the property adjudged to him, shall be applicable in the case of such resistance or obstruction.

[Obstruction by claimants other than defendants.]

269. If it shall appear that the resistance or obstruction to the delivery of possession was occasioned by any person other than the defendant claiming a right to the possession of the property sold as proprietor, mortgagee, lessee, or under any other title, or if in the delivery of possession to the purchaser any such person claiming as aforesaid shall be dispossessed, the Court, on the complaint of the purchaser, or of such person claiming as aforesaid, if made within one month from the date of such resistance or obstruction or of such dispossession as the case may be, shall enquire into the matter of the complaint and pass such order as may be proper in the circumstances of the case. The order shall not be subject to appeal, but the party against whom it is given shall be at liberty to bring a suit to establish his right at any time within one year from the date thereof.

[Attaching creditor to be first paid out of property sold.]

270. Whenever property is sold in execution of a decree, the person on whose application such property was attached shall be entitled to be first paid out of the proceeds thereof, notwithstanding a subsequent attachment of the same property by another party in execution of a prior decree.

জন্যে, ঐ শ্যারপ্রভৃতি যাহার নামে থাকে তাহার যদি ঐ নিদর্শনপত্রের কি শ্যারের পিঠে লেখা কি হস্তান্তর করণপত্র করা প্রয়োজন হয়, তবে বিচারকর্ত্তা ঐ নিদর্শনপত্রের কি শ্যারের সর্টিফিকটের পিঠে লিখিতে পারিবেন, কিম্বা তাহা হস্তান্তর করিবার জন্যে অন্য যে দলীলের আবশ্যক হয় তাহা করিয়া দস্তখৎ করিতে পারিবেন। সেই পিঠের লিখন কি দস্তখৎ করণ এই প্রকারে কিম্বা ইহার মর্ম্মমতে হইবেক, "যে মোকদ্দমাতে ক গ ফরিয়াদী ও খ ঘ আসামী সেই মোকদ্দমাতে অমুক স্থানের আদালতের জজ চ জর দ্বারা ছ ঝ।" সেই নিদর্শনপত্র কি শ্যার যত কাল হস্তান্তর না করা যায় তত কাল তাহার উপর পাওনা কোন সুদ কি ডিবিডেণ্ড লইবার ও তাহার রসীদে দস্তখৎ করিবার জন্যে বিচারকর্ত্তা হুকুম করিয়া কোন লোককে নিযুক্ত করিতে পারিবেন। ও সেই প্রকারে পিঠে যে কোন কথা লেখা যায় ও যে কোন দলীলে কি যে কোন রসীদে দস্তখৎ হয় তাহা সেই পক্ষের নিজ হাতে করিবার কি দস্তখৎ করিবার তুল্য সর্ব্বতোভাবে সিদ্ধ ও সফল হইবেক।

[খরীদারেরদের ঐ সম্পত্তি দখল করিবার নিবারণের কি বাধার কথা।]

২৬৮। ডিক্রী জারীক্রমে যে কিছু স্থাবর সম্পত্তির নীলাম হয় তাহার খরীদারের দখল পাইবার নিবারণ কি বাধা হইলে, কোন মোকদ্দমাতে যাহার পক্ষে ডিক্রী হইয়াছে সেই জন ডিক্রীমতে যে সম্পত্তি পাইতে পারে তাহার দখল পাইবার নিবারণের কি বাধার সম্পর্কীয় ২২৬ ও ২২৭ ও ২২৮ ধারাতে যে বিধান হইয়াছে সেই বিধান ঐ নিবারণের কি বাধার উপর খাটিবেক।

[আসামীছাড়া অন্য দাওয়াদারেরদেরহইতে বাধার কথা।]

২৬৯। আসামীছাড়া মালিক কি বন্ধকলওনিয়া কি পাট্টাদার বলিয়া কিম্বা অন্য কোন দলীলক্রমে ঐ নীলামকরা সম্পত্তিতে স্বত্বের দাওয়াদার অন্য কোন ব্যক্তিহইতে খরীদারের দখল পাইবার ঐ নিবারণ কি বাধা হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, কিম্বা খরীদারকে দখল দেওয়াইবাতে যদি সেই প্রকারের দাওয়াদার কোন ব্যক্তিকে বেদখল করা যায়, তবে সেই নিবারণ কি বাধা হইবার কিম্বা বিষয়বিশেষে সেইরূপ বেদখল হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে ঐ খরীদার কিম্বা পূর্ব্বোক্তমতের দাওয়াদার নালিশ করিলে, আদালত ঐ নালিশের কথা তদন্ত করিয়া ভারগতিক বুঝিয়া যে হুকুম উচিত হয় তাহাই করিবেন। সেই হুকুমের উপর আপীল হইতে পারিবেক না, কিন্তু যাহার বিপক্ষে ঐ হুকুম হইয়াছে সেই জন ঐ হুকুমের তারিখঅবধি এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ব সাবুদ করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক।

[নীলামকরা সম্পত্তিহইতে ক্রোককরণিয়া মহাজনের টাকা প্রথমে দিবার কথা।]

২৭০। যখন ডিক্রী জারীক্রমে কোন সম্পত্তির নীলাম হয়, তখন যে লোকের প্রার্থনামতে ঐ সম্পত্তি ক্রোক করা যায় সেই লোকের ঐ নীলামের উৎপন্ন টাকাহইতে আপনার প্রাপ্য টাকা প্রথমে পাইবার স্বত্ব থাকিবেক, ও তাহার পূর্ব্বের কোন ডিক্রী জারীক্রমে অন্য লোকের দ্বারা সেই সম্পত্তি পরে ক্রোক হইলেও ঐ পূর্ব্বোক্ত লোক প্রথমে টাকা পাইবেক।

[Surplus to be rateably distributed among decree-holders who have taken out execution prior to the order for distribution. Proviso where property is sold subject to a mortgage.]

271. If, after the claim of the person on whose application the property was attached has been satisfied in full from the proceeds of the sale, any surplus remain, such surplus shall be distributed rateably amongst any other persons who prior to the order for such distribution may have taken out execution of decrees against the same defendant and not obtained satisfaction thereof. Provided that, when any property is sold subject to a mortgage, the mortgagee shall not be entitled to share in any surplus arising from such sale.

[Court may on application order another decree-holder to be satisfied out of proceeds of property attached under a decree obtained fraudulently.]

272. If it shall appear to the Court, upon the application of a decree-holder, that any other decree under which property has been attached was obtained by fraud or other improper means, the Court may order that the applicant shall be satisfied out of the proceeds of the property attached so far as the same may suffice for the purpose if such other decree be a decree of that Court, or, if it be a decree of another Court, may stay the proceedings to enable the applicant to obtain a similar order from the Court by which the decree was made.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

[টাকা বাঁটিয়া দিবার হুকুম হইবার আগে যে ডিক্রীদারেরা ডিক্রীজারীর হুকুম বাহির করিয়াছে তাহারদের মধ্যে অবশিষ্ট টাকা হারহারিমতে দিবার কথা ও সম্পত্তি বন্ধকের দায়যুক্ত হইয়া নীলাম হইলে তাহার বর্জ্জিত কথা।]

২৭১। যাহার দরখাস্তমতে সম্পত্তি ক্রোক হইয়াছে তাহার দাওয়ার সমুদয় টাকা ঐ নীলামের উৎপন্ন টাকাহইতে দেওয়া গেলে পর, যদি কিছু অবশিষ্ট থাকে, তবে সেই অবশিষ্ট টাকা বাঁটিয়া দেওয়া যাইবেক, অর্থাৎ ঐ বাঁটিয়া দিবার হুকুম হইবার পূর্ব্বে অন্য যে কোন লোকেরা ঐ আসামীর উপরে ডিক্রীজারীর হুকুম বাহির করিয়াছে কিন্তু তাহার টাকা আদায় করিতে পারে নাই, তাহারদের মধ্যে ঐ অবশিষ্ট টাকা হারহারিমতে বাঁটিয়া দেওয়া যাইবেক। পরন্তু যে সম্পত্তির নীলাম হয় তাহার উপর যদি বন্ধকের দায় থাকে, তবে ঐ নীলামের উৎপন্ন অবশিষ্ট টাকার কোন ভাগ পাইতে ঐ বন্ধকলওনিয়ার অধিকার থাকিবেক না।

[প্রতারণাক্রমে যে ডিক্রী পাওয়া গেল তদনুসারে ক্রোককরা সম্পত্তির নীলামের টাকাহইতে অন্য ডিক্রীদারের পাওনা টাকা দিবার হুকুমের কথা।]

২৭২। অন্য যে ডিক্রীর দ্বারা সম্পত্তি ক্রোক হইয়াছে তাহা প্রতারণাক্রমে কিম্বা অনুপযুক্ত অন্য উপায়ে পাওয়া গিয়াছে, ইহা যদি আদালত কোন ডিক্রীদারের দরখাস্তমতে বুঝিতে পান, তবে সেই অন্য ডিক্রী ঐ আদালতের ডিক্রী হইলে, ঐ ক্রোককরা সম্পত্তির নীলামেতে যে টাকা পাওয়া যায় তাহাহইতে আদালত দরখাস্তকারির পাওনা টাকা শোধ করিতে যত কুলায় তত দিবার হুকুম করিতে পারিবেন। কিম্বা অন্য আদালতের ডিক্রী হইলে যে আদালতে ঐ ডিক্রী করা যায় সেই আদালতের স্থানে দরখাস্তকারী সেই প্রকারের হুকুম পাইতে পারে, এই নিমিত্তে আদালত ডিক্রী জারীর কার্য্য স্থগিত রাখিতে পারিবেন।

Of Arrest in Execution of Decrees for Money.

[On what grounds, application for discharge may be made. Form of application. Verification.]

273. Any person arrested under a warrant in execution of a decree for money may, on being brought before the Court, apply for his discharge on the ground that he has no present means of paying the debt, either wholly or in part, or, if possessed of any property, that he is willing to place whatever property he possesses at the disposal of the

টাকার ডিক্রী জারী করিয়া আসামীকে গ্রেফ্তার করিবার বিধি।

[মুক্ত হইবার দরখাস্ত যে কারণে হইতে পারে তাহার কথা, ও দরখাস্ত লিখিবার পাঠ ও তাহার সত্যহওয়ার কথা লিখিবার কথা।]

২৭৩। টাকার ডিক্রীজারীর পরওয়ানাক্রমে যদি কোন লোককে গ্রেফ্তার করা যায়, তবে আদালতের সম্মুখে আনা গেলে, তাহার তৎকালে প্রতুল না থাকাতে সে সমুদয় টাকা কি তাহার কোন অংশ দিতে পারে না বলিয়া, কিম্বা তাহার কিছু সম্পত্তি থাকিলে যত সম্পত্তি আছে তাহা সমুদয় আদালতের হাতে অর্পণ করিতে চাহে বলিয়া, মুক্ত হইবার দরখাস্ত করিতে পারিবেক।

Court. The application shall contain a full account of all property of whatever nature belonging to the applicant, whether in expectancy or in possession, and whether held exclusively by himself or jointly with others, or by others in trust for him (except the necessary wearing apparel of himself and his family and the necessary implements of his trade), and of the places respectively where such property is to be found, or shall state that, with the exceptions above-mentioned, the applicant is not possessed of any property, and the application shall be subscribed and verified by the applicant in the manner hereinbefore prescribed for subscribing and verifying plaints.

[Procedure on application.]

274. Upon such application being made, the Court shall examine the applicant in the presence of the plaintiff or his pleader as to his then circumstances, and as to his future means of payment, and shall call upon the plaintiff to show cause why he does not proceed against any property of which the defendant is possessed and why the defendant should not be discharged; and should the plaintiff fail to show such cause, the Court may direct the discharge of the defendant from custody. Pending any enquiry which the Court may consider it necessary to make into the allegations of either party, the Court may leave the defendant in the custody of the Officer of the Court to whom the service of the warrant was entrusted, on the defendant making the necessary deposit for paying the fees of such Officer; or if the defendant furnish good and sufficient security for his appearance at any time when called upon while such enquiry is being made, his surety or sureties undertaking in default of such appearance to pay the amount mentioned in the warrant, the Court may release the defendant on such security.

[Defendant liable to be again arrested if proved guilty of fraudulent concealment of property, &c.]

275. The discharge of the defendant under the last preceding Section shall not protect him from being arrested again and imprisoned if it should be shown that, in the application made by him, he had been guilty of any concealment or of wilfully making any false statement respecting the property belonging to him, whether in possession or in expectancy or held for him in trust, or had fraudulently concealed, transferred, or removed any property, or had committed any other act of bad faith; nor shall such discharge exempt from attachment and sale any property then in the possession of the defendant, or of which he may afterwards become possessed.

সেই দরখাস্তে দরখাস্তকারির যে প্রকারের যত সম্পত্তি থাকে সে সমুদয়ের বেওরা লিখিতে হইবেক, অর্থাৎ তাহার নিজের ও তাহার পরিবারের আবশ্যক পরিবার বস্ত্র ও তাহার ব্যবসায়ের আবশ্যক হাতিয়ারছাড়া, তাহার যত সম্পত্তি পাইবার সম্ভাবনা ও যত দখলে আছে ও তাহা আপনি একলা রাখে কি অন্যেরদের সঙ্গে যৌতায় রাখে, কি তাহার নিমিত্তে অন্যেরদের জিম্মায় আছে, ও তাহার মধ্যে যে বিষয় যে স্থানে থাকে তাহাও সেই দরখাস্তে লিখিবেক, অথবা উক্ত বস্ত্র ও হাতিয়ারছাড়া দরখাস্তকারির কিছু সম্পত্তি নাই এই কথা দরখাস্তে লিখিবেক। ও আরজীতে দস্তখৎ করিবার ও তাহা সত্যহওয়ার কথা লিখিবার যে বিধি এই আইনেতে করা গিয়াছে, সেই বিধিমতে দরখাস্তকারী ঐ দরখাস্তেতে দস্তখৎ করিবেক ও তাহা সত্য এই কথা লিখিবেক।

[দরখাস্ত পাইলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

322. The Court may on the application of either party modify or correct an award where it appears that a part of the award is upon matters not referred to the arbitrators, provided such part can be separated from the other part and does not affect the decision on the matter referred; or where the award is imperfect in form or contains any obvious error which can be amended without affecting such decision. The Court may also on such application make such order as it thinks just respecting the costs of the arbritration, if any question arise respecting such costs and the award contain no sufficient provision concerning them.

[In what cases Court may remit the award or any of the matters referred to arbitration, for reconsideration.]

323. In any of the following cases the Court shall have power to remit the award or any of the matters referred to arbitration to the reconsideration of the same arbitrator or arbitrators or umpire, upon such terms as it may think proper (that is to say)—

If the award has left undetermined some of the matters referred to arbitration, or if it determine matters not referred to arbitration.

If the award is so indefinite as to be incapable of execution.

If an objection to the legality of the award is apparent upon the face of the award.

[Award not to be set aside except on ground of corruption. Application to set aside the award.]

324. No award shall be liable to be set aside except on the ground of corruption or misconduct of the arbitrators or umpire. Any application to set aside an award shall be made within ten days after the same has been submitted to the Court

[Judgment to be according to the award.]

325. If the Court shall not see cause to remit the award or any of the matters referred to arbitration for reconsideration in manner aforesaid, and if no application shall have been

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

না থাকে, তবে অর্পিত সমুদয় বিষয়ের কি তাহার কোন অংশের উপর তাঁহার কি তাঁহারদের যে ফয়সলা হয়, তাহা তিনি কি তাঁহারা আদালতের রায়ের জন্যে বিশেষ জিজ্ঞাসার মতে অর্পণ করিতে পারিবেন।

[দরখাস্ত হইলে ফয়সলা কোন২ স্থানে আদালতের মতান্তর করিবার কি সংশোধন করিবার কথা ও সালিসীতে অর্পণ করিবার খরচার হুকুম করিবার কথা।]

৩২২। সালিসীতে অর্পণ হয় নাই এমত কোন বিষয়ের উপর ফয়সলার এক অংশ হইল, ইহা যদি দৃষ্ট হয়, তবে আদালত কোন পক্ষের দরখাস্তমতে ঐ ফয়সলা মতান্তর কি সংশোধন করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে ফয়সলার ঐ অংশ অন্য অংশহইতে পৃথক্ করা যাইতে পারে, ও তাহাতে অর্পিত বিষয়ের উপর যে নিষ্পত্তি হইল তাহার কিছু হানি না হয়। অথবা যদি সেই ফয়সলার লিখন দাঁড়ামতে অশুদ্ধ হইয়াছে কিম্বা তাহাতে কোন স্পষ্ট দোষ থাকে ও সেই দোষ সংশোধন করিলেও ঐ নিষ্পত্তির কিছু হানি না হয়, তবে আদালত তাহা মতান্তর কি সংশোধন করিতে পারিবেন। আরো যদি সালিসীতে অর্পণ করিবার খরচার কিছু বিবাদ হয় ও ফয়সলাতে তাহার উপযুক্ত কোন বিধান না থাকে, তবে কোন পক্ষ দরখাস্ত করিলে আদালত খরচার যে হুকুম ন্যায্য বোধ করেন তাহা করিবেন।

[যে২ স্থলে আদালত ফয়সলা কি সালিসীতে অর্পিত কোন বিষয় পুনর্ব্বিবেচনার নিমিত্তে ফিরিয়া পাঠাইতে পারেন তাহার কথা।]

৩২৩। আদালত যে নিয়ম উপযুক্ত বোধ করেন এমত নিয়ম করিয়া, ঐ ফয়সলা কিম্বা সালিসীতে অর্পিত কোন বিষয় ঐ সালিসের কি সালিসেরদের কি মধ্যস্থের পুনর্ব্বিবেচনার জন্যে এই২ কারণে ফিরিয়া পাঠাইতে পারিবেন অর্থাৎ

সালিসীতে অর্পিত কোন বিষয় সেই ফয়সলাতে নিষ্পত্তি না হইয়া রহিয়াছে, অথবা সালিসীতে অর্পিত না হওয়া বিষয়ের নিষ্পত্তি হইয়াছে।

অথবা ফয়সলা অস্পষ্ট হওয়াতে জারী হইতে পারে না।

অথবা ফয়সলা আইনমতে হয় নাই এমত আপত্তি সেই ফয়সলার আদি দৃষ্টে স্পষ্টরূপে প্রকাশ হয় এই২ কারণে।

[ফয়সলা কেবল উৎকোচ গ্রহণপ্রযুক্ত অন্যথা হইবার কথা ও ফয়সলা অন্যথা করিবার দরখাস্তের কথা।]

৩২৪। সালিসেরদের কি মধ্যস্থের উৎকোচগ্রহণ কিম্বা অনুপযুক্ত কর্ম্মপ্রযুক্ত ফয়সলা অন্যথা হইতে পারে, অন্য কারণে নয়। ফয়সলা অন্যথা করিবার দরখাস্ত আদালতে ঐ ফয়সলা অর্পণ হইবার পর দশ দিনের মধ্যে করিতে হইবেক।

[ফয়সলামতে হুকুম হইবার কথা।]

৩২৫। যদি আদালত ঐ ফয়সলা কিম্বা সালিসীতে অর্পিত কোন বিষয় পুনর্ব্বিবেচনার নিমিত্তে পূর্ব্বোক্তমতে ফিরিয়া পাঠাইবার কোন কারণ না দেখেন, ও যদি ফয়সলা অন্যথা করিবার কোন

made to set aside the award, or if the Court shall have refused such application, the Court shall proceed to pass judgment according to the award or according to its own opinion on the special case if the award shall have been submitted to it in the form of a special case; and upon the judgment which shall be so given decree shall follow and shall be carried into execution in the same manner as other decrees of the Court In every case in which judgment shall be given according to the award, the judgment shall be final.

[Agreement of parties to refer to arbitration may be filed in the Court. Provisions of this Chapter applicable.]

326. When any persons shall by an instrument in writing agree that any differences between them or any of them shall be referred to the arbitration of any person or persons named in the agreement or to be appointed by any Court having jurisdiction in the matter to which it relates, application may be made by the parties thereto or any of them that the agreement be filed in such Court. On such application being made, the Court shall direct such notice to be given to any of the parties to the agreement, other than the applicants, as it may think necessary, requiring such parties to show cause, within a time to be specified, why the agreement should not be filed. The application shall be written on a stamp paper of one-fourth of the value prescribed for plaints in suits, and shall be numbered and registered as a suit between some or one of the parties interested or claiming to be interested as plaintiffs or plaintiff, and the others or other of them as defendants or defendant, if the application have been presented by all the parties or, if otherwise, between the applicant as plaintiff and the other prties as defendants. If no sufficient cause be shown against the agreement, the agreement shall be filed and an order of reference to arbitration shall be made thereon. The several provisions of this Chapter, so far as they are not inconsistent with the terms of any agreement so filed, shall be applicable to all proceedings under an order of reference made by the Court and to the award of arbitration and to the enforcement of such award.

[Filing in Court an award when the matter was referred to arbitration without intervention of Court. Enforcement of such award.]

327. When any matter has been referred to arbitration without the intervention of any Court of Justice, and an award has been made

[*Government Gazette, 13th May,* 1859.]

দরখাস্ত না করা যায়, কিম্বা দরখাস্ত হইলেও যদি আদালত তাহা অগ্রাহ্য করেন, তবে আদালত সেই ফয়সলাঅনুসারে হুকুম করিবেন, অথবা যদি সেই ফয়সলা বিশেষ জিজ্ঞাসামতে আদালতে অর্পণ হইয়া থাকে তবে সেই বিশেষ জিজ্ঞাসামতে আদালতের যে রায় হয় তদনুসারে হুকুম করিবেন, ও সেই হুকুমঅনুসারে ডিক্রী হইবেক, ও আদালতের অন্য ডিক্রীর মতে সেই ডিক্রীজারী হইবেক। ফয়সলাঅনুসারে যখন হুকুম হয় তখন সেই হুকুম চূড়ান্ত হইবেক।

[সালিসীতে অর্পণ করিতে উভয় পক্ষের একরারনামা আদালতে দাখিল হইবার কথা। ও এই অধ্যায়ের বিধান খাটিবার কথা।]

৩২৬। যদি কোন লোকেরা একরারনামা লিখিয়া আপনারদের সকলের কি কোন কাহার মধ্যে বিবাদের কোন বিষয় ঐ একরারনামায় লিখিত, কিম্বা সেই বিষয়ে যে কোন আদালতের এলাকা থাকে সেই আদালতের নিযুক্ত, কোন ব্যক্তির কি ব্যক্তিরদের সালিসীতে অর্পণ করিতে একরার করে, তবে সেই একরারনামা আদালতে দাখিল হইবার দরখাস্ত ঐ একরারনামার উভয় পক্ষ কি তাহারদের কোন কেহ করিতে পারিবেক। সেইরূপ দরখাস্ত হইলে আদালত, সেই একরারনামা দাখিল না হয় ইহার কারণ নিরূপিত সময়ের মধ্যে জানাইবার যে রূপ এত্তেলা আবশ্যক বোধ করেন সেইরূপ এত্তেলা ঐ দরখাস্তকারিগণছাড়া ঐ একরারনামার অন্য কোন লোকদিগকে দিতে হুকুম করিবেন। মোকদ্দমার আরুজী লিখিবার যে মূল্যের ইষ্টাম্প কাগজ নির্দ্দিষ্ট আছে, তাহার সিকি মূল্যের ইষ্টাম্প কাগজে ঐ দরখাস্ত লিখিতে হইবেক। ও উভয় পক্ষের সকল লোক যদি ঐ দরখাস্ত করিয়া থাকে, তবে সেই বিষয়ের সম্পর্কযুক্ত কি সম্পর্কের দাওয়াদার কএক জনকে কি এক জনকে ফরিয়াদী করিয়া ও তাহারদের অন্য লোকদিগকে কি লোককে আসামী করিয়া, কিম্বা যদি সকল লোক ঐ দরখাস্ত না করে তবে দরখাস্তকারিকে ফরিয়াদী করিয়া ও অন্যেরদিগকে আসামী করিয়া, সেই দরখাস্ত মোকদ্দমার ন্যায় নম্বরভুক্ত হইয়া রেজিষ্টরী করা যাইবেক। যদি ঐ একরারনামার বিরুদ্ধ উপযুক্ত কোন কারণ দেখান না যায়, তবে ঐ একরারনামা দাখিল করা যাইবেক ও তদনুসারে সালিসীতে অর্পণ করিবার হুকম হইবেক। এই অধ্যায়ের সকল বিধান, সেইপ্রকারের দাখিলকরা কোন একরারনামার কথার সঙ্গে যে পর্য্যন্ত অসঙ্গত না হয় সেইপর্য্যন্ত, সালিসীতে অর্পণ করিবার আদালতের হুকুমমতে যে সকল কার্য্য হয় তাহার ও সালিসেরদের ফয়সলার উপর ও সেই ফয়সলা জারী করিবার উপর খাটিবেক।

[আদালতের হস্তক্ষেপ না হইয়া কোন বিষয় সালিসীতে অর্পণ হইলে পর ফয়সলা আদালতে অর্পণ করিবার কথা। ও সেই ফয়সলা প্রবল করিবার কথা।]

৩২৭। কোন আদালতের হস্তক্ষেপ না হইয়াও যদি কোন বিষয় সালিসীতে অর্পণ করা যায় ও তাহার ফয়সলাও হয়, তবে ঐ ফয়সলা যে বিষয় লইয়া

any person interested in the award may within six months from the date of the award make application to the Court having jurisdiction in the matter to which the award relates, that the award be filed in Court. The Court shall direct notice to be given to the parties to the arbitration other than the applicant, requiring such parties to show cause, within a time to be specified, why the award should not be filed. The application shall be written on the stamp paper required for petitions to the Court where a stamp is required for petitions by any law for the time being in force, and shall be numbered and registered as a suit between the applicant as plaintiff and the other parties as defendants. If no sufficient cause be shown against the award, the award shall be filed and may be enforced as an award made under the provisions of this Chapter.

CHAPTER VII.

OF PROCEEDINGS ON AGREEMENT OF PARTIES.

How Questions may be raised for the Decision of a Civil Court by any Persons interested.

[Questions of fact, or of law or equity, may be raised by agreement for the decision of any Court having jurisdiction.]

328. Parties interested or claiming to be interested in the decision of any question of fact or law, may enter into an agreement which shall be subject to the same stamp duty as prescribed for plaints in suits, that upon the finding of a Court in the affirmative or negative of such question of fact or law, a sum of money fixed by the parties, or to be determined by the Court, shall be paid by one of the parties to the other of them; or that some property, moveable or immoveable, specified in the agreement, shall be delivered by one of the parties to the other of them; or that one or more of the parties shall do or perform some particular legal act or shall refrain from doing or performing some particular act specified in the agreement. Where the agreement is for the delivery of some property moveable or immoveable, or for the doing or performing, or the refraining to do or perform any particular act, the estimated value of the property to be delivered, or to which the act specified may have reference, shall be stated in the agreement.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

সপ্তম অধ্যায়।

উভয় পক্ষের একরারনামামতে যে কার্য্য হইতে পারে তাহার বিধি।

দেওয়ানী আদালতের নিষ্পত্তির নিমিত্তে তৎসম্বন্ধীয় কোন লোকের কোন কথা উত্থাপন করিবার বিধি।

[এলাকাপ্রাপ্ত কোন আদালতের নিষ্পত্তির নিমিত্তে বৃত্তান্ত কি আইন কি একটিঘটিত কোন জিজ্ঞাসা করারমতে উত্থাপন হইবার কথা।]

৩২৮। বৃত্তান্ত কি আইনঘটিত কোন কথার নিষ্পত্তিতে যাহারদের সম্বন্ধ থাকে কি যাহারা সম্বন্ধের দাওয়া রাখে, তাহারা আপোসে এই মর্ম্মের একরারনামা করিতে পারিবেক, অর্থাৎ, বৃত্তান্ত কি আইনঘটিত সেই কথা আদালত যেমত মঞ্জুর করেন কি নামঞ্জুর করেন তদনুসারে উভয় পক্ষ যত টাকা নির্দ্ধার্য্য করে, কিম্বা আদালত যত টাকা নির্ণয় করেন, তত টাকা তাহারদের এক পক্ষ অন্য পক্ষকে দিবেক। অথবা ঐ একরারনামার লিখিত স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি তাহারদের এক পক্ষ অন্য পক্ষকে দিবেক। অথবা তাহারদের কোন পক্ষের এক কি অধিক লোক ঐ একরারনামার লিখিত আইনসিদ্ধ কোন বিশেষ কার্য্য করিবেক কি সাধন করিবেক কিম্বা কোন বিশেষ কার্য্য করণে কি সাধন করণে ক্ষান্ত থাকিবেক। মোকদ্দমাতে মালিশের আরজীর যে মূল্যের ইষ্টাম্প কাগজ নির্দ্দিষ্ট আছে ঐ একরারনামা সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। যদি কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তি দিবার জন্যে, কিম্বা কোন বিশেষ কার্য্য করিবার কি সাধন করিবার জন্যে, কিম্বা কোন বিশেষ কার্য্য করণে কি সাধন করণে ক্ষান্ত থাকিবার জন্যে ঐ একরারনামা হয়, তবে যে সম্পত্তি দিতে হইবেক কিম্বা ঐ নির্দ্দিষ্ট কার্য্যের যে সম্পত্তির সঙ্গে সম্পর্ক থাকে তাহার আন্দাজী মূল্য ঐ একরারনামায় লিখিয়া দিতে হইবেক।

[Agreement to be filed and numbered as a suit.]

329. The agreement may be filed in any Court having jurisdiction in the matter, and, when so filed, shall be numbered and registered as a suit between some or one of the parties interested or claiming to be interested as plaintiffs or plaintiff, and the others or other of them as defendants or defendant; and notice shall be given to all the parties to the agreement other than the party or parties by whom it was presented.

[Parties to be subject to the Court's jurisdiction.]

330. After the agreement shall have been filed, all the parties to it shall be subject to the jurisdiction of the Court, and shall be bound by the statements contained therein.

[Hearing and disposal of the case.]

331. The case shall be set down for hearing as an ordinary suit; and if the Court shall be satisfied, after an examination of the parties or their pleaders, or taking such evidence as it may deem proper, that the agreement was duly executed by the parties, and that they have a *bonâ fide* interest in the question of fact or law stated therein, and that the same is fit to be tried or decided, it shall proceed to record and try, or hear the same, and deliver its finding or opinion thereon, in the same way as in an ordinary suit; and shall, upon its finding or deciding upon the question of fact or law, give judgment for the sum fixed by the parties, or so ascertained as aforesaid, or otherwise, according to the terms of the agreement, and upon the judgment which shall be so given, decree shall follow and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit.

CHAPTER VIII.

Of Appeals.

Appeal to lie from all decrees except when expressly prohibited. Appeal to Sudder Court to be heard by three or more Judges.]

332. Except when otherwise expressly provided in this or any other Regulation or Act for the time being in force, an appeal shall lie from the decrees of the Courts of original jurisdiction to the Courts authorized to hear appeals from the decisions of those Courts. If the appeal lie to the Sudder Court it shall be

[*Government Gazette*, 13*th May*, 1859.]

[একরারনামা দাখিল করিবার ও মোকদ্দমার ন্যায় নম্বরভুক্ত করিবার কথা।]

৩২৯। সেই বিষয়ে যে আদালতের এলাকা থাকে এমত কোন আদালতে ঐ একরারনামা দাখিল হইতে পারিবেক। ও দাখিল হইলে, সেই বিষয়ে যাহারদের সম্বন্ধ থাকে কি যাহারা সম্বন্ধের দাওয়া করে এমত এক কি অধিক জনকে ফরিয়াদী করিয়া ও অন্যেরদিগকে কি অন্যকে আসামী করিয়া ঐ একরারনামা মোকদ্দমার ন্যায় নম্বরভুক্ত হইয়া রেজিষ্টরী হইবেক। ও যে লোক কি লোকেরা ঐ একরারনামা দাখিল করিয়াছিল তাহারদেরছাড়া ঐ একরারনামার অন্য সকল লোককে এত্তেলা দেওয়া যাইবেক।

[উভয় পক্ষের আদালতের অধীন থাকার কথা।]

৩৩০। সেই একরারনামা দাখিল হইলে পর তৎসম্বন্ধীয় উভয় পক্ষের সকল লোক আদালতের অধীন থাকিবেক, ও সেই একরারনামার লিখিত কথাতে বদ্ধ থাকিবেক।

[মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিবার কথা।]

৩৩১। সেই বিষয় সাধারণ মোকদ্দমার মতে শুনিবার জন্যে লেখা যাইবেক। ও সেই একরারনামা উভয় পক্ষ উপযুক্তমতে করিয়াছে, ও বৃত্তান্ত কি আইনঘটিত যে কথা তাহাতে ব্যক্ত হইয়াছে সেই কথাতে তাহারদের প্রকৃত ভাবে সম্বন্ধ আছে, ও তাহা বিচার কি নিষ্পত্তি হইবার যোগ্য বটে, এই কথা যদি আদালত উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী লইয়া কিম্বা যে প্রমাণ উপযুক্ত বোধ করেন তাহা লইয়া হৃদ্বোধমতে জানেন, তবে সাধারণ মোকদ্দমায় যেমন করেন তেমনি ঐ একরারনামা রিকার্ড করিবেন ও তাহার বিচার করিবেন, কিম্বা শুনিয়া আপনার নিষ্পত্তি কি রায় জানাইবেন। ও বৃত্তান্ত কি আইনঘটিত কথার উপর আপনার যে রায় কি নিষ্পত্তি হয় তদনুসারে উভয় পক্ষের নির্দ্ধারিত টাকা, কিম্বা পূর্ব্বোক্তমতে আদালতের নির্দ্ধারিত টাকা দিবার হুকুম করিবেন, কিম্বা প্রকারান্তরে ঐ একরারনামার নিয়মমতে হুকুম করিবেন। ও সেই প্রকারে যে হুকুম করেন তদনুসারে ডিক্রী হইবেক, ও উভয় পক্ষের সওয়ালজওয়াবকরা মোকদ্দমাতে হুকুম হইলে ডিক্রী যে প্রকারে জারী হয় সেই প্রকারে ঐ ডিক্রী জারী হইবেক।

অষ্টম অধ্যায়।

আপীলের বিধি।

[বিশেষমতে নিষেধ না হইলে সকল ডিক্রীর উপর আপীল হইবার কথা। সদর আদালতে যে আপীল হয় তাহা তিন জন কি অধিক জজ সাহেবের দ্বারা বিচার হইবার কথা।]

৩৩২। এই আইনেতে, কিম্বা যে সময়ে যে আইন কি আকট চলন থাকে তাহাতে, যদি স্পষ্টরূপে নিষেধ না থাকে, তবে মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের ডিক্রীর উপর আপীল হইতে পারিবেক, অর্থাৎ ঐ আদালতের নিষ্পত্তির উপর যে আদালতের আপীল শুনিবার ক্ষমতা থাকে সেই আদালতে হইতে পারিবেক। আপীল যদি সদর আদালতে হয়, তবে ঐ আদালতের তিন

heard and determined by a Court consisting of three or more Judges of that Court.

How Appeals are to be preferred.

[Appeal to be preferred by a memorandum to be presented to the Appellate Court within specified time.]

333. Appeals shall be made in the form of a memorandum which shall be presented in the Appellate Court within the period hereinafter specified, unless the appellant shall show sufficient cause to the satisfaction of the Appellate Court for not having presented it within such limited period; that is to say, within thirty days if the appeal be to a District Court, and within ninety days if the appeal be to the Sudder Court. The days shall be reckoned from and exclusive of the day on which judgment was pronounced, and also exclusive of such time as may be requisite for obtaining a copy of the decree appealed against.

[What the memorandum is to contain]

334. The memorandum of appeal shall set forth concisely, and under distinct heads, the grounds of objection to the decision appealed against, without any argument or narrative, and such grounds shall be numbered consecutively. The appellant shall not without the leave of the Court urge or be heard in support of any other ground of objection, but the Court in deciding the appeal shall not be confined to the grounds set forth by the appellant.

[Form of memorandum.]

335. The memorandum of appeal shall be in the following form, or to the following effect, and shall be accompanied by a copy of the decree appealed against—

Memorandum of Appeal.

(Name, &c. as in Register.) Plaintiff.
(Name, &c. as in Register.) Defendant.

[Name of Appellant] Plaintiff [or Defendant] above-named appeals to the Sudder Court at [or Zillah Court at as the case may be], against the decree of in the above suit, dated the day of ; for the following reasons, namely, [*here state the reasons.*]

[If memorandum be not in form or duly presented.]

336. If the memorandum be not drawn up in the manner hereinbefore prescribed, the Court may reject it or may return it to the party for the purpose of being corrected. If the memorandum be not presented within the

জন কি অধিক জজ সাহেব এজলাস করিয়া তাহা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন।

আপীল যে প্রকারে উপস্থিত করিতে হইবেক তাহার বিধি।

[আপীলের খোলাসা লিখিয়া নিরূপিত মিয়াদের মধ্যে আপীল আদালতে দাখিল করিবার কথা।]

৩৩৩। আপীল খোলাসার মতে লিখিয়া করিতে হইবেক, ও নিরূপিত এই মিয়াদের মধ্যে আপীল আদালতে দিতে হইবেক, অর্থাৎ জিলার আদালতে আপীল হইলে ত্রিশ দিনের মধ্যে, ও সদর আদালতে আপীল হইলে নব্বই দিনের মধ্যে দিতে হইবেক। কিন্তু সেই মিয়াদের মধ্যে না দিবার উপযুক্ত কারণ যদি আপেলাণ্ট অপীল আদালতের হুদ্ধোধমতে জানায়, তবে তাহার পরও দেওয়া যাইতে পারিবেক। ঐ ত্রিশ কি নব্বই দিন ডিক্রী প্রকাশ হইবার দিনঅবধি গণ্য হইবেক কিন্তু তাহার হিসাব করণে, যে দিনে ডিক্রী হইয়াছিল সেই দিন ধরিতে হইবেক না, ও যে ডিক্রীর উপর আপীল হয় তাহার নকল পাইবার যত দিন আবশ্যক হয় তাহাও ধরিতে হইবেক না।

[খোলাসাতে যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

৩৩৪। যে নিষ্পত্তির উপর আপীল হয় সেই নিষ্পত্তিতে যে২ কারণে আপত্তি হয় সেই সকল কারণ তর্কবিতর্ক কি বৃত্তান্ত কিছু না লিখিয়া সংক্ষেপরূপে ও ১, ২ প্রভৃতি নম্বর দিয়া দফা২ করিয়া ঐ আপীলের খোলাসাতে লিখিতে হইবেক। আপেলাণ্ট আদালতের অনুমতি না পাইলে, আপত্তির অন্য কোন কারণ ব্যক্ত করিতে পাইবেক না, ও অন্য কারণের পোষকতায় তাহার কথা শুনা যাইবেক না। কিন্তু আদালত আপীল নিষ্পত্তি করিবার সময়ে আপেলাণ্টের ব্যক্ত করা সেই২ কারণছাড়া অন্য২ কারণও ধরিয়া বিচার করিতে পারিবেন।

[খোলাসার পাঠ।]

৩৩৫। আপীলের খোলাসা এই পাঠে কি এই পাঠের মর্ম্মমতে লিখিতে হইবেক, ও যে ডিক্রীর উপর আপীল হয় তাহার এক কেতা নকল ঐ খোলাসার সঙ্গে দিতে হইবেক। পাঠ এই।

আপীলের খোলাসা।

(রেজিষ্টরের লিখনমতে নামপ্রভৃতি) ফরিয়াদী
(রেজিষ্টরের লিখনমতে নামপ্রভৃতি) আসামী।

উক্ত মোকদ্দমায় শ্রীঅমুক বিচারকর্ত্তা অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে ডিক্রী করেন তাহার উপরে উক্ত ফরিয়াদী (কি আসামী) শ্রীঅমুক (আপেলাণ্টের নাম) অমুক সদর আদালতে (কিম্বা বিষয়বিশেষে অমুক জিলার আদালতে আপীল করে। সেই আপীল করিবার এই২ হেতু। (হেতু লিখ।)

[খোলাসা দাঁড়ামতে না হইবার কি উপযুক্ত সময়ে দাখিল না হইবার কথা।]

৩৩৬। ঐ খোলাসা যদি ইহার পূর্ব্বের নির্দ্দিষ্টমতে লেখা না যায়, তবে আদালত তাহা অগ্রাহ্য করিতে পারিবেন কিম্বা সুধরাইবার জন্যে ঐ পক্ষকে ফিরিয়া দিতে পারিবেন। ঐ খোলাসা যদি নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল না করা যায় ও

prescribed period and no sufficient cause be shown for the delay, the appeal shall be rejected.

[One of several plaintiffs or defendants may appeal and obtain a reversal of the whole decree if it proceed on a ground common to all.]

337. If there be two or more plaintiffs or two or more defendants in a suit, and the decision of the Lower Court proceed on any ground common to all, any one of the plaintiffs or defendants may appeal against the whole decree, and the Appellate Court may reverse or modify the decree in favour of all the plaintiffs or defendants.

Of staying and executing Decrees under Appeal.

[Execution of decree not to be stayed by appeal; but if sufficient cause be shown, execution may be stayed. Court, before making order to stay execution, shall require security for due performance of decree or order of Appellate Court.]

338. Execution of a decree shall not be stayed by reason only of an appeal having been preferred against such decree; but the Appellate Court may, for sufficient cause shown, order that execution be stayed. If application for execution be made before the time allowed for appeal has expired, and the Lower Court has not received intimation of an appeal having been preferred, the Lower Court, if sufficient cause be shown, may stay the execution. Before making an order to stay execution, the Court making the order shall require security to be given by the party against whom the decree was passed for the due performance of the decree or order of the Appellate Court.

[Court making an order for execution of a decree against which an appeal has been preferred, may require security for restitution of property, &c.]

339. When an order is made for the execution of a decree against which an appeal has been preferred, it shall be lawful for the Court which pronounced the decree to require security to be given for the restitution of any property which may be taken in execution of the decree or of the value thereof, and for the due performance of the decree or order of the Appellate Court.

[No such security to be required from Government or any Public Officer.]

340. In suits instituted or defended under the authority and at the expense of Govern-

[*Government Gazette, 13th May, 1859.*]

বিলম্বের উপযুক্ত কোন কারণ দেখান না যায়, তবে আপীল অগ্রাহ্য হইবেক।

[যাহাতে সাধারণ সম্পর্ক থাকে এমত মূল কারণের উপর ডিক্রী হইলে অনেক ফরিয়াদীর কি আসামীর মধ্যে এক জনের আপীল করিবার ও ডিক্রী অন্যথা হইবার কথা।]

৩৩৭। কোন মোকদ্দমার যদি দুই কি অধিক জন ফরিয়াদী থাকে, কিম্বা দুই কি অধিক জন আসামী থাকে, ও সকলের যাহাতে সম্পর্ক থাকে এমত মূল কারণ ধরিয়া যদি অধঃস্থ আদালতের নিষ্পত্তি হয়, তবে ফরিয়াদীরদের কি আসামীদের কোন এক জন ঐ সমপূর্ণ ডিক্রীর উপর আপীল করিতে পারিবেক, ও আপীল আদালত সকল ফরিয়াদীর কি সকল আসামীর পক্ষে ঐ ডিক্রী অন্যথা কি মতান্তর করিতে পারিবেন।

আপীল হইলে ডিক্রী স্থগিত করিবার ও জারী করিবার বিধি।

[আপীলদ্বারা ডিক্রীজারী স্থগিত না হইবার কথা। কিন্তু উপযুক্ত কারণ দর্শান গেলে ডিক্রীজারী স্থগিত হইবার কথা। ও ডিক্রীজারী স্থগিত হইবার হুকুম করিবার পূর্ব্বে ঐ ডিক্রীমতে কিম্বা আপীল আদালতের হুকুমমতে কার্য্য হইবার জামিনী লইবার কথা।]

৩৩৮। কোন ডিক্রীর উপর আপীল হইয়াছে কেবল এই কারণে ডিক্রীজারী স্থগিত হইবেক না। কিন্তু উপযুক্ত কারণ দর্শান গেলে আপীল আদালত ডিক্রীজারী স্থগিত হইবার হুকুম করিতে পারিবেন। আপীল হইবার যে মিয়াদ দেওয়া গেল তাহা অতীত না হইয়া যদি ডিক্রীজারীর দরখাস্ত করা যায়, ও আপীল হইবার সম্বাদ যদি অধঃস্থ আদালত না পাইয়া থাকেন, তবে উপযুক্ত কারণ দর্শান গেলে অধঃস্থ আদালত ঐ ডিক্রীজারী স্থগিত করিতে পারিবেন। ডিক্রীজারী স্থগিত হইবার হুকুম করিবার পূর্ব্বে, যে আদালত সেই হুকুম করেন সেই আদালত, যাহার বিপক্ষে ডিক্রী হইয়াছে তাহাকে, ঐ ডিক্রীমতে কিম্বা আপীল আদালতের হুকুমমতে উপযুক্তরূপে কার্য্য করিবার জামিনী দিতে হুকুম করিবেন।

[যাহার উপর আপীল হইয়াছে এমত ডিক্রীজারী করিবার হুকুম হইলে সম্পত্তিপ্রভৃতি ফিরিয়া দিবার জামিনী লইবার কথা।]

৩৩৯। যাহার উপর আপীল হইয়াছে এমত ডিক্রীজারী করিবার হুকুম হইলে, যে আদালত ঐ ডিক্রী করিয়াছিলেন সেই আদালত, ঐ ডিক্রীজারীক্রমে যে কিছু সম্পত্তি লওয়া যাইতে পারে তাহা কি তাহার মূল্য ফিরিয়া দিবার, ও সেই ডিক্রীমতে কিম্বা আপীল আদালতের হুকুমমতে কার্য্য উপযুক্তরূপে করিবার জামিনী লইতে আজ্ঞা করিতে পারিবেন।

[গবর্ণমেণ্টের স্থানে কিম্বা সরকারী কোন কার্য্যকারকের স্থানে সেইরূপ জামিনী না লইবার কথা।]

৩৪০। গবর্ণমেণ্টের আজ্ঞামতে ও গবর্ণমেণ্টের খরচে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায় কি যে

ment, no such security as is mentioned in the last two preceding Sections shall in any case be required from Government or from any public Officer.

OF PROCEDURE IN APPEALS FROM DECREES.

[How the appeal is to be entered. Form of the Register.]

341. When a memorandum of appeal is presented in the prescribed form and within the time allowed, the Appellate Court, or the proper Officer of that Court, shall endorse thereon the date of presentment, and shall register the appeal in a book to be kept for the purpose, and called the Register of Appeals. Such Register shall be in the form contained in the Schedule (C) hereunto annexed.

Appellate Court may, at its discretion, require security for costs from appellant. Proviso.

342. It shall be in the discretion of the Appellate Court to demand security for costs from the appellant or not, as it shall see fit, before the respondent is called upon to appear and answer. Provided that the Court shall demand such security in all cases in which the appellant is residing out of the British Territories in India and is not possessed of any land or other immoveable property within those territories independent of the property to which the appeal relates; and in the event of such security not being furnished at the time of presenting the memorandum of appeal or within such time as the Court shall order, the Court shall reject the appeal.

[Appellate Court to send intimation to Lower Court of appeal being registered. Lower Court to transmit papers to Appellate Court. Either party may give notice of exhibits of which he requires copies to be made and deposited in the Lower Court.]

343. When the memorandum of appeal has been registered, the Appellate Court shall send intimation thereof to the Lower Court. If the appeal be from a Court the records of which are not deposited in the Appellate Court, the Lower Court shall, upon the receipt of the intimation, transmit to the Appellate Court with all practicable despatch all material papers in the suit, or such papers as may be specially called for by the Appellate Court. Either party may give notice in writing to the Lower Court specifying any exhibits of which he requires copies to be made and deposited in the Lower Court, and copies of such exhibits shall be prepared at the expense of the party giving the notice and shall be deposited in the Lower Court.

মোকদ্দমার জওয়াব দেওয়া যায়, তাহাতে ইহার পূর্ব্বের দুই ধারার লিখিত মতের কিছু জামিনী গবর্ণমেণ্টের স্থানে কিম্বা সরকারী কোন কার্য্যকারকের স্থানে লওয়া যাইবেক না।

ডিক্রীর উপর আপীল হইলে তাহাতে কার্য্য করিবার বিধি।

[আপীল রেজিষ্টরীতে লিখিবার কথা ও রেজিষ্টরের পাঠ।]

৩৪১। আপীলের খোলাসা যদি নির্দ্দিষ্ট দাঁড়া-মতে ও নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল করা যায়, তবে আপীল আদালত কিম্বা ঐ আদালতের উপযুক্ত আমলা, ঐ খোলাসা দাখিল করিবার তারিখ তাহার পিঠে লিখিবেক, ও আপীলের রেজিষ্টর বলিয়া যে একখান বহী থাকিবেক তাহাতে ঐ আপীল রেজিষ্টর করিবেক। সেই রেজিষ্টর এই আইনের C চিহ্নের তফসীলের পাঠে লিখিতে হইবেক।

[আপেলাণ্টের স্থানে আপীল আদালতের স্বীয় বিবেচনামতে খরচার জামিনী লইবার কথা ও বর্জ্জিত কথা।]

৩৪২। রেস্পাণ্ডেণ্টকে উপস্থিত হইয়া জওয়াব করিতে তলব হইবার পূর্ব্বে, আপীল আদালত আপেলাণ্টকে খরচার জামিনী দিতে, উচিত বোধ করিলে হুকুম করিবেন, কি না করিবেন। পরন্তু আপেলাণ্ট যদি ভারতবর্ষে ব্রিটনীয়েরদের শাসিত দেশের বাহিরে বাস করে, ও যে সম্পত্তি লইয়া আপীল হয় তাহা ছাড়া যদি তাহার কিছু জমী কি অন্য স্থাবর সম্পত্তি সেই দেশের মধ্যে না থাকে, তবে আদালত তাহাকে সেইরূপ জামিন দিতে আজ্ঞা করিবেন। ও আপীলের খোলাসা দাখিল করিবার সময়ে, কিম্বা আদালত যে মিয়াদ দেন সেই মিয়াদের মধ্যে, যদি ঐ জামিনী না দেওয়া যায়, তবে আদালত আপীল অগ্রাহ্য করিবেন।

[আপীল রেজিষ্টরী হইবার সম্বাদ অধঃস্থ আদালতে দিবার কথা, ও আপীল আদালতে কাগজপত্র পাঠাইবার কথা, ও কোন পক্ষ যে দস্তাবেজের নকল করাইয়া অধঃস্থ আদালতে রাখিতে চাহে তাহার সম্বাদ দিবার কথা।]

৩৪৩। আপীলের খোলাসা যখন রেজিষ্টরী করা গিয়াছে, তখন আপীল আদালত তাহার সম্বাদ অধঃস্থ আদালতে দিবেন। যে আদালতের কাগজপত্র আপীল আদালতে রাখা না গিয়া থাকে, এমত কোন আদালতের হুকুমের উপর যদি ঐ আপীল হয়, তবে অধঃস্থ আদালত ঐ সম্বাদ পাইলে, মোকদ্দমাসম্ভ্রীয় ধারুত। সকল কাগজপত্র, কিম্বা আপীল আদালত যে কাগজপত্র বিশেষমতে তলব করেন তাহা, সাধ্যমতে শীঘ্র করিয়া আপীল আদালতে পাঠাইবেন। যদি মোকদ্দমার কোন পক্ষ কোন দস্তাবেজ নকল করাইয়া অধঃস্থ আদালতে রাখিতে চাহে, তবে সেই পক্ষ ঐ দস্তাবেজ নির্দ্দিষ্ট করিয়া অধঃস্থ আদালতে সেই কথা লিখিয়া জানাইবেক, ও যে পক্ষ ঐ সম্বাদ দিল তাহার খরচে ঐ দস্তাবেজের নকল প্রস্তুত হইয়া অধঃস্থ আদালতে রাখা যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

[Day for hearing the appeal, how to be fixed.]

344. A day shall be fixed by the Appellate Court for the hearing of the appeal. The day shall be so fixed, with reference to the place of residence of the respondent and the time necessary for the service of the notice of appeal, as to allow the respondent a sufficient time to enable him to appear in person or by a pleader on such day.

[Publication and service of notice of the day fixed for hearing the appeal. Form of notice.]

345. Notice of the day which has been fixed for hearing the appeal shall be affixed in the Appellate Court, and a like notice shall be sent by the Appellate Court to the Lower Court and shall be served on the respondent in the same way as hereinbefore provided for the service of a summons to a defendant to appear and answer, and all rules applicable to such summons and to proceedings with reference to the service thereof, shall apply to the service of such notice. The notice to the respondent shall contain an intimation that, if he does not appear in the Appellate Court on the day so fixed for the hearing of the appeal, the case will be heard and decided *ex parte* in his absence. Provided that, if the respondent has appointed a pleader to appear in his behalf in the Appellate Court, the service of the notice on such pleader shall be sufficient.

[Consequence of non-appearance.]

346. If on the day fixed for hearing the appeal or any other day subsequent thereto to which the hearing of the appeal may be adjourned, the appellant shall not appear in person or by a pleader, the appeal shall be dismissed for default. If the appellant shall appear in person or by a pleader, and the respondent shall not appear in person or by a pleader, the appeal shall be heard *ex parte* in his absence.

[Re-admission of appeals dismissed for default of prosecution.]

347. If an appeal be dismissed for default of prosecution, the appellant may, within thirty days from the date of the dismissal, apply to the Appellate Court for the re-admission of the appeal; and if it shall be proved to the satisfaction of the Court that the appellant was prevented by any sufficient cause from appearing when the appeal was called on for hearing, the Court may re-admit the appeal.

[Respondent may object to decision of Lower Court in the same manner as if he had preferred a separate appeal.]

348. Upon the hearing of the appeal, the

[আপীল শুনিবার দিন নিরূপণের কথা।]

৩৪৪। আপীল আদালত আপীল শুনিবার দিন নিরূপণ করিবেন। রেস্পাণ্ডেণ্ট যে স্থানে বাস করে ও তাহার উপর আপীলের এত্তেলা জারী করিবার যত সময় লাগিবেক তাহা বুঝিয়া, সে নিজে কি উকীলের দ্বারা সেই দিনে হাজির হইবার উপযুক্ত অবকাশ পায়, এমত বিবেচনা করিয়া ঐ দিন নিরূপণ করিতে হইবেক।

[আপীল শুনিবার নিরূপিত দিনের নম্বাদেরও এত্তেলা জারীর কথা ও এত্তেলার পাঠ।]

৩৪৫। আপীল শুনিবার নিরূপিত দিনের এত্তেলা আপীল আদালতে লটকাইয়া দেওয়া যাইবেক, ও আপীল আদালত সেই প্রকারের এত্তেলা অধঃস্থ আদালতে পাঠাইবেন। ও আসামীর হাজির হইয়া জওয়াব করিবার সমন জারী হইবার যে বিধি এই আইনে করা গিয়াছে, সেই বিধিমতে ঐ এত্তেলা রেস্পাণ্ডেণ্টের উপর জারী হইবেক, ও সেইরূপ সমনের ও তাহা জারী করণসম্পর্কীয় কার্য্যের উপর যে সকল বিধি খাটে তাহা ঐ এত্তেলা জারী করিবার উপরেও খাটিবেক। রেস্পাণ্ডেণ্টের নামের ঐ এত্তেলাতে তাহাকে জ্ঞাত করা যাইবেক যে, আপীল শুনিবার উক্তমতের নিরূপিত দিনে যদি সে আপীল আদালতে হাজির না হয়, তবে তাহার অনুপস্থানে মোকদ্দমার একতরফা শুনানি হইয়া নিষ্পত্তি হইবেক। পরন্তু যদি রেস্পাণ্ডেণ্ট আপীল আদালতে হাজির হইবার জন্যে আপনার তরফে উকীলকে নিযুক্ত করিয়া থাকে, তবে সেই উকীলের উপর ঐ এত্তেলা জারী হইলে হয়।

[হাজির না হইবার ফল।]

৩৪৬। আপীল শুনিবার নিরূপিত দিনে, কিম্বা সেই দিনে মুলতবী রাখিয়া অন্য যে দিন শুনিবার জন্যে নির্দ্ধার্য্য হয় সেই দিনে, যদি আপেলাণ্ট আপনি কি উকীলের দ্বারা হাজির না হয়, তবে ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইবেক। যদি আপেলাণ্ট আপনি কি উকীলের দ্বারা হাজির হয়, কিন্তু রেস্পাণ্ডেণ্ট আপনি কি উকীলের দ্বারা হাজির না হয়, তবে তাহার অনুপস্থানে আপীল একতরফা শুনা যাইবেক।

[আপীল চালাইবার ত্রুটি হওয়াতে ডিসমিস হইলে পর পুনর্গ্রাহ্য হইবার কথা।]

৩৪৭। আপীল চালাইবার ত্রুটিপ্রযুক্ত যদি ডিসমিস হয়, তবে ডিসমিস হইবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে আপেলাণ্ট ঐ আপীল পুনর্গ্রাহ্য হইবার দরখাস্ত আপীল আদালতে করিতে পারিবেক। ও শুনিবার নিমিত্তে আপীল যে সময়ে তলব হইয়াছিল সেই সময়ে আপেলাণ্ট উপযুক্ত কারণে হাজির হইতে পারিল না, ইহার প্রমাণ যদি আদালতের হৃদ্বোধমতে করা যায়, তবে আদালত সেই আপীল পুনর্গ্রাহ্য করিতে পারিবেন।

[রেস্পাণ্ডেণ্ট স্বতন্ত্র আপীল উপস্থিত করিলে অধঃস্থ আদালতের নিষ্পত্তির উপর যে প্রকারে আপত্তি করিতে পারিত সেই প্রকারে করিতে পারিবার কথা।]

৩৪৮। আপীল শুনিবার সময়ে, রেস্পাণ্ডেণ্ট

respondent may take any objection to the decision of the Lower Court which he might have taken if he had preferred a separate appeal from such decision.

[The Appellate Court how to give judgment.]

349. The Appellate Court, after hearing the appeal, shall proceed to give its judgment in the manner hereinbefore prescribed for giving judgment in Courts of original jurisdiction.

[No decision to be reversed for irregularity.]

350. The judgment may be for confirming or reversing or modifying the decree of the Lower Court. But no decree shall be reversed or modified nor shall any case be remanded to the Lower Court on account of any error, defect, or irregularity either in the decision or in any interlocutory order passed in the suit not affecting the merits of the case or the jurisdiction of the Court.

[When a case may be remanded by Appellate Court.]

351. If the Lower Court shall have disposed of the case upon any preliminary point so as to exclude any evidence of fact which shall appear to the Appellate Court essential to the rights of the parties, and the decree of the Lower Court upon such preliminary point shall be reversed by the decree in appeal, the Appellate Court may, if it think right, remand the case, together with a copy of the decree in appeal, to the Lower Court, with directions to restore the suit to its original number in the Register and proceed to investigate the merits of the case, and pass a decree therein.

[Power to remand limited as above.]

352. It shall not be competent to the Appellate Court to remand a case for a second decision by the Lower Court, except as provided in the last preceding Section.

[When the evidence is sufficient, the Appellate Court must determine the case though the Lower Court has decided on other grounds.]

353. When the evidence upon the record of the Lower Court is sufficient to enable the Appellate Court to pronounce a satisfactory judgment, the Appellate Court shall finally determine the case, notwithstanding that the judgment of the Lower Court has proceeded wholly upon some other ground.

[Trial of issues by Lower Court on reference from Appellate Court.

354. If the Lower Court shall have omitted

অধঃস্থ আদালতের নিষ্পত্তির উপর কোন আপত্তি করিতে পারিবেক, অর্থাৎ আপনি ঐ নিষ্পত্তির উপর পৃথক্ আপীল করিলে যে আপত্তি করিতে পারিত তাহাই করিতে পারিবেক।

[আপীল আদালতের নিষ্পত্তি জানাইবার কথা।]

৩৪৯। মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতে নিষ্পত্তি জানাইবার যে বিধি এই আইনে করা গিয়াছে, সেই বিধিমতে, আপীল আদালত অপীলী মোকদ্দমা শুনিবার পরে আপনার নিষ্পত্তি জানাইবেন।।

[দাঁড়ার ব্যতিক্রমপ্রযুক্ত নিষ্পত্তি অন্যথা না হইবার কথা।]

৩৫০। ঐ নিষ্পত্তিতে অধঃস্থ আদালতের ডিক্রী মঞ্জুর কি অন্যথা কি মতান্তর হইতে পারিবেক। কিন্তু ঐ ডিক্রীতে, কিম্বা মোকদ্দমার দোষগুণের কি আদালতের এলাকার ক্ষতিবৃদ্ধি যাহাতে না হয় মোকদ্দমা চলিবার সময়ে এমত যে কোন হুকুম করা যায়, সেই হুকুমে কোন চুক কি ত্রুটি কি দাঁড়ার ব্যতিক্রম হইলে তৎপ্রযুক্ত অধঃস্থ আদালতের কোন ডিক্রী অন্যথা কি মতান্তর হইবেক না, কিম্বা তৎপ্রযুক্ত মোকদ্দমা অধঃস্থ আদালতে ফিরিয়া পাঠান যাইবেক না।

[আপীল আদালতহইতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার কথা।]

৩৫১। অধঃস্থ আদালত যদি অগ্রের বিচার্য্য কোন বিষয় ধরিয়া মোকদ্দমার এমত নিষ্পত্তি করেন যে, বৃত্তান্তঘটিত কোন প্রমাণ ত্যাগ করা গিয়াছে, অথচ উভয় পক্ষের স্বত্ব সাবুদ করিবার জন্যে আপীল আদালত ঐ প্রমাণ আবশ্যক জ্ঞান করেন, ও অগ্রের বিচার্য্য সেই বিষয়ে অধঃস্থ আদালতের যে ডিক্রী হইয়াছিল তাহা আপীলমতের ডিক্রীতে যদি অন্যথা হয়, তবে আপীল আদালত উপযুক্ত বোধ করিলে আপীলে যে ডিক্রী হয় তাহার এক কেতা নকল দিয়া ঐ মোকদ্দমা অধঃস্থ আদালতে ফিরিয়া পাঠাইতে পারিবেন, ও রেজিষ্টরের আসল নম্বরে মোকদ্দমা পুনরায় দিয়া মোকদ্দমার দোষগুণ তদারক করিয়া তাহাতে ডিক্রী করেন এমত হুকুম করিতে পারিবেন

পূর্ব্বোক্তমতে না হইলে ফিরিয়া না পাঠাইবার কথা।

৩৫২। ইহার পূর্ব্বের ধারার বিধিমতে না হইলে, আপীল আদালত মোকদ্দমা দ্বিতীয়বার নিষ্পত্তি করিবার জন্যে অধঃস্থ আদালতে ফিরিয়া পাঠাইতে পারিবেন না।

[প্রচুর প্রমাণ যদি থাকে তবে অধঃস্থ আদালতের নিষ্পত্তি অন্য মূল হেতুতে হইলেও আপীল আদালত মোকদ্দমার যে নিষ্পত্তি করিবেন তাহার কথা।]

৩৫৩। আপীল আদালত যাহাতে হুদ্বোধজনক নিষ্পত্তি করিতে পারেন এমত উপযুক্ত প্রমাণ যদি অধঃস্থ আদালতের কাগজপত্রেতে থাকে, তবে অধঃস্থ আদালতের নিষ্পত্তি সম্পূর্ণরূপে অন্য হেতুমূলক হইলেও, আপীল আদালত মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবেন।

[আপীল আদালতহইতে প্রেরিত ইস্যুর বিচার অধঃস্থ আদালতের দ্বারা হইবার কথা।]

৩৫৪। মোকদ্দমার দোষগুণেতে ঐ মোকদ্দ-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

to raise or try any issue or to determine any question of fact which shall appear to the Appellate Court essential to the right determination of the suit upon the merits, and the evidence upon the record is not sufficient to enable the Appellate Court to determine such issue or question of fact, the Appellate Court may frame an issue or issues for trial by the Lower Court and may refer the same to the Lower Court for trial. Thereupon the Lower Court shall proceed to try such issue or issues and shall return to the Appellate Court its finding thereon together with the evidence. Such finding and evidence shall become part of the record in the suit; and either party may, within a time to be fixed by the Appellate Court, file a memorandum of any objection to the finding; and after the expiration of the period so fixed, the Appellate Court shall proceed to determine the appeal.

[When the Appellate Court may call for fresh evidence.]

355. It shall not be competent to the parties in an appeal to produce additional evidence in the Appellate Court, whether of exhibits or witnesses; but if it appear that the Lower Court refused to admit competent evidence, or if the Appellate Court require any exhibits to be produced or witnesses examined to enable it to pronounce a satisfactory judgment, or for any other substantial cause, the Appellate Court may allow additional exhibits to be received and any necessary witnesses to be examined, whether such witnesses shall have been previously examined in the Court below or not; provided that, whenever additional evidence is admitted by an Appellate Court, the reasons for the admission shall be recorded on the proceedings of such Court.

[How additional evidence is to be taken.]

356. Whenever additional evidence is permitted to be received, it shall be competent to the Appellate Court to take such evidence before itself, or to require the Lower or any other Court or to empower any person to take such evidence, and to transmit the evidence so taken to the Appellate Court. It shall also be competent to the Appellate Court to prescribe the manner in which such evidence shall be taken.

[Points to be defined.]

357. In all cases where additional evidence is permitted to be taken, the Appellate Court shall define the point or points to which the evidence is to be confined, and record the same on its proceedings.

[*Government Gazette*, 13*th May*, 1859.]

মার উপযুক্তরূপে নিষ্পত্তি হইবার জন্যে আপীল আদালত যাহা আবশ্যক জ্ঞান করেন, এমত কোন ইস্যু যদি অধঃস্থ আদালত ধরেন নাই কি তাহার বিচার করেন নাই, কিম্বা বৃত্তান্তঘটিত এমত কোন কথার যদি নিষ্পত্তি করেন নাই, ও ঐ আদালতের কাগজপত্রেতে যে প্রমাণ থাকে তাহা যদি আপীল আদালতের সেই ইস্যুর কি বৃত্তান্তঘটিত সেই কথার নিষ্পত্তি করিবার জন্যে প্রচুর না হয়, তবে আপীল আদালত অধঃস্থ আদালতের বিচারের জন্যে কোন এক কি অধিক ইস্যু লিখিয়া বিচার হইবার জন্যে পাঠাইতে পারিবেন। তাহা পাইলে অধঃস্থ আদালত সেই এক কি অধিক ইস্যুর বিচার করিবেন, ও তাহাতে যে নিষ্পত্তি করেন তাহা প্রমাণসমেত আপীল আদালতে পাঠাইবেন। সেই নিষ্পত্তি ও প্রমাণ ঐ মোকদ্দমার কাগজপত্রের শামিল দেওয়া যাইবেক। ও সেই নিষ্পত্তির উপর কোন পক্ষের যে কোন আপত্তি থাকে তাহার খোলাসা সেই পক্ষ আপীল আদালতের নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল করিতে পারিবেক। ও সেই নিরূপিত মিয়াদ গত হইলে পর আপীল আদালত সেই আপীলী মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন।

[আপীল আদালতের অধিক প্রমাণ তলব করিবার কথা।]

৩৫৫। আপীলী মোকদ্দমার কোন পক্ষ কোন নূতন দলীল কি কোন নূতন সাক্ষিকে আপীল আদালতে উপস্থিত করিতে পারিবেক না। পরন্তু যদি দৃষ্ট হয় যে অধঃস্থ আদালত উপযুক্ত প্রমাণ গ্রাহ্য করিতে স্বীকার করেন নাই, অথবা আপীল আদালত হুদ্বোধমতের নিষ্পত্তি করিবার জন্যে কিম্বা অন্য কোন গুরুতর হেতুতে যদি কোন দলীলদস্তাবেজ উপস্থিতকরা কি সাক্ষিরদের জোবানবন্দী লওয়া প্রয়োজন জানেন, তবে আপীল আদালত নূতন দলীল গ্রাহ্য হইবার, ও আবশ্যক কোন সাক্ষিরদের জোবানবন্দী পূর্ব্বে অধঃস্থ আদালতে লওয়া গেলে কি না গেলেও, তাহা লইবার অনুমতি দিতে পারিবেন। পরন্তু আপীল আদালত যতবার নূতন প্রমাণ লন ততবার তাহা লইবার হেতু ঐ আদালতের কাগজপত্রেতে লিখিতে হইবেক।

[নূতন প্রমাণ লইবার কথা।]

৩৫৬। যখন নূতন প্রমাণ লইবার অনুমতি হয়, তখন আপীল আদালত আপনি সেই প্রমাণ লইতে পারিবেন, কিম্বা অধঃস্থ কি অন্য কোন আদালতকে সেই প্রমাণ লইয়া, কিম্বা কোন ব্যক্তিকে তাহা লইবার ক্ষমতা দিয়া, আপীল আদালতে পাঠাইতে আজ্ঞা করিতে পারিবেন। আরো সেই প্রমাণ যেরূপে লইতে হইবেক তাহা নির্দ্দিষ্ট করিতে ঐ আপীল আদালতের ক্ষমতা থাকিবেক।

[বিষয় নির্দ্দিষ্ট করিবার কথা।]

৩৫৭। যখন নূতন প্রমাণ লইবার অনুমতি হয়, তখন যে এক কি অধিক বিষয়ভিন্ন অন্য বিষয়ের প্রমাণ লইতে হইবেক না সেই২ বিষয় আপীল আদালত নির্দ্দিষ্ট করিবেন, ও আপনার কাগজপত্রে সেই২ বিষয় লিখিবেন।

[Powers of Appellate Court.]

358. The Appellate Court shall have all the like powers in regard to the granting of time, adjourning the hearing of the suit, examining the parties or their pleaders, and awarding costs, or otherwise, as are hereinbefore contained in regard to Courts of original jurisdiction.

[আপীল আদালতের ক্ষমতার কথা।]

৩৫৮। মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের অধিক সময় দিবার, ও মোকদ্দমা মুলতবী রাখিয়া শুনিবার অন্য দিন নিরূপণ করিবার, ও উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী লইবার, ও খরচার হুকুমপ্রভৃতি করিবার যেং ক্ষমতা এই আইনে নির্দ্দিষ্ট হইয়াছে, আপীল আদালতেরো সেইং বিষয়ে তদ্রূল্য ক্ষমতা থাকিবেক।

[Judgment of the Appellate Court. In what language it is to be written. Dissent to be recorded.]

359. The judgment of the Appellate Court shall be pronounced in open Court. It shall contain the point or points for determination, the decision thereupon, and the reasons for the decision, and shall be dated and signed by the Judge or by the Judges concurring therein at the time of pronouncing it. The judgment shall be written in the English language; but if the Judge shall not be able to write an intelligible judgment in that language, the judgment shall be written in the vernacular language of the Judge. When the language in which the judgment is written is not the language in ordinary use in proceedings before the Court, the judgment shall be translated into such language, and the translation shall be signed by the Judge or Judges. Any Judge dissenting from the judgment of the Court shall state his opinion in writing, which shall form part of the record.

[আপীল আদালতের নিষ্পত্তির কথা ও যে ভাষাতে লিখিতে হইবেক তাহার কথা ও অসম্মতির লিপি কাগজপত্রের শামিল করিবার কথা।]

৩৫৯। আপীল আদালতের নিষ্পত্তি খোলা কাছারীতে ব্যক্ত করিতে হইবেক। যে বিষয়ের কি যেং বিষয়ের নিষ্পত্তি করিতে হইয়াছিল, ও তাহাতে যে নিষ্পত্তি হইয়াছে, ও সেই নিষ্পত্তির যেং কারণ থাকে, এই সকল কথা তাহাতে নির্দ্দিষ্ট থাকিবেক, ও তাহা ব্যক্ত করিবার সময়ে বিচারকর্ত্তা, কিম্বা যে সকল বিচারকর্ত্তা তাহাতে সম্মত হন তাঁহারা, তাহাতে তারিখ দিয়া দস্তখৎ করিবেন। সেই নিষ্পত্তি ইঙ্গরেজী ভাষাতে লিখিতে হইবেক। কিন্তু যদি বিচারকর্ত্তা সেই ভাষাতে বোধগম্যরূপে নিষ্পত্তি লিখিতে না পারেন, তবে তাঁহার নিজ দেশের চলিত ভাষাতে ঐ নিষ্পত্তি লিখিবেন। নিষ্পত্তি যে ভাষাতে লেখা যায় তাহা যদি ঐ আদালতের কার্য্যের চলিত ভাষা না হয় তবে নিষ্পত্তি সেই ভাষাতে তরজমা করিতে হইবেক, ও সেই তরজমাতে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা দস্তখৎ করিবেন। যদি কোন বিচারকর্ত্তা ঐ আদালতের নিষ্পত্তিতে সম্মত না হন, তবে তিনি আপনার মত লিখিয়া জানাইবেন। ও সেই লিপি মোকদ্দমার কাগজপত্রের শামিল করিয়া দেওয়া যাইবেক।

[What the decree is to contain.]

360. The decree of the Appellate Court shall bear date the day on which the judgment was passed. It shall contain the number of the suit, the names and description of the parties appellant and respondent, and the memorandum of appeal, and shall specify clearly the relief granted or other determination of the appeal. It shall also state the amount of costs incurred in the appeal, and by what parties and in what proportions such costs and the costs in the original suit are to be paid. The decree shall be signed by the Judge or Judges who passed it and shall be sealed with the seal of the Court. If there be a difference of opinion among the Judges of the Court, it shall not be necessary for any Judge dissenting from the judgment of the Court to sign the decree, but the opinion of such Judge shall be recited in the decree. Certified copies of the decree shall be furnished to the parties in the same manner as hereinbefore provided in regard to the decrees of Courts of original jurisdiction.

[ডিক্রীতে যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

৩৬০। নিষ্পত্তি যে তারিখে হয় সেই তারিখ আপীল আদালতের ডিক্রীতে দেওয়া যাইবেক। তাহাতে মোকদ্দমার নম্বর, ও আপেলাণ্টের ও রেস্পাণ্ডেণ্টের নাম ও খ্যাতিপ্রভৃতি ও আপীলের খোলানা লিখিতে হইবেক। ও যে উপকার করা গেল কিম্বা আপীলী মোকদ্দমার অন্য যে নিষ্পত্তি হইল তাহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট থাকিবেক। ও আপীলে যত খরচা লাগিয়াছে, ও সেই খরচার ও আসল মোকদ্দমার খরচার যে পক্ষের যত দিতে হইবেক তাহাও তাহাতে লিখিতে হইবেক। যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা সেই ডিক্রী করিয়াছেন তিনি কি তাঁহারা তাহাতে দস্তখৎ করিবেন, ও তাহাতে আদালতের মোহর করা যাইবেক। যদি আদালতের বিচারকর্ত্তারদের মতের অনৈক্য হয়, তবে আদালতের নিষ্পত্তিতে যে বিচারকর্ত্তার সম্মতি না হয় তাঁহার সেই ডিক্রীতে দস্তখৎ করিবার প্রয়োজন নাই, কিন্তু সেই বিচারকর্ত্তার মত ঐ ডিক্রীতে লিখিয়া দেওয়া যাইবেক। মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের ডিক্রীর যে বিধি এই আইনে করা গিয়াছে, সেই বিধিমতে ঐ ডিক্রীর দস্তখতী নকল উভয় পক্ষকে দেওয়া যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৯। ১৩ মে।]

[A certified copy of the decree to be transmitted to the Lower Court.]

361. A copy of the decree or other order disposing of the appeal, certified by the Appellate Court or the proper Officer of such Court, and sealed with the seal of the Court, shall be transmitted to the Court which passed the first decree in the suit appealed from, and shall be filed with the original proceedings in the suit, and an entry of the judgment of the Appellate Court shall be made in the original Register of the suit.

[ডিক্রীর দস্তখতী নকল অধঃস্থ আদালতে পাঠাইবার কথা।]

৩৬১। ঐ ডিক্রীর কিম্বা আপীলী মোকদ্দমার নিষ্পত্তির অন্য হুকুমের এক কেতা নকল আপীল আদালত কিম্বা ঐ আদালতের উপযুক্ত আমলা দস্তখৎ করিয়া আদালতের মোহরে মোহর করিবেন, ও মোকদ্দমার প্রথম যে ডিক্রীর উপর আপীল হয় সেই ডিক্রী যে আদালত করিয়াছিলেন সেই আদালতে ঐ নকল পাঠান যাইবেক। ও মোকদ্দমার আসল কাগজপত্রের শামিলে দাখিল করিতে হইবেক। ও আপীল আদালতের ঐ নিষ্পত্তি মোকদ্দমার আসল রেজিষ্টরীতে লিখিতে হইবেক।

[How to be executed.]

362. Application for execution of the decree of an Appellate Court shall be made to the Court which passed the first decree in the suit, and shall be executed by that Court, in the manner and according to the rules hereinbefore contained for the execution of original decrees.

[ডিক্রীজারী করিবার কথা।]

৩৬২। মোকদ্দমার প্রথম যে ডিক্রীর উপর আপীল হয় তাহা যে আদালতে হইয়াছিল সেই আদালতে আপীল আদালতের ডিক্রীজারী করিবার দরখাস্ত করিতে হইবেক। ও প্রথম ডিক্রীজারী করিবার যে নিয়ম ও বিধি এই আইনে করা গিয়াছে সেই নিয়ম ও সেই বিধিতে ঐ আদালত আপীল আদালতের ঐ ডিক্রী জারী করাইবেন।

Appeals from Orders.

হুকুমের উপর আপীলের বিধি।

[No appeal from order passed before decree, but error or defect therein may be set forth as an objection if the decree be appealed against.]

363. No appeal shall lie from any order passed in the course of a suit and relating thereto prior to decree; but if the decree be appealed against, any error, defect, or irregularity in any such order affecting the merits of the case or the jurisdiction of the Court, may be set forth as a ground of objection in the memorandum of appeal.

[ডিক্রীর আগে যে কোন হুকুম হয় তাহার উপর আপীল না হইবার কথা, কিন্তু ডিক্রীর উপর আপীল হইলে সেই হুকুমের কোন চুক কি ত্রুটি হইয়াছে বলিয়া আপত্তি করিবার কথা।]

৩৬৩। ডিক্রী হইবার আগে মোকদ্দমা চলিবার কালে ও মোকদ্দমাসম্পর্কীয় যে কোন হুকুম হয় তাহার উপর আপীল হইবেক না। কিন্তু যদি সেই ডিক্রীর উপর আপীল হয়, তবে সেই প্রকারের কোন হুকুমের যে কোন চুক কি ত্রুটি কি দাঁড়ার ব্যতিক্রমেতে মোকদ্দমার দোষগুণের কি আদালতের এলাকার ক্ষতিবৃদ্ধি হয়, তাহা আপত্তির কারণ বলিয়া আপীলের খোলাসাতে ব্যক্ত করা যাইতে পারিবেক।

[No appeal from order passed after decree and relating to the execution thereof except as provided.]

364. No appeal shall lie from any order passed after decree and relating to the execution thereof except as is hereinbefore expressly provided.

[ডিক্রীর পর ও ডিক্রীজারী করিবার সম্পর্কে যে হুকুম হয় তাহার উপর পূর্ব্বের নির্দ্দিষ্ট বিধিমতে না হইলে আপীল না হইবার কথা।]

